টীকা (আঃ ৮৫) ঃ মদীনাবাসীদের মধ্যে আওস ও খায্রাজ নামে দুইটি প্রতিমা পূজক এবং কুরায়যা ও বনু নাযীর নামে দুটি ইহুদী সম্প্রদায় ছিল। আওস এবং খায্রাজের মধ্যে পরস্পর যুদ্ধবিগ্রহ লেগেই থাকত। আওসের সাথে বনু কুরায়যা এবং খায্রাজের সাথে বনু নাযীর গোত্র বন্ধুত্ব চুক্তিতে আবদ্ধ ছিল। ইহুদীদের উভয় সম্প্রদায়ই নিজ নিজ বন্ধু সম্প্রদায়কে যুদ্ধবিগ্রহে সাহায্য করত। অতএব, ইহুদীদের লোক এসমস্ত যুদ্ধে নিহত, দেশান্তর বা বন্দী হত। অবশ্য ইহুদীদের মধ্যে কেউ বন্দী হলে প্রত্যেক সম্প্রদায় নিজ নিজ বন্ধু গোত্রকে অর্থ দ্বারা রাজী করিয়ে উক্ত বন্দীকে মুক্ত করে দিত। কেউ জিজ্ঞাসা করলে বলত, বন্দীকে মুক্ত করা ধর্মীয় কর্তব্য। কিন্তু হত্যা ও দেশান্তর সম্বন্ধে জিজ্ঞাসা করলে বলত, বিপদে বন্ধুর সাহায্য না করে পারি না। এখানে এরই নিন্দা করা হয়েছে। (বঃ কোঃ)

إِلٰى أَشَدِّ الْعَذَابِ وَمَا اللّٰهُ بِغَافِلٍ عَمَّا تَعْمَلُونَ ﴿٨٦﴾ أُولٰئِكَ الَّذِينَ اشْتَرَوُا

ইলা~আশাদ্দিল 'আযা-ব ; ওয়ামাল্লা-হু বিগা-ফিলিন 'আম্মা-তা'মালূন। ৮৬। উলা—ইকাল্লাযীনাশ্ তারাউল
দিকে নিক্ষিপ্ত হবে। আর আল্লাহ তাআলা তোমাদের কার্যকলাপ সম্পর্কে বেখবর নহেন। (৮৬) তারাই পরকালের বিনিময়

১০ (৪) ১০ রুকূ

الْحَيٰوةَ الدُّنْيَا بِالْآخِرَةِ فَلَا يُخَفَّفُ عَنْهُمُ الْعَذَابُ وَلَا هُمْ يُنْصَرُونَ ﴿٨٧﴾ وَلَقَدْ

হ্বায়া-তাদ্ দুনইয়া- বিল আ-খিরাহ্, ফালা-ইয়ুখাফ্ফাফু 'আন্হুমুল 'আযা-বু ওয়া লা-হুম ইয়ুন্স্বারূন। ৮৭। ওয়ালাক্বাদ
পার্থিব জীবন ক্রয় করল, সুতরাং তাদের শাস্তি হ্রাস করা হবে না এবং তারা কোন সাহায্যই পাবে না। (৮৭) নিশ্চয় আমি

آتَيْنَا مُوسَى الْكِتٰبَ وَقَفَّيْنَا مِنْ بَعْدِهِ بِالرُّسُلِ وَآتَيْنَا عِيسَى ابْنَ مَرْيَمَ

আ-তাইনা-মূসাল কিতা-বা ওয়া ক্বাফ্ফাইনা- মিম্ বা'দিহী বির্রুসুল, ওয়া আ-তাইনা- 'ঈসাব্না মার্ইয়ামাল
মূসাকে কিতাব দিয়েছি এবং তারপর পর্যায়ক্রমে রাসূল পাঠিয়েছি। আর ঈসা ইবনে মারইয়ামকে সুস্পষ্ট নিদর্শনাবলী

الْبَيِّنٰتِ وَأَيَّدْنٰهُ بِرُوحِ الْقُدُسِ أَفَكُلَّمَا جَاءَكُمْ رَسُولٌ بِمَا لَا تَهْوٰى

বায়্যিনা-তি ওয়া আইয়্যাদনা-হু বিরূহিল কুদুস ; আফাকুল্লামা- জ্বা—আকুম রাসূলুম্ বিমা- লা-তাহ্ওয়া~
প্রদান করেছি এবং আমি তাঁকে সাহায্য করেছি পবিত্র আত্মা (জিব্রাঈল) দ্বারা। তারপর যখনই কোন রাসূল, তোমাদের মনঃপুত নয়

أَنْفُسُكُمُ اسْتَكْبَرْتُمْ فَفَرِيقًا كَذَّبْتُمْ وَفَرِيقًا تَقْتُلُونَ ﴿٨٨﴾ وَقَالُوا قُلُوبُنَا

আনফুসুকুমুস তাক্বার্তুম, ফাফারীক্বান কায্যাব্তুম, ওয়া ফারীক্বান তাক্বতুলূন। ৮৮। ওয়া ক্বা-লূ কুলূবুনা-
এমন কোন বস্তু নিয়ে আসল, তখনই দম্ভ ভরে তাদের কতককে তোমরা মিথ্যা প্রতিপন্ন করেছ এবং কতককে হত্যা করেছ। (৮৮) আর তারা বলে, আমাদের অন্তরসমূহ

غُلْفٌ بَلْ لَعَنَهُمُ اللّٰهُ بِكُفْرِهِمْ فَقَلِيلًا مَا يُؤْمِنُونَ ﴿٨٩﴾ وَلَمَّا جَاءَهُمْ كِتٰبٌ مِّنْ

গুলফ; বাল্ লা'আনাহুমুল্লা-হু বিকুফ্রিহিম ফাক্বালীলাম্ মা-ইয়ু'মিনূন। ৮৯। ওয়া লাম্মা- জ্বা—আহুম কিতা-বুম্ মিন
সুরক্ষিত; বরং আল্লাহ তাদেরকে অভিশাপ দিয়েছেন তাদের কুফরীর জন্য। সুতরাং তাদের কম সংখ্যকই বিশ্বাস করে। (৮৯) আর যখন আল্লাহর তরফ

عِنْدِ اللّٰهِ مُصَدِّقٌ لِّمَا مَعَهُمْ وَكَانُوا مِنْ قَبْلُ يَسْتَفْتِحُونَ عَلَى الَّذِينَ كَفَرُوا

'ইন্দিল্লা-হি মুস্বাদ্দিকুল্ লিমা-মা'আহুম ওয়া কা-নূ মিন ক্বাব্লু ইয়াস্তাফ্তিহূনা 'আলাল্লাযীনা কাফারূ
হতে তাদের সামনে সে কিতাব আসল, যা তাদের কিতাবেরও সত্যতা প্রমাণকারী; অথচ পূর্বে সে কিতাবের দ্বারা কাফিরদের উপর জয়ী হওয়ার প্রার্থনা করত।

فَلَمَّا جَاءَهُمْ مَا عَرَفُوا كَفَرُوا بِهِ فَلَعْنَةُ اللّٰهِ عَلَى الْكٰفِرِينَ ﴿٩٠﴾ بِئْسَمَا اشْتَرَوْا بِهِ

ফালাম্মা- জ্বা—আহুম্ মা- 'আরাফূ কাফারূ বিহ, ফালা'নাতুল্লা-হি 'আলাল কা-ফিরীন। ৯০। বি'সামাশতারাও বিহী~
যখন তা এসে গেল, যা তাদের পরিচিত; তারা তা অস্বীকার করল। সুতরাং আল্লাহর অভিশাপ কাফিরদের উপর। (৯০) যে বস্তুর বিনিময়ে তারা নিজেদেরকে

أَنْفُسَهُمْ أَنْ يَكْفُرُوا بِمَا أَنْزَلَ اللّٰهُ بَغْيًا أَنْ يُنَزِّلَ اللّٰهُ مِنْ فَضْلِهِ عَلٰى

আন্ফুসাহুম আইঁ ইয়াক্ফুরূ বিমা~আন্যালাল্লা-হু বাগ্ইয়ান আইঁ ইয়ুনাযযিলাল্লা-হু মিন ফাদ্বলিহী 'আলা-
বিক্রয় করল তা কতই খারাপ। তা এই যে, আল্লাহ যা অবতীর্ণ করেছেন তা তারা অস্বীকার করেছে এ হিংসায় যে, আল্লাহ তায়ালা নিজ অনুগ্রহে

مَنْ يَّشَآءُ مِنْ عِبَادِهٖ ۚ فَبَآءُوْ بِغَضَبٍ عَلٰى غَضَبٍ ؕ وَلِلْكٰفِرِيْنَ عَذَابٌ مُّهِيْنٌ ۝

মাই ইয়াশা—উ মিন 'ইবা-দিহ্, ফাবা—উ বিগাদ্বাবিন 'আলা- গাদ্বাব ; ওয়া লিলকা-ফিরীনা 'আযা-বুম্ মুহীন।
যে বান্দার উপর যা খুশী অবতীর্ণ করেন। সুতরাং তারা ক্রোধের উপর ক্রোধের পাত্র হল। কাফিরদের জন্য রয়েছে অবমাননাকর শাস্তি।

وَاِذَا قِيْلَ لَهُمْ اٰمِنُوْا بِمَآ اَنْزَلَ اللّٰهُ قَالُوْا نُؤْمِنُ بِمَآ اُنْزِلَ عَلَيْنَا وَيَكْفُرُوْنَ ﴿٩١﴾

৯১। ওয়া ইয়া-ক্বীলা লাহুম আ-মিনূ বিমা~আনযালাল্লা-হু ক্বা-লূ নু'মিনু বিমা~উনযিলা 'আলাইনা- ওয়া ইয়াকফুরূনা
(৯১) আর যখন তাদেরকে বলা হল, আল্লাহ্ যা অবতীর্ণ করেছেন তার উপর ঈমান আন। তারা বলল, আমরা ঈমান আনব আমাদের উপর যা অবতীর্ণ হয়েছে তাতে।

بِمَا وَرَآءَهٗ ۗ وَهُوَ الْحَقُّ مُصَدِّقًا لِّمَا مَعَهُمْ ؕ قُلْ فَلِمَ تَقْتُلُوْنَ اَنْۢبِيَآءَ اللّٰهِ مِنْ

বিমা- ওয়ারা—আহ্, ওয়া হুওয়াল হাক্বক্বু মুস্বাদ্দিক্বাল্ লিমা- মা'আহুম ; ক্বুল ফালিমা তাক্বতুলূনা আম্বিয়া—আল্লা-হি মিন
সেটি ছাড়া সবগুলো তারা অবিশ্বাস করে। অথচ তা সত্য এবং তাদের কাছে যা আছে তাকেও সত্যায়িত করে। বল কেন তোমরা পূর্বেকার আল্লাহর নবীগণকে হত্যা

قَبْلُ اِنْ كُنْتُمْ مُّؤْمِنِيْنَ ﴿٩٢﴾ وَلَقَدْ جَآءَكُمْ مُّوْسٰى بِالْبَيِّنٰتِ ثُمَّ اتَّخَذْتُمُ

ক্বাবলু ইন কুন্তুম্ মু'মিনীন। ৯২। ওয়া লাক্বাদ জ্বা—আকুম মূসা- বিল বায়্যিনা-তি ছুম্মাত তাখাযতুমুল
করতে, যদি তোমরা মুমিনই হয়ে থাক? (৯২) নিশ্চয়ই মূসা তোমাদের নিকট সুস্পষ্ট দলীল নিয়ে এসেছিলেন। তারপরও তোমরা গো বৎসকে উপাস্যরূপে

الْعِجْلَ مِنْ بَعْدِهٖ وَاَنْتُمْ ظٰلِمُوْنَ ﴿٩٣﴾ وَاِذْ اَخَذْنَا مِيْثَاقَكُمْ وَرَفَعْنَا فَوْقَكُمُ

'ইজ্বলা মিম্ বা'দিহী ওয়া আন্তুম য্বা-লিমূন। ৯৩। ওয়া ইয্ আখাযনা- মীছা-ক্বাকুম ওয়া রাফা'না- ফাওক্বাকুমুত্ব
গ্রহণ করেছিলে। বস্তুতঃ তোমরা ছিলে অত্যাচারী। (৯৩) আর যখন আমি তোমাদের অঙ্গীকার গ্রহণ করলাম এবং তোমাদের উপর

الطُّوْرَ ؕ خُذُوْا مَآ اٰتَيْنٰكُمْ بِقُوَّةٍ وَّاسْمَعُوْا ؕ قَالُوْا سَمِعْنَا وَعَصَيْنَا ۗ وَاُشْرِبُوْا فِيْ

ত্বূর ; খুযূ মা~আ-তাইনা-কুম বিক্বুওয়্যাতিওঁ ওয়াস্‌মা'ঊ ; ক্বা-লূ সামি'না- ওয়া 'আস্বাইনা-, ওয়া উশরিবূ ফী
তূর পাহাড় তুলে ধরে বললাম, আমি যা তোমাদেরকে দিলাম তা দৃঢ়ভাবে ধর ও আমার কথা শোন। তোমরা বলেছিলে, আমরা শোনলাম এবং অমান্য করলাম।

قُلُوْبِهِمُ الْعِجْلَ بِكُفْرِهِمْ ؕ قُلْ بِئْسَمَا يَاْمُرُكُمْ بِهٖۤ اِيْمَانُكُمْ اِنْ كُنْتُمْ مُّؤْمِنِيْنَ ۝

ক্বুলূবিহিমুল 'ইজ্বলা বিকুফ্‌রিহিম ; ক্বুল বি'সামা- ইয়া'মুরুকুম বিহী~ঈমা-নুকুম ই- কুন্তুম মু'মিনীন।
আসলে তাদের অন্তরসমূহে কুফরীর কারণে গোবৎস মোহ বিদ্যমান। বলুন, কতইনা খারাপ কাজের নির্দেশ করতেছে তোমাদের ঈমান, যদি তোমরা ঈমানদারই হও।

قُلْ اِنْ كَانَتْ لَكُمُ الدَّارُ الْاٰخِرَةُ عِنْدَ اللّٰهِ خَالِصَةً مِّنْ دُوْنِ النَّاسِ ﴿٩٤﴾

৯৪। ক্বুল ইন্ কা-নাত লাকুমুদ্ দা-রুল আ-খিরাতু 'ইন্‌দাল্লা-হি খা-লিস্বাতাম মিন দূনিন্ না-সি
(৯৪) বলুন, আল্লাহর নিকট পরকালের বাসস্থান অন্যদের বাদ দিয়ে তোমাদের জন্যই যদি শুধু হয়ে থাকে। তবে তোমরা

فَتَمَنَّوُا الْمَوْتَ اِنْ كُنْتُمْ صٰدِقِيْنَ ﴿٩٥﴾ وَلَنْ يَّتَمَنَّوْهُ اَبَدًاۢ بِمَا قَدَّمَتْ اَيْدِيْهِمْ ؕ وَاللّٰهُ

ফাতামান্নাউল মাওতা ইন কুন্তুম স্বা-দিক্বীন। ৯৫। ওয়া লাইঁ ইয়াতামান্নাওহু আবাদাম বিমা- ক্বাদ্দামাত আইদীহিম ; ওয়াল্লা-হু
মৃত্যু কামনা করে তার সত্যতা প্রমাণ কর। (৯৫) কিন্তু কখনও তারা কামনা করবে না তাদের কৃতকর্মের কারণে এবং আল্লাহ

عَلِيْمٌۢ بِالظّٰلِمِيْنَ ﴿٩٥﴾ وَلَتَجِدَنَّهُمْ اَحْرَصَ النَّاسِ عَلٰى حَيٰوةٍ ۚ وَمِنَ الَّذِيْنَ اَشْرَكُوْا ۚ

'আলীমুম্ বিয্ য্বা-লিমীন। ৯৬। ওয়া লাতাজ্বিদান্নাহুম আহ্‌রাস্বান না-সি 'আলা- হ্বায়া-হ্, ওয়া মিনাল্ লাযীনা আশরাকূ
জালিমদের ভালভাবেই জানেন। (৯৬) আর আপনি মানুষের মধ্যে তাদেরকেই অধিক লালসা গ্রস্ত পাবেন, দীর্ঘ জীবী হবার।

يَوَدُّ اَحَدُهُمْ لَوْ يُعَمَّرُ اَلْفَ سَنَةٍ ۚ وَمَا هُوَ بِمُزَحْزِحِهٖ مِنَ الْعَذَابِ اَنْ يُّعَمَّرَ ؕ

ইয়াওয়াদ্দু আহ্বাদুহুম লাও ইয়ু'আম্মারু আলফা সানাহ্, ওয়ামা- হুওয়া বিমুযাহ্বযিহ্বিহী মিনাল 'আযা-বি আইঁ ইয়ু'আম্মার ;
এমনকি মুশরিকের চেয়েও, তারা প্রত্যেকেই চায় যদি হাজার বছর বাঁচত। যতদিনই বাঁচুক শাস্তি হতে তাদেরকে নিস্তার দিতে পারবে না।

وَاللّٰهُ بَصِيْرٌۢ بِمَا يَعْمَلُوْنَ ﴿٩٦﴾ قُلْ مَنْ كَانَ عَدُوًّا لِّجِبْرِيْلَ فَاِنَّهٗ نَزَّلَهٗ عَلٰى

ওয়াল্লা-হু বাস্বীরুম্ বিমা- ইয়া'মালূন। ৯৭। ক্বুল মান কা-না 'আদুওয়্যাল লিজ্বিব্‌রীলা ফাইন্নাহূ নাযযালাহূ 'আলা-
তারা যা করতেছে আল্লাহ তা দেখতেছেন। (৯৭) আপনি জিব্রাঈলের শত্রুদেরকে বলুন, সে অবশ্যই আল্লাহর নির্দেশে আপনার

قَلْبِكَ بِاِذْنِ اللّٰهِ مُصَدِّقًا لِّمَا بَيْنَ يَدَيْهِ وَهُدًى وَّبُشْرٰى لِلْمُؤْمِنِيْنَ ۝

ক্বাল্‌বিকা বিইযনিল্লা-হি মুস্বাদ্দিক্বাল্ লিমা- বাইনা ইয়াদাইহি ওয়া হুদাওঁ ওয়া বুশ্‌রা- লিল মু'মিনীন।
অন্তরে কোরআন অবতীর্ণ করেছে। যা তার পূর্ববর্তী কিতাবের সত্যায়নকারী। আর মুমিনদের জন্য পথ প্রদর্শক ও সুসংবাদ দাতা।

مَنْ كَانَ عَدُوًّا لِّلّٰهِ وَمَلٰٓئِكَتِهٖ وَرُسُلِهٖ وَجِبْرِيْلَ وَمِيْكٰىلَ فَاِنَّ اللّٰهَ عَدُوٌّ ﴿٩٨﴾

৯৮। মান কা-না 'আদুওয়্যাল্ লিল্লা-হি ওয়া মালা—ইকাতিহী ওয়া রুসুলিহী ওয়া জ্বিব্‌রীলা ওয়ামীকা-লা ফাইন্নাল্লা-হা আদুব্বুল্
(৯৮) যারা আল্লাহ, তাঁর ফিরিশতা ও রাসূল এবং জিব্রাঈল ও মিকাঈলের শত্রু, নিশ্চয়ই আল্লাহতাআলা সে

لِّلْكٰفِرِيْنَ ﴿٩٨﴾ وَلَقَدْ اَنْزَلْنَآ اِلَيْكَ اٰيٰتٍۭ بَيِّنٰتٍ ۚ وَمَا يَكْفُرُ بِهَآ اِلَّا الْفٰسِقُوْنَ ۝

লিল কা-ফিরীন। ৯৯। ওয়া লাক্বাদ আনযালনা~ইলাইকা আ-ইয়া-তিম বায়্যিনা-ত ; ওয়ামা- ইয়াকফুরু বিহা~ইল্লাল ফা-সিকূন।
কাফিরদের শত্রু। (৯৯) আর আমি আপনার প্রতি সুস্পষ্ট নিদর্শন নাযিল করেছি। পাপীরা ব্যতীত কেউই তা অস্বীকার করে না।

اَوَكُلَّمَا عٰهَدُوْا عَهْدًا نَّبَذَهٗ فَرِيْقٌ مِّنْهُمْ ؕ بَلْ اَكْثَرُهُمْ لَا يُؤْمِنُوْنَ ﴿١٠٠﴾ وَلَمَّا

১০০। আওয়া কুল্লামা- 'আ-হাদূ 'আহ্‌দান নাবাযাহূ ফারীক্বুম্ মিন্‌হুম ; বাল আকছারুহুম লা-ইয়ু'মিনূন। ১০১। ওয়া লাম্মা-
(১০০) তারা যখনই কোন ব্যাপারে অঙ্গীকারাবদ্ধ হয়েছে, তাদের একদল তা ভঙ্গ করেছে; বরং তাদের অধিকাংশেই ঈমান আনে না। (১০১) যখন

جَآءَهُمْ رَسُوْلٌ مِّنْ عِنْدِ اللّٰهِ مُصَدِّقٌ لِّمَا مَعَهُمْ نَبَذَ فَرِيْقٌ مِّنَ الَّذِيْنَ اُوْتُوا

জ্বা—আহুম রাসূলুম্ মিন 'ইন্দিল্লা-হি মুস্বাদ্দিকুল্ লিমা-মা'আহুম নাবাযা ফারীক্বুম্ মিনাল্‌লাযীনা উতুল
তাদের কাছে আল্লাহর পক্ষ থেকে রাসূল আসল, তাদের নিকট যা রয়েছে তার সত্যায়নকারীরূপে, তখন সে কিতাবধারীদের

○ টীকা (আঃ ৯৬) ঃ কেননা, তারা নিশ্চিতরূপেই জানত যে, তারা বাতিল ও কুফরীর উপর প্রতিষ্ঠিত, পক্ষান্তরে রাসূলুল্লাহ্ (সা) ও মুমেনগণ সত্য ও ঈমানের উপর প্রতিষ্ঠিত আছেন, কাজেই ভয়ে তারা মুখটি পর্যন্ত নাড়তে পারল না। নতুবা রাসূল (সা)-এর সাথে তাদের যে শত্রুতা ছিল– যার দরুন রাসূল (সা)-এর ভবিষ্যদ্বানীর উপর উত্তেজিত হয়ে সঙ্গে সঙ্গেই মৃত্যুর কামনা করে ফেলত। কিন্তু তারা ভয়ে এরূপ আত্ম-বিস্মৃত হয়ে পড়েছিল যে, পাথরের ন্যায় দাড়িয়ে রইল; বস্তুতঃ ইহা হুযূর (সা)-এর একটি অতি বড় মু'জেযা। ○ শানে নুযূল (আঃ ৯৮) ঃ ইহুদীরা বলত যে, জিবরাঈল (আ) হযরত মোহাম্মদ (সা)-এর নিকট কোরআন শরীফ আনয়ন করেন, তিনি আমাদের প্রধান শত্রু। অতএব, জিবরাঈলের পরিবর্তে অপর কোন ফেরেশতা কোরআন নিয়ে আসলে আমরা মোহাম্মদের উপর ঈমান আনতাম। আল্লাহ একে লক্ষ্য করেই আয়াতটি নাযিল করেছেন। (মুঃ কোঃ)

الْكِتٰبَ كِتٰبَ اللّٰهِ وَرَاءَ ظُهُوْرِهِمْ كَاَنَّهُمْ لَا يَعْلَمُوْنَ ﴿١٠٢﴾ وَاتَّبَعُوْا مَا تَتْلُوا

কিতা-ব, কিতা-বাল্লা-হি ওয়ারা—আ যুহূরিহিম কাআন্নাহুম লা-ইয়া'লামূন। ১০২। ওয়াত্তাবা'উ মা-তাতলুশ

একদল আল্লাহ্র কিতাব এমনভাবে পশ্চাতে নিক্ষেপ করে দিল যেন তারা কিছুই জানে না। (১০২) এবং তারা অনুসরণ করল

الشَّيٰطِيْنُ عَلٰى مُلْكِ سُلَيْمٰنَ وَمَا كَفَرَ سُلَيْمٰنُ وَلٰكِنَّ الشَّيٰطِيْنَ كَفَرُوْا يُعَلِّمُوْنَ

শাইয়া-ত্বীনু 'আলা-মুলকি সুলাইমা-ন, ওয়ামা-কাফারা সুলাইমা-নু ওয়ালা- কিন্নাশ শায়া-ত্বীনা কাফারূ ইয়ু'আল্লিমূনান্

সুলায়মানের রাজত্বকালে শয়তানগণ যা আবৃত্তি করত। সুলায়মান কুফরী করে নি, বরং শয়তানরাই কুফরী করেছিল। তারা মানুষকে

النَّاسَ السِّحْرَ وَمَآ اُنْزِلَ عَلَى الْمَلَكَيْنِ بِبَابِلَ هَارُوْتَ وَمَارُوْتَ وَمَا يُعَلِّمٰنِ

না-সাস্ সিহ্র, ওয়ামা~উন্যিলা 'আলাল মালাকাইনি বিবা-বিলা হা-রূতা ওয়া মা-রূত; ওয়ামা- ইয়ু'আল্লিমা-নি

যাদু শিক্ষা দিত। আর বাবিলনে হারূত ও মারূতের উপর অবতীর্ণ বস্তুও শিক্ষা দিত। তারা (ফিরিশতাদ্বয়) কাউকে শিক্ষা দিত না

مِنْ اَحَدٍ حَتّٰى يَقُوْلَآ اِنَّمَا نَحْنُ فِتْنَةٌ فَلَا تَكْفُرْ فَيَتَعَلَّمُوْنَ مِنْهُمَا مَا

মিন আহাদিন হাত্তা- ইয়াকূলা~ইন্নামা- নাহ্নু ফিত্নাতুন ফালা-তাক্ফুর; ফাইয়াতা'আল্লামূনা মিনহুমা- মা-

তারা তা শিখাবার পূর্বে প্রত্যেককে বলত, আমরা কিন্তু পরীক্ষা স্বরূপ এসেছি। কাজেই তোমরা কুফরী কর না। অতঃপর তারা তাদের

يُفَرِّقُوْنَ بِهٖ بَيْنَ الْمَرْءِ وَزَوْجِهٖ وَمَا هُمْ بِضَآرِّيْنَ بِهٖ مِنْ اَحَدٍ اِلَّا بِاِذْنِ اللّٰهِ

ইয়ুফাররিক্বূনা বিহী বাইনাল মার্ই ওয়া যাওজিহ্; ওয়ামা-হুম বিদ্বা—ররীনা বিহী মিন আহাদিন ইল্লা- বিইয্নিল্লা-হ্;

নিকট থেকে শিখত যা স্বামী-স্ত্রীর মধ্যে বিচ্ছেদ সৃষ্টি করে। অথচ তারা আল্লাহর নির্দেশ ছাড়া তা দ্বারা কারো ক্ষতি করতে পারত না।

وَيَتَعَلَّمُوْنَ مَا يَضُرُّهُمْ وَلَا يَنْفَعُهُمْ وَلَقَدْ عَلِمُوْا لَمَنِ اشْتَرٰىهُ مَا لَهٗ فِى

ওয়া ইয়াতা'আল্লামূনা মা-ইয়াদ্বুর্রুহুম ওয়ালা-ইয়ানফা'উহুম; ওয়া লাক্বাদ 'আলিমূ লামানিশ তারা-হু মা-লাহূ ফিল

আর তারা এমন কিছু শিখে, যা তাদের ক্ষতি সাধন ছাড়া কোন উপকারে আসে না। তারা নিশ্চিত জানে যে, যে কেউ সে যাদু অবলম্বন করে,

الْاٰخِرَةِ مِنْ خَلَاقٍ وَلَبِئْسَ مَا شَرَوْا بِهٖٓ اَنْفُسَهُمْ لَوْ كَانُوْا يَعْلَمُوْنَ ﴿١٠٣﴾ وَلَوْ اَنَّهُمْ

আ-খিরাতি মিন খালা-ক্বি; ওয়া লাবি'সা মা-শারাও বিহী~আনফুসাহুম; লাও কা-নূ ইয়া'লামূন। ১০৩। ওয়া লাও আন্নাহুম

আখিরাতে তার কোন হিস্সা নেই। তা অতি নিকৃষ্ট যার বিনিময় তারা নিজেদেরকে বিক্রয় করেছে, যদি তারা বুঝত। (১০৩) যদি তারা

اٰمَنُوْا وَاتَّقَوْا لَمَثُوْبَةٌ مِّنْ عِنْدِ اللّٰهِ خَيْرٌ لَوْ كَانُوْا يَعْلَمُوْنَ ﴿١٠٤﴾ يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْا

আ-মানূ ওয়াত্তাক্বাও লামাছূবাতুম মিন 'ইন্দিল্লা-হি খাইর; লাও কা-নূ ইয়া'লামূন। ১০৪। ইয়া~আইয়্যুহাল্ লাযীনা আ-মানূ

ঈমান আনত ও মুত্তাকী হত, তবে অবশ্যই তারা আল্লাহর কাছে পুরস্কার পেত, যদি তারা জানত। (১০৪) হে মু'মিনগণ! তোমরা 'রা-ইনা' বল

○ ঘটনা (আঃ ১০২) ঃ হযরত সুলায়মানের রাজত্বকালে জ্বিনেরা যাদুর প্রক্রিয়া সম্বলিত একটি গ্রন্থ জনসাধারণের মধ্যে প্রচার করেন। হযরত সুলায়মান উক্ত কিতাবটি একটি সিন্দুকে আবদ্ধ করতঃ মাটিতে পুঁতে ফেলেন। হযরত সুলায়মানের মৃত্যুর পর জ্বিনেরা তা বের করে লোক সমাজে বলল যে, সুলায়মান এ কিতাবের বলেই রাজত্ব করতেন। আল্লাহ একথারই খণ্ডন করে বলেন যে, সুলায়মান যাদুর আমল করতেন না। (মুঃ কোঃ)

○ টীকা (আঃ ১০২) ঃ এক সময় বাবেল শহরে যাদু-বিদ্যার খুব প্রচলন ছিল। তার প্রভাবে মূর্খ লোকেরা যাদুকরের যাদু এবং নবীর মু'জেযার পার্থক্য বুঝতে পারত না। কেউ কেউ যাদুকে মু'জেযা মনে করে যাদুকরকে নবীর ন্যায় অনুসরণীয় মনে করত। এই ধাঁধা ও ভ্রান্তি দূর করার জন্য আল্লাহ তা'আলা হারূত-মারূত নামক দু'জন ফেরেশতাকে তথায় পাঠিয়ে যাদুবিদ্যার মূলতত্ত্ব মানুষকে বুঝিয়ে দেয়ার ব্যবস্থা করেন।

لَا تَقُوْلُوْا رَاعِنَا وَقُوْلُوا انْظُرْنَا وَاسْمَعُوْا وَلِلْكٰفِرِيْنَ عَذَابٌ اَلِيْمٌ ﴿١٠٥﴾ مَا يَوَدُّ

লা তাকূলূ রা-'ইনা- ওয়া কূলুন্ যুর্না- ওয়াস্মা'উ; ওয়া লিল কা-ফিরীনা 'আযা-বুন আলীম। ১০৫। মা- ইয়াওয়াদ্দুল

না বরং তোমরা 'উনজুরনা' বল। আর তোমরা মনোযোগ দিয়ে শোন। অনন্তর কাফিরদের জন্য রয়েছে কষ্টদায়ক শাস্তি। (১০৫) আহলে কিতাবদের

الَّذِيْنَ كَفَرُوْا مِنْ اَهْلِ الْكِتٰبِ وَلَا الْمُشْرِكِيْنَ اَنْ يُّنَزَّلَ عَلَيْكُمْ مِّنْ خَيْرٍ

লাযীনা কাফারূ মিন আহ্লিল কিতা-বি ওয়া লাল মুশরিকীনা আইঁ ইয়ুনায্যালা 'আলাইকুম্ মিন খাইরিম্

মধ্যে যারা কুফরী করেছে তারা এবং মুশরিকরা এটা চায় না যে, তোমাদের প্রতিপালকের পক্ষ থেকে তোমাদের উপর কোন

مِّنْ رَّبِّكُمْ وَاللّٰهُ يَخْتَصُّ بِرَحْمَتِهٖ مَنْ يَّشَآءُ وَاللّٰهُ ذُو الْفَضْلِ الْعَظِيْمِ ۝

মির্ রাব্বিকুম; ওয়াল্লা-হু ইয়াখ্তাস্সু বিরাহ্মাতিহী মাইঁ ইয়াশা—উ; ওয়াল্লা-হু যুল ফাদ্বলিল 'আযীম।

কল্যাণ অবতীর্ণ হোক। আর আল্লাহ্ যাকে ইচ্ছা করেন তার অনুগ্রহের জন্য নির্দিষ্ট করেন। আল্লাহ মহা অনুগ্রহশীল।

﴿١٠٦﴾ مَا نَنْسَخْ مِنْ اٰيَةٍ اَوْ نُنْسِهَا نَاْتِ بِخَيْرٍ مِّنْهَآ اَوْ مِثْلِهَا اَلَمْ تَعْلَمْ اَنَّ اللّٰهَ عَلٰى كُلِّ

১০৬। মা-নান্সাখ মিন আ-ইয়াতিন আও নুন্সিহা- না'তি বিখাইরিম মিন্হা~আও মিছলিহা; আলাম তা'লাম আন্নাল্লা-হা 'আলা-কুল্লি

(১০৬) আমি কোন আয়াতকে রহিত করলে বা বিস্মৃত করে দিলে তদপেক্ষা উত্তম বা তদানুরূপ আনয়ন করি। তুমি কি জান না

شَيْءٍ قَدِيْرٌ ﴿١٠٧﴾ اَلَمْ تَعْلَمْ اَنَّ اللّٰهَ لَهٗ مُلْكُ السَّمٰوٰتِ وَالْاَرْضِ وَمَا لَكُمْ مِّنْ دُوْنِ

শাইয়িন ক্বাদীর। ১০৭। আলাম তা'লাম আন্নাল্লা-হা লাহূ মুল্কুস্ সামা-ওয়া-তি ওয়াল আরদ্ব; ওয়ামা- লাকুম্ মিন দূনি

নিশ্চয়ই আল্লাহ সকল কিছুর উপর ক্ষমতাবান। (১০৭) তুমি কি জাননা নিশ্চয়ই আসমান ও যমীনের মালিকানা একমাত্র আল্লাহরই? আর তোমাদের জন্য

اللّٰهِ مِنْ وَّلِيٍّ وَّلَا نَصِيْرٍ ﴿١٠٨﴾ اَمْ تُرِيْدُوْنَ اَنْ تَسْئَلُوْا رَسُوْلَكُمْ كَمَا سُئِلَ مُوْسٰى مِنْ

ল্লা-হি মিওঁ ওয়ালিইয়্যিওঁ ওয়ালা-নাস্বীর। ১০৮। আম তুরীদূনা আন তাসআলূ রাসূলাকুম কামা-সুইলা মূসা- মিন

আল্লাহ ছাড়া কোন অভিভাবক এবং সাহায্যকারী নেই। (১০৮) তোমরা কি তোমাদের রাসূলকে সেরূপ প্রশ্ন করতে চাও? যেরূপ ইতিপূর্বে মূসাকে প্রশ্ন

قَبْلُ وَمَنْ يَّتَبَدَّلِ الْكُفْرَ بِالْاِيْمَانِ فَقَدْ ضَلَّ سَوَآءَ السَّبِيْلِ ﴿١٠٩﴾ وَدَّ كَثِيْرٌ

ক্বাবল; ওয়া মাইঁ ইয়াতাবাদ্দালিল কুফরা বিল ঈমা-নি ফাক্বাদ দ্বাল্লা সাওয়া—আস্ সাবীল। ১০৯। ওয়াদ্দা কাছীরুম

করা হতো? যে ব্যক্তি ঈমানের বিনিময়ে কুফরী গ্রহণ করছে, সে অবশ্যই সঠিক পথ হারিয়েছে। (১০৯) আহলে কিতাবদের

مِّنْ اَهْلِ الْكِتٰبِ لَوْ يَرُدُّوْنَكُمْ مِّنْ بَعْدِ اِيْمَانِكُمْ كُفَّارًا حَسَدًا مِّنْ عِنْدِ

মিন আহ্লিল কিতা-বি লাও ইয়ারুদ্দূনাকুম মিম্ বা'দি ঈমা-নিকুম কুফ্ফা-রান হাসাদাম্ মিন 'ইন্দি

অনেকেই তাদের অন্তরে নিহিত হিংসার দরুন চায়, তোমরা ঈমান আনার পর যদি কুফরীতে ফিরে যেতে,

اَنْفُسِهِمْ مِّنْ بَعْدِ مَا تَبَيَّنَ لَهُمُ الْحَقُّ فَاعْفُوْا وَاصْفَحُوْا حَتّٰى يَاْتِيَ اللّٰهُ

আনফুসিহিম মিম্বা'দি মা-তাবাইয়্যানা লাহুমুল হাক্কু, ফা'ফূ ওয়াস্ফাহূ হাত্তা- ইয়া'তিয়াল্লা-হু

তাদের নিকট সত্য প্রকাশিত হওয়া সত্ত্বেও। তোমরা ক্ষমা কর এবং উপেক্ষা কর আল্লাহর নির্দেশ আসা পর্যন্ত;

بِاَمْرِهٖ ؕ اِنَّ اللّٰهَ عَلٰى كُلِّ شَیْءٍ قَدِیْرٌ ﴿۱۱۰﴾ وَاَقِیْمُوا الصَّلٰوةَ وَاٰتُوا الزَّكٰوةَ ؕ وَمَا

বিআম্‌রিহ; ইন্নাল্লা-হা 'আলা-কুল্লি শাইয়িন ক্বাদীর। ১১০। ওয়া আক্বীমুস্ব স্বালা-তা ওয়া আ-তুয যাকা-হ ; ওয়ামা-

নিশ্চয়ই আল্লাহ সকল কিছুর উপর ক্ষমতাবান। (১১০) আর তোমরা সালাত কায়েম কর ও যাকাত আদায় কর। আর তোমরা

تُقَدِّمُوْا لِاَنْفُسِكُمْ مِّنْ خَیْرٍ تَجِدُوْهُ عِنْدَ اللّٰهِ ؕ اِنَّ اللّٰهَ بِمَا تَعْمَلُوْنَ بَصِیْرٌ ﴿۱۱۰﴾

তুক্বাদ্দিমূ লিআন্‌ফুসিকুম মিন খাইরিন তাজ্বিদূহু 'ইন্দাল্লা-হ ; ইন্নাল্লা-হা বিমা-তা'মালূনা বাস্বীর।

সৎকর্ম যা কিছু নিজেদের জন্য পূর্বে প্রেরণ করবে আল্লাহর নিকট তা পাবে। নিশ্চয়ই তোমরা যা কিছু কর তা আল্লাহ দেখেন।

وَقَالُوْا لَنْ یَّدْخُلَ الْجَنَّةَ اِلَّا مَنْ كَانَ هُوْدًا اَوْ نَصٰرٰى ؕ تِلْكَ اَمَانِیُّهُمْ ؕ قُلْ ﴿۱۱۱﴾

১১১। ওয়া ক্বা-লূ লাই ইয়াদখুলাল জ্বান্নাতা ইল্লা-মান কা-না হূদান আও নাস্বা-রা; তিলকা আমা-নিইয়্যুহুম ; কুল

(১১১) আর তারা বলে, ইয়াহুদী ও নাসারা ছাড়া অন্য কেউ কখনো জান্নাতে যেতে পারবে না। এটা তাদের কল্পনা বিলাস। আপনি বলুন,

هَاتُوْا بُرْهَانَكُمْ اِنْ كُنْتُمْ صٰدِقِیْنَ ﴿۱۱۱﴾ بَلٰى ۗ مَنْ اَسْلَمَ وَجْهَهٗ لِلّٰهِ وَهُوَ مُحْسِنٌ

হা-তু বুরহা-নাকুম ইন কুনতুম স্বা-দিক্বীন। ১১২। বালা- মান আস্‌লামা ওয়াজ্বহাহূ লিল্লা-হি ওয়া হুওয়া মুহ্‌সিনুন

যদি তোমরা সত্যবাদী হও, তবে প্রমাণ পেশ কর। (১১২) হ্যাঁ, যে ব্যক্তি আল্লাহর নিকট সম্পূর্ণরূপে আত্মসমর্পণ করেছে এবং সৎকর্ম পরায়ন হয়েছে,

فَلَهٗۤ اَجْرُهٗ عِنْدَ رَبِّهٖ ۪ وَلَا خَوْفٌ عَلَیْهِمْ وَلَا هُمْ یَحْزَنُوْنَ ﴿۱۱۲﴾ وَقَالَتِ الْیَهُوْدُ

ফালাহূ~আজ্বরুহূ 'ইন্দা রাব্বিহ, ওয়ালা- খাওফুন 'আলাইহিম ওয়ালা-হুম ইয়াহ্‌যানূন। ১১৩। ওয়াক্বা-লাতিল ইয়াহূদু

তাঁর পুরস্কার রয়েছে তার রবের নিকট। আর তাদের কোন ভয় নেই এবং তারা চিন্তিতও হবে না। (১১৩) আর ইয়াহুদীরা বলে,

১৩ ع ১৩ রুকু

لَیْسَتِ النَّصٰرٰى عَلٰى شَیْءٍ ۪ وَّقَالَتِ النَّصٰرٰى لَیْسَتِ الْیَهُوْدُ عَلٰى شَیْءٍ ۙ وَّهُمْ یَتْلُوْنَ

লাইসাতিন্ নাস্বা-রা- 'আলা-শাইয়িওঁ ওয়াক্বা-লাতিন্ নাস্বা-রা- লাইসাতিল ইয়াহূদু 'আলা- শাইয়িওঁ ওয়া হুম ইয়াতলূনাল

খ্রিস্টানদের কোন ভিত্তি নেই। তেমনি খ্রিস্টানরা বলে, ইয়াহুদীদের কোন ভিত্তি নেই। অথচ তারা (উভয় দল)

الْكِتٰبَ ؕ كَذٰلِكَ قَالَ الَّذِیْنَ لَا یَعْلَمُوْنَ مِثْلَ قَوْلِهِمْ ۚ فَاللّٰهُ یَحْكُمُ بَیْنَهُمْ

কিতা-ব ; কাযা-লিকা ক্বা-লাল্ লাযীনা লা-ইয়া'লামূনা মিছলা ক্বাওলিহিম, ফাল্লা-হু ইয়াহ্‌কুমু বাইনাহুম

কিতাব পাঠ করে। এমনিভাবে যারা কিছুই জানে না তারাও অনুরূপ কথা বলে। সুতরাং আল্লাহ কিয়ামতের দিন

یَوْمَ الْقِیٰمَةِ فِیْمَا كَانُوْا فِیْهِ یَخْتَلِفُوْنَ ﴿۱۱۳﴾ وَمَنْ اَظْلَمُ مِمَّنْ مَّنَعَ مَسٰجِدَ اللّٰهِ اَنْ

ইয়াওমাল ক্বিয়া-মাতি ফীমা- কা-নূ ফীহি ইয়াখ্‌তালিফূন। ১১৪। ওয়ামান আয্‌লামু মিম্‌মাম্ মানা'আ মাসা-জ্বিদাল্লা-হি আইঁ

মীমাংসা করবেন তাদের-মধ্যে, যে বিষয়ে তারা মতভেদ করছে। (১১৪) তার চেয়ে অত্যাচারী আর কে হতে পারে, যে ব্যক্তি আল্লাহর মসজিদসমূহে তাঁর নাম

○ শানে নুযূল (আঃ ১১৩) ঃ ইহুদীরা তাওরাত এবং নাছারারা ইঞ্জিল পাঠ করে। উভয় কিতাবের মধ্যেই উভয় কিতাবের এবং উভয় রাসূলের সত্যতামূলক বর্ণনা রয়েছে- ইহুদীরা বলে, নাছারা ধর্ম কোন ভিত্তির উপর স্থাপিত নয়, অনুরূপভাবে নাছারারাও বলে, ইহুদী ধর্ম কোন ভিত্তির উপর স্থাপিত নয়- কিতাবীগণের পরস্পর পরস্পরের এরূপ উক্তি শ্রবণ করে আরবের কাফেরেরাও উত্তেজিত হয়ে বলেছে, ইহুদী ও নাছারাদের উভয় ধর্মই ভিত্তিহীন। আমরাই সত্যের উপর আছি। (বঃ কোঃ) ○ শানে নুযূল (আঃ ১১৪) ঃ ......ومن اظلم কুরায়েশ গোত্রের মুশরিকরা নবী করীমকে (সা) আল্লাহর ঘরের কাছে পৌছার পরে মসজিদুল হারামে নামায পড়তে বাধা দিয়েছিল। এ কারণে এ আয়াত অবতীর্ণ হয়। (তাঃ ইবনে কাসীর)

یُّذْكَرَ فِیْهَا اسْمُهٗ وَسَعٰى فِیْ خَرَابِهَا ؕ اُولٰٓئِكَ مَا كَانَ لَهُمْ اَنْ یَّدْخُلُوْهَاۤ اِلَّا

ইয়ুয্‌কারা ফীহাসমুহূ ওয়া সা'আ- ফী খারা-বিহা; উলা—ইকা মা-কা-না লাহুম আই ইয়াদখুলূহা~ইল্লা

স্মরণ করতে নিষেধ করে এবং চেষ্টা চালায় তা ধ্বংসের? অথচ এদের পক্ষে ভীত সন্ত্রস্ত অবস্থা ছাড়া মসজিদসমূহে প্রবেশ

خَآئِفِیْنَ ؕ لَهُمْ فِی الدُّنْیَا خِزْیٌ وَّلَهُمْ فِی الْاٰخِرَةِ عَذَابٌ عَظِیْمٌ ﴿۱۱۴﴾ وَلِلّٰهِ الْمَشْرِقُ

খা—ইফীন ; লাহুম ফিদ্ দুনইয়া-খিযইয়ুওঁ ওয়া লাহুম ফিল আ-খিরাতি 'আযা-বুন 'আযীম। ১১৫। ওয়া লিল্লা- হিল মাশরিকু

করা সমীচীন ছিল না, তাদের জন্য পৃথিবীতে রয়েছে লাঞ্ছনা এবং পরকালে রয়েছে কঠিন শাস্তি। (১১৫) আর পূর্ব ও পশ্চিম

وَالْمَغْرِبُ ۗ فَاَیْنَمَا تُوَلُّوْا فَثَمَّ وَجْهُ اللّٰهِ ؕ اِنَّ اللّٰهَ وَاسِعٌ عَلِیْمٌ ﴿۱۱۵﴾ وَقَالُوا اتَّخَذَ

ওয়াল মাগরিবু ফাআইনামা- তুওয়াল্লূ ফাছাম্মা ওয়াজ্বহুল্লা-হ ; ইন্নাল্লা-হা ওয়া-সি'উন 'আলীম। ১১৬। ওয়াক্বা-লুত্ তাখাযা

আল্লাহর জন্যই। সুতরাং যে দিকেই তোমরা মুখ ফিরাও না কেন সেদিকই আল্লাহর দিক। নিশ্চয়ই আল্লাহ সর্বব্যাপী ও সর্বজ্ঞ। (১১৬) আর তারা বলে,

اللّٰهُ وَلَدًا ۙ سُبْحٰنَهٗ ؕ بَلْ لَّهٗ مَا فِی السَّمٰوٰتِ وَالْاَرْضِ ؕ كُلٌّ لَّهٗ قٰنِتُوْنَ ﴿۱۱۶﴾

ল্লা-হু ওয়ালাদান সুবহ্বা-নাহ ; বাল্ লাহূ মা-ফিস্ সামা-ওয়া-তি ওয়াল আর্‌দ্ব ; কুল্‌লুল্ লা-হূ ক্বা-নিতূন।

আল্লাহ সন্তানগ্রহণ করেছেন। তিনি তা থেকে পবিত্র; বরং আল্লাহর জন্যই আকাশ ও জমিনের মধ্যকার সবকিছুই। সবই তাঁর একান্ত অনুগত।

بَدِیْعُ السَّمٰوٰتِ وَالْاَرْضِ ؕ وَاِذَا قَضٰۤى اَمْرًا فَاِنَّمَا یَقُوْلُ لَهٗ كُنْ فَیَكُوْنُ ﴿۱۱۷﴾

১১৭। বাদী'উস্ সামা-ওয়া-তি ওয়াল আর্‌দ্ব ; ওয়া ইযা- ক্বাদ্বা~আম্‌রান ফাইন্নামা-ইয়াক্বূলু লাহূ কুন ফাইয়াকূন।

(১১৭) তিনি আকাশমন্ডলী ও যমিনের সৃষ্টিকর্তা। যখন তিনি কোন কাজের সিদ্ধান্ত নেন, তখন তিনি শুধু বলেন, হও, অনন্তর তা হয়ে যায়।

وَقَالَ الَّذِیْنَ لَا یَعْلَمُوْنَ لَوْلَا یُكَلِّمُنَا اللّٰهُ اَوْ تَاْتِیْنَاۤ اٰیَةٌ ؕ كَذٰلِكَ قَالَ الَّذِیْنَ ﴿۱۱۸﴾

১১৮। ওয়া ক্বা-লাল্লাযীনা লা-ইয়া'লামূনা লাওলা-ইয়ুকাল্লিমুনাল্লা-হু আও তা'তীনা~আ-ইয়াহ; কাযা-লিকা ক্বা-লাল্লাযীনা

(১১৮) আর যারা অজ্ঞ তারা বলে, আল্লাহ আমাদের সাথে কথা বলেন না কেন? কিংবা আমাদের নিকট কেন কোন নিদর্শন আসে না? অনুরূপ তাদের

مِنْ قَبْلِهِمْ مِّثْلَ قَوْلِهِمْ ؕ تَشَابَهَتْ قُلُوْبُهُمْ ؕ قَدْ بَیَّنَّا الْاٰیٰتِ لِقَوْمٍ یُّوْقِنُوْنَ ﴿۱۱۸﴾

মিন্ ক্বাবলিহিম মিছ্‌লা ক্বাওলিহিম ; তাশা-বাহাত ক্বুলূবুহুম; ক্বাদ বাইয়্যান্নাল আ-ইয়া-তি লিক্বাওমিই ইয়ুক্বিনূন।

পূর্ববর্তীগণও তাদের মতই কথা বলত। একই রকম তাদের অন্তর। নিশ্চয়ই আমি নিদর্শনাবলী দৃঢ় প্রত্যয়শীল জাতির জন্য বর্ণনা করে দিয়েছি।

○ টীকা (আঃ ১১৫) ঃ ..... ولله المشرق, ইয়াহুদী ও খ্রিস্টানরা তারা প্রত্যেকে নিজ নিজ কিবলাকে শ্রেষ্ঠ বলত। আল্লাহ তা'আলা ইরশাদ করেন- আল্লাহ তো বিশেষ কোনও দিকের নন। বরং তিনি সমগ্র স্থান ও দিক হতে পবিত্র ও মুক্ত। তবে তোমরা তাঁর নির্দেশে যে কোন দিকেই মুখ ফেরাবে, সে দিকেই তাঁর দৃষ্টি আছে। তিনি তোমাদের ইবাদাত কবুল করে নিবেন। কেউ বলেন- এ আয়াত সফরে নফল সালাত আদায় সম্পর্কে অবতীর্ণ। অথবা, সফরে কিবলা নিয়ে সন্দেহ সৃষ্টি হয়েছিল, তখন এ আয়াত নাযিল হয়। (তাঃ উসমানী)

○ শানে নুযূল (আঃ ১১৫) ঃ এক সময় কতিপয় মুসাফের রাত্রে মেঘের ঘন অন্ধকারে কেবলা নির্ণয় করতে না পেরে অনুমান দ্বারা বিভিন্ন দিকে নামায পড়েছিল। পরে দেখা গেল, কারো কেবলা ঠিক হয় নাই। মদীনায় এসে তারা হুযুর (সা)-এর নিকট উক্ত নামাযের ক্বাযা পড়বার অনুমতি চাইলে এই আয়াতটি নাযিল হয়। (মুঃ কোঃ)

○ টীকা (আঃ ১১৮) ঃ لولا يكلمنا একদা রাফে' ইবনে হুরায়মালা নবী করীম (সা)-কে বলল- হে মুহাম্মদ! তুমি যদি সত্যই আল্লাহর রাসূল হয়ে থাক, তবে তাঁকে বল- তিনি যেন আমাদের সাথে কথা বলেন এবং আমরা যেন তাঁর কথা শুনতে পাই। এ প্রেক্ষিতে আল্লাহ তায়ালা এ আয়াত অবতীর্ণ করেন। (তাঃ ইবনে কাসীর)

إِنَّا أَرْسَلْنَٰكَ بِالْحَقِّ بَشِيرًا وَنَذِيرًا ۖ وَلَا تُسْئَلُ عَنْ أَصْحَٰبِ الْجَحِيمِ ﴿١١٩﴾

১১৯। ইন্না~আর্‌সাল্‌না-কা বিল্‌হাক্কি বাশীরাওঁ ওয়া নাযীরাওঁ ওয়ালা- তুসআলু 'আন আস্‌হা-বিল জ্বাহীম।
(১১৯) নিশ্চয়ই আমি আপনাকে সত্যসহ সুসংবাদদাতা ও সতর্ককারী রূপে প্রেরণ করেছি। আর আপনাকে জাহান্নামীদের সম্বন্ধে জবাব দিহি করতে হবে না।

وَلَنْ تَرْضَىٰ عَنْكَ الْيَهُودُ وَلَا النَّصَٰرَىٰ حَتَّىٰ تَتَّبِعَ مِلَّتَهُمْ ۗ قُلْ إِنَّ ﴿١٢٠﴾

১২০। ওয়ালান তারদ্বা-'আনকাল ইয়াহূদু ওয়ালান্ নাস্বা-রা- হাত্তা- তাত্তাবি'আ মিল্লাতাহুম ; কুল ইন্না
(১২০) ইয়াহুদী ও খ্রিষ্টানগণ কখনই আপনার প্রতি সন্তুষ্ট হবে না যতক্ষণ না আপনি তাদের ধর্মের অনুসারী হবেন। বলুন,

هُدَى اللَّهِ هُوَ الْهُدَىٰ ۗ وَلَئِنِ اتَّبَعْتَ أَهْوَاءَهُمْ بَعْدَ الَّذِي جَاءَكَ

হুদাল্লা-হি হুওয়াল হুদা ; ওয়া লাইনিত্‌তাবা'তা আহ্‌ওয়া—আহুম বা'দাললাযী জ্বা—আকা
আল্লাহর পথ প্রদর্শনই একমাত্র পথ নির্দেশ। আর আপনার নিকট অহী আসার পর আপনি যদি তাদের খেয়াল খুশির

مِنَ الْعِلْمِ ۙ مَا لَكَ مِنَ اللَّهِ مِنْ وَلِيٍّ وَلَا نَصِيرٍ ﴿١٢١﴾ الَّذِينَ آتَيْنَٰهُمُ الْكِتَٰبَ

মিনাল 'ইলমি মা- লাকা মিনাল্লা-হি মিওঁ ওয়ালিইয়্যিওঁ ওয়ালা- নাস্বীর। ১২১। আল্লাযীনা আ-তাইনা- হুমুল কিতা-বা
অনুসরণ করেন, তবে আপনার জন্য আল্লাহর তরফের কোন বন্ধু ও সাহায্যকারী পাবেন না। (১২১) যাদেরকে কিতাব প্রদান

يَتْلُونَهُ حَقَّ تِلَاوَتِهِ أُولَٰئِكَ يُؤْمِنُونَ بِهِ ۗ وَمَنْ يَكْفُرْ بِهِ فَأُولَٰئِكَ هُمُ

ইয়াতলূনাহূ হাক্কা তিলা-ওয়াতিহ ; উলা—ইকা ইয়ু'মিনূনা বিহ ; ওয়া মাই ইয়াকফুর বিহী ফাউলা—ইকা হুমুল
করেছি তাদের মধ্যে যারা তা যথাযথভাবে তিলাওয়াত করে, তারাই এতে বিশ্বাস করে। আর যারা অবিশ্বাস করে তারাই

الْخَٰسِرُونَ ﴿١٢٢﴾ يَٰبَنِي إِسْرَٰءِيلَ اذْكُرُوا نِعْمَتِيَ الَّتِي أَنْعَمْتُ عَلَيْكُمْ

১৪ ع ১৪ রুকূ

খা-সিরূন। ১২২। ইয়া-বানী~ইস্রা—ঈলায কুরূ নি'মাতিইয়াল্ লাতী~আন'আমতু 'আলাইকুম
ক্ষতিগ্রস্ত। (১২২) হে বনী ইসরাঈল! আমি যে সব নিয়ামত (অনুগ্রহ) তোমাদেরকে প্রদান করেছি তা স্মরণ কর।

وَأَنِّي فَضَّلْتُكُمْ عَلَى الْعَٰلَمِينَ ﴿١٢٣﴾ وَاتَّقُوا يَوْمًا لَا تَجْزِي نَفْسٌ عَنْ نَفْسٍ

ওয়া আন্নী ফাদ্বদ্বালতুকুম 'আলাল 'আ-লামীন। ১২৩। ওয়াত্তাকূ ইয়াওমাল্ লা-তাজ্‌যী নাফসুন 'আন্ নাফসিন
আর নিশ্চয় আমি তোমাদেরকে বিশ্ববাসীর উপর শ্রেষ্ঠত্ব দিয়েছি। (১২৩) আর তোমরা সে দিনটিকে ভয় কর, যেদিন কেউ কারো উপকারে আসবে না ও কারো

شَيْئًا وَلَا يُقْبَلُ مِنْهَا عَدْلٌ وَلَا تَنْفَعُهَا شَفَٰعَةٌ وَلَا هُمْ يُنْصَرُونَ ﴿١٢٤﴾ وَإِذِ ابْتَلَىٰ

শাইআওঁ ওয়ালা- ইয়ুক্ববালু মিনহা- 'আদলুওঁ ওয়ালা- তানফা'উহা- শাফা-'আতুওঁ ওয়ালা-হুম ইয়ুনস্বারূন। ১২৪। ওয়া ইযিবতালা~
নিকট হতে কোন বিনিময় গৃহীত হবে না। আর কোন কাজে আসবে না কারো সুপারিশ এবং তারা কোন সাহায্যও পাবে না। (১২৪) আর ইব্রাহীমকে যখন

○ শানে নুযূল (আঃ ১২০) ঃ জনাব রাসূলুল্লাহ (সা) প্রথম প্রথম কোন কোন জায়েয বিষয়ে তাঁর স্বাভাবিক নম্রতা বশতঃ কিতাবীদের চিত্ত জয়ের উদ্দেশ্যে তাদের অনুকূলে রায় দিতেন। আল্লাহ তা'আলা বলেন, আপনি এরূপ ব্যবহার থেকে ক্ষান্ত হোন, যদিও তারা আকৃষ্ট হয়ে ইসলাম গ্রহণ করবে এরূপ একটি মহান উদ্দেশ্য আপনার অন্তরে নিহিত আছে। (বঃ কোঃ)

○ টীকা (আঃ ১২৪) ঃ হযরত ইবরাহীমের পরীক্ষার বিষয়াবলী ঃ যেমন হজ্জের ক্রিয়াদি, খাতনা, নখচুল কাটা, মিসওয়াক করা প্রভৃতি। ইবরাহীম (আ) আল্লাহ তায়ালার নির্দেশ অনুসারে অত্যন্ত নিষ্ঠার সাথে এ কাজগুলো পালন করেন। কোনটির মাঝে কোনও প্রকার ত্রুটি রাখেন নি। এর পুরস্কার স্বরূপ তাঁকে মানব জাতির নেতা বানিয়ে দেয়া হয়। (তাঃ উসমানী)

إِبْرَٰهِيمَ رَبُّهُ بِكَلِمَٰتٍ فَأَتَمَّهُنَّ ۖ قَالَ إِنِّي جَاعِلُكَ لِلنَّاسِ إِمَامًا ۖ قَالَ

ইব্রা-হীমা রাব্বুহূ বিকালিমা-তিন ফাআতাম্মাহুন্না ; ক্বা-লা ইন্নী জ্বা-'ইলুকা লিন্না-সি ইমা-মা ; ক্বা-লা
তার প্রভু কয়েকটি কথা দ্বারা পরীক্ষা করলেন, এবং তিনি তা পূর্ণ করলেন। আল্লাহ বললেন, নিশ্চয়ই আমি তোমাকে মানবজাতির নেতা বানাব। ইবরাহীম বলল,

وَمِنْ ذُرِّيَّتِي ۖ قَالَ لَا يَنَالُ عَهْدِي الظَّٰلِمِينَ ﴿١٢٤﴾ وَإِذْ جَعَلْنَا الْبَيْتَ مَثَابَةً

ওয়া মিন যুররিয়্যাতী ; ক্বা-লা লা-ইয়ানা-লু 'আহ্‌দিয্ য্বা-লিমীন। ১২৫। ওয়াইয্ জ্বা'আলনাল বাইতা মাছা-বাতাল
আমার বংশধরগণের মধ্যে হতেও। তিনি বললেন, আমার প্রতিশ্রুতি জালিমদের বেলায় প্রযোজ্য হবে না। (১২৫) আর যখন আমি কা'বা গৃহকে

لِلنَّاسِ وَأَمْنًا وَاتَّخِذُوا مِنْ مَقَامِ إِبْرَٰهِيمَ مُصَلًّى ۖ وَعَهِدْنَا إِلَىٰ إِبْرَٰهِيمَ

লিন্না-সি ওয়া আম্‌না-; ওয়াত্তাখিযূ মিম্ মাক্বা-মি ইব্রা-হীমা মুছাল্লা ; ওয়া 'আহিদনা~ইলা~ইব্রা-হীমা
মানুষের মিলন কেন্দ্র ও নিরাপদাগার বানিয়েছি; আর (নির্দেশ করলাম) তোমরা ইবরাহীমের দাঁড়ানোর স্থানকে সালাতের স্থান রূপে নির্ধারণ কর। আর আমি

وَإِسْمَٰعِيلَ أَنْ طَهِّرَا بَيْتِيَ لِلطَّائِفِينَ وَالْعَٰكِفِينَ وَالرُّكَّعِ السُّجُودِ ﴿١٢٥﴾ وَإِذْ

ওয়া ইসমা-'ঈলা আন ত্বাহ্‌হিরা বাইতিয়া লিত্‌ত্বা—ইফীনা ওয়াল 'আ-কিফীনা ওয়ার রুক্কা'ইস সুজূদ। ১২৬। ওয়াইয্
নির্দেশ দিলাম ইবরাহীম ও ইসমাঈলকে যে, আমার ঘরকে পবিত্র করে রাখ ই'তেকাফ, তাওয়াফ ও রুকূ ও সিজদাকারীদের জন্য। (১২৬) আর যখন

قَالَ إِبْرَٰهِيمُ رَبِّ اجْعَلْ هَٰذَا بَلَدًا آمِنًا وَارْزُقْ أَهْلَهُ مِنَ الثَّمَرَٰتِ مَنْ

ক্বা-লা ইব্রা-হীমু রাব্বিজ্‌'আল হা-যা-বালাদান আ-মিনাওঁ ওয়ারযুক্ব আহলাহূ মিনাছ ছামারা-তি মান
ইবরাহীম বলল, হে আমার প্রতিপালক! এটাকে নিরাপদ শহরে পরিণত কর এবং সেসব বাসিন্দাদেরকে ফল-ফসলের রিযিক দান কর, যারা

آمَنَ مِنْهُمْ بِاللَّهِ وَالْيَوْمِ الْآخِرِ ۖ قَالَ وَمَنْ كَفَرَ فَأُمَتِّعُهُ قَلِيلًا ثُمَّ أَضْطَرُّهُ إِلَىٰ

আ-মানা মিনহুম বিল্লা-হি ওয়াল ইয়াওমিল আ-খির ; ক্বা-লা ওয়ামান কাফারা ফাউমাত্তি'উহূ ক্বালীলান ছুম্মা আদ্বত্বাররুহূ~ইলা-
আল্লাহ ও আখিরাতে বিশ্বাসী। আল্লাহ বললেন, আর যে ব্যক্তি কুফরী করবে তাকেও স্বল্পকালীন সময় সুবিধা ভোগ করাব। অবশেষে তাকে নিক্ষেপ করব

عَذَابِ النَّارِ ۖ وَبِئْسَ الْمَصِيرُ ﴿١٢٦﴾ وَإِذْ يَرْفَعُ إِبْرَٰهِيمُ الْقَوَاعِدَ مِنَ الْبَيْتِ

'আযা-বিন্ না-র; ওয়া বি'সাল মাস্বীর। ১২৭। ওয়া ইয্ ইয়ারফা'উ ইব্রা-হীমুল ক্বাওয়া-'ঈদা মিনাল বাইতি
জাহান্নামের শাস্তির দিকে এবং তা কতই নিকৃষ্ট ঠিকানা। (১২৭) যখন ইবরাহীম এবং ইসমাঈল কা'বা গৃহের প্রাচীর নির্মাণ করছিলেন

○ টীকা (আঃ ১২৫) ঃ অহংকারী বনী ইসরাঈলরা বলত, আমরা ইবরাহীম (আ)-এর আওলাদ। আল্লাহ তা'আলা নুবুওয়াতের সম্মান ইবরাহীম (আ)-এর বংশধরগণের মধ্যে দেয়ার ওয়াদা করেছেন। এ কারণেই সকলে তাঁর ধর্মের অনুসরণ করে থাকে। এখন আল্লাহ তা'আলা বলেন- ইবরাহীমের নেককার আওলাদের জন্যই আল্লাহর ওয়াদা ছিল। হযরত ইবরাহীমের দুই পুত্র ছিল। দীর্ঘকাল পর্যন্ত হযরত ইসহাক (আ)-এর আওলাদের মধ্যে নুবুওয়াত ছিল। এখন ইসমাঈল (আ)-এর আওলাদের মধ্যে এসেছে। হযরত ইবরাহীমের দু'আ উভয় পুত্রের জন্যই ছিল। (মুঃ কোঃ)

○ টীকা (আঃ ১২৫) ঃ مقام ابراهيم (মাকামে ইবরাহীম) মাকামে ইবরাহীম অর্থ- হযরত ইবরাহীমের (আ) দাঁড়াবার স্থান, এটি সে পাথর, যার উপর দাঁড়িয়ে হযরত ইবরাহীম (আ) কা'বা গৃহ নির্মাণ করেন। তার উপর ইবরাহীমের (আ) পায়ের চিহ্ন আছে। এ পাথরের উপর দাঁড়িয়ে তিনি মানুষকে হজ্জের ডাক দিয়েছিলেন। হাজারে আসওয়াদের মতই এটিও জান্নাত হতে আনা হয়েছিল। এখন এ পাথরের পার্শ্বে সালাত আদায়ের বিধান দেয়া হয়েছে। (তাঃ উসমানী)

وَاِسْمٰعِيْلُ ؕ رَبَّنَا تَقَبَّلْ مِنَّا ؕ اِنَّكَ اَنْتَ السَّمِيْعُ الْعَلِيْمُ ﴿۱۲۸﴾ رَبَّنَا وَاجْعَلْنَا

ওয়া ইসমা-ঈল ; রাব্বানা-তাক্বাব্বাল মিন্না; ইন্নাকা আন্তাস্ সামী'উল 'আলীম। ১২৮। রাব্বানা- ওয়াজ্'আল্না-
তখন তাঁরা দোয়া করছিলেন। হে আমাদের প্রতিপালক! আমাদের পক্ষ হতে এটা কবুল কর, নিশ্চয়ই তুমি সর্বশ্রোতা, সর্বজ্ঞ। (১২৮) হে আমাদের প্রতিপালক! আমাদেরকে

مُسْلِمَيْنِ لَكَ وَمِنْ ذُرِّيَّتِنَآ اُمَّةً مُّسْلِمَةً لَّكَ ۪ وَاَرِنَا مَنَاسِكَنَا وَتُبْ عَلَيْنَا ۚ

মুসলিমাইনি লাকা ওয়ামিন যুররিয়্যাতিনা~উম্মাতাম্ মুসলিমাতাল্ লাক, ওয়া আরিনা-মানা-সিকানা-ওয়াতুব 'আলাইনা,
তোমার অনুগত কর এবং আমাদের বংশধরদের মধ্যেও তোমার একটি অনুগত দল সৃষ্টি কর। আর আমাদেরকে হজ্বের রীতি-নীতি শিখিয়ে দাও এবং আমাদেরকে

اِنَّكَ اَنْتَ التَّوَّابُ الرَّحِيْمُ ﴿۱۲۹﴾ رَبَّنَا وَابْعَثْ فِيْهِمْ رَسُوْلًا مِّنْهُمْ يَتْلُوْا

ইন্নাকা আন্তাত্ তাওয়্যা-বুর রাহীম। ১২৯। রাব্বানা- ওয়াব'আছ ফীহিম রাসূলাম্ মিন্হুম ইয়াতলূ
ক্ষমা কর, নিশ্চয়ই তুমি তওবা কবুলকারী, পরম দয়ালু। (১২৯) হে আমাদের প্রতিপালক! তুমি তাদের নিকট তাদেরই মধ্য হতে এমন এক রাসূল প্রেরণ কর,

عَلَيْهِمْ اٰيٰتِكَ وَيُعَلِّمُهُمُ الْكِتٰبَ وَالْحِكْمَةَ وَيُزَكِّيْهِمْ ؕ اِنَّكَ اَنْتَ الْعَزِيْزُ

'আলাইহিম আ-ইয়া-তিকা ওয়া ইয়ু'আল্লিমুহুমুল কিতা-বা ওয়াল হিক্মাতা ওয়া ইয়ুযাক্কীহিম ; ইন্নাকা আন্তাল 'আযীযুল
যিনি তাদের নিকট তোমার আয়াত পাঠ করবে এবং তাদেরকে শিক্ষা দিবে কিতাব ও হিকমত। আর তাদেরকে পবিত্র করবে। নিশ্চয়ই তুমি পরাক্রমশালী,

الْحَكِيْمُ ﴿۱۳۰﴾ وَمَنْ يَّرْغَبُ عَنْ مِّلَّةِ اِبْرٰهٖمَ اِلَّا مَنْ سَفِهَ نَفْسَهٗ ؕ وَلَقَدِ اصْطَفَيْنٰهُ

হাকীম। ১৩০। ওয়া মাইঁ ইয়ারগাবু 'আম্ মিল্লাতি ইব্রা-হীমা ইল্লা-মান সাফিহা নাফ্সাহ ; ওয়ালাক্বাদিছ ত্বাফাইনা-হু
প্রজ্ঞাময়। (১৩০) ইবরাহীমের ধর্ম হতে কে মুখ ফিরায় সে ছাড়া, যে নিজকে নির্বোধ করেছে? নিশ্চয়ই আমি তাকে পৃথিবীতে

فِى الدُّنْيَا ۚ وَاِنَّهٗ فِى الْاٰخِرَةِ لَمِنَ الصّٰلِحِيْنَ ﴿۱۳۱﴾ اِذْ قَالَ لَهٗ رَبُّهٗۤ اَسْلِمْ ۙ قَالَ

ফিদ্ দুন্ইয়া, ওয়া ইন্নাহূ ফিল আ-খিরাতি লামিনাস্ব স্বা-লিহীন। ১৩১। ইয্ ক্বা-লা লাহূ রাব্বুহূ~আসলিম, ক্বা-লা
মনোনীত করেছি। আর আখিরাতেও সে নিশ্চয়ই নেককারগণের অন্তর্ভুক্ত হবে। (১৩১) যখন তাঁর প্রতিপালক তাঁকে বললেন, অনুগত হও। সে বলল,

اَسْلَمْتُ لِرَبِّ الْعٰلَمِيْنَ ﴿۱۳۲﴾ وَوَصّٰى بِهَاۤ اِبْرٰهٖمُ بَنِيْهِ وَيَعْقُوْبُ ؕ يٰبَنِىَّ اِنَّ اللّٰهَ

আসলামতু লিরাব্বিল 'আ-লামীন। ১৩২। ওয়া ওয়াস্বস্বা-বিহা~ইব্রা-হীমু বানীহি ওয়া ইয়া'কূব ; ইয়া-বানিইয়্যা ইন্নাল্লা-হাস্ব
আমি সারা বিশ্বের প্রতিপালকের অনুগত হলাম। (১৩২) আর এজন্য ইবরাহীম তাঁর পুত্রগণকে অসিয়ত করলেন এবং ইয়াকুবও, হে আমার পুত্রগণ! নিশ্চয়ই আল্লাহ

اصْطَفٰى لَكُمُ الدِّيْنَ فَلَا تَمُوْتُنَّ اِلَّا وَاَنْتُمْ مُّسْلِمُوْنَ ﴿۱۳۳﴾ اَمْ كُنْتُمْ شُهَدَآءَ اِذْ

ত্বাফা- লাকুমুদ্ দীনা ফালা-তামূতুন্না ইল্লা- ওয়া আন্তুম মুসলিমূন। ১৩৩। আম কুন্তুম শুহাদা—আ ইয্
তোমাদের জন্য দ্বীনকে মনোনীত করেছেন। সুতরাং তোমরা মুসলিম না হয়ে মরো না। (১৩৩) তোমরা কি তখন উপস্থিত ছিলে যখন

○ টীকা (আঃ ১২৯) ঃ এ রাসূল আমাদের হযরত মোহাম্মদ (সা)-ই। কেননা, এ দু'আ হযরত ইবরাহীম ও তদীয় পুত্র হযরত ইসমাঈল (আ) উভয়েই এক সঙ্গে করেছেন। কাজেই এ সম্প্রদায় তাঁদের উভয়ের বংশধরগণের মধ্য হতে হবে এবং সেই সম্প্রদায় বনী ইসমাঈলই হবেন। বনী ইসমাঈল বংশে হুযূর (সা) ভিন্ন আর কোন পয়গম্বর আসেন নি। (বঃ কোঃ) ○ টীকা (আঃ ১৩০) ঃ হযরত আবদুল্লাহ ইবনে সালাম ইহুদী ধর্ম পরিত্যাগ করে ইসলাম ধর্ম গ্রহণ করেন এবং স্বীয় ভ্রাতুষ্পুত্র সালমা ও মুহাজেরকে বললেন– তোমরা তাওরাত হতে অবগত হয়েছ যে, ইসমাঈল বংশে একজন নবী আসবেন। হযরত (সা) সে নবীই। তাঁর প্রতি ঈমান আন। এ শুনে সালমা ইসলাম গ্রহণ করলেন এবং মুহাজের অস্বীকার করল। (বঃ কোঃ)

حَضَرَ يَعْقُوْبَ الْمَوْتُ ۙ اِذْ قَالَ لِبَنِيْهِ مَا تَعْبُدُوْنَ مِنْۢ بَعْدِىْ ؕ قَالُوْا

হাদ্বারা ইয়া'ক্বাল মাওতু ইয্ ক্বা-লা লিবানীহি মা-তা'বুদূনা মিম্ বা'দি; ক্বা-লূ
ইয়াকুবের নিকট মৃত্যু এসেছিল? যখন সে তাঁর পুত্রগণকে জিজ্ঞাসা করেছিল, আমার পর তোমরা কার ইবাদাত করবে? তখন তারা বলেছিল আমরা

نَعْبُدُ اِلٰهَكَ وَاِلٰهَ اٰبَآئِكَ اِبْرٰهٖمَ وَاِسْمٰعِيْلَ وَاِسْحٰقَ اِلٰهًا وَّاحِدًا ۚ

না'বুদু ইলা-হাকা ওয়া ইলা-হা আ-বা—ইকা ইব্রা-হীমা ওয়া ইসমা-ঈলা ওয়া ইসহা-ক্বা ইলা-হাঁও ওয়া-হিদাঁও,
ইবাদাত করব তোমার প্রতিপালকের এবং পিতৃপুরুষ ইবরাহীম, ইসমাঈল ও ইসহাকের প্রতিপালকের। তিনিই একমাত্র মা'বুদ

وَّنَحْنُ لَهٗ مُسْلِمُوْنَ ﴿۱۳۳﴾ تِلْكَ اُمَّةٌ قَدْ خَلَتْ ۚ لَهَا مَا كَسَبَتْ وَلَكُمْ مَّا كَسَبْتُمْ ۚ

ওয়া নাহ্নু লাহূ মুসলিমূন। ১৩৪। তিল্কা উম্মাতুন ক্বাদ খালাত, লাহা- মা-কাসাবাত ওয়া লাকুম্ মা- কাসাবতুম,
এবং আমরা সকলেই তাঁর অনুগত। (১৩৪) সে উম্মত অতিক্রান্ত হয়েছে। তাদের উপার্জন তাদের জন্য আর তোমাদের উপার্জন তোমাদের জন্য।

وَلَا تُسْـَٔلُوْنَ عَمَّا كَانُوْا يَعْمَلُوْنَ ﴿۱۳۴﴾ وَقَالُوْا كُوْنُوْا هُوْدًا اَوْ نَصٰرٰى تَهْتَدُوْا ؕ

ওয়ালা- তুস্আলূনা 'আম্মা-কা-নূ ইয়া'মালূন। ১৩৫। ওয়া ক্বা-লূ কূনূ হূদান আও নাস্বা-রা- তাহ্তাদূ ;
তারা যা করেছে সে সম্বন্ধে তোমাদেরকে জিজ্ঞাসা করা হবে না। (১৩৫) তারা বলে, তোমরা ইয়াহুদী অথবা খ্রিস্টান হয়ে যাও, তাহলে ঠিক পথপ্রাপ্ত হবে।

قُلْ بَلْ مِلَّةَ اِبْرٰهٖمَ حَنِيْفًا ؕ وَمَا كَانَ مِنَ الْمُشْرِكِيْنَ ﴿۱۳۵﴾ قُوْلُوْۤا اٰمَنَّا

কুল বাল মিল্লাতা ইব্রা-হীমা হানীফা ; ওয়ামা- কা-না মিনাল মুশ্রিকীন। ১৩৬। কূলূ~আ-মান্না-
(হে রাসূল) আপনি বলুন, বরং ইবরাহীমের ধর্মই সঠিক। আর তিনি মুশরিকদের অন্তর্ভুক্ত ছিলেন না। (১৩৬) তোমরা বল, আমরা ঈমান এনেছি

بِاللّٰهِ وَمَاۤ اُنْزِلَ اِلَيْنَا وَمَاۤ اُنْزِلَ اِلٰۤى اِبْرٰهٖمَ وَاِسْمٰعِيْلَ وَاِسْحٰقَ

বিল্লা-হি ওয়ামা~উন্যিলা ইলাইনা-ওয়ামা~উন্যিলা ইলা~ইব্রা-হীমা ওয়া ইস্মা-ঈলা ওয়া ইসহা-ক্বা
আল্লাহর প্রতি ও আমাদের উপর যা অবতীর্ণ হয়েছে তার উপর আর যা অবতীর্ণ হয়েছে ইবরাহীম, ইসমাঈল, ইসহাক,

وَيَعْقُوْبَ وَالْاَسْبَاطِ وَمَاۤ اُوْتِىَ مُوْسٰى وَعِيْسٰى وَمَاۤ اُوْتِىَ النَّبِيُّوْنَ مِنْ

ওয়া ইয়া'কূবা ওয়াল আসবাত্বি ওয়ামা~উতিইয়া মূসা- ওয়া 'ঈসা- ওয়ামা~উতিয়ান নাবিয়্যূনা মির
ইয়াকুব এবং তাঁর বংশধরগণের প্রতি এবং যা মূসা ও ঈসাকে দেয়া হয়েছে এবং যা দেয়া হয়েছে অন্যান্য নবীগণকে, তাঁদের

رَّبِّهِمْ ۚ لَا نُفَرِّقُ بَيْنَ اَحَدٍ مِّنْهُمْ ۫ وَنَحْنُ لَهٗ مُسْلِمُوْنَ ﴿۱۳۶﴾ فَاِنْ اٰمَنُوْا

রাব্বিহিম, লা-নুফার্রিকু বাইনা আহাদিম মিন্হুম ওয়া নাহ্নু লাহূ মুসলিমূন। ১৩৭। ফাইন আ-মানূ
প্রতিপালকের তরফ হতে তার উপর। আমরা পার্থক্য করি না তাঁদের কারও মধ্যে কোন প্রকার, আমরাতো সে প্রতিপালকেরই অনুগত। (১৩৭) যদি তারা

○ টীকা (আঃ ১৩৫) ঃ ইহুদীদের বিশ্বাস ছিল, মাতা-পিতার পাপের জন্য তাদের সন্তানগণ দায়ী হবেন এবং সন্তানেরা মাতা-পিতার সওয়াবেরও অংশীদার হবেন। এটা একটি ভ্রান্ত ধারণা। আল্লাহ এ আয়াতে এটাই বর্ণনা করেছেন। (মুঃ কোঃ)

○ শানে নুযূল (আঃ ১৩৬) ঃ প্রচলিত ইহুদী ও খ্রিস্টান ধর্মে শিরক থাকায় তা গ্রহণযোগ্য নয়। অথচ তারা মিল্লাতে ইবরাহীমের অনুষ্ঠিত খৎনা, হজ্ব প্রভৃতি কোন কোন কাজ পালন করার দরুন নিজদিগকে মিল্লাতে ইবরাহীমের অনুসরণকারী বলে মনে করত। তাই ইহুদী ও নাছারাদের সাথে আরব মুশরিকদেরও প্রতিবাদে বলা হল, তোমাদের ও হযরত ইবরাহীম (আ)-এর মধ্যে যখন শিরক ও তাওহীদের পার্থক্য রয়েছে, তখন কেবল কোন কোন আনুষ্ঠানিক কার্য পালন করেই তোমরা কি প্রকারে মিল্লাতে ইবরাহীমের দাবী করতে পার? (বঃ কোঃ)

بِمِثْلِ مَآ اٰمَنْتُمْ بِهٖ فَقَدِ اهْتَدَوْا ۚ وَاِنْ تَوَلَّوْا فَاِنَّمَا هُمْ فِيْ شِقَاقٍ ۚ

বিমিছলি মা~আ-মান্তুম বিহী ফাক্বাদিহতাদাও, ওয়া ইন তাওয়াল্লাও ফাইন্নামা-হুম ফী শিক্বা-ক্ব,
তোমাদের মত ঈমান আনে; তবে তারাও হিদায়াত প্রাপ্ত হবে। আর যদি তারা ফিরে যায়, তবে তারা নিশ্চয়ই বিরুদ্ধ ভাবাপন্ন।

فَسَيَكْفِيْكَهُمُ اللّٰهُ ۚ وَهُوَ السَّمِيْعُ الْعَلِيْمُ ۝١٣٧ صِبْغَةَ اللّٰهِ ۚ وَمَنْ اَحْسَنُ مِنَ

ফাসাইয়াক্‌ফীকাহুমুল্লা-হ, ওয়াহুয়াস্ সামী'উল 'আলীম। ১৩৮। স্বিবগাতাল্লা-হ, ওয়ামান আহ্‌সানু মিনা
অতএব আপনার পক্ষে আল্লাহই তাদের বিরুদ্ধে যথেষ্ট। আর তিনিই সর্বশ্রোতা ও সর্বজ্ঞ। (১৩৮) আল্লাহর রং ধর আল্লাহর রং অপেক্ষা উত্তম রং আর কি

اللّٰهِ صِبْغَةً ۫ وَنَحْنُ لَهٗ عٰبِدُوْنَ ۝١٣٨ قُلْ اَتُحَآجُّوْنَنَا فِي اللّٰهِ وَهُوَ رَبُّنَا

ল্লা-হি স্বিবগাতাওঁ ওয়া নাহ্‌নু লাহূ 'আ-বিদূন। ১৩৯। কুল আতুহা—জ্জুনানা- ফিল্লা-হি ওয়া হুওয়া রাব্বুনা-
হতে পারে? আমরা তাঁরই ইবাদাত করি। (১৩৯) আপনি বলুন, তোমরা কি আমাদের সাথে আল্লাহর ব্যাপারে বিতর্ক করতেছ? অথচ তিনি আমাদের প্রতিপালক

وَرَبُّكُمْ ۚ وَلَنَآ اَعْمَالُنَا وَلَكُمْ اَعْمَالُكُمْ ۚ وَنَحْنُ لَهٗ مُخْلِصُوْنَ ۝

ওয়া রাব্বুকুম, ওয়া লানা~আ'মা-লুনা- ওয়া লাকুম আ'মা-লুকুম, ওয়া নাহ্‌নু লাহূ মুখলিস্বূন।
এবং তোমাদেরও প্রতিপালক। আমরা পাব আমাদের কর্মফল আর তোমরা পাবে তোমাদের কর্মফল। আমরা তাঁর জন্যই নিবেদিত প্রাণ।

۝١٣٩ اَمْ تَقُوْلُوْنَ اِنَّ اِبْرٰهٖمَ وَاِسْمٰعِيْلَ وَاِسْحٰقَ وَيَعْقُوْبَ وَالْاَسْبَاطَ كَانُوْا

১৪০। আম তাক্বূলূনা ইন্না ইব্রা-হীমা ওয়া ইসমা'ঈলা ওয়া ইসহা-ক্বা ওয়া ইয়া'ক্বূবা ওয়াল আসবা-ত্বা কা-নূ
(১৪০) তোমরা কি বল যে, ইবরাহীম, ইসমাঈল, ইসহাক, ইয়াকুব ও তাঁর বংশধরগণ ইয়াহুদী অথবা

هُوْدًا اَوْ نَصٰرٰى ۗ قُلْ ءَاَنْتُمْ اَعْلَمُ اَمِ اللّٰهُ ۗ وَمَنْ اَظْلَمُ مِمَّنْ كَتَمَ شَهَادَةً

হূদান আও নাস্বা-রা-; কুল আআন্তুম আ'লামু আমিল্লা-হ ; ওয়া মান আয্বলামু মিম্মান কাতামা শাহা-দাতান
খ্রিষ্টান ছিল? আপনি বলুন, তোমরা কি বেশী জান না আল্লাহ বেশী জানেন? তার চেয়ে বড় অত্যাচারী আর কে হতে পারে, যে আল্লাহর তরফ হতে আসা সাক্ষ্য

عِنْدَهٗ مِنَ اللّٰهِ ۗ وَمَا اللّٰهُ بِغَافِلٍ عَمَّا تَعْمَلُوْنَ ۝١٤٠ تِلْكَ اُمَّةٌ قَدْ خَلَتْ ۚ

'ইন্দাহূ মিনাল্লা-হ ; ওয়ামাল্লা-হু বিগা-ফিলিন 'আম্মা-তা'মালূন। ১৪১। তিলকা উম্মাতুন ক্বাদ খালাত,
তার সামনেই গোপন করে? আল্লাহ আমাদের কাজ সম্পর্কে অনবহিত নন। (১৪১) সে উম্মত অতীত হয়ে গেছে।

لَهَا مَا كَسَبَتْ وَلَكُمْ مَّا كَسَبْتُمْ ۚ وَلَا تُسْئَلُوْنَ عَمَّا كَانُوْا يَعْمَلُوْنَ ۝

লাহা-মা- কাসাবাত ওয়া লাকুম মা- কাসাব্‌তুম, ওয়ালা- তুসআলূনা 'আম্মা- কা-নূ ইয়া'মালূন।
তারা যা করেছে তা তাদের, তোমরা যা কর তা তোমাদের। তাদের কাজ সম্বন্ধে তোমাদের জিজ্ঞাসা করা হবে না।

○ টীকা (আঃ ১৩৮) ঃ .... صبغة الله (আল্লাহর রং) বিভিন্ন ধর্মে আনুষ্ঠানিক ভাবে রঙিন পানিতে ডুবিয়ে দীক্ষা দানের রীতি প্রচলিত রয়েছে। খ্রিষ্টানের নিয়ম ছিল, যখন কোন শিশুর জন্ম হত, অথবা কেউ তাদের দ্বীনে দীক্ষিত হত, তখন তাকে হলুদ রং-এ ডুব দেয়ান হত। তারপর বলত, এবার সে প্রকৃত খ্রিষ্টান হয়েছে। আল্লাহ তায়ালা বলেন- হে মুমিনগণ! তোমরা বলে দাও, আমরা আল্লাহর রং অর্থাৎ দ্বীন গ্রহণ করেছি। এ দ্বীন যে গ্রহণ করে সে পবিত্র হয়ে যায়। ○ শানে নুযূল (আঃ ১৩৯) ঃ আহলে কিতাবীরা (ইহুদী-খৃষ্টানেরা) রাসূল (সা) কে উদ্দেশ্যে করে বলত, সকল নবীই আমাদের জাতিভুক্ত। সুতরাং আপনি নবী হলে আপনিও তো আমাদের জাতিভুক্ত বা দল ভুক্ত। তাদের এ উক্তি খণ্ডনেই এ আয়াত নাযিল হয়েছে। (আবুসসাউদ)

۝١٤١ سَيَقُوْلُ السُّفَهَآءُ مِنَ النَّاسِ مَا وَلّٰىهُمْ عَنْ قِبْلَتِهِمُ الَّتِيْ كَانُوْا

১৪২। সাইয়াক্বূলুস্ সুফাহা—উ মিনান্ না-সি মা-ওয়াল্লা-হুম্ 'আন্ ক্বিব্‌লাতিহিমুল্ লাতী কা-নূ
(১৪২) শীঘ্রই মূর্খ লোকেরা বলবে, তারা এ যাবত যে কিবলার উপর ছিল তা হতে কোন্ বস্তু তাদের ফিরিয়ে

عَلَيْهَا ۗ قُلْ لِّلّٰهِ الْمَشْرِقُ وَالْمَغْرِبُ ۗ يَهْدِيْ مَنْ يَّشَآءُ اِلٰى صِرَاطٍ مُّسْتَقِيْمٍ ۝

'আলাইহা; ক্বুল্ লিল্লা- হিল্ মাশ্‌রিক্বু ওয়াল্ মাগ্‌রিব ; ইয়াহ্‌দী মাই ইয়াশা—উ ইলা-স্বিরাত্বিম্ মুসতাক্বীম।
দিল? আপনি বলুন, পূর্ব ও পশ্চিম আল্লাহরই; তিনি যাকে ইচ্ছা সরল পথ দেখান।

۝١٤٢ وَكَذٰلِكَ جَعَلْنٰكُمْ اُمَّةً وَّسَطًا لِّتَكُوْنُوْا شُهَدَآءَ عَلَى النَّاسِ وَيَكُوْنَ

১৪৩। ওয়া কাযা-লিকা জ্বা'আল্‌না- কুম্ উম্মাতাওঁ ওয়াসাত্বাল্ লিতাকূনূ শুহাদা—আ 'আলান্ না-সি ওয়া ইয়াকূনার
(১৪৩) আর এভাবেই আমি তোমাদেরকে মধ্যপন্থী উম্মত বানিয়েছি যেন তোমরা মানব জাতির জন্য সাক্ষী হও এবং

الرَّسُوْلُ عَلَيْكُمْ شَهِيْدًا ۗ وَمَا جَعَلْنَا الْقِبْلَةَ الَّتِيْ كُنْتَ عَلَيْهَآ اِلَّا

রাসূলু 'আলাইকুম্ শাহীদা ; ওয়ামা- জ্বা'আল্‌নাল্ ক্বিব্‌লাতাল্ লাতী কুন্‌তা 'আলাইহা~ইল্লা-
রাসূল তোমাদের ব্যাপারে সাক্ষী হন। আর আমি আপনার জন্য পূর্ববর্তী কিবলা এ জন্য নির্ধারণ করেছিলাম যেন আমি

لِنَعْلَمَ مَنْ يَّتَّبِعُ الرَّسُوْلَ مِمَّنْ يَّنْقَلِبُ عَلٰى عَقِبَيْهِ ۗ وَاِنْ كَانَتْ لَكَبِيْرَةً اِلَّا

লিনা'লামা মাই ইয়াত্তাবি'উর্ রাসূলা মিম্মাই ইয়ান্‌ক্বালিবু 'আলা- 'আক্বিবাইহ ; ওয়া ইন্ কা-নাত্ লাকাবীরাতান্ ইল্লা-
জানতে পারি কে রাসূলের অনুসরণ করে চলে, আর কে পৃষ্ঠ প্রদর্শন করে? আল্লাহ যাদের পথ দেখান তারা ব্যতীত

عَلَى الَّذِيْنَ هَدَى اللّٰهُ ۗ وَمَا كَانَ اللّٰهُ لِيُضِيْعَ اِيْمَانَكُمْ ۗ اِنَّ اللّٰهَ

'আলাল্লাযীনা হাদাল্লা-হ ; ওয়ামা- কা-নাল্ লা-হু লিইয়ুদ্বী'আ ঈমা-নাকুম্ ; ইন্নাল্লা-হা
(অন্যদের জন্য) নিশ্চয়ই এটা কঠিন কাজ। আর আল্লাহ এরূপ নন যে তোমাদের ঈমান বরবাদ করবেন। নিশ্চয়ই আল্লাহ

بِالنَّاسِ لَرَءُوْفٌ رَّحِيْمٌ ۝١٤٣ قَدْ نَرٰى تَقَلُّبَ وَجْهِكَ فِي السَّمَآءِ ۚ

বিন্না-সি লারাউফুর্ রাহীম। ১৪৪। ক্বাদ নারা-তাক্বাল্‌লুবা ওয়াজ্বহিকা ফিস্ সামা—ই,
মানুষের প্রতি অত্যন্ত স্নেহশীল, পরম দয়ালু। (১৪৪) নিশ্চয়ই আমি আকাশের দিকে আপনার মুখমন্ডল ফিরানো অবলোকন করতেছি।

○ শানে নুযূল (আঃ ১৪২) ঃ سيقول السفهاء - যখন নবী (সা) মাসজিদুল হারামের দিকে মুখ ফিরালেন; তখন কিছু সংখ্যক লোক এতে মতভেদ শুরু করল। আর তারা ছিল কয়েক দলে বিভক্ত। মুনাফিকের দল বলল- তাদের কি হল যে, দীর্ঘ দিন এক কিবলার দিকে অবস্থান করার পর একে পরিত্যাগ করল এবং অন্য দিকে প্রত্যাবর্তিত হল? তখন আল্লাহ তায়ালা এ আয়াত অবতীর্ণ করেন। (তা ঃ তাবারী)

○ টীকা (আঃ ১৪৩) ঃ لتكونوا شهداء - হযরত কাতাদা (রা) থেকে বর্ণিত, তিনি এ আয়াত সম্পর্কে বলেন, উম্মতে মুহাম্মাদী মানব মন্ডলীর উপর সাক্ষী হবে যে, রাসূলগণ তাঁদের নিজ নিজ সম্প্রদায়ের নিকট প্রত্যাদেশসমূহ প্রচার করেছেন।

○ টীকা (আঃ ১৪৩) ঃ ويكون الرسول عليكم شهيدا - এবং রাসূলও তোমাদের উপর সাক্ষী হবেন যে, নিশ্চয়ই তিনি তাঁর প্রভুর নিকট হতে প্রাপ্ত প্রত্যাদেশসমূহ স্বীয় উম্মতের কাছে পৌঁছে দিয়েছেন। (তা ঃ তাবারী)

○ শানে নুযূল (আঃ ১৪৪) ঃ রাসূলুল্লাহ (স) যখন মদীনায় হিজরত করেন, তখন সেখানকার অধিকাংশ অধিবাসী ইয়াহূদী ছিল। তাই আল্লাহ তায়ালা বায়তুল মুকাদ্দাসকে কিবলা করার নির্দেশ দিলেন। ইয়াহূদীরা এতে খুশী হল। রাসূল (স) উনিশ মাস যাবত সে কিবলায় নামায পড়েন। অথচ তিনি ইবরাহীম (আ)-এর কিবলা পছন্দ করতেন। তাই আল্লাহ তায়ালার কাছে সে জন্য প্রার্থনা করতেন এবং নির্দেশ লাভের আশায় আকাশের দিকে তাকাতেন। তখন আল্লাহ তায়ালা .... قد نرى আয়াতাংশ অবতীর্ণ করেন।

بِمِثْلِ مَآ اٰمَنْتُمْ بِهٖ فَقَدِ اهْتَدَوْا ۚ وَاِنْ تَوَلَّوْا فَاِنَّمَا هُمْ فِیْ شِقَاقٍ ۚ

বিমিছলি মা~আ-মান্তুম বিহী ফাক্বাদিহ্‌তাদাও, ওয়া ইন তাওয়াল্লাও ফাইন্নামা-হুম ফী শিক্বা-ক্ব,
তোমাদের মত ঈমান আনে; তবে তারাও হিদায়াত প্রাপ্ত হবে। আর যদি তারা ফিরে যায়, তবে তারা নিশ্চয়ই বিরুদ্ধ ভাবাপন্ন।

فَسَيَكْفِيْكَهُمُ اللّٰهُ ۚ وَهُوَ السَّمِيْعُ الْعَلِيْمُ ﴿۱۳۷﴾ صِبْغَةَ اللّٰهِ ۚ وَمَنْ اَحْسَنُ مِنَ

ফাসাইয়াক্‌ফীকাহুমুল্লা-হ্, ওয়াহুয়াস্ সামী'উল 'আলীম। ১৩৮। স্বিবগাতাল্লা-হ্, ওয়ামান আহ্‌সানু মিনা
অতএব আপনার পক্ষে আল্লাহই তাদের বিরুদ্ধে যথেষ্ট। আর তিনিই সর্বশ্রোতা ও সর্বজ্ঞ। (১৩৮) আল্লাহর রং ধর আল্লাহর রং অপেক্ষা উত্তম রং আর কি

اللّٰهِ صِبْغَةً ۫ وَّنَحْنُ لَهٗ عٰبِدُوْنَ ﴿۱۳۸﴾ قُلْ اَتُحَآجُّوْنَنَا فِی اللّٰهِ وَهُوَ رَبُّنَا

ল্লা-হি স্বিবগাতাওঁ ওয়া নাহ্‌নু লাহূ 'আ-বিদূন। ১৩৯। কুল আতুহা—জ্জূনানা- ফিল্লা-হি ওয়া হুওয়া রাব্বুনা-
হতে পারে? আমরা তাঁরই ইবাদাত করি। (১৩৯) আপনি বলুন, তোমরা কি আমাদের সাথে আল্লাহর ব্যাপারে বিতর্ক করতেছ? অথচ তিনি আমাদের প্রতিপালক

وَرَبُّكُمْ ۚ وَلَنَآ اَعْمَالُنَا وَلَكُمْ اَعْمَالُكُمْ ۚ وَنَحْنُ لَهٗ مُخْلِصُوْنَ ۙ

ওয়া রাব্বুকুম, ওয়া লানা~আ'মা-লুনা- ওয়া লাকুম আ'মা-লুকুম, ওয়া নাহ্‌নু লাহূ মুখলিস্বূন।
এবং তোমাদেরও প্রতিপালক। আমরা পাব আমাদের কর্মফল আর তোমরা পাবে তোমাদের কর্মফল। আমরা তাঁর জন্যই নিবেদিত প্রাণ।

﴿۱۳۹﴾ اَمْ تَقُوْلُوْنَ اِنَّ اِبْرٰهٖمَ وَاِسْمٰعِيْلَ وَاِسْحٰقَ وَيَعْقُوْبَ وَالْاَسْبَاطَ كَانُوْا

১৪০। আম তাক্বূলূনা ইন্না ইব্রা-হীমা ওয়া ইসমা'ঈলা ওয়া ইসহা-ক্বা ওয়া ইয়া'কূবা ওয়াল আসবা-ত্বা কা-নূ
(১৪০) তোমরা কি বল যে, ইবরাহীম, ইসমাঈল, ইসহাক, ইয়াকুব ও তাঁর বংশধরগণ ইয়াহূদী অথবা

هُوْدًا اَوْ نَصٰرٰى ؕ قُلْ ءَاَنْتُمْ اَعْلَمُ اَمِ اللّٰهُ ؕ وَمَنْ اَظْلَمُ مِمَّنْ كَتَمَ شَهَادَةً

হূদান আও নাস্বা-রা-; কুল আআন্তুম আ'লামু আমিল্লা-হ্ ; ওয়া মান আয্‌লামু মিম্মান কাতামা শাহা-দাতান
খ্রিষ্টান ছিল? আপনি বলুন, তোমরা কি বেশী জান না আল্লাহ বেশী জানেন? তার চেয়ে বড় অত্যাচারী আর কে হতে পারে, যে আল্লাহর তরফ হতে আসা সাক্ষ্য

عِنْدَهٗ مِنَ اللّٰهِ ؕ وَمَا اللّٰهُ بِغَافِلٍ عَمَّا تَعْمَلُوْنَ ﴿۱۴۰﴾ تِلْكَ اُمَّةٌ قَدْ خَلَتْ ۚ

'ইন্দাহূ মিনাল্লা-হ্ ; ওয়ামাল্লা-হু বিগা-ফিলিন 'আম্মা-তা'মালূন। ১৪১। তিলকা উম্মাতুন ক্বাদ খালাত,
তার সামনেই গোপন করে? আল্লাহ আমাদের কাজ সম্পর্কে অনবহিত নন। (১৪১) সে উম্মত অতীত হয়ে গেছে।

لَهَا مَا كَسَبَتْ وَلَكُمْ مَّا كَسَبْتُمْ ۚ وَلَا تُسْـَٔلُوْنَ عَمَّا كَانُوْا يَعْمَلُوْنَ ۙ ع

লাহা-মা- কাসাবাত ওয়া লাকুম মা- কাসাব্‌তুম, ওয়ালা- তুসআলূনা 'আম্মা- কা-নূ ইয়া'মালূন।
তারা যা করেছে তা তাদের, তোমরা যা কর তা তোমাদের। তাদের কাজ সম্বন্ধে তোমাদের জিজ্ঞাসা করা হবে না।

○ টীকা (আঃ ১৩৮) ঃ .... صبغة الله (আল্লাহর রং) বিভিন্ন ধর্মে আনুষ্ঠানিক ভাবে রঙিন পানিতে ডুবিয়ে দীক্ষা দানের রীতি প্রচলিত রয়েছে। খ্রিষ্টানের নিয়ম ছিল, যখন কোন শিশুর জন্ম হত, অথবা কেউ তাদের দ্বীনে দীক্ষিত হত, তখন তাকে হলুদ রং-এ ডুব দেয়ান হত। তারপর বলত, এবার সে প্রকৃত খ্রিষ্টান হয়েছে। আল্লাহ তায়ালা বলেন– হে মুমিনগণ! তোমরা বলে দাও, আমরা আল্লাহর রং অর্থাৎ দ্বীন গ্রহণ করেছি। এ দ্বীন যে গ্রহণ করে সে পবিত্র হয়ে যায়। ○ শানে নুযূল (আঃ ১৩৯) ঃ আহলে কিতাবীরা (ইহুদী-খৃষ্টানরা) রাসূল (সা) কে উদ্দেশ্যে করে বলত, সকল নবীই আমাদের জাতিভুক্ত। সুতরাং আপনি নবী হলে আপনিও তো আমাদের জাতিভুক্ত বা দল ভুক্ত। তাদের এ উক্তি খন্ডনেই এ আয়াত নাযিল হয়েছে। (আবুসসাউদ)

﴿۱۴۱﴾ سَيَقُوْلُ السُّفَهَآءُ مِنَ النَّاسِ مَا وَلّٰىهُمْ عَنْ قِبْلَتِهِمُ الَّتِیْ كَانُوْا

১৪২। সাইয়াকূলুস্ সুফাহা—উ মিনান্ না-সি মা-ওয়াল্লা-হুম্ 'আন্ ক্বিব্‌লাতিহিমুল্ লাতী কা-নূ
(১৪২) শীঘ্রই মূর্খ লোকেরা বলবে, তারা এ যাবত যে কিবলার উপর ছিল তা হতে কোন্ বস্তু তাদের ফিরিয়ে

عَلَيْهَا ؕ قُلْ لِّلّٰهِ الْمَشْرِقُ وَالْمَغْرِبُ ؕ يَهْدِیْ مَنْ يَّشَآءُ اِلٰی صِرَاطٍ مُّسْتَقِيْمٍ ۙ

'আলাইহা; কুল্ লিল্লা- হিল্ মাশ্‌রিক্বু ওয়াল্ মাগ্‌রিব ; ইয়াহ্‌দী মাইঁ ইয়াশা—উ ইলা-স্বিরাত্বিম্ মুসতাক্বীম্।
দিল? আপনি বলুন, পূর্ব ও পশ্চিম আল্লাহরই; তিনি যাকে ইচ্ছা সরল পথ দেখান।

﴿۱۴۲﴾ وَكَذٰلِكَ جَعَلْنٰكُمْ اُمَّةً وَّسَطًا لِّتَكُوْنُوْا شُهَدَآءَ عَلَى النَّاسِ وَيَكُوْنَ

১৪৩। ওয়া কাযা-লিকা জ্বা'আল্‌না- কুম্ উম্মাতাওঁ ওয়াসাত্বাল্ লিতাকূনূ শুহাদা—আ 'আলান্ না-সি ওয়া ইয়াকূনার
(১৪৩) আর এভাবেই আমি তোমাদেরকে মধ্যপন্থী উম্মত বানিয়েছি যেন তোমরা মানব জাতির জন্য সাক্ষী হও এবং

الرَّسُوْلُ عَلَيْكُمْ شَهِيْدًا ؕ وَمَا جَعَلْنَا الْقِبْلَةَ الَّتِیْ كُنْتَ عَلَيْهَآ اِلَّا

রাসূলু 'আলাইকুম্ শাহীদা ; ওয়ামা- জ্বা'আল্‌নাল্ ক্বিব্‌লাতাল্ লাতী কুন্‌তা 'আলাইহা~ইল্লা-
রাসূল তোমাদের ব্যাপারে সাক্ষী হন। আর আমি আপনার জন্য পূর্ববর্তী কিবলা এ জন্য নির্ধারণ করেছিলাম যেন আমি

لِنَعْلَمَ مَنْ يَّتَّبِعُ الرَّسُوْلَ مِمَّنْ يَّنْقَلِبُ عَلٰی عَقِبَيْهِ ؕ وَاِنْ كَانَتْ لَكَبِيْرَةً اِلَّا

লিনা'লামা মাই ইয়াত্তাবি'উর্ রাসূলা মিম্মাই ইয়ান্‌ক্বালিবু 'আলা- 'আক্বিবাইহ ; ওয়া ইন্ কা-নাত্ লাকাবীরাতান্ ইল্লা-
জানতে পারি কে রাসূলের অনুসরণ করে চলে, আর কে পৃষ্ঠ প্রদর্শন করে? আল্লাহ যাদের পথ দেখান তারা ব্যতীত

عَلَى الَّذِيْنَ هَدَی اللّٰهُ ؕ وَمَا كَانَ اللّٰهُ لِيُضِيْعَ اِيْمَانَكُمْ ؕ اِنَّ اللّٰهَ

'আলাল্লাযীনা হাদাল্লা-হ্ ; ওয়ামা- কা-নাল্ লা-হু লিইয়ুদ্বী'আ ঈমা-নাকুম্ ; ইন্নাল্লা-হা
(অন্যদের জন্য) নিশ্চয়ই এটা কঠিন কাজ। আর আল্লাহ্ এরূপ নন যে তোমাদের ঈমান বরবাদ করবেন। নিশ্চয়ই আল্লাহ্

بِالنَّاسِ لَرَءُوْفٌ رَّحِيْمٌ ﴿۱۴۳﴾ قَدْ نَرٰی تَقَلُّبَ وَجْهِكَ فِی السَّمَآءِ ۚ

বিন্না-সি লারাউফুর্ রাহীম। ১৪৪। ক্বাদ নারা-তাক্বাল্লুবা ওয়াজ্‌হিকা ফিস্ সামা—ই,
মানুষের প্রতি অত্যন্ত স্নেহশীল, পরম দয়ালু। (১৪৪) নিশ্চয়ই আমি আকাশের দিকে আপনার মুখমন্ডল ফিরানো অবলোকন করতেছি।

○ শানে নুযূল (আঃ ১৪২) ঃ سيقول السفهاء - যখন নবী (সা) মাসজিদুল হারামের দিকে মুখ ফিরালেন; তখন কিছু সংখ্যক লোক এতে মতভেদ শুরু করল। আর তারা ছিল কয়েক দলে বিভক্ত। মুনাফিকের দল বলল– তাদের কি হল যে, দীর্ঘ দিন এক কিবলার দিকে অবস্থান করার পর একে পরিত্যাগ করল এবং অন্য দিকে প্রত্যাবর্তিত হল? তখন আল্লাহ্ তায়ালা এ আয়াত অবতীর্ণ করেন। (তা ঃ তাবারী)

○ টীকা (আঃ ১৪৩) ঃ لتكونوا شهداء - হযরত কাতাদা (রা) থেকে বর্ণিত, তিনি এ আয়াত সম্পর্কে বলেন, উম্মতে মুহাম্মদী মানব মন্ডলীর উপর সাক্ষী হবে যে, রাসূলগণ তাঁদের নিজ নিজ সম্প্রদায়ের নিকট প্রত্যাদেশসমূহ প্রচার করেছেন।

○ টীকা (আঃ ১৪৩) ঃ ويكون الرسول عليكم شهيدا - এবং রাসূলও তোমাদের উপর সাক্ষী হবেন যে, নিশ্চয়ই তিনি তাঁর প্রভুর নিকট হতে প্রাপ্ত প্রত্যাদেশসমূহ স্বীয় উম্মতের কাছে পৌঁছে দিয়েছেন। (তা ঃ তাবারী)

○ শানে নুযূল (আঃ ১৪৪) ঃ রাসূলুল্লাহ (স) যখন মদীনায় হিজরত করেন, তখন সেখানকার অধিকাংশ অধিবাসী ইয়াহূদী ছিল। তাই আল্লাহ তায়ালা বায়তুল মুকাদ্দাসকে কিবলা করার নির্দেশ দিলেন। ইয়াহূদীরা এতে খুশী হল। রাসূল (স) উনিশ মাস যাবত সে কিবলায় নামায পড়েন। অথচ তিনি ইবরাহীম (আ)-এর কিবলা পছন্দ করতেন। তাই আল্লাহ তায়ালার কাছে সে জন্য প্রার্থনা করতেন এবং নির্দেশ লাভের আশায় আকাশের দিকে তাকাতেন। তখন আল্লাহ তায়ালা .... قد نرى আয়াতাংশ অবতীর্ণ করেন।

فَلَنُوَلِّيَنَّكَ قِبْلَةً تَرْضٰىهَا ۠ فَوَلِّ وَجْهَكَ شَطْرَ الْمَسْجِدِ الْحَرَامِ ؕ وَحَيْثُ

...নুওয়াল্লিয়ান্নাকা ক্বিব্লাতান্ তার্দ্বা-হা, ফাওয়াল্লি ওয়াজ্বহাকা শাত্বরাল্ মাস্জ্বিদিল্ হ্বারা-ম ; ওয়া হ্বাইছু

নিঃসন্দেহে আমি সে কিবলার দিকে আপনাকে ঘুরিয়ে দিব যা আপনি পছন্দ করেন। অতএব আপনি মসজিদে হারামের দিকে আপনার

مَا كُنْتُمْ فَوَلُّوْا وُجُوْهَكُمْ شَطْرَهٗ ؕ وَاِنَّ الَّذِيْنَ اُوْتُوا الْكِتٰبَ لَيَعْلَمُوْنَ

মা- কুন্তুম্ ফাওয়াল্লূ উজূহাকুম্ শাত্বরাহ ; ওয়া ইন্নাল্ লাযীনা উতুল্ কিতা-বা লাইয়া'লামূনা

মুখমন্ডল ফিরান। আর তোমরা যেখানেই থাক না কেন, সে দিকে তোমাদের মুখ ফিরাও। আহলে কিতাবগণ নিশ্চিত ভাবে জানে যে,

اَنَّهُ الْحَقُّ مِنْ رَّبِّهِمْ ؕ وَمَا اللّٰهُ بِغَافِلٍ عَمَّا يَعْمَلُوْنَ ﴿١٤٥﴾ وَلَئِنْ اَتَيْتَ الَّذِيْنَ

আন্নাহুল্ হ্বাক্বকু মির্ রাব্বিহিম ; ওয়ামাল্লা-হু বিগা-ফিলিন্ 'আম্মা- ইয়া'মালূন্। ১৪৫। ওয়ালা ইন্ আতাইতাল্ লাযীনা

এটাই সত্য তাদের প্রতিপালকের তরফ থেকে। আর তারা যা করে আল্লাহ সে সম্পর্কে বেখবর নন। (১৪৫) আর আপনি যদি আহলে

اُوْتُوا الْكِتٰبَ بِكُلِّ اٰيَةٍ مَّا تَبِعُوْا قِبْلَتَكَ ۚ وَمَاۤ اَنْتَ بِتَابِعٍ قِبْلَتَهُمْ ۚ وَ

উতুল্ কিতা-বা বিকুল্লি আ-য়াতিম্ মা-তাবি'ঊ ক্বিবলাতাকা, ওয়ামা~আন্তা বিতা-বি'ইন্ ক্বিব্লাতাহুম্, ওয়া

কিতাবগণের নিকট সকল দলীল উপস্থিত করেন তবুও তারা আপনার কিবলা অনুসরণ করবে না। আর আপনিও তো তাদের কিবলার অনুসারী নন। তারাও

مَا بَعْضُهُمْ بِتَابِعٍ قِبْلَةَ بَعْضٍ ؕ وَلَئِنِ اتَّبَعْتَ اَهْوَآءَهُمْ مِّنْۢ بَعْدِ مَا جَآءَكَ

মা-বা'দ্বুহুম্ বিতা-বি'ইন্ ক্বিব্লাতা বা'দ্ব ; ওয়ালাইনিত্ তাবা'তা আহ্ওয়া—আহুম্ মিম্ বা'দি মা-জ্বা—আকা

একে অন্যের কিব্লার অনুসারী নয়। আপনার কাছে জ্ঞান পৌছার পরও যদি আপনি তাদের খেয়াল খুশীর অনুসারী

مِنَ الْعِلْمِ ۙ اِنَّكَ اِذًا لَّمِنَ الظّٰلِمِيْنَ ﴿١٤٦﴾ اَلَّذِيْنَ اٰتَيْنٰهُمُ الْكِتٰبَ يَعْرِفُوْنَهٗ كَمَا

মিনাল্ 'ইল্মি ইন্নাকা ইযাল্ লামিনায্ য্বা-লিমীন। ১৪৬। আল্লাযীনা আ-তাইনা-হুমুল্ কিতা-বা ইয়া'রিফূনাহূ কামা-

হন, তবে নিশ্চয়ই আপনি জালিমগণের অন্তর্ভুক্ত হবেন। (১৪৬) যাদেরকে কিতাব দিয়েছি, তারা তাঁকে সেরূপ চিনে, যেমন

يَعْرِفُوْنَ اَبْنَآءَهُمْ ؕ وَاِنَّ فَرِيْقًا مِّنْهُمْ لَيَكْتُمُوْنَ الْحَقَّ وَهُمْ يَعْلَمُوْنَ ۘ

ইয়া'রিফূনা আব্না—আহুম; ওয়া ইন্না ফারীক্বাম্ মিন্হুম্ লাইয়াক্তুমূনাল্ হ্বাক্বক্বা ওয়াহুম্ ইয়া'লামূন্।

চিনে নিজের সন্তানদেরকে। নিশ্চয়ই তাঁদের মধ্যে একদল জেনে-শুনে সত্য গোপন করে।

اَلْحَقُّ مِنْ رَّبِّكَ فَلَا تَكُوْنَنَّ مِنَ الْمُمْتَرِيْنَ ﴿١٤٨﴾ وَلِكُلٍّ وِّجْهَةٌ هُوَ ﴿١٤٧﴾

১৪৭। আল্হ্বাক্বকু মির রাব্বিকা ফালা- তাকূনান্না মিনাল্ মুম্তারীন্। ১৪৮। ওয়া লিকুল্লিঁও ওয়িজূহাতুন্ হুওয়া

(১৪৭) আপনার প্রতিপালকের তরফ থেকে এটাই প্রকৃত সত্য। কাজেই আপনি কখনো সন্দেহকারীদের অন্তর্ভুক্ত হবেন না। (১৪৮) আর প্রত্যেকেরই নির্দিষ্ট দিক (কিবলা)

مُوَلِّيْهَا فَاسْتَبِقُوا الْخَيْرٰتِ ؕ اَيْنَ مَا تَكُوْنُوْا يَاْتِ بِكُمُ اللّٰهُ جَمِيْعًا ؕ اِنَّ اللّٰهَ

মুওয়াল্লীহা- ফাস্তাবিকুল্ খাইরা-ত ; আইনা মা-তাকূনূ ইয়া'তি বিকুমুল্লা-হু জ্বামী'আ ; ইন্নাল্লা-হা

আছে, যেদিকে সে মুখ করে। তাই তোমরা সৎ কাজের ক্ষেত্রে অগ্রগামী হও। তোমরা যেখানেই থাক না কেন; আল্লাহ তোমাদের সকলকে সমবেত করবেন। নিশ্চয়ই

عَلٰى كُلِّ شَيْءٍ قَدِيْرٌ ﴿١٤٩﴾ وَمِنْ حَيْثُ خَرَجْتَ فَوَلِّ وَجْهَكَ شَطْرَ الْمَسْجِدِ الْحَرَامِ ؕ

'আলা- কুল্লি শাইয়িন্ ক্বাদীর। ১৪৯। ওয়ামিন্ হ্বাইছু খারাজ্বতা ফাওয়াল্লি ওয়াজ্বহাকা শাত্বরাল্ মাস্জ্বিদিল্ হ্বারা-ম ;

আল্লাহ সব কিছুই করতে সক্ষম। (১৪৯) আর আপনি যেখান হতেই বের হন না কেন আপনার মুখমন্ডল মসজিদুল হারামের দিকে ফিরাবেন।

وَاِنَّهٗ لَلْحَقُّ مِنْ رَّبِّكَ ؕ وَمَا اللّٰهُ بِغَافِلٍ عَمَّا تَعْمَلُوْنَ ﴿١٥٠﴾ وَمِنْ حَيْثُ

ওয়া ইন্নাহূ লাল্হ্বাক্বকু মির রাব্বিক ; ওয়ামাল্লা-হু বিগা-ফিলিন 'আম্মা-তা'মালূন্। ১৫০। ওয়ামিন্ হ্বাইছু

নিশ্চয়ই আপনার প্রতিপালকের তরফ হতে এটাই সত্য। আর আল্লাহ তোমাদের কার্যকলাপ সম্পর্কে মোটেই বেখবর নন। (১৫০) আর যেখান

خَرَجْتَ فَوَلِّ وَجْهَكَ شَطْرَ الْمَسْجِدِ الْحَرَامِ ؕ وَحَيْثُ مَا كُنْتُمْ فَوَلُّوْا

খারাজ্বতা ফাওয়াল্লি ওয়াজ্বহাকা শাত্বরাল্ মাস্জ্বিদিল হ্বারাম; ওয়া হ্বাইছু মা-কুন্তুম্ ফাওয়াল্লূ

থেকেই আপনি বের হন না কেন আপনার মুখমন্ডল মসজিদুল হারামের দিকে ফিরান আর তোমরা যেখানেই থাক তোমাদের মুখমন্ডল

وُجُوْهَكُمْ شَطْرَهٗ ۙ لِئَلَّا يَكُوْنَ لِلنَّاسِ عَلَيْكُمْ حُجَّةٌ ۗ اِلَّا الَّذِيْنَ ظَلَمُوْا مِنْهُمْ ۗ

উজূহাকুম্ শাত্বরাহূ লিআল্লা-ইয়াকূনা লিন্না-সি 'আলাইকুম্ হুজ্বজ্বাহ, ইল্লাল্লাযীনা য্বালামূ মিন্হুম্

তার দিকে ফেরাও। যাতে তোমাদের ব্যাপারে লোকের জন্য কোন সমালোচনা করার সুযোগ না থাকে। অবশ্য তাদের মধ্যে যারা জালিম তাদের কথা ভিন্ন। কাজেই

فَلَا تَخْشَوْهُمْ وَاخْشَوْنِيْ ۗ وَلِاُتِمَّ نِعْمَتِيْ عَلَيْكُمْ وَلَعَلَّكُمْ تَهْتَدُوْنَ ۙ

ফালা- তাখ্শাওহুম্ ওয়াখ্শাওনী ; ওয়ালিউতিম্মা নি'মাতী 'আলাইকুম্ ওয়া লা'আল্লাকুম্ তাহ্তাদূন।

তোমরা তাদেরকে ভয় কর না, শুধু আমাকেই ভয় কর। তাহলে আমি আমার নেয়ামত তোমাদের উপর পূর্ণ করব, আর তোমরা হয়ত পথপ্রাপ্ত হবে।

﴿١٥١﴾ كَمَاۤ اَرْسَلْنَا فِيْكُمْ رَسُوْلًا مِّنْكُمْ يَتْلُوْا عَلَيْكُمْ اٰيٰتِنَا وَيُزَكِّيْكُمْ وَيُعَلِّمُكُمُ

১৫১। কামা~আর্সাল্না- ফীকুম্ রাসূলাম্ মিন্কুম্ ইয়াত্লূ 'আলাইকুম্ আ-য়া-তিনা-ওয়া ইয়ুযাক্কীকুম্ ওয়া ইয়ু'আল্লিমুকুমুল

(১৫১) যেমন আমি তোমাদের মধ্য হতে তোমাদের নিকট রাসূল প্রেরণ করেছি, যিনি তোমাদের নিকট আমার আয়াত তিলাওয়াত করেন ও তোমাদেরকে পবিত্র

الْكِتٰبَ وَالْحِكْمَةَ وَيُعَلِّمُكُمْ مَّا لَمْ تَكُوْنُوْا تَعْلَمُوْنَ ﴿١٥٢﴾ فَاذْكُرُوْنِيْ

কিতা-বা ওয়াল্ হ্বিক্মাতা ওয়া ইয়ু'আল্লিমুকুম্ মা-লাম্ তাকূনূ তা'লামূন্। ১৫২। ফায্কুরূনী~

করেন এবং তোমাদেরকে শিখায় কিতাব ও হিকমত আর তোমরা যা জানতে না, তা শিক্ষা দেন। (১৫২) অতএব তোমরা আমাকে

اَذْكُرْكُمْ وَاشْكُرُوْا لِيْ وَلَا تَكْفُرُوْنِ ﴿١٥٣﴾ يٰۤاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوا اسْتَعِيْنُوْا

আয্কুর্কুম্ ওয়াশ্কুরূলী ওয়ালা- তাক্ফুরূন। ১৫৩। ইয়া~আইয়্যুহাল্ লাযীনা আ-মানুস্ তা'ঈনু

স্মরণ কর, আমিও তোমাদেরকে স্মরণ করব এবং আমার কৃতজ্ঞতা স্বীকার কর এবং অকৃতজ্ঞ হয়ো না। (১৫৩) হে মুমিনগণ! তোমরা

✪ টীকা (আঃ ১৫১) ঃ যে সমস্ত বিষয়ে জ্ঞান লাভ করার জন্য প্রাচীন কিতাবসমূহ ও বিবেক-বুদ্ধি যথেষ্ট নয়, তা শিখাবার জন্য একজন মহাজ্ঞানী নবী প্রেরণের জন্য হযরত ইবরাহীম (আ) আল্লাহ্র নিকট দো'আ করেছিলেন। দো'আ কবুল করেই আল্লাহ্ রাসূল (সা)-কে প্রেরণ করেন। (বঃ কোঃ)

✪ টীকা (আঃ ১৫৩) ঃ استعينوا بالصبر والصلوة – রাসূলুল্লাহ (সা) যখন কোন কঠিন অবস্থার সম্মুখীন হতেন তখন নামায পড়তেন। সবর ৩ প্রকার। (এক) হারাম ও পাপকার্য বর্জনের সবর। (দুই) ইবাদাত ও নৈকট্য লাভের কার্য সম্পাদনের সবর। দ্বিতীয় সবরে সওয়াব বেশী। কারণ এটাই জীবনের উদ্দেশ্য। তৃতীয় সবর হল– বিপদাপদে সবর।–(তা ঃ ইবনে কাছীর)

بِالصَّبْرِ وَالصَّلٰوةِ ۭ اِنَّ اللّٰهَ مَعَ الصّٰبِرِيْنَ ﴿١٥٣﴾ وَلَا تَقُوْلُوْا لِمَنْ يُّقْتَلُ فِيْ

বিস্বস্বাব্রি ওয়াস্বস্বালা-হ ; ইন্নাল্লা-হা মা'আস্ব স্বা-বিরীন্। ১৫৪। ওয়ালা- তাকূলূ লিমাইঁ ইয়ুক্বতালু ফী
ধৈর্য ও সালাতের মাধ্যমে আল্লাহর সাহায্য কামনা কর। নিশ্চয়ই আল্লাহ ধৈর্যশীলদের সাথে আছেন। (১৫৪) আর যারা আল্লাহর

سَبِيْلِ اللّٰهِ اَمْوَاتٌ ۭ بَلْ اَحْيَاۗءٌ وَّلٰكِنْ لَّا تَشْعُرُوْنَ ﴿١٥٤﴾ وَلَنَبْلُوَنَّكُمْ بِشَيْءٍ

সাবীলিল্লা-হি আম্ওয়া-ত ; বাল্ আহ্ইয়া—উঁও ওয়ালা- কিল্ লা-তাশ্'উরূন্। ১৫৫। ওয়ালা নাব্লুওয়ান্নাকুম্ বিশাইয়িম
রাস্তায় নিহত হয় তাদেরকে মৃত বল না; বরং তারা জীবিত, কিন্তু তোমরা তা বুঝতেছ না। (১৫৫) আর নিশ্চয়ই আমি তোমাদেরকে

مِّنَ الْخَوْفِ وَالْجُوْعِ وَنَقْصٍ مِّنَ الْاَمْوَالِ وَالْاَنْفُسِ وَالثَّمَرٰتِ ۭ

মিনাল্ খাওফি ওয়াল্জূ'ই ওয়ানাক্বস্বিম্ মিনাল্ আম্ওয়া-লি ওয়াল্ আন্ফুসি ওয়াছ ছামারা-ত ;
পরীক্ষা করব ভয়-ভীতি দ্বারা, ক্ষুধা দ্বারা এবং ধন-সম্পদ, জীবন এবং ফল ফসলাদি ক্ষতি সাধান করে আর সুসংবাদ দাও সে সব ধৈর্যশীলগণকে,

وَبَشِّرِ الصّٰبِرِيْنَ ﴿١٥٥﴾ الَّذِيْنَ اِذَآ اَصَابَتْهُمْ مُّصِيْبَةٌ ۙ قَالُوْٓا اِنَّا لِلّٰهِ وَاِنَّآ اِلَيْهِ

ওয়া বাশ্শিরিস্ব স্বা-বিরীন্। ১৫৬। আল্লাযীনা ইযা~আস্বা-বাতহুম মুস্বীবাতুন্ ক্বা-লূ~ইন্না- লিল্লা-হি ওয়া ইন্না~ইলাইহি
(১৫৬) যাদের উপর কোন প্রকার বিপদ আপতিত হলে তখন বলে, নিশ্চয়ই আমরা তো আল্লাহরই এবং নিশ্চিতভাবে আমরা তাঁরই দিকে

رٰجِعُوْنَ ﴿١٥٦﴾ اُولٰۗىِٕكَ عَلَيْهِمْ صَلَوٰتٌ مِّنْ رَّبِّهِمْ وَرَحْمَةٌ ۣ وَاُولٰۗىِٕكَ هُمُ

রা-জ্বি'উন। ১৫৭। উলা—ইকা 'আলাইহিম স্বালাওয়া-তুম্ মির রাব্বিহিম্ ওয়ারাহ্মাহ ; ওয়া উলা—ইকা হুমুল্
প্রত্যাবর্তনকারী। (১৫৭) তাদের উপরই রয়েছে তাদের পতিপালকের তরফ থেকে করুণা ও অনুগ্রহ। আর তারাই সঠিক

الْمُهْتَدُوْنَ ﴿١٥٧﴾ اِنَّ الصَّفَا وَالْمَرْوَةَ مِنْ شَعَاۗىِٕرِ اللّٰهِ ۚ فَمَنْ حَجَّ الْبَيْتَ

মুহ্তাদূন। ১৫৮। ইন্নাস্ব স্বাফা-ওয়াল্ মার্ওয়াতা মিন্ শা'আ—ইরিল্লা-হ, ফামান্ হাজ্বজ্বাল্ বাইতা
পথ প্রাপ্ত। (১৫৮) নিশ্চয়ই সাফা ও মারওয়া আল্লাহর নিদর্শনাবলীর অন্তর্ভুক্ত। তাই যে ব্যক্তি বাইতুল্লাহর হজ্জ করল অথবা

اَوِ اعْتَمَرَ فَلَا جُنَاحَ عَلَيْهِ اَنْ يَّطَّوَّفَ بِهِمَا ۭ وَمَنْ تَطَوَّعَ خَيْرًا ۙ فَاِنَّ اللّٰهَ

আবি' তামারা ফালা-জ্বুনা-হ্ব 'আলাইহি আইঁ ইয়াত্ত্ব ত্বাওয়্যাফা বিহিমা; ওয়ামান্ তাঁত্বাওয়্যা'আ খাইরান্ ফাইন্নাল্লা-হা
ওমরা করল তার জন্য এ দুটোর তাওয়াফ করলে কোন গুনাহ নেই। আর যে ব্যক্তি স্বেচ্ছায় সৎ কাজ করে নিশ্চয়ই আল্লাহ

شَاكِرٌ عَلِيْمٌ ﴿١٥٨﴾ اِنَّ الَّذِيْنَ يَكْتُمُوْنَ مَآ اَنْزَلْنَا مِنَ الْبَيِّنٰتِ وَالْهُدٰى

শা-কিরুন্ 'আলীম। ১৫৯। ইন্নাল্লাযীনা ইয়াক্তুমূনা মা~আন্যাল্না- মিনাল্ বাইয়্যিনা-তি ওয়াল্ হুদা-
তার মূল্যায়ক এবং সর্বজ্ঞ। (১৫৯) যারা আমার অবতারিত দলীলসমূহ ও হিদায়াতকে গোপন করে, আমি তা

✪ টী.কা (আঃ ১৫৫) ঃ শত্রু-সৈন্যের সাথে মুকাবেলা করার ভয়; দুর্ভিক্ষ ও দারিদ্র্যজনিত অনাহার; যাকাত, ছদকা প্রভৃতি কার্যে ব্যয় করে মালের হ্রাসকরণ, যুদ্ধে মৃত্যুবরণ; বার্ধক্যের দুর্বলতা ও রোগ; বাগানের ও ক্ষেতের ফল নষ্ট এবং সন্তানের মৃত্যু ইত্যাদি বিপদ দ্বারা আমি তোমাদের খোদাভক্তি ধৈর্যের পরীক্ষা করব। (মুঃ কোঃ) ✪ শানে নুযূল (আঃ ১৫৮) ঃ ان الصفا والمروة - সাফা ও মারওয়া পাহাড়দ্বয়ের মাঝখানে বহু মূর্তি ছিল। শয়তানরা সারারাত সেখানে চক্কর দিত। ইসলামের আবির্ভাবের পর রাসূলাল্লাহকে (স) এ পাহাড়দ্বয়ের মাঝে তাওয়াফের ব্যাপারে প্রশ্ন করা হলে অতঃপর এ আয়াত অবতীর্ণ হয়।-(তাঃ ইবনে কাছীর)

مِنْ بَعْدِ مَا بَيَّنّٰهُ لِلنَّاسِ فِي الْكِتٰبِ ۙ اُولٰۗىِٕكَ يَلْعَنُهُمُ اللّٰهُ وَيَلْعَنُهُمُ

মিম্ বা'দি মা-বাইয়ান্না-হু লিন্না-সি ফিল্ কিতা-বি উলা—ইকা ইয়াল্'আনুহুমুল্লা-হু ওয়া ইয়াল্'আনু হুমুল
মানুষের জন্য কিতাবে স্পষ্টভাবে বর্ণনা করে দেয়ার পরও; আল্লাহ তাদের উপর লা'নত করেন এবং লা'নতদাতারাও তাদের উপর

اللّٰعِنُوْنَ ﴿١٥٩﴾ اِلَّا الَّذِيْنَ تَابُوْا وَاَصْلَحُوْا وَبَيَّنُوْا فَاُولٰۗىِٕكَ اَتُوْبُ عَلَيْهِمْ ۚ

লা'ইনূন। ১৬০। ইল্লাল লাযীনা তা-বূ ওয়া আস্বলাহূ ওয়া বাইয়্যানূ ফাউলা—ইকা আতূবু 'আলাইহিম্,
লা'নত করেন। (১৬০) কেবল যারা তওবা করে এবং নিজেদেরকে সংশোধন করে এবং (সত্যকে) প্রকাশ্যে বর্ণনা করে, আমি তাদের তওবা কবুল করব।

وَاَنَا التَّوَّابُ الرَّحِيْمُ ﴿١٦٠﴾ اِنَّ الَّذِيْنَ كَفَرُوْا وَمَاتُوْا وَهُمْ كُفَّارٌ اُولٰۗىِٕكَ عَلَيْهِمْ

ওয়া আনাত্ তাওয়্যা-বুর রাহ্বীম। ১৬১। ইন্নাল্লাযীনা কাফারূ ওয়া মা-তূ ওয়াহুম্ কুফ্ফা-রুন্ উলা—ইকা 'আলাইহিম
আমি তওবা কবুলকারী ও পরম দয়ালু। (১৬১) নিশ্চয়ই যারা কুফরী করেছে এবং কাফির অবস্থায়ই মারা গিয়েছে, তাদের উপর

لَعْنَةُ اللّٰهِ وَالْمَلٰۗىِٕكَةِ وَالنَّاسِ اَجْمَعِيْنَ ﴿١٦١﴾ خٰلِدِيْنَ فِيْهَا ۚ لَا يُخَفَّفُ

লা'নাতুল্লা-হি ওয়াল্ মালা—ইকাতি ওয়ান্না-সি আজ্বমা'ঈন্। ১৬২। খা-লিদীনা ফীহা, লা-ইয়ুখাফ্ফাফু
আল্লাহ, ফিরিশতাগণ এবং সকল মানুষের লা'নত। (১৬২) তারা সর্বদা সে লা'নতের মধ্যে থাকবে। তাদের

عَنْهُمُ الْعَذَابُ وَلَا هُمْ يُنْظَرُوْنَ ﴿١٦٢﴾ وَاِلٰهُكُمْ اِلٰهٌ وَّاحِدٌ ۚ لَآ اِلٰهَ اِلَّا

'আনহুমুল্ 'আযা-বু ওয়ালা-হুম্ ইয়ুন্যারূন্। ১৬৩। ওয়া ইলা-হুকুম্ ইলা-হুঁও ওয়া-হ্বিদ, লা~ইলা-হা ইল্লা-
শাস্তি হালকা করা হবে না এবং তাদেরকে কোন অবকাশও দেয়া হবে না। (১৬৩) আর তোমাদের মা'বুদ একই আল্লাহ। তিনি ছাড়া আর কোন মা'বুদ নেই।

১৯ ع ৩ রুকূ

هُوَ الرَّحْمٰنُ الرَّحِيْمُ ﴿١٦٣﴾ اِنَّ فِيْ خَلْقِ السَّمٰوٰتِ وَالْاَرْضِ وَاخْتِلَافِ الَّيْلِ

হুওয়ার রাহ্বমা-নুর রাহ্বীম। ১৬৪। ইন্না ফী খাল্ক্বিস্ সামা-ওয়া-তি ওয়াল্ আর্দ্বি ওয়াখ্তিলা-ফিল্ লাইলি
তিনি অত্যন্ত দয়ালু ও করুণাময়। (১৬৪) নিশ্চয়ই আসমান ও যমীন সৃষ্টিতে, দিবস

وَالنَّهَارِ وَالْفُلْكِ الَّتِيْ تَجْرِيْ فِي الْبَحْرِ بِمَا يَنْفَعُ النَّاسَ وَمَآ اَنْزَلَ

ওয়ান্নাহা-রি ওয়াল ফুল্কিল্ লাতী তাজ্বরী ফিল বাহ্বরি বিমা- ইয়ানফা'উন্না-সা ওয়ামা~আন্যালাল্
ও রজনীর আবর্তনে এবং সে জলযানে যা মানুষের কল্যাণ সাধনে সমুদ্রে চলাচল করে আর সে

اللّٰهُ مِنَ السَّمَاۗءِ مِنْ مَّاۗءٍ فَاَحْيَا بِهِ الْاَرْضَ بَعْدَ مَوْتِهَا وَبَثَّ فِيْهَا مِنْ

লা-হু মিনাস্ সামা—ই মিম্ মা—ইন্ ফাআহ্বইয়া-বিহিল আর্দ্বা বা'দা মাওতিহা-ওয়া বাছ্ছা ফীহা-মিন
পানিতে যা আসমান থেকে বর্ষণ করে যমীনকে মৃত্যুর পরে পুনর্জীবিত করে এবং তাতে বিস্তার করে

✪ শানে নুযূল (আঃ ১৬৩) ঃ এ আয়াত নাযিল হওয়ার পর মক্কার কাফেররা বলত, আমরা তিনশ ষাটটি দেব-দেবীর উপাসনা করে থাকি। এদের দ্বারা একটি শহরের শৃঙ্খলা বিধানই সুচারুরূপে হয়ে উঠছে না। আর রাসূলে কারীম (সা) বলেছেন, পৃথিবীর সকলেরই মা'বুদ একমাত্র আল্লাহ তা'আলা, যিনি সমগ্র পৃথিবীর যাবতীয় কার্য নির্বাহ করে থাকেন, এটা কেমন করে সম্ভব? তাঁর এ দাবী সত্য হলে তিনি এর প্রমাণ আনয়ন করুন। অতএব, আল্লাহ তা'আলা পরবর্তী আয়াতে নিজের অসীম ক্ষমতার নিদর্শনসমূহ বর্ণনা করেছেন। (মুঃ কোঃ)

كُلِّ دَآبَّةٍ وَّتَصْرِيْفِ الرِّيٰحِ وَالسَّحَابِ الْمُسَخَّرِ بَيْنَ السَّمَآءِ وَالْاَرْضِ

কুল্লি দা—ব্বাতিওঁ ওয়া তাস্বরীফির রিয়া-হি ওয়াস্‌সাহা-বিল্ মুসাখ্‌খারি বাইনাস্ সামা—ই ওয়াল্ আর্দ্বি
সব ধরনের জীব জন্তু, বায়ুর দিক পরিবর্তনে এবং আকাশ ও পৃথিবীর মধ্য পথে নিয়ন্ত্রিত মেঘ মালাতে

لَاٰيٰتٍ لِّقَوْمٍ يَّعْقِلُوْنَ ﴿١٦٤﴾ وَمِنَ النَّاسِ مَنْ يَّتَّخِذُ مِنْ دُوْنِ اللّٰهِ اَنْدَادًا

লাআ-য়া-তিল লিক্বাওমিইঁ ইয়া'ক্বিলূন। ১৬৫। ওয়া মিনান্ না-সি মাইঁ ইয়াত্তাখিযু মিন্ দূনিল্লা-হি আন্দা-দাইঁ
অবশ্যই জ্ঞানীদের জন্য নিদর্শন রয়েছে। (১৬৫) মানুষের মধ্যে এমন কতিপয় লোকও আছে, যারা আল্লাহ ভিন্ন অন্যকে তাঁর

يُّحِبُّوْنَهُمْ كَحُبِّ اللّٰهِ ؕ وَالَّذِيْنَ اٰمَنُوْٓا اَشَدُّ حُبًّا لِّلّٰهِ ؕ وَلَوْ يَرَى الَّذِيْنَ

ইয়ুহিব্বূনাহুম কাহুব্বিল্‌লা-হ ; ওয়াল্‌লাযীনা আ-মানূ~আশাদ্দু হুব্বাল্ লিল্লা-হ ; ওয়া লাও ইয়ারাল্‌লাযীনা
সমকক্ষ মনে করে তাকে আল্লাহর মতই ভালবাসে। কিন্তু যারা মুমিন তাদের ভালবাসা আল্লাহর প্রতি আরো সুদৃঢ়। হায়!

ظَلَمُوْٓا اِذْ يَرَوْنَ الْعَذَابَ ۙ اَنَّ الْقُوَّةَ لِلّٰهِ جَمِيْعًا ۙ وَّاَنَّ اللّٰهَ شَدِيْدُ

যালামূ~ইয্ ইয়ারাওনাল্ 'আযা-বা আন্নাল্ কুওয়্যাতা লিল্লা-হি জ্বামী-'আওঁ ওয়া আন্নাল্লা-হা শাদীদুল্
এ জালিমরা যখন কোন শাস্তি দেখতে পায় তখনই যদি এটা বুঝতো যে, সকল শক্তি একমাত্র আল্লাহরই এবং আল্লাহর শাস্তি

الْعَذَابِ ﴿١٦٥﴾ اِذْ تَبَرَّاَ الَّذِيْنَ اتُّبِعُوْا مِنَ الَّذِيْنَ اتَّبَعُوْا وَرَاَوُا الْعَذَابَ

'আযা-ব। ১৬৬। ইয্ তাবার্‌রাআল লাযীনাত্ তুবি'উ মিনাল্‌লাযীনাত্‌তাবা'উ ওয়ারাআউল্ 'আযা-বা
অত্যন্ত কঠিন। (১৬৬) যখন অনুসৃতগণ তাদের অনুসরীদের দায়িত্ব থেকে বিমুখ হয়ে যাবে এবং তারা শাস্তিসমূহ স্বচক্ষে দেখতে

وَتَقَطَّعَتْ بِهِمُ الْاَسْبَابُ ﴿١٦٦﴾ وَقَالَ الَّذِيْنَ اتَّبَعُوْا لَوْ اَنَّ لَنَا كَرَّةً فَنَتَبَرَّاَ

ওয়া তাক্বাত্ত্বা'আত্ বিহিমুল্ আস্‌বা-ব। ১৬৭। ওয়া ক্বা-লাল্ লাযীনাত্‌তাবা'উ লাও আন্না লানা- কার্‌রাতান্ ফানাতাবার্‌রাআ
পাবে এবং তাদের পরস্পর সম্পর্ক ছিন্ন হয়ে যাবে (১৬৭) এবং অনুসারীগণ বলবে; হায়! যদি আমরা দুনিয়ায় আবার ফিরে যেতে পারতাম তা হলে আমরাও

مِنْهُمْ كَمَا تَبَرَّءُوْا مِنَّا ؕ كَذٰلِكَ يُرِيْهِمُ اللّٰهُ اَعْمَالَهُمْ حَسَرٰتٍ عَلَيْهِمْ ؕ

মিন্‌হুম্ কামা- তাবার্‌রাউ মিন্না ; কাযা-লিকা ইয়ুরীহিমুল্লা-হু আ'মা-লাহুম্ হাসারা-তিন্ 'আলাইহিম্ ;
তাদের থেকে বিমুখ হয়ে যেতাম যেভাবে তারা আমাদের থেকে বিমুখ হয়েছে। এভাবেই আল্লাহ তায়ালা তাদের কার্যাবলী তাদেরকে

وَمَا هُمْ بِخٰرِجِيْنَ مِنَ النَّارِ ﴿١٦٧﴾ يٰٓاَيُّهَا النَّاسُ كُلُوْا مِمَّا فِى الْاَرْضِ

ওয়ামা-হুম্ বিখা-রিজ্বীনা মিনান্ না-র। ১৬৮। ইয়া~আইয়্যুহান্ না-সু কুলূ মিম্মা-ফিল্ আর্‌দ্বি
তাদের অনুতাপরূপে দেখাবেন, আর তারা কখনো জাহান্নাম থেকে বের হবে না। (১৬৮) হে মানবজাতি! পৃথিবীতে যা

২০ ع 8 রুকূ

✪ টীকা (আঃ ১৬৫) ঃ এ সব বিষয় এরূপে চিন্তা করলে কাল্পনিক দেব-দেবীর অক্ষমতা এবং আল্লাহর শক্তি ও মহিমা তাদের হৃদয়ে বিকশিত হত, ফলে একত্ববাদে আস্থা স্থাপন ও ঈমান আনয়ন করত। (বঃ কোঃ)

✪ শানে নুযূল (আঃ ১৬৮) ঃ কোন কোন মুশরেক, প্রস্তরমূর্তির নামে গৃহপালিত চতুষ্পদ জন্তু ছেড়ে দিত এবং তার সম্মানার্থে তা থেকে কোন প্রকার স্বার্থ ভোগ করা নিষিদ্ধ বলে মনে করত এবং তাদের এ অপকর্মকে আল্লাহর আদেশ, আল্লাহর সন্তোষ লাভের কারণ এবং মূর্তির সুপারিশের মধ্যস্থতায় আল্লাহর নৈকট্য লাভের উপায় মনে করত। এ সম্বন্ধে সম্বোধন করে আল্লাহ বলেছেন। (বঃ কোঃ)

حَلٰلًا طَيِّبًا ۖ وَّلَا تَتَّبِعُوْا خُطُوٰتِ الشَّيْطٰنِ ؕ اِنَّهٗ لَكُمْ عَدُوٌّ مُّبِيْنٌ ﴿١٦٨﴾

হালা-লান্ ত্বাইয়্যিবাওঁ ওয়ালা- তাত্তাবি'উ খুত্বুওয়া-তিশ্ শাইত্বা-ন্ ; ইন্নাহূ লাকুম্ 'আদুওউম্ মুবীন।
হালাল ও পবিত্র খাদ্য আছে তা থেকে তোমরা আহার কর। আর শয়তানের পদাংক অনুসরণ কর না। নিশ্চয়ই সে তোমাদের প্রকাশ্য শত্রু।

اِنَّمَا يَاْمُرُكُمْ بِالسُّوْٓءِ وَالْفَحْشَآءِ وَاَنْ تَقُوْلُوْا عَلَى اللّٰهِ مَا لَا تَعْلَمُوْنَ ﴿١٦٩﴾

১৬৯। ইন্নামা-ইয়া'মুরুকুম বিস্‌সূ—ই ওয়াল্ ফাহ্‌শা—ই ওয়া আন্ তাকূলূ 'আলাল্লা-হি মা-লা- তা'লামূন।
(১৬৯) সে তোমাদেরকে নির্দেশ দেয় মন্দ ও অশ্লীল কাজ করার এবং আল্লাহ সম্পর্কে এমন উক্তি করতে বলে যা তোমরা জান না।

وَاِذَا قِيْلَ لَهُمُ اتَّبِعُوْا مَآ اَنْزَلَ اللّٰهُ قَالُوْا بَلْ نَتَّبِعُ مَآ اَلْفَيْنَا عَلَيْهِ اٰبَآءَنَا ؕ

১৭০। ওয়া ইযা-ক্বীলা লাহুমুত্ তাবি'উ মা~আনযালাল্লা-হু ক্বা-লূ বাল্ নাত্তাবি'উ মা~ আল্‌ফাইনা- 'আলাইহি আ-বা—আনা;
(১৭০) এবং যখন তাদেরকে বলা হয়, আল্লাহ যা অবতীর্ণ করেছেন তা তোমরা অনুসরণ কর, তখন তারা বলে, আমরা তো অনুসরণ করব

اَوَلَوْ كَانَ اٰبَآؤُهُمْ لَا يَعْقِلُوْنَ شَيْـًٔا وَّلَا يَهْتَدُوْنَ ﴿١٧٠﴾ وَمَثَلُ الَّذِيْنَ كَفَرُوْا

আওয়া লাও কা-না আ-বা—উহুম্ লা-ইয়া'ক্বিলূনা শাইআওঁ ওয়ালা- ইয়াহ্‌তাদূন্। ১৭১। ওয়া মাছালুল্ লাযীনা কাফারূ
যার উপর আমাদের বাপ-দাদাদেরকে আমরা পেয়েছি। যদিও তাদের বাপ দাদা কিছুই বুঝত না এবং তারা সৎপথেও ছিল না। (১৭১) আর কাফিরদের দৃষ্টান্ত

كَمَثَلِ الَّذِىْ يَنْعِقُ بِمَا لَا يَسْمَعُ اِلَّا دُعَآءً وَّنِدَآءً ؕ صُمٌّ بُكْمٌ عُمْىٌ فَهُمْ

কামাছালিল্ লাযী ইয়ান্'ইকু বিমা- লা- ইয়াসমা'উ ইল্লা- দু'আ—আওঁ ওয়া নিদা—আ ; ছুম্মুম্ বুকমুন্ 'উমইয়ুন্ ফাহুম
এমন, যেমন কোন ব্যক্তি এমন কোন জন্তুকে ডাকে যে শুধু আহবান ও চিৎকার ব্যতীত আর কিছুই শোনতে পায় না। তারা বধির, বোবা, অন্ধ। সুতরাং তারা

لَا يَعْقِلُوْنَ ﴿١٧١﴾ يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْا كُلُوْا مِنْ طَيِّبٰتِ مَا رَزَقْنٰكُمْ وَاشْكُرُوْا لِلّٰهِ

লা-ইয়া'ক্বিলূন। ১৭২। ইয়া~আইয়্যুহাল্ লাযীনা আ-মানূ কুলূ মিন্ ত্বাইয়্যিবা-তি মা-রাযাক্বনা-কুম্ ওয়াশ্‌কুরূ লিল্লা-হি
কিছুই বুঝে না। (১৭২) হে মুমিনগণ! আমি তোমাদেরকে যে পবিত্র রিযিক দান করেছি তা থেকে আহার কর এবং আল্লাহর কৃতজ্ঞতা প্রকাশ কর,

اِنْ كُنْتُمْ اِيَّاهُ تَعْبُدُوْنَ ﴿١٧٢﴾ اِنَّمَا حَرَّمَ عَلَيْكُمُ الْمَيْتَةَ وَالدَّمَ وَلَحْمَ الْخِنْزِيْرِ

ইন্ কুন্‌তুম্ ইয়্যা-হু তা'বুদূন্। ১৭৩। ইন্নামা- হার্‌রামা 'আলাইকুমুল মাইতাতা ওয়াদ্দামা ওয়া লাহ্‌মাল্ খিন্‌যীরি
যদি তোমরা একমাত্র তাঁরই ইবাদাত করে থাক। (১৭৩) তিনি তো (আল্লাহ) তোমাদের জন্য হারাম করে দিয়েছেন মৃত জন্তু, রক্ত, শূকরের গোশত এবং

وَمَآ اُهِلَّ بِهٖ لِغَيْرِ اللّٰهِ ۚ فَمَنِ اضْطُرَّ غَيْرَ بَاغٍ وَّلَا عَادٍ فَلَآ اِثْمَ عَلَيْهِ ؕ

ওয়ামা~উহিল্লা বিহী লিগাইরিল্লা-হ, ফামানিদ্বত্বুর্‌রা গাইরা বা-গিওঁ ওয়ালা- 'আ-দিন্ ফালা~ইছমা 'আলাইহ ;
যা আল্লাহ ব্যতীত অন্যের নামে উৎসর্গ করা হয়েছে। তবে যে অনন্যোপায় হয়ে যায় অথচ সে নাফরমান নয় এবং সীমালংঘনকারীও নয় তার জন্য কোন পাপ নেই।

اِنَّ اللّٰهَ غَفُوْرٌ رَّحِيْمٌ ﴿١٧٣﴾ اِنَّ الَّذِيْنَ يَكْتُمُوْنَ مَآ اَنْزَلَ اللّٰهُ مِنَ الْكِتٰبِ وَيَشْتَرُوْنَ

ইন্নাল্লা-হা গাফূরুর্ রাহীম। ১৭৪। ইন্নাল্ লাযীনা ইয়াক্‌তুমূনা মা~আন্‌যালাল্লা-হু মিনাল্ কিতা-বি ওয়া ইয়াশ্‌তারূনা
নিশ্চয়ই আল্লাহ বড় ক্ষমাশীল ও দয়ালু। (১৭৪) নিশ্চয়ই যারা আল্লাহ তায়ালার অবতারিত কিতাব গোপন করে এবং তা বিক্রয়

بِهٖ ثَمَنًا قَلِيْلًا ۙ اُولٰٓئِكَ مَا يَاْكُلُوْنَ فِىْ بُطُوْنِهِمْ اِلَّا النَّارَ وَلَا يُكَلِّمُهُمُ اللّٰهُ

বিহী ছামানান্ ক্বালীলান্ উলা—ইকা মা-ইয়া'কুলূনা ফী বুতূনিহিম্ ইল্লান্ না-রা ওয়ালা- ইয়ুকাল্লিমুহুমুল্লা-হু
করে সামান্য মূল্যে, তারা নিজেদের পেটে আগুন ছাড়া আর কিছুই পুরে না। আল্লাহ তাদের সাথে কথা বলবেন না

يَوْمَ الْقِيٰمَةِ وَلَا يُزَكِّيْهِمْ ۖ وَلَهُمْ عَذَابٌ اَلِيْمٌ ﴿١٧٥﴾ اُولٰٓئِكَ الَّذِيْنَ اشْتَرَوُا

ইয়াওমাল্ ক্বিয়া-মাতি ওয়া লা- ইয়ুযাক্কীহিম্, ওয়া লাহুম্ 'আযা-বুন্ আলীম্। ১৭৫। উলা—ইকাললাযীনাশ তারাউদ্ব
কিয়ামতের দিন। আর তাদের পবিত্রও করবেন না। আর তাদের জন্য রয়েছে মর্মন্তুদ শাস্তি। (১৭৫) তারাই ক্রয় করেছে গোমরাহীকে

الضَّلٰلَةَ بِالْهُدٰى وَالْعَذَابَ بِالْمَغْفِرَةِ ۚ فَمَآ اَصْبَرَهُمْ عَلَى النَّارِ ﴿١٧٦﴾ ذٰلِكَ

দ্বালা-লাতা বিল্ হুদা- ওয়াল্ 'আযা-বা বিল্ মাগ্‌ফিরাহ্, ফামা~আস্‌বারাহুম্ 'আলান্ না-র। ১৭৬। যা-লিকা
হিদায়াতের বিনিময়ে এবং শাস্তিকে ক্ষমার বিনিময়ে। জাহান্নামের আগুনে তারা কতইনা ধৈর্যশীল। (১৭৬) এর কারণ এই যে,

بِاَنَّ اللّٰهَ نَزَّلَ الْكِتٰبَ بِالْحَقِّ ۗ وَاِنَّ الَّذِيْنَ اخْتَلَفُوْا فِى الْكِتٰبِ لَفِىْ

বিআন্নাল্লা-হা নায্‌যালাল্ কিতা-বা বিল্‌হাক্ক্ব ; ওয়া ইন্নাল্লাযীনাখতালাফূ ফিল্ কিতা-বি লাফী
আল্লাহ সত্যসহকারে কিতাব অবতীর্ণ করেছেন। আর যারা এ কিতাব সমন্ধে মতভেদ সৃষ্টি করেছে নিশ্চয়ই তারা সুদূর প্রসারী

شِقَاقٍ بَعِيْدٍ ﴿١٧٧﴾ لَيْسَ الْبِرَّ اَنْ تُوَلُّوْا وُجُوْهَكُمْ قِبَلَ الْمَشْرِقِ وَالْمَغْرِبِ

শিক্বা-ক্বিম্ বা'ঈদ্। ১৭৭। লাইসাল্ বির্‌রা আন তুওয়াল্লূ উজূহাকুম্ ক্বিবালাল্ মাশ্‌রিক্বি ওয়াল্ মাগ্‌রিবি
মতভেদে রয়েছে। (১৭৭) পূর্ব ও পশ্চিম দিকে তোমাদের মুখ ফিরানোর মধ্যে কোনই পূণ্য নেই বরং

وَلٰكِنَّ الْبِرَّ مَنْ اٰمَنَ بِاللّٰهِ وَالْيَوْمِ الْاٰخِرِ وَالْمَلٰٓئِكَةِ وَالْكِتٰبِ وَالنَّبِيّٖنَ ۚ

ওয়ালা-কিন্নাল্ বির্‌রা মান আ-মানা বিল্লা-হি ওয়াল্ ইয়াওমিল আ-খিরি ওয়াল্ মালা—ইকাতি ওয়াল্ কিতা-বি ওয়ান্নাবিয়্যীন,
প্রকৃত পূণ্য হল, যে ঈমান আনবে আল্লাহর উপর, আখিরাতের উপর, ফিরিশতাদের উপর, কিতাবসমূহের উপর এবং নবীগণের

وَاٰتَى الْمَالَ عَلٰى حُبِّهٖ ذَوِى الْقُرْبٰى وَالْيَتٰمٰى وَالْمَسٰكِيْنَ وَابْنَ السَّبِيْلِ ۙ

ওয়া আ-তাল্ মা-লা 'আলা- হুব্বিহী যাবিল্ কুর্‌বা- ওয়াল্ ইয়াতা-মা- ওয়াল্ মাসা-কীনা ওয়াব্‌নাস্ সাবীলি
উপর এবং আল্লাহর মহব্বতে যে সম্পদ ব্যয় করে আত্মীয়-স্বজন, অভাবগ্রস্ত, পথিক, ভিক্ষুকগণ

وَالسَّآئِلِيْنَ وَفِى الرِّقَابِ ۚ وَاَقَامَ الصَّلٰوةَ وَاٰتَى الزَّكٰوةَ ۚ وَالْمُوْفُوْنَ بِعَهْدِهِمْ

ওয়াস্ সা—ইলীনা ওয়াফির রিক্বা-ব, ওয়া আক্বা-মাস্ স্বালা-তা ওয়া আ-তায যাকা-হ, ওয়াল্ মূফূনা বি'আহ্‌দিহিম্
এবং দাস মুক্তির জন্য আর সালাত কায়েম করে ও যাকাত প্রদান করে এবং প্রতিশ্রুতি দিয়ে

✪ **টীকা (আঃ ১৭৭) ঃ** وابن السبيل – অর্থাৎ এমন পথিক যার রাহ খরচ নেই। তাকে এ পরিমাণ দান করতে হবে যার সাহায্যে সে নিরাপদে ঘরে ফিরতে পারে। তেমনি যে ব্যক্তি দ্বীনের কাজে বের হয়, তার রাহ খরচ না থাকলেও তার যাতায়াত খরচ দিতে হবে।

✪ **টীকা (আঃ ১৭৭) ঃ** والسائلين – সাহায্য প্রার্থী– অর্থাৎ যারা নিজের অভাব প্রকাশ করে মানুষের কাছে কিছু চেয়ে বেড়ায়। তাদেরকে ভিক্ষুক বলা হয়, যাকাত ও সদকা তারাও প্রাপ্য। রাসূলুল্লাহ (স) বলেছেন– "ভিক্ষুক অশ্বারোহণে আসলেও ভিক্ষা পাবার অধিকারী।

✪ **টীকা (আঃ ১৭৭) ঃ** وفى الرقاب – অর্থাৎ কারো দাস মুক্তির জন্য দান করা। যেসব ক্রীতদাস এ শর্তে দাসত্ব করতেছে যে নির্দিষ্ট পরিমাণ অর্থ সে মালিককে দিলে মুক্তি পাবে, অথচ সে তা সংগ্রহ করতে পারতেছে না। তাকে সে পরিমাণ অর্থ দান করা।

اِذَا عٰهَدُوْا ۚ وَالصّٰبِرِيْنَ فِى الْبَاْسَآءِ وَالضَّرَّآءِ وَحِيْنَ الْبَاْسِ ۗ اُولٰٓئِكَ

ইযা- 'আ-হাদূ, ওয়াস্বস্বা-বিরীনা ফিল্‌বা'সা—ই ওয়াদ্দ্বাররা—ই ওয়া হ্বীনাল্ বা'স ; উলা—ইকাল
তা পূর্ণ করে এবং ধৈর্যধারণ করে দুঃখ-কষ্ট ও যুদ্ধের সংকটময় মুহূর্তে। এসব লোকেই সত্য

الَّذِيْنَ صَدَقُوْا ۖ وَاُولٰٓئِكَ هُمُ الْمُتَّقُوْنَ ﴿١٧٨﴾ يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْا كُتِبَ

লাযীনা স্বাদাক্ব ; ওয়া উলা—ইকা হুমুল মুত্তাকূন্। ১৭৮। ইয়া~আইয়্যুহাল্ লাযীনা আ-মানূ কুতিবা
পরায়ন এবং এরাই মুত্তাকী। (১৭৮) হে ঈমানদারগণ! নিহতদের ব্যাপারে তোমাদের উপর কিসাস

عَلَيْكُمُ الْقِصَاصُ فِى الْقَتْلٰى ۖ اَلْحُرُّ بِالْحُرِّ وَالْعَبْدُ بِالْعَبْدِ وَالْاُنْثٰى بِالْاُنْثٰى ۖ

'আলাইকুমুল্ ক্বিস্বা-স্বু ফিল্ ক্বাত্‌লা ; আল্ হুররু বিলহুররি ওয়াল্ 'আব্‌দু বিল্ 'আব্‌দি ওয়াল্ উন্‌ছা- বিল্ উন্‌ছা-;
ফরয করা হল। আযাদ ব্যক্তির পরিবর্তে আযাদ ব্যক্তি এবং গোলামের পরিবর্তে গোলাম, নারীর পরিবর্তে নারী।

فَمَنْ عُفِىَ لَهٗ مِنْ اَخِيْهِ شَىْءٌ فَاتِّبَاعٌ ۢ بِالْمَعْرُوْفِ وَاَدَآءٌ اِلَيْهِ بِاِحْسَانٍ ۗ

ফামান্ 'উফিয়া লাহূ মিন্ আখীহি শাইউন্ ফাত্তিবা-'উম্ বিল্ মা'রূফি ওয়া আদা—উন ইলাইহি বিইহ্‌সা-ন
কিন্তু যাকে তার ভাইয়ের তরফ থেকে কিছুটা ক্ষমা করা হয়, তবে বিধি অনুযায়ী তা মেনে নিয়ে সততার সাথে তার প্রাপ্য আদায় করা উচিত।

ذٰلِكَ تَخْفِيْفٌ مِّنْ رَّبِّكُمْ وَرَحْمَةٌ ۗ فَمَنِ اعْتَدٰى بَعْدَ ذٰلِكَ فَلَهٗ عَذَابٌ اَلِيْمٌ

যা-লিকা তাখ্‌ফীফুম্ মির্ রাব্বিকুম্ ওয়া রাহ্‌মাহ্ ; ফামানি' তাদা-বা'দা যা-লিকা ফালাহূ 'আযা-বুন আলীম্।
এটা তোমাদের প্রতিপালকের তরফ থেকে লঘু দন্ড ও অনুগ্রহ। যে ব্যক্তি এরপর সীমালংঘন করবে তার জন্য রয়েছে যন্ত্রণাদায়ক শাস্তি।

﴿١٧٩﴾ وَلَكُمْ فِى الْقِصَاصِ حَيٰوةٌ يّٰٓاُولِى الْاَلْبَابِ لَعَلَّكُمْ تَتَّقُوْنَ ﴿١٨٠﴾ كُتِبَ

১৭৯। ওয়ালাকুম্ ফিল ক্বিস্বা-স্বি হায়া-তুঁই ইয়া~উলিল্ আল্‌বা-বি লা'আল্লাকুম তাত্তাকূন্। ১৮০। কুতিবা
(১৭৯) হে জ্ঞানীগণ! কিসাসের মধ্যে রয়েছে তোমাদের জীবন। যাতে তোমরা (অন্যায়ভাবে হত্যা কার্য থেকে) সাবধান হতে পার। (১৮০) তোমাদের

عَلَيْكُمْ اِذَا حَضَرَ اَحَدَكُمُ الْمَوْتُ اِنْ تَرَكَ خَيْرًا ۚ الْوَصِيَّةُ لِلْوَالِدَيْنِ

'আলাইকুম্ ইযা-হাদ্বারা আহ্বাদাকুমুল মাওতু ইন্ তারাকা খাইরা- নিল্ ওয়াস্বিয়্যাতু লিল্ ওয়া-লিদাইনি
মধ্যে কারো মৃত্যুর সময় উপস্থিত হলে, তখন সে যদি কোন সম্পদ রেখে যায়, (এ ব্যাপারে) তোমাদের উপর ফরয করা হল যে, ওসিয়ত করে

وَالْاَقْرَبِيْنَ بِالْمَعْرُوْفِ ۚ حَقًّا عَلَى الْمُتَّقِيْنَ ﴿١٨١﴾ فَمَنْۢ بَدَّلَهٗ بَعْدَ مَا سَمِعَهٗ

ওয়াল্ আক্বরাবীনা বিল্ মা'রূফ, হাক্বক্বান 'আলাল্ মুত্তাক্বীন। ১৮১। ফামাম্ বাদ্দালাহূ বা'দা মা-সামি'আহূ
যাওয়া, পিতা-মাতা ও আত্মীয়-স্বজনের জন্য ন্যায়ানুগভাবে। মুত্তাকীদের এটা করা অবশ্য কর্তব্য। (১৮১) এ (ওসিয়ত) শোনার পর যে ব্যক্তি এর মধ্যে

✪ **শানে নুযূল (আঃ ১৭৮) ঃ** يايها الذين امنوا كتب عليكم القصاص – জাহেলী যুগে বনু নজীর ও বনু কুরায়জার মধ্যে যুদ্ধ সংঘটিত হয়েছিল। সে যুদ্ধে বনু কুরায়জার পরাজয় ঘটে এবং বনু নজীরগণ তাদের উপর আধিপত্য বিস্তার করে। অতঃপর বনু নজীরের কেউ যদি বনু কুরায়জার কাউকে হত্যা করত, তাহলে হত্যাকারীকে হত্যা না করে তার বিনিময় একশত ওয়াসাক খেজুর দেয়া হত। অথবা, বনু নজীরের হত্যাকারীর দ্বিগুণ বিনিময় মূল্য দিতে হত। তাই আল্লাহ তায়ালা কিসাসের ক্ষেত্রে ইনসাফ কায়েমের নির্দেশ দিলেন। (তা ঃ ইবনে কাছীর)

فَاِنَّمَآ اِثْمُهٗ عَلَى الَّذِيْنَ يُبَدِّلُوْنَهٗ ؕ اِنَّ اللّٰهَ سَمِيْعٌ عَلِيْمٌ ﴿١٨١﴾ فَمَنْ خَافَ مِنْ

ফাইন্নামা~ইছমুহু 'আলাল্লাযীনা ইয়ুবাদ্দিলূনাহ ; ইন্নাল্লা-হা সামী'উন 'আলীম্। ১৮২। ফামান্ খা-ফা মিম্

পরিবর্তন ঘটাবে; তবে যারা পরিবর্তন করবে, এর পাপ তাদেরই হবে। নিশ্চয়ই আল্লাহ সর্বশ্রোতা ও সর্বজ্ঞ। (১৮২) তবে কেউ যদি ওসিয়তকারীর পক্ষপাতিত্বের

مُّوْصٍ جَنَفًا اَوْ اِثْمًا فَاَصْلَحَ بَيْنَهُمْ فَلَآ اِثْمَ عَلَيْهِ ؕ اِنَّ اللّٰهَ غَفُوْرٌ رَّحِيْمٌ

মূস্বিন্ জানাফান আও ইছমান ফাআস্বলাহা বাইনাহুম ফালা~ইছমা 'আলাইহ ; ইন্নাল্লা-হা গাফূরুর রাহীম।

অথবা অন্যায়ের আশংকা করে, তারপর সে তাদের মধ্যে আপোস মিমাংসা করে দেয়, তাতে কোন পাপ হবে না। নিশ্চয়ই আল্লাহ ক্ষমাশীল ও অসীম দয়ালু।

يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْا كُتِبَ عَلَيْكُمُ الصِّيَامُ كَمَا كُتِبَ عَلَى الَّذِيْنَ مِنْ

১৮৩। ইয়া~আইয়্যুহাল্লাযীনা আ-মানূ কুতিবা 'আলাইকুমুস্ব স্বিয়া-মু কামা- কুতিবা 'আলাল্লাযীনা মিন্

(১৮৩) হে ঈমানদারগণ! তোমাদের উপর রোযা ফরয করা হল যেভাবে ফরয করা হয়েছিল, তোমাদের পূর্ববর্তীদের উপর।

قَبْلِكُمْ لَعَلَّكُمْ تَتَّقُوْنَ ﴿١٨٣﴾ اَيَّامًا مَّعْدُوْدٰتٍ ؕ فَمَنْ كَانَ مِنْكُمْ مَّرِيْضًا اَوْ عَلٰى

ক্বাব্লিকুম্ লা'আল্লাকুম্ তাত্তাকূন্। ১৮৪। আইয়্যা-মাম মা'দূদা-ত ; ফামান্ কা-না মিন্কুম্ মারীদ্বান্ আও 'আলা-

যাতে তোমরা মুত্তাকী হতে পার। (১৮৪) তা সীমিত কয়েকদিনের জন্য। তোমাদের মধ্যে কেউ অসুস্থ হলে অথবা, সফরে থাকলে, অন্য

سَفَرٍ فَعِدَّةٌ مِّنْ اَيَّامٍ اُخَرَ ؕ وَعَلَى الَّذِيْنَ يُطِيْقُوْنَهٗ فِدْيَةٌ طَعَامُ مِسْكِيْنٍ ؕ

সাফারিন্ ফা'ইদ্দাতুম্ মিন্ আয়্যা-মিন্ উখার ; ওয়া 'আলাল্লাযীনা ইয়ুত্বীকূনাহূ ফিদ্ইয়াতুন ত্বা'আ-মু মিস্কীন ;

দিনগুলোতে এ রোযা পূরণ করে নিতে হবে। আর যারা রোযা রাখতে অক্ষম তাদের কর্তব্য হল এর পরিবর্তে ফিদিয়া হিসাবে একজন মিসকীনকে

فَمَنْ تَطَوَّعَ خَيْرًا فَهُوَ خَيْرٌ لَّهٗ ؕ وَاَنْ تَصُوْمُوْا خَيْرٌ لَّكُمْ اِنْ كُنْتُمْ تَعْلَمُوْنَ

ফামান্ তাত্বাওয়্যা'আ খাইরান ফাহুওয়া খাইরুল্লাহ; ওয়া আন্ তাসূমূ খাইরুল্লাকুম ইন্ কুনতুম তা'লামূন্।

খাদ্য খাওয়ান। যদি কেউ স্বতঃ স্ফূর্তভাবে ভাল কাজ করে সেটা তার জন্য উত্তম।

﴿١٨٤﴾ شَهْرُ رَمَضَانَ الَّذِيْٓ اُنْزِلَ فِيْهِ الْقُرْاٰنُ هُدًى لِّلنَّاسِ وَبَيِّنٰتٍ مِّنَ

১৮৫। শাহ্রু রামাদ্বা-নাল লাযী~উন্যিলা ফীহিল্ ক্বুরআ-নু হুদাল্ লিন্না-সি ওয়া বাইয়্যিনা-তিম্ মিনাল্

(১৮৫) তোমাদের জন্য রোযা রাখাই উত্তম। যদি তোমরা উপলব্ধি করতে, রমযান মাস হল সে মাস, যাতে কুরআন মজীদ অবতীর্ণ করা হয়েছে, যা মানব জাতির জন্য

الْهُدٰى وَالْفُرْقَانِ ۚ فَمَنْ شَهِدَ مِنْكُمُ الشَّهْرَ فَلْيَصُمْهُ ؕ وَمَنْ كَانَ مَرِيْضًا

হুদা- ওয়াল ফুরক্বা-ন, ফামান্ শাহিদা মিন্কুমুশ্ শাহ্রা ফাল্ইয়াস্বুমহু ; ওয়া মান্ কা-না মারীদ্বান্

পথ প্রদর্শক এবং হেদায়াতের সুস্পষ্ট নিদর্শন ও সত্য-মিথ্যার পার্থক্যকারী। তোমাদের মধ্যে যে ব্যক্তি এ মাস পাবে সে যেন অবশ্যই এর রোযা রাখে। আর কেউ অসুস্থ

✪ টীকা (আঃ ১৮৩) ঃ কেননা, রোযা রাখলে প্রবৃত্তিকে এর বিভিন্ন কামনা হতে বিরত রাখার অভ্যাস হবে। অভ্যাসের দৃঢ়তাই মুত্তাকী হওয়ার ভিত্তি। (বঃ কোঃ) ✪ টীকা (আঃ ১৮৩) ঃ সক্ষম ব্যক্তিরও রোযা রাখতে মনে না চাইলে ফিদ্য়া দেয়ার বিধান ইসলামের প্রথম যুগে ছিল। পরে তা রহিত হয়ে গেছে। ✪ টীকা (আঃ ১৮৫) ঃ انزل فيه القران -(যে মাসে কুরআন অবতীর্ণ করা হয়েছে) বর্ণিত আছে যে, এ পবিত্র কুরআন মাহে রমযানের লাইলাতুল কদরে লাওহে মাহফুয থেকে দুনিয়ার নিকটতম আসমানে অবতীর্ণ হয়েছিল। তারপর এ কুরআন মজীদ হযরত মুহাম্মাদের (সা) উপর আল্লাহ তায়ালার ইচ্ছা মাফিক অবতীর্ণ হয়েছে। (তা ঃ তাবারী শরীফ)

اَوْ عَلٰى سَفَرٍ فَعِدَّةٌ مِّنْ اَيَّامٍ اُخَرَ ؕ يُرِيْدُ اللّٰهُ بِكُمُ الْيُسْرَ وَلَا يُرِيْدُ بِكُمُ

আও 'আলা- সাফারিন্ ফা'ইদ্দাতুম্ মিন্ আইয়্যা-মিন্ উখার ; ইয়ুরীদুল্লা-হু বিকুমুল্ ইয়ুস্রা ওয়ালা- ইয়ুরীদু বিকুমুল

হলে, অথবা, সফর অবস্থায় থাকলে সে তা অন্য দিনগুলোতে পূর্ণ করবে, আল্লাহ তোমাদের ব্যাপারে সহজটাই চান এবং তোমাদের জন্য যা কষ্টকর তিনি তা

الْعُسْرَ وَلِتُكْمِلُوا الْعِدَّةَ وَلِتُكَبِّرُوا اللّٰهَ عَلٰى مَا هَدٰىكُمْ وَلَعَلَّكُمْ

'উসর, ওয়া লিতুক্মিলুল্ 'ইদ্দাতা ওয়া লিতুকাব্বিরুল্লা-হা 'আলা-মা- হাদা-কুম্ ওয়া লা'আল্লাকুম্

চান না। এজন্য যে, তোমরা সংখ্যা পূর্ণ করবে আর তোমাদেরকে সৎপথ প্রদর্শন করার কারণে তোমরা তাঁর (আল্লাহর) শ্রেষ্ঠত্ব ঘোষণা করবে এবং যাতে তোমরা

تَشْكُرُوْنَ ﴿١٨٥﴾ وَاِذَا سَاَلَكَ عِبَادِيْ عَنِّيْ فَاِنِّيْ قَرِيْبٌ ؕ اُجِيْبُ دَعْوَةَ

তাশকুরূন্। ১৮৬। ওয়া ইযা- সাআলাকা 'ইবা-দী 'আন্নী ফাইন্নী ক্বারীব ; উজীবু দা'ওয়াতাদ্

কৃতজ্ঞতা প্রকাশ কর। (১৮৬) আমার বান্দাগণ যখন আমার সম্পর্কে আপনার কাছে প্রশ্ন করে, (তখন আপনি বলুন) আমি তো খুবই নিকটে। যখন কোন আহ্বানকারী

الدَّاعِ اِذَا دَعَانِ ۙ فَلْيَسْتَجِيْبُوْا لِيْ وَلْيُؤْمِنُوْا بِيْ لَعَلَّهُمْ يَرْشُدُوْنَ

দা-'ই ইযা-দা'আ-নি ফাল্ ইয়াস্তাজীবূ লী ওয়াল্ ইয়ু'মিনূ বী লা'আল্লাহুম্ ইয়ার্শুদূন্।

আমাকে আহ্বান করে তখন আমি তার আহ্বানে সাড়া দেই। সুতরাং তাদের উচিত আমার ডাকে সাড়া দেয়া এবং আমার প্রতি ঈমান আনা, যাতে তারা সুপথ প্রাপ্ত হয়।

﴿١٨٦﴾ اُحِلَّ لَكُمْ لَيْلَةَ الصِّيَامِ الرَّفَثُ اِلٰى نِسَآئِكُمْ ؕ هُنَّ لِبَاسٌ لَّكُمْ وَاَنْتُمْ

১৮৭। উহিল্লা লাকুম লাইলাতাস্ব স্বিয়া-মির্ রাফাছু ইলা- নিসা—ইকুম; হুন্না লিবা-সুল্ লাকুম্ ওয়া আন্তুম্

(১৮৭) রোযার রাতে তোমাদের জন্য স্ত্রী সহবাস বৈধ করা হয়েছে। তারা তোমাদের ভূষণ এবং তোমরা তাদের ভূষণ;

لِبَاسٌ لَّهُنَّ ؕ عَلِمَ اللّٰهُ اَنَّكُمْ كُنْتُمْ تَخْتَانُوْنَ اَنْفُسَكُمْ فَتَابَ

লিবা-সুল্ লাহুন্না ; 'আলিমাল্লা-হু আন্নাকুম্ কুন্তুম্ তাখ্তা-নূনা আন্ফুসাকুম্ ফাতা-বা

আল্লাহ জানতেন যে, তোমরা নিজেদের প্রতি খেয়ানত করতেছিলে। তারপর তিনি তোমাদের তওবা কবুল করলেন এবং তোমাদেরকে

عَلَيْكُمْ وَعَفَا عَنْكُمْ ۚ فَالْـٰٔنَ بَاشِرُوْهُنَّ وَابْتَغُوْا مَا كَتَبَ اللّٰهُ لَكُمْ ص

'আলাইকুম ওয়া 'আফা- 'আন্কুম্, ফাল্আ-না বা-শিরূহুন্না ওয়াব্তাগূ মা- কাতাবাল্লা-হু লাকুম্

ক্ষমা করে দিলেন। এখন তোমরা তাদের (নিজ স্ত্রী) সাথে মেলা মেশা কর এবং সন্ধান কর আল্লাহ তোমাদের জন্য যা নির্ধারণ করেছেন।

وَكُلُوْا وَاشْرَبُوْا حَتّٰى يَتَبَيَّنَ لَكُمُ الْخَيْطُ الْاَبْيَضُ مِنَ الْخَيْطِ الْاَسْوَدِ

ওয়া কুলূ ওয়াশ্রাবূ হাত্তা- ইয়াতাবাইয়্যানা লাকুমুল্ খাইত্বুল্ আব্ইয়াদ্বু মিনাল্ খাইত্বিল্ আসওয়াদি

আর তোমরা পানাহার কর যতক্ষণ না রাতের কালো রেখা হতে উষার শুভ্র রেখা স্পষ্টরূপে তোমাদের নিকট প্রকাশিত হয়

✪ শানে নুযূল (আঃ ১৮৬) ঃ واذا سألك عبادى - জনৈক আরব হুজুর (সা)-এর নিকট জিজ্ঞাসা করল, ইয়া রাসূলাল্লাহ! আমাদের প্রভু কি আমাদের নিকটে আছেন না দূরে আছেন? যদি নিকটে থেকে থাকেন, তবে আমরা তাঁর সাথে গোপনে কথা বলব। আর যদি দূরে থেকে থাকেন তবে আমরা তাঁকে উচ্চঃস্বরে আহবান করব। এতদশ্রবণে নবী করীম (সা) চুপ হয়ে রইলেন, তখন এ আয়াত নাযিল হল। (তাঃ ইবনে কাসীর)

✪ টীকা (আঃ ১৮৭) ঃ وابتغوا ما كتب الله - অর্থাৎ তোমাদের জন্য যে সন্তান-সন্ততি আল্লাহ তায়ালা লাওহে মাহফুযে স্থিরীকৃত করেছেন স্ত্রী গমন দ্বারা তোমাদের তাই কাম্য হওয়া উচিত। কেবল যৌন চাহিদা পূরণই যেন সার না হয়। (তাঃ উসমানী)

مِنَ الْفَجْرِ ثُمَّ اَتِمُّوا الصِّيَامَ اِلَى الَّيْلِ وَلَا تُبَاشِرُوْهُنَّ وَاَنْتُمْ عٰكِفُوْنَ

মিনাল ফাজ্‌র, ছুম্মা আতিমমুস্ব স্বিয়া-মা ইলাল্ লাইল, ওয়ালা- তুবা-শিরূহুন্না ওয়া আন্‌তুম্ 'আ-কিফূনা

অতঃপর রাত পর্যন্ত রোযা পূর্ণ কর এবং তোমরা স্ত্রী সংসর্গে যেওনা যখন তোমরা মসজিদে ই'তিকাফ অবস্থায় থাকবে।

فِى الْمَسٰجِدِ تِلْكَ حُدُوْدُ اللّٰهِ فَلَا تَقْرَبُوْهَا كَذٰلِكَ يُبَيِّنُ اللّٰهُ

ফিল্ মাসা-জ্বিদ ; তিল্‌কা হুদূদুল্লা-হি ফালা-তাক্বরাবূহা, কাযা-লিকা ইয়ুবাইয়্যিনুল্লা-হু

এই হল আল্লাহ্‌র সীমারেখা, কাজেই এগুলোর নিকটবর্তী হয়ো না। এভাবেই আল্লাহ্ তার আয়াতগুলো মানুষদের জন সুস্পষ্টভাবে

اٰيٰتِهٖ لِلنَّاسِ لَعَلَّهُمْ يَتَّقُوْنَ ﴿١٨٧﴾ وَلَا تَاْكُلُوْٓا اَمْوَالَكُمْ بَيْنَكُمْ بِالْبَاطِلِ

আ-য়া-তিহী লিন্না-সি লা'আল্লাহুম ইয়াত্তাকূন্। ১৮৮। ওয়ালা- তা'কুলূ~আম্‌ওয়া- লাকুম্ বাইনাকুম্ বিল্ বা-ত্বিলি

বর্ণনা করেন। যাতে তারা সাবধান হয়ে চলতে পারে। (১৮৮) তোমরা একে অপরের ধন সম্পদ অন্যায়ভাবে ভক্ষণ করো না।

وَتُدْلُوْا بِهَآ اِلَى الْحُكَّامِ لِتَاْكُلُوْا فَرِيْقًا مِّنْ اَمْوَالِ النَّاسِ بِالْاِثْمِ

ওয়া তুদ্‌লূ বিহা~ইলাল্ হুক্কা-মি লিতা'কুলূ ফারীক্বাম্ মিন্ আম্‌ওয়া-লিন্ না-সি বিল্ ইছমি

এবং মানুষের সম্পদের কিয়দাংশ অন্যায়ভাবে গ্রাস করার উদ্দেশ্যে বিচারকদের নিকট পেশ করো না। অথচ তোমরা

وَاَنْتُمْ تَعْلَمُوْنَ ﴿١٨٨﴾ يَسْـَٔلُوْنَكَ عَنِ الْاَهِلَّةِ قُلْ هِىَ مَوَاقِيْتُ لِلنَّاسِ

ওয়া আন্‌তুম তা'লামূন্। ১৮৯। ইয়াস্‌আলূনাকা 'আনিল আহিল্লাহ ; ক্বুল হিয়া মাওয়া-ক্বীতু লিন্না-সি

তা জান। (১৮৯) (হে নবী)! লোকেরা আপনাকে নূতন চাঁদ সম্পর্কে প্রশ্ন করবে, আপনি বলুন, এটা মানুষের জন্য সময় নির্ণয়

২৩ ع ৬ ৭ রুকূ

وَالْحَجِّ وَلَيْسَ الْبِرُّ بِاَنْ تَاْتُوا الْبُيُوْتَ مِنْ ظُهُوْرِهَا وَلٰكِنَّ الْبِرَّ

ওয়ালহাজ্জ্ব ; ওয়া লাইসাল্ বির্‌রু বিআন্ তা'তুল্ বুয়ূতা মিন্ যুহূরিহা- ওয়ালা- কিন্নাল বির্‌রা

ও হজ্বের মাস নির্ণয়ের মাধ্যম এবং পেছন দিক দিয়ে তোমাদের গৃহে প্রবেশ করার মধ্যে কোনই পুণ্য নেই। কিন্তু পুণ্য আছে কেউ পরহেজগারী

مَنِ اتَّقٰى وَاْتُوا الْبُيُوْتَ مِنْ اَبْوَابِهَا وَاتَّقُوا اللّٰهَ لَعَلَّكُمْ تُفْلِحُوْنَ

মানিত্তাক্বা, ওয়া'তুল্ বুয়ূতা মিন্ আব্‌ওয়া-বিহা- ওয়াত্তাক্বুল্লা-হা লা'আল্লাকুম্ তুফ্‌লিহূন্।

অবলম্বন করলে। অতএব তোমরা গৃহে সদর দ্বার দিয়ে প্রবেশ কর, আর আল্লাহকে ভয় কর, যাতে তোমরা সফলকাম হতে পার।

﴿١٨٩﴾ وَقَاتِلُوْا فِىْ سَبِيْلِ اللّٰهِ الَّذِيْنَ يُقَاتِلُوْنَكُمْ وَلَا تَعْتَدُوْا اِنَّ اللّٰهَ

১৯০। ওয়া ক্বা-তিলূ ফী সাবীলিল্লা-হিল লাযীনা ইয়ুক্বা-তিলূনাকুম্ ওয়ালা- তা'তাদূ; ইন্নাল্লা-হা

(১৯০) আর তোমরা আল্লাহর রাস্তায় যুদ্ধ কর তাদের সাথে, যারা তোমাদের বিরুদ্ধে যুদ্ধ করে, কিন্তু (যুদ্ধে) সীমালংঘন করো না। নিশ্চয়ই আল্লাহ

✪ **শানে নুযূল (আঃ ১৯০) ঃ** হিজরী ষষ্ঠ সালে রাসূল (সা) সাহাবাগণসহ ওমরার উদ্দেশ্যে মক্কায় রওয়ানা হলেন, কিন্তু কাফেররা রাসূল (সা)-কে মক্কায় প্রবেশে বাধা দিল। পরিশেষে স্থিরিকৃত হল যে, পরবর্তী বছর তিন দিনের জন্য মক্কাকে রাসূলের জন্য মুক্ত করে দেবে। পরবর্তী বছর যিলকদ মাসে রাসূল সদলবলে মক্কা রওয়ানা হলেন। যিলকদ, যিলহজ্জ, মহররম ও রজব এ চারি মাস সম্মানিত মাস। এ মাসগুলিতে যুদ্ধ করা হারাম। কাজেই মুসলমানরা ইতস্ততঃ করতে লাগল, যদি কাফেররা ওয়াদা ভঙ্গ করে যুদ্ধে প্রবৃত্ত হয়, তবে আমরা আত্মরক্ষা করব কিরূপে? তখন আল্লাহ্ এ আয়াত নাযিল করেন। (বঃ কোঃ)

لَا يُحِبُّ الْمُعْتَدِيْنَ ﴿١٩٠﴾ وَاقْتُلُوْهُمْ حَيْثُ ثَقِفْتُمُوْهُمْ وَاَخْرِجُوْهُمْ مِّنْ

লা-ইয়ুহ্বিব্বুল্ মু'তাদীন্। ১৯১। ওয়াক্বতুলূহুম্ হাইছু ছাক্বিফ্‌তুমূহুম ওয়া আখরিজূহুম মিন

সীমালংঘনকারীদের ভালবাসেন না। (১৯১) আর তোমরা তাদেরকে যেখানেই পাবে হত্যা করবে এবং যে স্থান থেকে তারা তোমাদেরকে

حَيْثُ اَخْرَجُوْكُمْ وَالْفِتْنَةُ اَشَدُّ مِنَ الْقَتْلِ وَلَا تُقٰتِلُوْهُمْ عِنْدَ

হাইছু আখরাজূকুম্ ওয়াল্ ফিত্‌নাতু আশাদ্দু মিনাল্ ক্বাত্‌ল, ওয়ালা- তুক্বা-তিলূহুম্ 'ইন্‌দাল

বহিষ্কার করেছে, তোমরাও তাদেরকে সে স্থান হতে বহিষ্কার করবে। আর ফিতনা (বিশৃংখলা) হত্যা অপেক্ষা গুরুতর অপরাধ। আর

الْمَسْجِدِ الْحَرَامِ حَتّٰى يُقٰتِلُوْكُمْ فِيْهِ فَاِنْ قٰتَلُوْكُمْ فَاقْتُلُوْهُمْ

মাস্‌জ্বিদিল্ হ্বারা-মি হ্বাত্তা- ইয়ুক্বা-তিলূকুম্ ফীহ, ফাইন্ ক্বা-তালূকুম্ ফাক্বতুলূহুম্ ;

মসজিদুল হারামের নিকটে তোমরা তাদের সাথে যুদ্ধ কর না যতক্ষণ না তারা সেথায় তোমাদের সাথে যুদ্ধ করে, যদি তারা তোমাদের সাথে যুদ্ধ করে; তবে

كَذٰلِكَ جَزَآءُ الْكٰفِرِيْنَ ﴿١٩١﴾ فَاِنِ انْتَهَوْا فَاِنَّ اللّٰهَ غَفُوْرٌ رَّحِيْمٌ ﴿١٩٢﴾ وَقٰتِلُوْهُمْ

কাযা-লিকা জ্বাযা—উল্ কা-ফিরীন্। ১৯২। ফাইনিন্ তাহাও ফাইন্নাল্‌লা-হা গাফূরুর্ রাহ্বীম্। ১৯৩। ওয়া ক্বা-তিলূহুম্

তোমরা তাদের হত্যা করবে। এটাই কাফিরদের শাস্তি। (১৯২) তারপর যদি তারা বিরত হয়, নিশ্চয়ই আল্লাহ ক্ষমাশীল ও পরম দয়ালু। (১৯৩) তাদের সাথে

حَتّٰى لَا تَكُوْنَ فِتْنَةٌ وَّيَكُوْنَ الدِّيْنُ لِلّٰهِ فَاِنِ انْتَهَوْا فَلَا عُدْوَانَ

হ্বাত্তা- লা-তাকূনা ফিত্‌নাতুঁও ওয়া ইয়াকূনাদ্ দীনু লিল্লা-হ ; ফাইনিন তাহাও ফালা-'উদ্‌ওয়া-না

ততক্ষণ যুদ্ধ করতে থাক যতক্ষণ ফিৎনা-ফাসাদ দূরীভূত হয়ে আল্লাহর দ্বীন প্রতিষ্ঠিত না হয়। অতঃপর তারা যদি বিরত হয়, তবে

اِلَّا عَلَى الظّٰلِمِيْنَ ﴿١٩٣﴾ اَلشَّهْرُ الْحَرَامُ بِالشَّهْرِ الْحَرَامِ وَالْحُرُمٰتُ قِصَاصٌ

ইল্লা- 'আলায্ব য্বা-লিমীন্। ১৯৪। আশ্ শাহ্‌রুল্ হ্বারা-মু বিশ্ শাহ্‌রিল্ হ্বারা-মি ওয়াল্ হ্বুরুমা-তু ক্বিস্বা-স্ব ;

জালিমদের ছাড়া আর কারো উপর বাড়াবাড়ি চলবে না। (১৯৪) সম্মানিত মাসই সম্মানিত মাসের বিনিময়ে। আর সম্মান রক্ষায়ও কিসাস (বদলা) রয়েছে।

فَمَنِ اعْتَدٰى عَلَيْكُمْ فَاعْتَدُوْا عَلَيْهِ بِمِثْلِ مَا اعْتَدٰى عَلَيْكُمْ وَاتَّقُوا اللّٰهَ

ফামানি'তাদা- 'আলাইকুম্ ফা'তাদূ 'আলাইহি বিমিছলি মা'তাদা- 'আলাইকুম্, ওয়াত্তাক্বুল্লা-হা

সুতরাং যে কেউ তোমাদের উপর বাড়াবাড়ি করবে তোমরাও সমপরিমাণে তার উপর বাড়াবাড়ি করবে। আর তোমরা আল্লাহকে ভয় কর

وَاعْلَمُوْٓا اَنَّ اللّٰهَ مَعَ الْمُتَّقِيْنَ ﴿١٩٤﴾ وَاَنْفِقُوْا فِىْ سَبِيْلِ اللّٰهِ وَلَا تُلْقُوْا بِاَيْدِيْكُمْ

ওয়া'লামু~আন্নাল্লা-হা মা'আল মুত্তাক্বীন্। ১৯৫। ওয়া আন্‌ফিক্বূ ফী সাবীলিল্লা-হি ওয়ালা- তুল্‌ক্বূ বিআইদীকুম

এবং জেনে রাখো, আল্লাহ মুত্তাকীদের সাথে আছেন। (১৯৫) আর আল্লাহর পথে ব্যয় কর এবং তোমরা নিজেরা নিজেদেরকে ধ্বংসের

اِلَى التَّهْلُكَةِ وَاَحْسِنُوْا اِنَّ اللّٰهَ يُحِبُّ الْمُحْسِنِيْنَ ﴿١٩٥﴾ وَاَتِمُّوا الْحَجَّ

ইলাত্ তাহ্‌লুকাতি ওয়া আহ্‌সিনূ, ইন্নাল্লা-হা ইয়ুহ্বিব্বুল্ মুহ্বসিনীন। ১৯৬। ওয়া আতিম্মুল্ হ্বাজ্জ্বা

মুখে নিক্ষেপ কর না। আর তোমরা সৎকর্ম কর নিশ্চয়ই আল্লাহ সৎকর্মশীলদের ভালবাসেন। (১৯৬) তোমরা আল্লাহর জন্য হজ্ব

والعمرة لله ؕ فان احصرتم فما استيسر من الهدي ۚ ولا تحلقوا

ওয়াল্ 'উম্‌রাতা লিল্লা-হ ; ফাইন্ উহ্স্বির্‌তুম্ ফামাস্‌তাইসারা মিনাল্ হাদ্‌য়ি, ওয়ালা- তাহ্লিক্বু
ও ওমরা পূর্ণ কর। অতঃপর যদি তোমরা বাধা প্রাপ্ত হও; তবে সহজলভ্য কুরবানী কর। আর তোমাদের মাথা

رءوسكم حتى يبلغ الهدي محله ؕ فمن كان منكم مريضا او به اذى

রুঊসাকুম্ হাত্তা-ইয়াব্‌লুগাল হাদইয়ু মাহিল্লা-হ ; ফামান্ কা-না মিন্‌কুম্ মারীদ্বান্ আও বিহী~আযাম্
মুন্ডন করো না যতক্ষণ না কুরবানীর পশু যথাস্থানে পৌঁছে। তোমাদের মধ্যে কেউ যদি অসুস্থ হয়ে পড়ে অথবা মাথায় যদি কোন

من راسه ففدية من صيام او صدقة او نسك ۚ فاذا امنتم فمن تمتع

মির্ রা'সিহী ফাফিদ্‌ইয়াতুম্ মিন স্বিয়া-মিন্ আও স্বাদাক্বাতিন আও নুসুক, ফাইযা~আমিন্‌তুম ফামান তামাত্তা'আ
ব্যাধি থাকে, তবে তার জন্য রোযা, সদকা অথবা, কুরবানী দ্বারা ফেদিয়া দিবে। অতঃপর যখন তোমরা নিরাপদে থাক, তখন যদি কেউ

بالعمرة الى الحج فما استيسر من الهدي ۚ فمن لم يجد فصيام ثلثة

বিল 'উম্‌রাতি ইলাল্ হাজ্জি ফামাস্ তাইসারা মিনাল্ হাদ্‌য়ি, ফামাল্ লাম ইয়াজ্বিদ্ ফাস্বিয়া-মু ছালা-ছাতি
হজ্ব ও ওমরা একত্রে করে লাভবান হতে চায় তবে সহজসাধ্য কুরবানী করবে। আর যে ব্যক্তি তা (কুরবানী) না পায় সে হজ্জের সময় তিনদিন

ايام في الحج وسبعة اذا رجعتم ؕ تلك عشرة كاملة ؕ ذلك لمن

আইয়্যা-মিন্ ফিল্ হাজ্জি ওয়া সাব্'আতিন ইযা-রাজা'তুম্ ; তিল্‌কা 'আশারাতুন্ কা-মিলাহ ; যা-লিকা লিমাল্
রোযা রাখবে আর প্রত্যাবর্তনের পর সাতদিন এ পূর্ণ দশদিন রোযা রাখবে। এটা তার জন্য যার, পরিজন

لم يكن اهله حاضري المسجد الحرام ؕ واتقوا الله واعلموا ان الله

লাম্ ইয়াকুন্ আহ্‌লুহূ হা-দ্বিরিল্ মাস্‌জ্বিদিল্ হারা-ম ; ওয়াত্তাকুল্লা-হা ওয়া'লামূ~আন্নাল্লা-হা
মসজিদুল হারামের বাসিন্দা নয়। আর আল্লাহকে ভয়কর এবং জেনে রেখ নিশ্চয়ই আল্লাহ কঠিন

شديد العقاب ﴿١٩٦﴾ الحج اشهر معلومت ۚ فمن فرض فيهن الحج فلا

শাদীদুল 'ইক্বা-ব্। ১৯৭। আল্‌হাজ্জু আশ্‌হুরুম্ মা'লূমা-ত, ফামান্ ফারাদ্বা ফীহিন্নাল্ হাজ্জা ফালা-
শাস্তিদাতা। (১৯৭) হজ্বের মাসগুলো সুবিদিত, অতএব যে কেউ এ মাসগুলোতে হজ্ব করা স্থির করে নেয়, তার জন্য হজ্বের

رفث ولا فسوق ولا جدال في الحج ؕ وما تفعلوا من خير يعلمه الله ؕ

রাফাছা ওয়ালা- ফুসূক্বা ওয়ালা- জ্বিদা-লা ফিল্ হাজ্জ্ব ; ওয়ামা- তাফ্'আলূ মিন খাইরিঁই ইয়া'লাম্ হুল্লা-হ্।
সময় স্ত্রী সম্ভোগ, পাপকার্য, ঝগড়া-বিবাদ করা বৈধ নয়। আর তোমরা যে সকল উত্তম কাজ কর তা আল্লাহ জানেন।

وتزودوا فان خير الزاد التقوى واتقون يا اولي الالباب ○

ওয়া তাযাওয়্যাদূ ফাইন্না খাইরায যা-দিত্ তাক্বওয়া-, ওয়াত্তাকূনি ইয়া~উলিল্ আল্‌বা-ব্।
আর তোমরা পাথেয়ের ব্যবস্থা কর। বস্তুতঃ তাকওয়া হল সর্বোত্তম পাথেয়। হে জ্ঞানীগণ! তোমরা আমাকেই ভয় কর।

২৪ / ৮ রুকূ

﴿١٩٧﴾ ليس عليكم جناح ان تبتغوا فضلا من ربكم ؕ فاذا افضتم من

১৯৮। লাইসা 'আলাইকুম্ জুনা-হুন্ আন্ তাব্‌তাগূ ফাদ্বলাম্ মির্ রাব্বিকুম্ ; ফাইযা~আফাদ্বতুম্ মিন্
(১৯৮) তোমাদের প্রতিপালকের প্রদত্ত অনুগ্রহ অন্বেষণ করাতে তোমাদের কোন পাপ নেই। অতঃপর তোমরা যখন আরাফাত হতে

عرفت فاذكروا الله عند المشعر الحرام ۪ واذكروه كما هدىكم ۚ

'আরাফা-তিন্ ফায্‌কুরুল্লা-হা 'ইন্‌দাল্ মাশ্'আরিল্ হারা-মি ওয়ায্‌কুরূহু কামা-হাদা-কুম্,
(তাওয়াফের জন্য) প্রত্যাবর্তন করবে তখন মাশআরিল হারামের নিকট পৌঁছে আল্লাহকে স্মরণ করবে। আর আল্লাহকে স্মরণ কর, যেভাবে তিনি নির্দেশ দিয়েছেন।

وان كنتم من قبله لمن الضالين ﴿١٩٨﴾ ثم افيضوا من حيث افاض

ওয়া ইন্ কুন্‌তুম্ মিন্ ক্বাব্‌লিহী লামিনাদ্ব দ্বা—ল্লীন্। ১৯৯। ছুম্মা আফীদ্বূ মিন্ হাইছু আফা-দ্বান্
যদিও ইতিপূর্বে তোমরা এ ব্যাপারে পথভ্রষ্টদের অন্তর্ভুক্ত ছিলে। (১৯৯) অতঃপর মানুষ যেখান থেকে প্রত্যাবর্তন করে তোমরাও সেখান থেকে

الناس واستغفروا الله ؕ ان الله غفور رحيم ﴿١٩٩﴾ فاذا قضيتم منا

না-সু ওয়াস্‌তাগ্‌ফিরুল্লা-হ ; ইন্নাল্লা-হা গাফূরুর্ রাহীম্। ২০০। ফাইযা-ক্বাদ্বাইতুম্ মানা-
(তাওয়াফের জন্য) প্রত্যাবর্তন কর। আর আল্লাহর নিকট ক্ষমা প্রার্থনা কর। নিশ্চয়ই আল্লাহ ক্ষমাশীল ও পরম দয়ালু। (২০০) অতঃপর যখন তোমরা হজ্বের

سككم فاذكروا الله كذكركم اباءكم او اشد ذكرا ؕ فمن الناس

সিকাকুম ফায্‌কুরুল্লা-হা কাযিক্‌রিকুম্ আ-বা—আকুম্ আও আশাদ্দা যিক্‌রা ; ফামিনান না-সি
অনুষ্ঠানাদি পূর্ণ করবে তখন আল্লাহকে তোমরা এভাবে স্মরণ করবে যেমনিভাবে তোমরা তোমাদের পিতৃপুরুষকে স্মরণ করতে অথবা, তার চেয়ে বেশী

من يقول ربنا اتنا في الدنيا وما له في الاخرة من خلاق ﴿٢٠٠﴾ ومنهم من

মাইঁয়াকূলু রাব্বানা~আ-তিনা- ফিদ্ দুন্‌ইঁয়া- ওয়ামা-লাহূ ফিল আ-খিরাতি মিন্ খালা-ক্ব। ২০১। ওয়া মিন্‌হুম্ মাইঁ
আল্লাহকে স্মরণ কর। মানুষের মধ্যে যারা বলে, হে আমাদের প্রতিপালক! আমাদেরকে পৃথিবীতেই দাও। বস্তুত তাদের জন্য পরকালে কোন অংশ নেই। (২০১) আর

يقول ربنا اتنا في الدنيا حسنة وفي الاخرة حسنة وقنا عذاب النار ○

ইয়াকূলু রাব্বানা~আ-তিনা- ফিদ্ দুন্‌ইয়া- হাসানাতাওঁ ওয়া' ফিল্ আ-খিরাতি হাসানাতাওঁ ওয়া ক্বিনা- 'আযা-বান্ না-র।
তাদের মধ্যে যারা বলে, হে আমাদের প্রতিপালক! আমাদেরকে পৃথিবীতে কল্যাণ দান কর এবং পরকালেও কল্যাণ দান কর এবং জাহান্নামের আগুন থেকে বাঁচাও।

﴿٢٠١﴾ اولئك لهم نصيب مما كسبوا ؕ والله سريع الحساب ﴿٢٠٢﴾ واذكروا الله

২০২। উলা—ইকা লাহুম্ নাস্বীবুম্ মিম্মা- কাসাবূ ; ওয়াল্লা-হু সারী'উল্ হিসা-ব্। ২০৩। ওয়ায্ কুরুল্লা-হা
(২০২) তাদের জন্যই রয়েছে প্রাপ্য অংশ যা তারা অর্জন করেছে। আর আল্লাহ দ্রুত হিসাব গ্রহণকারী। (২০৩) তোমরা নির্দিষ্ট দিনগুলোতে (আইয়ামে তাশরীক)

✪ দোয়া (আঃ ২০০) ঃ রাসূলুল্লাহ (সা) এক রোগাক্রান্ত অসুস্থ মুসলমানকে পরিদর্শন করতে গিয়ে দেখেন যে, রুগিটি একেবারে হাড্ডিসার হয়ে গেছে। অতঃপর রাসূলুল্লাহ (সা) তাকে বললেন, তুমি কি আল্লাহর নিকট কোন প্রার্থনা করেছ? সে বলল, হ্যাঁ। আমি এ প্রার্থনা করেছিলাম, হে আল্লাহ! আপনি পরকালে আমাকে যে শাস্তি দিবেন সে শাস্তি আমাকে দুনিয়াতে ভোগ করিয়ে নিন। একথা শুনে রাসূলুল্লাহ (সা) আশ্চর্যন্বিত হয়ে বললেন, সুবহানাল্লাহ! কারো কি যন্ত্রণাদায়ক শাস্তি সহ্য করার ক্ষমতা আছে? এখন তুমি - ربنا اتنا فى الدنيا حسنة وفى الاخرة حسنة وقنا عذاب النار এ দোয়াটি পড়। অতঃপর রুগ্ন ব্যক্তি তখন থেকে এ দোয়াটি পড়তে থাকে এবং আল্লাহ তায়ালা তাকে আরোগ্য দান করেন। (ইবনে কাছীর)

فِي أَيَّامٍ مَعْدُودَاتٍ فَمَنْ تَعَجَّلَ فِي يَوْمَيْنِ فَلَا إِثْمَ عَلَيْهِ وَمَنْ تَأَخَّرَ

ফী~আইয়্যা-মিম্ মা'দূদা-ত; ফামান্ তা'আজ্জ্বালা ফী ইয়াওমাইনি ফালা~ইছমা 'আলাইহ, ওয়ামান তাআখ্খারা

আল্লাহ স্মরণ কর, অতঃপর যে ব্যক্তি দু' দিনে সম্পন্ন করে তাড়াতাড়ি চলে আসে, তবে তার কোন পাপ নেই। আর যদি কেউ বিলম্ব করে তাতেও তার কোন

فَلَا إِثْمَ عَلَيْهِ لِمَنِ اتَّقَى وَاتَّقُوا اللَّهَ وَاعْلَمُوا أَنَّكُمْ إِلَيْهِ تُحْشَرُونَ

ফালা~ইছমা 'আলাইহি লিমানিত্তাক্বা ; ওয়াত্তাকুল্লা-হা ওয়া'লামূ~আন্নাকুম্ ইলাইহি তুহ্শারূন্।

পাপ নেই। অবশ্য এটা তার জন্য যে তাকওয়া অবলম্বন করে। আর তোমরা আল্লাহকে ভয় কর এবং জেনে রেখ নিশ্চয়ই তোমাদেরকে তাঁর নিকট সমবেত করা হবে।

وَمِنَ النَّاسِ مَنْ يُعْجِبُكَ قَوْلُهُ فِي الْحَيَاةِ الدُّنْيَا وَيُشْهِدُ اللَّهَ عَلَى مَا فِي

২০৪। ওয়া মিনান্ না-সি মাই ইয়ু'জ্বিবুকা ক্বাওলুহূ ফিল্ হায়া-তিদ্ দুন্ইয়া- ওয়া ইয়ুশ্হিদুল্লা-হা 'আলা- মা- ফী

(২০৪) মানুষের মধ্যে এমন লোকও আছে যার পার্থিব জীবনের কথাবার্তা আপনাকে মুগ্ধ করবে। আর তার অন্তরে

قَلْبِهِ وَهُوَ أَلَدُّ الْخِصَامِ ۝ وَإِذَا تَوَلَّى سَعَى فِي الْأَرْضِ لِيُفْسِدَ فِيهَا

ক্বাল্বিহী ওয়া হুওয়া আলাদ্দুল্ খিস্বা-ম। ২০৫। ওয়া ইযা- তাওয়াল্লা- সা'আ- ফিল্ আর্দ্বি লিইয়ুফ্সিদা ফীহা-

যা আছে সে সম্পর্কে আল্লাহকে সাক্ষী বানায়। মূলতঃ সে ভীষণ ঝগড়াটে। (২০৫) আর যখন সে ফিরে যায়, তখন সে পৃথিবীতে বিশৃংখলা সৃষ্টির চেষ্টা করে

وَيُهْلِكَ الْحَرْثَ وَالنَّسْلَ وَاللَّهُ لَا يُحِبُّ الْفَسَادَ ۝ وَإِذَا قِيلَ لَهُ

ওয়া ইয়ুহলিকাল হার্ছা ওয়ান্নাসলা ; ওয়াল্লা-হু লা-ইয়ুহিব্বুল্ ফাসা-দ। ২০৬। ওয়াইযা- ক্বীলা লাহুত্

এবং ফসলাদি ও জীব জন্তুর বংশাবলী ধ্বংস করার চেষ্টা করে। কিন্তু আল্লাহ ফাসাদ পছন্দ করেন না। (২০৬) আর যখন তাকে বলা হয়

اتَّقِ اللَّهَ أَخَذَتْهُ الْعِزَّةُ بِالْإِثْمِ فَحَسْبُهُ جَهَنَّمُ وَلَبِئْسَ الْمِهَادُ ۝ وَمِنَ

তাক্বিল্লা-হা আখাযাত্হুল্ 'ইয্যাতু বিল্ ইছমি ফাহাস্বুহূ জ্বাহান্নাম ; ওয়ালা বি'সাল মিহা-দ্। ২০৭। ওয়া মিনান্

আল্লাহকে ভয় কর, তখন তার আত্ম অহংকার তাকে পাপকর্মে উদ্বুদ্ধ করে। সুতরাং জাহান্নামই তার জন্য যথেষ্ট। আর তা কতইনা নিকৃষ্ট স্থান। (২০৭) মানুষের

النَّاسِ مَنْ يَشْرِي نَفْسَهُ ابْتِغَاءَ مَرْضَاتِ اللَّهِ وَاللَّهُ رَءُوفٌ بِالْعِبَادِ

না-সি মাইঁ ইয়াশ্রী নাফসাহুব্তিগা—আ মারদ্বা-তিল্লা-হ ; ওয়াল্লা-হু রাউফুম্ বিল্'ইবা-দ্।

মধ্যে এমন লোকও আছে, যে আল্লাহর সন্তুষ্টির জন্য নিজেকে বিলিয়ে দিয়েছে। আর আল্লাহ তাঁর বান্দাহদের প্রতি অত্যন্ত দয়ালু।

۝ يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا ادْخُلُوا فِي السِّلْمِ كَافَّةً وَلَا تَتَّبِعُوا خُطُوَاتِ

২০৮। ইয়া~আইয়্যুহাল্লাযীনা আ-মানুদ্ খুলূ ফিস্ সিল্মি কা—ফ্ফাহ, ওয়ালা- তাত্তাবি'উ খুতুওয়া-তিশ্

(২০৮) হে ঈমানদারগণ! তোমরা ইসলামে পূর্ণভাবে প্রবেশ কর এবং শয়তানের পদাংক অনুসরণ কর না।

○ টীকা (আঃ ২০৩) ঃ ايامًا معدودت - নির্দিষ্ট দিনগুলোর অর্থ আইয়ামে তাশরীকের দিনগুলো। কুরবানীর জন্তু যবেহ করার দিন এবং তার পরবর্তী তিন দিনকে আইয়ামে তাশরীক বলে।

○ শানে নুযূল (আঃ ২০৫) ঃ واذا تولى - আখনাস ইব্নে শুরাইক নামে এক মুনাফিক অত্যন্ত বাকপটু ও মুখর ছিল। সে যখন রাসূলুল্লাহ (স)-এর নিকট আসত, তখন চরম নিষ্ঠা ও ইসলাম প্রীতি প্রকাশ করত। আর যখন ফিরে যেত তখন কারো ক্ষেতের ফসল জ্বালিয়ে দিত। কারো পশুর পা কেটে ফেলত। এ প্রেক্ষিতে অত্র আয়াত অবতীর্ণ হয়। (তা ঃ উসমানী)

الشَّيْطَانِ إِنَّهُ لَكُمْ عَدُوٌّ مُبِينٌ ۝ فَإِنْ زَلَلْتُمْ مِنْ بَعْدِ مَا جَاءَتْكُمُ

শাইত্বা-ন ; ইন্নাহূ লাকুম্ 'আদুওউম্ মুবীন্। ২০৯। ফাইন্ যালাল্তুম্ মিম্ বা'দি মা- জ্বা—আত্কুমুল্

নিশ্চয়ই শয়তান তোমাদের প্রকাশ্য শত্রু। (২০৯) তোমাদের কাছে সুস্পষ্ট প্রমাণাদি আসার পরও যদি তোমরা বিচ্যুত হও;

الْبَيِّنَاتُ فَاعْلَمُوا أَنَّ اللَّهَ عَزِيزٌ حَكِيمٌ ۝ هَلْ يَنْظُرُونَ إِلَّا أَنْ يَأْتِيَهُمُ اللَّهُ

বাইয়্যি না-তু ফা'লামূ~আন্নাল্লা-হা 'আযীযন্ হাকীম্। ২১০। হাল ইয়ান্যুরূনা ইল্লা~আইঁয়া'তিয়া হুমুল্লা-হু

তবে জেনে রেখ নিশ্চয়ই আল্লাহ পরাক্রমশালী, প্রজ্ঞাময়। (২১০) তারা কি শুধু এর প্রতীক্ষায় রয়েছে যে, আল্লাহ তায়ালা

২৫ ৪৪ ৯ রুকূ

فِي ظُلَلٍ مِنَ الْغَمَامِ وَالْمَلَائِكَةُ وَقُضِيَ الْأَمْرُ وَإِلَى اللَّهِ تُرْجَعُ الْأُمُورُ

ফী যুলালিম্ মিনাল্ গামা-মি ওয়াল্ মালা—ইকাতু ওয়া কুদ্বিয়াল্ আমর ; ওয়া ইলাল্লা-হি তুর্জ্বা'উল্ উমূর।

ও ফিরিশতাগণ মেঘের ছায়ায় তাদের নিকট উপস্থিত হবেন, তৎপর সব কিছুর মীমাংসা হয়ে যাবে? সকল বিষয় তো আল্লাহর দিকেই প্রত্যাবর্তিত হবে।

۝ سَلْ بَنِي إِسْرَائِيلَ كَمْ آتَيْنَاهُمْ مِنْ آيَةٍ بَيِّنَةٍ وَمَنْ يُبَدِّلْ نِعْمَةَ اللَّهِ

২১১। সাল্ বানী~ইসরা—ঈলা কাম্ আ-তাইনা-হুম মিন্ আ- য়াতিম্ বাইয়্যিনাহ ; ওয়া মাইঁ ইয়ুবাদ্দিল নি'মাতাল্লা-হি

(২১১) বনী ইসরাঈলগণকে জিজ্ঞাসা করুন, তাদেরকে আমি কত সুস্পষ্ট নিদর্শন প্রদান করেছি। আল্লাহর অনুগ্রহ কারো কাছে

مِنْ بَعْدِ مَا جَاءَتْهُ فَإِنَّ اللَّهَ شَدِيدُ الْعِقَابِ ۝ زُيِّنَ لِلَّذِينَ كَفَرُوا

মিম্ বা'দি মা-জ্বা—আত্হু ফাইন্নাল্লা-হা শাদীদুল্ 'ইক্বা-ব্। ২১২। যুইয়্যিনা লিল্লাযীনা কাফারুল্

আসার পর যে ব্যক্তি তা পরিবর্তন করবে; (সে জেনে রাখুক) আল্লাহ অবশ্যই কঠিন শাস্তিদাতা। (২১২) কাফিরদের নিকট এ

الْحَيَاةُ الدُّنْيَا وَيَسْخَرُونَ مِنَ الَّذِينَ آمَنُوا وَالَّذِينَ اتَّقَوْا فَوْقَهُمْ

হায়া-তুদ্ দুন্ইয়া- ওয়া ইয়াস্খারূনা মিনাল্লাযীনা আমানূ। ওয়াল্লাযীনাত্তাক্বাও ফাওক্বাহুম্

পার্থিব জীবন খুবই সুশোভিত করে দেয়া হয়েছে; তারা মুমিনদেরকে ঠাট্টা উপহাস করে থাকে। অথচ যারা তাকওয়া অবলম্বন করে তারা

يَوْمَ الْقِيَامَةِ وَاللَّهُ يَرْزُقُ مَنْ يَشَاءُ بِغَيْرِ حِسَابٍ ۝ كَانَ النَّاسُ أُمَّةً

ইয়াওমাল্ ক্বিয়া-মাহ ; ওয়াল্লা-হু ইয়ার্যুকু মাইঁ ইয়াশা—উ বিগাইরি হিসা-ব্। ২১৩। কা-নান্ না-সু উম্মাতাওঁ

কিয়ামতের দিন তাদের চেয়ে উর্ধে থাকবে। আল্লাহ যাকে ইচ্ছা করেন তাকে অগণিত রিযিক দান করেন। (২১৩) সকল মানুষ ছিল একই জাতিভুক্ত।

وَاحِدَةً فَبَعَثَ اللَّهُ النَّبِيِّينَ مُبَشِّرِينَ وَمُنْذِرِينَ وَأَنْزَلَ مَعَهُمُ الْكِتَابَ

ওয়া-হিদাতান্ ফাবা'আছাল্লা-হুন্ নাবিইয়্যীনা মুবাশ্শিরীনা ওয়া মুন্যিরীনা ওয়া আন্যালা মা'আহুমুল্ কিতা-বা

অতঃপর আল্লাহ নবীগণকে সুসংবাদ দাতা ও ভীতি প্রদর্শনকারী হিসাবে প্রেরণ করেন এবং তাদের সাথে অবতীর্ণ করেন সত্যসহ কিতাব।

بِالْحَقِّ لِيَحْكُمَ بَيْنَ النَّاسِ فِيمَا اخْتَلَفُوا فِيهِ وَمَا اخْتَلَفَ فِيهِ إِلَّا

বিল্হাক্বক্বি লিইয়াহ্কুমা বাইনান্ না-সি ফীমাখ্তালাফূ ফীহ ; ওয়ামাখ্তালাফা ফীহি ইল্লাল্

যাতে তা দ্বারা মানুষ তাদের পারস্পরিক মতভেদগুলো ফয়সালা করে নেয়। আর যাদেরকে তা (কিতাব)

الَّذِينَ أُوتُوهُ مِنْ بَعْدِ مَا جَاءَتْهُمُ الْبَيِّنَاتُ بَغْيًا بَيْنَهُمْ ۖ فَهَدَى اللَّهُ

লাযীনা উতূহু মিম্ বা'দি মা-জ্বা—আত্হুমুল বাইয়্যিনা-তু বাগ্ইয়াম্ বাইনাহুম্, ফাহাদাল্লা-হুল্

দেয়া হল তাদের কাছে সুস্পষ্ট প্রমাণ আসার পরও তারা পরস্পরিক বিদ্বেষ ও হিংসা বশতঃ তার বিরোধিতা করে। আল্লাহ তায়ালা

الَّذِينَ آمَنُوا لِمَا اخْتَلَفُوا فِيهِ مِنَ الْحَقِّ بِإِذْنِهِ ۗ وَاللَّهُ يَهْدِي مَنْ يَشَاءُ

লাযীনা আ-মানূ লিমাখ্তালাফূ ফীহি মিনাল্ হাক্বক্বি বিইয্নিহ ; ওয়াল্লা-হু ইয়াহ্দী মাইঁ ইয়াশা—উ

ঈমানদারগণকে সে সত্য বিষয়ে হেদায়াত দান করেন, যা নিয়ে তারা মতভেদ করতেছিলে। আল্লাহ যাকে চান তাকে সত্য ও সরল পথ প্রদর্শন করেন।

إِلَىٰ صِرَاطٍ مُسْتَقِيمٍ ﴿٢١٣﴾ أَمْ حَسِبْتُمْ أَنْ تَدْخُلُوا الْجَنَّةَ وَلَمَّا يَأْتِكُمْ مَثَلُ

ইলা- স্বিরা-ত্বিম্ মুস্তাক্বীম্। ২১৪। আম্- হ্বাসিব্তুম্ আন্ তাদ্খুলুল্ জ্বান্নাতা ওয়া লাম্মা- ইয়া'তিকুম্ মাছালুল্

(২১৪) তোমরা কি ধারণা করেছ যে, তোমরা (সোজা সুজি) জান্নাতে চলে যাবে? অথচ তোমাদের নিকট এখনও

الَّذِينَ خَلَوْا مِنْ قَبْلِكُمْ ۖ مَسَّتْهُمُ الْبَأْسَاءُ وَالضَّرَّاءُ وَزُلْزِلُوا حَتَّىٰ يَقُولَ

লাযীনা খালাও মিন্ ক্বাব্লিকুম্ ; মাস্সাত্হুমুল বা'সা—উ ওয়াদ্ দ্বার্রা—উ ওয়া যুল্যিলূ হ্বাত্তা- ইয়াকূলার

পূর্ববর্তীদের অবস্থা আসেনি। তাদের উপর অর্থ সংকট, দুঃখ-কষ্ট ও মসিবত এসেছিল, এমনকি

الرَّسُولُ وَالَّذِينَ آمَنُوا مَعَهُ مَتَىٰ نَصْرُ اللَّهِ ۗ أَلَا إِنَّ نَصْرَ اللَّهِ قَرِيبٌ ۝

রাসূলু ওয়াল্লাযীনা আ-মানূ মা'আহূ মাতা- নাস্বরুল্লা-হ ; আলা~ইন্না নাস্বরাল্লা-হি ক্বারীব্।

রাসূল ও তাঁর ঈমানদার সাথীরা বলে উঠেছিল, আল্লাহর সাহায্য কখন আসবে? শোন! আল্লাহর সাহায্য খুবই নিকটে।

﴿٢١٤﴾ يَسْأَلُونَكَ مَاذَا يُنْفِقُونَ ۖ قُلْ مَا أَنْفَقْتُمْ مِنْ خَيْرٍ فَلِلْوَالِدَيْنِ

২১৫। ইয়াসআলূনাকা মা-যা- ইয়ুন্ফিকূন ; ক্বুল্ মা~আন্ফাক্বতুম্ মিন্ খাইরিন্ ফালিল্ ওয়া-লিদাইনি

(২১৫) লোকেরা আপনাকে প্রশ্ন করে, তারা কি ব্যয় করবে? আপনি বলুন, যে মাল তোমরা ব্যয় করবে তা পিতা-মাতা,

وَالْأَقْرَبِينَ وَالْيَتَامَىٰ وَالْمَسَاكِينِ وَابْنِ السَّبِيلِ ۗ وَمَا تَفْعَلُوا مِنْ خَيْرٍ

ওয়াল্ আক্বরাবীনা ওয়াল্ ইয়াতা-মা- ওয়াল্ মাসা-কীনি ওয়াব্নিস্ সাবীল ; ওয়ামা- তাফ্'আলূ মিন্ খাইরিন্

আত্মীয়-স্বজন, ইয়াতীম, মিসকীন এবং মুসাফিরদের জন্য ব্যয় করবে। আর তোমরা কল্যাণমূলক যে কাজই কর না কেন, নিশ্চয়ই

فَإِنَّ اللَّهَ بِهِ عَلِيمٌ ﴿٢١٥﴾ كُتِبَ عَلَيْكُمُ الْقِتَالُ وَهُوَ كُرْهٌ لَكُمْ ۖ وَعَسَىٰ

ফাইন্নাল্লা-হা বিহী 'আলীম্। ২১৬। কুতিবা 'আলাইকুমুল্ ক্বিতা-লু ওয়া হুওয়া কুরহুল্লাকুম্, ওয়া 'আসা~

আল্লাহ সে সম্পর্কে সম্যক অবহিত। (২১৬) তোমাদের উপর জেহাদ ফরয করা হল, যদিও তোমাদের কাছে তা অপছন্দনীয়। হয়ত কোন বিষয় তোমরা

أَنْ تَكْرَهُوا شَيْئًا وَهُوَ خَيْرٌ لَكُمْ ۖ وَعَسَىٰ أَنْ تُحِبُّوا شَيْئًا وَهُوَ شَرٌّ لَكُمْ ۗ

আন্ তাক্রাহূ শাইআওঁ ওয়া হুওয়া খাইরুল্লাকুম্, ওয়া 'আসা~আন্ তুহ্বিব্বূ শাইআওঁ ওয়া হুওয়া শার্রুল্লাকুম্ ;

অপছন্দ কর, অথচ সেটা তোমাদের জন্য কল্যাণকর। এটাও হতে পারে, যে বিষয় তোমরা পছন্দ কর সেটা তোমাদের জন্য অকল্যাণকর।

২৬ ع ১০ রুকূ

وَاللَّهُ يَعْلَمُ وَأَنْتُمْ لَا تَعْلَمُونَ ﴿٢١٦﴾ يَسْأَلُونَكَ عَنِ الشَّهْرِ الْحَرَامِ قِتَالٍ فِيهِ ۖ

ওয়াল্লা-হু ইয়া'লামু ওয়া আন্তুম্ লা- তা'লামূন। ২১৭। ইয়াসআলূনাকা 'আনিশ্ শাহ্রিল্ হ্বারা-মি ক্বিতা-লিন্ ফীহ্ ;

মূলতঃ আল্লাহ (যা) জানেন, তোমরা (তা) জান না। (২১৭) লোকেরা আপনাকে প্রশ্ন করে, পবিত্র মাসসমূহে যুদ্ধ করা সম্পর্কে।

قُلْ قِتَالٌ فِيهِ كَبِيرٌ ۖ وَصَدٌّ عَنْ سَبِيلِ اللَّهِ وَكُفْرٌ بِهِ وَالْمَسْجِدِ الْحَرَامِ ○

কুল্ ক্বিতা-লুন্ ফীহি কাবীর ; ওয়া স্বাদ্দুন্ 'আন্ সাবীলিল্লা-হি ওয়া কুফ্রুম্ বিহী ওয়াল্ মাস্জ্বিদিল্ হ্বারা-ম,

আপনি বলুন, এতে যুদ্ধ করা বড় অপরাধ। তবে আল্লাহর পথে বাধা দান আর আল্লাহর সাথে কুফরী করা, মসজিদুল হারামে যেতে বাধা দেয়া

وَإِخْرَاجُ أَهْلِهِ مِنْهُ أَكْبَرُ عِنْدَ اللَّهِ ۚ وَالْفِتْنَةُ أَكْبَرُ مِنَ الْقَتْلِ ۗ وَلَا يَزَالُونَ

ওয়া ইখ্রা-জু আহ্লিহী মিন্হু আক্বারু 'ইন্দাল্লা-হ, ওয়াল্ ফিত্নাতু আক্বারু মিনাল্ ক্বাত্ল ; ওয়ালা- ইয়াযা-লূনা

এবং অধিবাসীদেরকে সেখান থেকে বের করে দেয়া, আল্লাহর নিকট তার চেয়েও গুরুতর অপরাধ। ফিতনা সৃষ্টি করা হত্যার চেয়েও জঘন্য। তারা

يُقَاتِلُونَكُمْ حَتَّىٰ يَرُدُّوكُمْ عَنْ دِينِكُمْ إِنِ اسْتَطَاعُوا ۚ وَمَنْ يَرْتَدِدْ

ইয়ুক্বা-তিলূনাকুম্ হ্বাত্তা- ইয়ারুদ্দূকুম্ 'আন্ দীনিকুম্ ইনিস্তাত্বা-'উ; ওয়া মাইঁ ইয়ারতাদিদ্

সর্বদা তোমাদের বিরুদ্ধে যুদ্ধ করতেই থাকবে যে পর্যন্ত না তোমাদেরকে তোমাদের দ্বীন থেকে ফিরিয়ে দেয়, যদি তারা সক্ষম হয়।

مِنْكُمْ عَنْ دِينِهِ فَيَمُتْ وَهُوَ كَافِرٌ فَأُولَٰئِكَ حَبِطَتْ أَعْمَالُهُمْ فِي الدُّنْيَا

মিন্কুম্ 'আন্ দীনিহী ফাইয়ামুত্ ওয়া হুওয়া কা-ফিরুন্ ফাউলা—ইকা হ্বাবিত্বাত্ আ'মা-লুহুম ফিদ্ দুন্ইয়া-

আর তোমাদের মধ্যে যে লোক তার দ্বীন থেকে ফিরে গেল, অতঃপর সে কুফরী অবস্থায় মারা গেল, তার দুনিয়া ও আখেরাতে তাদের যাবতীয় আমল বরবাদ

وَالْآخِرَةِ ۖ وَأُولَٰئِكَ أَصْحَابُ النَّارِ ۖ هُمْ فِيهَا خَالِدُونَ ﴿٢١٧﴾ إِنَّ الَّذِينَ آمَنُوا

ওয়াল্ আ-খিরা, ওয়া উলা—ইকা আস্বহ্বা-বুন্ না-রি, হুম্ ফীহা- খা-লিদূন। ২১৮। ইন্নাল্লাযীনা আ-মানূ

হয়ে যাবে। আর তারা হবে জাহান্নামী এবং সর্বদা জাহান্নামেই অবস্থান করবে। (২১৮) যারা ঈমান এনেছে

وَالَّذِينَ هَاجَرُوا وَجَاهَدُوا فِي سَبِيلِ اللَّهِ أُولَٰئِكَ يَرْجُونَ رَحْمَتَ اللَّهِ ۚ

ওয়াল্লাযীনা হা-জ্বারূ ওয়া জ্বা-হাদূ ফী সাবীলিল্লা-হি উলা—ইকা ইয়ারজূনা রাহ্মাতাল্লা-হ ;

এবং যারা হিজরত করেছে এবং আল্লাহর পথে জিহাদ করেছে তারাই আল্লাহর রহমতের প্রত্যাশা করে।

وَاللَّهُ غَفُورٌ رَحِيمٌ ﴿٢١٨﴾ يَسْأَلُونَكَ عَنِ الْخَمْرِ وَالْمَيْسِرِ ۖ قُلْ فِيهِمَا إِثْمٌ كَبِيرٌ

ওয়াল্লা-হু গাফূরুর রাহ্বীম। ২১৯। ইয়াসআলূনাকা 'আনিল খাম্রি ওয়াল্ মাইসির ; ক্বুল্ ফীহিমা~ইছ্মুন্ কাবীরুওঁ

আল্লাহ ক্ষমাশীল ও পরম দয়ালু। (২১৯) লোকেরা আপনাকে মদ ও জুয়ার বিধান সম্পর্কে প্রশ্ন করছে। আপনি বলুন, উভয়ের মধ্যে রয়েছে মহা পাপ

○ **টীকা (আঃ ২১৭) ঃ** মুরতাদদের পার্থিব কর্মের ব্যর্থতা ঃ মুরতাদ হলে স্ত্রীর সাথে বিবাহ-বিচ্ছেদ ঘটবে, তার কোন নিকট-আত্মীয়ের মৃত্যু হলে সে মৃত ব্যক্তির ওয়ারিস হবে না, মুসলমান থাকা কালে যত নেক আমল করেছিল সমস্ত বিনষ্ট হবে, মৃত্যু হলে তার জানাযার নামায পড়া যাবে না, মুসলমানদের কবরস্থানে তাকে দাফন করা যাবে না। ○ **শানে নুযূল (আঃ ২১৭) ঃ** وصد عن سبيل الله ..... اكبر عند الله – মুশরিকরা নিষিদ্ধ মাসেই রাসূলুল্লাহ (সা)-কে মসজিদুল হারামে যেতে বাধা দেয় ও তাঁকে বিরত রাখে। তাই আল্লাহ তায়ালা তার নবীর জন্য পরবর্তী বছর হতে নিষিদ্ধ মাসসমূহকে উন্মুক্ত করে দেন। ফলে মুশরিকরা রাসূলুল্লাহ (সা)-কে এ বলে দোষারোপ করতে লাগল যে, তিনি নিষিদ্ধ মাসে হত্যাকাণ্ড বৈধ করেছেন। এ প্রেক্ষিতে আল্লাহ এ আয়াত অবতীর্ণ করেন।

ومنافع للناس ز واثمهما اكبر من نفعهما ط ويسئلونك ماذا ينفقون ط

ওয়া মানা- ফি'উ লিন্না-সি ওয়া ইছমুহুমা~আক্‌বারু মিন্ নাফ্'ইহিমা ; ওয়া ইয়াস্‌আলূনাকা মা-যা-ইয়ুন্‌ফিকূন ;

এবং মানুষের জন্য (পার্থিব) উপকারও রয়েছে। কিন্তু তাদের পাপ, উপকার হতে অনেক বেশী। লোকেরা আপনাকে প্রশ্ন করে, তারা আল্লাহর পথে কি ব্যয় করবে?

قل العفو ط كذلك يبين الله لكم الايت لعلكم تتفكرون ﴿٢٢٠﴾ في الدنيا

কুলিল্ 'আফ্‌ওয়া ; কাযা-লিকা ইয়ুবাইয়্যিনুল্লা-হু লাকুমুল্ আ-য়া-তি লা'আল্লাকুম্ তাতাফাক্‌কারূন। ২২০। ফিদ্ দুন্‌ইয়া-

আপনি বলুন, প্রয়োজনীয় খরচের পর যা উদ্বৃত্ত থাকে তা খরচ করবে। এভাবে আল্লাহ তোমাদের জন্য তাঁর আহকাম সুস্পষ্টভাবে বর্ণনা করেন। (২২০) যাতে তোমরা

والاخرة ط ويسئلونك عن اليتمى ط قل اصلاح لهم خير ط وان

ওয়াল্ আ-খিরাহ; ওয়া ইয়াস্‌আলূনাকা 'আনিল্ ইয়াতা-মা ; কুল্ ইস্বলা-হুল্ লাহুম্ খাইর ; ওয়া ইন্

ইহকাল ও পরকাল সম্পর্কে চিন্তা করতে পার; আর তারা আপনাকে ইয়াতীমদের সম্পর্কে প্রশ্ন করছে। আপনি বলুন, তাদের কল্যাণ করাই উত্তম। যদি তাদের মাল

تخالطوهم فاخوانكم ط والله يعلم المفسد من المصلح ط ولو شاء الله

তুখা-লিতূহুম্ ফাইখ্‌ওয়া-নুকুম্ ; ওয়াল্লা-হু ইয়া'লামুল্ মুফ্‌সিদা মিনাল্ মুস্বলিহ্ ; ওয়ালাও শা—আল্লা-হু

তোমাদের মালের সাথে মিলিয়ে দাও, তবে তারা তো তোমাদেরই ভাই। আল্লাহ জানেন, কে অনিষ্টকারী আর কে কল্যাণকারী। আল্লাহ ইচ্ছা করলে

لاعنتكم ط ان الله عزيز حكيم ﴿٢٢١﴾ ولا تنكحوا المشركت حتى يؤمن ط

লাআ'নাতাকুম ; ইন্নাল্লা-হা 'আযীযুন্ হাকীম্। ২২১। ওয়া লা-তান্‌কিহুল্ মুশ্‌রিকা-তি হাত্তা- ইয়ু'মিন্না ;

তোমাদেরকে এ ব্যাপারে কষ্টে ফেলতে পারতেন। নিশ্চয়ই আল্লাহ পরাক্রান্ত, প্রজ্ঞাময়। (২২১) মুশরিক মহিলাদেরকে ঈমান না আনা পর্যন্ত

ولامة مؤمنة خير من مشركة ولو اعجبتكم ج ولا تنكحوا المشركين

ওয়ালাআমাতুম মু'মিনাতুন্ খাইরুম্ মিম্ মুশ্‌রিকাতিওঁ ওয়ালাও আ'জাবাত্‌কুম, ওয়ালা-তুন্‌কিহুল্ মুশ্‌রিকীনা

বিবাহ কর না। ঈমানদার দাসী মুশরিক নারী হতে উত্তম। যদিও মুশরিক নারী তোমাদের কাছে মনপূতঃ। আর ঈমান না আনা পর্যন্ত মুশরিক

حتى يؤمنوا ط ولعبد مؤمن خير من مشرك ولو اعجبكم ط اولئك

হাত্তা- ইয়ুমিনূ ; ওয়ালা 'আবদুম্ মু'মিনুন্ খাইরুম্ মিম্ মুশ্‌রিকিওঁ ওয়া লাও আ'জাবাকুম ; উলা—ইকা

পুরুষের সাথে তোমরা বিবাহ দিও না। মুমিন ক্রীতদাস মুশরিক পুরুষ অপেক্ষা উত্তম, যদিও তোমাদের মুগ্ধ করে। তারা তোমাদেরকে

يدعون الى النار ج والله يدعوا الى الجنة والمغفرة باذنه ج ويبين

ইয়াদ'ঊনা ইলান্ না-র, ওয়াল্লা-হু ইয়াদ্'ঊ~ইলাল্ জান্নাতি ওয়াল্ মাগ্‌ফিরাতি বিইয্‌নিহ, ওয়া ইয়ুবাইয়্যিনু

জাহান্নামের দিকে ডাকে আর আল্লাহ তায়ালা তাঁর অনুগ্রহে জান্নাত ও ক্ষমার দিকে ডাকেন। আর তিনি মানুষদেরকে

ايته للناس لعلهم يتذكرون ﴿٢٢٢﴾ ويسئلونك عن المحيض ط قل هو اذى لا

আ-য়া-তিহী লিন্না-সি লা'আল্লাহুম্ ইয়াতাযাক্‌কারূন। ২২২। ওয়া ইয়াস্‌আলূনাকা 'আনিল্ মাহীদ্ব ; কুল্ হুওয়া আযান্

তাঁর আয়াতসমূহ সুস্পষ্টভাবে বর্ণনা করেন যাতে তারা উপদেশ গ্রহণ করে। (২২২) লোকেরা আপনাকে হায়েয (মহিলাদের ঋতু) সম্পর্কে প্রশ্ন করে। আপনি বলুন,

২৭ ع ৫ ১১ রুকূ

فاعتزلوا النساء في المحيض لا ولا تقربوهن حتى يطهرن ج فاذا تطهرن

ফা'তাযিলুন্ নিসা—আ ফিল্ মাহীদ্বি ওয়ালা-তাক্বরাবূহুন্না হাত্তা-ইয়াত্বহুর্‌না, ফাইযা-তাত্বাহ্‌হার্‌না-

তা অপবিত্র। সুতরাং তোমরা হায়েয অবস্থায় মহিলাদের থেকে আলাদা থাক এবং পবিত্র না হওয়া পর্যন্ত তাদের নিকটবর্তী হয়ো না। যখন তারা পবিত্র হবে

فاتوهن من حيث امركم الله ط ان الله يحب التوابين ويحب

ফা'তূহুন্না মিন্ হাইছু আমারাকুমুল্‌লা-হ ; ইন্নাল্লা-হা ইয়ুহিব্বুত্ তাওয়্যা-বীনা ওয়া ইয়ুহিব্বুল

তখন তাদের কাছে যাও, যেভাবে আল্লাহ নির্দেশ দিয়েছেন, নিশ্চয়ই আল্লাহ তওবাকারীদেরকে আর পবিত্রতা অর্জনকারীদেরকে

المتطهرين ﴿٢٢٣﴾ نساؤكم حرث لكم ص فاتوا حرثكم انى شئتم ز

মুতাত্বাহ্‌হিরীন্। ২২৩। নিসা—উকুম হারছুল্ লাকুম্ ফা'তূ হারছাকুম আন্না-শি'তুম্

ভালবাসেন। (২২৩) তোমাদের স্ত্রীগণ তোমাদের জন্য শস্যক্ষেত্র স্বরূপ। সুতরাং তোমরা তোমাদের শস্যক্ষেত্রে যেভাবে ইচ্ছা গমন কর। আর

وقدموا لانفسكم ط واتقوا الله واعلموا انكم ملقوه ط وبشر المؤمنين

ওয়া কাদ্দিমূ লিআন্‌ফুসিকুম ; ওয়াত্তাকুল্লা-হা ওয়া'লামূ~আন্নাকুম্ মুলা-কূহ ; ওয়া বাশ্‌শিরিল্ মু'মিনীন্।

তোমরা নিজেদের জন্য পূর্বেই কিছু কর এবং আল্লাহকে ভয় কর। আর জেনে রেখ, নিশ্চয়ই তোমরা তাঁর সাক্ষাৎ লাভ করবে এবং মুমিনগণকে সুসংবাদ দাও।

﴿٢٢٤﴾ ولا تجعلوا الله عرضة لايمانكم ان تبروا وتتقوا وتصلحوا بين

২২৪। ওয়ালা- তাজ্'আলুল্‌লা-হা 'উর্‌দ্বাতাল লিআইমা-নিকুম্ আন্ তাবাররূ ওয়াতাত্তাকূ ওয়া তুস্বলিহূ বাইনান্

(২২৪) তোমরা শপথের দ্বারা আল্লাহর নামকে প্রতিবন্ধক বানিয়ো না কল্যাণমূলক কাজ, পরহেজগারী ও মানুষের মধ্যে আপোস

الناس ط والله سميع عليم ﴿٢٢٥﴾ لا يؤاخذكم الله باللغو في ايمانكم

না-স ; ওয়াল্লা-হু সামী'উন্ 'আলীম্। ২২৫। লা-ইয়ুআ-খিযুকুমুল্‌লা-হু বিল্লাগ্‌ওয়ি ফী~আইমা-নিকুম

ব্যাপারে বিরত থাকার উদ্দেশ্যে। আল্লাহ সর্বশ্রোতা ও সর্বজ্ঞ। (২২৫) আল্লাহ তোমাদেরকে অর্থহীন শপথের জন্য পাকড়াও করবেন না।

ولكن يؤاخذكم بما كسبت قلوبكم ط والله غفور حليم ○

ওয়ালা-কিঁই ইয়ুআ-খিযুকুম্ বিমা- কাসাবাত্ কুলূবুকুম্, ওয়াল্লা-হু গাফূরুন্ হালীম্।

কিন্তু আল্লাহ তোমাদের অন্তরের কৃতসংকল্পের জন্য পাকড়াও করবেন। আল্লাহ ক্ষমাশীল ও মহা ধৈর্যশীল।

﴿٢٢٦﴾ للذين يؤلون من نسائهم تربص اربعة اشهر ج فان فاءو فان الله

২২৬। লিল্লাযীনা ইয়ু'লূনা মিন্ নিসা—ইহিম্ তারাব্বুস্বু আরবা'আতি আশহুর, ফাইন্ ফা—উ ফাইন্নাল্লা-হা

(২২৬) যারা নিজ স্ত্রীদের কাছে গমন না করার কসম করে বসে, তাদের জন্য চার মাসের সুযোগ রয়েছে। অতঃপর তারা যদি প্রত্যাবর্তন করে, তবে নিশ্চয়ই আল্লাহ

✪ টীকা (আঃ ২২২) ঃ হায়যের বিধান ঃ যৌবন প্রাপ্ত স্ত্রীলোকের মাসিক রক্তস্রাবকে হায়েয বলে। এ সময় সহবাস, রোযা, নামায সব কিছু নিষিদ্ধ। সাধারণ নিয়মের বাইরে যে রক্তস্রাব হয়, সেটা রোগ বিশেষ। তখন সহবাস ও নামায, রোযা বৈধ। ইয়াহুদী ও অগ্নিপূজকরা রক্তস্রাবকালে স্ত্রীলোকের সাথে পানাহার ও এক ঘরে বসবাস অবৈধ মনে করত। অপর দিকে খ্রিষ্টান সম্প্রদায় সহবাসও পরিহার করত না। এ বিষয়ে রাসূলুল্লাহ (সা)-কে জিজ্ঞাসা করলে এ আয়াত নাযিল হয়। তিনি এ সম্পর্কে দ্ব্যর্থহীন ভাষায় বলেছেন– রক্তস্রাবকালে স্ত্রী গমন হারাম। তবে তাদের সাথে পানাহার ও একত্রে বসবাস জায়েয। ইয়াহুদীদের বাড়াবাড়ি ও খ্রিষ্টানদের শৈথিল্য উভয় প্রকার প্রান্তিকতা পরিত্যাজ্য। (তা ঃ উসমানী)

غفور رحيم ﴿٢٢٦﴾ وان عزموا الطلاق فان الله سميع عليم ﴿٢٢٧﴾ والمطلقت

গাফূরুর্ রাহীম্ । ২২৭ । ওয়া ইন্ 'আযামুত্ব ত্বালা-ক্বা ফাইন্নাল্লা-হা সামী'উন্ 'আলীম । ২২৮ । ওয়াল্ মুত্বাল্লাক্বা-তু

ক্ষমাশীল ও দয়ালু । (২২৭) আর যদি তালাক দেয়ারই সিদ্ধান্ত নেয়, নিশ্চয়ই আল্লাহ্ সর্বশ্রোতা ও সর্বজ্ঞ । (২২৮) তালাক প্রাপ্তা

يتربصن بانفسهن ثلثة قروء ولا يحل لهن ان يكتمن ما خلق الله

ইয়াতারাব্বাস্বনা বিআন্ফুসিহিন্না ছালা-ছাতা কুরূ—ই; ওয়ালা- ইয়াহ্বিল্লু লাহুন্না আইঁইয়াক্তুম্না মা- খালাক্বাল্লা-হু

স্ত্রীগণ তিন হায়েয পর্যন্ত অপেক্ষায় থাকবে । আর তাদের জন্য বৈধ হবে না আল্লাহ যা তাদের গর্ভে সৃষ্টি করেছেন তা গোপন করা ।

في ارحامهن ان كن يؤمن بالله واليوم الاخر وبعولتهن احق

ফী~আর্হ্বা-মিহিন্না ইন্ কুন্না ইয়ু'মিন্না বিল্লা-হি ওয়াল্ ইয়াওমিল্ আ-খির ; ওয়া বু'উলাতুহুন্না আহ্বাক্কু

যদি তারা আল্লাহর প্রতি এবং পরকালের প্রতি ঈমান রাখে । আর তবে যদি তারা সংশোধনের ইচ্ছা পোষণ করে তাদের স্বামীগণই এ সময়ের মধ্যে তাদের ফিরিয়ে আনার

بردهن في ذلك ان ارادوا اصلاحا ولهن مثل الذي عليهن

বিরাদ্দিহিন্না ফী যা-লিকা ইন্ আরা-দূ~ইস্বলা-হ্বা ; ওয়া লাহুন্না মিছলুল্লাযী 'আলাইহিন্না

অধিক হকদার । স্ত্রীদের উপর পুরুষের যেমন অধিকার রয়েছে তেমনি স্ত্রীদেরও অধিকার রয়েছে পুরুষের উপর

بالمعروف وللرجال عليهن درجة والله عزيز حكيم ﴿٢٢٨﴾ الطلاق

বিল্মা'রূফি ওয়া লিররিজ্বা-লি 'আলাইহিন্না দারাজ্বাহ ; ওয়াল্লা-হু 'আযীযুন্ হ্বাকীম্ । ২২৯ । আত্ত্বালা-কু

ন্যায়সংগত । তবে তাদের (স্ত্রীদের) উপর পুরুষদের শ্রেষ্ঠত্ব রয়েছে । আল্লাহ্ তায়ালা মহা পরাক্রমশালী ও বিজ্ঞ । (২২৯) তালাক (রেজঈ)

مرتن فامساك بمعروف او تسريح باحسان ولا يحل لكم ان

মার্রাতা-নি ফাইম্সা-কুম্ বিমা'রূফিন আও তাস্রীহুম্ বি ইহ্বসা-ন ; ওয়ালা- ইয়াহ্বিল্লু লাকুম্ আন্

দু' বার । অতঃপর হয় তাকে ন্যায়সংগতভাবে রেখে দিবে অথবা, সদয়ভাবে বর্জন করবে । আর তোমাদের জন্য বৈধ হবে না তোমরা

تاخذوا مما اتيتموهن شيئا الا ان يخافا الا يقيما حدود الله

তা'খুযূ মিম্মা~আ-তাইতুমূহুন্না শাইআন্ ইল্লা~আইঁ ইয়াখা-ফা~আল্লা-ইয়ুক্বীমা হুদূদাল্লা-হ ;

যা কিছু স্ত্রীদেরকে দিয়েছ তা থেকে কিছুগ্রহণ করা । হাঁ, তবে যদি তারা উভয় আল্লাহর সীমারেখা কায়েম রাখতে না পারার আশংকা করে ।

فان خفتم الا يقيما حدود الله فلا جناح عليهما فيما افتدت به

ফাইন্ খিফ্তুম্ আল্লা- ইয়ুক্বীমা- হুদূদাল্লা-হি ফালা-জুনা-হ্বা 'আলাইহিমা- ফীমাফ্ তাদাত্ বিহ;

অতএব তোমরা যদি আশংকা কর যে, তারা (উভয়) আল্লাহর সীমারেখা কায়েম রাখতে পারবে না । তাহলে স্ত্রী অব্যাহতি পাওয়ার জন্য কিছু প্রদান করলে

تلك حدود الله فلا تعتدوها ومن يتعد حدود الله فاولئك هم

তিল্কা হুদূদুল্লা-হি ফালা-তা'তাদূহা, ওয়া মাইঁ ইয়াতা'আদ্দা হুদূদাল্লা-হি ফাউলা—ইকা হুমুয্

তাতে উভয়ের কোন পাপ হবে না । এটা হচ্ছে আল্লাহ তায়ালার সীমারেখা । খবরদার! সীমা অতিক্রম কর না । আর যারা আল্লাহর সীমা অতিক্রম করে, তারাই

২৭ ع ৫ ১১ রুকূ

الظلمون ﴿٢٢٩﴾ فان طلقها فلا تحل له من بعد حتى تنكح زوجا غيره

য্বা-লিমূন্ । ২৩০ । ফাইন্ ত্বাল্লাক্বাহা- ফালা- তাহ্বিল্লু লাহূ মিম্ বা'দু হ্বাত্তা- তান্কিহ্বা যাওজ্বান্ গাইরাহ ;

জালিম । (২৩০) অতঃপর যদি তাকে (তৃতীয়বার) তালাক দেয়া হয়, তবে সে স্ত্রী অন্য স্বামীকে বিবাহ না করা পর্যন্ত তার জন্য হালাল হবে না । অতঃপর যদি

فان طلقها فلا جناح عليهما ان يتراجعا ان ظنا ان يقيما حدود الله

ফাইন্ ত্বাল্লাক্বাহা- ফালা- জুনা-হ্বা 'আলাইহিমা~আইঁ ইয়াতারাজ্বা'আ~ইন্ য্বান্না~আইঁ ইয়ুক্বীমা- হুদূদাল্লা-হ ;

সে স্বামী তাকে তালাক দেয় আর তারা যদি উভয়ে মনে করে যে, আল্লাহর সীমারেখা কায়েম রাখতে পারবে, তবে তাদের পুনর্মিলনে কোন গুনাহ নেই ।

وتلك حدود الله يبينها لقوم يعلمون ﴿٢٣٠﴾ واذا طلقتم النساء فبلغن

ওয়া তিল্কা হুদূদুল্লা-হি ইয়ুবাইয়্যিনুহা- লিক্বাওমিইঁ ইয়া'লামূন্ । ২৩১ । ওয়া ইযা- ত্বাল্লাক্বতুমুন্ নিসা—আ ফাবালাগ্না

এগুলো হচ্ছে আল্লাহ তায়ালার সীমারেখা, যা তিনি জ্ঞানী সম্প্রদায়ের জন্য বর্ণনা করেন । (২৩১) যখন তোমরা স্ত্রীদেরকে তালাক দাও অতঃপর তারা সমাপ্ত

اجلهن فامسكوهن بمعروف او سرحوهن بمعروف ولا تمسكوهن

আজ্বালাহুন্না ফাআম্সিকূহুন্না বিমা'রূফিন আও সার্রিহ্বূহুন্না বিমা'রূফ, ওয়ালা- তুম্সিকূহুন্না

করে নেয় তাদের ইদ্দতকাল । তখন হয় তোমরা ন্যায়সংগতভাবে তাদের রেখে দাও অথবা, শালীনতার সাথে বর্জন কর । আর ক্ষতি

ضرارا لتعتدوا ومن يفعل ذلك فقد ظلم نفسه ولا تتخذوا ايت الله

দ্বিরা-রাল্ লিতা'তাদূ, ওয়া মাইঁ ইয়াফ'আল যা-লিকা ফাক্বাদ্ য্বালামা নাফ্সাহ ; ওয়ালা- তাত্তাখিযূ~আ- য়া-তিল্লা-হি

করে বাড়াবাড়ির উদ্দেশ্যে তাদেরকে আটকে রেখ না । আর যে এরূপ করবে সে নিজের প্রতিই জুলুম করবে । আর তোমরা বানিয়ো না আল্লাহর নির্দেশকে

هزوا واذكروا نعمت الله عليكم وما انزل عليكم من الكتب

হুযুওয়াওঁ ওয়ায্কুরূ নি'মাতাল্লা-হি 'আলাইকুম ওয়ামা~আন্যালা 'আলাইকুম্ মিনাল্ কিতা-বি

তামাশার বস্তু । তোমরা স্মরণ কর, আল্লাহ যে নিয়ামত তোমাদেরকে দান করেছেন সেগুলো । আর তোমাদের উপর যে কিতাব ও হিকমত নাযিল করেছেন,

والحكمة يعظكم به واتقوا الله واعلموا ان الله بكل شيء عليم

ওয়াল্ হ্বিক্মাতি ইয়া'ইয়ুকুম্ বিহ ; ওয়াত্তাকুল্লা-হা ওয়া'লামূ~আন্নাল্লা-হা বিকুল্লি শাই ইন্ 'আলীম্ ।

যা দ্বারা তিনি তোমাদেরকে উপদেশ দেন । আর তোমরা আল্লাহকে ভয় কর । জেনে রেখ! নিশ্চয়ই আল্লাহ্ প্রতিটি বিষয় ভালভাবে জানেন ।

﴿٢٣١﴾ واذا طلقتم النساء فبلغن اجلهن فلا تعضلوهن ان ينكحن

২৩২ । ওয়া ইযা- ত্বাল্লাক্বতুমুন্ নিসা—আ ফাবালাগ্না আজ্বালাহুন্না ফালা- তা'দ্বুলূহুন্না আইঁ ইয়ান্কিহ্বনা

(২৩২) তোমরা যখন স্ত্রীদের তালাক দাও, অতঃপর তারা যখন তাদের ইদ্দতকাল সমাপ্ত করে, তখন তাদের বাধা দিও না তাদের পূর্ব

ازواجهن اذا تراضوا بينهم بالمعروف ذلك يوعظ به من كان

আযওয়া-জ্বাহুন্না ইযা-তারা-দ্বাও বাইনাহুম্ বিলমা'রূফ ; যা-লিকা ইয়ু'আয্ব বিহী মান্ কা-না

স্বামীর সাথে বিবাহ বন্ধনে আবদ্ধ হতে । যদি তারা ন্যায়সংগতভাবে উভয়ে রাজী থাকে । এর দ্বারা উপদেশ প্রদান করা হল তাকে, যে

তিন চতুর্থাংশ ২৯ ع ১৩ রুকূ

مِنْكُمْ يُؤْمِنُ بِاللّٰهِ وَالْيَوْمِ الْاٰخِرِ ؕ ذٰلِكُمْ اَزْكٰى لَكُمْ وَاَطْهَرُ ؕ وَاللّٰهُ

মিন্‌কুম্ ইয়ু'মিনু বিল্লা-হি ওয়াল্ ইয়াওমিল্ আ-খির ; যা-লিকুম্ আযকা- লাকুম্ ওয়া আত্বহার ; ওয়াল্লা-হু
তোমাদের মধ্য হতে আল্লাহ ও আখিরাতের উপর ঈমান রাখে। এতে রয়েছে তোমাদের জন্য অধিক পরিশুদ্ধতা ও পবিত্রতা। আল্লাহ

يَعْلَمُ وَاَنْتُمْ لَا تَعْلَمُوْنَ ﴿٢٣٢﴾ وَالْوٰلِدٰتُ يُرْضِعْنَ اَوْلَادَهُنَّ حَوْلَيْنِ كَامِلَيْنِ

ইয়া'লামু ওয়া আন্‌তুম্ লা-তা'লামূন্। ২৩৩। ওয়াল্ ওয়া-লিদা-তু ইয়ুর্‌দ্বি'না আওলা-দাহুন্না হ্বাওলাইনি কা-মিলাইনি
যা জানেন, তোমরা তা জান না। (২৩৩) জননীগণ স্বীয় সন্তানদেরকে দুধ পান করাবে পূর্ণ দু' বছর,

لِمَنْ اَرَادَ اَنْ يُّتِمَّ الرَّضَاعَةَ ؕ وَعَلَى الْمَوْلُوْدِ لَهٗ رِزْقُهُنَّ وَكِسْوَتُهُنَّ

লিমান্ আরা-দা আইঁ ইয়ুতিম্‌মার্ রাদ্বা-'আহ ; ওয়া 'আলাল্ মাওলূদি লাহূ রিযক্বুহুন্না ওয়া কিস্‌ওয়াতুহুন্না
যে দুধ পান করানোর মুদ্দত পূর্ণ করাতে চায়। আর জনকের উপর দায়িত্ব হলো সে জননীর খোর-পোষের যথাযথ

بِالْمَعْرُوْفِ ؕ لَا تُكَلَّفُ نَفْسٌ اِلَّا وُسْعَهَا ۚ لَا تُضَآرَّ وَالِدَةٌ بِوَلَدِهَا

বিল্‌মা'রূফ ; লা-তুকাল্লাফু নাফসুন্ ইল্লা- উস'আহা-, লা- তুদ্বা—ররা ওয়া-লিদাতুম্ বিওয়ালাদিহা-
ব্যবস্থা করবে। কাউকেই সাধ্যাতীত কষ্ট দেয়া যাবে না। মাকে তার সন্তানের জন্য ক্ষতিগ্রস্ত করা যাবে না এবং

وَلَا مَوْلُوْدٌ لَّهٗ بِوَلَدِهٖ ۚ وَعَلَى الْوَارِثِ مِثْلُ ذٰلِكَ ۚ فَاِنْ اَرَادَا فِصَالًا

ওয়ালা- মাওলূদুল্ লাহূ বিওয়ালাদিহী ওয়া 'আলাল্ ওয়া-রিছি মিছলু যা-লিক, ফাইন্ আরা-দা- ফিস্বা-লান্
পিতাকেও তার সন্তানের জন্য ক্ষতিগ্রস্ত করা যাবে না। আর উত্তরাধিকারীগণের উপরও অনুরূপ দায়িত্ব। যদি পিতা-মাতা

عَنْ تَرَاضٍ مِّنْهُمَا وَتَشَاوُرٍ فَلَا جُنَاحَ عَلَيْهِمَا ؕ وَاِنْ اَرَدْتُّمْ اَنْ تَسْتَرْضِعُوْٓا

'আন্ তারা-দ্বিম্ মিন্‌হুমা- ওয়া তাশা-উরিন্ ফালা-জুনা-হ্বা 'আলাইহিমা; ওয়া ইন্ আরাদ্‌তুম্ আন্ তাস্‌তার্‌দ্বি'উ~
উভয় পারস্পরিক সম্মতি ও পরামর্শক্রমে দু' বছরের মধ্যেই দুধ ছাড়াতে ইচ্ছা করে, তাতে উভয়ের কোন পাপ হবে না। আর তোমরা যদি চাও যে,

اَوْلَادَكُمْ فَلَا جُنَاحَ عَلَيْكُمْ اِذَا سَلَّمْتُمْ مَّآ اٰتَيْتُمْ بِالْمَعْرُوْفِ ؕ

আওলা-দাকুম্ ফালা- জুনা-হ্বা 'আলাইকুম্ ইযা- সাল্লাম্‌তুম্ মা~আ-তাইতুম্ বিল্ মা'রূফ ;
তোমাদের সন্তানদেরকে কোন ধাত্রীর দ্বারা দুধ পান করাবে, তাতে কোন দোষ নেই, যদি তোমরা অর্পণ কর চুক্তিকৃত পাওনা বিধি মোতাবেক।

وَاتَّقُوا اللّٰهَ وَاعْلَمُوْٓا اَنَّ اللّٰهَ بِمَا تَعْمَلُوْنَ بَصِيْرٌ ﴿٢٣٣﴾ وَالَّذِيْنَ يُتَوَفَّوْنَ

ওয়াত্তাকুল্লা-হা ওয়া'লামূ~আন্নাল্লা-হা বিমা- তা'মালূনা বাস্বীর্। ২৩৪। ওয়াল্‌লাযীনা ইয়ুতাওয়াফ্‌ফাওনা
আল্লাহকে ভয় কর এবং জেনে রেখ, নিশ্চয়ই আল্লাহ তোমাদের কৃতকর্মসমূহ প্রত্যক্ষ করছেন। (২৩৪) তোমাদের মধ্য হতে যারা মৃত্যুবরণ করে

مِنْكُمْ وَيَذَرُوْنَ اَزْوَاجًا يَّتَرَبَّصْنَ بِاَنْفُسِهِنَّ اَرْبَعَةَ اَشْهُرٍ وَّعَشْرًا ۚ

মিন্‌কুম্ ওয়া ইয়াযারূনা আযওয়া-জাঁই ইয়াতারাব্বাস্বনা বি আন্‌ফুসিহিন্না আরবা'আতা আশ্‌হুরিওঁ ওয়া 'আশ্‌রা,
এ অবস্থায় যে, তারা স্ত্রী রেখে যায়, সে স্ত্রীগণ নিজেকে বিরত রাখবে চার মাস দশদিন।

فَاِذَا بَلَغْنَ اَجَلَهُنَّ فَلَا جُنَاحَ عَلَيْكُمْ فِيْمَا فَعَلْنَ فِيْٓ اَنْفُسِهِنَّ بِالْمَعْرُوْفِ ؕ

ফাইযা- বালাগ্‌না আজ্বালাহুন্না ফালা- জুনা-হ্বা 'আলাইকুম ফীমা- ফা'আল্‌না ফী~আন্‌ফুসিহিন্না বিল্ মা'রূফ ;
যখন তাদের ইদ্দতকাল পূর্ণ হবে তখন তাদের নিজেদের জন্য ন্যায়-নীতি ভাবে কোন ব্যবস্থা গ্রহণ করলে তাতে কোন পাপ নেই।

وَاللّٰهُ بِمَا تَعْمَلُوْنَ خَبِيْرٌ ﴿٢٣٤﴾ وَلَا جُنَاحَ عَلَيْكُمْ فِيْمَا عَرَّضْتُمْ بِهٖ مِنْ خِطْبَةِ

ওয়াল্লা-হু বিমা- তা'মালূনা খাবীর্। ২৩৫। ওয়ালা- জুনা-হ্বা 'আলাইকুম্ ফীমা- 'আর্‌রাদ্বতুম্ বিহী মিন্ খিত্ববাতিন্
তোমরা যা কর আল্লাহ তায়ালা সে সম্পর্কে অবহিত। (২৩৫) তোমাদের কোন পাপ নেই, যদি তোমরা ইশারা ইংগিতে সে নারীদের বিবাহের প্রস্তাব দাও

النِّسَآءِ اَوْ اَكْنَنْتُمْ فِيْٓ اَنْفُسِكُمْ ؕ عَلِمَ اللّٰهُ اَنَّكُمْ سَتَذْكُرُوْنَهُنَّ

নিসা—ই আও আক্‌নানতুম ফী~আন্‌ফুসিকুম্; 'আলিমাল্লা-হু আন্নাকুম্ সাতায্‌কুরূনাহুন্না
অথবা নিজের অন্তরে গোপনে বিবাহের ইচ্ছা পোষণ কর। আল্লাহ জানেন যে, নিশ্চয় তোমরা অতিশীঘ্র স্মরণ করবে সে নারীদেরকে।

وَلٰكِنْ لَّا تُوَاعِدُوْهُنَّ سِرًّا اِلَّآ اَنْ تَقُوْلُوْا قَوْلًا مَّعْرُوْفًا ؕ وَلَا تَعْزِمُوْا

ওয়ালা- কিল্ লা-তুওয়া-'ইদূহুন্না সির্‌রান্ ইল্লা~আন্ তাকূলূ ক্বাওলাম মা'রূফা; ওয়ালা- তা'যিমূ
কিন্তু তোমরা গোপনে তাদের সাথে (বিবাহের) অঙ্গীকার কর না; হাঁ বিধি সম্মত কথাবার্তা বলতে পার। আর ইদ্দত শেষ হয়ে

عُقْدَةَ النِّكَاحِ حَتّٰى يَبْلُغَ الْكِتٰبُ اَجَلَهٗ ؕ وَاعْلَمُوْٓا اَنَّ اللّٰهَ يَعْلَمُ مَا فِيْٓ

'উক্বদাতান্ নিকা-হ্বি হ্বাত্তা-ইয়াব্‌লুগাল্ কিতা-বু আজ্বালাহ ; ওয়া'লামূ~আন্নাল্লা-হা ইয়া'লামু মা-ফী~
না যাওয়া পর্যন্ত বিবাহ বন্ধনে আবদ্ধ হওয়ার ইচ্ছা কর না। জেনে রাখ, নিশ্চয়ই আল্লাহ তায়ালা তোমাদের অন্তরে যা আছে তা জানেন।

৩০ ع ৪ ১৪ রুকূ

اَنْفُسِكُمْ فَاحْذَرُوْهُ ۚ وَاعْلَمُوْٓا اَنَّ اللّٰهَ غَفُوْرٌ حَلِيْمٌ ﴿٢٣٥﴾ لَا جُنَاحَ عَلَيْكُمْ اِنْ

আনফুসিকুম্ ফাহ্বযারূহ, ওয়া'লামূ~আন্নাল্লা-হা গাফূরুন্ হ্বালীম্। ২৩৬। লা-জুনা-হ্বা 'আলাইকুম ইন
সুতরাং তাঁকে ভয় কর। আর একথাও জেনে রেখ যে, নিশ্চয় আল্লাহ ক্ষমাশীল এবং ধৈর্যশীল। (২৩৬) তোমাদের কোন অপরাধ নেই যদি

طَلَّقْتُمُ النِّسَآءَ مَا لَمْ تَمَسُّوْهُنَّ اَوْ تَفْرِضُوْا لَهُنَّ فَرِيْضَةً ۚ وَّمَتِّعُوْهُنَّ ۚ عَلَى

ত্বাল্লাক্বতুমুন্ নিসা—আ মা-লাম্ তামাস্‌সূহুন্না আও তাফ্‌রিদ্বূ লাহুন্না ফারীদ্বাতাওঁ ওয়া মাত্তি'উহুন্না, 'আলাল্
তোমরা তালাক দাও সে সকল স্ত্রীদেরকে যাদের তোমরা স্পর্শ করনি অথবা কোন মহর সাব্যস্ত করনি। আর তাদেরকে কিছু খরচ দিয়ে দিবে

الْمُوْسِعِ قَدَرُهٗ وَعَلَى الْمُقْتِرِ قَدَرُهٗ ۚ مَتَاعًا بِالْمَعْرُوْفِ ۚ حَقًّا عَلَى الْمُحْسِنِيْنَ ﴿٢٣٦﴾

মূসি'ই ক্বাদারুহূ ওয়া 'আলাল্ মুক্বতিরি ক্বাদারুহ, মাতা-'আম্ বিল্ মা'রূফ, হ্বাক্বক্বান্ 'আলাল্ মুহ্বসিনীন্।
বিত্তবান তার শক্তি অনুযায়ী আর বিত্তহীন তার অবস্থানুযায়ী। আর এ খরচ হবে ন্যায়সংগত। আর এটা সৎকর্মশীলদের জন্য কর্তব্য।

وَاِنْ طَلَّقْتُمُوْهُنَّ مِنْ قَبْلِ اَنْ تَمَسُّوْهُنَّ وَقَدْ فَرَضْتُمْ لَهُنَّ فَرِيْضَةً

২৩৭। ওয়া ইন্ ত্বাল্লাক্বতুমূহুন্না মিন্ ক্বাব্‌লি আন্ তামাস্‌সূহুন্না ওয়াক্বাদ্ ফারাদ্বতুম্ লাহুন্না ফারীদ্বাতান্
(২৩৭) আর যদি তোমরা স্ত্রীদের স্পর্শ করার পূর্বে তালাক দাও আর ধার্য করে থাক তাদের মহর। তখন নির্ধারিত মহরের

فنصف ما فرضتم الا ان يعفون او يعفوا الذى بيده عقدة النكاح

ফানিস্বফু মা-ফারাদ্বতুম্ ইল্লা~আঁই ইয়া'ফূনা আও ইয়া'ফুওয়াল্‌লাযী বিইয়াদিহী 'উক্বদাতুন্ নিকা-হ্ব ;
অর্ধেক দিয়ে দিবে। হ্যাঁ, তবে যদি স্ত্রী ক্ষমা করে দেয় অথবা, বিবাহ বন্ধন যার হাতে রয়েছে (অর্থাৎ স্বামী) সে যদি ক্ষমা করে দেয়

وان تعفوا اقرب للتقوى ولا تنسوا الفضل بينكم ان الله بما

ওয়া আন্ তা'ফূ~আক্বরাবু লিত্তাক্বওয়া; ওয়ালা- তানসাউল ফাদ্বলা বাইনাকুম্ ; ইন্নাল্লা-হা বিমা-
তা আলাদা কথা। আর ক্ষমা করে দেয়া হল পরহেজগারীর নিকটবর্তী। আর তোমরা পারস্পরিক সহানুভূতির কথা ভুল না। নিশ্চয়ই আল্লাহ তোমাদের যাবতীয়

تعملون بصير ۝٢٣٧ حفظوا على الصلوت والصلوة الوسطى وقوموا لله

তা'মালূনা বাস্বীর। ২৩৮। হ্বা-ফিজূ 'আলাস্ব স্বালাওয়া-তি ওয়াস্ব স্বালা-তিল্ উস্‌ত্বা- ওয়াক্বূমূ লিল্লা-হি
কাজ কর্ম দেখেন। (২৩৮) তোমরা নামাযের প্রতি যত্নবান হও, বিশেষ করে মধ্যবর্তী নামাযের প্রতি এবং আল্লাহর সম্মুখে তোমরা বিনীতভাবে

قنتين ۝٢٣٨ فان خفتم فرجالا او ركبانا فاذا امنتم فاذكروا الله كما

ক্বা-নিতীন্। ২৩৯। ফাইন্ খিফ্‌তুম্ ফারিজ্বা-লান্ আও রুক্‌বা-না, ফাইযা~আমিন্‌তুম ফায্‌কুরুল্‌ লা-হা কামা-
দণ্ডায়মান হও। (২৩৯) আর যদি তোমরা আশংকা বোধ কর, তবে পদচারী অথবা সওয়ারী অবস্থায় (নামায পড়)। যখন তোমরা নিরাপদ হও তখন স্মরণ কর

علمكم ما لم تكونوا تعلمون ۝٢٣٩ والذين يتوفون منكم ويذرون

'আল্লামাকুম মা-লাম্ তাকূনূ তা'লামূন্। ২৪০। ওয়াল্‌লাযীনা ইয়ুতাওয়াফ্‌ফাওনা মিন্‌কুম্ ওয়া ইয়াযারূনা
আল্লাহকে। যেভাবে তিনি তোমাদেরকে শিক্ষা দিয়েছেন, যা তোমরা জানতে না। (২৪০) তোমাদের মধ্যে যারা স্ত্রী রেখে মৃত্যুবরণ করবে,

ازواجا وصية لازواجهم متاعا الى الحول غير اخراج فان خرجن

আযওয়াজ্বাওঁ ওয়াস্বিয়্যাতাল্ লিআযওয়া-জ্বিহিম্ মাতা-'আন্ ইলাল্ হ্বাওলি গাইরা ইখ্‌রা-জ্ব, ফাইন্ খারাজ্বনা
তারা যেন (মৃত্যু আসন্ন অবস্থায়) অসিয়ত করে যায় স্ত্রীদের ঘর থেকে বের না করে এক বছর পর্যন্ত তাদের খোর-পোষের ব্যবস্থা করার জন্য।

فلا جناح عليكم فى ما فعلن فى انفسهن من معروف والله عزيز

ফালা-জুনা-হ্বা 'আলাইকুম ফী মা- ফা'আল্‌না ফী~আনফুসিহিন্না মিম্ মা'রূফ ; ওয়াল্লা-হু 'আযীযুন্
তবে যদি তারা (স্ত্রীগণ) নিজ দায়িত্বে বের হয়ে যায়, তবে ন্যায়সংগত ভাবে নিজেদের ব্যাপারে তারা যা ব্যবস্থা নিবে তাতে তোমাদের কোন গুনাহ নেই। আল্লাহ

حكيم ۝٢٤٠ وللمطلقت متاع بالمعروف حقا على المتقين ۝٢٤١ كذلك

হ্বাকীম্। ২৪১। ওয়া লিল্ মুত্বাল্লাক্বা-তি মাতা-'উম্ বিল্ মা'রূফ ; হ্বাক্বক্বান্ 'আলাল্ মুত্তাক্বীন্। ২৪২। কাযা-লিকা
পরাক্রমশালী, প্রজ্ঞাময়। (২৪১) তালাক প্রাপ্তাদেরকে প্রচলিত বিধি মোতাবেক খরচ দেয়া মুত্তাকীদের দায়িত্ব। (২৪২) এভাবে

يبين الله لكم ايته لعلكم تعقلون ۝٢٤٢ الم تر الى الذين خرجوا

ইয়ুবাইয়িনুল্‌লা-হু লাকুম্ আ-ইয়া-তিহী লা'আল্লাকুম্ তা'ক্বিলূন্। ২৪৩। আলাম্ তারা ইলাল্ লাযীনা খারাজূ
আল্লাহ তায়ালা তোমাদের জন্য তার বিধানসমূহ স্পষ্টভাবে বর্ণনা করেন, যাতে তোমরা বুঝতে পার। (২৪৩) আপনি কি তাদেরকে দেখেননি যারা মৃত্যু ভয়ে

৩১ ع ৭ ১৫ রুকূ

من ديارهم وهم الوف حذر الموت فقال لهم الله موتوا ثم

মিন্ দিয়া-রিহিম্ ওয়া হুম্ উলূফুন্ হ্বাযারাল্ মাওত, ফাক্বা-লা লাহুমুল্লা-হু মূতূ, ছুম্মা
বেরিয়ে গিয়েছিল তাদের ঘর থেকে অথচ তারা (সংখ্যায় ছিল) হাজার হাজার, অতঃপর আল্লাহ তায়ালা তাদেরকে বললেন, মরে যাও। অতঃপর আল্লাহ

احياهم ان الله لذو فضل على الناس ولكن اكثر الناس لا يشكرون

আহ্বইয়া-হুম্ ; ইন্নাল্লা-হা লাযূ ফাদ্বলিন্ 'আলা-ন্ না-সি ওয়ালা-কিন্না আক্‌ছারান্ না-সি লা-ইয়াশকুরূন্।
তাদের জীবিত করলেন, নিশ্চয়ই আল্লাহ তায়ালা মানুষের উপর অনুগ্রহশীল, কিন্তু অধিকাংশ লোক শোকর আদায় করে না।

۝٢٤٣ وقاتلوا فى سبيل الله واعلموا ان الله سميع عليم ۝٢٤٤ من ذا الذى

২৪৪। ওয়াক্বা-তিলূ ফী সাবীলিল্লা-হি ওয়া'লামূ~আন্নাল্লা-হা সামী'উন্ 'আলীম্। ২৪৫। মান্ যাল্লাযী
(২৪৪) তোমরা লড়াই কর আল্লাহর পথে এবং জেনে রেখ নিশ্চয়ই আল্লাহ সর্বশ্রোতা ও সর্বজ্ঞ। (২৪৫) এমন কে আছে যে

يقرض الله قرضا حسنا فيضعفه له اضعافا كثيرة والله يقبض

ইয়ুক্বরিদ্বুল্লা-হা ক্বার্‌দ্বান্ হ্বাসানান্ ফাইয়ুদ্বা-'ইফাহূ লাহূ~আদ্ব'আ-ফান্ কাছীরাহ ; ওয়াল্লা-হু ইয়াক্ববিদ্বু
আল্লাহকে উত্তম ঋণ প্রদান করবে? তাহলে আল্লাহ তাকে তা বহুগুণে বাড়িয়ে দিবেন। আল্লাহই কমান এবং প্রশস্ত করেন

ويبصط واليه ترجعون ۝٢٤٥ الم تر الى الملا من بنى اسراءيل من

ওয়া ইয়াবস্বুত্ব, ওয়া-ইলাইহি তুর্‌জ্বা'ঊন্। ২৪৬। আলাম্ তারা ইলাল্ মালাই মিম্ বানী~ইস্‌রা—ঈলা মিম্
এবং (মৃত্যুর পর) তোমরা তাঁরই দিকে প্রত্যাবর্তিত হবে। (২৪৬) আপনি কি মূসার পরবর্তী সময়ে বনী ইসরাঈলের একটি দলকে দেখেন নি?

بعد موسى اذ قالوا لنبى لهم ابعث لنا ملكا نقاتل فى سبيل الله

বা'দি মূসা। ইয্ ক্বা-লূ লিনাবিয়্যিল্ লাহুমুব্ 'আছ লানা- মালিকান্ নুক্বা-তিল্ ফী সাবীলিল্লা-হ ;
যখন তারা তাদের নবীকে বলেছিল, আমাদের জন্য একজন বাদশাহ নিযুক্ত করুন, যাতে আমরা আল্লাহর পথে লড়াই করতে পারি।

قال هل عسيتم ان كتب عليكم القتال الا تقاتلوا قالوا وما

ক্বা-লা হাল্ 'আসাইতুম্ ইন কুতিবা 'আলাইকুমুল্ ক্বিতা-লু আল্লা-তুক্বা-তিলূ ; ক্বা-লূ ওয়া মা-
তিনি বললেন, তোমাদের থেকে এ সম্ভাবনা আছে কি? যখন তোমাদেরকে হুকুম দেয়া হবে লড়াই করার জন্য; তখন তোমরা লড়াই করবে না? তারা বলল, আমরা

لنا الا نقاتل فى سبيل الله وقد اخرجنا من ديارنا وابنائنا فلما

লানা~আল্লা- নুক্বা-তিলা ফী সাবীলিল্লা-হি ওয়া ক্বাদ্ উখ্‌রিজ্বনা- মিন্ দিয়া-রিনা- ওয়া আব্‌না—ইনা; ফালাম্মা-
কেন আল্লাহর পথে লড়াই করব না? অথচ আমাদেরকে বের করে দেয়া হয়েছে আমাদের আবাসভূমি এবং আমাদের সন্তান সন্ততির কাছ থেকে। অতঃপর যখন

كتب عليهم القتال تولوا الا قليلا منهم والله عليم بالظلمين

কুতিবা 'আলাইহিমুল্ ক্বিতা-লু তাওয়াল্লাও ইল্লা- ক্বালীলাম্ মিন্‌হুম্ ; ওয়াল্লা-হু 'আলীমুম্ বিয্‌যা-লিমীন্।
তাদেরকে লড়াই করার হুকুম দেয়া হয়েছিল, তখন তাদের অল্পসংখ্যক লোক ছাড়া সকলেই পৃষ্ঠ প্রদর্শন করল। আল্লাহ জালেমদেরকে ভালভাবেই জানেন।

﴿٢٤٧﴾ وَقَالَ لَهُمْ نَبِيُّهُمْ إِنَّ اللّٰهَ قَدْ بَعَثَ لَكُمْ طَالُوتَ مَلِكًا ۚ قَالُوٓا أَنّٰى

২৪৭। ওয়া ক্বা-লা লাহুম্ নাবিইয়্যুহুম্ ইন্নাল্লা-হা ক্বাদ্ বা'আছা লাকুম্ ত্বা-লূতা মালিকা ; ক্বা-লূ~আন্না-
(২৪৭) তাদের কাছে তাদের নবী বললেন, নিশ্চয়ই আল্লাহ তায়ালা তোমাদের জন্য তালূতকে বাদশাহ নিযুক্ত করেছেন। তারা বলল,

يَكُونُ لَهُ الْمُلْكُ عَلَيْنَا وَنَحْنُ أَحَقُّ بِالْمُلْكِ مِنْهُ وَلَمْ يُؤْتَ سَعَةً

ইয়াকূনু লাহুল্ মুল্‌কু 'আলাইনা- ওয়া নাহ্নু আহ্বাক্কু বিল্ মুল্‌কি মিন্‌হু ওয়ালাম্ ইয়ু'তা সা'আতাম
তার বাদশাহী আমাদের উপর কিভাবে হবে? বাদশাহ হবার অধিকার তার চেয়ে আমাদের বেশী। তাকে তো আর্থিক সচ্ছলতাও

مِّنَ الْمَالِ ۚ قَالَ إِنَّ اللّٰهَ اصْطَفٰهُ عَلَيْكُمْ وَزَادَهُ بَسْطَةً فِي الْعِلْمِ

মিনাল্ মা-ল ; ক্বা-লা ইন্নাল্লা-হাস্ব্‌ত্বাফা-হু 'আলাইকুম ওয়াযা-দাহূ বাসত্বাতান ফিল্ 'ইল্‌মি
দেয়া হয়নি; নবী বললেন, আল্লাহ তায়ালা তাকে তোমাদের জন্য মনোনীত করেছেন এবং আধিক্য দান করেছেন জ্ঞান ও দেহের

وَالْجِسْمِ ۖ وَاللّٰهُ يُؤْتِي مُلْكَهُ مَنْ يَشَاءُ ۚ وَاللّٰهُ وَاسِعٌ عَلِيمٌ ﴿٢٤٨﴾ وَقَالَ

ওয়াল্ জ্বিস্‌ম ; ওয়াল্লা-হু ইয়ু'তী মুল্‌কাহূ মাইঁ ইয়াশা—উ, ওয়াল্লা-হু ওয়া-সি'উন্ 'আলীম। ২৪৮। ওয়াক্বা-লা
দিক থেকে। আল্লাহ তায়ালা যাকে ইচ্ছা করেন তাকে বাদশাহী দান করেন। আল্লাহ প্রশস্ততা দানকারী ও সর্বজ্ঞ। (২৪৮) আর তাদের

لَهُمْ نَبِيُّهُمْ إِنَّ آيَةَ مُلْكِهِ أَنْ يَأْتِيَكُمُ التَّابُوتُ فِيهِ سَكِينَةٌ مِّنْ

লাহুম্ নাবিইয়্যুহুম্ ইন্না আ-ইয়াতা মুল্‌কিহী~আইঁ ইয়া'তিয়াকুমুত্ তা-বূতু ফীহি সাকীনাতুম্ মির
নবী তাদেরকে বললেন, তার বাদশাহ হওয়ার নিদর্শন এই যে, তোমাদের কাছে একটি সিন্দুক আসবে, যার মধ্যে রয়েছে তোমাদের

رَّبِّكُمْ وَبَقِيَّةٌ مِّمَّا تَرَكَ آلُ مُوسٰى وَآلُ هٰرُونَ تَحْمِلُهُ الْمَلٰٓئِكَةُ ۚ إِنَّ

রাব্বিকুম্ ওয়া বাক্বিয়্যাতুম্ মিম্মা- তারাকা আ-লু মূসা- ওয়া আ-লু হা-রূনা তাহ্বমিলুহুল্ মালা—ইকাহ ; ইন্না
রবের তরফ থেকে প্রশান্তি ; আর মূসা ও হারূনের বংশধরদের পরিত্যক্ত কিছু জিনিস। ফিরিশতারা সেটি বহন করে আনবে। যদি তোমরা মুমিন হও তবে নিশ্চয়ই

فِي ذٰلِكَ لَآيَةً لَّكُمْ إِنْ كُنْتُمْ مُّؤْمِنِينَ ﴿٢٤٩﴾ فَلَمَّا فَصَلَ طَالُوتُ بِالْجُنُودِ ۙ

ফী যা-লিকা লাআ-ইয়াতাল্ লাকুম্ ইন্ কুন্‌তুম্ মু'মিনীন্। ২৪৯। ফালাম্মা- ফাস্বালা ত্বা-লূতু বিল্ জুনূদি
এর মধ্যে রয়েছে তোমাদের জন্য নিদর্শন। (২৪৯) অতঃপর যখন তালূত সৈন্যসহ বের হল, তখন সে

৩২ ع ৬ ১৬ রুকূ

قَالَ إِنَّ اللّٰهَ مُبْتَلِيكُمْ بِنَهَرٍ ۚ فَمَنْ شَرِبَ مِنْهُ فَلَيْسَ مِنِّي ۚ وَمَنْ لَّمْ

ক্বা-লা ইন্নাল্লা-হা মুব্‌তালীকুম্ বিনাহার, ফামান্ শারিবা মিন্‌হু ফালাইসা মিন্নী, ওয়া মাল্ লাম্
বলল, নিশ্চয়ই আল্লাহ তায়ালা তোমাদেরকে একটি নহর দ্বারা তোমাদের পরীক্ষা করবেন। যে ব্যক্তি তা থেকে পান করবে সে আমার দলভুক্ত নয়।

✪ টীকা (আঃ ২৪৮) ঃ তাবুত (সিন্দুক) ঃ বনী ইসরাঈলগণের পুরুষানুক্রমে একটি সিন্দুক চলে আসছিল। তার ভিতর হযরত মূসা (আ) ও অন্যান্য নবীর স্মৃতি চিহ্ন রক্ষিত ছিল। বনী ঈসরাইল যুদ্ধ-বিগ্রহ কালে সিন্দুকটি সামনে রাখত। আল্লাহ তায়ালা তার বরকতে তাদেরকে বিজয় দান করতেন। জালূত যখন তাদের উপর বিজয়ী হয়; তখন সে এ সিন্দুকটিও সাথে নিয়ে যায়। তারপর আল্লাহ তায়ালা যখন ইচ্ছা করলেন যে, এ সিন্দুকটি বনী ঈসরাইলের নিকট পৌঁছে দিবেন। তখন জালূত সেটি যেখানেই রাখত সেখানেই মহা-মারীসহ বিভিন্ন বিপদ দেখা দিত ; এভাবে পাঁচটি নগর জনশূন্য হয়ে গেল। নিরুপায় হয়ে সে দু'টি গরুর উপর সেটি চাপিয়ে দিল এবং গরু দু'টি হাঁকিয়ে দিল। ফিরিশতারা সে দু'টি হাঁকাতে হাঁকাতে তালুতের বাড়ীর দরজায় পৌঁছে দিল। বনী ঈসরাইল সেটি দেখে তালুতের রাজত্বে বিশ্বাস স্থাপন করল।

يَطْعَمْهُ فَإِنَّهُ مِنِّي إِلَّا مَنِ اغْتَرَفَ غُرْفَةً بِيَدِهِ ۚ فَشَرِبُوا مِنْهُ إِلَّا

ইয়াত্ব'আম্‌হু ফাইন্নাহূ মিন্নী~ইল্লা- মানিগ্‌তারাফা গুরফাতাম বিইয়াদিহ, ফাশারিবূ মিন্‌হু ইল্লা-
আর যে ব্যক্তি তার স্বাদ গ্রহণ করবে না সে আমার দলভুক্ত। তবে যে ব্যক্তি তার হাত দ্বারা এক কোষ পান করবে সে অবশ্য দোষী হবে না। অতঃপর

قَلِيلًا مِّنْهُمْ ۚ فَلَمَّا جَاوَزَهُ هُوَ وَالَّذِينَ آمَنُوا مَعَهُ ۙ قَالُوا لَا طَاقَةَ لَنَا الْيَوْمَ

ক্বালীলাম্ মিন্‌হুম্, ফালাম্মা- জ্বা-ওয়াযাহূ হুওয়া ওয়াল্লাযীনা আ-মানূ মা'আহূ ক্বা-লূ লা- ত্বা-ক্বাতা লানাল ইয়াওমা
অল্পসংখ্যক লোক ব্যতীত সবাই সে পানি পান করল। যখন তালূত এবং তার ঈমানদার সাথিরা নহর অতিক্রম করল, তখন তারা বলল,

بِجَالُوتَ وَجُنُودِهِ ۚ قَالَ الَّذِينَ يَظُنُّونَ أَنَّهُمْ مُّلٰقُوا اللّٰهِ ۙ كَمْ مِّنْ فِئَةٍ

বিজ্বা-লূতা ওয়া জুনূদিহ ; ক্বালাল্ লাযীনা ইয়াযুন্‌নূনা আন্নাহুম্ মুলা-ক্বুল্লা-হি কাম্ মিন্ ফিআতিন্
জালূত ও তার সৈন্য বাহিনীর সাথে লড়াই করার ক্ষমতা আজ আমাদের নেই। কিন্তু যাদের আল্লাহর সাথে সাক্ষাতের দৃঢ় ধারণা রয়েছে

قَلِيلَةٍ غَلَبَتْ فِئَةً كَثِيرَةً بِإِذْنِ اللّٰهِ ۗ وَاللّٰهُ مَعَ الصّٰبِرِينَ ﴿٢٥٠﴾ وَلَمَّا

ক্বালীলাতিন গালাবাত্ ফিআতান্ কাছীরাতাম্ বিইয্‌নিল্লা-হ ; ওয়াল্লা-হু মা'আস্ব স্বা-বিরীন্। ২৫০। ওয়া লাম্মা-
তারা বলল, বহু ছোট ছোট দল বড় বড় দলের উপর আল্লাহর হুকুমে বিজয়ী হয়েছে। আর আল্লাহ ধৈর্যশীলদের সাথে রয়েছেন। (২৫০) যখন তারা জালূত ও তার

بَرَزُوا لِجَالُوتَ وَجُنُودِهِ قَالُوا رَبَّنَآ أَفْرِغْ عَلَيْنَا صَبْرًا وَّثَبِّتْ أَقْدَامَنَا

বারাযূ লিজ্বা-লূতা ওয়া জুনূদিহী ক্বা-লূ রাব্বানা~'আফ্‌রিগ্ 'আলাইনা- স্বাব্‌রাওঁ ওয়া ছাব্বিত্ আক্বদা-মানা-
সৈন্য বাহিনীর মোকাবেলায় ময়দানে আসল, তখন তারা বলল, হে আমাদের প্রতিপালক, আমাদেরকে ধৈর্য ধরার তাওফীক দান কর এবং আমাদের পা দৃঢ় রাখ

وَانْصُرْنَا عَلَى الْقَوْمِ الْكٰفِرِينَ ﴿٢٥١﴾ فَهَزَمُوهُمْ بِإِذْنِ اللّٰهِ ۙ وَقَتَلَ دَاوُدُ جَالُوتَ

ওয়ান্‌স্বুর্‌না- 'আলাল ক্বাওমিল্ কা-ফিরীন্। ২৫১। ফাহাযামূহুম্ বিইয্‌নিল্লা-হি ওয়া ক্বাতালা দা-উদু জ্বা-লূতা
এবং কাফিরদের মোকাবেলায় আমাদেরকে সাহায্য কর। (২৫১) অতঃপর তারা জালূত বাহিনীকে আল্লাহর হুকুমে পরাভূত করল এবং দাউদ জালূতকে

وَآتٰهُ اللّٰهُ الْمُلْكَ وَالْحِكْمَةَ وَعَلَّمَهُ مِمَّا يَشَاءُ ۗ وَلَوْلَا دَفْعُ اللّٰهِ النَّاسَ

ওয়া আ-তা-হুল্লা-হুল্ মুল্‌কা ওয়াল্ হিক্‌মাতা ওয়া 'আল্লামাহূ মিম্মা- ইয়াশা—উ ; ওয়া লাওলা- দাফ'উলল্লা-হিন্ না-সা
হত্যা করল। আল্লাহ তাঁকে [দাউদ (আ)-কে] রাজত্ব ও হিকমত দান করলেন এবং তাকে নিজ ইচ্ছা অনুযায়ী শিক্ষা দিলেন। যদি আল্লাহ মানুষদের

بَعْضَهُمْ بِبَعْضٍ ۙ لَّفَسَدَتِ الْأَرْضُ وَلٰكِنَّ اللّٰهَ ذُو فَضْلٍ عَلَى الْعٰلَمِينَ ○

বা'দ্বাহুম্ বিবা'দ্বিল্ লাফাসাদাতিল্ আরদ্বু ওয়া লা-কিন্নাল্লা-হা যূ ফাদ্বলিন্ 'আলাল্ 'আ-লামীন।
একদলকে অন্য দল দ্বারা প্রতিহত না করতেন; তবে গোটা পৃথিবী অবশ্যই বিপর্যস্ত হয়ে পড়ত। কিন্তু আল্লাহ তায়ালা বিশ্ববাসীর উপর অত্যন্ত অনুগ্রহশীল।

﴿٢٥٢﴾ تِلْكَ آيٰتُ اللّٰهِ نَتْلُوهَا عَلَيْكَ بِالْحَقِّ ۚ وَإِنَّكَ لَمِنَ الْمُرْسَلِينَ ○

২৫২। তিল্‌কা আ-ইয়া-তুল্লা-হি নাত্‌লূহা- 'আলাইকা বিল্ হাক্ক্ব ; ওয়া ইন্নাকা লামিনাল মুর্‌সালীন।
(২৫২) এসমুদয় আল্লাহর নিদর্শন যা আমি যথাযথভাবে আপনার প্রতি পেশ করছি। নিশ্চয়ই আপনি রাসূলগণের অন্তর্ভুক্ত।

تِلْكَ الرُّسُلُ فَضَّلْنَا بَعْضَهُمْ عَلٰى بَعْضٍ ۘ مِنْهُمْ مَّنْ كَلَّمَ اللّٰهُ وَرَفَعَ

২৫৩। তিলকার রুসুলু ফাদ্দ্বালনা- বা'দ্বাহুম 'আলা-বা'দ্ব। মিন্হুম্ মান্ কাল্লামাল্লা-হু ওয়া রাফা'আ
(২৫৩) এই রাসূলগণ এমন যে, আমি তাদের কাউকে কারো উপর মর্যাদা দান করেছি। তাদের মধ্যে এমন কেউ আছেন যাঁর সাথে আল্লাহ

بَعْضَهُمْ دَرَجٰتٍ ۭ وَاٰتَيْنَا عِيْسَى ابْنَ مَرْيَمَ الْبَيِّنٰتِ وَاَيَّدْنٰهُ بِرُوْحِ

বা'দ্বাহুম দারাজ্বা-ত ; ওয়া আ-তাইনা- 'ঈসাব্না মারইয়ামাল বাইয়্যিনা-তি ওয়া আইয়্যাদ্না-হু বিরূহিল
কথা বলেছেন এবং কাউকে উন্নীত করেছেন সুউচ্চ মর্যাদায়; আমি মারইয়ামের পুত্র ঈসাকে স্পষ্ট নিদর্শন দিয়েছি এবং আমি তাকে

الْقُدُسِ ۭ وَلَوْ شَاۗءَ اللّٰهُ مَا اقْتَتَلَ الَّذِيْنَ مِنْۢ بَعْدِهِمْ مِّنْۢ بَعْدِ مَا جَاۗءَتْهُمُ

কুদুস ; ওয়া লাও শা—আল্লা-হু মাক্বতাতা লাল্লাযীনা মিম্ বা'দিহিম্ মিম্ বা'দি মা- জ্বা—আত্ হুমুল
রূহুলকুদুস (জিবরাঈল) দ্বারা সাহায্য করেছি। আল্লাহ তায়ালা যদি ইচ্ছা করতেন তবে এসব নবীর পরবর্তী উম্মতরা তাদের কাছে সুস্পষ্ট নিদর্শনাবলী আসার

الْبَيِّنٰتُ وَلٰكِنِ اخْتَلَفُوْا فَمِنْهُمْ مَّنْ اٰمَنَ وَمِنْهُمْ مَّنْ كَفَرَ ۭ وَلَوْ شَاۗءَ اللّٰهُ

বাইয়্যিনা-তু ওয়া লা-কিনিখ্ তালাফূ ফামিন্হুম্ মান আ-মানা ওয়া মিন্হুম্ মান কাফার ; ওয়া লাও শা—আল্লা-হু
পরও পরস্পরে লড়াই করত না; কিন্তু তাদের মধ্যে মতানৈক্যের সৃষ্টি হল। সুতরাং তাদের মধ্যে কতক ঈমান আনল আর কতক কুফরী করল; আল্লাহ

مَا اقْتَتَلُوْا ۣ وَلٰكِنَّ اللّٰهَ يَفْعَلُ مَا يُرِيْدُ ۝ يٰۤاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْۤا اَنْفِقُوْا مِمَّا

মাক্বতাতালূ ; ওয়া লা- কিন্নাল্লা-হা ইয়াফ'আলু মা- ইয়ুরীদ। ২৫৪। ইয়া~আইয়্যুহাল্লাযীনা আ-মানূ~আনফিকূ মিম্মা-
যদি ইচ্ছা করতেন তবে তারা পরস্পরে লড়াই করত না; কিন্তু আল্লাহ তা-ই করেন যা তিনি ইচ্ছা করেন। (২৫৪) হে ঈমানদারগণ! আমি তোমাদেরকে

رَزَقْنٰكُمْ مِّنْ قَبْلِ اَنْ يَّاْتِيَ يَوْمٌ لَّا بَيْعٌ فِيْهِ وَلَا خُلَّةٌ وَّلَا شَفَاعَةٌ ۭ وَ

রাযাক্বনা-কুম্ মিন ক্বাব্লি আঁই ইয়া'তিইয়া ইয়াওমুল্ লা-বাই'য়ুন ফীহি ওয়ালা- খুল্লাতুঁও ওয়ালা- শাফা-'আহ ; ওয়াল
যে রিযিক দিয়েছি তা থেকে খরচ কর সেদিন আসার পূর্বেই, যেদিন কোন বেচা-কেনা চলবেনা, বন্ধুত্ব থাকবে না এবং কোন সুপারিশও চলবে না। আর

الْكٰفِرُوْنَ هُمُ الظّٰلِمُوْنَ ۝ اَللّٰهُ لَاۤ اِلٰهَ اِلَّا هُوَ ۚ اَلْحَيُّ الْقَيُّوْمُ ۚ لَا تَاْخُذُهٗ سِنَةٌ

কা-ফিরূনা হুমুয্ যা-লিমূন। ২৫৫। আল্লা-হু লা~ইলা-হা ইল্লা- হুও, আল হাইয়্যুল ক্বাইয়্যূম, লা- তা'খুযুহূ সিনাতুঁও
কাফিররাই হল অত্যাচারী। (২৫৫) আল্লাহ এমন যে, তিনি ছাড়া কোন মা'বুদ নেই, তিনি চিরঞ্জীব এবং সংরক্ষণকারী। তাঁকে স্পর্শ

وَّلَا نَوْمٌ ۭ لَهٗ مَا فِي السَّمٰوٰتِ وَمَا فِي الْاَرْضِ ۭ مَنْ ذَا الَّذِيْ يَشْفَعُ عِنْدَهٗۤ

ওয়া লা-নাওম ; লাহূ মা- ফিস্ সামা-ওয়া-তি ওয়ামা- ফিল্ আরদ্ব ; মান্ যাল্লাযী ইয়াশ্ফা'উ 'ইন্দাহূ~
করতে পারে না, তন্দ্রা ও নিদ্রা। আসমানে ও যমিনে যা কিছু রয়েছে সব তাঁরই; এমন কে আছে যে, তাঁর অনুমতি ছাড়া তাঁর কাছে সুপারিশ

○ **টীকা (আঃ ২৫৫) ঃ আয়াতুল কুরছীর ফযীলত ঃ** পবিত্র কুরআন মজীদের ৬৬৬৬ আয়াতের মধ্যে এ আয়াতটি .... الله لا اله (وهو العلى العظيم) সর্বাধিক ফযীলতময় ও গুরুত্বপূর্ণ। এ আয়াতটি হল আয়াতুল কুরছী। * যে ব্যক্তি প্রত্যেক নামাযের পর আয়াতুল কুরছী পাঠ করবে তার জন্য একমাত্র মওত ব্যতীত বেহেশতে প্রবেশ করার অন্য কোন বাধা থাকবে না। যথারীতি আয়াতুল কুরছী সে ব্যক্তিই পাঠ করে থাকে যে ব্যক্তি সৎ ও কল্যাণকামী এবং ইবাদাত গোজার। * যে ব্যক্তি শয়নকালে আয়াতুল কুরছী পাঠ করে আল্লাহ পাক তাকে, তার প্রতিবেশীকে ও তার প্রতিবেশীর প্রতিবেশীকে এবং তাদের আশে-পাশের সকল বসতি লোকদেরকে সহীহ সালামতে ও নিরাপদে রাখেন। * নিয়মিত আয়াতুর কুরছী পাঠ করলে জ্বিন-ভূতের আক্রমণ থেকে রক্ষা পাওয়া যায়। (আজিঃ ছালেহীন)

পারা ৩ ওয়াক্বফে গুফরান ৭ ৩৩ ع ৫ ১ রুকূ

اِلَّا بِاِذْنِهٖ ۭ يَعْلَمُ مَا بَيْنَ اَيْدِيْهِمْ وَمَا خَلْفَهُمْ ۚ وَلَا يُحِيْطُوْنَ بِشَيْءٍ مِّنْ

ইল্লা- বিইয্নিহ ; ইয়া'লামু মা- বাইনা আইদীহিম ওয়ামা- খালফাহুম, ওয়ালা- ইয়ুহীতূনা বিশাইইম মিন
করবে? তাদের সামনে ও পশ্চাতে যা কিছু আছে তা তিনি জানেন এবং তারা তাঁর জ্ঞানের কোন কিছুই আয়ত্ত করতে পারে না,

عِلْمِهٖۤ اِلَّا بِمَا شَاۗءَ ۚ وَسِعَ كُرْسِيُّهُ السَّمٰوٰتِ وَالْاَرْضَ ۚ وَلَا يَـــُٔوْدُهٗ

'ইলমিহী~ইল্লা- বিমা- শা—আ, ওয়া সি'আ কুরসিইয়্যুহুস্ সামা-ওয়া-তি ওয়াল আরদ্ব ; ওয়ালা- ইয়াউদুহু
কিন্তু যে পরিমাণ তিনি ইচ্ছা করেন। তাঁর আসন গোটা আসমান ও যমিন পরিবেষ্টিত করে আছে। এ দু'টির (আসমান ও যমিন)

حِفْظُهُمَا ۚ وَهُوَ الْعَلِيُّ الْعَظِيْمُ ۝ لَاۤ اِكْرَاهَ فِي الدِّيْنِ ڗ قَدْ تَّبَيَّنَ الرُّشْدُ

হিফ্যুহুমা, ওয়া হুওয়াল্ 'আলিইয়্যুল 'আযীম। ২৫৬। লা~ইক্রা-হা ফিদ্ দীনি ক্বাত্ তাবাইয়্যানার রুশ্দু
রক্ষণা-বেক্ষণ তাঁর জন্য কষ্টকর নয়। তিনি সর্বোচ্চ ও সুমহান। (২৫৬) দ্বীনের ব্যাপারে কোন জবরদস্তি নেই। নিশ্চয়ই সঠিক পথ

مِنَ الْغَيِّ ۚ فَمَنْ يَّكْفُرْ بِالطَّاغُوْتِ وَيُؤْمِنْۢ بِاللّٰهِ فَقَدِ اسْتَمْسَكَ بِالْعُرْوَةِ

মিনাল গাইয়্যি, ফামাই ইয়াক্ফুর বিত্ত্বা-গূতি ওয়াইয়ু'মিম বিল্লা-হি ফাক্বাদিস্ তামসাকা বিল 'উরওয়াতিল
ভ্রান্ত পথ হতে সুস্পষ্ট হয়ে গেছে। যে ব্যক্তি শয়তানকে অস্বীকার করবে এবং আল্লাহর প্রতি বিশ্বাস রাখবে সে এমন এক শক্ত

الْوُثْقٰى ۤ لَا انْفِصَامَ لَهَا ۭ وَاللّٰهُ سَمِيْعٌ عَلِيْمٌ ۝ اَللّٰهُ وَلِيُّ الَّذِيْنَ اٰمَنُوْا

উছ্ক্বা- লানফিস্বা-মা লাহা-; ওয়াল্লা-হু সামী'উন 'আলীম। ২৫৭। আল্লা-হু ওয়ালিইয়্যুল্লাযীনা আ-মানূ
হাতল ধরল, যা কখনো ভাংগবার নয়; আল্লাহ সর্বশ্রোতা, সর্বজ্ঞ। (২৫৭) আল্লাহ মুমিনদের বন্ধু। তিনি তাদেরকে (কুফরীর)

يُخْرِجُهُمْ مِّنَ الظُّلُمٰتِ اِلَى النُّوْرِ ڛ وَالَّذِيْنَ كَفَرُوْۤا اَوْلِيٰۗــــُٔهُمُ الطَّاغُوْتُ

ইয়ুখ্রিজুহুম মিনায্ যুলুমা-তি ইলান্ নূর ; ওয়াল্লাযীনা কাফারূ~আওলিয়া—উহুমুত্ত্বা-গূতু
অন্ধকার হতে বের করে আলোর (ইসলামের) দিকে নিয়ে আসেন। আর যারা কাফির তাদের বন্ধু শয়তান। এরা তাদেরকে

يُخْرِجُوْنَهُمْ مِّنَ النُّوْرِ اِلَى الظُّلُمٰتِ ۭ اُولٰۗىِٕكَ اَصْحٰبُ النَّارِ ۚ هُمْ فِيْهَا

ইয়ুখরিজূনাহুম মিনান নূরি ইলায্যুলুমা-ত; উলা—ইকা আস্হা-বুন্ না-র, হুম ফীহা-
আলো (ইসলাম) থেকে বের করে (কুফরীর) অন্ধকারে নিয়ে যায়। এরাই জাহান্নামের অধিবাসী। তারা সেখানে অনন্তকাল

خٰلِدُوْنَ ۝ اَلَمْ تَرَ اِلَى الَّذِيْ حَاۗجَّ اِبْرٰهٖمَ فِيْ رَبِّهٖۤ اَنْ اٰتٰىهُ اللّٰهُ

খা-লিদূন। ২৫৮। আলাম্ তারা ইলাল্লাযী হা—জ্জা ইব্রা-হীমা ফী রাব্বিহী~আন আ-তা-হুল্লা-হুল
থাকবে। (২৫৮) আপনি কি সে ব্যক্তিকে দেখেননি, যে হযরত ইব্রাহীমের সাথে তার প্রভু সম্পর্কে বিতর্কে লিপ্ত হয়েছিল; যেহেতু আল্লাহ

○ শানে নুযূল (আঃ ২৫৬) ঃ لا اكراه فى الدين - ইবনে আব্বাস (রা) বলেন, বন্ধ্যা স্ত্রীরা সন্তান প্রার্থনা করে বলত যে, যদি ছেলে পেলে হয়; তবে তা ইয়াহুদীদের হাতে সমর্পণ করব। এভাবে ইয়াহুদীদের বনু নযীর গোত্রের নিকট অনেক সন্তান জমা হয়ে যায়। অতঃপর মদীনাবাসীরা মুসলমান হয়ে গেলে বনূ নযীরদের নিকট হতে তাদের সন্তানদেরকে এনে মুসলমান করার ইচ্ছা করে। তখন তাদেরকে এর থেকে বিরত থাকার জন্য বলা হয়েছিল। অতঃপর আল্লাহ তায়ালাও এ আয়াত অবতীর্ণ করেন। (তাঃ ইবনে কাছীর)

৩৪ ع ৪ ২ রুকূ

الْمُلْكَ م إِذْ قَالَ إِبْرٰهِمُ رَبِّيَ الَّذِي يُحْيِ وَيُمِيتُ لا قَالَ أَنَا أُحْيِ

মুল্ক। ইয্ ক্বা-লা ইব্রা-হীমু রাব্বিইয়াল্লাযী ইয়ুহ্য়ী ওয়া ইয়ুমীতু ক্বা-লা আনা উহ্ঈ

তাকে রাজত্ব দান করেছিলেন। যখন ইবরাহীম বললেন, আমার প্রতিপালক এমন যে, তিনি জীবন দান করেন এবং মৃত্যু ঘটান; সে (নমরূদ) বলল, আমিও

وَأُمِيتُ ط قَالَ إِبْرٰهِمُ فَإِنَّ اللّٰهَ يَأْتِي بِالشَّمْسِ مِنَ الْمَشْرِقِ فَأْتِ بِهَا

ওয়া উমীত ; ক্বা-লা ইব্রা-হীমু ফাইন্নাল্লা-হা ইয়া'তী বিশ্ শামসি মিনাল মাশ্রিক্বি ফা'তি বিহা-

জীবন দান করি এবং মৃত্যু ঘটাই। ইবরাহীম বললেন, নিশ্চয়ই আল্লাহ তায়ালা সূর্যকে (দৈনিক) পূর্ব দিক থেকে উদিত করেন, তুমি তাকে

مِنَ الْمَغْرِبِ فَبُهِتَ الَّذِي كَفَرَ ط وَاللّٰهُ لَا يَهْدِي الْقَوْمَ الظّٰلِمِينَ ۝

মিনাল মাগরিবি ফাবুহিতাল্লাযী কাফার ; ওয়াল্লা-হু লা-ইয়াহ্দিল ক্বাওমায্ য্বা-লিমীন।

পশ্চিম দিক থেকে উদয় কর। তখন সে কাফির হতবুদ্ধি হয়ে গেল। আর আল্লাহ তায়ালা জালিম সম্প্রদায়কে হেদায়াত করেন না।

﴿٢٥٩﴾ أَوْ كَالَّذِي مَرَّ عَلٰى قَرْيَةٍ وَهِيَ خَاوِيَةٌ عَلٰى عُرُوشِهَا ج قَالَ أَنّٰى يُحْيِ

২৫৯। আও কাল্লাযী মার্রা 'আলা- ক্বারইয়াতিওঁ ওয়া হিয়া খা-ওয়িয়াতুন 'আলা- 'উরূশিহা, ক্বা-লা আন্না- ইয়ুহ্য়ী

(২৫৯) বা আপনি কি সে ব্যক্তিকে দেখেননি, যে ব্যক্তি এমন একটি জনপদ অতিক্রম করছিল যে, সেখানকার বাড়িঘরগুলো ধ্বংসস্তূপে পরিণত হয়েছিল। সে বলল,

هٰذِهِ اللّٰهُ بَعْدَ مَوْتِهَا ج فَأَمَاتَهُ اللّٰهُ مِائَةَ عَامٍ ثُمَّ بَعَثَهُ ط قَالَ كَمْ لَبِثْتَ ط

হা-যিহিল্লা-হু বা'দা মাওতিহা-, ফা আমা-তাহুল্লা-হু মিআতা 'আ-মিন ছুম্মা বা'আছাহ ; ক্বা-লা কাম্ লাবিছ্তা ;

মৃত্যুর পর কিভাবে আল্লাহ তায়ালা একে জীবিত করবেন? অতঃপর আল্লাহ তায়ালা তাকে একশ' বছর মৃত রাখলেন। অতঃপর তাকে পুনর্জীবিত করলেন।

قَالَ لَبِثْتُ يَوْمًا أَوْ بَعْضَ يَوْمٍ ط قَالَ بَلْ لَبِثْتَ مِائَةَ عَامٍ فَانْظُرْ إِلٰى

ক্বা-লা লাবিছ্তু ইয়াওমান্ আও বা'দ্বা ইয়াওম ; ক্বা-লা 'বাল্ লাবিছ্তা মিআতা 'আ-মিন ফান্যুর ইলা-

আল্লাহ বললেন, তুমি এ অবস্থায় কতদিন ছিলে? সে বলল, আমি একদিন অথবা তার চেয়ে কিছু কম সময়। তিনি বললেন, না, বরং তুমি একশ' বছর এ অবস্থায়

طَعَامِكَ وَشَرَابِكَ لَمْ يَتَسَنَّهْ ج وَانْظُرْ إِلٰى حِمَارِكَ وَلِنَجْعَلَكَ آيَةً لِلنَّاسِ

ত্বা'আ-মিকা ওয়াশারা-বিকা লাম ইয়াতাসান্নাহ, ওয়ানযুর ইলা- হ্বিমা-রিকা ওয়া লিনাজ্'আলাকা আ-ইয়াতাল্ লিন্না-সি

কাটিয়েছ। তুমি তোমার খাদ্য ও পানীয়ের দিকে তাকাও, সেগুলো নষ্ট হয়নি। আর তোমার গাধার প্রতি নজর কর, কারণ, আমি তোমাকে মানব জাতির জন্য নিদর্শন

وَانْظُرْ إِلَى الْعِظَامِ كَيْفَ نُنْشِزُهَا ثُمَّ نَكْسُوهَا لَحْمًا ط فَلَمَّا تَبَيَّنَ لَهُ لا قَالَ

ওয়ানযুর ইলাল 'ইজ্বা-মি কাইফা নুন্শিযুহা- ছুম্মা নাক্সূহা- লাহ্মা- ; ফালাম্মা- তাবাইয়্যানা লাহূ ক্বা-লা

স্বরূপ বানাব। আর (গাধার) হাড্ডিগুলোর দিকে নজর কর, আমি এগুলোকে কিভাবে সংযোজন করি এবং তার উপর গোশত দিয়ে আবৃত করি। যখন তার নিকট এটা

أَعْلَمُ أَنَّ اللّٰهَ عَلٰى كُلِّ شَيْءٍ قَدِيرٌ ﴿٢٦٠﴾ وَإِذْ قَالَ إِبْرٰهِمُ رَبِّ أَرِنِي

আ'লামু আন্নাল্লা-হা 'আলা- কুল্লি শাইইন ক্বাদীর। ২৬০। ওয়া ইয্ ক্বা-লা ইব্রা-হীমু রাব্বি আরিনী

সুস্পষ্ট হল, তখন সে বলল, আমি জানি নিশ্চয়ই আল্লাহ সব কিছুর উপর ক্ষমতাবান। (২৬০) যখন ইবরাহীম (আ) বললেন, হে আমার রব!

كَيْفَ تُحْيِ الْمَوْتٰى ط قَالَ أَوَلَمْ تُؤْمِنْ ط قَالَ بَلٰى وَلٰكِنْ لِيَطْمَئِنَّ

কাইফা তুহ্য়িল মাওতা-; ক্বা-লা আওয়ালাম তু'মিন্ ; ক্বা-লা বালা- ওয়ালা-কিল্ লিইয়াত্বমাইন্না

কিভাবে তুমি মৃতকে জীবিত কর তা আমাকে দেখাও। আল্লাহ বললেন, তুমি কি এর প্রতি বিশ্বাস কর না? সে বলল, হ্যাঁ অবশ্যই বিশ্বাস করি– তবে এটা দেখতে

قَلْبِي ط قَالَ فَخُذْ أَرْبَعَةً مِنَ الطَّيْرِ فَصُرْهُنَّ إِلَيْكَ ثُمَّ اجْعَلْ عَلٰى كُلِّ

ক্বালবী ; ক্বা-লা ফাখুয্ আরবা'আতাম মিনাত্ব্ত্বাইরি ফাস্বুর্হুন্না ইলাইকা ছুম্মাজ্'আল 'আলা- কুল্লি

চাই শুধু আমার আত্মার তৃপ্তির জন্য। আল্লাহ বললেন, তুমি চারটি পাখী লও এবং সেগুলো পোষ মানিয়ে নাও। অতঃপর সেগুলোর এক

جَبَلٍ مِنْهُنَّ جُزْءًا ثُمَّ ادْعُهُنَّ يَأْتِينَكَ سَعْيًا ط وَاعْلَمْ أَنَّ اللّٰهَ عَزِيزٌ

জ্বাবালিম্ মিনহুন্না জুয্আন্ ছুম্মাদ'উহুন্না ইয়া'তীনাকা সা'ইয়া- ; ওয়া'লাম আন্নাল্লা-হা 'আযীযুন

একটি টুকরা এক এক পাহাড়ে রেখে আস। অতঃপর সেগুলোকে ডাক, তারা তোমার নিকট ছুটে চলে আসবে। জেনে রাখ আল্লাহ

حَكِيمٌ ﴿٢٦١﴾ مَثَلُ الَّذِينَ يُنْفِقُونَ أَمْوَالَهُمْ فِي سَبِيلِ اللّٰهِ كَمَثَلِ حَبَّةٍ

হ্বাকীম। ২৬১। মাছালুল্ লাযীনা ইয়ুন্ফিক্বূনা আমওয়া-লাহুম ফী সাবীলিল্লা-হি কামাছালি হ্বাব্বাতিন

পরাক্রমশালী, প্রজ্ঞাময়। (২৬১) যারা আল্লাহর পথে স্বীয় ধন-সম্পদ ব্যয় করে তাদের দৃষ্টান্ত হল একটি শস্য বীজের মত,

أَنْبَتَتْ سَبْعَ سَنَابِلَ فِي كُلِّ سُنْبُلَةٍ مِائَةُ حَبَّةٍ ط وَاللّٰهُ يُضٰعِفُ لِمَنْ يَشَاءُ ط

আম্বাতাত সাব'আ সানা-বিলা ফী কুল্লি সুম্বুলাতিম্ মিআতু হ্বাব্বাহ ; ওয়াল্লা-হু ইয়ুদ্বা-'ইফু লিমাইঁ ইয়াশা—উ;

যা সাতটি শীষ জন্ম দেয়। প্রতিটি শীষে একশটি শস্য দানা হয়। আর আল্লাহ যাকে চান বহুগুণে বাড়িয়ে দেন।

وَاللّٰهُ وَاسِعٌ عَلِيمٌ ﴿٢٦٢﴾ الَّذِينَ يُنْفِقُونَ أَمْوَالَهُمْ فِي سَبِيلِ اللّٰهِ ثُمَّ لَا يُتْبِعُونَ

ওয়াল্লা-হু ওয়া-সি'উন 'আলীম। ২৬২। আল্লাযীনা ইয়ুন্ফিক্বূনা আমওয়া-লাহুম ফী সাবীলিল্লা-হি ছুম্মা লা-ইয়ুত্বিবি'ঊনা

আল্লাহ প্রশস্ততা দানকারী, সর্বজ্ঞ। (২৬২) যারা আল্লাহর পথে স্বীয় ধন-সম্পদ ব্যয় করে এবং ব্যয় করার পর সে অনুগ্রহের কথা বলে

مَا أَنْفَقُوا مَنًّا وَلَا أَذًى لا لَهُمْ أَجْرُهُمْ عِنْدَ رَبِّهِمْ ج وَلَا خَوْفٌ عَلَيْهِمْ وَلَا هُمْ

মা~আনফাকূ মান্নাওঁ ওয়ালা ~আযাল্ লাহুম আজ্বরুহুম 'ইন্দা রাব্বিহিম, ওয়ালা- খাওফুন 'আলাইহিম ওয়ালা-হুম

বেড়ায় না এবং কষ্টও দেয় না, তাদের জন্য তাদের প্রতিপালকের নিকট রয়েছে প্রতিদান (সওয়াব) এবং তাদের কোন ভয় নেই এবং তারা

يَحْزَنُونَ ﴿٢٦٣﴾ قَوْلٌ مَعْرُوفٌ وَمَغْفِرَةٌ خَيْرٌ مِنْ صَدَقَةٍ يَتْبَعُهَا أَذًى ط

ইয়াহ্বযানূন। ২৬৩। ক্বাওলুম মা'রূফুওঁ ওয়া মাগ্ফিরাতুন খাইরুম্ মিন স্বাদাক্বাতিইঁ ইয়াতবা'উহা~আযা- ;

চিন্তিতও হবে না। (২৬৩) সুন্দর কথা বলে দেয়া ও ক্ষমা প্রদর্শন সে দান অপেক্ষা উত্তম যে দানের পর কষ্ট দেয়া হয়।

وَاللّٰهُ غَنِيٌّ حَلِيمٌ ﴿٢٦٤﴾ يٰٓأَيُّهَا الَّذِينَ آمَنُوا لَا تُبْطِلُوا صَدَقٰتِكُمْ بِالْمَنِّ

ওয়াল্লা-হু গানিইয়্যুন হ্বালীম। ২৬৪। ইয়া~আইয়্যুহাল্ লাযীনা আ-মানূ লা—তুব্ত্বিলূ স্বাদাক্বা-তিকুম্ বিল মান্নি

আল্লাহ মহাবিত্তশালী ও ধৈর্যশীল। (২৬৪) হে মুমিনগণ! তোমরা অনুগ্রহের কথা প্রকাশ করে এবং কষ্ট দিয়ে তোমাদের দানকে

وَالْاَذٰى لا كَالَّذِىْ يُنْفِقُ مَالَهٗ رِئَآءَ النَّاسِ وَلَا يُؤْمِنُ بِاللّٰهِ وَالْيَوْمِ

ওয়াল আযা- কাল্লাযী ইয়ুন্ফিক্ব মা- লাহূ রিআ—আন্ না-সি ওয়ালা- ইয়ু'মিনু বিল্লা-হি ওয়াল ইয়াওমিল

সে ব্যক্তির মত নষ্ট কর না, যে শুধু মানুষদেরকে দেখানোর জন্য নিজের সম্পদ ব্যয় করে এবং আল্লাহর প্রতি ও পরকালের প্রতি

الْاٰخِرِ ط فَمَثَلُهٗ كَمَثَلِ صَفْوَانٍ عَلَيْهِ تُرَابٌ فَاَصَابَهٗ وَابِلٌ فَتَرَكَهٗ صَلْدًا ط

আ-খির ; ফামাছালুহূ কামাছালি স্বাফ্ওয়া-নিন 'আলাইহি তুরা-বুন ফাআস্বা-বাহূ ওয়া-বিলুন্ ফাতারাকাহূ স্বালদা- ;

বিশ্বাস রাখে না, তার দৃষ্টান্ত একটি মসৃণ পাথরের মত, যার উপর কিছু মাটি পড়ে আছে। অতঃপর তার উপর প্রবল বৃষ্টি বর্ষিত হল,

لَا يَقْدِرُوْنَ عَلٰى شَىْءٍ مِّمَّا كَسَبُوْا ط وَاللّٰهُ لَا يَهْدِى الْقَوْمَ الْكٰفِرِيْنَ ○

লা- ইয়াক্বদিরূনা 'আলা- শাইইম মিম্মা- কাসাবূ ; ওয়াল্লা-হু লা- ইয়াহ্দিল ক্বাওমাল কা-ফিরীন।

অতঃপর তাকে সম্পূর্ণ পরিষ্কার করে দিল। তারা যা উপার্জন করেছে কিছুই হস্তগত হবে না। আল্লাহ কাফির সম্প্রদায়কে সঠিক পথ প্রদর্শন করেন না।

﴿٢٦٥﴾ وَمَثَلُ الَّذِيْنَ يُنْفِقُوْنَ اَمْوَالَهُمُ ابْتِغَآءَ مَرْضَاتِ اللّٰهِ وَتَثْبِيْتًا مِّنْ

২৬৫। ওয়া মাছালুল্ লাযীনা ইয়ুনফিক্বূনা আমওয়া-লাহুমুব্তিগা—আ মারদ্বা-তিল্লা-হি ওয়াতাছ্বীতাম্ মিন

(২৬৫) আর যারা স্বীয় সম্পদ আল্লাহর সন্তুষ্টি এবং নিজ আত্মাকে সুপ্রতিষ্ঠিত করার জন্য ব্যয় করে তাদের উদাহরণ হল,

اَنْفُسِهِمْ كَمَثَلِ جَنَّةٍ بِرَبْوَةٍ اَصَابَهَا وَابِلٌ فَاٰتَتْ اُكُلَهَا ضِعْفَيْنِ ج فَاِنْ لَّمْ

আন্ফুসিহিম কামাছালি জ্বান্নাতিম্ বিরাব্ওয়াতিন্ আস্বা-বাহা- ওয়া-বিলুন্ ফাআ-তাত্ উকুলাহা- দ্বি'ফাইন, ফাইল্লাম

কোন উঁচু জায়গায় একটি বাগান, যাতে প্রবল বৃষ্টি হল, ফলে সে বাগান দ্বিগুণ ফলমূল দান করে। আর যদি প্রবল বৃষ্টি নাও

يُصِبْهَا وَابِلٌ فَطَلٌّ ط وَاللّٰهُ بِمَا تَعْمَلُوْنَ بَصِيْرٌ ﴿٢٦٦﴾ اَيَوَدُّ اَحَدُكُمْ اَنْ تَكُوْنَ

ইয়ুস্বিব্হা- ওয়া-বিলুন্ ফাত্বাল্ল ; ওয়াল্লা-হু বিমা- তা'মালূনা বাস্বীর। ২৬৬। আইয়াওয়াদ্দু আহ্বাদুকুম আন্ তাকূনা

হয়, তবে হালকা বৃষ্টিই যথেষ্ট। তোমরা যা কর আল্লাহ সব কিছু ভালভাবে দেখেন। (২৬৬) তোমাদের মধ্যে কেউ কি পছন্দ করে যে,

لَهٗ جَنَّةٌ مِّنْ نَّخِيْلٍ وَّاَعْنَابٍ تَجْرِىْ مِنْ تَحْتِهَا الْاَنْهٰرُ لا لَهٗ فِيْهَا مِنْ كُلِّ

লাহূ জ্বান্নাতুম্ মিন নাখীলিওঁ ওয়া আ'না-বিন তাজ্বরী মিন তাহ্বতিহাল আনহা-রু লাহূ ফীহা- মিন কুল্লিছ্

তার খেজুর ও আংগুরের একটি বাগান হবে, যার তলদেশে নদী প্রবাহিত এবং সে বাগানে সব ধরনের ফলমূল থাকবে এবং সে

الثَّمَرٰتِ لا وَاَصَابَهُ الْكِبَرُ وَلَهٗ ذُرِّيَّةٌ ضُعَفَآءُ صلے فَاَصَابَهَآ اِعْصَارٌ فِيْهِ

ছামারা-তি ওয়া আস্বা-বাহুল কিবারু ওয়া লাহূ যুররিইয়্যাতুন দ্বু'আফা—উ, ফাআস্বা-বাহা~ই'স্বারুন ফীহি

বার্ধক্যে উপনীত হবে এবং তার সন্তান-সন্ততি দুর্বল (আয় করতে অক্ষম), অতঃপর সে বাগানে একটি ঘূর্ণিঝড় আপতিত হবে যাতে

✪ টীকা (আঃ ২৬৫) ঃ প্রবল বৃষ্টি বলতে প্রচুর দান এবং হাল্কা বৃষ্টি বলতে সামান্য দান বুঝান হয়েছে। ফলকথা, জমি উর্বর হলে যেমন কোন অবস্থাতেই শস্য নষ্ট হয় না তদ্রূপ এখলাছ থাকলে অর্থাৎ, লোক দেখানো উদ্দেশ্য না থাকলে দান নষ্ট হয় না। (মুঃ কোঃ)

✪ শানে নুযূল (আঃ ২৬৬) ঃ যারা লোক দেখানো উদ্দেশ্যে দান করে কিংবা দান করে দানের খোটা বা অনুযোগ দিয়ে প্রার্থীর মনে কষ্ট দেয়, তাদের দৃষ্টান্ত সে ব্যক্তির ন্যায় যে ব্যক্তি যৌবনকালে বাগান রচনা করেছে বার্ধক্যে ভোগ করার উদ্দেশ্যে। কিন্তু ফল খাওয়ার সময় আসলে দেখা গেল, বাগান জ্বলে ভষ্মিভূত হয়ে গিয়েছে। অর্থাৎ, উপরোক্তরূপ দাতাও দানের ফল আখেরাতে ভোগ করবে বলে আশায় রয়েছে। কিন্তু নিয়ত ভাল না থাকায় তার দানের সওয়াব নষ্ট হয়ে গিয়েছে। আখেরাতে ফল ভোগ করার সময় কিছুই পাবে না। (মুঃ কোঃ)

৩৬ ع ৬ 8 রুকূ

نَارٌ فَاحْتَرَقَتْ ط كَذٰلِكَ يُبَيِّنُ اللّٰهُ لَكُمُ الْاٰيٰتِ لَعَلَّكُمْ تَتَفَكَّرُوْنَ ○

না-রুন ফাহ্তারাক্বাত ; কাযা-লিকা ইয়ুবাইয়্যিনুল্লা-হু লাকুমুল আ-ইয়া-তি লা'আল্লাকুম তাতাফাক্কারূন।

আগুন রয়েছে, ফলে বাগানটি জ্বলে যাবে? এভাবেই আল্লাহ তায়ালা তোমাদের জন্য তাঁর নিদর্শনাবলী বর্ণনা করেন। যাতে তোমরা চিন্তা ভাবনা করতে পার।

﴿٢٦٧﴾ يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْٓا اَنْفِقُوْا مِنْ طَيِّبٰتِ مَا كَسَبْتُمْ وَمِمَّآ اَخْرَجْنَا لَكُمْ

২৬৭। ইয়া~আইয়ুহাল্ লাযীনা আ-মানূ~আন্ফিক্বূ মিন ত্বাইয়্যিবা-তি মা-কাসাবতুম ওয়া মিম্মা~আখ্রাজ্বনা- লাকুম

(২৬৭) হে মুমিনগণ! তোমরা যা উপার্জন কর এবং আমি তোমাদের জন্য যমীন থেকে যা উৎপন্ন করি, তা থেকে যা উৎকৃষ্ট

مِّنَ الْاَرْضِ ص وَلَا تَيَمَّمُوا الْخَبِيْثَ مِنْهُ تُنْفِقُوْنَ وَلَسْتُمْ بِاٰخِذِيْهِ اِلَّآ

মিনাল আরদ্বি, ওয়া লা- তাইয়াম্মামুল খাবীছা মিন্হু তুন্ফিক্বূনা ওয়া লাস্তুম বিআ-খিযীহি ইল্লা~

তা ব্যয় কর। আর নিকৃষ্ট বস্তু ব্যয়ের সংকল্প কর না। অথচ তোমরা তা কখনো গ্রহণ করবে না, চোখ বন্ধ করা

اَنْ تُغْمِضُوْا فِيْهِ ط وَاعْلَمُوْٓا اَنَّ اللّٰهَ غَنِىٌّ حَمِيْدٌ ﴿٢٦٨﴾ اَلشَّيْطٰنُ يَعِدُكُمُ الْفَقْرَ

আন তুগমিদ্বূ ফীহ ; ওয়া'লামূ~আন্নাল্লা-হা গানিইয়্যুন হ্বামীদ। ২৬৮। আশ্ শাইত্বা-নু ইয়া'ইদুকুমুল ফাক্বরা

ব্যতীত। আর জেনে রাখ, আল্লাহ অভাবমুক্ত, প্রশংসিত। (২৬৮) শয়তান তোমাদেরকে দারিদ্র্যের ভয় দেখায় এবং

وَيَأْمُرُكُمْ بِالْفَحْشَآءِ ج وَاللّٰهُ يَعِدُكُمْ مَّغْفِرَةً مِّنْهُ وَفَضْلًا ط وَاللّٰهُ وَاسِعٌ عَلِيْمٌ ○ صلے

ওয়া ইয়া'মুরুকুম বিল ফাহশা—ই, ওয়াল্লা-হু ইয়া'ইদুকুম মাগফিরাতাম্ মিনহু ওয়া ফাদ্বলা- ; ওয়াল্লা-হু ওয়া-সি'উন 'আলীম।

অশ্লীল কাজের নির্দেশ দেয়। আর আল্লাহ তোমাদেরকে প্রতিশ্রুতি প্রদান করেন তাঁর ক্ষমা ও অনুগ্রহের। আর আল্লাহ প্রাচুর্যময়, সর্বজ্ঞ।

﴿٢٦٩﴾ يُّؤْتِى الْحِكْمَةَ مَنْ يَّشَآءُ ج وَمَنْ يُّؤْتَ الْحِكْمَةَ فَقَدْ اُوْتِىَ خَيْرًا كَثِيْرًا ط

২৬৯। ইয়ু'তিল হ্বিক্মাতা মাইঁ ইয়াশা—উ, ওয়া মাইঁ ইয়ু'তাল হ্বিকমাতা ফাক্বাদ উতিয়া খাইরান কাছীরা-;

(২৬৯) আল্লাহ যাকে চান তাকে হিকমত দান করেন আর যাকে হিকমত প্রদান করা হল তাকে অশেষ কল্যাণ দান করা হল।

وَمَا يَذَّكَّرُ اِلَّآ اُولُوا الْاَلْبَابِ ﴿٢٧٠﴾ وَمَآ اَنْفَقْتُمْ مِّنْ نَّفَقَةٍ اَوْ نَذَرْتُمْ مِّنْ

ওয়া মা- ইয়ায্যাক্কারু ইল্লা~উলুল আলবা-ব। ২৭০। ওয়া মা~আন্ফাক্বতুম্ মিন্ নাফাক্বাতিন্ আও নাযার্তুম্ মিন্

এবং জ্ঞানীগণ ব্যতীত কেউ উপদেশ গ্রহণ করে না। (২৭০) আর তোমরা যা কিছু ব্যয় কর অথবা মানত কর

نَّذْرٍ فَاِنَّ اللّٰهَ يَعْلَمُهٗ ط وَمَا لِلظّٰلِمِيْنَ مِنْ اَنْصَارٍ ﴿٢٧١﴾ اِنْ تُبْدُوا الصَّدَقٰتِ

নায্রিন্ ফাইন্নাল্লা-হা ইয়া'লামুহ ; ওয়া মা- লিয্ যা-লিমীনা মিন্ আনস্বা-র। ২৭১। ইন্ তুব্দুস্ স্বাদাক্বা-তি

নিশ্চয়ই আল্লাহ সে বিষয় অবগত আছেন। আর জালিমদের জন্য কোন সাহায্যকারী নেই। (২৭১) যদি তোমরা প্রকাশ্যে দান কর তবে তা উত্তম, আর

فَنِعِمَّا هِىَ ج وَاِنْ تُخْفُوْهَا وَتُؤْتُوْهَا الْفُقَرَآءَ فَهُوَ خَيْرٌ لَّكُمْ ط وَيُكَفِّرُ عَنْكُمْ

ফা নি'ইম্মা- হিয়, ওয়া ইন তুখ্ফূহা- ওয়া তু'তূহাল ফুক্বারা—আ ফাহুওয়া খাইরুল্লাকুম; ওয়া ইয়ুকাফ্ফিরু 'আনকুম

যদি তা গোপনে দান কর এবং দরিদ্রদের দাও; তবে তা তোমাদের জন্য অতি উত্তম। আল্লাহ (এর দ্বারা) মিটিয়ে দিবেন তোমাদের

من سياتكم والله بما تعملون خبير ۝ ليس عليك هدىهم ولكن الله

মিন্ সাইয়্যিআ-তিকুম ; ওয়াল্লা-হু বিমা- তা'মালূনা খাবীর। ২৭২। লাইসা 'আলাইকা হুদা-হুম ওয়া লা-কিন্নাল্লা-হা
কিছু গুনাহ। আল্লাহ তোমাদের কৃতকর্মের খবর রাখেন। (২৭২) তাদের হিদায়াতের দায়িত্ব আপনার উপর নয় বরং আল্লাহ যাকে ইচ্ছা করেন

يهدى من يشاء وما تنفقوا من خير فلانفسكم وما تنفقون الا ابتغاء

ইয়াহদী মাইঁ ইয়াশা—উ ; ওয়া মা- তুন্ফিকূ মিন খাইরিন ফালিআন্ফুসিকুম ; ওয়া মা- তুন্ফিকূনা ইল্লাব্তিগা—আ
তাকে হিদায়াত দান করেন। আর তোমরা উত্তম বস্তু থেকে যা কিছু ব্যয় কর তা তোমাদের নিজের জন্যই। আর তোমরা আল্লাহর সন্তুষ্টির উদ্দেশ্য ছাড়া ব্যয়

وجه الله وما تنفقوا من خير يوف اليكم وانتم لا تظلمون ۝ للفقراء

ওয়াজ্হিল্লা-হ ; ওয়া মা- তুন্ফিকূ মিন খাইরিঁই ইয়ুওয়াফ্ফা ইলাইকুম ওয়া আন্তুম লা-তুয্লামূন। ২৭৩। লিল্ ফুক্বারা—ইল্
হ্বা-জ্বাজ্বতুম ফীমা- লাকুম্ বিহী 'ইলমুন ফালিমা তুহ্বা—জ্বজূনা ফীমা- লাইসা লাকুম্ বিহী 'ইলম ;
যে ব্যাপারে তোমাদের সামান্য জ্ঞান ছিল, এখন যে বিষয় তোমাদের আদৌ জ্ঞান নেই সে বিষয় তোমরা কেন তর্ক করতেছ।

وَاللّٰهُ يَعْلَمُ وَاَنْتُمْ لَا تَعْلَمُوْنَ ﴿٦٧﴾ مَا كَانَ اِبْرٰهِيْمُ يَهُوْدِيًّا وَّلَا نَصْرَانِيًّا وَّلٰكِنْ

ওয়াল্লা-হু ইয়া'লামু ওয়া আন্তুম লা-তা'লামূন। ৬৭। মা- কা-না ইব্রা-হীমু ইয়াহূদিয়্যাওঁ ওয়া লা- নাস্বরা-নিয়্যাওঁ ওয়া লা-কিন্
আল্লাহ জানেন অথচ তোমরা জান না। (৬৭) ইব্রাহীম ইয়াহুদীও ছিলেন না এবং নাসারাও ছিলেন না। বরং তিনি ছিলেন

كَانَ حَنِيْفًا مُّسْلِمًا ۗ وَمَا كَانَ مِنَ الْمُشْرِكِيْنَ ﴿٦٨﴾ اِنَّ اَوْلَى النَّاسِ بِاِبْرٰهِيْمَ

কা-না হ্বানীফাম্ মুসলিমা ; ওয়া মা- কা-না মিনাল মুশ্রিকীন। ৬৮। ইন্না আওলান্ না-সি বিইব্রা-হীমা
পাক্কা মুসলমান এবং তিনি মুশরিকদের অন্তর্ভুক্ত ছিলেন না। (৬৮) নিশ্চয়ই মানুষের মধ্যে ইব্রাহীমের ঘনিষ্ঠতম ছিল তারা,

لَلَّذِيْنَ اتَّبَعُوْهُ وَهٰذَا النَّبِيُّ وَالَّذِيْنَ اٰمَنُوْا ۗ وَاللّٰهُ وَلِيُّ الْمُؤْمِنِيْنَ ○

লাল্লাযীনাত্ তাবা'উহু ওয়া হা-যান্ নাবিইয়্যু ওয়াল্ লাযীনা আ-মানূ ; ওয়াল্লা-হু ওয়ালিইয়্যুল মু'মিনীন।
যারা তাঁর অনুসরণ করেছিল, আর এই নবী এবং তাঁর প্রতি যারা ঈমান এনেছে। আর আল্লাহ মুমিনগণের অভিভাবক।

﴿٦٩﴾ وَدَّتْ طَّآئِفَةٌ مِّنْ اَهْلِ الْكِتٰبِ لَوْ يُضِلُّوْنَكُمْ ۗ وَمَا يُضِلُّوْنَ اِلَّآ اَنْفُسَهُمْ

৬৯। ওয়াদ্দাত্ব ত্বা—ইফাতুম্ মিন্ আহ্লিল কিতা-বি লাও ইয়ুদ্বিল্লূনাকুম ; ওয়া মা- ইয়ুদ্বিল্লূনা ইল্লা~আন্ফুসাহুম
(৬৯) কিতাবীদের একদল আন্তরিকভাবে কামনা করছিল যে, তোমাদেরকে (সত্য) পথ থেকে বিভ্রান্ত করবে, অথচ তারা নিজেদের ছাড়া কাউকে বিভ্রান্ত

وَمَا يَشْعُرُوْنَ ﴿٧٠﴾ يٰۤاَهْلَ الْكِتٰبِ لِمَ تَكْفُرُوْنَ بِاٰيٰتِ اللّٰهِ وَاَنْتُمْ تَشْهَدُوْنَ ○

ওয়ামা- ইয়াশ্'উরূন। ৭০। ইয়া~আহ্লাল কিতা-বি লিমা তাক্ফুরূনা বিআ-ইয়া-তিল্লা-হি ওয়া আন্তুম তাশ্হাদূন।
করে না। কিন্তু তারা উপলব্ধি করে না। (৭০) হে কিতাবীগণ! কেন তোমরা অস্বীকার কর আল্লাহর আয়াতকে অথচ তোমরাই এর সাক্ষ্যবাহী।

﴿٧١﴾ يٰۤاَهْلَ الْكِتٰبِ لِمَ تَلْبِسُوْنَ الْحَقَّ بِالْبَاطِلِ وَتَكْتُمُوْنَ الْحَقَّ وَاَنْتُمْ تَعْلَمُوْنَ ○ ع

৭ ع ৮ ১৫ রুকূ

৭১। ইয়া~আহ্লাল- কিতা-বি লিমা তাল্বিসূনাল হ্বাক্বক্বা বিল্ বা-ত্বিলি ওয়া তাক্তুমূনাল হ্বাক্বক্বা ওয়া আন্তুম তা'লামূন।
(৭১) হে কিতাবীগণ! কেন তোমরা সত্যের সাথে মিথ্যা মিশ্রিত কর এবং গোপন কর সত্যকে? অথচ তোমরা তা জান।

﴿٧٢﴾ وَقَالَتْ طَّآئِفَةٌ مِّنْ اَهْلِ الْكِتٰبِ اٰمِنُوْا بِالَّذِيْۤ اُنْزِلَ عَلَى الَّذِيْنَ

৭২। ওয়া ক্বা-লাত্ব ত্বা—ইফাতুম্ মিন্ আহ্লিল কিতা-বি আ-মিনূ বিল্লাযী~উন্যিলা 'আলাল্ লাযীনা
(৭২) কিতাবীদের একদল বলে, তোমরা ঈমান নিয়ে আস তার উপর যা অবতীর্ণ হয়েছে মুসলমানদের প্রতি (অর্থাৎ কুরআন)

آمَنُوا وَجْهَ النَّهَارِ وَاكْفُرُوا آخِرَهُ لَعَلَّهُمْ يَرْجِعُونَ ﴿٧٢﴾ وَلَا تُؤْمِنُوا إِلَّا

আ-মানূ ওয়াজ্‌হান্ নাহা-রি ওয়াকফুরূ~আ-খিরাহূ লা'আল্লাহুম ইয়ারজ্বি'ঊন। ৭৩। ওয়া লা- তু'মিনূ~ইল্লা-

দিনের প্রারম্ভে এবং তা প্রত্যাখ্যান কর দিনের শেষভাগে। হয়ত তারা ফিরে আসবে। (৭৩) আর তোমরা বিশ্বাস কর না তাদেরকে ব্যতীত, যারা তোমাদের

لِمَنْ تَبِعَ دِينَكُمْ قُلْ إِنَّ الْهُدَىٰ هُدَى اللَّهِ أَنْ يُؤْتَىٰ أَحَدٌ مِثْلَ

লিমান্ তাবি'আ দীনাকুম ; কুল ইন্নাল হুদা- হুদাল্লা-হি আই ইয়ু'তা~আহ্বাদুম্ মিছ্লা

দ্বীনের অনুসরণ করে। আপনি বলে দিন, নিশ্চয়ই আল্লাহর হিদায়াতই একমাত্র হিদায়াত। এসব কিছু এ কারণে যে, তোমরা যা লাভ করেছ তা অন্য কেউ

مَا أُوتِيتُمْ أَوْ يُحَاجُّوكُمْ عِنْدَ رَبِّكُمْ قُلْ إِنَّ الْفَضْلَ بِيَدِ اللَّهِ يُؤْتِيهِ

মা~উতীতুম আও ইয়ুহা—জ্ব জূকুম 'ইন্দা রাব্বিকুম ; কুল ইন্নাল ফাদ্বলা বিইয়াদিল্লা-হ, ইয়ু'তীহি

কেন লাভ করবে? অথবা, কেন তারা তোমাদের উপর বিজয়ী হবে, তোমাদের প্রতিপালকের সামনে? আপনি বলে দিন, নিশ্চয়ই অনুগ্রহ আল্লাহরই হাতে।

مَنْ يَشَاءُ وَاللَّهُ وَاسِعٌ عَلِيمٌ ﴿٧٣﴾ يَخْتَصُّ بِرَحْمَتِهِ مَنْ يَشَاءُ وَاللَّهُ ذُو

মাই ইয়াশা—উ ; ওয়াল্লা-হু ওয়া-সি'উন 'আলীম। ৭৪। ইয়াখ্তাস্বস্বু বিরাহ্‌মাতিহী মাই ইয়াশা—উ ; ওয়াল্লা-হু যুল্

তিনি যাকে ইচ্ছা তাকে দান করেন। আল্লাহ প্রাচুর্যময়, সর্বজ্ঞ। (৭৪) আল্লাহ যাকে চান তাকে স্বীয় বিশেষ অনুগ্রহ দানের জন্য নির্দিষ্ট করে নেন। আল্লাহ মহা

الْفَضْلِ الْعَظِيمِ ﴿٧٤﴾ وَمِنْ أَهْلِ الْكِتَابِ مَنْ إِنْ تَأْمَنْهُ بِقِنْطَارٍ يُؤَدِّهِ إِلَيْكَ

ফাদ্বলিল 'আযীম। ৭৫। ওয়া মিন্ আহ্‌লিল কিতা-বি মান ইন তা'মানহু বিক্বিন্‌ত্বা-রিই ইয়ুআদ্দিহী~ইলাইক,

অনুগ্রহশীল। (৭৫) কিতাবীগণের মধ্যে কতিপয় লোক এমনও আছে যদি তাদের কাছে বিপুল সম্পদও আমানত রাখা হয়, তবে তা (চাওয়ার সাথে সাথেই)

وَمِنْهُمْ مَنْ إِنْ تَأْمَنْهُ بِدِينَارٍ لَا يُؤَدِّهِ إِلَيْكَ إِلَّا مَا دُمْتَ عَلَيْهِ قَائِمًا ذَٰلِكَ

ওয়া মিন্‌হুম্ মান্ ইন্ তা'মানহু বিদীনা-রিল লা-ইয়ুআদ্দিহী~ইলাইকা ইল্লা- মা- দুম্‌তা 'আলাইহি ক্বা—ইমা ; যা-লিকা

তোমাদের আদায় করে দিবে এবং কতিপয় লোক এমনও আছে তাদের কাছে যদি একটি দীনারও আমানত রাখা হয় তা তোমাদের ফেরৎ দিবে না, যে পর্যন্ত না

بِأَنَّهُمْ قَالُوا لَيْسَ عَلَيْنَا فِي الْأُمِّيِّينَ سَبِيلٌ وَيَقُولُونَ عَلَى اللَّهِ الْكَذِبَ

বিআন্নাহুম ক্বা-লূ লাইসা 'আলাইনা- ফিল উম্মিইয়্যীনা সাবীল, ওয়া ইয়াকূলূনা 'আলাল্লা-হিল কাযিবা

তুমি তাদের মাথার উপর দাঁড়িয়ে থাক। এটা এ জন্য যে, তারা বলে, নিরক্ষরদের হকের ব্যাপারে আমাদের উপর কোন বাধ্য বাধকতা নেই; এবং তারা জেনে-

وَهُمْ يَعْلَمُونَ ﴿٧٥﴾ بَلَىٰ مَنْ أَوْفَىٰ بِعَهْدِهِ وَاتَّقَىٰ فَإِنَّ اللَّهَ يُحِبُّ الْمُتَّقِينَ ﴿٧٦﴾

ওয়া হুম ইয়া'লামূন। ৭৬। বালা- মান আওফা- বি'আহ্‌দিহী ওয়াত্তাক্বা- ফাইন্নাল্লা- হা ইয়ুহ্বিব্বুল মুত্তাক্বীন।

শুনে আল্লাহ সম্পর্কে মিথ্যা বলে। (৭৬) তবে হ্যাঁ, যে লোক নিজ অংগীকার পূর্ণ করে এবং পরহেজগারী অবলম্বন করে, নিশ্চয়ই আল্লাহ মুত্তাকীদের ভালবাসেন।

﴿٧٧﴾ إِنَّ الَّذِينَ يَشْتَرُونَ بِعَهْدِ اللَّهِ وَأَيْمَانِهِمْ ثَمَنًا قَلِيلًا أُولَٰئِكَ لَا خَلَاقَ

৭৭। ইন্নাল্ লাযীনা ইয়াশ্‌তারূনা বি'আহদিল্লা-হি ওয়া আইমা-নিহিম ছামানান ক্বালীলান উলা—ইকা লা- খালা-ক্ব

(৭৭) নিশ্চয় যারা আল্লাহর সাথে কৃত অংগীকার এবং নিজেদের শপথকে অতি নগণ্য মূল্যে বিক্রয় করে, পরকালে তাদের (সেখানকার নেয়ামতের)

لَهُمْ فِي الْآخِرَةِ وَلَا يُكَلِّمُهُمُ اللَّهُ وَلَا يَنْظُرُ إِلَيْهِمْ يَوْمَ الْقِيَامَةِ وَلَا يُزَكِّيهِمْ

লাহুম ফিল আ-খিরাতি ওয়ালা- ইয়ুকাল্লিমুহুমুল্লা-হু ওয়ালা-ইয়ানযুরু ইলাইহিম ইয়াওমাল ক্বিয়া-মাতি ওয়া লা-ইয়ুযাক্কীহিম

কোন অংশ মিলবে না এবং কিয়ামতে তাদের সাথে আল্লাহ কোন কথা বলবেন না এবং তাদের দিকে তাকাবেন না এবং তাদের পবিত্রও করবেন না

وَلَهُمْ عَذَابٌ أَلِيمٌ ﴿٧٧﴾ وَإِنَّ مِنْهُمْ لَفَرِيقًا يَلْوُونَ أَلْسِنَتَهُمْ بِالْكِتَابِ لِتَحْسَبُوهُ

ওয়া লাহুম 'আযা-বুন আলীম। ৭৮। ওয়া ইন্না মিন্‌হুম্ লাফারীক্বাই ইয়াল্‌উনা আল্‌সিনাতাহুম্ বিল্ কিতা-বি লিতাহ্‌সাবূহু

আর তাদের জন্য রয়েছে মর্মন্তুদ শাস্তি। (৭৮) আর তাদের মধ্যে এমন একদল আছে, যারা তাদের কিতাব পাঠের সময় জিহ্বা বিকৃত করে। যাতে তোমরা

مِنَ الْكِتَابِ وَمَا هُوَ مِنَ الْكِتَابِ وَيَقُولُونَ هُوَ مِنْ عِنْدِ اللَّهِ وَمَا هُوَ مِنْ

মিনাল কিতা-বি ওয়া মা- হুওয়া মিনাল কিতা-ব, ওয়া ইয়াকূলূনা হুওয়া মিন 'ইন্দিল্লা-হি ওয়া মা- হুওয়া মিন

ধারণা কর যে, উহাও কিতাবের অংশ। অথচ উহা কিতাবের অংশ নয়, এবং তারা বলে, এটা আল্লাহর পক্ষ থেকে এসেছে। অথচ তা

عِنْدِ اللَّهِ وَيَقُولُونَ عَلَى اللَّهِ الْكَذِبَ وَهُمْ يَعْلَمُونَ ﴿٧٨﴾ مَا كَانَ لِبَشَرٍ

'ইন্দিল্লা-হ; ওয়া ইয়াকূলূনা 'আলাল্লা-হিল কাযিবা ওয়া হুম ইয়া'লামূন। ৭৯। মা- কা-না লিবাশারিন্

আল্লাহর পক্ষ হতে আসেনি। এবং তারা জেনে-শুনে আল্লাহ সম্পর্কে মিথ্যা বলছে। (৭৯) কোন মানুষের জন্য এটা শোভনীয়

أَنْ يُؤْتِيَهُ اللَّهُ الْكِتَابَ وَالْحُكْمَ وَالنُّبُوَّةَ ثُمَّ يَقُولَ لِلنَّاسِ كُونُوا عِبَادًا لِي

আই ইয়ু'তিইয়াহুল্লা-হুল কিতা-বা ওয়াল্ হুক্‌মা ওয়ান্ নুবুওয়্যাতা ছুম্মা ইয়াকূলা লিন্না-সি কূনূ 'ইবা-দাল্‌লী

নয় যে, আল্লাহ তাঁকে কিতাব, হিকমত এবং নবুওয়াত দান করেছেন, অতঃপর সে মানুষের কাছে বলবে, তোমরা আল্লাহকে

مِنْ دُونِ اللَّهِ وَلَٰكِنْ كُونُوا رَبَّانِيِّينَ بِمَا كُنْتُمْ تُعَلِّمُونَ الْكِتَابَ وَبِمَا كُنْتُمْ

মিন্ দূনিল্লা-হি ওয়া লা-কিন্ কূনূ রাব্বানিয়্যীনা বিমা- কুন্‌তুম তু'আল্লিমূনাল কিতা-বা ওয়া বিমা- কুন্‌তুম

ছেড়ে দিয়ে আমার বান্দা হয়ে যাও, বরং সে বলবে, তোমরা আল্লাহ ওয়ালা হয়ে যাও। কারণ তোমরা কিতাব শিক্ষা দিতে এবং নিজেরা

تَدْرُسُونَ ﴿٧٩﴾ وَلَا يَأْمُرَكُمْ أَنْ تَتَّخِذُوا الْمَلَائِكَةَ وَالنَّبِيِّينَ أَرْبَابًا

তাদ্‌রুসূন। ৮০। ওয়া লা- ইয়া'মুরাকুম আন্ তাত্তাখিযুল মালা—ইকাতা ওয়ান্ নাবিইয়্যীনা আরবা-বা ;

তা পাঠ করতে। (৮০) আর তিনি তোমাদেরকে এ নির্দেশও দিবেন না যে, তোমরা ফেরেশতা ও নবীগণকে প্রতিপালক রূপে গ্রহণ কর। তোমরা মুসলিম

أَيَأْمُرُكُمْ بِالْكُفْرِ بَعْدَ إِذْ أَنْتُمْ مُسْلِمُونَ ﴿٨٠﴾ وَإِذْ أَخَذَ اللَّهُ مِيثَاقَ النَّبِيِّينَ

আইয়া'মুরুকুম বিলকুফ্‌রি বা'দা ইয্ আন্‌তুম মুসলিমূন। ৮১। ওয়া ইয্ আখাযাল্লা-হু মীছা-ক্বান্ নাবিইয়্যীনা

হওয়া সত্ত্বেও কি তিনি তোমাদেরকে কুফরীর হুকুম দিবেন? (৮১) স্মরণ কর, যখন আল্লাহ তায়ালা নবীদের থেকে অংগীকার নিয়েছিলেন যে, তোমাদেরকে

৮ ع ৯ ১৬ রুকূ

لَمَا آتَيْتُكُمْ مِنْ كِتَابٍ وَحِكْمَةٍ ثُمَّ جَاءَكُمْ رَسُولٌ مُصَدِّقٌ لِمَا مَعَكُمْ

লামা~আ-তাইতুকুম মিন কিতা-বিওঁ ওয়া হিক্‌মাতিন ছুম্মা জ্বা—আকুম রাসূলুম্ মুস্বাদ্দিক্বুল্ লিমা- মা'আকুম

কিতাব ও হিকমত যা কিছু দিয়েছি এরপর যখন একজন রাসূল তোমাদের কাছে আসবে, যিনি সমর্থনকারী তোমাদের কাছে যা আছে তার, তখন অবশ্যই

لَتُؤْمِنُنَّ بِهٖ وَلَتَنْصُرُنَّهٗ ؕ قَالَ ءَاَقْرَرْتُمْ وَاَخَذْتُمْ عَلٰى ذٰلِكُمْ اِصْرِىْ ؕ

লাতু'মিনুন্না বিহী ওয়া লাতানস্বুরুন্নাহ; ক্বা-লা আ আক্বরার্তুম ওয়া আখায্তুম 'আলা- যা-লিকুম ইস্বরী ;
তোমরা তাঁর প্রতি ঈমান আনবে এবং তাঁর সাহায্য করবে। তিনি জিজ্ঞেস করলেন, তোমরা কি স্বীকার করলে? এবং এর উপর আমার অংগীকার গ্রহণ করলে?

قَالُوْۤا اَقْرَرْنَا ؕ قَالَ فَاشْهَدُوْا وَاَنَا مَعَكُمْ مِّنَ الشّٰهِدِيْنَ ﴿۸۲﴾ فَمَنْ تَوَلّٰى بَعْدَ

ক্বালূ~আক্বরার্না ; ক্বা-লা ফাশ্হাদূ ওয়া আনা মা'আকুম্ মিনাশ্ শা-হিদীন। ৮২। ফামান তাওয়াল্লা- বা'দা
তারা বলল, আমরা স্বীকার করলাম। তিনি বললেন, তাহলে তোমরা সাক্ষী থাক এবং আমিও তোমাদের সাথে সাক্ষী রইলাম। (৮২) এরপর যারা ফিরে যাবে

ذٰلِكَ فَاُولٰٓئِكَ هُمُ الْفٰسِقُوْنَ ﴿۸۳﴾ اَفَغَيْرَ دِيْنِ اللّٰهِ يَبْغُوْنَ وَلَهٗۤ اَسْلَمَ

যা-লিকা ফাউলা—ইকা হুমুল ফা-সিক্বূন। ৮৩। আফাগাইরা দীনিল্লা-হি ইয়াবগূনা ওয়া লাহূ~আস্লামা
তারা সত্যত্যাগী। (৮৩) তারা কি আল্লাহর দ্বীন ব্যতীত অন্য কোন পথ কামনা করছে? অথচ আসমান ও যমিনে যা কিছু আছে সবকিছুই তাঁর কাছে স্বেচ্ছায়

مَنْ فِى السَّمٰوٰتِ وَالْاَرْضِ طَوْعًا وَّكَرْهًا وَّاِلَيْهِ يُرْجَعُوْنَ ﴿۸۴﴾ قُلْ اٰمَنَّا بِاللّٰهِ

মান ফিস সামা-ওয়া-তি ওয়াল আরদ্বি ত্বাও'আওঁ ওয়া কার্হাওঁ ওয়া ইলাইহি ইয়ুরজা'উন। ৮৪। কুল আ-মান্না- বিল্লা-হি
বা অনিচ্ছায় আত্মসমর্পণ করেছে এবং তাঁরই দিকে সব ফিরে যাবে। (৮৪) আপনি বলে দিন, আমরা ঈমান এনেছি আল্লাহর উপর

وَمَاۤ اُنْزِلَ عَلَيْنَا وَمَاۤ اُنْزِلَ عَلٰۤى اِبْرٰهِيْمَ وَاِسْمٰعِيْلَ وَاِسْحٰقَ وَيَعْقُوْبَ

ওয়ামা~উন্যিলা 'আলাইনা- ওয়ামা~উন্যিলা 'আলা~ইবরা-হীমা ওয়া ইসমা-'ঈলা ওয়া ইসহা-ক্বা ওয়া ইয়া'ক্বূবা
এবং আমাদের প্রতি যা অবতীর্ণ হয়েছে তার উপর এবং যা অবতীর্ণ হয়েছে ইব্রাহীম, ইসমাঈল, ইছহাক ও ইয়াকুব (আ) এবং তাঁর বংশধরগণের উপর এবং

وَالْاَسْبَاطِ وَمَاۤ اُوْتِىَ مُوْسٰى وَعِيْسٰى وَالنَّبِيُّوْنَ مِنْ رَّبِّهِمْ ۪ لَا نُفَرِّقُ بَيْنَ

ওয়াল্ আস্বা-ত্বি ওয়া মা~উতিইয়া মূসা- ওয়া 'ঈসা- ওয়ান্ নাবিয়্যূনা মির রাব্বিহিম, লা- নুফার্রিক্বু বাইনা
ঈমান এনেছি তার উপরও যা প্রদান করা হয়েছে মূসা ও ঈসা (আ) এবং অন্যান্য নবী রাসূলগণকে তাঁদের প্রতিপালকের পক্ষ থেকে।

اَحَدٍ مِّنْهُمْ ۫ وَنَحْنُ لَهٗ مُسْلِمُوْنَ ﴿۸۵﴾ وَمَنْ يَّبْتَغِ غَيْرَ الْاِسْلَامِ دِيْنًا فَلَنْ

আহ্বাদিম্ মিন্হুম, ওয়া নাহ্নু লাহূ মুস্লিমূন। ৮৫। ওয়া মাইঁ ইয়াব্তাগি গাইরাল ইস্লা-মি দীনান ফালাইঁ
আমরা তাদের মধ্যে কাউকে পার্থক্য করি না এবং আমরা তাঁরই অনুগত। (৮৫) আর কেউ ইসলাম ব্যতীত অন্য কোন দ্বীন কামনা করলে তা তার থেকে

يُّقْبَلَ مِنْهُ ۚ وَهُوَ فِى الْاٰخِرَةِ مِنَ الْخٰسِرِيْنَ ﴿۸۶﴾ كَيْفَ يَهْدِى اللّٰهُ قَوْمًا

ইয়ুক্ববালা মিন্হ, ওয়া হুওয়া ফিল্ আ-খিরাতি মিনাল খা-সিরীন। ৮৬। কাইফা ইয়াহ্দিল্লা-হু ক্বাওমান্
কখনই গ্রহণ করা হবে না এবং আখিরাতে সে হবে ক্ষতিগ্রস্তদের অন্তর্ভুক্ত। (৮৬) কিভাবে আল্লাহ সে জাতিকে হেদায়াত করবেন?

✪ টীকা (আঃ ৮৩) ঃ পূর্ববর্তী আয়াতে বলা হয়েছে, নবী ও উম্মত সকলের নিকট হতেই প্রতিশ্রুতি লওয়া হয়েছে। অথচ ঐ আয়াতে কেবল উম্মতকে সম্বোধন করে বলা হয়েছে। এর কারণ, কোন পয়গাম্বর কর্তৃক প্রতিশ্রুতি ভঙ্গ করা সম্ভব নয়, সুতরাং প্রতিশ্রুতি ভঙ্গকারীরা সকলেই উম্মত ছিল। (বঃ কোঃ) ✪ টীকা (আঃ ৮৬) ঃ كيف يهدى الله......غفور رحيم - ইবনে আব্বাস (রা) বলেন, আনসারদের একটি লোক ইসলাম ত্যাগ করে মুশরিকদের সংগে যোগ দেয়। পরে অনুশোচিত হয়ে তার গোত্রের এক লোক পাঠিয়ে হুযুর (সা)-এর নিকট জিজ্ঞেস করল যে, সে তাওবা করে ইসলামে প্রত্যাবর্তন করতে পারবে কি? তখন এ আয়াত নাযিল হয়।

كَفَرُوْا بَعْدَ اِيْمَانِهِمْ وَشَهِدُوْۤا اَنَّ الرَّسُوْلَ حَقٌّ وَّجَآءَهُمُ الْبَيِّنٰتُ ؕ

কাফারূ বা'দা ঈমা-নিহিম ওয়া শাহিদূ~আন্নার রাসূলা হাক্বকুওঁ ওয়া জ্বা—আহুমুল বাইয়িনা-ত ;
যারা ঈমান আনার পর কাফির হয়ে গেল। অথচ তারা এর সাক্ষী ছিল যে, রাসূল সত্য এবং তাদের কাছে এসেছে সুস্পষ্ট নিদর্শন।

وَاللّٰهُ لَا يَهْدِى الْقَوْمَ الظّٰلِمِيْنَ ﴿۸۷﴾ اُولٰٓئِكَ جَزَآؤُهُمْ اَنَّ عَلَيْهِمْ لَعْنَةَ اللّٰهِ

ওয়াল্লা-হু লা-ইয়াহ্দিল ক্বাওমায যা-লিমীন। ৮৭। উলা—ইকা জ্বাযা—উহুম আন্না 'আলাইহিম লা'নাতাল্লা-হি
আল্লাহ জালিম সম্প্রদায়কে হেদায়াত করেন না। (৮৭) এরূপ লোকের প্রতিফল হল- তাদের উপর লা'নত আল্লাহর,

وَالْمَلٰٓئِكَةِ وَالنَّاسِ اَجْمَعِيْنَ ﴿۸۸﴾ خٰلِدِيْنَ فِيْهَا ۚ لَا يُخَفَّفُ عَنْهُمُ الْعَذَابُ

ওয়াল মালা—ইকাতি ওয়ান্ না-সি আজ্মা'ঈন। ৮৮। খা-লিদীনা ফীহা, লা- ইয়ুখাফ্ফাফু 'আনহুমুল 'আযা-বু
ফিরিশতাদের এবং সকল মানুষের। (৮৮) তারা তাতে অনন্তকাল থাকবে। তাদের থেকে শাস্তি মোটেই হাল্কা করা হবে না এবং

وَلَا هُمْ يُنْظَرُوْنَ ﴿۸۹﴾ اِلَّا الَّذِيْنَ تَابُوْا مِنْ بَعْدِ ذٰلِكَ وَاَصْلَحُوْا ۟

ওয়া লা- হুম ইয়ুনযারূন। ৮৯। ইল্লাল্ লাযীনা তা-বূ মিম বা'দি যা-লিকা ওয়া আস্বলাহু
তাদেরকে কোন অবকাশ দেয়া হবে না। (৮৯) তবে যারা এরপর তওবা করে ও নিজদেরকে সংশোধন করে তাদের কথা ভিন্ন।

فَاِنَّ اللّٰهَ غَفُوْرٌ رَّحِيْمٌ ﴿۹۰﴾ اِنَّ الَّذِيْنَ كَفَرُوْا بَعْدَ اِيْمَانِهِمْ ثُمَّ ازْدَادُوْا

ফাইন্নাল্লা-হা গাফূরুর রাহীম। ৯০। ইন্নাল্ লাযীনা কাফারূ বা'দা ঈমা-নিহিম ছুম্মায্ দা-দূ
নিশ্চয়ই আল্লাহ ক্ষমাশীল, পরম দয়ালু। (৯০) যারা ঈমান আনার পরে কাফির হয়েছে, তারপর

كُفْرًا لَّنْ تُقْبَلَ تَوْبَتُهُمْ ۚ وَاُولٰٓئِكَ هُمُ الضَّآلُّوْنَ ﴿۹۱﴾ اِنَّ الَّذِيْنَ كَفَرُوْا

কুফ্রাল্ লান তুক্ববালা তাওবাতুহুম, ওয়া উলা—ইকা হুমুদ্ব দ্বা—ল্লূন। ৯১। ইন্নাল্ লাযীনা কাফারূ
কুফরী কাজে অগ্রসর হতে থাকে, তাদের তওবা কখনই কবুল হবে না। এবং তারাই পথভ্রষ্ট। (৯১) নিশ্চয় যারা কাফির

وَمَاتُوْا وَهُمْ كُفَّارٌ فَلَنْ يُّقْبَلَ مِنْ اَحَدِهِمْ مِّلْءُ الْاَرْضِ ذَهَبًا

ওয়া মা-তূ ওয়া হুম কুফ্ফা-রুন ফালাইঁ ইয়ুক্ববালা মিন্ আহাদিহিম্ মিলউল্ আরদ্বি যাহাবাওঁ
হয়েছে এবং কাফির অবস্থায় মারা গেছে, কখনও গ্রহণ করা হবে না তাদের কারো থেকে পৃথিবী পূর্ণ স্বর্ণও।

وَّلَوِ افْتَدٰى بِهٖ ؕ اُولٰٓئِكَ لَهُمْ عَذَابٌ اَلِيْمٌ وَّمَا لَهُمْ مِّنْ نّٰصِرِيْنَ ۟

ওয়া লাওয়িফ তাদা- বিহ ; উলা—ইকা লাহুম 'আযা-বুন আলীমুওঁ ওয়া মা- লাহুম মিন্ না-স্বিরীন।
যদিও তা বিনিময় হিসাবে প্রদান করে। তাদের জন্য রয়েছে যন্ত্রণাময় শাস্তি এবং তাদের কোন সাহায্যকারীও হবে না।

৯ ع ১৭ রুকূ

✪ টীকা (আঃ ৮৮) ঃ লানতের মধ্যে তারা অনন্তকাল থাকবে। অর্থাৎ, পৃথিবীতেও লাঞ্ছনা এবং পরকালেও মহান আল্লাহর লাঞ্ছনাদায়ক শাস্তি।
✪ টীকা (আঃ ৮৯) ঃ যারা পবিত্র ইসলাম ধর্ম গ্রহণের পর আবার কাফের হয়ে গিয়েছে তাদেরকে 'মুরতাদ' বলে। মুরতাদ ব্যক্তির তওবা করার অর্থ পুনরায় ইসলাম গ্রহণ করা। (বঃ কোঃ) ✪ টীকা (আঃ ৯০) ঃ মুরতাদ ব্যক্তির পুনরায় ইসলাম গ্রহণ ব্যতীত শুধু পাপ হতে তওবা করলে তা আল্লাহর নিকট কখনো কবুল হবে না। (বঃ কোঃ) ✪ টীকা (আঃ ৯১) ঃ এটা সুবিদিত যে, হাশরের মাঠে কারো নিকট স্বর্ণও থাকবে না। আর যদি ধরেও নেয়া হয় যে, তার নিকট রাশি রাশি স্বর্ণ থাকবে, তবুও সে তদ্দারা উপকৃত হতে পারবে না। (বঃ কোঃ)

لَنْ تَنَالُوا الْبِرَّ حَتّٰى تُنْفِقُوْا مِمَّا تُحِبُّوْنَ ۬ۚ وَمَا تُنْفِقُوْا مِنْ شَيْءٍ فَاِنَّ اللّٰهَ ﴿٩٢﴾

৯২। লান্ তানা-লুল বির্‌রা হাত্তা- তুন্‌ফিকু মিম্‌মা- তুহিব্‌বূন ; ওয়া মা- তুন্‌ফিকু মিন শাইইন ফাইন্নাল্লা-হা
(৯২) তোমরা কখনো পুণ্য লাভ করবে না যতক্ষণ না তোমাদের প্রিয় বস্তু হতে ব্যয় করবে। আর তোমরা যা কিছু ব্যয় কর আল্লাহ তা

بِهٖ عَلِيْمٌ ﴿٩٢﴾ كُلُّ الطَّعَامِ كَانَ حِلًّا لِّبَنِيْٓ اِسْرَآءِيْلَ اِلَّا مَا حَرَّمَ اِسْرَآءِيْلُ

বিহী 'আলীম। ৯৩। কুল্‌লুত্ব ত্বা'আ-মি কা-না হিল্লাল লিবানী~ইস্রা—ঈলা ইল্লা- মা- হার্‌রামা ইস্রা—ঈলু
অবশ্যই ভালভাবে জানেন। (৯৩) তাওরাত নাযিলের পূর্বে ইসরাঈল নিজের জন্য যা হারাম করেছিল তা ব্যতীত সকল খাদ্যই

عَلٰى نَفْسِهٖ مِنْ قَبْلِ اَنْ تُنَزَّلَ التَّوْرٰىةُ ؕ قُلْ فَاْتُوْا بِالتَّوْرٰىةِ فَاتْلُوْهَآ اِنْ

'আলা- নাফ্‌সিহী মিন্ ক্বাব্‌লি আন্ তুনায্‌যালাত তাওরা-হ ; কুল ফা'তূ বিত্তাওরা-তি ফাত্‌লূহা~ইন্
বনী ইসরাঈলের জন্য হালাল ছিল। আপনি বলে দিন, তাওরাত নিয়ে এস ও পাঠ কর যদি তোমরা

كُنْتُمْ صٰدِقِيْنَ ﴿٩٣﴾ فَمَنِ افْتَرٰى عَلَى اللّٰهِ الْكَذِبَ مِنْ بَعْدِ ذٰلِكَ فَاُولٰٓئِكَ

কুনতুম স্বা-দিক্বীন। ৯৪। ফামানিফ্ তারা- 'আলাল্লা-হিল কাযিবা মিম বা'দি যা-লিকা ফাউলা—ইকা
সত্যবাদী হও। (৯৪) এরপরেও যারা আল্লাহর উপর মিথ্যা আরোপ করে তারাই

هُمُ الظّٰلِمُوْنَ ﴿٩٤﴾ قُلْ صَدَقَ اللّٰهُ ۫ فَاتَّبِعُوْا مِلَّةَ اِبْرٰهِيْمَ حَنِيْفًا ؕ وَمَا كَانَ

হুমুয যা-লিমূন। ৯৫। কুল স্বাদাক্বাল্লা-হ, ফাত্তাবি'উ মিল্লাতা ইব্রা-হীমা হানীফা- ; ওয়া মা- কা-না
অত্যাচারী। (৯৫) আপনি বলে দিন, আল্লাহ সত্য বলেছেন; সুতরাং তোমরা একনিষ্ঠভাবে ইব্রাহীমের ধর্ম অনুসরণ কর; এবং তিনি (ইব্রাহীম আ)

مِنَ الْمُشْرِكِيْنَ ﴿٩٥﴾ اِنَّ اَوَّلَ بَيْتٍ وُّضِعَ لِلنَّاسِ لَلَّذِيْ بِبَكَّةَ مُبٰرَكًا

মিনাল্ মুশরিকীন। ৯৬। ইন্না আওয়্যালা বাইতিওঁ উদ্বি'আ লিন্না-সি লাল্লাযী বিবাক্কাতা মুবা-রাকাওঁ
মুশরিকদের দলভুক্ত ছিলেন না। (৯৬) নিশ্চয় সর্ব প্রথম ঘর যা মানুষের জন্য বানানো হয়েছে সেটাই যা মক্কায় অবস্থিত, যা বরকতময়

وَّهُدًى لِّلْعٰلَمِيْنَ ﴿٩٦﴾ فِيْهِ اٰيٰتٌۢ بَيِّنٰتٌ مَّقَامُ اِبْرٰهِيْمَ ۚ وَمَنْ دَخَلَهٗ كَانَ

ওয়া হুদাল্ লিল 'আ-লামীন। ৯৭। ফীহি আ-ইয়া-তুম্ বাইয়্যিনা-তুম্ মাক্বা-মু ইব্রা-হীম, ওয়া মান দাখালাহূ কা-না
এবং বিশ্ব জগতের পথ প্রদর্শক। (৯৭) এতে অনেক সুস্পষ্ট নিদর্শন রয়েছে, যেমন মাক্বামে ইব্রাহীম। যে সেখানে প্রবেশ করবে

اٰمِنًا ؕ وَلِلّٰهِ عَلَى النَّاسِ حِجُّ الْبَيْتِ مَنِ اسْتَطَاعَ اِلَيْهِ سَبِيْلًا ؕ وَمَنْ كَفَرَ

আ-মিনা- : ওয়া লিল্লা-হি 'আলান্ না-সি হিজ্জুল বাইতি মানিস্ তাত্বা-'আ ইলাইহি সাবীলা- ; ওয়া মান্ কাফারা
সে নিরাপদ থাকবে এবং আল্লাহর সন্তুষ্টির জন্য সে ঘরের হজ্জ করা মানুষের প্রতি অবশ্য কর্তব্য, যার সে পর্যন্ত যাওয়ার সামর্থ্য আছে। আর কেউ অমান্য করলে

পারা ৪

ওয়াক্‌ফে জিবরাঈল (ছা)

✪ টীকা (আঃ ৯৩) ঃ ইসরাঈল ঃ হযরত ইসহাকের (আ) পুত্র ইয়াকুব (আ)। তাঁর আর এক নাম ইসরাঈল। তাঁরই বংশধর বনী ইসরাঈল নামে পরিচিত। ✪ শানে নুযূল (আঃ ৯৩) ঃ ইহুদীরা বলত, হে মোহাম্মদ! আপনি উটের গোশত ও দুধ খেয়ে থাকেন আর ইবরাহীমের ধর্মের উপর আছেন বলে দাবী করেন, অথচ এটা হযরত ইবরাহীম (আ) এমনকি হযরত নূহ (আ)-এর সময় হতেই হারাম। ইহুদীদের এই দাবী খণ্ডনের জন্য আল্লাহ্ এ আয়াতটি নাযিল করেন। (বঃ কোঃ) ✪ শানে নুযূল (আঃ ৯৬) ঃ ইহুদীরা বায়তুল মুকাদ্দাস কে বায়তুল্লাহ্ অপেক্ষা উত্তম বলে দাবী করত। আর মুসলমানগণ বায়তুল্লাহ্‌কে উত্তম বলত। এ বিতর্কে মুসলমানগণ যে, সত্য পথে রয়েছে এরই উল্লেখ করতঃ এ আয়াতটি আল্লাহ্‌তা'আলা অবতীর্ণ করেন। (বঃ কোঃ)

فَاِنَّ اللّٰهَ غَنِيٌّ عَنِ الْعٰلَمِيْنَ ﴿٩٧﴾ قُلْ يٰٓاَهْلَ الْكِتٰبِ لِمَ تَكْفُرُوْنَ بِاٰيٰتِ اللّٰهِ ۖ

ফাইন্নাল্লা-হা গানিইয়্যুন 'আনিল 'আ-লামীন। ৯৮। কুল ইয়া~আহ্‌লাল কিতা-বি লিমা তাক্‌ফুরূনা বিআ-ইয়া-তিল্লা-হ,
(সে জেনে রাখুক) আল্লাহ বিশ্বজগত হতে অমুখাপেক্ষী। (৯৮) আপনি বলুন, হে কিতাবীগণ! তোমরা কেন আল্লাহর নিদর্শনকে অস্বীকার করছ?

وَاللّٰهُ شَهِيْدٌ عَلٰى مَا تَعْمَلُوْنَ ﴿٩٨﴾ قُلْ يٰٓاَهْلَ الْكِتٰبِ لِمَ تَصُدُّوْنَ عَنْ

ওয়াল্লা-হু শাহীদুন 'আলা- মা- তা'মালূন। ৯৯। কুল ইয়া~আহ্‌লাল কিতা-বি লিমা তাস্বুদ্দূনা 'আন
অথচ আল্লাহ তোমাদের সকল কাজের সাক্ষী। (৯৯) বলুন, হে কিতাবীগণ! কেন তোমরা বাধা প্রদান করছ

سَبِيْلِ اللّٰهِ مَنْ اٰمَنَ تَبْغُوْنَهَا عِوَجًا وَّاَنْتُمْ شُهَدَآءُ ؕ وَمَا اللّٰهُ بِغَافِلٍ عَمَّا

সাবীলিল্লা-হি মান্ আ-মানা তাব্‌গূনাহা- 'ইওয়াজাওঁ ওয়া আন্‌তুম শুহাদা—উ ; ওয়া মাল্লা-হু বিগা-ফিলিন 'আম্মা-
আল্লাহর পথে এমন ব্যক্তিকে, যে ঈমান এনেছে? এভাবে যে, তাতে বক্রতা অন্বেষণ কর; অথচ তোমরাই সাক্ষী। তোমরা যা করছ তা থেকে আল্লাহ

تَعْمَلُوْنَ ﴿٩٩﴾ يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْٓا اِنْ تُطِيْعُوْا فَرِيْقًا مِّنَ الَّذِيْنَ اُوْتُوا الْكِتٰبَ

তা'মালূন। ১০০। ইয়া~আইয়্যুহাল্ লাযীনা আ-মানূ~ইন্ তুত্বী'উ ফারীক্বাম্ মিনাল্ লাযীনা উতুল কিতা-বা
অনবহিত নন। (১০০) হে ঈমানদারগণ! যাদেরকে কিতাব দেয়া হয়েছে তাদের কোন দলকে যদি তোমরা অনুসরণ কর (তাহলে)

يَرُدُّوْكُمْ بَعْدَ اِيْمَانِكُمْ كٰفِرِيْنَ ﴿١٠٠﴾ وَكَيْفَ تَكْفُرُوْنَ وَاَنْتُمْ تُتْلٰى

ইয়ারুদ্দূকুম বা'দা ঈমা-নিকুম কা-ফিরীন। ১০১। ওয়া কাইফা তাক্‌ফুরূনা ওয়া আন্‌তুম তুত্‌লা-
তারা তোমাদেরকে ঈমান আনার পর পুনরায় কাফির বানিয়ে দিবে। (১০১) তোমরা কিভাবে কুফরী করতে পার? অথচ তোমাদের

عَلَيْكُمْ اٰيٰتُ اللّٰهِ وَفِيْكُمْ رَسُوْلُهٗ ؕ وَمَنْ يَّعْتَصِمْ بِاللّٰهِ فَقَدْ هُدِيَ اِلٰى

'আলাইকুম আ-ইয়া-তুল্লা-হি ওয়া ফীকুম রাসূলুহ ; ওয়া মাইঁ ইয়া'তাস্বিম বিল্লা-হি ফাক্বাদ হুদিয়া ইলা-
নিকট আল্লাহর আয়াতসমূহ পঠিত হয় এবং তোমাদের মধ্যেই তাঁর রাসূল উপস্থিত। আর যে ব্যক্তি আল্লাহকে দৃঢ়ভাবে আঁকড়ে ধরে, নিশ্চয়ই সে সরল

صِرَاطٍ مُّسْتَقِيْمٍ ﴿١٠١﴾ يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوا اتَّقُوا اللّٰهَ حَقَّ تُقٰتِهٖ وَلَا تَمُوْتُنَّ

স্বিরা-ত্বিম্ মুস্তাক্বীম। ১০২। ইয়া~আইয়্যুহাল্ লাযীনা আ-মানুত্ তাক্বুল্লা-হা হাক্ক্বা তুক্বা-তিহী ওয়া লা- তামূতুন্না
পথে পরিচালিত হবে। (১০২) হে ঈমানদারগণ! তোমরা আল্লাহকে যথাযথ ভাবে ভয় কর। আর তোমরা প্রকৃত মুসলমান না হয়ে

اِلَّا وَاَنْتُمْ مُّسْلِمُوْنَ ﴿١٠٢﴾ وَاعْتَصِمُوْا بِحَبْلِ اللّٰهِ جَمِيْعًا وَّلَا تَفَرَّقُوْا ص

ইল্লা- ওয়া আন্‌তুম মুসলিমূন। ১০৩। ওয়া'তাস্বিমূ বিহাব্‌লিল্লা-হি জ্বামী'আওঁ ওয়া লা- তাফার্‌রাক্বূ,
মৃত্যুবরণ কর না। (১০৩) তোমরা ঐক্যবদ্ধভাবে আল্লাহর রজ্জুকে সুদৃঢ়ভাবে আঁকড়ে ধর। তোমরা পরস্পর বিচ্ছিন্ন হয়ো না।

১০ ع ১০ ১ রুকূ

✪ শানে নুযূল (আঃ ৯৯) ঃ শাম্মাস ইবনে কায়েস নামক জনৈক ইহুদী মুসলমানদের প্রতি ভীষণ হিংসা পোষণ করত। আওস ও খাযরাজ এতদুভয় সম্প্রদায়কে একতাবদ্ধভাবে একই মজলিসে সমবেত দেখে সে হিংসায় জ্বলে উঠল। অতএব, এতদুভয় সম্প্রদায়ের মধ্যে বিভেদ সৃষ্টির উদ্দেশ্যে এক ব্যক্তিকে বলল, এ উভয় সম্প্রদায়ের মধ্যে যুদ্ধ-বিগ্রহ চলতে থাকা কালের আত্মকলহমূলক বহু গাঁথা-কবিতা রয়েছে, তুমি তাদের মজলিসে উপস্থিত হয়ে তা হতে কিছু কবিতা গেয়ে আস। সে তাই করল। কবিতা শ্রবণ করা মাত্র উভয় সম্প্রদায়ের মধ্যে পুরাতন হিংসানল প্রজ্জ্বলিত হয়ে উঠল, অধিকন্তু যুদ্ধের স্থান ও সময় নির্ধারিত হয়ে গেল। এখান হতে কয়েকটি আয়াত এ ঘটনা সম্বন্ধেই অবতীর্ণ হয়েছে। (নূঃ কুরআন)
✪ টীকা (আঃ ১০৩) ঃ بحبل الله অর্থ আল্লাহর রজ্জু। এখানে রজ্জু দ্বারা বুঝানো হয়েছে কুরআন। কেউ কেউ বলেন, حبل -এর অর্থ অংগীকার বা যিম্মাদারী

وَاذْكُرُوْا نِعْمَتَ اللّٰهِ عَلَيْكُمْ اِذْ كُنْتُمْ اَعْدَآءً فَاَلَّفَ بَيْنَ قُلُوْبِكُمْ

ওয়ায্কুরূ নি'মাতাল্লা-হি 'আলাইকুম ইয্ কুন্তুম আ'দা—আন্ ফাআল্লাফা বাইনা কুলূবিকুম্

আর তোমাদের প্রতি আল্লাহর দেয়া যে নেয়ামত রয়েছে তা স্মরণ কর। যখন তোমরা পরস্পরে শত্রু ছিলে, তখন তিনি তোমাদের অন্তরে ভালবাসা সৃষ্টি করেছেন।

فَاَصْبَحْتُمْ بِنِعْمَتِهٖۤ اِخْوَانًا ۚ وَكُنْتُمْ عَلٰى شَفَا حُفْرَةٍ مِّنَ النَّارِ فَاَنْقَذَكُمْ مِّنْهَا ؕ

ফাআস্বাহ্তুম বিনি'মাতিহী~ইখওয়া-না-, ওয়া কুন্তুম 'আলা- শাফা-হুফ্রাতিম্ মিনান্ না-রি ফাআন্ক্বাযাকুম্ মিন্হা ;

ফলে তাঁর অনুগ্রহে তোমরা ভাই ভাই হয়ে গেলে। অথচ তোমরা ছিলে অগ্নিকুন্ডের এক প্রান্তে। অতঃপর আল্লাহ তা থেকে তোমাদেরকে রক্ষা করেছেন।

كَذٰلِكَ يُبَيِّنُ اللّٰهُ لَكُمْ اٰيٰتِهٖ لَعَلَّكُمْ تَهْتَدُوْنَ ۝ وَلْتَكُنْ مِّنْكُمْ اُمَّةٌ

কাযা-লিকা ইউবাইয়্যিনুল্লা-হু লাকুম আ-ইয়া-তিহী লা'আল্লাকুম তাহ্তাদূন। ১০৪। ওয়াল্তাকুম মিন্কুম উম্মাতুই

এভাবে আল্লাহ তোমাদের জন্য তাঁর নিদর্শনসমূহ বর্ণনা করেন, যাতে তোমরা সঠিক পথ পেতে পার। (১০৪) আর তোমাদের মধ্যে

يَّدْعُوْنَ اِلَى الْخَيْرِ وَيَاْمُرُوْنَ بِالْمَعْرُوْفِ وَيَنْهَوْنَ عَنِ الْمُنْكَرِ ؕ وَاُولٰٓئِكَ

ইয়াদ'উনা ইলাল খাইরি ওয়া ইয়া'মুরূনা বিল মা'রূফি ওয়া ইয়ানহাওনা 'আনিল মুনকার ; ওয়া উলা—ইকা

এমন একটি দল থাকা উচিৎ, যারা কল্যাণের পথে আহ্বান করবে এবং সৎ কাজের নির্দেশ দিবে ও অসৎ কাজ থেকে বিরত রাখবে;

هُمُ الْمُفْلِحُوْنَ ۝ وَلَا تَكُوْنُوْا كَالَّذِيْنَ تَفَرَّقُوْا وَاخْتَلَفُوْا مِنْۢ بَعْدِ

হুমুল মুফ্লিহূন। ১০৫। ওয়া লা- তাকূনূ কাল্লাযীনা তাফার্রাকূ ওয়াখ্তালাফূ মিম্ বা'দি

আর তারাই হবে সফলকাম। (১০৫) তোমরা তাদের মত হয়োনা, যারা তাদের কাছে সুস্পষ্ট নিদর্শনাবলী আসার

مَا جَآءَهُمُ الْبَيِّنٰتُ ؕ وَاُولٰٓئِكَ لَهُمْ عَذَابٌ عَظِيْمٌ ۝ يَّوْمَ تَبْيَضُّ

মা- জ্বা—আহুমুল বাইয়্যিনা-ত ; ওয়া উলা—ইকা লাহুম 'আযা-বুন 'আযীম। ১০৬। ইয়াওমা তাব্ইয়াদ্বু

পরও বিচ্ছিন্ন হয়েছে ও মতভেদ করেছে। তাদের জন্যই রয়েছে ভীষণ শাস্তি। (১১৬) সেদিন কতিপয় লোকের চেহারা শুভ্র

وُجُوْهٌ وَّتَسْوَدُّ وُجُوْهٌ ۚ فَاَمَّا الَّذِيْنَ اسْوَدَّتْ وُجُوْهُهُمْ ۟ اَكَفَرْتُمْ بَعْدَ اِيْمَانِكُمْ فَذُوْقُوا

উজূহুঁও ওয়া তাস্ওয়াদ্দু উজূহ ; ফাআম্মাল্ লাযীনাস্ ওয়াদ্দাত উজূহুহুম আকাফারতুম বা'দা ঈমা-নিকুম ফাযূকুল

(উজ্জ্বল) হবে এবং কতিপয় লোকের চেহারা কালো হবে। সুতরাং যাদের চেহারা কালো হবে তাদেরকে বলা হবে; তোমরা কি ঈমান আনার পর কুফরী করেছ?

الْعَذَابَ بِمَا كُنْتُمْ تَكْفُرُوْنَ ۝ وَاَمَّا الَّذِيْنَ ابْيَضَّتْ وُجُوْهُهُمْ فَفِيْ رَحْمَةِ اللّٰهِ ؕ

'আযা-বা বিমা- কুন্তুম তাক্ফুরূন। ১০৭। ওয়া আম্মাল্ লাযীনাব ইয়াদ্বদ্বাত উজূহুহুম ফাফী রাহ্মাতিল্লা-হ ;

সুতরাং এখন তোমরা কুফরী করার কারণে শাস্তি ভোগ কর। (১০৭) আর যাদের চেহারা শুভ্র (উজ্জ্বল) হবে, তাঁরা থাকবে আল্লাহর রহমতের মধ্যে।

هُمْ فِيْهَا خٰلِدُوْنَ ۝ تِلْكَ اٰيٰتُ اللّٰهِ نَتْلُوْهَا عَلَيْكَ بِالْحَقِّ ؕ وَمَا اللّٰهُ يُرِيْدُ ظُلْمًا

হুম ফীহা- খা-লিদূন। ১০৮। তিল্কা আ-ইয়া-তুল্লা-হি নাত্লূহা- 'আলাইকা বিল্ হাক্ক্ব ; ওয়া মাল্লা-হু ইউরীদু যুল্মাল

সেখানে তাঁরা সর্বদা থাকবে। (১০৮) এগুলো হল আল্লাহর বাণী, যা যথাযথ ভাবে আমি আপনার নিকট পাঠ করে শোনাচ্ছি। আল্লাহ সৃষ্টি জগতের প্রতি জুলুম

لِّلْعٰلَمِيْنَ ۝ وَلِلّٰهِ مَا فِي السَّمٰوٰتِ وَمَا فِي الْاَرْضِ ؕ وَاِلَى اللّٰهِ تُرْجَعُ الْاُمُوْرُ ع

লিল্ 'আ-লামীন। ১০৯। ওয়া লিল্লা-হি মা-ফিস্ সামা-ওয়া-তি ওয়া মা- ফিল আরদ্ব ; ওয়া ইলাল লা-হি তুরজ্বা'উল উমূর।

করার ইচ্ছা করেন না। (১০৯) আসমান ও যমীনে যা কিছু আছে সবই আল্লাহর এবং আল্লাহর নিকটই হবে সব কিছুর প্রত্যাবর্তন।

۝ كُنْتُمْ خَيْرَ اُمَّةٍ اُخْرِجَتْ لِلنَّاسِ تَاْمُرُوْنَ بِالْمَعْرُوْفِ وَتَنْهَوْنَ عَنِ

১১০। কুন্তুম খাইরা উম্মাতিন্ উখ্রিজ্বাত লিন্না-সি তা'মুরূনা বিল্ মা'রূফি ওয়া তান্হাওনা 'আনিল

(১১০) তোমরাই হলে সর্বশ্রেষ্ঠ উম্মত, মানব জাতির কল্যাণের জন্য তোমাদের আবির্ভাব হয়েছে। তোমরা সৎকাজের আদেশ কর এবং মন্দ কাজ থেকে বিরত

الْمُنْكَرِ وَتُؤْمِنُوْنَ بِاللّٰهِ ؕ وَلَوْ اٰمَنَ اَهْلُ الْكِتٰبِ لَكَانَ خَيْرًا لَّهُمْ ؕ مِنْهُمُ

মুন্কারি ওয়া তু'মিনূনা বিল্লা-হ ; ওয়া লাও আ-মানা আহ্লুল কিতা-বি লাকা-না খাইরাল্লাহুম ; মিন্হুমুল

রাখ এবং আল্লাহর প্রতি ঈমান রাখ। যদি কিতাবীগণ ঈমান আনত, তবে তাদের জন্য খুবই ভাল হত; তাদের মধ্যে কতিপয় মুমিন

الْمُؤْمِنُوْنَ وَاَكْثَرُهُمُ الْفٰسِقُوْنَ ۝ لَنْ يَّضُرُّوْكُمْ اِلَّاۤ اَذًى ؕ وَاِنْ يُّقَاتِلُوْكُمْ

মু'মিনূনা ওয়া আক্ছারুহুমুল ফা-সিকূন। ১১১। লাইঁ ইয়াদুর্রূ কুম ইল্লা~আযা- ; ওয়া ইইঁউক্বা-তিলূকুম

আর অধিকাংশই নাফরমান। (১১১) তারা তোমাদের সামান্য কষ্ট দেয়া ছাড়া আর কোনই ক্ষতি করতে পারবে না। আর যদি তারা তোমাদের সাথে যুদ্ধ করে, তবে

يُوَلُّوْكُمُ الْاَدْبَارَ ۟ ثُمَّ لَا يُنْصَرُوْنَ ۝ ضُرِبَتْ عَلَيْهِمُ الذِّلَّةُ اَيْنَ مَا ثُقِفُوْۤا

ইউওয়াল্লূ কুমুল আদ্বা-র, ছুম্মা লা- ইয়ুন্স্বারূন। ১১২। দ্বুরিবাত্ 'আলাইহিমুয্ যিল্লাতু আইনা মা- ছুকিফূ~

তারা তোমাদেরকে পৃষ্ঠ প্রদর্শন করতঃ পলায়ন করবে। অতঃপর তাদের কোন সাহায্যও করা হবে না। (১১২) যেখানেই তাদেরকে পাওয়া গেছে সেখানেই

اِلَّا بِحَبْلٍ مِّنَ اللّٰهِ وَحَبْلٍ مِّنَ النَّاسِ وَبَآءُوْ بِغَضَبٍ مِّنَ اللّٰهِ وَضُرِبَتْ

ইল্লা- বিহ্বাব্লিম্ মিনাল্লা-হি ওয়া হ্বাব্লিম্ মিনান্ না-সি ওয়া বা—উ বিগাদ্বাবিম্ মিনাল্লা-হি ওয়া দ্বুরিবাত্

তাদেরকে লাঞ্ছিত করা হয়েছে শুধু তাদের ব্যতীত যারা আল্লাহর আশ্রয় ও মানুষের আশ্রয় প্রাপ্ত। আর তারা আল্লাহর গযবের পাত্র হয়েছে এবং তাদের উপর

عَلَيْهِمُ الْمَسْكَنَةُ ؕ ذٰلِكَ بِاَنَّهُمْ كَانُوْا يَكْفُرُوْنَ بِاٰيٰتِ اللّٰهِ وَيَقْتُلُوْنَ

'আলাইহিমুল মাস্কানাহ ; যা-লিকা বিআন্নাহুম কা-নূ ইয়াক্ফুরূনা বিআ-ইয়া-তিল্লা-হি ওয়া ইয়াক্বতুলূনাল

চাপানো হয়েছে দারিদ্র্যতা। এর কারণ হল, তারা আল্লাহর আয়াতসমূহকে অস্বীকার করত এবং অন্যায়ভাবে নবীগণকে হত্যা করত

الْاَنْۢبِيَآءَ بِغَيْرِ حَقٍّ ؕ ذٰلِكَ بِمَا عَصَوْا وَّكَانُوْا يَعْتَدُوْنَ ۝ لَيْسُوْا سَوَآءً ؕ

আম্বিয়া—আ বিগাইরি হ্বাক্ক্ব ; যা-লিকা বিমা- 'আছাও ওয়া কা-নূ ইয়া'তাদূন। ১১৩। লাইসূ সাওয়া—আ ;

এটা এ কারণে যে, তারা অবাধ্য হয়েছিল এবং সীমালংঘন করেছিল। (১১৩) তারা সকলে সমান নয়।

مِنْ اَهْلِ الْكِتٰبِ اُمَّةٌ قَآئِمَةٌ يَّتْلُوْنَ اٰيٰتِ اللّٰهِ اٰنَآءَ الَّيْلِ وَهُمْ يَسْجُدُوْنَ

মিন্ আহ্লিল কিতা-বি উম্মাতুন ক্বা—ইমাতুইঁ ইয়াত্লূনা আ-ইয়া-তিল্লা-হি আ-না—আল্ লাইলি ওয়া হুম্ ইয়াস্জুদূন।

আহলে কিতাবদের মধ্যে (দ্বীনের উপর) সুপ্রতিষ্ঠিত একদল আছে, তারা রাত্রিকালে আল্লাহর আয়াত পাঠ করে এবং সিজদা করে।

يُؤْمِنُونَ بِاللّٰهِ وَالْيَوْمِ الْاٰخِرِ وَيَأْمُرُونَ بِالْمَعْرُوفِ وَيَنْهَوْنَ عَنِ

১১৪। ইউ'মিনূনা বিল্লা-হি ওয়াল্ ইয়াওমিল আ-খিরি ওয়া ইয়া'মুরূনা বিল্ মা'রূফি ওয়া ইয়ান্হাওনা 'আনিল
(১১৪) তারা আল্লাহ এবং দিনে আখেরাতকে বিশ্বাস করে এবং তারা সৎকাজের নির্দেশ দেয়, আর অন্যায় কাজ থেকে বিরত রাখে

الْمُنْكَرِ وَيُسَارِعُونَ فِي الْخَيْرٰتِ ۖ وَأُولٰئِكَ مِنَ الصّٰلِحِينَ ۝ وَمَا يَفْعَلُوا مِنْ

মুন্কারি ওয়া ইউসা-রি'ঊনা ফিল খাইরা-ত ; ওয়া উলা—ইকা মিনাস্ স্বা-লিহ্বীন। ১১৫। ওয়া মা- ইয়াফ'আলূ মিন্
এবং কল্যাণকর কাজে তারা প্রতিযোগিতা করে এবং তারাই সৎকর্মশীলদের অন্তর্ভুক্ত। (১১৫) তারা যা কিছু উত্তম কাজ করবে, তার

خَيْرٍ فَلَنْ يُكْفَرُوهُ ۗ وَاللّٰهُ عَلِيمٌ بِالْمُتَّقِينَ ۝ إِنَّ الَّذِينَ كَفَرُوا لَنْ تُغْنِيَ

খাইরিন্ ফালাইঁ ইয়ুক্ফারূহ ; ওয়াল্লা-হু 'আলীমুম্ বিল মুত্তাক্বীন। ১১৬। ইন্নাল্ লাযীনা কাফারূ লান্ তুগ্নিয়া
প্রতিদান থেকে তাদেরকে কখনও বঞ্চিত করা হবে না। আল্লাহ মুত্তাকীগণ সম্পর্কে খুব অবহিত। (১১৬) যারা কুফরী করে, তাদের

عَنْهُمْ أَمْوٰلُهُمْ وَلَا أَوْلٰدُهُمْ مِنَ اللّٰهِ شَيْئًا ۖ وَأُولٰئِكَ أَصْحٰبُ النَّارِ ۚ

'আনহুম আমওয়া-লুহুম ওয়া লা~আওলা-দুহুম্ মিনাল্লা-হি শাইআ- ; ওয়া উলা—ইকা আস্বহ্বা-বুন্ না-র ;
ধন-সম্পদ ও সন্তান-সন্ততি আল্লাহর নিকট কোন কাজে আসবে না; আর তারাই জাহান্নামের অধিবাসী।

هُمْ فِيهَا خٰلِدُونَ ۝ مَثَلُ مَا يُنْفِقُونَ فِي هٰذِهِ الْحَيٰوةِ الدُّنْيَا كَمَثَلِ رِيحٍ

হুম ফীহা- খা-লিদূন। ১১৭। মাছালু মা- ইউন্ফিকূনা ফী হা-যিহিল হ্বাইয়া-তিদ্ দুনইয়া- কামাছালি রীহ্বিন্
সেখানে তারা অনন্তকাল থাকবে। (১১৭) পার্থিব জীবনে তারা যা কিছু ব্যয় করে তার দৃষ্টান্ত হল সে ঝড়ো হাওয়ার মত, যাতে আছে প্রচন্ড ঠাণ্ডা, যা

فِيهَا صِرٌّ أَصَابَتْ حَرْثَ قَوْمٍ ظَلَمُوا أَنْفُسَهُمْ فَأَهْلَكَتْهُ ۚ وَمَا ظَلَمَهُمُ اللّٰهُ

ফীহা- স্বির্রুন আস্বা-বাত হ্বার্ছা ক্বাওমিন য্বালামূ~আন্ফুসাহুম ফাআহ্লাকাত্হ ; ওয়ামা- য্বালামাহুমুল্লা-হু
আঘাত করে এমন জাতির শস্য ক্ষেত্রকে যারা নিজেদের উপর জুলুম করেছে। অতঃপর (বায়ু) সেগুলো ধ্বংস করে দিয়েছে। আল্লাহ তাদের প্রতি জুলুম করেন নি।

وَلٰكِنْ أَنْفُسَهُمْ يَظْلِمُونَ ۝ يٰأَيُّهَا الَّذِينَ اٰمَنُوا لَا تَتَّخِذُوا بِطَانَةً مِنْ دُونِكُمْ

ওয়া লা-কিন্ আন্ফুসাহুম ইয়ায্বলিমূন। ১১৮। ইয়া~আইয়্যুহাল্ লাযীনা আ-মানূ লা-তাত্তাখিযূ বিত্বা-নাতাম্ মিন্ দূনিকুম
বরং তারাই তাদের নিজেদের প্রতি জুলুম করে। (১১৮) হে মুমিনগণ! তোমরা তোমাদের নিজেদের ব্যতীত অন্য কাউকে অন্তরংগ বন্ধুরূপে গ্রহণ করো না।

لَا يَأْلُونَكُمْ خَبَالًا ۖ وَدُّوا مَا عَنِتُّمْ ۚ قَدْ بَدَتِ الْبَغْضَاءُ مِنْ أَفْوٰهِهِمْ ۚ

লা-ইয়া'লূনাকুম খাবা-লা- ; ওয়াদ্দূ মা- 'আনিত্তুম, ক্বাদ বাদাতিল বাগদ্বা—উ মিন্ আফ্ওয়া-হিহিম
তারা তোমাদের ক্ষতি করতে মোটেই ত্রুটি করবে না। যা তোমাদের কষ্ট দেয় তাকেই তাদের আনন্দ। বিদ্বেষ তাদের মুখ থেকে প্রকাশ

وَمَا تُخْفِي صُدُورُهُمْ أَكْبَرُ ۚ قَدْ بَيَّنَّا لَكُمُ الْاٰيٰتِ إِنْ كُنْتُمْ تَعْقِلُونَ ۝

ওয়া মা- তুখ্ফী স্বুদূরুহুম আক্বার ; ক্বাদ্ বাইয়্যান্না লাকুমুল আ-ইয়া-তি ইন কুন্তুম তা'ক্বিলূন।
হয়ে পড়ে ; আর তাদের অন্তরে যা লুকিয়ে আছে তা আরো মারাত্মক। আমি তোমাদের জন্য স্পষ্টরূপে নিদর্শন বলেদিয়েছি, যদি তা তোমরা অনুধাবন কর।

هٰأَنْتُمْ أُولَاءِ تُحِبُّونَهُمْ وَلَا يُحِبُّونَكُمْ وَتُؤْمِنُونَ بِالْكِتٰبِ كُلِّهِ ۚ

১১৯। হা~আন্তুম উলা—ই তুহ্বিব্বূনাহুম ওয়া লা- ইউহ্বিব্বূনাকুম ওয়া তু'মিনূনা বিল্ কিতা-বি কুল্লিহ্,
(১১৯) দেখ, তোমরা তো তাদেরকে ভালবাস, কিন্তু তারা তোমাদেরকে ভালবাসে না। অথচ তোমরা সকল কিতাবের উপর বিশ্বাস রাখ।

وَإِذَا لَقُوكُمْ قَالُوا اٰمَنَّا ۚ وَإِذَا خَلَوْا عَضُّوا عَلَيْكُمُ الْأَنَامِلَ مِنَ الْغَيْظِ ۗ

ওয়া ইযা- লাক্বূকুম ক্বা-লূ আ-মান্না-, ওয়া ইযা- খালাও 'আদ্বূ 'আলাইকুমুল আনা-মিলা মিনাল গাইয্ব ;
অথচ তারা যখন তোমাদের সাথে মিশে, তখন তারা বলে, আমরা ঈমান এনেছি। আর যখন তারা একান্তে মিলিত হয়, তখন তোমাদের প্রতি ক্রোধে নিজেদের

قُلْ مُوتُوا بِغَيْظِكُمْ ۗ إِنَّ اللّٰهَ عَلِيمٌ بِذَاتِ الصُّدُورِ ۝ إِنْ تَمْسَسْكُمْ حَسَنَةٌ

কুল মূতূ বিগাইয্বিকুম ; ইন্নাল্লা-হা 'আলীমুম্ বিযা-তিস্ স্বুদূর। ১২০। ইন্ তাম্সাস্কুম হ্বাসানাতুন
আঙ্গুল কামড়াতে থাকে। বলুন, তোমাদের ক্রোধেই তোমরা মৃত্যু বরণ কর। নিশ্চয়ই আল্লাহ অন্তরের খবর সম্পর্কে অবশ্যই জ্ঞাত। (১২০) তোমাদের

تَسُؤْهُمْ ۖ وَإِنْ تُصِبْكُمْ سَيِّئَةٌ يَفْرَحُوا بِهَا ۖ وَإِنْ تَصْبِرُوا وَتَتَّقُوا

তাসু'হুম ; ওয়া ইন্ তুস্বিব্কুম সাইয়্যিআতুইঁ ইয়াফ্রাহু বিহা-; ওয়া ইন্ তাস্ববিরূ ওয়া তাত্তাকূ
কল্যাণে তারা বিষণ্ন হয় এবং তোমাদের কোন অকল্যাণ হলে তারা খুশী হয়। যদি তোমরা ধৈর্য ও তাকওয়ার পথে থাক, তবে তাদের

لَا يَضُرُّكُمْ كَيْدُهُمْ شَيْئًا ۗ إِنَّ اللّٰهَ بِمَا يَعْمَلُونَ مُحِيطٌ ۝ وَإِذْ غَدَوْتَ مِنْ

লা-ইয়াদ্বুর্রুকুম কাইদুহুম শাইআ-; ইন্নাল্লা-হা বিমা- ইয়া'মালূনা মুহ্বীত্ব। ১২১। ওয়া ইয্ গাদাওতা মিন্
চক্রান্ত তোমাদের কোন ক্ষতিই করতে পারবে না। নিশ্চয়ই তাদের কার্যাবলী আল্লাহর আয়ত্তে রয়েছে। (১২১) স্মরণ করুন, যখন সকাল বেলা নিজ

أَهْلِكَ تُبَوِّئُ الْمُؤْمِنِينَ مَقٰعِدَ لِلْقِتَالِ ۗ وَاللّٰهُ سَمِيعٌ عَلِيمٌ ۝ إِذْ هَمَّتْ

আহ্লিকা তুবাব্বিউল মু'মিনীনা মাক্বা-'ইদা লিল্ ক্বিতা-ল ; ওয়াল্লা-হু সামী'উন 'আলীম। ১২২। ইয্ হাম্মাত্
পরিজনদের থেকে বের হয়ে মুমিনদেরকে যুদ্ধের অবস্থানে সারিবদ্ধ করছিলেন। আর আল্লাহ সর্বশ্রোতা, সর্বজ্ঞ। (১২২) তোমাদের

طَّائِفَتٰنِ مِنْكُمْ أَنْ تَفْشَلَا ۙ وَاللّٰهُ وَلِيُّهُمَا ۗ وَعَلَى اللّٰهِ فَلْيَتَوَكَّلِ الْمُؤْمِنُونَ ۝

ত্বা—ইফাতা-নি মিন্কুম আন্ তাফ্শালা- ওয়াল্লা-হু ওয়ালি'য়্যুহুমা; ওয়া 'আলাল্লা-হি ফাল্ইয়াতাওয়াক্কালিল মু'মিনূন।
থেকে দু'টি দল যখন সাহস হারাবার উপক্রম করেছিল, আর আল্লাহ উভয়ের সাহায্যকারী ছিলেন এবং মুমিনদের আল্লাহর উপরই ভরসা করা উচিত।

وَلَقَدْ نَصَرَكُمُ اللّٰهُ بِبَدْرٍ وَأَنْتُمْ أَذِلَّةٌ ۚ فَاتَّقُوا اللّٰهَ لَعَلَّكُمْ تَشْكُرُونَ ۝

১২৩। ওয়া লাক্বাদ নাস্বারাকুমুল্লা-হু বিবাদ্রিঁও ওয়া আন্তুম আযিল্লাহ, ফাত্তাকুল্লা-হা লা'আল্লাকুম তাশ্কুরূন।
(১২৩) আর আল্লাহ তায়ালা তোমাদেরকে বদরে অবশ্যই সাহায্য করেছিলেন, অথচ তোমরা ছিলে দুর্বল। সুতরাং তোমরা আল্লাহকে ভয় কর, যাতে তোমরা কৃতজ্ঞ হতে পার।

إِذْ تَقُولُ لِلْمُؤْمِنِينَ أَلَنْ يَكْفِيَكُمْ أَنْ يُمِدَّكُمْ رَبُّكُمْ بِثَلٰثَةِ اٰلٰفٍ مِنَ

১২৪। ইয্ তাকূলু লিল্ মু'মিনীনা আলাইঁ ইয়াক্ফিয়াকুম আইঁ ইউমিদ্দাকুম্ রাব্বুকুম্ বিছালা-ছাতি আ-লা-ফিম্ মিনাল্
(১২৪) স্মরণ করুন, যখন আপনি মুমিনদেরকে বলছিলেন, এটা কি তোমাদের জন্য যথেষ্ট নয় যে, তোমাদের প্রতিপালক তোমাদের সাহায্য করবেন তিন হাজার

الْمَلٰٓئِكَةِ مُنْزَلِيْنَ ۝ بَلٰٓى اِنْ تَصْبِرُوْا وَتَتَّقُوْا وَيَاْتُوْكُمْ مِّنْ فَوْرِهِمْ هٰذَا

মালা—ইকাতি মুনযালীন। ১২৫। বালা~ইন তাস্বিরূ ওয়া তাত্তাক্বূ ওয়া ইয়া'তূকুম্ মিন্ ফাওরিহিম হা-যা-
অবতারিত ফিরিশতা দ্বারা। (১২৫) হাঁ অবশ্যই, তোমরা যদি ধৈর্য ধারণ কর এবং পরহেজগারী অবলম্বন কর, আর যদি তারা তোমাদের উপর চড়াও হয়

يُمْدِدْكُمْ رَبُّكُمْ بِخَمْسَةِ اٰلٰفٍ مِّنَ الْمَلٰٓئِكَةِ مُسَوِّمِيْنَ ۝ وَمَا جَعَلَهُ اللّٰهُ

ইউম্দিদ্কুম রাব্বুকুম বিখাম্সাতি আ-লা-ফিম্ মিনাল মালা—ইকাতি মুসাওওইমীন। ১২৬। ওয়ামা- জ্বা'আলাহুল্লা-হু
দ্রুত গতিতে, তবে তোমাদের প্রতিপালক পাঁচ হাজার চিহ্নিত ফিরিশতা দ্বারা তোমাদের সাহায্য করবেন। (১২৬) আর আল্লাহ এ বিশেষ সাহায্য

اِلَّا بُشْرٰى لَكُمْ وَلِتَطْمَئِنَّ قُلُوْبُكُمْ بِهٖ ۗ وَمَا النَّصْرُ اِلَّا مِنْ عِنْدِ اللّٰهِ الْعَزِيْزِ

ইল্লা- বুশ্রা- লাকুম ওয়া লিতাত্বমাইন্না কুলূবুকুম বিহ ; ওয়া মান্ নাস্রু ইল্লা- মিন 'ইন্দিল্লা-হিল 'আযীযিল
করেছেন তোমাদের সুসংবাদ প্রদানের জন্য আর যাতে তোমাদের আত্মা পরিতৃপ্তি লাভ করে। আর সাহায্য শুধু আল্লাহরই পক্ষ থেকে হয়, যিনি পরাক্রান্ত,

الْحَكِيْمِ ۝ لِيَقْطَعَ طَرَفًا مِّنَ الَّذِيْنَ كَفَرُوْٓا اَوْ يَكْبِتَهُمْ فَيَنْقَلِبُوْا خَآئِبِيْنَ ○

হাকীম। ১২৭। লিইয়াক্ব্ত্বা'আ ত্বারাফাম্ মিনাল্ লাযীনা কাফারূ~আও ইয়াক্বিতাহুম ফাইয়ানক্বালিবূ খা—ইবীন।
প্রজ্ঞাময়। (১২৭) যাতে কাফিরদের কতককে ধ্বংস করে দেন অথবা লাঞ্ছিত করে দেন, যেন তারা ব্যর্থ হয়ে ফিরে যায়।

۝ لَيْسَ لَكَ مِنَ الْاَمْرِ شَيْءٌ اَوْ يَتُوْبَ عَلَيْهِمْ اَوْ يُعَذِّبَهُمْ فَاِنَّهُمْ ظٰلِمُوْنَ ○

১২৮। লাইসা লাকা মিনাল আম্রি শাইউন আও ইয়াতূবা 'আলাইহিম আও ইউ'আয্যিবাহুম ফাইন্নাহুম যা-লিমূন।
(১২৮) আল্লাহ হয় তাদেরকে ক্ষমা করবেন অথবা শাস্তি দিবেন, এ ব্যাপারে আপনার কিছুই করণীয় নেই। যেহেতু তারা অত্যাচারী।

۝ وَلِلّٰهِ مَا فِي السَّمٰوٰتِ وَمَا فِي الْاَرْضِ ۗ يَغْفِرُ لِمَنْ يَّشَآءُ وَيُعَذِّبُ مَنْ يَّشَآءُ ۗ

১২৯। ওয়া লিল্লা-হি মা-ফিস্ সামা-ওয়া-তি ওয়া মা- ফিল আরদ্ব ; ইয়াগ্ফিরু লিমাই ইয়াশা—উ ওয়া ইউ'আয্যিবু মাই ইয়াশা—উ ;
(১২৯) আসমান ও যমিনে যা কিছু আছে সব কিছু আল্লাহরই কর্তৃত্বে। তিনি যাকে ইচ্ছা ক্ষমা করেন, যাকে ইচ্ছা শাস্তি দেন।

وَاللّٰهُ غَفُوْرٌ رَّحِيْمٌ ۝ يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْا لَا تَاْكُلُوا الرِّبٰوٓا اَضْعَافًا مُّضٰعَفَةً ۖ

ওয়াল্লা-হু গা'ফূরুর রাহীম। ১৩০। ইয়া~আইয়্যুহাল্ লাযীনা আ-মানূ লা-তা'কুলুর্ রিবা~আদ্ব'আ-ফাম্ মুদ্বা-'আফাহ,
আল্লাহ ক্ষমাশীল ও পরম দয়ালু। (১৩০) হে মুমিনগণ! তোমরা চক্রবৃদ্ধি হারে সুদ খেয়ো না, তোমরা ভয় কর

وَّاتَّقُوا اللّٰهَ لَعَلَّكُمْ تُفْلِحُوْنَ ۝ وَاتَّقُوا النَّارَ الَّتِيْٓ اُعِدَّتْ لِلْكٰفِرِيْنَ ○

ওয়াত্তাকুল লা-হা লা'আল্লাকুম তুফ্লিহূন। ১৩১। ওয়াত্তাকূন্ না-রাল্ লাতী~উ'ইদ্দাত লিল কা-ফিরীন।
আল্লাহকে; যাতে তোমরা সফলতা লাভ করতে পার। (১৩১) তোমরা সে আগুন হতে নিজেকে রক্ষা কর, যা কাফিরদের জন্য প্রস্তুত করা হয়েছে।

۝ وَاَطِيْعُوا اللّٰهَ وَالرَّسُوْلَ لَعَلَّكُمْ تُرْحَمُوْنَ ۝ وَسَارِعُوْٓا اِلٰى مَغْفِرَةٍ مِّنْ

১৩২। ওয়া আত্বী'উল্ লা-হা ওয়ার্ রাসূলা লা'আল্লাকুম তুর্হামূন। ১৩৩। ওয়া সা-রি'উ~ইলা- মাগফিরাতিম্ মির্
(১৩২) তোমরা আল্লাহ ও রাসূলের আনুগত্য কর। যাতে তোমরা অনুগ্রহ প্রাপ্ত হবে। (১৩৩) তোমরা তোমাদের প্রতিপালকের ক্ষমার

সূরা আ-লে 'ইমরা-ন ঃ ৩ নূরানী বাংলা উচ্চারণ ক্বোরআন শরীফ লান্ তানা-লু ঃ ৪

رَّبِّكُمْ وَجَنَّةٍ عَرْضُهَا السَّمٰوٰتُ وَالْاَرْضُ ۙ اُعِدَّتْ لِلْمُتَّقِيْنَ ۝ الَّذِيْنَ

রাব্বিকুম ওয়া জান্নাতিন্ 'আরদ্বুহাস্ সামা-ওয়া-তু ওয়াল আরদ্বু উ'ইদ্দাত লিল্ মুত্তাক্বীন। ১৩৪। আল্লাযীনা
দিকে ধাবিত হও এবং সে জান্নাতের দিকে যার প্রশস্ততা, আসমান ও যমিনের ব্যবধানের ন্যায়। যা মুত্তাকীদের জন্য প্রস্তুত করা হয়েছে। (১৩৪) যারা

يُنْفِقُوْنَ فِي السَّرَّآءِ وَالضَّرَّآءِ وَالْكٰظِمِيْنَ الْغَيْظَ وَالْعَافِيْنَ عَنِ النَّاسِ ۗ

ইউন্ফিক্বূনা ফিস্ সাররা—ই ওয়াদ্ব দ্বাররা—ই ওয়াল্ কা-যিমীনাল গাইযা ওয়াল 'আ-ফীনা 'আনিন্ না-স ;
সচ্ছলতা ও অভাব উভয় সময় ব্যয় করে এবং যারা ক্রোধ নিয়ন্ত্রণকারী ও মানুষের প্রতি ক্ষমা প্রদর্শনকারী ;

وَاللّٰهُ يُحِبُّ الْمُحْسِنِيْنَ ۝ وَالَّذِيْنَ اِذَا فَعَلُوْا فَاحِشَةً اَوْ ظَلَمُوْٓا اَنْفُسَهُمْ

ওয়াল্লা-হু ইউহিব্বুল মুহ্সিনীন। ১৩৫। ওয়াল্ লাযীনা ইযা- ফা'আলূ ফা-হিশাতান্ আও যালামূ~আনফুসাহুম
আর আল্লাহ (এ রূপ) নেককারদেরকে ভালবাসেন। (১৩৫) আর যখন তারা কোন অশ্লীল কাজ করে বসে অথবা নিজেদের প্রতি জুলুম করে বসে, তখন

ذَكَرُوا اللّٰهَ فَاسْتَغْفَرُوْا لِذُنُوْبِهِمْ ۗ وَمَنْ يَّغْفِرُ الذُّنُوْبَ اِلَّا اللّٰهُ ۗ وَلَمْ

যাকারুল্লা-হা ফাস্তাগ্ফারূ লিযুনূবিহিম, ওয়া মাই ইয়াগ্ফিরুয্ যুনূবা ইল্লাল্লা-হ, ওয়া লাম
আল্লাহকে স্মরণ করে, অতঃপর নিজেদের কৃত পাপের জন্য ক্ষমা প্রার্থনা করে। আর আল্লাহ ব্যতীত পাপ ক্ষমাকারী কে আছে? আর তারা

يُصِرُّوْا عَلٰى مَا فَعَلُوْا وَهُمْ يَعْلَمُوْنَ ۝ اُولٰٓئِكَ جَزَآؤُهُمْ مَّغْفِرَةٌ مِّنْ رَّبِّهِمْ

ইউস্বিররূ 'আলা- মা-ফা'আলূ ওয়া হুম ইয়া'লামূন। ১৩৬। উলা—ইকা জ্বাযা—উহুম মাগ্ফিরাতুম্ মির রাব্বিহিম
জেনে-শুনে উক্ত কাজের পুনরাবৃত্তি ঘটায় না। (১৩৬) এবং এসব লোকদের প্রতিদান হল তাদের প্রতিপালকের নিকট হতে ক্ষমা

وَجَنّٰتٌ تَجْرِيْ مِنْ تَحْتِهَا الْاَنْهٰرُ خٰلِدِيْنَ فِيْهَا ۗ وَنِعْمَ اَجْرُ الْعٰمِلِيْنَ ○

ওয়া জ্বান্না-তুন তাজ্রী মিন্ তাহ্তিহাল আন্হা-রু খা-লিদীনা ফীহা-; ওয়া নি'মা আজ্রুল 'আ-মিলীন।
এবং জান্নাত, যার তলদেশে নহর প্রবাহিত। সেখানে তারা স্থায়ীভাবে বসবাস করবে এবং কতইনা উত্তম নেককারদের প্রতিদান।

۝ قَدْ خَلَتْ مِنْ قَبْلِكُمْ سُنَنٌ ۙ فَسِيْرُوْا فِي الْاَرْضِ فَانْظُرُوْا كَيْفَ كَانَ

১৩৭। ক্বাদ্ খালাত মিন ক্বাব্লিকুম সুনানুন্ ফাসীরূ ফিল আর্দ্বি ফান্যুরূ কাইফা কা-না
(১৩৭) তোমাদের পূর্বে বহু জীবন পদ্ধতি অতীত হয়েছে। কাজেই তোমরা পৃথিবীতে ভ্রমণ কর এবং দেখ মিথ্যারোপকারীদের

عَاقِبَةُ الْمُكَذِّبِيْنَ ۝ هٰذَا بَيَانٌ لِّلنَّاسِ وَهُدًى وَّمَوْعِظَةٌ لِّلْمُتَّقِيْنَ ○

'আ-ক্বিবাতুল মুকায্যিবীন। ১৩৮। হা-যা- বাইয়া-নুল লিন্না-সি ওয়া হুদাওঁ ওয়া মাও'ইযাতুল্ লিল্ মুত্তাক্বীন।
পরিণাম কি হয়েছে। (১৩৮) এটা সাধারণ মানুষের জন্য বর্ণনা এবং পরহেজগারদের জন্য হিদায়াত ও উপদেশ।

۝ وَلَا تَهِنُوْا وَلَا تَحْزَنُوْا وَاَنْتُمُ الْاَعْلَوْنَ اِنْ كُنْتُمْ مُّؤْمِنِيْنَ ۝ اِنْ يَّمْسَسْكُمْ

১৩৯। ওয়া লা- তাহিনূ ওয়া লা-তাহ্যানূ ওয়া আন্তুমুল আ'লাওনা ইন কুন্তুম্ মু'মিনীন। ১৪০। ই ইয়াম্সাস্কুম
(১৩৯) আর তোমরা সাহস হারিয়ো না এবং দুঃখ কর না তোমরাই হবে বিজয়ী, যদি তোমরা মুমিন হও। (১৪০) যদি তোমাদের আঘাত লেগে থাকে,

قَرْحٌ فَقَدْ مَسَّ الْقَوْمَ قَرْحٌ مِّثْلُهُ ۚ وَتِلْكَ الْأَيَّامُ نُدَاوِلُهَا بَيْنَ النَّاسِ

ক্বারহুন্ ফাক্বাদ্ মাস্সাল ক্বাওমা ক্বারহুম্ মিছ্লুহ ; ওয়া তিল্কাল আইয়্যা-মু নুদা-বিলুহা- বাইনান্ না-স,
তবে নিশ্চয়ই অনুরূপ আঘাত সে সম্প্রদায়েরও লেগেছে। আমি এ দিনগুলো পালাক্রমে মানুষের মধ্যে আবর্তন ঘটাই। যাতে

وَلِيَعْلَمَ اللَّهُ الَّذِينَ آمَنُوا وَيَتَّخِذَ مِنكُمْ شُهَدَاءَ ۗ وَاللَّهُ لَا يُحِبُّ الظَّالِمِينَ

ওয়া লিয়া'লামাল্লাহুল্ লাযীনা আ-মানূ ওয়া ইয়াত্তাখিযা মিনকুম শুহাদা—আ ; ওয়াল্লা-হু লা-ইউহ্বিব্বুয্ য্বা-লিমীন।
আল্লাহ মুমিনগণকে (প্রকাশ্যভাবে) জেনে নিতে পারেন এবং তোমাদের মধ্যে কতককে শহীদ হিসেবে গ্রহণ করতে পারেন। আল্লাহ অত্যাচারীদেরকে ভালবাসেন না।

(১৪১) وَلِيُمَحِّصَ اللَّهُ الَّذِينَ آمَنُوا وَيَمْحَقَ الْكَافِرِينَ (১৪২) أَمْ حَسِبْتُمْ أَن

১৪১। ওয়া লিইউমাহ্হিস্বাল্লা-হুল্ লাযীনা আ-মানূ ওয়া ইয়াম্হাক্বাল কা-ফিরীন। ১৪২। আম্ হাসিব্তুম আন্
(১৪১) আর যাতে পরিশুদ্ধ করতে পারেন মুমিনগণকে এবং নির্মূল করতে পারেন কাফিরদেরকে। (১৪২) তোমরা কি এ ধারণা করেছ যে,

تَدْخُلُوا الْجَنَّةَ وَلَمَّا يَعْلَمِ اللَّهُ الَّذِينَ جَاهَدُوا مِنكُمْ وَيَعْلَمَ الصَّابِرِينَ

তাদ্খুলুল জ্বান্নাতা ওয়া লাম্মা- ইয়া'লামিল্লা-হুল্ লাযীনা জ্বা-হাদূ মিন্কুম ওয়া ইয়া'লামাস্ স্বা-বিরীন।
তোমরা জান্নাতে যাবে? অথচ এখন পর্যন্ত আল্লাহ তোমাদের মধ্যে কারা জিহাদ করেছে এবং কারা ধৈর্যশীল তা জানেন নি।

(১৪৩) وَلَقَدْ كُنتُمْ تَمَنَّوْنَ الْمَوْتَ مِن قَبْلِ أَن تَلْقَوْهُ فَقَدْ رَأَيْتُمُوهُ وَأَنتُمْ

১৪৩। ওয়া লাক্বাদ কুন্তুম তামান্নাওনাল মাওতা মিন্ ক্বাব্লি আন্ তালক্বাওহ, ফাক্বাদ রাআইতুমূহু ওয়া আন্তুম
(১৪৩) আর তোমরা মৃত্যু কামনা করছিলে তার (মৃত্যুর) সম্মুখীন হওয়ার পূর্বেই। এখন তো তা তোমরা স্বচক্ষে

تَنظُرُونَ (১৪৪) وَمَا مُحَمَّدٌ إِلَّا رَسُولٌ قَدْ خَلَتْ مِن قَبْلِهِ الرُّسُلُ ۚ أَفَإِن

তান্যুরূন। ১৪৪। ওয়া মা- মুহাম্মাদুন ইল্লা- রাসূল, ক্বাদ্ খালাত মিন্ ক্বাব্লিহির্ রুসুল ; আফাইম্
দেখছ। (১৪৪) মুহাম্মদ (সা) তো একজন রাসূল মাত্র। নিশ্চয়ই তাঁর পূর্বে বহু রাসূল অতীত হয়েছেন। অনন্তর যদি তাঁর মৃত্যু হয়

১৪ ع ৪ ৫ রুকূ

مَّاتَ أَوْ قُتِلَ انقَلَبْتُمْ عَلَىٰ أَعْقَابِكُمْ ۚ وَمَن يَنقَلِبْ عَلَىٰ عَقِبَيْهِ فَلَن يَضُرَّ اللَّهَ

মা-তা আও কুতিলান্ ক্বালাব্তুম 'আলা~আ'ক্বা-বিকুম ; ওয়া মাইঁ ইয়ান্ক্বালিব্ 'আলা- 'আক্বিবাইহি ফালাইঁ ইয়াদুর্রাল্লা-হা
অথবা, তিনি নিহত হন; তবে কি তোমরা পিছপা হয়ে ফিরে যাবে? আর যে পিছপা হয়ে ফিরে যাবে সে কখনো আল্লাহর ক্ষতি করতে

شَيْئًا ۗ وَسَيَجْزِي اللَّهُ الشَّاكِرِينَ (১৪৫) وَمَا كَانَ لِنَفْسٍ أَن تَمُوتَ إِلَّا بِإِذْنِ اللَّهِ

শাইআ-; ওয়া সাইয়াজ্বযিল্লা-হুশ্ শা-কিরীন। ১৪৫। ওয়া মা- কা-না লিনাফ্সিন আন্ তামূতা ইল্লা- বিইয্নিল্লা-হি
পারবে না এবং আল্লাহ শীঘ্রই কৃতজ্ঞদেরকে পুরস্কার দান করবেন। (১৪৫) আর আল্লাহর হুকুম ছাড়া কেউ মৃত্যু বরণ করে না।

✪ শানে নুযূল (আঃ ১৪৩) ঃ এক রেওয়ায়েতে জানা যায় এ আয়াতটি ওহুদের যুদ্ধের ঘটার উপর নাযিল হয়েছে। ঐ যুদ্ধে রসূলুল্লাহ্ (স) এর পবিত্র দান্দান মুবারক শহীদ হয় ও তিনি গুরুতরভাবে আহত হন। চতুর্দিকে তখন সংবাদ ছড়িয়ে পড়ে যে হুজুর (স) শহীদ হয়ে গেছেন। এ কারনে অনেক দূর্বলমনা ব্যক্তি রনাঙ্গণ থেকে হতাশা বশতঃ সরে দাড়ায়। তখন এ আয়াতটি নাযিল হয়। ✪ শানে নুযূল (আঃ ১৪৪) ঃ وما محمد الا رسول – অহুদের যুদ্ধে মুসলমানদের অনেকে শাহাদাত বরণ করে এবং মুসলমানরা ছত্রভংগ হয়ে পড়ে। বাহ্যিক দৃষ্টিতে তারা পরাজিত হয়। অপরদিকে শয়তান ঘোষণা করে দেয় যে, মুহাম্মদ নিহত হয়েছে। মুসলমানদের মধ্যে এ সংবাদ ছড়িয়ে পড়লে তারা সত্যিই ধারণা করে যে, মুহাম্মদ (সা) শহীদ হয়েছেন। ফলে মুসলমানরা ভীত হয়ে পড়েন এবং যুদ্ধ বন্ধ করে পশ্চাদপসারণে উদ্যত হয়, তখন আল্লাহ তায়ালা এ আয়াত অবতীর্ণ করেন।

সূরা আ-লে 'ইমরা-ন ঃ ৩ নূরানী বাংলা উচ্চারণ ক্বোরআন শরীফ লান্ তানা-লু ঃ ৪

كِتَابًا مُّؤَجَّلًا ۗ وَمَن يُرِدْ ثَوَابَ الدُّنْيَا نُؤْتِهِ مِنْهَا وَمَن يُرِدْ ثَوَابَ الْآخِرَةِ

কিতা-বাম মুআজ্জ্বালা- ; ওয়া মাইঁ ইউরিদ ছাওয়া-বাদ্ দুন্ইয়া- নু'তিহী মিন্হা, ওয়া মাইঁ ইউরিদ ছাওয়া-বাল আ-খিরাতি
তার জন্য একটি নির্ধারিত সময় লিখিত আছে। কেউ পার্থিব প্রতিদান চাইলে আমি তাকে পার্থিব কিছু অংশ দেই। আর কেউ আখিরাতের প্রতিদান চাইলে

نُؤْتِهِ مِنْهَا ۚ وَسَنَجْزِي الشَّاكِرِينَ (১৪৬) وَكَأَيِّن مِّن نَّبِيٍّ قَاتَلَ مَعَهُ رِبِّيُّونَ

নু'তিহী মিন্হা-; 'ওয়া সানাজ্বযিশ্ শা-কিরীন। ১৪৬। ওয়া কাআইয়্যিম্ মিন্ নাবিইয়্যিন্ ক্বা-তালা মা'আহূ রিব্বিইয়্যূনা
আমি তাকে তার থেকে তাই দান করব। আমি অতিশ্রীঘই কৃতজ্ঞদেরকে পুরস্কার দান করব (১৪৬) এবং অনেক নবী ছিলেন, যাদের সাথে বহু আল্লাহওয়ালা

كَثِيرٌ فَمَا وَهَنُوا لِمَا أَصَابَهُمْ فِي سَبِيلِ اللَّهِ وَمَا ضَعُفُوا وَمَا اسْتَكَانُوا ۗ

কাছীর, ফামা- ওয়াহানূ লিমা~আস্বা-বাহুম ফী সাবীলিল্লা-হি ওয়া মা- দ্বা'উফূ ওয়ামাস্ তাকা-নূ ;
লোকও যুদ্ধ করেছে। কিন্তু আল্লাহর পথে লড়তে গিয়ে যে মসিবত হয়েছিল তাতে তারা হীনবল হন নি এবং দুর্বলও হন নি এবং দমেও যান নি।

وَاللَّهُ يُحِبُّ الصَّابِرِينَ (১৪৭) وَمَا كَانَ قَوْلَهُمْ إِلَّا أَن قَالُوا رَبَّنَا اغْفِرْ لَنَا ذُنُوبَنَا

ওয়াল্লা-হু ইউহ্বিব্বুস্ স্বা-বিরীন। ১৪৭। ওয়া মা- কা-না ক্বাওলাহুম ইল্লা ~আন ক্বালূ রাব্বানাগ্ ফির্লানা- যুনূবানা-
আর আল্লাহ ধৈর্যশীলদেরকে ভালবাসেন। (১৪৭) তাদের কথা এ ছাড়া আর কিছুই ছিল না যে, হে আমাদের প্রতিপালক! আমাদের গুনাহসমূহ

وَإِسْرَافَنَا فِي أَمْرِنَا وَثَبِّتْ أَقْدَامَنَا وَانصُرْنَا عَلَى الْقَوْمِ الْكَافِرِينَ (১৪৮) فَآتَاهُمُ

ওয়া ইস্রা-ফানা- ফী~আম্রিনা- ওয়া ছাব্বিত আক্বদা-মানা- ওয়ান্স্বুরনা- 'আলাল ক্বাওমিল কা-ফিরীন। ১৪৮। ফাআ-তা-হুমুল
এবং আমাদের কাজ-কর্মে সীমালংঘন ক্ষমা করে দাও। আর আমাদের পা অবিচল রাখ এবং আমাদেরকে সাহায্য কর কাফির সম্প্রদায়ের উপর। (১৪৮) আল্লাহ

১৫ ع ৫ ৬ রুকূ

اللَّهُ ثَوَابَ الدُّنْيَا وَحُسْنَ ثَوَابِ الْآخِرَةِ ۗ وَاللَّهُ يُحِبُّ الْمُحْسِنِينَ

লা-হু ছাওয়া-বাদ্ দুন্ইয়া- ওয়া হুস্না ছাওয়া-বিল আ-খিরাহ ; ওয়াল্লা-হু ইউহ্বিব্বুল মুহ্সিনীন।
তাদেরকে পার্থিব পুরস্কারও দান করেছেন এবং আখিরাতেও উত্তম প্রতিদান দান করেছেন। আর আল্লাহ নেককারগণকে ভালবাসেন।

(১৪৯) يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا إِن تُطِيعُوا الَّذِينَ كَفَرُوا يَرُدُّوكُمْ عَلَىٰ أَعْقَابِكُمْ

১৪৯। ইয়া~আইয়্যুহাল্ লাযীনা আ-মানূ~ইন তুত্বী'উল্ লাযীনা কাফারূ ইয়ারুদ্দূকুম 'আলা~আ'ক্বা-বিকুম
(১৪৯) হে মুমিনগণ! তোমরা যদি কাফিরদের আনুগত্য কর, তবে তারা তোমাদেরকে পূর্বাবস্থায় ফিরিয়ে দিবে,

فَتَنقَلِبُوا خَاسِرِينَ (১৫০) بَلِ اللَّهُ مَوْلَاكُمْ ۖ وَهُوَ خَيْرُ النَّاصِرِينَ (১৫১) سَنُلْقِي

ফাতান্ক্বালিবূ খা-সিরীন। ১৫০। বালিল্লা-হু মাওলা-কুম, ওয়া হুওয়া খাইরুন্ না-স্বিরীন। ১৫১। সানুল্ক্বী
ফলে তোমরা ক্ষতিগ্রস্ত হয়ে পড়বে। (১৫০) বরং আল্লাহই তোমাদের বন্ধু এবং তিনি সর্বোত্তম সাহায্যকারী। (১৫১) অতিশীঘ্রই আমি

فِي قُلُوبِ الَّذِينَ كَفَرُوا الرُّعْبَ بِمَا أَشْرَكُوا بِاللَّهِ مَا لَمْ يُنَزِّلْ بِهِ سُلْطَانًا ۖ

ফী কুলূবিল্ লাযীনা কাফারুর রু'বা বিমা~আশ্রাকূ বিল্লা-হি মা-লাম ইউনায্যিল বিহী সুলত্বা-না-,
কাফিরদের অন্তরে ভীতি সঞ্চার করব। যেহেতু তারা আল্লাহর সাথে শরীক করেছে এমন বিষয়, যার স্বপক্ষে আল্লাহ কোন দলীল অবতীর্ণ করেন নি।

وَمَأْوٰىهُمُ النَّارُ ۚ وَبِئْسَ مَثْوَى الظّٰلِمِيْنَ ﴿١٥١﴾ وَلَقَدْ صَدَقَكُمُ اللّٰهُ

ওয়া মা'ওয়া-হুমুন্ না-র ; ওয়া বি'সা মাছওয়ায্ য্বা-লিমীন। ১৫২। ওয়া লাক্বাদ স্বাদাক্বাকুমুল্লা-হু

এবং তাদের আবাস জাহান্নাম। আর জালিমদের আবাসস্থল কতই নিকৃষ্ট। (১৫২) নিশ্চয়ই আল্লাহ তোমাদের প্রতি তাঁর কৃত প্রতিশ্রুতি সত্যে পরিণত করেছেন,

وَعْدَهٗۤ اِذْ تَحُسُّوْنَهُمْ بِاِذْنِهٖ ۚ حَتّٰۤى اِذَا فَشِلْتُمْ وَتَنَازَعْتُمْ فِى الْاَمْرِ

ওয়া'দাহূ~ইয্ তাহুস্সূনাহুম্ বিইয্নিহ, হাত্তা~ইযা- ফাশিলতুম ওয়া তানা-যা'তুম ফিল আম্রি

যখন তোমরা তাদেরকে আল্লাহর নির্দেশে হত্যা করছিলে, শেষ পর্যন্ত তোমরা নিজেরাই দুর্বল হয়ে পড়লে এবং আদেশ পালনে মতবিরোধ

وَعَصَيْتُمْ مِّنْۢ بَعْدِ مَاۤ اَرٰىكُمْ مَّا تُحِبُّوْنَ ؕ مِنْكُمْ مَّنْ يُّرِيْدُ الدُّنْيَا وَمِنْكُمْ

ওয়া 'আস্বাইতুম মিম্ বা'দি মা~আরা-কুম মা- তুহিব্বূন ; মিন্কুম মাই ইউরীদুদ্ দুন্ইয়া- ওয়া মিন্কুম

সৃষ্টি করলে, এবং তোমাদের ভালবাসার বস্তু দেখানোর পরও তোমরা অবাধ্য হলে। তোমাদের মধ্যে কতিপয় দুনিয়া কামনা করছিলে এবং কতক

مَّنْ يُّرِيْدُ الْاٰخِرَةَ ۚ ثُمَّ صَرَفَكُمْ عَنْهُمْ لِيَبْتَلِيَكُمْ ۚ وَلَقَدْ عَفَا عَنْكُمْ ؕ

মাই ইউরীদুল আ-খিরাহ, ছুম্মা স্বারাফাকুম 'আনহুম লিইয়াব্তালিয়াকুম, ওয়া লাক্বাদ্ 'আফা- 'আনকুম ;

আখিরাত কামনা করছিলে। অতঃপর তিনি তোমাদের পরীক্ষা করার জন্য তোমাদেরকে তাদের থেকে ফিরিয়ে দিলেন। আল্লাহ অবশ্য তোমাদেরকে ক্ষমা

وَاللّٰهُ ذُوْ فَضْلٍ عَلَى الْمُؤْمِنِيْنَ ﴿١٥٢﴾ اِذْ تُصْعِدُوْنَ وَلَا تَلْوٗنَ عَلٰۤى اَحَدٍ

ওয়াল্লা-হু যূ ফাদ্বলিন 'আলাল মু'মিনীন। ১৫৩। ইয্ তুস্ব'ইদূনা ওয়া লা- তাল্উনা 'আলা~আহ্বাদিওঁ

করে দিয়েছেন। আল্লাহ মু'মিনদের উপর অনুগ্রহশীল। (১৫৩) স্মরণ কর, যখন তোমরা ঊর্ধ্বপানে আরোহণ করছিলে এবং পিছনে ফিরে কারো দিকে দেখছিলে না।

وَّالرَّسُوْلُ يَدْعُوْكُمْ فِيْۤ اُخْرٰىكُمْ فَاَثَابَكُمْ غَمًّاۢ بِغَمٍّ لِّكَيْلَا تَحْزَنُوْا عَلٰى

ওয়ার্ রাসূলু ইয়াদ'উকুম ফী~উখরা-কুম ফাআছা-বাকুম গাম্মাম্ বিগাম্মিল লিকাইলা- তাহ্যানূ 'আলা-

আর রাসূল তোমাদের পেছন দিক থেকে ডাকছিলেন। তখন তিনি তোমাদের বিপদের পর বিপদ দিলেন, যাতে তোমরা যা হারিয়েছ বা

مَا فَاتَكُمْ وَلَا مَاۤ اَصَابَكُمْ ؕ وَاللّٰهُ خَبِيْرٌۢ بِمَا تَعْمَلُوْنَ ﴿١٥٣﴾ ثُمَّ اَنْزَلَ عَلَيْكُمْ

মা-ফা-তাকুম ওয়া লা- মা~আস্বা-বাকুম ; ওয়াল্লা-হু খাবীরুম্ বিমা- তা'মালূন। ১৫৪। ছুম্মা আন্যালা 'আলাইকুম্

যে বিপদ তোমাদের উপর এসেছে সেজন্য তোমরা দুঃখিত না হও। তোমরা যা কর সে সম্পর্কে আল্লাহ অবহিত। (১৫৪) অতঃপর তিনি দুঃখের পর

مِّنْۢ بَعْدِ الْغَمِّ اَمَنَةً نُّعَاسًا يَّغْشٰى طَآئِفَةً مِّنْكُمْ ۙ وَطَآئِفَةٌ قَدْ اَهَمَّتْهُمْ

মিম্ বা'দিল গাম্মি আমানাতান্ নু'আসাই ইয়াগশা- ত্বা—ইফাতাম মিন্কুম ওয়া ত্বা—ইফাতুন ক্বাদ্ আহাম্মাত্হুম

তোমাদের প্রশান্তি দান করলেন তন্দ্রাচ্ছন্নতার মাধ্যমে, যা তোমাদের একদলকে আচ্ছন্ন করেছিল। আর একদল নিজেদের জীবন বিপন্ন ভয়ে

اَنْفُسُهُمْ يَظُنُّوْنَ بِاللّٰهِ غَيْرَ الْحَقِّ ظَنَّ الْجَاهِلِيَّةِ ؕ يَقُوْلُوْنَ هَلْ لَّنَا مِنَ الْاَمْرِ

আন্ফুসুহুম ইয়াযুন্নূনা বিল্লা-হি গাইরাল হাক্কি য্বান্নাল জা-হিলিইয়্যাহ ; ইয়াকূলূনা হাল্ লানা- মিনাল আম্রি

আল্লাহ সম্পর্কে অন্যায়ভাবে মূর্খদের মত অবাস্তব ধারণা করছিল; তারা বলছিল, আমাদের কি এ বিষয়ে কোন কিছু করার অধিকার

مِنْ شَيْءٍ ؕ قُلْ اِنَّ الْاَمْرَ كُلَّهٗ لِلّٰهِ ؕ يُخْفُوْنَ فِيْۤ اَنْفُسِهِمْ مَّا لَا يُبْدُوْنَ لَكَ ؕ

মিন শাই ই ; কুল ইন্নাল আমরা কুল্লাহূ লিল্লা-হ ; ইয়ুখ্ফূনা ফী~আন্ফুসিহিম্ মা-লা- ইউব্দূনা লাক ;

আছে? বলুন, সব কিছুর উপর আল্লাহরই অধিকার। তারা তাদের অন্তরে এমন সব কিছু গোপন রাখে যা আপনার কাছে প্রকাশ করে না;

يَقُوْلُوْنَ لَوْ كَانَ لَنَا مِنَ الْاَمْرِ شَيْءٌ مَّا قُتِلْنَا هٰهُنَا ؕ قُلْ لَّوْ كُنْتُمْ فِيْ بُيُوْتِكُمْ

ইয়াকূলূনা লাও কা-না লানা- মিনাল্ আম্রি শাইউম মা- কুতিল্না- হা-হুনা ; কুল্ লাও কুন্তুম ফী বুইয়ূতিকুম

তারা বলে, যদি এ বিষয় আমাদের কিছু অধিকার থাকত, তবে আমরা এখানে নিহত হতাম না। আপনি বলুন, যদি তোমরা নিজ গৃহেও

لَبَرَزَ الَّذِيْنَ كُتِبَ عَلَيْهِمُ الْقَتْلُ اِلٰى مَضَاجِعِهِمْ ۚ وَلِيَبْتَلِيَ اللّٰهُ

লাবারাযাল্ লাযীনা কুতিবা 'আলাইহিমুল ক্বাতলু ইলা- মাদ্বা-জ্বি'ইহিম, ওয়া লিইয়াব্তালিইয়াল্লা-হু

অবস্থান করতে, তবুও নিহত হওয়া যাদের জন্য লিপিবদ্ধ ছিল, তারা অবশ্যই তাদের হত্যার স্থানে বের হয়ে আসত; আর এটা এজন্য যে, আল্লাহ পরীক্ষা

مَا فِيْ صُدُوْرِكُمْ وَلِيُمَحِّصَ مَا فِيْ قُلُوْبِكُمْ ؕ وَاللّٰهُ عَلِيْمٌۢ بِذَاتِ الصُّدُوْرِ

মা- ফী স্বুদূরিকুম ওয়া লিইউমাহ্হিস্বা মা- ফী কুলূবিকুম; ওয়াল্লা-হু 'আলীমুম্ বিযা-তিস্ব স্বুদূর।

করতে চান যা তোমাদের অন্তরে আছে এবং যা তোমাদের অন্তরে আছে তা শোধন করতে চান; আল্লাহ তোমাদের অন্তরে যা আছে সে সম্পর্কে অধিক জ্ঞাত।

﴿١٥٤﴾ اِنَّ الَّذِيْنَ تَوَلَّوْا مِنْكُمْ يَوْمَ الْتَقَى الْجَمْعٰنِ ۙ اِنَّمَا اسْتَزَلَّهُمُ الشَّيْطٰنُ

১৫৫। ইন্নাল লাযীনা তাওয়াল্লাও মিন্কুম ইয়াওমাল তাক্বাল জ্বাম'আ-নি ইন্নামাস্ তাযাল্লাহুমুশ্ শাইত্বা-নু

(১৫৫) নিশ্চয়ই যারা সেদিন তোমাদের মধ্য হতে পৃষ্ঠ প্রদর্শন করেছিল, যেদিন দু'দল পরস্পর মুখোমুখী হয়েছিল, তাদের কিছু কৃতকর্মের কারণে শয়তান

بِبَعْضِ مَا كَسَبُوْا ۚ وَلَقَدْ عَفَا اللّٰهُ عَنْهُمْ ؕ اِنَّ اللّٰهَ غَفُوْرٌ حَلِيْمٌ ﴿١٥٥﴾ يٰۤاَيُّهَا

বিবা'দ্বি মা- কাসাবূ, ওয়া লাক্বাদ 'আফাল্লা-হু 'আনহুম; ইন্নাল্লা-হা গাফূরুন হালীম। ১৫৬। ইয়া~আইয়্যুহাল্

তাদের পদস্খলন ঘটিয়েছিল। অবশ্য আল্লাহ তাদেরকে ক্ষমা করে দিয়েছেন, নিশ্চয় আল্লাহ ক্ষমাশীল ও পরম সহিষ্ণু। (১৫৬) হে মু'মিনগণ!


তবে তাতে তোমাদের কোন গুনাহ নেই, আর তোমাদের পুত্রদের স্ত্রীগণ যারা তোমাদের ঔরস জাত এবং দু'বোনকে

بَيْنَ الْأُخْتَيْنِ إِلَّا مَا قَدْ سَلَفَ ۗ إِنَّ اللَّهَ كَانَ غَفُورًا رَّحِيمًا

বাইনাল উখ্তাইনি ইল্লা- মা- ক্বাদ সালাফ ; ইন্নাল্লা-হা কা-না গাফূরার রাহীমা- ।

একত্রে বিবাহ বন্ধনে রাখা বৈধ নয়। অতীতে যা হবার হয়ে গেছে, (তা মাফ) নিশ্চয় আল্লাহ ক্ষমাশীল দয়াময়।

﴿٢٤﴾ وَالْمُحْصَنَاتُ مِنَ النِّسَاءِ إِلَّا مَا مَلَكَتْ أَيْمَانُكُمْ ۖ كِتَابَ اللَّهِ عَلَيْكُمْ ۚ

২৪। ওয়াল্ মুহ্স্বানা-তু মিনান্ নিসা—ই ইল্লা- মা- মালাকাত আইমা-নুকুম, কিতা-বাল্লা-হি 'আলাইকুম,

(২৪) আর নারীদের মধ্যে যারা তোমাদের মালিকানাধীন হয়েছে তাদের ব্যতীত সকল সধবা মহিলা তোমাদের জন্য নিষিদ্ধ। তোমাদের জন্য এটা

وَأُحِلَّ لَكُم مَّا وَرَاءَ ذَٰلِكُمْ أَن تَبْتَغُوا بِأَمْوَالِكُم مُّحْصِنِينَ غَيْرَ مُسَافِحِينَ ۚ

ওয়া উহিল্লা লাকুম মা-ওয়ারা—আ যা-লিকুম আন্ তাব্তাগূ বিআমওয়া-লিকুম মুহ্স্বিনীনা গাইরা মুসা-ফিহীন ;

আল্লাহর বিধান। আর উল্লেখিত নারীগণ ছাড়া অন্য সব নারী তোমাদের জন্য বৈধ করা হল, যদি তোমরা অর্থের বিনিময়ে ব্যভিচারের উদ্দেশ্য ছাড়া তাদেরকে

فَمَا اسْتَمْتَعْتُم بِهِ مِنْهُنَّ فَآتُوهُنَّ أُجُورَهُنَّ فَرِيضَةً ۚ وَلَا جُنَاحَ عَلَيْكُمْ فِيمَا

ফামাস্ তাম্তা'তুম বিহী মিন্হুন্না ফাআ-তূহুন্না উজূরাহুন্না ফারীদ্বাহ; ওয়ালা- জুনা-হা 'আলাইকুম ফীমা-

বিবাহ বন্ধনে আবদ্ধ করতে চাও। অতঃপর যাদেরকে তোমরা ভোগ করেছ, উক্ত নারীদেরকে তাদের নির্ধারিত মহর প্রদান কর। আর

تَرَاضَيْتُم بِهِ مِن بَعْدِ الْفَرِيضَةِ ۚ إِنَّ اللَّهَ كَانَ عَلِيمًا حَكِيمًا ﴿٢٤﴾ وَمَن لَّمْ

তারা-দ্বাইতুম বিহী মিম্ বা'দিল্ ফারীদ্বাহ ; ইন্নাল্লা-হা কা-না 'আলীমান্ হাকীমা- । ২৫ । ওয়া মাল্ লাম্

তোমাদের কোন গুনাহ নেই যদি তোমরা মহর নির্ধারণের পর কোন বিষয়ে পরস্পর রাজী হও। নিশ্চয় আল্লাহ মহাজ্ঞানী, বিজ্ঞানময়। (২৫) আর তোমাদের

يَسْتَطِعْ مِنكُمْ طَوْلًا أَن يَنكِحَ الْمُحْصَنَاتِ الْمُؤْمِنَاتِ فَمِن مَّا مَلَكَتْ

ইয়াস্তাত্বি' মিন্কুম্ ত্বাওলান্ আঁই ইয়ান্কিহাল্ মুহ্স্বানা-তিল মু'মিনা-তি ফামিম্ মা- মালাকাত

মধ্যে যদি কারো সামর্থ্য না থাকে যে, স্বাধীনা ঈমানদার স্ত্রীলোককে বিবাহ করবে তখন তোমরা তোমাদের অধিকারভুক্ত

أَيْمَانُكُم مِّن فَتَيَاتِكُمُ الْمُؤْمِنَاتِ ۚ وَاللَّهُ أَعْلَمُ بِإِيمَانِكُمْ ۚ بَعْضُكُم مِّن

আইমা-নুকুম্ মিন্ ফাতাইয়া-তিকুমুল্ মু'মিনা-ত ; ওয়াল্লা-হু আ'লামু বিঈমা-নিকুম ; বা'দ্বুকুম মিম্

ঈমানদার দাসীদেরকে বিবাহ করবে। আল্লাহ তোমাদের ঈমান সম্পর্কে ভাল করে জানেন। তোমরা একে অপরের

بَعْضٍ ۚ فَانكِحُوهُنَّ بِإِذْنِ أَهْلِهِنَّ وَآتُوهُنَّ أُجُورَهُنَّ بِالْمَعْرُوفِ

বা'দ্ব ; ফান্কিহূহুন্না বিইয্নি আহ্লিহিন্না ওয়া আ-তূহুন্না উজূরাহুন্না বিলমা'রূফি

সমান। সুতরাং তোমরা তাদেরকে তাদের মালিকদের অনুমতি ক্রমে বিবাহ কর এবং তাদেরকে তাদের মহর, ন্যায় সংগতভাবে

مُحْصَنَاتٍ غَيْرَ مُسَافِحَاتٍ وَلَا مُتَّخِذَاتِ أَخْدَانٍ ۚ فَإِذَا أُحْصِنَّ فَإِنْ

মুহ্স্বানা-তিন্ গাইরা মুসা-ফিহা-তিওঁ ওয়া লা- মুত্তাখিযা-তি আখ্দা-ন ; ফাইযা~উহ্স্বিন্না ফাইন্

প্রদান কর, যারা হবে সচ্চরিত্রা, তারা ব্যভিচারিণী নয় অথবা গোপন অভিসারিণী নয়। যখন তারা বিবাহ বন্ধনে আবদ্ধ হবে

○ শানে নুযূল (আঃ ২৪) : والمحصنت – আবু সাঈদ খুদরী (রা) বলেন, বনু আওতাস গোত্রের এক স্ত্রীলোক দাসী হয়ে আমার অধিকারে আসে। সে মহিলার স্বামী ছিল। তার স্বামী থাকায় তার সাথে সহবাস করতে আমি ইতস্ততঃ করছিলাম। আমি গিয়ে রাসূলুল্লাহকে (সা) ঘটনাটি বললাম, অতঃপর আল্লাহ তায়ালা এ আয়াত নাযিল করেন। (তাঃ ইবনে কাছীর) ○ শানে নুযূল (আঃ ২৫) : স্বাধীন পুরুষ ও স্ত্রী বিবাহ করে সহবাস সুখ ভোগ করার পর যেনা করলে তাদের শাস্তি প্রস্তর মেরে হত্যা করা, আর অবিবাহিত অবস্থায় যেনা করলে, একশত কোড়া মারতে হবে। ক্রীতদাস, দাসী যেনা করলে তাদের শাস্তি এর অর্ধেক অর্থাৎ পঞ্চাশ কোড়া। (মুঃ কোঃ)

أَتَيْنَ بِفَاحِشَةٍ فَعَلَيْهِنَّ نِصْفُ مَا عَلَى الْمُحْصَنٰتِ مِنَ الْعَذَابِ ؕ ذٰلِكَ

আতাইনা বিফা-হ্বিশাতিন ফা'আলাইহিন্না নিস্বফু মা- 'আলাল্ মুহ্বস্বানা-তি মিনাল্ 'আযা-ব ; যা-লিকা

বিবাহের পর যদি তারা কোন ব্যভিচার করে, তবে তাদের উপর স্বাধীনা স্ত্রীর অর্ধেক শাস্তি আরোপিত হবে। এটা তাদের জন্য যারা

لِمَنْ خَشِيَ الْعَنَتَ مِنْكُمْ ؕ وَأَنْ تَصْبِرُوا خَيْرٌ لَّكُمْ ؕ وَاللّٰهُ غَفُورٌ رَّحِيمٌ ۝

লিমান্ খাশিইয়াল্ 'আনাতা মিন্‌কুম ; ওয়া আন্ তাস্বিবিরূ খাইরুল্ লাকুম ; ওয়াল্লা-হু গাফূরুর্ রাহ্বীম।

তোমাদের মধ্যে ব্যভিচারের আশংকা করে। তবে ধৈর্য ধারণ করাই তোমাদের জন্য কল্যাণকর। আল্লাহ ক্ষমাশীল, করুণাময়।

৪ ع ৩ ১ রুকূ

﴿٢٦﴾ يُرِيدُ اللّٰهُ لِيُبَيِّنَ لَكُمْ وَيَهْدِيَكُمْ سُنَنَ الَّذِينَ مِنْ قَبْلِكُمْ وَيَتُوبَ عَلَيْكُمْ ؕ

২৬। ইউরীদুল্লা-হু লিইউবাইয়্যিনা লাকুম ওয়া ইয়াহ্‌দিয়াকুম সুনানাল্ লাযীনা মিন ক্বাব্‌লিকুম ওয়া ইয়াতূবা 'আলাইকুম ;

(২৬) আল্লাহ তোমাদের কাছে স্পষ্ট বর্ণনা করে দিতে চান এবং তোমাদের পূর্ববর্তী (নেক) লোকদের পথ তোমাদেরকে প্রদর্শন করতে এবং তোমাদের

وَاللّٰهُ عَلِيمٌ حَكِيمٌ ﴿٢٧﴾ وَاللّٰهُ يُرِيدُ أَنْ يَتُوبَ عَلَيْكُمْ ۖ وَيُرِيدُ الَّذِينَ يَتَّبِعُونَ

ওয়াল্লা-হু 'আলীমুন্ হ্বাকীম। ২৭। ওয়াল্লা-হু ইউরীদু আঁই ইয়াতূবা 'আলাইকুম ; ওয়া ইউরীদুল্ লাযীনা ইয়াত্তাবি'ঊনাশ্

প্রতি কৃপা দৃষ্টি করতে চান, আল্লাহ মহাজ্ঞানী ও বিজ্ঞানময়। (২৭) আর আল্লাহ তোমাদেরকে ক্ষমা করতে চান। আর যারা কুপ্রবৃত্তির অনুসারী তারা চায় যে,

الشَّهَوٰتِ أَنْ تَمِيلُوا مَيْلًا عَظِيمًا ﴿٢٨﴾ يُرِيدُ اللّٰهُ أَنْ يُخَفِّفَ عَنْكُمْ ۚ

শাহাওয়া-তি আন্ তামীলূ মাইলান্ 'আযীমা-। ২৮। ইউরীদুল্লা-হু আঁই ইউখাফ্‌ফিফা 'আন্‌কুম,

তোমরা ভীষণভাবে পথভ্রষ্ট হয়ে যাও। (২৮) আল্লাহ তোমাদের ভার হালকা করতে চান।

وَخُلِقَ الْإِنْسَانُ ضَعِيفًا ﴿٢٩﴾ يٰٓأَيُّهَا الَّذِينَ اٰمَنُوا لَا تَأْكُلُوٓا أَمْوَالَكُمْ

ওয়া খুলিক্বাল ইন্‌সা-নু দ্বা'ঈফা-। ২৯। ইয়া~আইয়্যুহাল্ লাযীনা আ-মানূ লা-তা'কুলূ~আম্‌ওয়া-লাকুম্

এবং মানুষকে মূলত দুর্বল করেই সৃষ্টি করা হয়েছে। (২৯) হে মুমিনগণ! তোমরা একে অপরের মাল অন্যায়ভাবে

بَيْنَكُمْ بِالْبَاطِلِ إِلَّآ أَنْ تَكُونَ تِجَارَةً عَنْ تَرَاضٍ مِّنْكُمْ ۖ وَلَا تَقْتُلُوٓا

বাইনাকুম্ বিল বা-ত্বিলি ইল্লা~আন্ তাকূনা তিজ্বা-রাতান্ 'আন্ তারা-দ্বিম্ মিন্‌কুম্ ; ওয়া লা-তাক্বতুলূ~

গ্রাস করনা, কিন্তু তোমাদের পরস্পর সম্মতিক্রমে ব্যবসা করতে পার। আর তোমরা নিজদেরকে হত্যা কর না।

أَنْفُسَكُمْ ؕ إِنَّ اللّٰهَ كَانَ بِكُمْ رَحِيمًا ﴿٣٠﴾ وَمَنْ يَفْعَلْ ذٰلِكَ عُدْوَانًا وَّظُلْمًا

আন্‌ফুসাকুম ; ইন্নাল্লা-হা কা-না বিকুম্ রাহ্বীমা-। ৩০। ওয়া মাঁই ইয়াফ্'আল্ যা-লিকা 'উদ্‌ওয়া-নাওঁ ওয়া যুল্‌মান

নিশ্চয় আল্লাহ তোমাদের প্রতি অত্যন্ত মেহেরবান। (৩০) আর যে কেউ সীমালংঘন করে ও অন্যায়ভাবে এ কাজ করবে, তাকে

فَسَوْفَ نُصْلِيهِ نَارًا ؕ وَكَانَ ذٰلِكَ عَلَى اللّٰهِ يَسِيرًا ﴿٣١﴾ إِنْ تَجْتَنِبُوا كَبَآئِرَ مَا

ফাসাওফা নুস্বলীহি না-রা- ; ওয়া কা-না যা-লিকা 'আলাল্লা-হি ইয়াসীরা-। ৩১। ইন্ তাজ্‌তানিবূ কাবা—ইরা মা-

আমি অতিশীঘ্রই আগুনে নিক্ষেপ করব। আর এটা আল্লাহর জন্য খুবই সহজ। (৩১) যদি তোমরা বিরত থাক সে সব কবীরা গুনাহ থেকে যা করতে তোমাদেরকে

تُنْهَوْنَ عَنْهُ نُكَفِّرْ عَنْكُمْ سَيِّاٰتِكُمْ وَنُدْخِلْكُمْ مُّدْخَلًا كَرِيمًا ﴿٣٢﴾ وَلَا تَتَمَنَّوْا مَا

তুন্‌হাওনা 'আন্‌হু নুকাফ্‌ফির 'আন্‌কুম সাইয়্যিআ-তিকুম্ ওয়া নুদ্‌খিল্‌কুম্ মুদ্‌খালান্ কারীমা-। ৩২। ওয়ালা-তাতামান্নাও মা-

নিষেধ করা হয়েছে, তবে আমি তোমাদের সগীরা (লঘু) পাপগুলো মিটিয়ে দেব এবং তোমাদেরকে সম্মানজনক স্থানে প্রবেশ করাব। (৩২) আর তোমরা এমন

فَضَّلَ اللّٰهُ بِهٖ بَعْضَكُمْ عَلٰى بَعْضٍ ؕ لِلرِّجَالِ نَصِيبٌ مِّمَّا اكْتَسَبُوا ؕ

ফাদ্বদ্বালাল্লা-হু বিহী বা'দ্বাকুম্ 'আলা- বা'দ্ব ; লির্‌রিজ্বা-লি নাস্বীবুম্ মিম্মাক্‌তাসাবূ ;

বিষয়ের আকাংঙ্ক্ষা করোনা যে বিষয়ে আল্লাহ তোমাদের কতকের উপর কতককে শ্রেষ্ঠত্ব দিয়েছেন। পুরুষদের জন্য সে

وَلِلنِّسَآءِ نَصِيبٌ مِّمَّا اكْتَسَبْنَ ؕ وَسْئَلُوا اللّٰهَ مِنْ فَضْلِهٖ ؕ إِنَّ اللّٰهَ كَانَ بِكُلِّ

ওয়া লিন্নিসা—ই নাস্বীবুম্ মিম্মাক্ তাসাব্‌না ; ওয়াস্ আলুল্লা-হা মিন্ ফাদ্বলিহ ; ইন্নাল্লা-হা কা-না বিকুল্লি

অংশ যেটা তারা অর্জন করে এবং নারীদের জন্য সে অংশ যেটা তারা অর্জন করে। আর তোমরা আল্লাহর কাছে অনুগ্রহ প্রার্থনা কর। নিশ্চয় আল্লাহ

شَيْءٍ عَلِيمًا ﴿٣٣﴾ وَلِكُلٍّ جَعَلْنَا مَوَالِيَ مِمَّا تَرَكَ الْوَالِدٰنِ وَالْأَقْرَبُونَ ؕ وَالَّذِينَ

শাইইন্ 'আলীমা-। ৩৩। ওয়া লিকুল্লিন্ জ্বা'আল্‌না- মাওয়া-লিয়া মিম্মা- তারাকাল্ ওয়া-লিদা-নি ওয়াল্ আক্বরাবূন ; ওয়াল্ লাযীনা

সবকিছুই জানেন (৩৩) পিতা-মাতা ও আত্মীয়-স্বজনের পরিত্যক্ত সম্পদের জন্য আমি উত্তরাধিকারী নির্ধারণ করেছি। আর

عَقَدَتْ أَيْمَانُكُمْ فَاٰتُوهُمْ نَصِيبَهُمْ ؕ إِنَّ اللّٰهَ كَانَ عَلٰى كُلِّ شَيْءٍ شَهِيدًا ۝

'আক্বাদাত্ আইমা-নুকুম্ ফাআ-তূহুম্ নাস্বীবাহুম ; ইন্নাল্লা-হা কা-না 'আলা- কুল্লি শাইইন্ শাহীদা-।

তোমরা যাদের সাথে ওয়াদাবদ্ধ হয়েছ তাদেরকে তাদের অংশ দিয়ে দাও। নিশ্চয় আল্লাহ সব ব্যাপারে সাক্ষী রয়েছেন।

৫ ع ২ রুকূ

﴿٣٤﴾ اَلرِّجَالُ قَوّٰمُونَ عَلَى النِّسَآءِ بِمَا فَضَّلَ اللّٰهُ بَعْضَهُمْ عَلٰى بَعْضٍ وَّبِمَآ أَنْفَقُوا

৩৪। আর্‌রিজ্বা-লু ক্বাওয়্যা-মূনা 'আলান্ নিসা—ই বিমা- ফাদ্বদ্বালাল্লা-হু বা'দ্বাহুম্ 'আলা- বা'দ্বিওঁ ওয়া বিমা~আন্‌ফাক্বূ

(৩৪) পুরুষগণ নারীদের উপর কর্তৃত্ববান। কারণ আল্লাহ তাদের কতককে কতকের উপর শ্রেষ্ঠত্ব দান করেছেন এবং এজন্য যে, তারা (পুরুষরা) তাদের ধন-সম্পদ

مِنْ أَمْوَالِهِمْ ؕ فَالصّٰلِحٰتُ قٰنِتٰتٌ حٰفِظٰتٌ لِّلْغَيْبِ بِمَا حَفِظَ اللّٰهُ ؕ

মিন্ আম্‌ওয়া-লিহিম্ ; ফাস্ব স্বা-লিহ্বা-তু ক্বা-নিতা-তুন্ হ্বা-ফিজ্বা-তুল্ লিল্‌গাইবি বিমা- হ্বাফিজ্বাল্লা-হ ;

ব্যয় করে। সুতরাং পূণ্যবতী নারীরা অনুগত হয় এবং আল্লাহ যা হেফাজত করতে বলেছেন লোক চক্ষুর অন্তরালেও তা তারা হেফাজত করে।

○ টীকা (আঃ ৩২) ঃ একদল স্ত্রীলোক মহানবী (সা)-এর নিকট আরয করল যে, আল্লাহ তাআলা পুরুষদের কথা উল্লেখ করেছেন কিন্তু স্ত্রীলোকদের কথা উল্লেখ করেন নি; এর কারণ কি? অতঃপর আল্লাহ তাআলা এ আয়াত নাজিল করেন এবং স্ত্রীলোকদেরকে সান্ত্বনা প্রদান করেন। (আছ্‌বাবি নুযুল) ○ টীকা (আঃ ৩৪) ঃ 'কাওয়্যাম' অথবা 'কাইয়্যিম' সে লোককে বলা হয় যে ব্যক্তি কোন প্রতিষ্ঠান কিংবা ব্যবস্থাপনার ব্যাপারসমূহ সুষ্ঠু ও সঠিকভাবে পরিচালনা করার, রক্ষণাবেক্ষণ ও পাহারাদারী করার ও তার সকল প্রয়োজন পূরণ করার জন্য দায়িত্বশীল হয়ে থাকে। তিনটি কাজ একই সময়ে করার কথা বলা হচ্ছে না। বরং এখানে অর্থ হচ্ছে ঃ স্ত্রীর মধ্যে বিদ্রোহী মনোভাব দেখা গেলে এই তিনটি পন্থায় চেষ্টা-তদবির করার অনুমতি আছে। অবশ্য এই চেষ্টা-তদবিরের ব্যাপারে অপরাধ ও শাস্তির মধ্যে আনুপাতিক সামঞ্জস্য রক্ষা করা আবশ্যক হবে। যেখানে সহজ ও হালকা তদবিরে সংশোধন সম্ভব সেখানে কঠোর ব্যবস্থা অবলম্বন উচিৎ হবে না। নবী করীম (সা) স্ত্রীদেরকে প্রহার করার অনুমতি যখনই দিয়েছেন, তা খুবই অনিচ্ছাসত্ত্বে। কিন্তু তবুও তিনি মারধরকে অপছন্দই করেছেন। ○ টীকা (আঃ ৩৪) ঃ واضربوهن – সংশোধনের জন্য প্রথম (ভাল উপদেশ) ও দ্বিতীয় (শয্যা ত্যাগ) অবস্থা ফলপ্রসূ না হলে সর্বশেষ তৃতীয় ব্যবস্থা (প্রহার) গ্রহণ করা যায়। এগুলো তালাকের পূর্বাবস্থায় প্রযোজ্য।

وَالّٰتِىْ تَخَافُوْنَ نُشُوْزَهُنَّ فَعِظُوْهُنَّ وَاهْجُرُوْهُنَّ فِى الْمَضَاجِعِ

ওয়াল্লা-তী তাখা-ফূনা নুশূযাহুন্না ফা'ইযূহুন্না ওয়াহ্‌জুরূহুন্না ফিল্ মাদ্বা-জি'ই
আর যে সব স্ত্রীদের মধ্যে অবাধ্যতার আশংকা কর, তাদেরকে ভাল উপদেশ দাও, তারপর তাদের শয্যা ত্যাগ কর ও তাদেরকে হালকা প্রহার

وَاضْرِبُوْهُنَّ ۚ فَاِنْ اَطَعْنَكُمْ فَلَا تَبْغُوْا عَلَيْهِنَّ سَبِيْلًا ؕ اِنَّ اللّٰهَ كَانَ عَلِيًّا كَبِيْرًا

ওয়াদ্বরিবূ হুন্না ; ফাইন্ আত্বা'নাকুম ফালা- তাব্‌গূ 'আলাইহিন্না সাবীলা-; ইন্নাল্লা-হা কা-না 'আলিইয়্যান্ কাবীরা-।
কর। এতে যদি তোমাদের অনুগত হয়; তবে তাদের বিরুদ্ধে কোন পথ তালাস করো না। নিশ্চয়ই আল্লাহ সুমহান, সর্ব শ্রেষ্ঠ।

۞ وَاِنْ خِفْتُمْ شِقَاقَ بَيْنِهِمَا فَابْعَثُوْا حَكَمًا مِّنْ اَهْلِهٖ وَحَكَمًا مِّنْ اَهْلِهَا ۚ

৩৫। ওয়া ইন্ খিফ্‌তুম্ শিক্বা-ক্বা বাইনিহিমা- ফাব্‌'আছূ হ্বাকামাম্ মিন্ আহ্‌লিহী ওয়া হ্বাকামাম্ মিন্ আহ্‌লিহা -;
(৩৫) যদি তোমরা উভয়ের মধ্যে ঝগড়া-বিবাদের আশংকা কর, তবে স্বামীর পরিবার থেকে একজন ও স্ত্রীর পরিবার থেকে একজন বিচারক নির্ধারণ কর।

اِنْ يُّرِيْدَآ اِصْلَاحًا يُّوَفِّقِ اللّٰهُ بَيْنَهُمَا ؕ اِنَّ اللّٰهَ كَانَ عَلِيْمًا خَبِيْرًا

ইঁইউরীদা~ইস্‌লা-হাই ইউওয়াফ্‌ফিক্বিল্লা-হু বাইনাহুমা-; ইন্নাল্লা-হা কা-না 'আলীমান খাবীরা-।
যদি তারা উভয়ে মীমাংসার ইচ্ছা করে, তবে আল্লাহ তাদের উভয়ের মধ্যে মীমাংসার অনুকূল পরিবেশ সৃষ্টি করে দিবেন। নিশ্চয় আল্লাহ সর্বজ্ঞ, সবকিছু অবহিত।

۞ وَاعْبُدُوا اللّٰهَ وَلَا تُشْرِكُوْا بِهٖ شَيْـًٔا وَّبِالْوَالِدَيْنِ اِحْسَانًا وَّبِذِى

৩৬। ওয়া'বুদুল্লা-হা ওয়া লা- তুশ্‌রিকূ বিহী শাইআওঁ ওয়া বিল্ ওয়া-লিদাইনি ইহ্‌সানাওঁ ওয়া বিযিল
(৩৬) আর তোমরা আল্লাহরই ইবাদত কর। তাঁর সাথে অন্য কাউকে শরীক করো না এবং পিতা-মাতা,

الْقُرْبٰى وَالْيَتٰمٰى وَالْمَسٰكِيْنِ وَالْجَارِ ذِى الْقُرْبٰى وَالْجَارِ الْجُنُبِ

কুরবা- ওয়াল্ ইয়াতা-মা- ওয়াল্ মাসা-কীনি ওয়ালজ্বারি যিলকুরবা- ওয়াল জ্বারিল জুনুবি
আত্মীয়-স্বজন, ইয়াতীম, অসহায়, নিকট প্রতিবেশী, দূর প্রতিবেশী,

وَالصَّاحِبِ بِالْجَنْۢبِ وَابْنِ السَّبِيْلِ ۙ وَمَا مَلَكَتْ اَيْمَانُكُمْ ؕ اِنَّ اللّٰهَ

ওয়াস্ব স্বা-হ্বিবি বিল্ জ্বাম্বি ওয়াব্‌নিস্ সাবীলি ওয়া মা- মালাকাত্ আইমা-নুকুম্ ; ইন্নাল্লা-হা
সহচর, পথচারী এবং তোমাদের অধিকারে আছে এমন দাস-দাসীদের প্রতি সদ্ব্যবহার করবে। নিশ্চয় আল্লাহ

لَا يُحِبُّ مَنْ كَانَ مُخْتَالًا فَخُوْرَا ۞ الَّذِيْنَ يَبْخَلُوْنَ وَيَاْمُرُوْنَ النَّاسَ

লা-ইউহ্বিব্বু মান্ কা-না মুখ্‌তা-লান্ ফাখূরা ৩৭। নিল্ লাযীনা ইয়াব্‌খালূনা ওয়া ইয়া'মুরূনান্ না-সা
অহংকারী ও আত্মগর্বকারীকে ভালবাসেন না। (৩৭) যারা কৃপণতা করে এবং মানুষকে কৃপণতার নির্দেশ দেয় এর

بِالْبُخْلِ وَيَكْتُمُوْنَ مَاۤ اٰتٰىهُمُ اللّٰهُ مِنْ فَضْلِهٖ ؕ وَاَعْتَدْنَا لِلْكٰفِرِيْنَ عَذَابًا

বিল্ বুখ্‌লি ওয়া ইয়াক্‌তুমূনা মা~আ-তা-হুমুল্লা-হু মিন্ ফাদ্বলিহ ; ওয়া আ'তাদ্‌না- লিল্ কা-ফিরীনা 'আযা-বাম্
গোপন করে, যা আল্লাহ তাদেরকে স্বীয় অনুগ্রহে দান করেছেন। আর আমি কাফিরদের জন্য লাঞ্ছনাদায়ক শাস্তি প্রস্তুত

مُّهِيْنًا ۞ وَالَّذِيْنَ يُنْفِقُوْنَ اَمْوَالَهُمْ رِئَآءَ النَّاسِ وَلَا يُؤْمِنُوْنَ بِاللّٰهِ

মুহীনা-। ৩৮। ওয়াল্লাযীনা ইউন্‌ফিক্বূনা আম্‌ওয়া-লাহুম রিআ—আন্ না-সি ওয়া লা-ইউ'মিনূনা বিল্লা-হি
করে রেখেছি। (৩৮) আর যারা তাদের ধন-সম্পদ লোকদেরকে দেখানোর জন্য ব্যয় করে এবং আল্লাহ

وَلَا بِالْيَوْمِ الْاٰخِرِ ؕ وَمَنْ يَّكُنِ الشَّيْطٰنُ لَهٗ قَرِيْنًا فَسَآءَ قَرِيْنًا ۞ وَمَاذَا

ওয়া লা-বিল ইয়াওমিল আ-খির ; ওয়া মাই ইয়াকুনিশ্ শাইত্বা-নু লাহূ ক্বারীনান্ ফাসা—আ ক্বারীনা-। ৩৯। ওয়া মা- যা-
ও শেষ দিবসের প্রতি বিশ্বাস করে না, আর শয়তান যার সঙ্গী হয়, সে কত নিকৃষ্ট সঙ্গী। (৩৯) তাদের

عَلَيْهِمْ لَوْ اٰمَنُوْا بِاللّٰهِ وَالْيَوْمِ الْاٰخِرِ وَاَنْفَقُوْا مِمَّا رَزَقَهُمُ اللّٰهُ ؕ وَكَانَ اللّٰهُ

'আলাইহিম্ লাও আ-মানূ বিল্লা-হি ওয়াল্ ইয়াওমিল্ আ-খিরি ওয়া আন্‌ফাকূ মিম্মা- রাযাক্বাহুমুল্লা-হ ; ওয়া কা-নাল্লা-হু
কি ক্ষতি হত, যদি তারা আল্লাহ ও শেষ দিবসের প্রতি বিশ্বাস করত এবং আল্লাহ তাদের যা দান করেছেন তার থেকে কিছু ব্যয় করত। আর আল্লাহ তাদেরকে

بِهِمْ عَلِيْمًا ۞ اِنَّ اللّٰهَ لَا يَظْلِمُ مِثْقَالَ ذَرَّةٍ ۚ وَاِنْ تَكُ حَسَنَةً يُّضٰعِفْهَا وَيُؤْتِ

বিহিম্ 'আলীমা-। ৪০। ইন্নাল্লা-হা লা-ইয়াজ্‌লিমু মিছ্‌ক্বা-লা যাররাহ্, ওয়া ইন্ তাকু হ্বাসানাতাইঁ ইয়ুদ্বা-'ইফ্‌হা- ওয়া ইউ'তি
ভাল করেই জানেন। (৪০) নিশ্চয় আল্লাহ কারো প্রতি বিন্দু পরিমাণও জুলুম করেন না এবং যদি একটি নেক কাজ হয়, তবে তা তিনি দ্বিগুণ করে দেবেন এবং

مِنْ لَّدُنْهُ اَجْرًا عَظِيْمًا ۞ فَكَيْفَ اِذَا جِئْنَا مِنْ كُلِّ اُمَّةٍۢ بِشَهِيْدٍ وَّجِئْنَا بِكَ

মিল্ লাদুন্‌হু আজ্‌রান্ 'আযীমা-। ৪১। ফাকাইফা ইযা- জ্বি'না- মিন্ কুল্লি উম্মাতিম্ বিশাহীদিওঁ ওয়া জ্বি'না- বিকা
তাঁর পক্ষ হতে মহাপ্রতিদান প্রদান করবেন। (৪১) তখন তাদের কি অবস্থা হবে? যেদিন আমি প্রত্যেক উম্মত হতে একজন সাক্ষী উপস্থিত করব এবং আপনাকেও

عَلٰى هٰٓؤُلَآءِ شَهِيْدًا ۞ يَوْمَئِذٍ يَّوَدُّ الَّذِيْنَ كَفَرُوْا وَعَصَوُا الرَّسُوْلَ لَوْ تُسَوّٰى

'আলা- হা~উলা—ই শাহীদা-। ৪২। ইয়াওমাইযিইঁ ইয়াওয়াদ্দুল্ লাযীনা কাফারূ ওয়া 'আস্বাউর রাসূলা লাও তুছাওয়্যা-
তাদের উপর সাক্ষীরূপে উপস্থিত করব। (৪২) যারা কুফরী করেছিল এবং রাসূলের কথা অস্বীকার করেছিল সেদিন তারা কামনা করবে যে, যদি তারা

بِهِمُ الْاَرْضُ ؕ وَلَا يَكْتُمُوْنَ اللّٰهَ حَدِيْثًا ۞ يٰۤاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْا لَا تَقْرَبُوا

বিহিমুল আরদ্ব ; ওয়া লা- ইয়াক্‌তুমূনাল্লা-হা হাদীছা-। ৪৩। ইয়া~আইয়্যুহাল্ লাযীনা আ-মানূ লা-তাক্বরাবুস্
যমীনের সাথে মিশে যেতো! আর আল্লাহ থেকে তারা কোন বিষয়ই গোপন করতে পারবে না। (৪৩) হে মুমিনগণ! তোমরা

الصَّلٰوةَ وَاَنْتُمْ سُكٰرٰى حَتّٰى تَعْلَمُوْا مَا تَقُوْلُوْنَ وَلَا جُنُبًا اِلَّا عَابِرِىْ سَبِيْلٍ

স্বালা-তা ওয়া আন্‌তুম্ সুকা-রা- হ্বাত্তা- তা'লামূ মা- তাক্বূলূনা ওয়া লা- জুনুবান ইল্লা- 'আবিরী সাবীলিন্
নেশাগ্রস্ত অবস্থায় নামাযের কাছেও যেও না যতক্ষণ না তোমরা যা বল তা বুঝতে পার, মুসাফেরী অবস্থা ব্যতীত অপবিত্র অবস্থায়ও যেওনা-

✪ শানে নুযূল (আঃ ৪৩) ঃ يايها الذين امنوا لاتقربوا الصلوة ঃ একদা হযরত আলী (রা) একদল সাহাবীসহ হযরত আবদুর রহমান ইবনে আওফের (রা) বাড়ীতে ছিলেন। সকলে সেখানে আহার করলেন। অতঃপর হযরত আবদুর রহমান (রা) তাদের জন্য মদ আনলেন। তারা মদ পান করলেন। এটা ছিল মদ পান হারাম হওয়ার পূর্বের ঘটনা। তখন নামাযের ওয়াক্ত হয়ে গেল। সকলে হযরত আলীকে (রা) ইমাম বানালেন। তিনি নামাযে সূরা কাফিরূন পড়লেন। তবে তা তিনি যথাযথভাবে পড়তে পারলেন না। এতে আল্লাহ তায়ালা এ আয়াত নাযিল করেন। (তাঃ ইবনে কাছীর)

حَتّٰى تَغْتَسِلُوْا ۭ وَاِنْ كُنْتُمْ مَّرْضٰٓى اَوْ عَلٰى سَفَرٍ اَوْ جَاۗءَ اَحَدٌ مِّنْكُمْ مِّنَ الْغَاۗىِٕطِ

হাত্তা- তাগ্‌তাসিলূ ; ওয়া ইন্ কুন্‌তুম্ মার্‌দ্বা~আও 'আলা- সাফারিন্ আও জা—আ আহ্বাদুম্ মিন্‌কুম মিনাল্ গা—ইত্বি

যতক্ষণ পর্যন্ত না তোমরা গোসল কর। আর যদি তোমরা পীড়িত হও অথবা সফরে থাক অথবা তোমাদের মধ্যে কেউ প্রস্রাব-পায়খানা

اَوْ لٰمَسْتُمُ النِّسَاۗءَ فَلَمْ تَجِدُوْا مَاۗءً فَتَيَمَّمُوْا صَعِيْدًا طَيِّبًا فَامْسَحُوْا بِوُجُوْهِكُمْ

আও লা-মাস্‌তুমুন নিসা—আ ফালাম্ তাজ্বিদূ মা—আন্ ফাতাইয়াম্মামূ স্বা'ঈদান্ ত্বাইয়্যিবান্ ফাম্‌সাহূ বিউজূহিকুম্

থেকে আসে অথবা তোমরা স্ত্রী সম্ভোগ করে থাক এবং পানি না পাও, তবে পবিত্র মাটি দ্বারা তায়াম্মুম করবে অর্থাৎ নিজেদের মুখ

وَاَيْدِيْكُمْ ۭ اِنَّ اللّٰهَ كَانَ عَفُوًّا غَفُوْرًا ﴿٤٣﴾ اَلَمْ تَرَ اِلَى الَّذِيْنَ اُوْتُوْا نَصِيْبًا

ওয়া আইদীকুম ; ইন্নাল্লা-হা কা-না 'আফুওওয়ান্ গাফূরা-। ৪৪। আলাম্ তারা ইলাল্ লাযীনা উতূ নাস্বীবাম্

ও হাতে তা মুছবে। নিশ্চয় আল্লাহ মার্জনাকারী ও ক্ষমাশীল। (৪৪) তোমরা কি তাদেরকে দেখনি? যাদেরকে কিতাবের

مِّنَ الْكِتٰبِ يَشْتَرُوْنَ الضَّلٰلَةَ وَيُرِيْدُوْنَ اَنْ تَضِلُّوا السَّبِيْلَ ﴿٤٤﴾ وَاللّٰهُ اَعْلَمُ

মিনাল্ কিতা-বি ইয়াশ্‌তারূনাদ্ব দ্বালা-লাতা ওয়া ইউরীদূনা আন্ তাদ্বিল্লুস্ সাবীল। ৪৫। ওয়াল্লা-হু আ'লামু

কিছু অংশ দেয়া হয়েছিল অথচ তারা পথভ্রষ্টতা ক্রয় করে নেয় এবং তারা চায় যে তোমরাও পথভ্রষ্ট হয়ে যাও। (৪৫) আর আল্লাহ

بِاَعْدَاۗىِٕكُمْ ۭ وَكَفٰى بِاللّٰهِ وَلِيًّا ڭ وَّكَفٰى بِاللّٰهِ نَصِيْرًا ﴿٤٥﴾ مِنَ الَّذِيْنَ هَادُوْا

বিআ'দা—ইকুম্; ওয়া কাফা- বিল্লা-হি ওয়ালিইয়্যাওঁ ওয়া কাফা- বিল্লা-হি নাস্বীরা-। ৪৬। মিনাল্ লাযীনা হা-দূ

তোমাদের শত্রুদেরকে ভাল করেই জানেন। আল্লাহ অভিভাবক হিসেবে এবং সাহায্যকারী হিসেবেও আল্লাহ যথেষ্ট। (৪৬) ইয়াহূদীদের মধ্যে কতক

يُحَرِّفُوْنَ الْكَلِمَ عَنْ مَّوَاضِعِهٖ وَيَقُوْلُوْنَ سَمِعْنَا وَعَصَيْنَا وَاسْمَعْ غَيْرَ مُسْمَعٍ

ইউহার্‌রিফূনাল্ কালিমা 'আম্ মাওয়া-দ্বি'ইহী ওয়া ইয়াক্বূলূনা সামি'না- ওয়া 'আস্বাইনা- ওয়াস্‌মা' গাইরা মুস্‌মা'ইওঁ

লোক বাক্যকে যথাস্থান থেকে পরিবর্তন করে দেয় এবং বলে, আমরা "শোনলাম" ও "অমান্য করলাম" এবং আরও বলে, "তোমরা শোন না শোনার মত"।

وَّرَاعِنَا لَيًّۢا بِاَلْسِنَتِهِمْ وَطَعْنًا فِي الدِّيْنِ ۭ وَلَوْ اَنَّهُمْ قَالُوْا سَمِعْنَا وَاَطَعْنَا

ওয়া রা-'ইনা- লাইয়্যাম্ বিআল্‌সিনাতিহিম্ ওয়া ত্বা'নান্ ফিদ্ দীন ; ওয়া লাও আন্নাহুম ক্বা-লূ সামি'না ওয়া আত্বা'না-

এবং তাদের জিহবা বিকৃত করে 'রায়িনা' বলে (ডাকে) এবং দ্বীনের প্রতি তাচ্ছিল্য প্রদর্শন করে। আর যদি তারা বলত, আমরা শোনলাম ও মেনে নিলাম এবং

وَاسْمَعْ وَانْظُرْنَا لَكَانَ خَيْرًا لَّهُمْ وَاَقْوَمَ ۙ وَلٰكِنْ لَّعَنَهُمُ اللّٰهُ بِكُفْرِهِمْ

ওয়াস্‌মা' ওয়ান্‌যুরনা- লাকা-না খাইরাল্ লাহুম্ ওয়া আক্বওয়ামা ওয়ালা-কিল্ লা'আনাহুমুল্লা-হু বিকুফ্‌রিহিম্

শোন ও আমাদের প্রতি লক্ষ্য কর, তবে তা তাদের জন্য উত্তম এবং সংগত হত। কিন্তু তাদের কুফরীর জন্য তাদের প্রতি আল্লাহ অভিসম্পাত করেছেন।

○ টীকা (আঃ ৪৬) ঃ এই শব্দগুলি দ্ব্যর্থবোধক। سمعنا وعصينا এর ভাল অর্থ- "আমরা আপনার আদেশ শুনেছি, যারা আপনার বিরুদ্ধে প্ররোচনা দেয় তাদের কথা মানি না।' অসঙ্গতঃ অর্থ- "আমরা আপনার আদেশ শুনেছি, তবে মানব না।' اسمع غير مسمع -এর ভাল অর্থ, "আপনার মতবিরোধী কথা আপনাকে শুনান না হোক। আপনি যা কিছু বলেন, তদুত্তরে সকলেই যেন আপনার সপক্ষে বলে।" কদর্থ, "আপনাকে কোন ভাল কথা শুনান না হোক। আপনার কথার বিরূপ উত্তরই আপনার কর্ণ গোচর হোক। راعنا, শব্দের ভাল অর্থ, "আমাদের প্রতি লক্ষ্য করুন।' এর কদর্থ, ইহুদীদের ভাষায় একটি গালি। কাফের ও ইহুদীরা এসকল শব্দের কদর্থই গ্রহণ করত।

فَلَا يُؤْمِنُوْنَ اِلَّا قَلِيْلًا ﴿٤٦﴾ يٰٓاَيُّهَا الَّذِيْنَ اُوْتُوا الْكِتٰبَ اٰمِنُوْا بِمَا نَزَّلْنَا

ফালা- ইয়ু'মিনূনা ইল্লা- ক্বালীলা-। ৪৭। ইয়া~আইয়্যুহাল্ লাযীনা উতুল্ কিতা-বা আ-মিনূ বিমা- নায্‌যাল্‌না-

অতএব তাদের অল্পসংখ্যক ছাড়া ঈমান আনবে না। (৪৭) ওহে! যাদেরকে কিতাব প্রদান করা হয়েছে। তোমরা ঈমান আন আমি যা কিছু অবতীর্ণ করেছি তার উপর,

مُصَدِّقًا لِّمَا مَعَكُمْ مِّنْ قَبْلِ اَنْ نَّطْمِسَ وُجُوْهًا فَنَرُدَّهَا عَلٰٓى اَدْبَارِهَآ اَوْ

মুস্বাদ্দিক্বাল্ লিমা- মা'আকুম্ মিন্ ক্বাব্‌লি আন্ নাত্বমিসা উজূহান্ ফানারুদ্দাহা- 'আলা~আদ্‌বা-রিহা~আও

যা সত্যায়ন করে তোমাদের নিকট যা আছে তার। ঈমান আন (এ অবস্থা হওয়ার) পূর্বে যে, আমি (তোমাদের) চেহারা মিটিয়ে দিয়ে সেগুলো ঘুরিয়ে দেই পেছনের

نَلْعَنَهُمْ كَمَا لَعَنَّآ اَصْحٰبَ السَّبْتِ ۭ وَكَانَ اَمْرُ اللّٰهِ مَفْعُوْلًا ﴿٤٧﴾ اِنَّ اللّٰهَ

নাল'আনাহুম কামা- লা'আন্না ~আস্‌হা-বাস্‌সাব্‌ত ; ওয়া কা-না আম্‌রুল্লা-হি মাফ্'উলা-। ৪৮। ইন্নাল্লা-হা

দিকে। অথবা আস্‌হাবুছ ছাবতকে যে ভাবে লা'নত করেছিলাম সেভাবে লা'নত করি। আল্লাহর নির্দেশ যথাযথভাবে কার্যকর হয়েই থাকে। (৪৮) নিশ্চয় আল্লাহ

لَا يَغْفِرُ اَنْ يُّشْرَكَ بِهٖ وَيَغْفِرُ مَا دُوْنَ ذٰلِكَ لِمَنْ يَّشَاۗءُ ۚ وَمَنْ يُّشْرِكْ بِاللّٰهِ

লা-ইয়াগ্‌ফিরু আঁই ইউশ্‌রাকা বিহী ওয়া ইয়াগ্‌ফিরু মা-দূনা যা-লিকা লিমাই ইয়াশা—উ, ওয়া মাই ইয়ুশ্‌রিক বিল্লা-হি

তাঁর সাথে শরীক করার গোনাহ ক্ষমা করবেন না। এছাড়া অন্যান্য গোনাহ যাকে ইচ্ছা তাকে ক্ষমা করবেন এবং যে কেউ আল্লাহর সাথে শরীক

فَقَدِ افْتَرٰٓى اِثْمًا عَظِيْمًا ﴿٤٨﴾ اَلَمْ تَرَ اِلَى الَّذِيْنَ يُزَكُّوْنَ اَنْفُسَهُمْ ۭ بَلِ اللّٰهُ

ফাক্বাদিফ্‌তারা~ইছ্‌মান্ 'আযীমা-। ৪৯। আলাম তারা ইলাল্ লাযীনা ইউযাক্কূনা আন্‌ফুসাহুম্ ; বালিল্লা-হু

করে সে নিঃসন্দেহে গুরুতর পাপ করে। (৪৯) আপনি কি তাদেরকে দেখেন নি? যারা নিজেদেরকে পবিত্র বলে; অথচ আল্লাহ

يُزَكِّيْ مَنْ يَّشَاۗءُ وَلَا يُظْلَمُوْنَ فَتِيْلًا ﴿٤٩﴾ اُنْظُرْ كَيْفَ يَفْتَرُوْنَ عَلَى اللّٰهِ الْكَذِبَ ۭ

ইউযাক্কী মাই ইয়াশা—উ ওয়া লা- ইউয্‌লামূনা ফাতীলা-। ৫০। উন্‌যুর কাইফা ইয়াফ্‌তারূনা 'আলাল্লা-হিল কাযিবা,

যাকে ইচ্ছা পবিত্র করেন। আর তাদের উপর সূতা পরিমাণও জুলুম করা হবে না। (৫০) দেখুন! তারা কেমনভাবে আল্লাহর উপর মিথ্যা অপবাদ বানিয়ে বলে?

৭ ع ৮ ৪ রুকু

وَكَفٰى بِهٖٓ اِثْمًا مُّبِيْنًا ﴿٥٠﴾ اَلَمْ تَرَ اِلَى الَّذِيْنَ اُوْتُوْا نَصِيْبًا مِّنَ الْكِتٰبِ يُؤْمِنُوْنَ

ওয়া কাফা- বিহী~ইছ্‌মাম্ মুবীনা-। ৫১। আলাম্ তারা ইলাল্ লাযীনা উতূ নাস্বীবাম্ মিনাল্ কিতা-বি ইউ'মিনূনা

আর তাদের প্রকাশ্য পাপী হওয়ার জন্য এটাই যথেষ্ট। (৫১) আপনি কি তাদেরকে দেখেন নি? যাদেরকে কিতাবের কিছু অংশ প্রদান করা হয়েছে, তারা বিশ্বাস করে

بِالْجِبْتِ وَالطَّاغُوْتِ وَيَقُوْلُوْنَ لِلَّذِيْنَ كَفَرُوْا هٰٓؤُلَاۗءِ اَهْدٰى مِنَ

বিল্ জিব্‌তি ওয়াত্ব ত্বা-গূতি ওয়া ইয়াক্বূলূনা লিল্লাযীনা কাফারূ হা~উলা—ই আহ্‌দা- মিনাল্

জিব্‌ত (মূর্তি) ও তাগুত (শয়তান)-কে এবং তারা কাফিরদের সম্পর্কে বলে যে, এরা মুমিনদের চেয়ে অধিকতর

الَّذِيْنَ اٰمَنُوْا سَبِيْلًا ﴿٥١﴾ اُولٰۗىِٕكَ الَّذِيْنَ لَعَنَهُمُ اللّٰهُ ۭ وَمَنْ يَّلْعَنِ اللّٰهُ

লাযীনা আ-মানূ সাবীলা-। ৫২। উলা—ইকাল্ লাযীনা লা'আনাহুমুল্লা-হ ; ওয়া মাই ইয়াল্'আনিল্লা-হু

সঠিক পথে রয়েছে। (৫২) এরাই সে সকল লোক যাদের উপর আল্লাহ লা'নত দিয়েছেন। আর আল্লাহ যাদেরকে লা'নত দেন আপনি তাদের কোন

فلن تجد له نصيرا ﴿٥٢﴾ ام لهم نصيب من الملك فاذا لا يؤتون الناس نقيرا

ফালান্ তাজ্বিদা লাহূ নাস্বীরা-। ৫৩। আম্ লাহুম্ নাস্বীবুম্ মিনাল্ মুল্কি ফাইযাল্ লা-ইউ'তূনান্ না-সা নাক্বীরা।
সাহায্যকারী পাবেন না। (৫৩) তবে কি রাজত্বে তাদের কোন অংশ আছে? তবে তো তারা লোকদেরকে তিল পরিমাণও দিবে না।

﴿٥٣﴾ ام يحسدون الناس على ما اتىهم الله من فضله ۚ فقد اتينا ال

৫৪। আম্ ইয়াহ্সুদূনান্ না-সা 'আলা মা~আ-তা- হুমুল্লা-হু মিন্ ফাদ্বলিহ, ফাক্বাদ্ আ-তাইনা~আ-লা
(৫৪) অথবা আল্লাহ নিজ কৃপায় মানুষকে যা দান করেছেন, সেজন্য কি তারা তাদেরকে হিংসা করে? নিশ্চয় আমি

ابرهيم الكتب والحكمة واتينهم ملكا عظيما ﴿٥٤﴾ فمنهم من امن به ومنهم

ইব্রা-হীমাল্ কিতা-বা ওয়াল্ হিক্মাতা ওয়া আ-তাইনা-হুম্ মুল্কান্ 'আযীমা-। ৫৫। ফামিন্হুম্ মান্ আ-মানা বিহী ওয়া মিন্হুম্
ইব্রাহীমের বংশধরকেও কিতাব ও হিকমত দান করেছিলাম এবং তাদেরকে প্রদান করেছিলাম বিশাল সাম্রাজ্য। (৫৫) এরপর তাদের কতকে তাঁর উপর ঈমান

من صد عنه ۗ وكفى بجهنم سعيرا ﴿٥٥﴾ ان الذين كفروا باياتنا سوف

মান্ স্বাদ্দা 'আনহ ; ওয়া কাফা- বিজ্বাহান্নামা সা'ঈরা-। ৫৬। ইন্নাল্ লাযীনা কাফারূ বিআ-ইয়া-তিনা- সাওফা
এনেছিল এবং কতকে তা থেকে মুখ ফিরিয়ে নিয়েছিল। আর জাহান্নামের আগুনই (তাদের শাস্তির জন্য) যথেষ্ট। (৫৬) যারা আমার আয়াতগুলো অবিশ্বাস

نصليهم نارا ۗ كلما نضجت جلودهم بدلنهم جلودا غيرها ليذوقوا

নুস্বলীহিম্ না-রা ; কুল্লামা- নাদ্বিজ্বাত্ জুলূদুহুম্ বাদ্দাল্না-হুম জুলূদান্ গাইরাহা- লিইয়াযূক্বুল্
করেছে, শীঘ্রই আমি তাদেরকে আগুনে নিক্ষেপ করব। যখনই তাদের চামড়াগুলো দগ্ধীভূত হবে, তখনই তাদেরকে নতুন চামড়া বদলিয়ে দেব। যেন তারা

العذاب ۗ ان الله كان عزيزا حكيما ﴿٥٦﴾ والذين امنوا وعملوا الصلحت

'আযা-ব ; ইন্নাল্লা-হা কা-না 'আযীযান হাকীমা-। ৫৭। ওয়াল্ লাযীনা আ-মানূ ওয়া 'আমিলুস্ব স্বা-লিহা-তি
আযাবের আস্বাদ পায়। নিশ্চয় আল্লাহ পরাক্রান্ত, প্রজ্ঞাময়। (৫৭) আর যারা ঈমান এনেছে ও নেক কাজ করেছে আমি

سندخلهم جنت تجري من تحتها الانهر خلدين فيها ابدا ۖ لهم فيها

সানুদ্খিলুহুম্ জ্বান্না-তিন তাজ্বরী মিন্ তাহ্তিহাল্ আন্হা-রু খা-লিদীনা ফীহা~আবাদা ; লাহুম্ ফীহা~
শীঘ্রই তাদেরকে জান্নাতে প্রবেশ করাব যার তলদেশে নহরসমূহ প্রবাহিত, সেখানে তারা চিরস্থায়ী হবে। সেখানে তাদের জন্য

ازواج مطهرة ۙ وندخلهم ظلا ظليلا ﴿٥٧﴾ ان الله يامركم ان تؤدوا

আয্ওয়া-জুম মুত্বাহ্হারাতুওঁ ওয়া নুদ্খিলুহুম যিল্লান্ যালীলা-। ৫৮। ইন্নাল্লা-হা ইয়া'মুরুকুম্ আন্ তুআদ্দুল্
রয়েছে পাক-পবিত্রা স্ত্রীগণ এবং আমি তাদেরকে ঘন ছায়ায় প্রবেশ করাব। (৫৮) নিশ্চয় আল্লাহ তোমাদেরকে নির্দেশ

✪ টীকা (আঃ ৫৬) ঃ كلما نضجت ঃ একদা জনৈক ব্যক্তি হযরত উমরের (রা) সামনে নিম্নোক্ত আয়াত পাঠ করেন। كلما نضجت جلودهم بدلنهم جلودا غيرها – হযরত উমর (রা) বললেন, উক্ত আয়াত আবার পড়। সে পুনরায় পড়ল। তখন মাআয ইবনে জাবাল (রা) বললেন, এ আয়াতের তাফসীর আমার জানা আছে। প্রতি ঘন্টায় তাদের চামড়া একশত বার পরিবর্তিত হবে। হযরত উমর (রা) বললেন, নবী করীম (সা)-এর নিকট হতে আমিও এরূপ শুনেছি। (তাঃ ইবনে কাছীর)

✪ টীকা (আঃ ৫৭) ঃ ظلا ظليلا ঃ রাসূলুল্লাহ (সা) বলেছেন, জান্নাতে একটি বৃক্ষ রয়েছে। কোন বাহনের আরোহী উহার ছায়ায় একশত বছর পরিভ্রমণ করলেও সে উহা অতিক্রম করতে পারবে না। উক্ত বৃক্ষের নাম شجرة الخلد অর্থাৎ স্থায়িত্বের বৃক্ষ।

الامنت الى اهلها ۙ واذا حكمتم بين الناس ان تحكموا بالعدل ۗ

আমা-না-তি ইলা~আহ্লিহা- ওয়া ইযা- হাকাম্তুম্ বাইনান্ না-সি আন্ তাহ্কুমূ বিল্ 'আদ্ল ;
দিচ্ছেন যে, তোমরা আমানতকে তার প্রাপকের নিকট প্রত্যার্পণ কর। যখন তোমরা লোকদের মাঝে বিচার ফয়সালা কর তখন ন্যায়ের সাথে বিচার কর।

ان الله نعما يعظكم به ۗ ان الله كان سميعا بصيرا ﴿٥٨﴾ يايها الذين امنوا

ইন্নাল্লা-হা নি'ইম্মা-ইয়া'ইযুকুম্ বিহ ; ইন্নাল্লা-হা কা-না সামী'আম্ বাস্বীরা-। ৫৯। ইয়া~আইয়ুহাল্ লাযীনা আ-মানূ~
নিশ্চয় আল্লাহ তোমাদেরকে উত্তম উপদেশ দেন। আল্লাহ সর্বশ্রোতা, সর্বদ্রষ্টা। (৫৯) হে ঈমানদারগণ! তোমরা

اطيعوا الله واطيعوا الرسول واولي الامر منكم ۚ فان تنازعتم في

আত্বী'উল্লা-হা ওয়া আত্বী'উর্ রাসূলা ওয়া উলিল্ আম্রি মিন্কুম্, ফাইন্ তানা-যা'তুম্ ফী
আল্লাহর ও রাসূলের আনুগত্য কর এবং তোমাদের মধ্যকার (ন্যায়বান) নেতৃবৃন্দের। যদি তোমাদের মধ্যে কোন বিষয়ে

شيء فردوه الى الله والرسول ان كنتم تؤمنون بالله واليوم الاخر ۗ

শাইইন্ ফারুদ্দূহু ইলাল্লা-হি ওয়ার্ রাসূলি ইন্ কুন্তুম্ তু'মিনূনা বিল্লা-হি ওয়াল্ ইয়াওমিল আ-খির ;
মতভেদ সৃষ্টি হয়; তা আল্লাহ ও রাসূলের উপর ছেড়ে দাও, যদি তোমরা বিশ্বাস রাখ আল্লাহ ও কিয়ামত দিবসের উপর।

ذلك خير واحسن تاويلا ﴿٥٩﴾ الم تر الى الذين يزعمون انهم امنوا بما

যা-লিকা খাইরুওঁ ওয়া আহ্সানু তা'ওয়ীলা-। ৬০। আলাম তারা ইলাল্ লাযীনা ইয়ায্'উমূনা আন্নাহুম্ আ-মানূ বিমা~
এটাই হচ্ছে উত্তম ও পরিণামের দিক দিয়ে উৎকৃষ্টতম। (৬০) আপনি কি তাদেরকে দেখেন নি! যারা দাবী করে যে, তারা ঈমান এনেছে

انزل اليك وما انزل من قبلك يريدون ان يتحاكموا الى الطاغوت

উন্যিলা ইলাইকা ওয়ামা~উন্যিলা মিন্ ক্বাব্লিকা ইউরীদূনা আইঁ ইয়াতাহা-কামূ~ইলাত্বত্বা-গূতি
আপনার প্রতি যা অবতীর্ণ হয়েছে তার উপর এবং আপনার পূর্বে যা অবতীর্ণ হয়েছে তার উপর। কিন্তু তারা শয়তানের কাছে বিচার প্রার্থী হতে চায়।

وقد امروا ان يكفروا به ۗ ويريد الشيطن ان يضلهم ضللا بعيدا

ওয়া ক্বাদ উমিরূ~আইঁ ইয়াক্ফুরূ বিহ; ওয়া ইউরীদুশ্ শাইত্বা-নু আইঁ ইউদ্বিল্লাহুম্ দ্বালা-লাম্ বা'ঈদা-।
অথচ তাদেরকে নির্দেশ দেয়া হয়েছে, তাকে মান্য না করার জন্য। আর শয়তান তাদেরকে চরমভাবে পথভ্রষ্ট করতে চায়।

✪ টীকা (আঃ ৫৯) ঃ দু'জন মুসলমানের মধ্যে ঝগড়া হলে যদি একজন বলে, চল শরীঅত অনুযায়ী এর মীমাংসা হোক, তদুত্তরে অপর জন যদি বলে, আমি শরীঅত মানি না, তবে সে কাফের হয়ে যাবে। (মুঃ কোঃ)

✪ শানে নুযূল (আঃ ৬০) ঃ জনৈক ইহুদীর সাথে জনৈক মুনাফিকের ঝগড়া হলে, ইহুদী মোহাম্মদ (সা)-কে সালিস মানল। সে জানত, ধর্ম বিষয়ে মতবিরোধ থাকলেও তিনি পক্ষপাতিত্ব করেন না। আর মুনাফেকের দাবী মিথ্যা ছিল, সে মনে করল, আমি বাইরে মুসলমান হলেও রাসূলুল্লাহর নিকট বাকচাতুরীতে কাজ হবে না। অপর দিকে কা'ব ইবনে আশরাফ একজন অসৎ ইহুদী সরদার, তাকে পক্ষে আনতে পারব, কাজেই সে কা'বকে সালিস মানল। অবশেষে উভয়েই হুযূর (সা)-এর নিকট বিচার প্রার্থী হল এবং ইহুদীর জয় হল। মুনাফিক ইহাতে সন্তুষ্ট না হয়ে হযরত ওমর (রা)-এর নিকট গেল। সে ধারণা করেছিল ওমর (রা) আমার পক্ষেই রায় দিবেন। ইহুদী মনে করল, ওমর (রা) ন্যায়পরায়ণ। তিনি আমার পক্ষেই রায় দিবেন। কাজেই মুনাফিকের প্রস্তাবে সে সম্মত হয়ে হযরত ওমরের নিকট গেল এবং পূর্ণ ঘটনা বর্ণনা করল এবং এটাও বলল যে, হুযূর (সা) এর মীমাংসা করেছিলেন, কিন্তু এ ব্যক্তি মানে না। হযরত ওমর (রা) তৎক্ষণাৎ মুনাফিকের শিরচ্ছেদ করে বললেন, নবীর মীমাংসা অমান্য করার এই শাস্তি। অনন্তর মুনাফিকের ওয়ারিসগণ হুযূর (সা)-এর খেদমতে গিয়ে বলল, এটা আপোষ মীমাংসার জন্যই ওমরের নিকট যাওয়া হয়েছিল, অনর্থক তিনি তাকে হত্যা করেছেন। কাজেই, আমরা হত্যার প্রতিশোধ চাই। এ আয়াতগুলোতে ঘটনার মূল তথ্য প্রকাশ করা হয়েছে। (মুঃ কোঃ)

وَإِذَا قِيلَ لَهُمْ تَعَالَوْا إِلَىٰ مَا أَنزَلَ اللَّهُ وَإِلَى الرَّسُولِ رَأَيْتَ

৬১। ওয়া ইযা- ক্বীলা লাহুম্ তা'আ-লাও ইলা-মা~আন্যালাল্লা-হু ওয়া ইলার্ রাসূলি রাআইতাল্
(৬১) তাদেরকে যখন বলা হয়, আল্লাহ্ যা অবতীর্ণ করেছেন সেদিকে ও রাসূলের দিকে ফিরে এসো, তখন আপনি মুনাফিকদেরকে

الْمُنَافِقِينَ يَصُدُّونَ عَنكَ صُدُودًا ﴿٦١﴾ فَكَيْفَ إِذَا أَصَابَتْهُم مُّصِيبَةٌ بِمَا

মুনা-ফিক্বীনা ইয়াস্বুদ্দূনা 'আন্কা স্বুদূদা-। ৬২। ফাকাইফা ইযা~আস্বা-বাত্হুম্ মুস্বীবাতুম্ বিমা-
দেখবেন যে, ওরা আপনার কাছ থেকে একেবারে ফিরে যাচ্ছে। (৬২) তখন তাদের অবস্থা কেমন হবে যখন তাদের কৃতকর্মের জন্য তাদের উপর কোন

قَدَّمَتْ أَيْدِيهِمْ ثُمَّ جَاءُوكَ يَحْلِفُونَ بِاللَّهِ إِنْ أَرَدْنَا إِلَّا إِحْسَانًا

ক্বাদ্দামাত্ আইদীহিম্ ছুম্মা জ্বা—উকা ইয়াহ্লিফূনা বিল্লা-হি ইন্ আরাদ্না~ইল্লা~ইহ্সা-নাও
বিপদ এসে পড়বে? তারপর তারা আপনার কাছে এসে, আল্লাহর নামে শপথ করবে যে, আমাদের কল্যাণ এবং সদ্ভাব ছাড়া অন্য কোন

وَتَوْفِيقًا ﴿٦٢﴾ أُولَٰئِكَ الَّذِينَ يَعْلَمُ اللَّهُ مَا فِي قُلُوبِهِمْ فَأَعْرِضْ عَنْهُمْ

ওয়া তাওফীক্বা-। ৬৩। উলা—ইকাল্ লাযীনা ইয়া'লামুল্লা-হু মা-ফী ক্বুলূবিহিম্, ফাআ'রিদ্ব 'আন্হুম্
ইচ্ছা ছিল না। (৬৩) এরাই তারা, তাদের অন্তরে যা আছে আল্লাহ তা বিশেষভাবে জানেন, অতএব আপনি তাদেরকে উপেক্ষা করুন ও তাদেরকে

وَعِظْهُمْ وَقُل لَّهُمْ فِي أَنفُسِهِمْ قَوْلًا بَلِيغًا ﴿٦٣﴾ وَمَا أَرْسَلْنَا مِن رَّسُولٍ

ওয়া 'ইযহুম্ ওয়াক্বুল লাহুম্ ফী~আন্ফুসিহিম্ ক্বাওলাম্ বালীগা-। ৬৪। ওয়া মা~আর্সাল্না- মির্ রাসূলিন্
সৎ উপদেশ দিতে থাকুন আর এমন সব কথা বলুন যা তাদের মনে প্রভাব সৃষ্টি করে। (৬৪) আর আমি রাসূল প্রেরণ করেছি শুধু এ উদ্দেশ্যেই যে,

إِلَّا لِيُطَاعَ بِإِذْنِ اللَّهِ ۚ وَلَوْ أَنَّهُمْ إِذ ظَّلَمُوا أَنفُسَهُمْ جَاءُوكَ فَاسْتَغْفَرُوا

ইল্লা- লিইউত্বা-'আ বিইয্নিল্লা-হ ; ওয়া লাও আন্নাহুম্ ইয্ য্বালামূ~আন্ফুসাহুম্ জ্বা—উকা ফাস্তাগ্ফারু
আল্লাহর নির্দেশে তাঁর আনুগত্য করা হয়। আর যখন তারা নিজেদের প্রতি জুলুম করেছিল তখন যদি তারা আপনার কাছে আসত এবং আল্লাহর কাছে ক্ষমা প্রার্থনা

اللَّهَ وَاسْتَغْفَرَ لَهُمُ الرَّسُولُ لَوَجَدُوا اللَّهَ تَوَّابًا رَّحِيمًا ﴿٦٤﴾ فَلَا وَرَبِّكَ

ল্লা-হা ওয়াস্তাগ্ফারা লাহুমুর রাসূলু লাওয়াজ্বাদুল্লা-হা তাওয়্যা-বার্ রাহীমা-। ৬৫। ফালা- ওয়া রাব্বিকা
করত এবং রাসূলও তাদের জন্য ক্ষমা প্রার্থনা করতেন, তবে অবশ্যই তারা আল্লাহকে তওবা কবুলকারী ও পরম দয়ালু পেত। (৬৫) অতএব, আপনার রবের

لَا يُؤْمِنُونَ حَتَّىٰ يُحَكِّمُوكَ فِيمَا شَجَرَ بَيْنَهُمْ ثُمَّ لَا يَجِدُوا فِي أَنفُسِهِمْ

লা-ইউ'মিনূনা হাত্তা- ইউহাক্কিমূকা ফীমা- শাজ্বারা বাইনাহুম্ ছুম্মা লা- ইয়াজ্বিদূ ফী~আন্ফুসিহিম্
শপথ, তারা কখনই মু'মিন হবে না, যতক্ষণ না আপনাকে তারা তাদের নিজেদের বিবাদের বিচারকের দায়িত্ব অর্পণ না করবে। তারপর আপনার ফয়সালা সম্বন্ধে

حَرَجًا مِّمَّا قَضَيْتَ وَيُسَلِّمُوا تَسْلِيمًا ﴿٦٥﴾ وَلَوْ أَنَّا كَتَبْنَا عَلَيْهِمْ أَنِ اقْتُلُوا

হ্বারাজ্বাম্ মিম্মা- ক্বাদ্বাইতা ওয়া ইউসাল্লিমূ তাস্লীমা-। ৬৬। ওয়া লাও আন্না- কাতাব্না- 'আলাইহিম্ আনিক্বতুলূ~
তাদের অন্তরে কোন সংকীর্ণতা না থাকবে ও তা সর্বান্তকরণে মেনে নিবে। (৬৬) আর যদি আমি তাদেরকে নির্দেশ দিতাম যে, তোমরা নিজেদেরকে হত্যা কর

أَنفُسَكُمْ أَوِ اخْرُجُوا مِن دِيَارِكُم مَّا فَعَلُوهُ إِلَّا قَلِيلٌ مِّنْهُمْ ۖ وَلَوْ أَنَّهُمْ فَعَلُوا

আন্ফুসাকুম আওয়িখ্রুজ্বূ মিন্ দিয়া-রিকুম্ মা- ফা'আলূহু ইল্লা- ক্বালীলুম্ মিন্হুম ; ওয়া লাও আন্নাহুম ফা'আলূ
বা নিজ ঘর বাড়ী থেকে বেরিয়ে যাও, তবে তাদের মধ্যে স্বল্প সংখ্যক ছাড়া কেউ তা পালন করত না। যে বিষয়ে তাদেরকে উপদেশ দেয়া হয়েছিল যদি তারা তদানুযায়ী

مَا يُوعَظُونَ بِهِ لَكَانَ خَيْرًا لَّهُمْ وَأَشَدَّ تَثْبِيتًا ﴿٦٦﴾ وَإِذًا لَّآتَيْنَاهُم مِّن لَّدُنَّا

মা- ইউ'আয্না বিহী লাকা-না খাইরাল্ লাহুম্ ওয়া আশাদ্দা তাছ্বীতা-। ৬৭। ওয়া ইযাল্ লাআ-তাইনা-হুম্ মিল্লাদুন্না~
আমল করত, তবে অবশ্যই তাদের জন্য তা ভাল হত ও ঈমানকে অধিক দৃঢ়কারী হত। (৬৭) এবং এ অবস্থায় আমি তাদেরকে অবশ্যই আমার পক্ষ থেকে মহা প্রতিদান

أَجْرًا عَظِيمًا ﴿٦٧﴾ وَلَهَدَيْنَاهُمْ صِرَاطًا مُّسْتَقِيمًا ﴿٦٨﴾ وَمَن يُطِعِ اللَّهَ وَالرَّسُولَ

আজ্বরান্ 'আযীমা-। ৬৮। ওয়া লাহাদাইনা-হুম্ স্বিরা-ত্বাম্ মুস্তাক্বীমা-। ৬৯। ওয়া মাই ইউত্বি'ইল্লা-হা ওয়ার্ রাসূলা
প্রদান করতাম (৬৮) এবং তাদেরকে সরল পথে পরিচালনা করতাম। (৬৯) আর যে আল্লাহ ও রাসূলের আনুগত্য

فَأُولَٰئِكَ مَعَ الَّذِينَ أَنْعَمَ اللَّهُ عَلَيْهِم مِّنَ النَّبِيِّينَ وَالصِّدِّيقِينَ وَالشُّهَدَاءِ

ফাউলা—ইকা মা'আল্ লাযীনা আন্'আমাল্লা-হু 'আলাইহিম মিনান্ নাবিয়্যীনা ওয়াস্ব স্বিদ্দীক্বীনা ওয়াশ্ শুহাদা—ই
করে সে সেসব ব্যক্তিদের সংগী হবে যাদের প্রতি আল্লাহ্ অনুগ্রহ করেছেন। তারা হলেন নবীগণ, সিদ্দীকগণ, শহীদগণ

وَالصَّالِحِينَ ۚ وَحَسُنَ أُولَٰئِكَ رَفِيقًا ﴿٦٩﴾ ذَٰلِكَ الْفَضْلُ مِنَ اللَّهِ ۚ وَكَفَىٰ بِاللَّهِ

ওয়াস্ব স্বা-লিহ্বীন, ওয়া হ্বাসুনা উলা—ইকা রাফীক্বা-। ৭০। যা-লিকাল্ ফাদ্ব্লু মিনাল্লা-হ ; ওয়া কাফা- বিল্লা-হি
ও নেককারগণ। আর এরাই হলেন সর্বোত্তম সহচর। (৭০) এটা আল্লাহর পক্ষ থেকে অনুগ্রহ। আর সর্বজ্ঞ হিসেবে আল্লাহই

عَلِيمًا ﴿٧٠﴾ يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا خُذُوا حِذْرَكُمْ فَانفِرُوا ثُبَاتٍ أَوِ انفِرُوا جَمِيعًا

'আলীমা-। ৭১। ইয়া~আইয়্যুহাল্ লাযীনা আ-মানূ খুযূ হ্বিয্রাকুম ফান্ফিরূ ছুবা-তিন্ আওয়িন্ফিরূ জ্বামী'আ-।
যথেষ্ট। (৭১) হে ঈমানদারগণ! তোমরা নিজেরা সর্তকতা অবলম্বন কর, অতঃপর (যুদ্ধে) বেরিয়ে পড় বিভিন্ন দলে বিভক্ত হয়ে অথবা বেরিয়ে পড় এক সংগে।

৯ রুকূ

﴿٧١﴾ وَإِنَّ مِنكُمْ لَمَن لَّيُبَطِّئَنَّ فَإِنْ أَصَابَتْكُم مُّصِيبَةٌ قَالَ قَدْ أَنْعَمَ اللَّهُ

৭২। ওয়া ইন্না মিন্কুম্ লামাল্ লাইউবাত্ত্বিআন্না, ফাইন্ আস্বা-বাত্কুম্ মুস্বীবাতুন্ ক্বা-লা ক্বাদ্ আন্'আমাল্লা-হু
(৭২) তোমাদের মধ্যে কতিপয় এমন লোকও আছে যারা অবশ্যই বিলম্ব করবে। যদি তোমাদের উপর কোন বিপদ এসে পড়ে, তবে সে বলে- নিশ্চয় আল্লাহ

عَلَيَّ إِذْ لَمْ أَكُن مَّعَهُمْ شَهِيدًا ﴿٧٢﴾ وَلَئِنْ أَصَابَكُمْ فَضْلٌ مِّنَ اللَّهِ لَيَقُولَنَّ

'আলাইয়্যা ইয্ লাম আকুম্ মা'আহুম্ শাহীদা-। ৭৩। ওয়া লাইন্ আস্বা-বাকুম্ ফাদ্ব্লুম্ মিনাল্লা-হি লাইয়াক্বূলান্না
আমার উপর অনুগ্রহ করেছেন যে, আমি তাদের সাথে উপস্থিত ছিলাম না। (৭৩) আর তোমাদের প্রতি আল্লাহর তরফ থেকে অনুগ্রহ হলে, তারা এমনভাবে বলে যেন

كَأَن لَّمْ تَكُن بَيْنَكُمْ وَبَيْنَهُ مَوَدَّةٌ يَا لَيْتَنِي كُنتُ مَعَهُمْ فَأَفُوزَ فَوْزًا عَظِيمًا ○

কাআল লাম্ তাকুম্ বাইনাকুম্ ওয়া বাইনাহূ মাওয়াদ্দাতুই ইয়া-লাইতানী কুন্তু মা'আহুম্ ফাআফূযা ফাওযান্ 'আযীমা-।
তোমাদের মধ্যে ও তার মধ্যে কোন বন্ধুত্বই ছিল না, (বলবে) হায়! আমিও যদি তাদের সাথে থাকতাম, তবে আমিও বিরাট সফলতা লাভ করতাম।

﴿٧٤﴾ فَلْيُقَاتِلْ فِي سَبِيلِ اللّٰهِ الَّذِينَ يَشْرُونَ الْحَيٰوةَ الدُّنْيَا بِالْاٰخِرَةِ ؕ

৭৪। ফাল্ইউক্বা-তিল্ ফী সাবীলিল্লা-হিল্ লাযীনা ইয়াশ্‌রূনাল্ হ্বায়া-তাদ্ দুন্ইয়া- বিল্ আ-খিরাহ ;
(৭৪) সুতরাং তাদের উচিত আল্লাহর রাস্তায় জেহাদ করা, যারা আখেরাতের বিনিময় দুনিয়ার জীবন ক্রয় করে।

وَمَنْ يُقَاتِلْ فِي سَبِيلِ اللّٰهِ فَيُقْتَلْ اَوْ يَغْلِبْ فَسَوْفَ نُؤْتِيهِ اَجْرًا عَظِيمًا ○

ওয়া মাইঁইউক্বা-তিল্ ফী সাবীলিল্লা-হি ফাইউক্বতাল্ আও ইয়াগ্‌লিব্ ফাসাওফা নু'তীহি আজ্‌রান্ 'আযীমা-।
আর যে ব্যক্তি আল্লাহর রাস্তায় জেহাদ করে অতঃপর নিহত হয় অথবা বিজয়ী হয়, তাকে আমি অতিশীঘ্রই মহাপ্রতিদান দান করব।

﴿٧٥﴾ وَمَا لَكُمْ لَا تُقَاتِلُونَ فِي سَبِيلِ اللّٰهِ وَالْمُسْتَضْعَفِينَ مِنَ الرِّجَالِ وَالنِّسَاءِ

৭৫। ওয়া মা- লাকুম্ লা-তুক্বা-তিলূনা ফী সাবীলিল্ লা-হি ওয়াল্ মুস্‌তাদ্ব'আফীনা মিনার্ রিজ্বা-লি ওয়ান্ নিসা—ই
(৭৫) তোমাদের কি হল যে, তোমরা যুদ্ধ করছ না আল্লাহর রাস্তায় এবং সেই অসহায় পুরুষ, নারী এবং

وَالْوِلْدَانِ الَّذِينَ يَقُولُونَ رَبَّنَا اَخْرِجْنَا مِنْ هٰذِهِ الْقَرْيَةِ الظَّالِمِ

ওয়াল্ ওয়িল্‌দা-নিল্ লাযীনা ইয়াক্বূলূনা রাব্বানা~আখ্‌রিজ্বনা- মিন্ হা-যিহিল্ ক্বারইয়াতিয্ যা-লিমি
শিশুদের পক্ষে? যারা বলে, হে আমাদের প্রতিপালক! আমাদেরকে এই জনপদ থেকে বের কর, যার অধিবাসীরা অত্যাচারী ;

اَهْلُهَا ۚ وَاجْعَلْ لَنَا مِنْ لَدُنْكَ وَلِيًّا ۚ وَاجْعَلْ لَنَا مِنْ لَدُنْكَ نَصِيرًا ○

আহ্‌লুহা-, ওয়াজ্ব'আল্ লানা-মিল্ লাদুন্‌কা ওয়ালিয়্যাওঁ ওয়াজ্ব'আল্ লানা- মিল্ লাদুন্‌কা নাস্বীরা-।
আর তোমার পক্ষ থেকে আমাদের জন্য একজন অভিভাবক নিযুক্ত কর এবং আমাদের জন্য তোমার পক্ষ থেকে একজন সাহায্যকারী নিযুক্ত কর।

﴿٧٦﴾ اَلَّذِينَ اٰمَنُوا يُقَاتِلُونَ فِي سَبِيلِ اللّٰهِ ۚ وَالَّذِينَ كَفَرُوا يُقَاتِلُونَ فِي سَبِيلِ

৭৬। আল্লাযীনা আ-মানূ ইউক্বা-তিলূনা ফী সাবীলিল্লা-হ, ওয়াল্ লাযীনা কাফারূ ইউক্বা-তিলূনা ফী সাবীলিত্ব
(৭৬) যারা মুমিন, তারা তো আল্লাহর পথেই যুদ্ধ করে, আর যারা কাফির তারা শয়তানের পথে যুদ্ধ করে। অতএব

১০ ع ৯ রুকু

الطَّاغُوتِ فَقَاتِلُوا اَوْلِيَاءَ الشَّيْطٰنِ ۚ اِنَّ كَيْدَ الشَّيْطٰنِ كَانَ ضَعِيفًا ﴿٧٧﴾ اَلَمْ

ত্বা-গূতি ফাক্বা-তিলূ~আওলিয়া—আশ্ শাইত্বা-ন, ইন্না কাইদাশ্ শাইত্বা-নি কা-না দ্বা'ঈফা-। ৭৭। আলাম্
হে মুমিনগণ! তোমরা শয়তানের বন্ধুদের বিরুদ্ধে যুদ্ধ কর। আর শয়তানের ষড়যন্ত্র খুবই দুর্বল। (৭৭) আপনি কি তাদেরকে

تَرَ اِلَى الَّذِينَ قِيلَ لَهُمْ كُفُّوا اَيْدِيَكُمْ وَاَقِيمُوا الصَّلٰوةَ وَاٰتُوا الزَّكٰوةَ ۚ

তারা ইলাল্ লাযীনা ক্বীলা লাহুম্ কুফ্‌ফূ~আইদিয়াকুম ওয়া আক্বীমুস্ব্ স্বালা-তা ওয়া আ-তুয্ যাকা-হ,
দেখেন নি! যাদেরকে বলা হয়েছিল, তোমরা তোমাদের হাতসমূহ সংযত কর এবং সালাত কায়েম কর এবং যাকাত প্রদান কর।

○ টীকা (আঃ ৭৪) ঃ অর্থাৎ জেহাদে মুসলমানদের পরাজয় ঘটলে মুনাফিকরা বলে, "আমাদের প্রতি আল্লাহর অনুগ্রহ হয়েছে, আমরা তাদের সঙ্গে ছিলাম না।" পক্ষান্তরে যদি মুসলমানগণ বিজয়ী হয়ে গনীমতের মাল প্রাপ্ত হন, তবে জেহাদে অংশ গ্রহণ না করার জন্য আক্ষেপ করে, এতে স্পষ্ট বুঝা যায় যে, তারা কেবল স্বার্থের জন্যই নিজেদেরকে মুসলমান বলে প্রকাশ করেছে। (বঃ কোঃ)
○ টীকা (আঃ ৭৪) ঃ মক্কায় এরূপ বহু মুসলমান রয়ে গেলেন, যারা দুর্বলতা ও অন্যান্য কারণে হিজরত করতে সক্ষম হন নি। কাফিররা তাদেরকে নানা প্রকারে যন্ত্রণা দিত, তারা মুক্তি পাবার জন্য আল্লাহর দরবারে প্রার্থনা করতেন। আল্লাহ তাদের দো'আ কবুল করলেন, ফলতঃ মক্কা বিজয়ের ফলে তারা সকলেই শান্তি ও সম্মান লাভ করলেন। এ আয়াতে তারই বর্ণনা রয়েছে। (বঃ কোঃ)

فَلَمَّا كُتِبَ عَلَيْهِمُ الْقِتَالُ اِذَا فَرِيقٌ مِنْهُمْ يَخْشَوْنَ النَّاسَ كَخَشْيَةِ اللّٰهِ

ফালাম্মা- কুতিবা 'আলাইহিমুল্ ক্বিতা-লু ইযা- ফারীকুম্ মিন্‌হুম্ ইয়াখ্‌শাওনান্ না-সা কাখাশ্‌ইয়াতিল্লা-হি
অনন্তর যখন তাদের প্রতি জেহাদ ফরয করা হল, তখন তাদের মধ্য হতে একদল, মানুষকে ভয় করতে লাগল, আল্লাহকে ভয় করার মত বরং তার

اَوْ اَشَدَّ خَشْيَةً ۚ وَقَالُوا رَبَّنَا لِمَ كَتَبْتَ عَلَيْنَا الْقِتَالَ ۚ لَوْلَا اَخَّرْتَنَا اِلٰى

আও আশাদ্দা খাশ্‌ইয়াহ, ওয়া ক্বা-লূ রাব্বানা- লিমা কাতাব্‌তা 'আলাইনাল ক্বিতা-ল, লাওলা~আখ্‌খার্ তানা~ইলা~
চেয়েও অধিক ভয়। আর তারা বলতে লাগল, হে আমাদের প্রতিপালক! তুমি আমাদের উপর কেন জেহাদ ফরয করে দিলে? কেন আমাদেরকে কিছু দিনের জন্য

اَجَلٍ قَرِيبٍ ؕ قُلْ مَتَاعُ الدُّنْيَا قَلِيلٌ ۚ وَالْاٰخِرَةُ خَيْرٌ لِمَنِ اتَّقٰى ۟ وَلَا

আজ্বালিন্ ক্বারীব ; কুল্ মাতা-'উদ্ দুন্ইয়া- ক্বালীল, ওয়াল্ আ-খিরাতু খাইরুল্ লিমানিত্তাক্বা-, ওয়া লা-
অবকাশ দিলে না? আপনি বলে দিন, দুনিয়ার ফায়েদা স্বল্পকালের জন্য আর পরকাল ঐ ব্যক্তির জন্য উত্তম যে পরহেযগার। তোমরা তিল

تُظْلَمُونَ فَتِيلًا ﴿٧٨﴾ اَيْنَ مَا تَكُونُوا يُدْرِكْكُمُ الْمَوْتُ وَلَوْ كُنْتُمْ فِي بُرُوجٍ

তুয্‌লামূনা ফাতীলা-। ৭৮। আইনা মা-তাকূনূ ইউদ্‌রিক্‌কুমুল্ মাওতু ওয়া লাও কুন্‌তুম্ ফী বুরূজ্বিম্
পরিমাণও অত্যাচারিত হবে না। (৭৮) তোমরা যেখানেই থাক না কেন মৃত্যু তোমাদের পেয়ে যাবেই। এমন কি তোমরা সুদৃঢ়

مُشَيَّدَةٍ ؕ وَاِنْ تُصِبْهُمْ حَسَنَةٌ يَقُولُوا هٰذِهِ مِنْ عِنْدِ اللّٰهِ ۚ وَاِنْ تُصِبْهُمْ

মুশাইয়্যাদাহ ; ওয়া ইন্ তুস্বিব্‌হুম্ হ্বাসানাতুঁই ইয়াক্বূলূ হা-যিহী মিন্ 'ইন্‌দিল্লা-হ, ওয়া ইন্ তুস্বিব্‌হুম
দুর্গের মধ্যেও থাক না কেন। আর যদি তাদের কোন কল্যাণ ঘটে তখন তারা বলে, এটা আল্লাহর পক্ষ থেকে হয়েছে। আর কোন অকল্যাণ ঘটলে তখন

سَيِّئَةٌ يَقُولُوا هٰذِهِ مِنْ عِنْدِكَ ؕ قُلْ كُلٌّ مِنْ عِنْدِ اللّٰهِ ؕ فَمَالِ هٰؤُلَاءِ

সাইয়্যিআতুঁই ইয়াক্বূলূ হা-যিহী মিন্ 'ইন্‌দিক ; কুল্ কুল্লুম্ মিন 'ইন্‌দিল্লা-হ ; ফামা-লি হা~উলা—ইল্
তারা বলে, এটা আপনার নিকট থেকে হয়েছে। আপনি বলে দিন, সবই আল্লাহর পক্ষ হতে হয়ে থাকে। এ সম্প্রদায়ের কি হল যে,

الْقَوْمِ لَا يَكَادُونَ يَفْقَهُونَ حَدِيثًا ﴿٧٩﴾ مَا اَصَابَكَ مِنْ حَسَنَةٍ فَمِنَ اللّٰهِ ۫ وَمَا

ক্বাওমি লা-ইয়াকা-দূনা ইয়াফ্‌ক্বাহূনা হ্বাদীছা-। ৭৯। মা~আস্বা-বাকা মিন হ্বাসানাতিন্ ফামিনাল্লা-হ; ওয়ামা~
এরা কোন কথা বোঝার কাছেও যায় না। (৭৯) যে কল্যাণ আপনার উপর পৌঁছে তা হয় আল্লাহর পক্ষ থেকে। আর আপনার

اَصَابَكَ مِنْ سَيِّئَةٍ فَمِنْ نَفْسِكَ ؕ وَاَرْسَلْنٰكَ لِلنَّاسِ رَسُولًا ؕ وَكَفٰى بِاللّٰهِ

আস্বা-বাকা মিন্ সাইয়্যিআতিন্ ফামিন্ নাফ্‌সিক; ওয়া আরসাল্‌না-কা লিন্না-সি রাসূলা ; ওয়া কাফা- বিল্লা-হি
উপর যে অকল্যাণ পৌঁছে তা হয় আপনার নিজের কারণে। আমি আপনাকে মানুষের জন্য রাসূলরূপে প্রেরণ করেছি এবং আল্লাহই সাক্ষী হিসেবে

○ টীকা (আঃ ৭৮) ঃ কেননা, কেউ কুফরীমূলক বিরোধিতা করলে পারলৌকিক ভোগ-বিলাস তো তার ভাগ্যে বিন্দু মাত্রও হবে না। পক্ষান্তরে, ঈমানদার ব্যক্তি পাপাচারী হলে মাত্র উচ্চস্তরের ভোগ-বিলাস হতে বঞ্চিত হবে। (বঃ কোঃ)
○ টীকা (আঃ ৭৯) ঃ মুনাফিকরা হুযূর (সা)-এর কোন কৃতীত্ব স্বীকার করত না। হুযূর (সা)-এর পরিচালনার ফলে যুদ্ধে জয়লাভ এবং গনীমতের মাল হস্তগত হলে তারা বলত, এটা আল্লাহর তরফ হতে হয়েছে। আর পরাজয় হলে বলত, হুযূর (সা)-এর ত্রুটিপূর্ণ পরিচালনার জন্য হয়েছে। আল্লাহ বলেন, জয় পরাজয় সবই আল্লাহর পক্ষ হতে হয়ে থাকে। পয়গম্বর আল্লাহর তরফ হতে ইঙ্গিত পেয়ে তদবীর করেন। কাজেই, এতে কোন ভুল হয় না। পরাজয়কে পরাজয় মনে করো না। তা তোমাদের কর্মফল। আলোচ্য আয়াতে এটাই বলা হয়েছে। (মুঃ কোঃ)

شَهِيدًا ۝٧٩ مَنْ يُطِعِ الرَّسُولَ فَقَدْ أَطَاعَ اللَّهَ ۖ وَمَنْ تَوَلَّىٰ فَمَا أَرْسَلْنَاكَ عَلَيْهِمْ

শাহীদা-। ৮০। মাই ইউত্বি'ইর্ রাসূলা ফাক্বাদ্ আত্বা-'আল্লা-হ, ওয়া মান্ তাওয়াল্‌লা- ফামা~আরসাল্‌না-কা 'আলাইহিম্
যথেষ্ট। (৮০) যে কেউ রাসূলের আনুগত্য করল সে তো আল্লাহরই আনুগত্য করল। আর যে মুখ ফিরিয়ে নেয়, তবে আমি তো তার উপর আপনাকে রক্ষক হিসেবে

حَفِيظًا ۝٨٠ وَيَقُولُونَ طَاعَةٌ فَإِذَا بَرَزُوا مِنْ عِنْدِكَ بَيَّتَ طَائِفَةٌ مِنْهُمْ

হ্বাফীযা-। ৮১। ওয়া ইয়াক্বূল্‌না ত্বা'আতুন্ ফাইযা- বারাযূ মিন্ 'ইন্‌দিকা বাইয়্যাতা ত্বা—ইফাতুম্ মিন্‌হুম্
প্রেরণ করিনি। (৮১) তারা বলে, আমরা আপনার অনুগত। অনন্তর যখন তারা আপনার নিকট থেকে বের হয়ে যায়, তখন রাতের বেলা তাদের একদল পরামর্শ করে,

غَيْرَ الَّذِي تَقُولُ ۖ وَاللَّهُ يَكْتُبُ مَا يُبَيِّتُونَ ۖ فَأَعْرِضْ عَنْهُمْ وَتَوَكَّلْ

গাইরাল্‌লাযী তাক্বূল ; ওয়াল্লা-হু ইয়াক্‌তুবু মা-ইউবায়্যিতুন, ফাআ'রিদ্ব্ 'আন্‌হুম্ ওয়া তাওয়াক্‌কাল্
যা আপনার সাথে বলেছিল তার বিপরীতে। তারা রাতে যা পরামর্শ করে, আল্লাহ তা লিখে রাখেন। অতএব আপনি তাদের থেকে দূরে থাকুন এবং

عَلَى اللَّهِ ۚ وَكَفَىٰ بِاللَّهِ وَكِيلًا ۝٨١ أَفَلَا يَتَدَبَّرُونَ الْقُرْآنَ ۚ وَلَوْ كَانَ مِنْ

'আলাল্লা-হ ; ওয়া কাফা- বিল্লা-হি ওয়াকীলা-। ৮২। আফালা- ইয়াতাদাব্বারূনাল্ কুরআ-ন ; ওয়া লাও কা-না মিন্
আল্লাহর প্রতি ভরসা করুন। আল্লাহই ব্যবস্থাপক হিসেবে যথেষ্ট। (৮২) তবে কি তারা কুরআন সম্বন্ধে চিন্তা-ভাবনা করে না? যদি এটা আল্লাহ ছাড়া অন্য

عِنْدِ غَيْرِ اللَّهِ لَوَجَدُوا فِيهِ اخْتِلَافًا كَثِيرًا ۝٨٢ وَإِذَا جَاءَهُمْ أَمْرٌ مِنَ الْأَمْنِ

ইন্‌দি গাইরিল্লা-হি লাওয়াজাদূ ফীহিখ্ তিলা-ফান্ কাছীরা-। ৮৩। ওয়া ইযা- জ্বা—আহুম্ আম্‌রুম্ মিনাল্ আম্‌নি
কারো হত, তবে অবশ্যই এর মধ্যে তারা বহু পার্থক্য পেতে। (৮৩) যখন শান্তি বা ভয়ের কোন বিষয় তাদের কাছে আসে, তখন

أَوِ الْخَوْفِ أَذَاعُوا بِهِ ۖ وَلَوْ رَدُّوهُ إِلَى الرَّسُولِ وَإِلَىٰ أُولِي الْأَمْرِ مِنْهُمْ

আওয়িল খাওফি আযা-'উ বিহ্ ; ওয়ালাও রাদ্দূহু ইলার্ রাসূলি ওয়া ইলা~উলিল্‌আম্‌রি মিন্‌হুম্
তারা তা প্রচার করে দেয়। আর যদি তারা সেটা রাসূলের বা তাদের মধ্যে যারা সর্দার তাদের কাছে নিয়ে আসত, তবে তাদের

لَعَلِمَهُ الَّذِينَ يَسْتَنْبِطُونَهُ مِنْهُمْ ۗ وَلَوْلَا فَضْلُ اللَّهِ عَلَيْكُمْ وَرَحْمَتُهُ لَاتَّبَعْتُمُ

লা'আলিমাহুল্ লাযীনা ইয়াস্‌তাম্‌বিত্বূনাহূ মিন্‌হুম্ ; ওয়া লাওলা- ফাদ্বলুল্লা-হি 'আলাইকুম্ ওয়া রাহ্বমাতুহূ লাত্তাবা'তুমুশ্
মধ্যে যারা তথ্য অনুসন্ধান করে তারা সত্যতা যাচাই করতে পারত। যদি তোমাদের প্রতি আল্লাহর অনুগ্রহ ও রহমত না থাকত, তবে স্বল্পসংখ্যক লোক ছাড়া তোমরা

الشَّيْطَانَ إِلَّا قَلِيلًا ۝٨٣ فَقَاتِلْ فِي سَبِيلِ اللَّهِ لَا تُكَلَّفُ إِلَّا نَفْسَكَ

শাইত্বা-না ইল্লা- ক্বালীলা-। ৮৪। ফাক্বা-তিল্ ফী সাবীলিল্লা-হ, লা-তুকাল্‌লাফু ইল্‌লা- নাফ্‌সাকা
সকলে শয়তানের অনুসরণ করতে। (৮৪) অতএব আপনি আল্লাহর পথে যুদ্ধ করুন, আপনাকে শুধু আপনার নিজের ব্যাপারেই

○ টীকা (আঃ ৮১) ঃ এ আয়াতে মুনাফিকদের আচরণের কথা বলা হয়েছে। বস্তুতঃ কপটাচারীদের কথা ও কাজের কোন ঠিক-ঠিকানা নেই। তারা নিজেদের সুবিধা ও সুযোগ বুঝে কাজ করে থাকে। যখনই কোন স্বার্থ রক্ষার জন্য ছলনা বা মিথ্যার আশ্রয় নেয়া দরকার বলে তারা মনে করে, তখনই তারা মিথ্যার আশ্রয়ে আত্মসমর্পণ করে বসে। এই কপটতা তাদেরকে অন্যান্য পাপ কার্যের প্রতিও অনুপ্রাণিত করে। ফলে ছোট হোক বড় হোক, এমন কোন অসৎ কাজ বা আচরণ হতে তারা বিরত থাকে না, যা দ্বারা স্বার্থ রক্ষা করা যায়। এই মুনাফিকদের নমুনা 'কচ্ছপ'-এর মধ্যে দেখতে পাওয়া যায়। যখন সুযোগ হয়, তখনই এটা মাথার বের করে সদম্ভে চলতে থাকে। আবার বিপদ দেখলে মাথা ভেতরে লুকিয়ে ফেলে।

وَحَرِّضِ الْمُؤْمِنِينَ ۖ عَسَى اللَّهُ أَنْ يَكُفَّ بَأْسَ الَّذِينَ كَفَرُوا ۚ وَاللَّهُ

ওয়া হ্বাররিদ্বিল্ মু'মিনীন, 'আসাল্লা-হু আইঁইয়াকুফ্‌ফা বা'সাল্ লাযীনা কাফারূ ; ওয়াল্লা-হু
দায়ী করা হবে। আর মুমিনগণকে উদ্বুদ্ধ করুন। শীঘ্রই আল্লাহ রহিত করে দিবেন কাফিরদের শক্তি। আর আল্লাহ

أَشَدُّ بَأْسًا وَأَشَدُّ تَنْكِيلًا ۝٨٤ مَنْ يَشْفَعْ شَفَاعَةً حَسَنَةً يَكُنْ لَهُ نَصِيبٌ مِنْهَا ۖ

আশাদ্দু বা'সাওঁ ওয়া আশাদ্দু তান্‌কীলা-। ৮৫। মাইঁ ইয়াশ্‌ফা' শাফা-'আতান্ হ্বাসানাতাইঁ ইয়াকুল্ লাহূ নাস্বীবুম মিন্‌হা-,
শক্তিতে সুদৃঢ় ও শাস্তিদানে কঠোর। (৮৫) কেউ ভাল কাজের সুপারিশ করলে সেও তার থেকে একটি অংশ পাবে।

وَمَنْ يَشْفَعْ شَفَاعَةً سَيِّئَةً يَكُنْ لَهُ كِفْلٌ مِنْهَا ۗ وَكَانَ اللَّهُ عَلَىٰ

ওয়া মাইঁ ইয়াশ্‌ফা' শাফা-'আতান্ সাইয়্যিইঁআতাঁই ইয়াকুল্ লাহূ কিফ্‌লুম্ মিন্‌হা-; ওয়া কা-নাল্লা-হু 'আলা-
এবং কেউ কোন মন্দ কাজের সুপারিশ করলে তা থেকেও তার জন্য একটি অংশ থাকবে। আল্লাহ সর্ব বিষয়ে শক্তি

كُلِّ شَيْءٍ مُقِيتًا ۝٨٥ وَإِذَا حُيِّيتُمْ بِتَحِيَّةٍ فَحَيُّوا بِأَحْسَنَ مِنْهَا أَوْ رُدُّوهَا ۗ إِنَّ اللَّهَ

কুল্লি শাইইম্ মুক্বীতা-। ৮৬। ওয়া ইযা- হুইয়ীতুম্ বিতাহ্বিইয়্যাতিন্ ফাহ্বাইয়্যু বিআহ্‌সানা মিন্‌হা~আও রুদ্দূহা-; ইন্নাল্লা-হা
রাখেন। (৮৬) আর যখন তোমাদেরকে কেউ সালাম করে, তখন তোমরা তার চেয়েও উত্তম (শব্দ দ্বারা) সালাম কর। অথবা অনুরূপ (শব্দই) উত্তরে বলবে।

كَانَ عَلَىٰ كُلِّ شَيْءٍ حَسِيبًا ۝٨٦ اللَّهُ لَا إِلَٰهَ إِلَّا هُوَ ۚ لَيَجْمَعَنَّكُمْ إِلَىٰ يَوْمِ الْقِيَامَةِ

কা-না 'আলা- কুল্লি শাইইন হ্বাসীবা-। ৮৭। আল্লা-হু লা~ইলা-হা ইল্লা- হুওয়া ; লাইয়াজ্‌মা'আন্নাকুম ইলা- ইয়াওমিল্ ক্বিয়া-মাতি
আল্লাহ সর্ব বিষয়ে হিসাব গ্রহণকারী। (৮৭) আল্লাহ এমন যে, তিনি ছাড়া কোন মা'বূদ নেই। নিশ্চয় তিনি কিয়ামতের দিন তোমাদেরকে সমবেত করবেন।

لَا رَيْبَ فِيهِ ۗ وَمَنْ أَصْدَقُ مِنَ اللَّهِ حَدِيثًا ۝٨٧ فَمَا لَكُمْ فِي الْمُنَافِقِينَ فِئَتَيْنِ

লা-রাইবা ফীহ ; ওয়া মান্ আস্বদাক্বু মিনাল্লা-হি হ্বাদীছা-। ৮৮। ফামা- লাকুম্ ফিল্ মুনা-ফিক্বীনা ফিআতাইনি
এতে কোন সন্দেহ নেই। আল্লাহ ছাড়া আর কে অধিক সত্যবাদী? (৮৮) তোমাদের কি হয়েছে যে, তোমরা মুনাফিকদের ব্যাপারে দু' দল হয়ে গেলে?

وَاللَّهُ أَرْكَسَهُمْ بِمَا كَسَبُوا ۚ أَتُرِيدُونَ أَنْ تَهْدُوا مَنْ أَضَلَّ اللَّهُ ۖ

ওয়াল্লা-হু আর্‌কাসাহুম বিমা- কাসাবূ ; আতুরীদূনা আন্ তাহ্‌দূ মান্ আদ্বাল্লাল্লা-হ ;
অথচ আল্লাহ তাদেরকে পূর্বাবস্থায় ফিরিয়ে দিয়েছেন তাদের কৃতকর্মের কারণে। আল্লাহ যাকে পথভ্রষ্ট করেছেন তোমরা কি তাদেরকে পথ প্রদর্শন করতে চাও?

وَمَنْ يُضْلِلِ اللَّهُ فَلَنْ تَجِدَ لَهُ سَبِيلًا ۝٨٨ وَدُّوا لَوْ تَكْفُرُونَ كَمَا كَفَرُوا

ওয়া মাইঁ ইউদ্বলিলিল্লা-হু ফালান্ তাজ্বিদা লাহূ সাবীলা-। ৮৯। ওয়াদ্দূ লাও তাক্‌ফুরূনা কামা- কাফারূ
আল্লাহ যাকে পথভ্রষ্ট করেন, তুমি কখনই তার জন্য পথ পাবে না। (৮৯) তারা আন্তরিকভাবে কামনা করে যে, তোমরাও সেরূপ কুফরী কর যেরূপ তারা কুফরী করেছে।

○ শানে নুযূল (আঃ ৮৮) ঃ কতিপয় কাফের মক্কা হতে মদীনায় এসে বলল যে, আমরা মুসলিম মুহাজির। অতঃপর বাণিজ্যের ভান করে মক্কায় ফিরে যায়, পুনঃ আর প্রত্যাবর্তন করে না। মুসলমানদের কেউ তাদেরকে কাফির বলল, আর কেউ মু'মিন বলল। এ আয়াতে তাদেরকে কাফির আখ্যা দিয়ে হত্যার আদেশ হয়েছে। (বঃ কোঃ) ○ শানে নুযূল (আঃ ৮৯) ঃ সুরাকা ইবনে মালেক মুদ্‌লেজী বদর ওহুদের ঘটনার পর হুযূর (সা)-এর খেদমতে এসে বলল, আমাদের সাথে সন্ধি করুন। হুযূর (সা) সন্ধির উদ্দেশ্যে হযরত খালেদকে তথায় প্রেরণ করলেন। এই শর্তে সন্ধি হল যে, "তারা মুসলমানদের প্রতিপক্ষের সাহায্য করবে না। কুরাইশ কাফিররা ইসলাম গ্রহণ করলে তারাও ইসলাম গ্রহণ করবে। তাদের সম্মিলিত সমস্ত সম্প্রদায় তাদের এই চুক্তিতে শরীক থাকবে। এ সম্বন্ধে উক্ত আয়াতটি নাযিল হয়। (বাঃ কোঃ)

فَتَكُونُونَ سَوَاءً فَلَا تَتَّخِذُوا مِنْهُمْ أَوْلِيَاءَ حَتَّى يُهَاجِرُوا فِي سَبِيلِ اللهِ ط

ফাতাকূনূনা সাওয়া—আন্ ফালা- তাত্তাখিযূ মিন্‌হুম্ আওলিয়া—আ হাত্তা- ইউহা-জিরূ ফী সাবীলিল্লা-হ ;
যাতে তোমরাও তারা এক সমান হয়ে যাও। সুতরাং তোমরা তাদের মধ্য হতে কাউকে বন্ধু হিসেবে গ্রহণ কর না, যতক্ষণ না তারা আল্লাহর রাস্তায় হিজরত

فَإِنْ تَوَلَّوْا فَخُذُوهُمْ وَاقْتُلُوهُمْ حَيْثُ وَجَدْتُمُوهُمْ ص وَلَا تَتَّخِذُوا

ফাইন্ তাওয়াল্‌লাও ফাখুযূহুম ওয়াক্বতুলূহুম হাইছু ওয়াজাদ্‌তুমূহুম, ওয়া লা- তাত্তাখিযূ
করে। যদি তারা মুখ ফিরিয়ে নেয়, তবে তাদেরকে পাকড়াও কর এবং হত্যা কর, যেখানেই পাবে এবং তাদের কাউকেও বন্ধু ও সাহায্যকারী

مِنْهُمْ وَلِيًّا وَلَا نَصِيرًا (৯০) إِلَّا الَّذِينَ يَصِلُونَ إِلَى قَوْمٍ بَيْنَكُمْ وَبَيْنَهُمْ

মিন্‌হুম্ ওয়ালিয়্যাওঁ ওয়া লা-নাস্বীরা- । ৯০ । ইল্‌লাল্ লাযীনা ইয়াস্বিলূনা ইলা- ক্বাওমিম্ বাইনাকুম্ ওয়া বাইনাহুম্
হিসেবে গ্রহণ কর না। (৯০) তবে তারা ব্যতীত, যারা এমন এক কওমের সাথে মিশে, যাদের সাথে তোমরা চুক্তিবদ্ধ অথবা যারা তোমাদের কাছে এভাবে

مِيثَاقٌ أَوْ جَاءُوكُمْ حَصِرَتْ صُدُورُهُمْ أَنْ يُقَاتِلُوكُمْ أَوْ يُقَاتِلُوا

মীছা-ক্বুন্ আও জ্বা—উকুম্ হাস্বিরাত্ স্বদূরুহুম্ আইঁ ইউক্বা-তিলূকুম, আও ইউক্বাতিলূ
আসে যে, যাদের অন্তর তোমাদের সাথে যুদ্ধ করতে অথবা স্বীয় কওমের সাথে যুদ্ধ করতে সংকোচ বোধ করে। যদি আল্লাহ ইচ্ছা করতেন, তবে তোমাদের

قَوْمَهُمْ ط وَلَوْ شَاءَ اللهُ لَسَلَّطَهُمْ عَلَيْكُمْ فَلَقَاتَلُوكُمْ ج فَإِنِ اعْتَزَلُوكُمْ

ক্বাওমাহুম ; ওয়া লাও শা—আল্লা-হু লা সাল্‌লাত্বাহুম্ 'আলাইকুম্ ফালাক্বা-তালূকুম, ফাইনি'তাযালূকুম্
উপর তাদেরকে শক্তিশালী করে দিতেন। অনন্তর তারা অবশ্যই তোমাদের সাথে যুদ্ধ করত। অতএব, তারা যদি তোমাদের থেকে সরে থাকে, তোমাদের

فَلَمْ يُقَاتِلُوكُمْ وَأَلْقَوْا إِلَيْكُمُ السَّلَمَ لا فَمَا جَعَلَ اللهُ لَكُمْ عَلَيْهِمْ سَبِيلًا ٥

ফালাম্ ইউক্বা-তিলূকুম ওয়া আল্‌ক্বাও ইলাইকুমুস্ সালামা ফামা- জ্বা'আলাল্লা-হু লাকুম্ 'আলাইহিম সাবীলা- ।
সাথে যুদ্ধ না করে এবং তোমাদের কাছে সন্ধির প্রস্তাব প্রেরণ করে, তবে আল্লাহ তোমাদেরকে তাদের বিপক্ষে কোন ব্যবস্থা নেয়ার পথ (অনুমতি) দেননি

(৯১) سَتَجِدُونَ آخَرِينَ يُرِيدُونَ أَنْ يَأْمَنُوكُمْ وَيَأْمَنُوا قَوْمَهُمْ ط

৯১। সাতাজ্বিদূনা আ-খারীনা ইউরীদূনা আইঁ ইয়া'মানূকুম্ ওয়া ইয়া'মানূ ক্বাওমাহুম ;
(৯১) নিশ্চয় তোমরা এমন কতক লোক পাবে, যারা তোমাদের কাছে এবং স্বীয় কওমের কাছে নিরাপদে থাকতে ইচ্ছা করে।

كُلَّمَا رُدُّوا إِلَى الْفِتْنَةِ أُرْكِسُوا فِيهَا ج فَإِنْ لَمْ يَعْتَزِلُوكُمْ وَيُلْقُوا

কুল্লামা- রুদ্দূ~ইলাল্ ফিত্‌নাতি উর্‌কিসূ ফীহা-, ফাইল্‌লাম্ ইয়া'তাযিলূকুম্ ওয়া ইউল্‌কূ~
যখনই তাদেরকে ফিতনার দিকে মনোনিবেশ করানো হয়, তখনই তারা তাতে জড়িয়ে পড়ে। সুতরাং তারা যদি তোমাদের থেকে সরে না যায় এবং তোমাদের

○ টীকা (আঃ ৯১) ঃ অর্থাৎ, বাহ্যিক মেলা-মেশার দরুন তাদেরকে যুদ্ধক্ষেত্রে রেহাই দিও না। কিন্তু দু'অবস্থায় ঃ (ক) তোমাদের সাথে সন্ধি ভুক্ত লোকদের সাথে যাদের চুক্তি রয়েছে। (খ) যুদ্ধে অপরাগ হয়ে যারা তোমাদের সাথে এই শর্তে সন্ধি করেছে যে, না নিজ সম্প্রদায়ের পক্ষে তোমাদের সাথে সংগ্রাম করবে; না তোমাদের পক্ষে নিজ সম্প্রদায়ের বিরুদ্ধে যুদ্ধ করবে। যদি তারা উভয় শর্ত রক্ষা করে, তবে তা খোদার অনুগ্রহ মনে করবে। ✪ টীকা (আঃ ৯১) ঃ অর্থাৎ, যারা তোমাদের সঙ্গে যুদ্ধ না করার চুক্তিতে আবদ্ধ হয়েছে, অতঃপর যদি তারা চুক্তি ভঙ্গ করে নিজ সম্প্রদায়ের পক্ষ অবলম্বন করে, তবে তাদেরকে বিনা দ্বিধায় হত্যা কর। কেননা, তারা সন্ধির শর্ত ভঙ্গ করেছে।

সানু'তীহিম আজ্‌রান 'আযীমা- । ১৬৩। ইন্না~ আওহাইনা~ইলাইকা কামা~আওহাইনা~ ইলা- নূহিঁও ওয়ান্নাবিইয়্যীনা
মহা প্রতিদান। (১৬৩) নিশ্চয় আমি আপনার প্রতি ওহী অবতীর্ণ করেছি। যেমনিভাবে অবতীর্ণ করেছিলাম নূহের উপর এবং তাঁর

২২ ৫০ ২ রুকূ

مِنْ بَعْدِهِ ۚ وَأَوْحَيْنَا إِلَىٰ إِبْرَاهِيمَ وَإِسْمَاعِيلَ وَإِسْحَاقَ وَيَعْقُوبَ

মিম্ বা'দিহ, ওয়া আওহাইনা~ইলা~ইব্‌রা-হীমা ওয়া ইস্‌মা-'ঈলা ওয়া ইস্‌হা-ক্বা ওয়া ইয়া'ক্বূবা
পরবর্তী নবীগণের উপর। আর ওহী অবতীর্ণ করেছিলাম ইব্রাহীম, ঈসমাঈল, ইসহাক এবং ইয়াকুব ও

وَالْأَسْبَاطِ وَعِيسَىٰ وَأَيُّوبَ وَيُونُسَ وَهَارُونَ وَسُلَيْمَانَ ۚ وَآتَيْنَا دَاوُودَ زَبُورًا

ওয়াল আস্‌বা-ত্বি ওয়া 'ঈসা- ওয়া আইয়্যূবা ওয়া ইউনুসা ওয়া হা-রূনা ওয়া সুলাইমা-ন, ওয়া আ-তাইনা- দা-ঊদা যাবূরা-।
তাঁর বংশধর ঈসা, আইয়্যুব, ইউনুস, হারুন, সুলাইমানের উপর এবং আমি দাউদকে যাবুর প্রদান করেছিলাম।

وَرُسُلًا قَدْ قَصَصْنَاهُمْ عَلَيْكَ مِنْ قَبْلُ وَرُسُلًا لَمْ نَقْصُصْهُمْ عَلَيْكَ ۚ

১৬৪। ওয়া রুসুলান্ ক্বাদ্ ক্বাস্বাস্বনা-হুম 'আলাইকা মিন্ ক্বাবলু ওয়া রুসুলাল্ লাম নাক্বস্বুস্বহুম 'আলাইক ;
(১৬৪) এবং আমি বহু রাসূল প্রেরণ করেছিলাম, যাদের কথা পূর্বে আপনাকে আমি বর্ণনা করেছি এবং বহু রাসূলের কথা আপনাকে আমি বর্ণনা করি নি

وَكَلَّمَ اللَّهُ مُوسَىٰ تَكْلِيمًا ﴿١٦٤﴾ رُسُلًا مُبَشِّرِينَ وَمُنْذِرِينَ لِئَلَّا يَكُونَ لِلنَّاسِ

ওয়া কাল্লামাল্লা-হু মূসা- তাক্‌লীমা-। ১৬৫। রুসুলাম্ মুবাশ্‌শিরীনা ওয়া মুনযিরীনা লিআল্লা- ইয়াকূনা লিন্না-সি
এবং আল্লাহ মূসার সাথে স্পষ্টভাবে কথা বলেছেন। (১৬৫) আমি তাদেরকে সুসংবাদবাহী ও ভীতি প্রদর্শনকারী রাসূল হিসেবে প্রেরণ করেছি; যাতে রাসূল আগমনের

عَلَى اللَّهِ حُجَّةٌ بَعْدَ الرُّسُلِ ۚ وَكَانَ اللَّهُ عَزِيزًا حَكِيمًا ﴿١٦٥﴾ لَٰكِنِ اللَّهُ يَشْهَدُ

'আলাল্লা-হি হুজ্জাতুম্ বা'দার্ রুসুল ; ওয়া কা-নাল্লা-হু 'আযীযান হাকীমা-। ১৬৬। লা-কিনিল্লা-হু ইয়াশ্‌হাদু
পর আল্লাহর সম্মুখে মানুষের কোন অভিযোগ পেশ করার সুযোগ না থাকে। আল্লাহ পরাক্রমশালী, প্রজ্ঞাময়। (১৬৬) কিন্তু আল্লাহ আপনার প্রতি যা অবতীর্ণ করেছেন

بِمَا أَنْزَلَ إِلَيْكَ ۖ أَنْزَلَهُ بِعِلْمِهِ ۖ وَالْمَلَائِكَةُ يَشْهَدُونَ ۚ وَكَفَىٰ بِاللَّهِ شَهِيدًا

বিমা~আন্‌যালা ইলাইকা আন্‌যালাহূ বি'ইলমিহ, ওয়াল মালা—ইকাতু ইয়াশ্‌হাদূন ; ওয়া কাফা- বিল্লা-হি শাহীদা-।
সে ব্যাপারে তিনি সাক্ষ্য দিচ্ছেন যে, তিনি তা অবতীর্ণ করেছেন স্বীয় জ্ঞানের দ্বারা। আর ফিরিশতাগণও সাক্ষ্য দিচ্ছেন। আর সাক্ষী হিসেবে আল্লাহই যথেষ্ট।

إِنَّ الَّذِينَ كَفَرُوا وَصَدُّوا عَنْ سَبِيلِ اللَّهِ قَدْ ضَلُّوا ضَلَالًا بَعِيدًا

১৬৭। ইন্নাল্ লাযীনা কাফারূ ওয়া স্বাদ্দূ 'আন্ সাবীলিল্লা-হি ক্বাদ্ দ্বাল্লূ দ্বালা-লাম্ বা'ঈদা-।
(১৬৭) নিশ্চয় যারা কুফরী করে এবং আল্লাহর রাস্তায় বাধা সৃষ্টি করে, তারা ভীষণ গোমরাহীতে নিপতিত হয়েছে।

إِنَّ الَّذِينَ كَفَرُوا وَظَلَمُوا لَمْ يَكُنِ اللَّهُ لِيَغْفِرَ لَهُمْ وَلَا لِيَهْدِيَهُمْ طَرِيقًا

১৬৮। ইন্নাল্ লাযীনা কাফারূ ওয়া যালামূ লাম ইয়াকুনিল্লা-হু লিইয়াগফিরা লাহুম ওয়ালা- লিইয়াহ্ দিইয়াহুম ত্বারীক্বা-।
(১৬৮) নিশ্চয় যারা কুফরী করেছে এবং জুলুম করেছে, আল্লাহ তাদেরকে কখনও ক্ষমা করবেন না এবং তাদেরকে কোন পথ প্রদর্শন করবেন না।

إِلَّا طَرِيقَ جَهَنَّمَ خَالِدِينَ فِيهَا أَبَدًا ۚ وَكَانَ ذَٰلِكَ عَلَى اللَّهِ يَسِيرًا ﴿١٦٩﴾ يَا أَيُّهَا

১৬৯। ইল্লা- ত্বারীক্বা জাহান্নামা খা-লিদীনা ফীহা~আবাদা- ; ওয়া কা-না যা-লিকা 'আলাল্লা-হি ইয়াসীরা-। ১৭০। ইয়া~আইয়্যুহান
(১৬৯) জাহান্নামের পথ ছাড়া। তারা সেখানে অনন্তকাল থাকবে। আর এটা আল্লাহর জন্য খুবই সহজ। (১৭০) হে মানব জাতি! তোমাদের কাছে তোমাদের

النَّاسُ قَدْ جَاءَكُمُ الرَّسُولُ بِالْحَقِّ مِنْ رَبِّكُمْ فَآمِنُوا خَيْرًا لَكُمْ ۚ وَإِنْ

না-সু ক্বাদ্ জা—আকুমুর্ রাসূলু বিল্ হাক্বক্বি মির্ রাব্বিকুম ফাআ-মিনূ খাইরাল্লাকুম ; ওয়া ইন্
প্রতিপালকের পক্ষ থেকে সত্য (পয়গাম) সহ রাসূল এসেছেন। সুতরাং তোমরা ঈমান আন। তোমাদের কল্যাণ কর হবে; আর যদি

تَكْفُرُوا فَإِنَّ لِلَّهِ مَا فِي السَّمَاوَاتِ وَالْأَرْضِ ۚ وَكَانَ اللَّهُ عَلِيمًا حَكِيمًا ﴿١٧٠﴾ يَا أَهْلَ

তাক্‌ফুরূ ফাইন্না লিল্লা-হি মা-ফিস্ সামা-ওয়া-তি ওয়াল্ আরদ্ব ; ওয়া কা-নাল্লা-হু 'আলীমান হাকীমা-। ১৭১। ইয়া~আহ্‌লাল
তোমরা অমান্য কর (তবে জেনে রেখ) আসমান ও যমীনে যা কিছু আছে, সবই আল্লাহর (মালিকত্বে) আর আল্লাহ মহাজ্ঞানী, প্রজ্ঞাময়। (১৭১) হে আহলে

الْكِتَابِ لَا تَغْلُوا فِي دِينِكُمْ وَلَا تَقُولُوا عَلَى اللَّهِ إِلَّا الْحَقَّ ۚ إِنَّمَا الْمَسِيحُ

কিতা-বি লা- তাগ্‌লূ ফী দীনিকুম ওয়ালা- তাক্বূলূ 'আলাল্লা-হি ইল্লাল হাক্বক্ব ; ইন্নামাল মাসীহু
কিতাব! তোমরা দ্বীনের ব্যাপারে বাড়াবাড়ি কর না এবং সত্য ছাড়া আল্লাহ সম্পর্কে কোন ভ্রান্ত কথা বল না। মসীহ ঈসা

عِيسَى ابْنُ مَرْيَمَ رَسُولُ اللَّهِ وَكَلِمَتُهُ أَلْقَاهَا إِلَىٰ مَرْيَمَ وَرُوحٌ مِنْهُ

'ঈসাব্‌নু মারইয়ামা রাসূলুল্লা-হি ওয়া কালিমাতুহ, আলক্বা-হা~ইলা- মারইয়ামা ওয়া রূহুম্ মিন্‌হ,
ইবনে মারইয়াম, নিশ্চয় আল্লাহর রাসূল এবং তাঁর বাণী, যা তিনি মারইয়ামের কাছে প্রেরণ করেছিলেন, এবং তাঁরই তরফ থেকেই একটি রূহ (আত্মা)। সুতরাং তোমরা

فَآمِنُوا بِاللَّهِ وَرُسُلِهِ ۖ وَلَا تَقُولُوا ثَلَاثَةٌ ۚ انْتَهُوا خَيْرًا لَكُمْ ۚ إِنَّمَا اللَّهُ إِلَٰهٌ

ফাআ-মিনূ বিল্লা-হি ওয়া রুসুলিহ, ওয়ালা- তাক্বূলূ ছালা-ছাহ ; ইন্‌তাহূ খাইরাল্ লাকুম ; ইন্নামাল্লা-হু ইলা-হুওঁ
ঈমান আন আল্লাহ ও তাঁর রাসূলগণের প্রতি এবং একথা বল না যে, (আল্লাহ) তিনের এক। (এর থেকে) বিরত হও, এটা তোমাদের জন্য কল্যাণকর হবে, প্রকৃত পক্ষে

وَاحِدٌ ۖ سُبْحَانَهُ أَنْ يَكُونَ لَهُ وَلَدٌ ۘ لَهُ مَا فِي السَّمَاوَاتِ وَمَا فِي الْأَرْضِ ۗ

ওয়া-হিদ ; সুব্‌হা-নাহূ~আইঁ ইয়াকূনা লাহূ ওয়ালাদ। লাহূ মা-ফিস্ সামা-ওয়া-তি ওয়া মা- ফিল আরদ্ব ;
আল্লাহই তো একমাত্র মা'বূদ। তিনি সন্তান হওয়া থেকে পূতঃ পবিত্র। আসমান ও যমীনে যা কিছু আছে সবই আল্লাহর।

وَكَفَىٰ بِاللَّهِ وَكِيلًا ﴿١٧١﴾ لَنْ يَسْتَنْكِفَ الْمَسِيحُ أَنْ يَكُونَ عَبْدًا لِلَّهِ وَلَا الْمَلَائِكَةُ

ওয়া কাফা- বিল্লা-হি ওয়াকীলা-। ১৭২। লাঁই ইয়াস্ তানকিফাল মাসীহু আইঁ ইয়াকূনা 'আব্দাল লিল্লা-হি ওয়ালাল মালা—ইকাতুল
আল্লাহই ব্যবস্থাপক হিসেবে যথেষ্ট। (১৭২) কখনও সংকোচবোধ করেন না মসীহ, আল্লাহর বান্দা হওয়াকে এবং তাঁর ঘনিষ্ঠ ফিরিশতাগণও না।

✪ টীকা (আঃ ১৭১) ঃ অর্থাৎ, এমন বলো না যে, তিনি সন্তানের পিতা, নাউযুবিল্লাহ! যেমন নাছারাদের কেউ কেউ বলে, আল্লাহ্ তিন খোদার মধ্যে এক খোদা। অপর দুই খোদা ঈসা ও জিবরায়ীল। কেউ কেউ জিবরায়ীলের স্থলে হযরত মারইয়ামকে এক খোদা বলত। কেউ কেউ বলত, মারইয়াম-এর পুত্র ঈসা-ই স্বয়ং আল্লাহ। মোটকথা, এ সমস্ত আক্বীদাই বাতিল। (বঃ কোঃ) ✪ টীকা (আঃ ১৭১) ঃ كلمة ঃ হযরত ঈসা (আ) আল্লাহর কালিমা। অর্থাৎ আদেশ মূলক বাণী "হও" দ্বারা সৃষ্টি হয়েছেন। তাই তিনি "কালিমাতুল্লাহ" নামে আখ্যায়িত হয়েছেন।

✪ টীকা (আঃ ১৭১) ঃ روح منه ঃ তিনি আল্লাহ তায়ালার সৃষ্ট রূহ বলেই রূহুল্লাহ নামে আখ্যায়িত হয়েছেন। (তাঃ ইবনে কাছীর)

الْمُقَرَّبُونَ ۚ وَمَن يَسْتَنكِفْ عَنْ عِبَادَتِهِ وَيَسْتَكْبِرْ فَسَيَحْشُرُهُمْ إِلَيْهِ جَمِيعًا

মুক্বাররাবূন ; ওয়া মাইঁ ইয়াস্‌তান্‌কিফ্ 'আন্ 'ইবা-দাতিহী ওয়া ইয়াস্‌তাক্‌বির ফাসাইয়াহ্‌শুরুহুম ইলাইহি জ্বামী'আ।
আর যে তাঁর বান্দাহ হওয়াতে সঙ্কোচ করবে এবং অহংকার করবে, তিনি তাদের সকলকে তাঁর নিকট সমবেত করবেন।

(১৭৩) فَأَمَّا الَّذِينَ آمَنُوا وَعَمِلُوا الصَّالِحَاتِ فَيُوَفِّيهِمْ أُجُورَهُمْ وَيَزِيدُهُم

১৭৩। ফাআম্মাল্ লাযীনা আ-মানূ ওয়া 'আমিলুস্ব্ স্বা-লিহ্বা-তি ফাইউওয়াফ্‌ফীহিম উজূরাহুম ওয়া ইয়াযীদুহুম্
(১৭৩) অনন্তর যারা ঈমান এনেছে এবং নেক আমল করেছে, তিনি তাদেরকে পুরোপুরি প্রতিদান দিবেন। আর তাদেরকে

مِّن فَضْلِهِ ۖ وَأَمَّا الَّذِينَ اسْتَنكَفُوا وَاسْتَكْبَرُوا فَيُعَذِّبُهُمْ عَذَابًا

মিন্ ফাদ্বলিহ, ওয়া আম্মাল্ লাযীনাস্ তান্‌কাফূ ওয়াস্ তাক্‌বারূ ফাইউ'আয্‌যিবুহুম 'আযা-বান
নিজ অনুগ্রহ থেকে আরো বাড়িয়ে দিবেন। আর যারা সঙ্কোচবোধ করে ও অহংকার করে থাকে, তাদেরকে তিনি কষ্টদায়ক

أَلِيمًا وَلَا يَجِدُونَ لَهُم مِّن دُونِ اللَّهِ وَلِيًّا وَلَا نَصِيرًا (১৭৪) يَا أَيُّهَا

আলীমাওঁ ওয়ালা- ইয়াজ্বিদূনা লাহুম্ মিন্ দূনিল্লা-হি ওয়ালিইয়্যাওঁ ওয়ালা- নাস্বীরা-। ১৭৪। ইয়া~আইয়্যুহান্
শাস্তি দিবেন এবং আল্লাহ ছাড়া তাদের জন্য কোন বন্ধু ও সাহায্যকারী পাবে না। (১৭৪) হে মানব জাতি! নিশ্চয়

النَّاسُ قَدْ جَاءَكُم بُرْهَانٌ مِّن رَّبِّكُمْ وَأَنزَلْنَا إِلَيْكُمْ نُورًا مُّبِينًا ۝

না-সু ক্বাদ জ্বা—আকুম্ বুরহা-নুম্ মির্ রাব্বিকুম ওয়া আন্‌যাল্‌না~ইলাইকুম নূরাম্ মুবীনা-।
তোমাদের কাছে তোমাদের প্রতিপালকের তরফ থেকে দলীল এসেছে এবং আমি তোমাদের প্রতি সুস্পষ্ট নূর অবতীর্ণ করেছি।

(১৭৫) فَأَمَّا الَّذِينَ آمَنُوا بِاللَّهِ وَاعْتَصَمُوا بِهِ فَسَيُدْخِلُهُمْ فِي رَحْمَةٍ مِّنْهُ

১৭৫। ফাআম্মাল্ লাযীনা আ-মানূ বিল্লা-হি ওয়া'তাস্বামূ বিহী ফাসাইয়ুদ্‌খিলুহুম ফী রাহ্বমাতিম্ মিন্‌হু
(১৭৫) সুতরাং যারা আল্লাহর প্রতি ঈমান এনেছে ও তাঁকে দৃঢ়ভাবে ধারণ করেছে, তাদেরকে তিনি শীঘ্রই তাঁর রহমত ও করুণার মধ্যে

وَفَضْلٍ وَيَهْدِيهِمْ إِلَيْهِ صِرَاطًا مُّسْتَقِيمًا (১৭৬) يَسْتَفْتُونَكَ قُلِ اللَّهُ

ওয়া ফাদ্বলিওঁ ওয়া ইয়াহ্‌দীহিম ইলাইহি স্বিরা-ত্বাম্ মুস্‌তাক্বীমা-। ১৭৬। ইয়াস্‌তাফ্‌তূনাক ; কুলিল্লা-হু
প্রবেশ করাবেন এবং তাদেরকে সরল পথ দেখাবেন। (১৭৬) তারা আপনার কাছে (ফরায়েযের) বিধান জানতে চায়। বলুন, আল্লাহ

يُفْتِيكُمْ فِي الْكَلَالَةِ ۚ إِنِ امْرُؤٌ هَلَكَ لَيْسَ لَهُ وَلَدٌ وَلَهُ أُخْتٌ فَلَهَا

ইউফ্‌তীকুম ফিল্ কালা-লাহ ; ইনিম্‌রুউন্ হালাকা লাইসা লাহূ ওয়ালাদুওঁ ওয়া লাহূ~উখ্‌তুন ফালাহা-
তোমাদেরকে "কালালার" ব্যাপারে বিধান দিচ্ছেন– যদি কোন লোক মারা যায় এবং তার কোন সন্তান না থাকে এবং তার একটি বোন থাকে, তবে সে তার

✪ শানে নুযূল (আঃ ১৭৬) ঃ يستفتونك ঃ হযরত জাবির (রা) বলেন, একদা নবী করীম (সা) আমার নিকট আগমন করলেন। আমি তখন রোগে বেহুঁশ ছিলাম। তিনি ওযু করে আমার গায়ে পানি ছিটিয়ে দিলেন, অপরকেও ছিটিয়ে দিতে বললেন। এতে আমার হুঁশ ফিরে আসল। আমি আরয করলাম, আমি নিঃসন্তান ও মাতৃ-পিতৃহীন অবস্থায় দুনিয়া ত্যাগ করছি। আমার সম্পত্তি কোন নিয়মে বন্টন হবে? এ প্রেক্ষিতে ফরায়েযের এ আয়াত অবতীর্ণ হয়। ✪ টীকা (আঃ ১৭৬) ঃ الكلالة ঃ "কালালাহ" كلالة (কালালাহ) শব্দের অর্থ সম্পর্কে অধিকাংশ ফকীহ বলেছেন, নিঃসন্তান ও মাতৃ-পিতৃহীন ব্যক্তি। কেউ কেউ বলেন– এর অর্থ নিঃসন্তান ব্যক্তি। (তাঃ ইবনে কাছীর)

نِصْفُ مَا تَرَكَ ۚ وَهُوَ يَرِثُهَا إِن لَّمْ يَكُن لَّهَا وَلَدٌ ۚ فَإِن كَانَتَا اثْنَتَيْنِ

নিস্বফু মা- তারাক, ওয়া হুওয়া ইয়ারিছুহা~ইল্ লাম ইয়াকুল্লাহা- ওয়ালাদ ; ফাইন্ কা-নাতাছ্ নাতাইনি
পরিত্যক্ত সম্পত্তির অর্ধেক পাবে এবং যদি সে বোনের কোন সন্তান না থাকে তবে তার ভাই তার উত্তরাধিকারী হবে। আর দু' বোন

فَلَهُمَا الثُّلُثَانِ مِمَّا تَرَكَ ۚ وَإِن كَانُوا إِخْوَةً رِّجَالًا وَنِسَاءً فَلِلذَّكَرِ مِثْلُ

ফালাহুমাছ্ ছুলুছা-নি মিম্মা- তারাক ; ওয়া ইন্ কা-নূ~ইখ্‌ওয়াতার্ রিজ্বা-লাওঁ ওয়া নিসা—আন্ ফালিয্ যাকারি মিছ্‌লু
থাকলে তাদের দু'জনার জন্য তার রেখে যাওয়া সম্পত্তির তিনভাগের দু' ভাগ। আর যদি তারা বহু ভাই বোন পুরুষ নারী থাকে, তবে এক পুরুষ দু' নারীর সমান

حَظِّ الْأُنثَيَيْنِ ۗ يُبَيِّنُ اللَّهُ لَكُمْ أَن تَضِلُّوا ۗ وَاللَّهُ بِكُلِّ شَيْءٍ عَلِيمٌ ۝

হ্বায্‌যিল উন্‌ছাইয়াইন ; ইউবাইয়িনুল্লা-হু লাকুম আন্ তাদ্বিল্লূ ; ওয়াল্লা-হু বিকুল্লি শাইইন 'আলীম।
অংশ পাবে। আল্লাহ তোমাদেরকে সুস্পষ্টভাবে (দ্বীনের বিধান) বর্ণনা করেন, যাতে তোমরা বিভ্রান্ত না হও। আল্লাহ সর্ববিষয়ে অবগত।

২৪ ع ৫ ৪ রুকূ

সূরা মা-য়িদাহ
মাদানী

بِسْمِ اللَّهِ الرَّحْمَٰنِ الرَّحِيمِ
বিসমিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম
পরম দাতা ও দয়ালু আল্লাহ্‌র নামে শুরু করছি

আয়াত ঃ ১২০
রুকূ ঃ ১৬

মানযিল ২

(১) يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا أَوْفُوا بِالْعُقُودِ ۚ أُحِلَّتْ لَكُم بَهِيمَةُ الْأَنْعَامِ إِلَّا

১। ইয়া~আইয়্যুহাল্ লাযীনা আ-মানূ~আওফূ বিল 'উকূদ ; উহ্বিল্লাত্ লাকুম্ বাহীমাতুল আন্'আ-মি ইল্লা-
(১) হে মুমিনগণ! তোমরা অংগীকারসমূহ পূর্ণ কর। তোমাদের জন্য চতুষ্পদ জন্তু হালাল করা হয়েছে সেগুলো ছাড়া যা পরে,

مَا يُتْلَىٰ عَلَيْكُمْ غَيْرَ مُحِلِّي الصَّيْدِ وَأَنتُمْ حُرُمٌ ۗ إِنَّ اللَّهَ يَحْكُمُ مَا يُرِيدُ ۝

মা- ইউত্‌লা- 'আলাইকুম গাইরা মুহ্বিল্লিস্ব স্বাইদি ওয়া আন্তুম হুরুম ; ইন্নাল্লা-হা ইয়াহ্বকুমু মা- ইউরীদ।
তোমাদের জন্য বর্ণিত হচ্ছে। তবে ইহরাম থাকা অবস্থায় শিকার করাকে হালাল মনে করো না। নিশ্চয় আল্লাহ যা চান তাই হুকুম করেন।

(২) يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا لَا تُحِلُّوا شَعَائِرَ اللَّهِ وَلَا الشَّهْرَ الْحَرَامَ وَلَا

২। ইয়া~আইয়্যুহাল্ লাযীনা আ-মানূ লা-তুহ্বিল্‌লূ শা'আ—ইরাল্লা-হি ওয়ালাশ্ শাহ্‌রাল হ্বারা-মা ওয়ালাল
(২) হে মুমিনগণ! তোমরা আল্লাহর নিদর্শনগুলোকে অসম্মান কর না এবং পবিত্র মাসসমূহেরও না এবং কুরবানীর জন্য কাবায় প্রেরিত পশুরও না, আর

الْهَدْيَ وَلَا الْقَلَائِدَ وَلَا آمِّينَ الْبَيْتَ الْحَرَامَ يَبْتَغُونَ فَضْلًا مِّن

হাদ্‌ইয়া ওয়ালাল্ ক্বালা—ইদা ওয়ালা~আ—ম্মীনাল বাইতাল্ হ্বারা-মা ইয়াব্‌তাগূনা ফাদ্বলাম মির্
গলায় চিহ্ন দেয়া পশুরও না এবং তাদেরও না, যারা পবিত্র ঘরে যাবার ইচ্ছা করে, স্বীয় প্রতিপালকের অনুগ্রহ ও সন্তোষের উদ্দেশ্যে।

✪ টীকা (আঃ ১) ঃ মর্ম এই যে, মানুষ যখন ইসলামে দীক্ষিত হল, তখন সাধারণতঃ সে আল্লাহ এবং রাসূলের সমুদয় হুকুম স্বীকার করে নিল। এক্ষণে অত্র স্থলে বিশেষ বিশেষ হুকুম প্রদান পূর্বক সম্পূর্ণ অঙ্গীকার পূরণের তাকীদ হচ্ছে। ✪ টীকা (আঃ ২) ঃ الشهر الحرام ঃ সম্মানিত মাস চারটি– যুলকাদা, যুলহিজ্জা, মুহররম ও রজব। এর সম্মান রক্ষার অর্থ এ সময় অন্যান্য মাস অপেক্ষা বেশী সৎ কাজ ও তাকওয়া অবলম্বন করা এবং অন্যায় অপকর্ম হতে বিরত থাকার চেষ্টা করা। ✪ টীকা (আঃ ২) ঃ القلائد ঃ এ শব্দটি قلادة -এর বহুবচন। অর্থ হার বা পট্টি, যা কুরবানীর জন্য প্রেরিত পশুর গলার চিহ্ন স্বরূপ বেঁধে দেয়া হত। যাতে কুরবানীর পশু রূপে সবাই চিনতে পারে এবং তার ক্ষতি সাধন হতে বিরত থাকে। (তাঃ উসমানী)

ربهم ورضوانا وإذا حللتم فاصطادوا ولا يجرمنكم شنآن قوم أن

রাব্বিহিম ওয়া রিদ্বওয়া-না-; ওয়া ইযা- হ্বালাল্তুম ফাস্বত্বা-দূ ; ওয়ালা-ইয়াজ্বরিমান্নাকুম শানাআ-নু ক্বাওমিন্ আন্

আর যখন তোমরা ইহ্রাম খুলে ফেল তখন শিকার কর। আর যারা তোমাদেরকে মসজিদে হারামে আসতে বাধা দিয়েছিল সে সম্প্রদায়ের প্রতি শত্রুতা যেন

صدوكم عن المسجد الحرام أن تعتدوا وتعاونوا على البر والتقوى

স্বাদ্দূকুম 'আনিল্ মাস্জ্বিদিল হ্বারা-মি আন্ তা'তাদূ। ওয়া তা'আ-ওয়ানূ 'আলাল্ বির্রি ওয়াত্তাক্বওয়া-,

তোমাদেরকে সীমা ছাড়িয়ে যেতে প্ররোচিত না করে। আর তোমরা পরস্পরকে সাহায্য কর নেক কাজে ও পরহেজগারীতে।

ولا تعاونوا على الإثم والعدوان واتقوا الله إن الله شديد العقاب

ওয়ালা- তা'আ-ওয়ানূ 'আলাল্ ইছ্মি ওয়াল 'উদ্ওয়া-ন, ওয়াত্তাক্বুল্লা-হ ; ইন্নাল লা-হা শাদীদুল 'ইক্বা-ব।

আর তোমরা পাপ কাজে ও সীমাতিক্রমে একে অপরকে সহযোগিতা কর না। আর আল্লাহকে ভয় কর; নিশ্চয় আল্লাহ কঠিন শাস্তি দাতা।

حرمت عليكم الميتة والدم ولحم الخنزير وما أهل لغير الله به

৩। হ্বুর্রিমাত্ 'আলাইকুমুল মাইতাতু ওয়াদ্দামু ওয়া লাহ্বমুল খিন্যীরি ওয়ামা~উহিল্লা লিগাইরিল্লা-হি বিহী

(৩) তোমাদের জন্য হারাম করা হয়েছে মৃত জন্তু, রক্ত, শূকরের গোশত এবং যা যবেহ্ করা হয়েছে আল্লাহ ছাড়া অন্য কারো নামে। আর শ্বাসরুদ্ধ

والمنخنقة والموقوذة والمتردية والنطيحة وما أكل السبع إلا

ওয়াল্ মুন্খানিক্বাতু ওয়াল্ মাওকূযাতু ওয়াল্ মুতারাদ্দিইয়াতু ওয়ান্নাত্বীহ্বাতু ওয়া মা~আকালাস্ সাবু'উ ইল্লা-

করে মারা পশু, আর আঘাতে মৃত পশু বা বা উঁচু স্থান হতে পতনে মৃত পশু, অথবা অন্যের শিং এর আঘাতে মৃত পশু এবং যাকে ভক্ষণ করেছে হিংস্র প্রাণী,

ما ذكيتم وما ذبح على النصب وأن تستقسموا بالأزلام ذلكم

মা- যাক্কাইতুম, ওয়া মা- যুবিহ্বা 'আলান্ নুস্বুবি ওয়া আন্ তাস্তাক্বসিমূ বিল আয্লা-ম ; যা-লিকুম

তবে যে গুলোকে তোমরা যবেহ্ করতে পেরেছ তা ছাড়া এবং যে পশু বলি দেয়া হয় দেবতার বেদির উপর এবং জুয়ার তীরের দ্বারা ভাগ নির্ধারণ করা হয়। এগুলো

فسق اليوم يئس الذين كفروا من دينكم فلا تخشوهم واخشون

ফিস্ক্ব ; আলইয়াওমা ইয়াইসাল্ লাযীনা কাফারূ মিন্ দীনিকুম ফালা- তাখ্শাওহুম ওয়াখ্শাওন ;

পাপ কার্য। আজ কাফিররা তোমাদের দ্বীন হতে নিরাশ হয়ে গেছে। সুতরাং তাদেরকে তোমরা ভয় পেয়ো না শুধু আমাকে ভয় কর।

○ টীকা (আঃ ৩) ঃ এই আয়াত হাজ্জাতুল বেদা (হযরতের মৃত্যুর অব্যবহিত পূর্ববর্তী হজ্জ) দিবসে আরাফাতে অবতীর্ণ। হাজীদেরকে শিকার করতে এবং গাছ-পালা ভাঙ্গতে ও উপড়াতে নিষেধ করার উদ্দেশ্য এটাই মনে হয় যে, দেশ গাছ-পালা ও লতা-পাতা এবং হালাল জীব-জন্তু দ্বারা সুশোভিত ও আবাদ হয়; আরবের ন্যায় বিশুষ্ক মরুদেশে এর আবশ্যকতা চিরকালই রয়েছে। পক্ষান্তরে হজ্জ একটি উন্নতশ্রেণীর এবাদত। সুতরাং এবাদত অবস্থায় কোন জীবকে শিকার করা নিষিদ্ধও বটে।

بالازلام – আরবের অধিবাসীগণ কোনও কার্যোপলক্ষে প্রবাস-গমনেচ্ছু হলে তৎপূর্বে তিনটি তীর তিন প্রকার মননে তীর-দানীতে রেখে দিত। প্রথম তীরে "অমুক কার্যস্থ করব" এই মনন করা হত। দ্বিতীয় তীরে "অমুক কার্য করব না" এটা মনন করা হত। তৃতীয় তীরে "মনকার্যে ভুল হওয়া সম্ভব" এই মনন করা হত। তারপর যদি প্রথম তীর হিস্যায় আসত, তবে সন্তুষ্ট মনে সেই কার্যে গমন করত। আর যদি দ্বিতীয় তীর হিস্যায় আসত; তবে কখনই সে কার্যে গমন করত না। আর যদি তৃতীয় তীর হাতে উঠত তবে পুনর্বার সেই কার্য করত। তাদের জবেহ্কৃত উষ্ট্র মাংস বণ্টনেও এই ভাবের তীরের জুয়া চলত। জুয়া যে প্রকারের হোক আর যে উদ্দেশ্যে হোক, আল্লাহ্ তা সুস্পষ্ট হারাম করে দিয়েছেন। এ প্রকার "ফাল" ইত্যাদিও জুয়ার অন্তর্গত বিধায় হারাম।

على النصب – পূজাদির জন্য (দেবতার বেদি) প্রতিষ্ঠিত উচ্চভূমি, যেখানে মুশরিকরা মূর্তি পূজার উদ্দেশ্যে পশু বলি দিত।

اليوم أكملت لكم دينكم وأتممت عليكم نعمتي ورضيت لكم

আল্ ইয়াওমা আক্মাল্তু লাকুম দীনাকুম ওয়া আত্মাম্তু 'আলাইকুম নি'মাতী ওয়া রাদ্বীতু লাকুমুল

আজ তোমাদের দ্বীনকে তোমাদের জন্য পূর্ণ করেদিলাম এবং আমার নেয়ামত তোমাদের উপর সম্পূর্ণ করলাম এবং তোমাদের জন্য

الإسلام دينا فمن اضطر في مخمصة غير متجانف لإثم فإن الله

ইস্লা-মা দীনা- ; ফামানিদ্বত্বুর্রা ফী মাখ্মাছাতিন্ গাইরা মুতাজ্বা-নিফিল লিইছ্মিন্ ফাইন্নাল্লা-হা

ইসলামকে দ্বীন হিসেবে মনোনীত করলাম। তবে কেউ পাপের প্রতি আকৃষ্ট না হয়ে তীব্র ক্ষুধার তাড়নায় বাধ্য হলে, তখন নিশ্চয় আল্লাহ ক্ষমাশীল ও পরম

غفور رحيم ۝ يسئلونك ماذا أحل لهم قل أحل لكم الطيبت وما

গাফূরুর রাহ্বীম। ৪। ইয়াস্আলূনাকা মা-যা~উহ্বিল্লা লাহুম ; ক্বুল উহ্বিল্লা লাকুমুত্ ত্বাইয়ি বা-তু ওয়ামা-

দয়ালু। (৪) লোকে আপনাকে জিজ্ঞাসা করে, তাদের জন্য কি কি হালাল করা হয়েছে? আপনি বলুন, তোমাদের জন্য সকল পবিত্র বস্তুই হালাল করা হয়েছে এবং

علمتم من الجوارح مكلبين تعلمونهن مما علمكم الله فكلوا مما

'আল্লাম্তুম্ মিনাল জ্বাওয়া-রিহ্বি মুকাল্লিবীনা তু'আল্লিমূনাহুন্না মিম্মা- 'আল্লামাকুমুল্লা-হু ফাকুলূ মিম্মা~

যে সব শিকারী জন্তুকে শিকারের প্রতি প্রেরণের জন্য তোমরা শিক্ষা দান করেছ, যেভাবে আল্লাহ তোমাদেরকে শিখিয়েছেন সে

أمسكن عليكم واذكروا اسم الله عليه واتقوا الله إن الله سريع

আম্সাক্না 'আলাইকুম ওয়ায্কুরুস্ মাল্লা-হি 'আলাইহ, ওয়াত্তাক্বুল্লা-হ ; ইন্নাল্লা-হা সারী'উল

পদ্ধতিতে, এরূপ জানোয়ার যা তোমাদের জন্য ধরে নিয়ে আসে তা খাও এবং তার উপর আল্লাহর নাম লও। আর আল্লাহকে ভয় কর। নিশ্চয় আল্লাহ সত্বর

الحساب ۝ اليوم أحل لكم الطيبت وطعام الذين أوتوا

হ্বিসা-ব। ৫। আল ইয়াওমা উহ্বিল্লা লাকুমুত্ ত্বাইয়্যিবা-ত ; ওয়া ত্বা'আ-মুল্ লাযীনা উতুল

হিসাব গ্রহণকারী। (৫) আজ তোমাদের জন্য পবিত্র সকল বস্তু হালাল করা হল। আর যাদেরকে কিতাব দেয়া হয়েছে

الكتب حل لكم وطعامكم حل لهم والمحصنت من المؤمنت

কিতা-বা হ্বিল্লুল লাকুম, ওয়া ত্বা'আ-মুকুম হ্বিল্লুল লাহুম, ওয়াল্ মুহ্বস্বানা-তু মিনাল্ মু'মিনা-তি

সেসব লোকের যবেহ্কৃত খাদ্য তোমাদের জন্য হালাল। আর তোমাদের যবেহ্কৃত খাদ্যও তাদের জন্য হালাল, আর মুসলমান সতীসাধ্বী নারী এবং তোমাদের

والمحصنت من الذين أوتوا الكتب من قبلكم إذا آتيتموهن

ওয়াল্ মুহ্বস্বানা-তু মিনাল্ লাযীনা উতুল্ কিতা-বা মিন্ ক্বাব্লিকুম ইযা~আ-তাইতুমূহুন্না

পূর্বে যাদেরকে কিতাব প্রদান করা হয়েছে তাদের মধ্য হতে সতীসাধ্বী নারী তোমাদের জন্য হালাল করা হল, যদি

أجورهن محصنين غير مسفحين ولا متخذي أخدان ومن

উজূরাহুন্না মুহ্বস্বিনীনা গাইরা মুসা-ফিহ্বীনা ওয়ালা- মুত্তাখিযী~আখ্দা-ন ; ওয়া মাই

তোমরা বিবাহ বন্ধনে আবদ্ধের জন্য তাদের মহর আদায় করে থাক। কার্য চরিতার্থ বা গোপন প্রণয়ের জন্য নয়। আর যে

يَّكْفُرْ بِالْاِيْمَانِ فَقَدْ حَبِطَ عَمَلُهٗ ز وَهُوَ فِي الْاٰخِرَةِ مِنَ الْخٰسِرِيْنَ ○

ইয়াক্‌ফুর বিল ঈমা-নি ফাক্বাদ্ হাবিত্বা 'আমালুহূ ওয়া হুওয়া ফিল আ-খিরাতি মিনাল্ খা-সিরীন।
ঈমানকে অস্বীকার করবে, নিশ্চয় তার আমল বরবাদ হয়ে যাবে এবং সে পরকালেও ক্ষতিগ্রস্ততের মধ্যে শামিল হবে।

ع ১ ৫ রুকূ

⑥ يٰۤاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْۤا اِذَا قُمْتُمْ اِلَى الصَّلٰوةِ فَاغْسِلُوْا وُجُوْهَكُمْ

৬। ইয়া~আইয়্যুহাল্ লাযীনা আ-মানূ~ইযা- কুম্‌তুম ইলাস্ব্ স্বালা-তি ফাগ্‌সিলূ উজূহাকুম
(৬) হে মুমিনগণ! যখন তোমরা সালাতের জন্য দাঁড়াতে ইচ্ছা কর, তখন তোমাদের মুখমন্ডল

وَاَيْدِيَكُمْ اِلَى الْمَرَافِقِ وَامْسَحُوْا بِرُءُوْسِكُمْ وَاَرْجُلَكُمْ اِلَى

ওয়া আইদিইয়াকুম ইলাল্ মারা-ফিক্বি ওয়াম্‌সাহূ বিরুঊসিকুম ওয়া আর্‌জুলাকুম ইলাল
ও তোমাদের হাত কনুই পর্যন্ত ধৌত কর এবং তোমাদের মাথা মোসেহ কর এবং তোমাদের পা টাখনু পর্যন্ত ধৌত

الْكَعْبَيْنِ ط وَاِنْ كُنْتُمْ جُنُبًا فَاطَّهَّرُوْا ط وَاِنْ كُنْتُمْ مَّرْضٰۤى اَوْ عَلٰى سَفَرٍ

কা'বাইন ; ওয়া ইন্ কুন্‌তুম যুনুবান্ ফাত্ত্বাহ্‌হারূ ; ওয়া ইন্ কুন্‌তুম্ মারদ্বা~আও 'আলা- সাফারিন
কর। আর যদি তোমরা অপবিত্র অবস্থায় থাক, তবে (সমস্ত শরীর) পবিত্র করে নাও। আর যদি তোমরা পীড়িত হও অথবা সফরে থাক অথবা

اَوْ جَآءَ اَحَدٌ مِّنْكُمْ مِّنَ الْغَآئِطِ اَوْ لٰمَسْتُمُ النِّسَآءَ فَلَمْ تَجِدُوْا مَآءً فَتَيَمَّمُوْا

আও জ্বা—আ আহ্বাদুম্ মিনকুম মিনাল গা—ইত্বি আও লা-মাস্‌তুমুন্ নিসা—আ ফালাম তাজ্বিদূ মা—আন্ ফাতাইয়াম্মামূ
তোমাদের কেউ প্রস্রাব-পায়খানা থেকে আসে অথবা তোমরা স্ত্রী সহবাস কর, অনন্তর তোমরা যদি পানি না পাও তবে পবিত্র মাটি দ্বারা তায়াম্মুম

صَعِيْدًا طَيِّبًا فَامْسَحُوْا بِوُجُوْهِكُمْ وَاَيْدِيْكُمْ مِّنْهُ ط مَا يُرِيْدُ اللّٰهُ

স্বা'ঈদান ত্বাইয়্যিবান ফাম্‌সাহূ বিউজূহিকুম ওয়া আইদীকুম্ মিন্‌হ ; মা- ইউরীদুল্লা-হু
কর, তা দ্বারা তোমাদের মুখমন্ডল এবং তোমাদের হাতসমূহ মসেহ কর। আল্লাহ তোমাদের উপর কোন কঠোরতা

لِيَجْعَلَ عَلَيْكُمْ مِّنْ حَرَجٍ وَّلٰكِنْ يُّرِيْدُ لِيُطَهِّرَكُمْ وَلِيُتِمَّ نِعْمَتَهٗ عَلَيْكُمْ

লিইয়াজ্‌'আলা 'আলাইকুম মিন্ হ্বারাজ্বিওঁ ওয়ালা-কিঁই ইউরীদু লিইউত্বাহ্‌হিরাকুম ওয়া লিইউতিম্মা নি'মাতাহূ 'আলাইকুম
আরোপ করতে চান না। বরং আল্লাহ তোমাদেরকে পবিত্র করতে চান এবং তোমাদের প্রতি তাঁর নেয়ামত সম্পূর্ণ করতে চান,

لَعَلَّكُمْ تَشْكُرُوْنَ ⑦ وَاذْكُرُوْا نِعْمَةَ اللّٰهِ عَلَيْكُمْ وَمِيْثَاقَهُ الَّذِيْ وَاثَقَكُمْ

লা'আল্লাকুম তাশ্‌কুরূন। ৭। ওয়ায্‌কুরূ নি'মাতাল্লা-হি 'আলাইকুম ওয়া মীছা-ক্বাহুল্ লাযী ওয়া ছাক্বাকুম্
যাতে তোমরা কৃতজ্ঞতা স্বীকার কর। (৭) আর তোমরা স্মরণ কর, তোমাদের প্রতি প্রদত্ত আল্লাহর নেয়ামতকে এবং সে অঙ্গীকারকে যা তিনি তোমাদের কাছ

بِهٖۤ لا اِذْ قُلْتُمْ سَمِعْنَا وَاَطَعْنَا ز وَاتَّقُوا اللّٰهَ ط اِنَّ اللّٰهَ عَلِيْمٌۢ بِذَاتِ الصُّدُوْرِ ○

বিহী~ইয্ ক্বুলতুম সামি'না-ওয়া আত্বা'না, ওয়াত্তাক্বুল্লা-হ- ; ইন্নাল্লা-হা 'আলীমুম্ বিযা-তিস্ব স্বুদূর।
থেকে গ্রহণ করেছেন, যখন তোমরা বলেছিলে- আমরা শুনলাম ও মেনে নিলাম। আর আল্লাহকে ভয় কর; নিশ্চয় আল্লাহ অন্তরের বিষয় সম্পর্কে পূর্ণ খবর রাখেন।

⑧ يٰۤاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْا كُوْنُوْا قَوّٰمِيْنَ لِلّٰهِ شُهَدَآءَ بِالْقِسْطِ ز وَلَا يَجْرِمَنَّكُمْ

৮। ইয়া~আইয়্যুহাল্ লাযীনা আ-মানূ কূনূ ক্বাওয়্যা-মীনা লিল্লা-হি শুহাদা—আ বিল্ ক্বিস্‌ত্বি ওয়ালা- ইয়াজ্বরিমান্নাকুম
(৮) হে মুমিনগণ! আল্লাহর উদ্দেশ্যে ন্যায় সাক্ষ্যদানে তোমরা দৃঢ় থাক। কোন সম্প্রদায়ের প্রতি শত্রুতা তোমাদেরকে

شَنَاٰنُ قَوْمٍ عَلٰۤى اَلَّا تَعْدِلُوْا ط اِعْدِلُوْا قف هُوَ اَقْرَبُ لِلتَّقْوٰى ز وَاتَّقُوا اللّٰهَ ط

শানাআ-নু ক্বাওমিন 'আলা~আল্লা- তা'দিলূ ; ই'দিলূ হুওয়া আক্বরাবু লিত্তাক্বওয়া-, ওয়াত্তাক্বুল্ লা-হ ;
যেন কখনো সুবিচার না করার জন্য প্ররোচিত না করে। তোমরা ন্যায় বিচার কর, সেটা পরহেজগারীর অতি নিকটবর্তী। তোমরা আল্লাহকে ভয় কর।

اِنَّ اللّٰهَ خَبِيْرٌۢ بِمَا تَعْمَلُوْنَ ⑨ وَعَدَ اللّٰهُ الَّذِيْنَ اٰمَنُوْا وَعَمِلُوا الصّٰلِحٰتِ لا

ইন্নাল্লা-হা খাবীরুম্ বিমা- তা'মালূন। ৯। ওয়া'আদাল্লা-হুল্ লাযীনা আ-মানূ ওয়া 'আমিলুস্ব স্বা-লিহ্বা-তি
নিশ্চয় আল্লাহ তোমাদের সকল কার্যকলাপ সম্পর্কে অবহিত। (৯) যারা ঈমান এনেছে এবং নেক আমল করেছে, তাঁদের জন্য

لَهُمْ مَّغْفِرَةٌ وَّاَجْرٌ عَظِيْمٌ ⑩ وَالَّذِيْنَ كَفَرُوْا وَكَذَّبُوْا بِاٰيٰتِنَاۤ اُولٰٓئِكَ

লাহুম্ মাগ্‌ফিরাতুওঁ ওয়া আজ্বরুন 'আযীম। ১০। ওয়াল্লাযীনা কাফারূ ওয়া কায্‌যাবূ বিআ-ইয়া-তিনা~উলা—ইকা
আল্লাহ ওয়াদা দিয়েছেন ক্ষমা ও মহাপুরস্কারের। (১০) আর যারা কুফরী করেছে এবং আমার আয়াতসমূহকে মিথ্যা

اَصْحٰبُ الْجَحِيْمِ ⑪ يٰۤاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوا اذْكُرُوْا نِعْمَتَ اللّٰهِ عَلَيْكُمْ

আস্বহ্বা-বুল্ জ্বাহ্বীম। ১১। ইয়া~আইয়্যুহাল্ লাযীনা আ-মানুয্ কুরূ নি'মাতাল্লা-হি 'আলাইকুম
বলেছে, তারা জাহান্নামের অধিবাসী। (১১) হে মুমিনগণ! তোমাদের প্রতি আল্লাহ প্রদত্ত নেয়ামতের কথা স্মরণ কর।

اِذْ هَمَّ قَوْمٌ اَنْ يَّبْسُطُوْۤا اِلَيْكُمْ اَيْدِيَهُمْ فَكَفَّ اَيْدِيَهُمْ عَنْكُمْ ج وَاتَّقُوا اللّٰهَ ط

ইয্ হাম্মা ক্বাওমুন আঁই ইয়াব্‌সুত্বূ~ইলাইকুম আইদিইয়াহুম ফাকাফ্‌ফা আইদিইয়াহুম 'আন্‌কুম, ওয়াত্তাক্বুল্লা-হ ;
যখন এক সম্প্রদায় তোমাদের বিরুদ্ধে তাদের হস্ত প্রসারিত করতে চেয়েছিল, তখন তিনি তোমাদের থেকে তাদের হস্তগুলো প্রতিহত করলেন।

ع ২ ৬ রুকূ

وَعَلَى اللّٰهِ فَلْيَتَوَكَّلِ الْمُؤْمِنُوْنَ ⑫ وَلَقَدْ اَخَذَ اللّٰهُ مِيْثَاقَ بَنِيْۤ اِسْرَآءِيْلَ ج

ওয়া 'আলাল্লা-হি ফাল্‌ইয়া তাওয়াক্‌কালিল্ মু'মিনূন। ১২। ওয়া লাক্বাদ্ আখাযাল্লা-হু মীছা-ক্বা বানী~ইস্‌রা—ঈল,
তোমরা আল্লাহকে ভয় কর। আর মুমিনগণের আল্লাহর উপরই ভরসা করা উচিত। (১২) আর নিশ্চয় আল্লাহ বনী ইসরাঈলদের থেকে অংগীকার নিয়েছিলেন।

وَبَعَثْنَا مِنْهُمُ اثْنَيْ عَشَرَ نَقِيْبًا ط وَقَالَ اللّٰهُ اِنِّيْ مَعَكُمْ ط لَئِنْ اَقَمْتُمُ

ওয়া বা'আছ্‌না- মিনহুমুছ্‌নাই 'আশারা নাক্বীবা- ; ওয়া ক্বা-লাল্লা-হু ইন্নী মা'আকুম ; লাইন্ আক্বাম্‌তুমুস্ব
আর আমি তাদের মধ্য হতে বারজন নেতা নিযুক্ত করেছিলাম। আর আল্লাহ বললেন, নিশ্চয় আমি তোমাদের সাথে আছি। তোমরা যদি

○ টীকা (আঃ ১১) ঃ এখানে হযরত আবদুল্লাহ ইবনে আব্বাসের (রা) বর্ণিত একটি ঘটনার দিকে ইংগিত করা হয়েছে। ইহুদীদের একটি দল, রাসূল (সা) ও তাঁর বিশেষ বিশেষ সাহাবীদের এক ভোজের আমন্ত্রণ করেছিল এবং গুপ্তভাবে এই ষড়যন্ত্র করেছিল যে, আকস্মিকভাবে তাদেরকে আক্রমণ করে ইসলামকে সম্পূর্ণরূপে মিটিয়ে দেয়া হবে। কিন্তু যথাসময়ে খোদার অনুগ্রহে এই ষড়যন্ত্রের কথা রাসূলে করীম (সা) জানতে পেরেছিলেন ও নিমন্ত্রণে তারা উপস্থিত হন নি। ○ টীকা (আঃ ১২) ঃ اثنى عشر ঃ (বারজন নেতা) বনী ইসরাঈলের ১২টি গোত্র ছিল। হযরত মূসা (আ) ১২ গোত্রের জন্য ১২জন নেতা মনোনীত করেছিলেন। (কুঃ কারীম)

الصلوة واتيتم الزكوة وامنتم برسلي وعزرتموهم واقرضتم الله

স্বালা-তা ওয়া আ-তাইতুমুয্ যাকা-তা ওয়া আ-মানতুম্ বিরুসুলী ওয়া 'আয্যারতুমূহুম ওয়া আক্বরাদ্বতুমুল্লা-হা
সালাত কায়েম কর, যাকাত দাও এবং আমার রাসূলগণের উপর ঈমান আন ও তাদেরকে সাহায্য কর এবং আল্লাহকে উত্তম কর্জ দাও,

قرضا حسنا لاكفرن عنكم سياتكم ولادخلنكم جنت تجري

ক্বারদ্বান হ্বাসানাল্ লাউকাফ্ফিরান্না 'আন্‌কুম সাইয়্যিআ-তিকুম ওয়া লাউদ্‌খিলান্নাকুম জ্বান্না-তিন তাজ্বরী
তবে অবশ্যই আমি তোমাদের গুনাহ তোমাদের থেকে দূর করে দিব এবং অবশ্যই তোমাদেরকে প্রবেশ করাব এমন জান্নাতে,

من تحتها الانهر فمن كفر بعد ذلك منكم فقد ضل سواء السبيل

মিন্ তাহ্বতিহাল আনহা-র, ফামান্ কাফারা বা'দা-যা-লিকা মিন্‌কুম ফাক্বাদ্ দ্বাল্লা সাওয়া—আস সাবীল।
যার তলদেশে নহরসমূহ প্রবাহিত। এরপরেও যে তোমাদের মধ্য হতে কুফরী করবে, সে সরল পথ হতে বিচ্যুত হবে।

فبما نقضهم ميثاقهم لعنهم وجعلنا قلوبهم قسية يحرفون ⑬

১৩। ফাবিমা- নাক্বদ্বিহিম্ মীছা-ক্বাহুম লা'আন্না-হুম ওয়া জ্বা'আল্‌না- কুলূবাহুম ক্বা-সিইয়াহ, ইয়ুহ্বাররিফূনাল
(১৩) অতঃপর তাদের অংগীকার ভংগের কারণে আমি তাদেরকে অভিশপ্ত করেছি এবং তাদের অন্তরসমূহ কঠিন করে দিয়েছি। তারা

الكلم عن مواضعه ونسوا حظا مما ذكروا به ولا تزال تطلع على

কালিমা 'আম্ মাওয়া-দ্বি'ঈহী ওয়া নাসূ হ্বায্যাম মিম্মা- যুক্‌কিরু বিহ, ওয়ালা- তাযা-লু তাত্ত্বালি'উ 'আলা-
বাক্যের অর্থ যথাস্থান থেকে বদলিয়ে দেয়। এবং তাদেরকে যে বিষয় উপদেশ দেয়া হয়েছিল তার থেকে কিছু অংশ ভুলে গিয়েছে। আপনি সর্বদা তাদের

خائنة منهم الا قليلا منهم فاعف عنهم واصفح ان الله يحب

খা—ইনাতিম্ মিন্‌হুম ইল্লা- ক্বালীলাম্ মিন্‌হুম ফা'ফু 'আন্‌হুম ওয়াস্বফাহ্ব ; ইন্নাল্লা-হা ইউহ্বিব্বুল
বিশ্বাসঘাতকতা সম্পর্কে অবহিত হবেন, তাদের স্বল্পসংখ্যক ব্যতীত। সুতরাং আপনি তাদেরকে ক্ষমা করুন ও ছেড়ে দিন, নিশ্চয় আল্লাহ সৎকর্মশীলদের

المحسنين ⑬ ومن الذين قالوا انا نصرى اخذنا ميثاقهم فنسوا

মুহ্বসিনীন। ১৪। ওয়া মিনাল্ লাযীনা ক্বা-লূ~ইন্না- নাস্বা-রা~আখায্‌না- মীছা-ক্বাহুম ফানাসূ
ভালবাসেন। (১৪) আর যারা বলে, আমরা 'খ্রিষ্টান', আমি তাদের থেকেও অংগীকার নিয়েছিলাম। কিন্তু তাদেরকে যে বিষয়

حظا مما ذكروا به فاغرينا بينهم العداوة والبغضاء الى يوم القيمة

হ্বায্যাম্ মিম্মা- যুক্‌কিরূ বিহ, ফাআগ্‌রাইনা- বাইনাহুমুল 'আদা-ওয়াতা ওয়াল্ বাগ্‌দ্বা—আ ইলা- ইয়াওমিল ক্বিইয়া-মাহ ;
উপদেশ দেয়া হয়েছিল তারা তার এক অংশ ভুলে গিয়েছিল। অতঃপর আমি তাদের পরস্পরের মধ্যে স্থায়ী শত্রুতা ও হিংসা কিয়ামত পর্যন্ত লাগিয়ে রেখেছি।

وسوف ينبئهم الله بما كانوا يصنعون ⑭ ياهل الكتب قد جاءكم

ওয়া সাওফা ইউনাব্বিউহুমুল্লা-হু বিমা- কা-নূ ইয়াস্বনা'উন। ১৫। ইয়া~আহ্‌লাল কিতা-বি ক্বাদ্ জ্বা—আকুম
আর তারা যা কিছু করত, তা আল্লাহ অচিরেই তাদেরকে জানিয়ে দিবেন। (১৫) হে আহলে কিতাব! তোমাদের কাছে

সূরা মায়িদাহ্ ঃ ৫ | নূরানী বাংলা উচ্চারণ ক্বোরআন শরীফ | লা- ইউহিব্বুল্লা-হ ঃ ৬

رسولنا يبين لكم كثيرا مما كنتم تخفون من الكتب ويعفوا عن

রাসূলুনা-ইউবাইয়্যিনু লাকুম কাছীরাম মিম্মা- কুন্‌তুম তুখ্‌ফূনা মিনাল কিতা-বি ওয়া ইয়া'ফূ 'আন্
আমার রাসূল এসেছেন। তিনি তোমাদের কাছে অনেক বিষয় বর্ণনা করেন, যা তোমরা কিতাব থেকে গোপন করছিলে। আর অনেক বিষয় ছেড়ে

كثير قد جاءكم من الله نور وكتب مبين ⑮ يهدي به الله من

কাছীর ; ক্বাদ জ্বা—আকুম্ মিনাল্লা-হি নূরুঁও ওয়া কিতা-বুম্ মুবীন। ১৬। ইয়াহ্‌দী বিহিল্লা-হু মানি
দিয়েছেন। নিশ্চয় আল্লাহর তরফ থেকে তোমাদের নিকট নূর ও সুস্পষ্ট কিতাব এসেছে। (১৬) যারা আল্লাহর সন্তুষ্টি কামনা করে

اتبع رضوانه سبل السلم ويخرجهم من الظلمت الى النور باذنه

ত্তাবা'আ রিদ্বওয়া-নাহূ সুবুলাস্ সালা-মি ওয়া ইউখ্‌রিজুহুম্ মিনায্ যুলুমা-তি ইলান্ নূরি বিইয্‌নিহী
তাদেরকে আল্লাহ এর দ্বারা শান্তির পথ প্রদর্শন করেন এবং তাঁদেরকে স্বীয় ইচ্ছায় আঁধার থেকে বের করে আলোর দিকে

ويهديهم الى صراط مستقيم ⑯ لقد كفر الذين قالوا ان الله هو المسيح ابن

ওয়া ইয়াহ্‌দীহিম ইলা- স্বিরা-ত্বিম্ মুস্‌তাক্বীম। ১৭। লাক্বাদ্ কাফারাল্ লাযীনা ক্বা-লূ~ইন্নাল্লা-হা হুওয়াল মাসীহুব্‌নু
আনয়ন করেন এবং তাদেরকে সরল সঠিক পথ প্রদর্শন করেন। (১৭) নিশ্চয় যারা কুফরী করল, তারা বলে, মসীহ

مريم قل فمن يملك من الله شيئا ان اراد ان يهلك المسيح ابن

মারইয়াম ; কুল ফামাইঁ ইয়াম্‌লিকু মিনাল্লা-হি শাইআন্ ইন্ আরা-দা আইঁ ইউহ্‌লিকাল্ মাসীহাব্‌না
ইবনে মারইয়াম আল্লাহ। আপনি বলুন, যদি আল্লাহ, মসীহ ইবনে মারইয়াম, তাঁর মাতাকে ও পৃথিবীতে যা কিছু আছে সব ধ্বংস

مريم وامه ومن في الارض جميعا ولله ملك السموت والارض

মারইয়ামা ওয়া উম্মাহূ ওয়া মান্ ফিল আরদ্বি জ্বামী'আ- ; ওয়া লিল্লা-হি মুল্‌কুস্ সামা-ওয়া-তি ওয়াল্ আরদ্বি
করতে ইচ্ছা করেন, তবে তাকে বাধা দেয়ার অধিকার কার আছে? আসমান ও যমীনে এবং এতদুভয়ের মধ্যস্থিত যা কিছু

وما بينهما يخلق ما يشاء والله على كل شيء قدير ⑰ وقالت اليهود

ওয়ামা- বাইনাহুমা- ; ইয়াখ্‌লুকু মা- ইয়াশা—উ ; ওয়াল্লা-হু 'আলা- কুল্লি শাইয়িন্ ক্বাদীর। ১৮। ওয়া ক্বা-লাতিল ইয়াহূদু
আছে তার উপর একমাত্র আল্লাহরই আধিপত্য। তিনি যা চান সৃষ্টি করেন। আর আল্লাহ সব কিছুর উপর ক্ষমতাবান। (১৮) ইয়াহুদী ও খ্রিষ্টানরা বলে,

والنصرى نحن ابنؤا الله واحباؤه قل فلم يعذبكم بذنوبكم

ওয়ান্‌নাস্বা-রা- নাহ্বনু আবনা—উল্লা-হি ওয়া আহ্বিব্বা—উহ ; কুল ফালিমা ইউ'আয্‌যিবুকুম্ বিযুনূবিকুম ;
আমরা আল্লাহর পুত্র ও তাঁর প্রিয় পাত্র। আপনি বলুন, তাহলে তিনি তোমাদেরকে তোমাদের গুনাহের জন্য শাস্তি দেবেন কেন?

بل انتم بشر ممن خلق يغفر لمن يشاء ويعذب من يشاء ولله

বাল্ আন্‌তুম্ বাশারুম্ মিম্মান খালাক্ব ; ইয়াগ্‌ফিরু লিমাইঁ ইয়াশা—উ ওয়া ইউ'আয্‌যিবু মাইঁ ইয়াশা—উ ; ওয়া লিল্লা-হি
বরং তোমরাও তাঁর সৃষ্টির মধ্য হতে সাধারণ মানুষ। তিনি যাকে চান ক্ষমা করেন আর যাকে চান শাস্তি দেন। আল্লাহরই

مُلْكُ السَّمٰوٰتِ وَالْاَرْضِ وَمَا بَيْنَهُمَا ؗ وَاِلَيْهِ الْمَصِيْرُ ﴿۱۸﴾ يٰۤاَهْلَ الْكِتٰبِ

মুলকুস্ সামা-ওয়া-তি ওয়াল্ আর্দ্বি ওয়ামা- বাইনাহুমা, ওয়া ইলাইহিল মাস্বীর। ১৯। ইয়া~আহ্লাল কিতা-বি

কর্তৃত্ব আসমান, যমীনে এবং এতদুভয়ের মধ্যস্থিত যা কিছু আছে তাতে। আর তাঁর দিকেই সকলের প্রত্যাবর্তন। (১৯) হে আহলে কিতাব!

قَدْ جَآءَكُمْ رَسُوْلُنَا يُبَيِّنُ لَكُمْ عَلٰى فَتْرَةٍ مِّنَ الرُّسُلِ اَنْ تَقُوْلُوْا مَا

ক্বাদ্ জ্বা—আকুম রাসূলুনা- ইউবাইয়্যিনু লাকুম 'আলা- ফাত্‌রাতিম্ মিনার্ রুসুলি আন্ তাকূলূ মা-

রাসূলগণের আগমন ধারা মুলতবি হওয়ার পর মুহূর্তে তোমাদের নিকট আমার রাসূল এসেছেন, যিনি তোমাদের নিকট স্পষ্টভাবে বর্ণনা করছেন, যাতে তোমরা বলতে

جَآءَنَا مِنْ بَشِيْرٍ وَّلَا نَذِيْرٍ ؗ فَقَدْ جَآءَكُمْ بَشِيْرٌ وَّنَذِيْرٌ ؕ وَاللّٰهُ عَلٰى كُلِّ

জ্বা—আনা- মিম্ বাশীরিওঁ ওয়ালা- নাযীর, ফাক্বাদ্ জ্বা—আকুম্ বাশীরুওঁ ওয়া নাযীর ; ওয়াল্লা-হু 'আলা-কুল্লি

না পার যে, আমাদের কাছে কোন সুসংবাদদানকারী ও সতর্ককারী আসেনি। (এখন তো) তোমাদের কাছে সুসংবাদদানকারী ও সতর্ককারী এসেছেন। আর আল্লাহ সব

شَيْءٍ قَدِيْرٌ ﴿۱۹﴾ وَاِذْ قَالَ مُوْسٰى لِقَوْمِهٖ يٰقَوْمِ اذْكُرُوْا نِعْمَةَ اللّٰهِ عَلَيْكُمْ اِذْ

শাইয়্যিন ক্বাদীর। ২০। ওয়া ইয্ ক্বা-লা মূসা- লিক্বাওমিহী ইয়া-ক্বাওমিযকুরূ নি'মাতাল্লা-হি 'আলাইকুম ইয্

কিছুর উপর পূর্ণক্ষমতাবান। (২০) আর স্মরণ করুন! যখন মূসা তার কওমকে বললেন, হে আমার কওম! তোমরা তোমাদের প্রতি আল্লাহর নিয়ামতের কথা স্মরণ কর।

৩ ع ৮ ৭ রুকূ'

جَعَلَ فِيْكُمْ اَنْۢبِيَآءَ وَجَعَلَكُمْ مُّلُوْكًا ۖ وَّاٰتٰىكُمْ مَّا لَمْ يُؤْتِ اَحَدًا مِّنَ

জ্বা'আলা ফীকুম আম্বিইয়া—আ ওয়া জ্বা'আলাকুম্ মুলূকাওঁ ওয়া আ-তা-কুম্ মা- লাম ইউ'তি আহ্বাদাম্ মিনাল

যখন তিনি তোমাদের ভেতর থেকে বহু নবী নির্বাচন করলেন এবং তোমাদেরকে রাজ্যেশ্বর করলেন এবং তোমাদেরকে এমন বস্তুসমূহ দান করলেন, যা বিশ্বের বুকে

الْعٰلَمِيْنَ ﴿۲۰﴾ يٰقَوْمِ ادْخُلُوا الْاَرْضَ الْمُقَدَّسَةَ الَّتِيْ كَتَبَ اللّٰهُ لَكُمْ وَلَا

'আ-লামীন। ২১। ইয়া-ক্বাওমিদ্ খুলুল্ আর্দ্বাল মুক্বাদ্দাসাতাল্ লাতী কাতাবাল্লা-হু লাকুম ওয়ালা-

অন্য কাউকে দেননি (২১) হে আমার কওম! তোমরা সে পবিত্র ভূমিতে প্রবেশ কর যা আল্লাহ তোমাদের জন্য নির্ধারিত করেছেন। আর তোমরা

تَرْتَدُّوْا عَلٰۤى اَدْبَارِكُمْ فَتَنْقَلِبُوْا خٰسِرِيْنَ ﴿۲۱﴾ قَالُوْا يٰمُوْسٰۤى اِنَّ فِيْهَا قَوْمًا

তারতাদ্দূ 'আলা~আদ্‌বা-রিকুম ফাতান্‌ক্বালিবূ খা-সিরীন। ২২। ক্বা-লূ ইয়া-মূসা~ইন্না ফীহা- ক্বাওমান্

পশ্চাতের দিকে ফিরে যেও না, তবে তোমরা ক্ষতিগ্রস্ত হয়ে পড়বে। (২২) তারা বলল, হে মূসা! সেখানে তো এক শক্তিশালী

جَبَّارِيْنَ ۖ وَاِنَّا لَنْ نَّدْخُلَهَا حَتّٰى يَخْرُجُوْا مِنْهَا ۚ فَاِنْ يَّخْرُجُوْا مِنْهَا فَاِنَّا

জ্বাব্বা-রীন, ওয়া ইন্না- লান্‌নাদ্‌খুলাহা- হ্বাত্তা- ইয়াখ্‌রুজূ মিন্‌হা-, ফাইঁই ইয়াখ্‌রুজূ মিন্‌হা- ফাইন্না-

জাতি রয়েছে। তারা সেখান থেকে বের না হওয়া পর্যন্ত আমরা সেখানে কিছুতেই প্রবেশ করব না। তবে তারা সেখান থেকে বের হলে, আমরা অবশ্যই

○ টীকা (আঃ ১৯) ঃ অর্থাৎ যদি তোমরা এই সুসংবাদ দাতা ও সতর্ককারীর কথা না মানো তবে মনে রেখো আল্লাহ তা'আলা সর্বক্ষম ও সর্বশক্তিমান। তিনি বিনা বাধায় যে কোন শাস্তি ইচ্ছা করেন তোমাদের দান করতে পারেন। ○ টীকা (আঃ ১৯) ঃ على فترة من الرسل ঃ সুদীর্ঘ বিরতির পর রাসূলের আগমন ঘটেছে। অর্থাৎ ঈসা (আ) ও মুহাম্মদ (সা)-এর আবির্ভাবের মাঝখানে সুদীর্ঘকাল অতিবাহিত হয়ে গেছে। এ দু' নবীর আগমনের মধ্যে কতকাল অতিবাহিত হয়েছে সে ব্যাপারে মতভেদ রয়েছে। কেউ বলেন, ঈসা (আ)-এর পর ছয়শ বছর নবুওয়াতের ধারা বন্ধ ছিল। কেউ বলেন, পাঁচশত ষাট বছর, কেউ বলেন, পাঁচশত চল্লিশ বছর, কেউ বলেন, চারশ ত্রিশ বছর। (তাঃ ইবনে কাছীর)

دٰخِلُوْنَ ﴿۲۲﴾ قَالَ رَجُلٰنِ مِنَ الَّذِيْنَ يَخَافُوْنَ اَنْعَمَ اللّٰهُ عَلَيْهِمَا ادْخُلُوْا

দা-খিলূন। ২৩। ক্বা-লা রাজুলা-নি মিনাল্ লাযীনা ইয়াখা-ফূনা আন্'আমাল্লা-হু 'আলাইহিমাদ্‌খুলূ

সেখানে প্রবেশ করতে প্রস্তুত। (২৩) (আল্লাহ) ভীরুদের মধ্য হতে দু' ব্যক্তি বলল, যাদের প্রতি আল্লাহ অনুগ্রহ করছিলেন। তোমরা

عَلَيْهِمُ الْبَابَ ۚ فَاِذَا دَخَلْتُمُوْهُ فَاِنَّكُمْ غٰلِبُوْنَ ۬ۚ وَعَلَى اللّٰهِ فَتَوَكَّلُوْۤا

'আলাইহিমুল বা-ব, ফাইযা- দাখাল্‌তুমূহু ফাইন্নাকুম গা-লিবূন, ওয়া 'আলাল্লা-হি ফাতাওয়াক্কালূ~

তাদের ওপর দরজা দিয়ে প্রবেশ কর। অনন্তর যখন তোমরা দরজায় প্রবেশ করবে, নিশ্চয়ই তোমরা বিজয়ী হবে। আর তোমরা আল্লাহর উপর ভরসা কর,

اِنْ كُنْتُمْ مُّؤْمِنِيْنَ ﴿۲۳﴾ قَالُوْا يٰمُوْسٰۤى اِنَّا لَنْ نَّدْخُلَهَاۤ اَبَدًا مَّا دَامُوْا فِيْهَا

ইন্ কুন্তুম্ মু'মিনীন। ২৪। ক্বা-লূ ইয়া-মূসা~ইন্না- লান্ নাদ্‌খুলাহা~আবাদাম্ মা-দা-মূ ফীহা-

যদি তোমরা মুমিন হও, (২৪) তারা বলল, হে মূসা! আমরা কিছুতেই সেখানে প্রবেশ করব না যে পর্যন্ত তারা সেখানে থাকবে। অতএব, আপনি ও

فَاذْهَبْ اَنْتَ وَرَبُّكَ فَقَاتِلَاۤ اِنَّا هٰهُنَا قٰعِدُوْنَ ﴿۲۴﴾ قَالَ رَبِّ اِنِّيْ لَاۤ اَمْلِكُ

ফায্‌হাব্ আন্‌তা ওয়া রাব্বুকা ফাক্বা-তিলা~ইন্না- হা-হুনা- ক্বা-'ইদূন। ২৫। ক্বা-লা রাব্বি ইন্নী লা~আম্‌লিকু

আপনার প্রতিপালক সেখানে যান এবং উভয়ে লড়াই করুন। আমরা এখানেই বসে রলাম। (২৫) (মূসা আ) বললেন, হে আমার প্রতিপালক! আমার নিজসত্ত্বা ও

اِلَّا نَفْسِيْ وَاَخِيْ فَافْرُقْ بَيْنَنَا وَبَيْنَ الْقَوْمِ الْفٰسِقِيْنَ ﴿۲۵﴾ قَالَ فَاِنَّهَا

ইল্লা- নাফসী ওয়া আখী ফাফ্‌রুক্ব্ বাইনানা- ওয়া বাইনাল ক্বাওমিল ফা-সিক্বীন। ২৬। ক্বা-লা ফাইন্নাহা-

আমার ভাইয়ের উপর ছাড়া অন্য কারো উপরই ক্ষমতা রাখি না। সুতরাং আপনি আমাদের ও অবাধ্য সম্প্রদায়ের মধ্যে ফয়সালা করে দিন। (২৬) আল্লাহ বললেন,

مُحَرَّمَةٌ عَلَيْهِمْ اَرْبَعِيْنَ سَنَةً ۚ يَتِيْهُوْنَ فِي الْاَرْضِ ؕ فَلَا تَاْسَ عَلَى

মুহার্‌রামাতুন 'আলাইহিম আরবা'ঈনা সানাহ, ইয়াতীহূনা ফিল আর্‌দ্ব ; ফালা- তা'সা 'আলাল্

তাদের জন্য চল্লিশ বছর পর্যন্ত এ ভূ-খণ্ড নিষিদ্ধ করা হলো। তারা পৃথিবীতে উদভ্রান্ত হয়ে ঘুরে বেড়াবে। সুতরাং আপনি এ পাপিষ্ঠ সম্প্রদায়ের

الْقَوْمِ الْفٰسِقِيْنَ ﴿۲۶﴾ وَاتْلُ عَلَيْهِمْ نَبَاَ ابْنَيْ اٰدَمَ بِالْحَقِّ ۘ اِذْ قَرَّبَا قُرْبَانًا

ক্বাওমিল ফা-সিক্বীন। ২৭। ওয়াত্‌লু 'আলাইহিম নাবাআব্ নাই আ-দামা বিল্ হ্বাক্ব্ব্। ইয্ ক্বার্‌রাবা- ক্বুরবা-নান্

জন্য দুঃখ করবেন না। (২৭) আর আপনি আদমের দু'পুত্রের বিবরণ যথাযথভাবে তাদেরকে শোনিয়ে দিন। যখন তারা উভয়ে এক একটি কুরবানী

৪ ع ৭ ৮ রুকূ' ৮ ওয়াক্বফে গোফরান

فَتُقُبِّلَ مِنْ اَحَدِهِمَا وَلَمْ يُتَقَبَّلْ مِنَ الْاٰخَرِ ؕ قَالَ لَاَقْتُلَنَّكَ ؕ قَالَ

ফাতুক্বুব্বিলা মিন্ আহ্বাদিহিমা- ওয়া লাম ইয়ুতাক্বাব্বাল মিনাল আ-খার ; ক্বা-লা লাআক্বতুলান্নাক ; ক্বা-লা

করল, এবং তন্মধ্য হতে একজনার কুরবানী কবুল হল আর দ্বিতীয় জনেরটি কবুল হল না। সে বলতে লাগল, অবশ্যই আমি তোমাকে হত্যা করব। সে বলল,

○ টীকা (আঃ ২৫) ঃ فانها محرمة ঃ মূসা (আ) যখন বনী ঈসরাঈলদেরকে জিহাদের জন্য আহ্বান করেছিলেন তখন তারা তাঁর আহ্বান উপেক্ষা করার ফলে তীহ ময়দানে তাদেরকে প্রায় বন্দী করে রাখা হয় এবং চল্লিশ বছরের মধ্যে অন্য কোথাও বের হওয়া তাঁদের জন্য নিষিদ্ধ করা হয়। সে উন্মুক্ত প্রান্তরে তারা উদভ্রান্তের মত ঘুরতে থাকে। সীমানা পার হয়ে বের হওয়া তাদের জন্য নিষিদ্ধ ও অসাধ্য ছিল। (তাঃ ইবনে কাছীর)

○ টীকা (আঃ ২৭) ঃ হাবীল একটি সুন্দর দুম্বা আনয়ন করেছিল এবং কাবীল আনয়ন করেছিল কতগুলো শস্যের খোসা। তা এনে একস্থানে রেখে দিল। আকাশ হতে অগ্নিশিখা এসে হাবীলের মান্নত সেই দুম্বাটি পুড়ায়ে দিল। সে সময় এটাই কবুল হওয়ার আলামত ছিল। (তাঃ আশরাফী)

إِنَّمَا يَتَقَبَّلُ اللّٰهُ مِنَ الْمُتَّقِينَ ۝ لَئِنْ بَسَطْتَ إِلَيَّ يَدَكَ لِتَقْتُلَنِي

ইন্নামা- ইয়াতাক্বাব্বালুল্লা-হু মিনাল মুত্তাক্বীন। ২৮। লাইম বাসাত্বতা ইলাইয়্যা ইয়াদাকা লিতাক্বতুলানী
আল্লাহ শুধু পরহেজগারদের থেকেই (কুরবানী) কবুল করেন। (২৮) তুমি যদি আমাকে হত্যা করার জন্য, আমার দিকে

مَا أَنَا بِبَاسِطٍ يَدِيَ إِلَيْكَ لِأَقْتُلَكَ ۚ إِنِّي أَخَافُ اللّٰهَ رَبَّ الْعٰلَمِينَ ۝

মা~আনা বিবা-সিত্বিই ইয়াদিইয়া ইলাইকা লিআক্বতুলাক, ইন্নী~আখা-ফুল্লা-হা রাব্বাল্ 'আ-লামীন।
হাত বাড়াও, তথাপি তোমাকে হত্যা করার জন্য আমি তোমার দিকে হাত বাড়াব না। নিশ্চয় আমি তো বিশ্বজগতের প্রতিপালক আল্লাহকে ভয় করি।

۝ إِنِّي أُرِيدُ أَنْ تَبُوءَ بِإِثْمِي وَإِثْمِكَ فَتَكُونَ مِنْ أَصْحٰبِ النَّارِ ۚ وَذٰلِكَ

২৯। ইন্নী~উরীদু আন্ তাবূ—আ বিইছমী ওয়া ইছমিকা ফাতাকূনা মিন্ আস্বহা-বিন্ নার, ওয়া যা-লিকা
(২৯) আমি তো চাই যে, আমার গুনাহ ও তোমার গুনাহ তুমিই বহন করে নাও, অতঃপর তুমি জাহান্নামের অধিবাসী হও। আর এটাই জালিমদের প্রতিফল

جَزٰٓؤُا الظّٰلِمِينَ ۝ فَطَوَّعَتْ لَهُ نَفْسُهُ قَتْلَ أَخِيهِ فَقَتَلَهُ فَأَصْبَحَ مِنَ الْخٰسِرِينَ ۝

জাযা—উয্ য্বা-লিমীন। ৩০। ফাত্বাওয়া'আত্ লাহূ নাফ্সুহূ ক্বাতলা আখীহি ফাক্বাতালাহূ ফাআস্বাহা মিনাল খা-সিরীন।
হয়ে থাকে। (৩০) অতঃপর তার অন্তর তাকে নিজ ভাইকে হত্যা করতে উদ্বুদ্ধ করল। অতএব সে তাকে হত্যা করল, ফলে সে ক্ষতিগ্রস্তদের অন্তর্ভুক্ত হল।

۝ فَبَعَثَ اللّٰهُ غُرَابًا يَبْحَثُ فِي الْأَرْضِ لِيُرِيَهُ كَيْفَ يُوَارِي سَوْءَةَ أَخِيهِ ۚ

৩১। ফাবা'আছাল্লা-হু গুরা-বাই ইয়াব্হাছু ফিল আরদ্বি লিইউরিইয়াহূ কাইফা ইউওয়া-রী সাওআতা আখীহ ;
(৩১) অতঃপর আল্লাহ একটি কাক পাঠালেন। সে মাটি খনন করতে লাগল, ভাই-এর মৃতদেহ কিভাবে আবৃত করতে হয় তা শেখাবার জন্য।

قَالَ يٰوَيْلَتٰٓى أَعَجَزْتُ أَنْ أَكُونَ مِثْلَ هٰذَا الْغُرَابِ فَأُوَارِيَ سَوْءَةَ أَخِي ۚ

ক্বা-লা ইয়া- ওয়াইলাতা~আ'আজ্বাযতু আন্ আকূনা মিছ্লা হা-যাল গুরা-বি ফাউওয়া-রিইয়া সাওআতা আখী,
সে বলল, হায় আফসোস! আমি কি এই কাকের মতও হতে অক্ষম হলাম যে, আমার ভাইয়ের মৃতদেহ আবৃত করতে পারি।

فَأَصْبَحَ مِنَ النّٰدِمِينَ ۝ مِنْ أَجْلِ ذٰلِكَ ۚ كَتَبْنَا عَلٰى بَنِيٓ إِسْرٰٓءِيلَ أَنَّهُ

ফাআস্বাহা মিনান্ না-দিমীন। ৩২। মিন আজ্বলি যা-লিক, কাতাব্না- 'আলা- বানী~ইস্রা—ঈলা আন্নাহূ
ফলে সে অনুতপ্ত হলো। (৩২) এ কারণেই আমি বনী ইসরাঈলদের প্রতি এ বিধান নির্ধারণ করে দিয়েছি যে, যদি কেউ

مَنْ قَتَلَ نَفْسًا بِغَيْرِ نَفْسٍ أَوْ فَسَادٍ فِي الْأَرْضِ فَكَأَنَّمَا قَتَلَ النَّاسَ

মান্ ক্বাতালা নাফ্সাম বিগাইরি নাফসিন্ আও ফাসা-দিন্ ফিল আরদ্বি ফাকাআন্নামা- ক্বাতালান্ না-সা
কাউকে হত্যা করে, অন্য প্রাণের বিনিময় ব্যতীত, অথবা পৃথিবীতে অনিষ্টকর কার্য করা ব্যতীত, তবে সে যেন সকল লোককেই হত্যা করল।

○ টীকা (আঃ ৩০) ঃ কাবীল ও হাবীলের ঘটনা ঃ কাবীল তার ভাই হাবীলকে হত্যা করার সুযোগ খুঁজতে ছিল। একদিন হাবীল পাহাড়ের উপর পশু চরাতে চরাতে ঘুমিয়ে পড়েন। ইতিমধ্যে কাবীল এসে তাকে ঘুমন্ত দেখে একটি পাথর উঠিয়ে তার মাথায় নিক্ষেপ করল। তৎক্ষণাৎ তিনি সে স্থানে মারা যান। সে তাকে হত্যা করে খোলা আকাশের নীচে রেখে আসছিল। কারণ সমাধিস্থ করার নিয়ম তার জানা ছিল না। এ সময় আল্লাহ তায়ালা দু'টি কাক প্রেরণ করেন, যারা পরস্পরে সম্পর্কীয়। কাক দুটির একটি অপরটিকে মেরে ফেলল। অতঃপর জীবিত কাকটি একটি গর্ত খনন করে তার মধ্যে মৃত কাকটিকে রেখে মাটি দিয়ে চাপা দিল। অতঃপর সে (কাবিল) কাকের কাছে শিখে তার ভায়ের মৃত দেহ অনুরূপ ভাবে রাখল। (তাঃ ইবনে কাছীর)

جَمِيعًا ۚ وَمَنْ أَحْيَاهَا فَكَأَنَّمَا أَحْيَا النَّاسَ جَمِيعًا ۚ وَلَقَدْ جَآءَتْهُمْ رُسُلُنَا

জ্বামী'আ-; ওয়া মান্ আহ্ইয়া-হা- ফাকাআন্নামা~আহ্ইয়ান্ না-সা জ্বামী'আ-; ওয়া লাক্বাদ জ্বা—আত্হুম রুসুলুনা-
আর যে ব্যক্তি কারো প্রাণ রক্ষা করে, সে যেন সকল মানুষের প্রাণ রক্ষা করে। আর বনী ইসরাঈলদের প্রতি আমার রাসূলগণ

بِالْبَيِّنٰتِ ثُمَّ إِنَّ كَثِيرًا مِنْهُمْ بَعْدَ ذٰلِكَ فِي الْأَرْضِ لَمُسْرِفُونَ ۝

বিল বাইয়্যিনা-তি ছুম্মা ইন্না ক্বাছীরাম মিনহুম বা'দা যা-লিকা ফিল্ আরদ্বি লামুস্রিফূন।
স্পষ্ট নিদর্শনসহ এসেছিলেন। তারপরও তাদের মধ্যে অনেকেই পৃথিবীতে সীমালংঘনকারী রয়ে গেল।

۝ إِنَّمَا جَزٰٓؤُا الَّذِينَ يُحَارِبُونَ اللّٰهَ وَرَسُولَهُ وَيَسْعَوْنَ فِي الْأَرْضِ

৩৩। ইন্নামা- জ্বাযা—উল্ লাযীনা ইউহা-রিবূনাল্লা-হা ওয়া রাসূলাহূ ওয়া ইয়াস্'আওনা ফিল্ আরদ্বি
(৩৩) নিশ্চয় যারা আল্লাহ ও তাঁর রাসূলের বিরুদ্ধে যুদ্ধ করে ও পৃথিবীতে গোলযোগ সৃষ্টি করে বেড়ায় তাদের শাস্তি

فَسَادًا أَنْ يُقَتَّلُوٓا أَوْ يُصَلَّبُوٓا أَوْ تُقَطَّعَ أَيْدِيهِمْ وَأَرْجُلُهُمْ مِنْ خِلٰفٍ

ফাসা-দান আঁই ইউক্বাত্তালূ~আও ইউস্বাল্লাবূ~আও তুক্বাত্ত্বা'আ আইদীহিম ওয়া আরজুলুহুম মিন খিলা-ফিন্
এই যে, তাদেরকে হত্যা করা হবে অথবা তাদেরকে শূলবিদ্ধ করানো হবে অথবা তাদের হাত ও পা বিপরীত দিক থেকে কেটে

أَوْ يُنْفَوْا مِنَ الْأَرْضِ ۚ ذٰلِكَ لَهُمْ خِزْيٌ فِي الدُّنْيَا ۖ وَلَهُمْ فِي الْآخِرَةِ

আও ইউন্ফাও মিনাল্ আরদ্ব ; যা-লিকা লাহুম খিয্ইউন্ ফিদ্ দুনইয়া- ওয়া লাহুম ফিল্ আ-খিরাতি
ফেলা হবে অথবা তাদেরকে দেশ থেকে বহিষ্কার করে দেয়া হবে। আর এটা তো তাদের জন্য ইহকালে লাঞ্ছনা, আর পরকালে

عَذَابٌ عَظِيمٌ ۝ إِلَّا الَّذِينَ تَابُوا مِنْ قَبْلِ أَنْ تَقْدِرُوا عَلَيْهِمْ ۚ

'আযা-বুন্ 'আযীম। ৩৪। ইল্লাল্ লাযীনা তা-বূ মিন্ ক্বাবলি আন্ তাক্বদিরূ 'আলাইহিম,
তাদের জন্য রয়েছে মহা শাস্তি। (৩৪) কিন্তু তারা ব্যতীত, তোমাদের আয়ত্বে আসার পূর্বে যারা তওবা করবে।

فَاعْلَمُوٓا أَنَّ اللّٰهَ غَفُورٌ رَحِيمٌ ۝ يٰٓأَيُّهَا الَّذِينَ اٰمَنُوا اتَّقُوا اللّٰهَ وَابْتَغُوٓا

ফা'লামূ~আন্নাল্লা-হা গাফূরুর্ রাহীম। ৩৫। ইয়া~আইয়্যুহাল্ লাযীনা আ-মানুত্তাক্বুল্লা-হা ওয়াব্তাগূ~
জেনে রেখ, আল্লাহ ক্ষমাশীল, পরম দয়ালু। (৩৫) হে মু'মিনগণ! তোমরা আল্লাহকে ভয় কর, এবং তাঁর সান্নিধ্য

إِلَيْهِ الْوَسِيلَةَ وَجٰهِدُوا فِي سَبِيلِهِ لَعَلَّكُمْ تُفْلِحُونَ ۝ إِنَّ الَّذِينَ كَفَرُوا

ইলাইহিল ওয়াসীলাতা ওয়া জ্বা-হিদূ ফী সাবীলিহী লা'আল্লাকুম তুফ্লিহূন। ৩৬। ইন্নাল্ লাযীনা কাফারূ
লাভের উপায় অন্বেষণ কর। আর তাঁর রাস্তায় জেহাদ কর, যাতে তোমরা সফলকাম হতে পার। (৩৬) যারা কুফরী করেছে

○ শানে নুযূল (আঃ ৩৩) ঃ হিজরী ষষ্ঠ বর্ষে উরাইনার কতিপয় লোক এসে ইসলাম গ্রহণপূর্বক মদীনায় বাস করছিল। কিন্তু মদীনার আবহাওয়া সহ্য না হওয়ায় তারা রোগাক্রান্ত হয়ে পড়ল। হুযূর (সা)-এর নিজস্ব পনরটি উট শহরের বাইরে এক বাগানে গোলাম ইয়াসার (রা)-এর রক্ষণাধীনে ছিল। এদেরকে তথায় পাঠিয়ে দেয়া হল, যেন উটের দুগ্ধ ও মূত্র খেয়ে রোগমুক্ত হয়। এরা কিছুদিনের মধ্যেই রোগমুক্ত হয়ে উটগুলি নিয়ে পলায়ন করতে লাগল। ইয়াসার (রা) পশ্চাদ্ধাবন করলে তারা তাঁকে ধরে হাত পা কেটে এবং চক্ষু ও জিহ্বায় কাঁটা বেঁধে শহীদ করল। সংবাদ পেয়ে হুযূর (সা) ইবনে জাবেরের নেতৃত্বে বিশ জন অশ্বারোহী পাঠালেন। তাঁরা তাদেরকে ধরে হুযূরের দরবারে হাযির করলেন, এই ডাকতদের শাস্তি বিধানের জন্য এই আয়াতগুলি নাযিল হয়। (মুঃ কোঃ)

لَوْ اَنَّ لَهُمْ مَّا فِي الْاَرْضِ جَمِيْعًا وَّمِثْلَهٗ مَعَهٗ لِيَفْتَدُوْا بِهٖ مِنْ عَذَابِ يَوْمِ

লাও আন্না লাহুম্ মা- ফিল্ আরদ্বি জ্বামী'আওঁ ওয়া মিছ্লাহূ মা'আহূ লিইয়াফতাদূ বিহী মিন্ 'আযা-বি ইয়াওমিল্

তাদের জন্য যদি পৃথিবীর ভেতরে যা কিছু আছে তা এবং তার সাথে সমপরিমাণ আরো জিনিস থাকে, আর তা কিয়ামতের শাস্তি হতে মুক্তি পণ

الْقِيٰمَةِ مَا تُقُبِّلَ مِنْهُمْ ۚ وَلَهُمْ عَذَابٌ اَلِيْمٌ ﴿٣٧﴾ يُرِيْدُوْنَ اَنْ يَّخْرُجُوْا

ক্বিইয়া-মাতি মা- তুক্বুব্বিলা মিন্হুম, ওয়া লাহুম 'আযা-বুন আলীম । ৩৭ । ইউরীদূনা আই ইয়াখ্রুজ্বূ

হিসেবে প্রদান করে, তবুও তা তাদের থেকে গ্রহণ করা হবে না এবং তাদের জন্য কষ্টদায়ক শাস্তি রয়েছে। (৩৭) তারা দোযখের

مِنَ النَّارِ وَمَا هُمْ بِخٰرِجِيْنَ مِنْهَا ۫ وَلَهُمْ عَذَابٌ مُّقِيْمٌ ﴿٣٨﴾ وَالسَّارِقُ

মিনান্ না-রি ওয়া মা-হুম বিখা-রিজ্বীনা মিন্হা, ওয়া লাহুম 'আযা-বুম্ মুক্বীম । ৩৮ । ওয়াস্ সা-রিকু

আগুন থেকে বের হবার কামনা করবে, কিন্তু তারা সেখান থেকে কখনো বের হতে পারবে না। তাদের জন্য রয়েছে চিরস্থায়ী শাস্তি। (৩৮) পুরুষ চোর

وَالسَّارِقَةُ فَاقْطَعُوْۤا اَيْدِيَهُمَا جَزَآءًۢ بِمَا كَسَبَا نَكَالًا مِّنَ اللّٰهِ ؕ وَاللّٰهُ

ওয়াস্ সা-রিক্বাতু ফাক্বত্বা'উ~আইদিইয়াহুমা- জ্বাযা—আম্ বিমা- কাসাবা- নাকা-লাম্ মিনাল্লা-হ্ ; ওয়াল্লা-হু

ও মহিলা চোর, তাদের উভয়ের হাত কেটে দাও, তাদের কৃতকর্মের শাস্তিস্বরূপ। এটা আল্লাহর তরফ থেকে দৃষ্টান্তমূলক শাস্তি। আর আল্লাহ

عَزِيْزٌ حَكِيْمٌ ﴿٣٩﴾ فَمَنْ تَابَ مِنْۢ بَعْدِ ظُلْمِهٖ وَاَصْلَحَ فَاِنَّ اللّٰهَ يَتُوْبُ عَلَيْهِ ؕ

'আযীযুন হ্বাকীম । ৩৯ । ফামান্ তা-বা মিম্ বা'দি যুল্মিহী ওয়া আস্বলাহ্বা ফাইন্নাল্লা-হা ইয়াতূবু 'আলাইহ্ ;

অতিশয় ক্ষমতাশীল, মহাবিজ্ঞ। (৩৯) কিন্তু অপরাধের পরে কেউ তওবা করলে এবং নিজেকে সংশোধন করলে, নিশ্চয় আল্লাহ তার প্রতি ক্ষমাপরায়ণ হবেন।

اِنَّ اللّٰهَ غَفُوْرٌ رَّحِيْمٌ ﴿٤٠﴾ اَلَمْ تَعْلَمْ اَنَّ اللّٰهَ لَهٗ مُلْكُ السَّمٰوٰتِ وَالْاَرْضِ ؕ

ইন্নাল্লা-হা গাফূরুর্ রাহ্বীম । ৪০ । আলাম তা'লাম আন্নাল্লা-হা লাহূ মুল্কুস্ সামা-ওয়া-তি ওয়াল্ আরদ্ব ;

নিশ্চয় আল্লাহ ক্ষমাশীল ও দয়ালু। (৪০) আপনি কি জানেন না যে, আসমান ও যমীনের সার্বভৌম ক্ষমতা একমাত্র আল্লাহরই।

يُعَذِّبُ مَنْ يَّشَآءُ وَيَغْفِرُ لِمَنْ يَّشَآءُ ؕ وَاللّٰهُ عَلٰى كُلِّ شَيْءٍ قَدِيْرٌ ﴿٤١﴾ يٰۤاَيُّهَا

ইউ'আয্যিবু মাই ইয়াশা—উ ওয়া ইয়াগ্ফিরু লিমাই ইয়াশা—উ ; ওয়াল্লা-হু 'আলা- কুল্লি শাইয়িন্ ক্বাদীর । ৪১ । ইয়া~আইয়্যুহার্

তিনি যাকে ইচ্ছা শাস্তি দেন এবং যাকে ইচ্ছা ক্ষমা করে দেন। আল্লাহ সর্ব বিষয়ে শক্তিমান। (৪১) হে রাসূল।

الرَّسُوْلُ لَا يَحْزُنْكَ الَّذِيْنَ يُسَارِعُوْنَ فِي الْكُفْرِ مِنَ الَّذِيْنَ قَالُوْۤا اٰمَنَّا

রাসূলু লা- ইয়াহ্বযুনকাল্ লাযীনা ইউসা-রি'উনা ফিল কুফ্রি মিনাল্ লাযীনা ক্বা-লূ~আ-মান্না-

আপনাকে যেন চিন্তিত না করে (তাদের ব্যাপারে) যারা কুফরীতে দ্রুত ধাবিত হয়, যারা মুখে তো বলে আমরা ঈমান এনেছি,

○ শানে নুযূল (আঃ ৪১) ঃ খায়বারের কোন ইয়াহুদী পরিবারের দুইজন বিবাহিত পুরুষ ও নারী যিনা করল। তাওরাতে এর শাস্তি হল 'সঙ্গেসার'। তারা মদীনায় এসে রাসূল (সা)-কে জিজ্ঞাসা করল, আপনার নিকট এর বিধান কি? তিনি বললেন, "সঙ্গেসার"। তারা বলল, তাওরাতের বিধান তো এরূপ নয়, বরং ৪০ বেত এবং মুখে কালি মেখে গাধার পীঠে চড়ায়ে শহরে ঘুরানো। জিবরাঈল (আ) এসে হুযূর (সা)-কে বললেন, এরা মিথ্যা বলছে। আপনি ইয়াহুদী আলেম ইবনে সুরিয়াকে জিজ্ঞাসা করুন। জিজ্ঞাসা করলে ইবনে সূরিয়া বলল, তাওরাতেও সঙ্গেসারেরই বিধান। অতঃপর হুযূর (সা) রায় দিলেন, উভয়কে মসজিদের দরজার পার্শ্বে পাথর মেরে হত্যা করা হোক। এ সম্বন্ধে এ আয়াতগুলি নাযিল হয়। (মুঃ কোঃ)

بِاَفْوَاهِهِمْ وَلَمْ تُؤْمِنْ قُلُوْبُهُمْ ۛۚ وَمِنَ الَّذِيْنَ هَادُوْا ۛۚ سَمّٰعُوْنَ لِلْكَذِبِ

বিআফ্ওয়া-হিহিম ওয়া লাম তু'মিন্ কুলূবুহুম ; ওয়া মিনাল্ লাযীনা হা-দূ সাম্মা-'উনা লিল কাযিবি

অথচ তাদের অন্তর ঈমান আনে নি। আর ইয়াহূদীদের মধ্যে কতক এমন রয়েছে যারা অসত্য শ্রবণে অভ্যস্ত। তারা এমন এক

سَمّٰعُوْنَ لِقَوْمٍ اٰخَرِيْنَ ۙ لَمْ يَاْتُوْكَ ؕ يُحَرِّفُوْنَ الْكَلِمَ مِنْۢ بَعْدِ مَوَاضِعِهٖ ۚ

সাম্মা-'উনা লিক্বাওমিন আ-খারীনা লাম ইয়া'তূক ; ইউহ্বাররিফূনাল কালিমা মিম্ বা'দি মাওয়া-দ্বি'ইহ্,

সম্প্রদায়ের জন্য তারা কান পেতে শ্রবণ করে যারা আপনার কাছে আসে না। তারা শব্দগুলো সঠিকভাবে সাজানো থাকা সত্ত্বেও

يَقُوْلُوْنَ اِنْ اُوْتِيْتُمْ هٰذَا فَخُذُوْهُ وَاِنْ لَّمْ تُؤْتَوْهُ فَاحْذَرُوْا ؕ وَمَنْ يُّرِدِ

ইয়াকূলূনা ইন্ উতীতুম হা-যা- ফাখুযূহু ওয়াইল্লাম তু'তাওহু ফাহ্যারূ ; ওয়া মাই ইউরিদি

সেগুলোর অর্থে বিকৃত রূপ দেয়। তারা বলে, তোমরা যদি এ রূপ বিধান পাও, তবে তা গ্রহণ কর। আর যদি না পাও, তবে বর্জন

اللّٰهُ فِتْنَتَهٗ فَلَنْ تَمْلِكَ لَهٗ مِنَ اللّٰهِ شَيْـًٔا ؕ اُولٰٓئِكَ الَّذِيْنَ لَمْ يُرِدِ اللّٰهُ

ল্লা-হু ফিত্নাতাহূ ফালান্ তাম্লিকা লাহূ মিনাল্লা-হি শাইআ- ; উলা—ইকাল্ লাযীনা লাম্ ইউরিদিল্লা-হু

করবে। আর আল্লাহ যাকে পথভ্রষ্ট করতে চান, তার জন্য আল্লাহর কাছে আপনার কোন কিছুই করার নেই। আল্লাহ চান না

اَنْ يُّطَهِّرَ قُلُوْبَهُمْ ؕ لَهُمْ فِي الدُّنْيَا خِزْيٌ ۚۖ وَّلَهُمْ فِي الْاٰخِرَةِ عَذَابٌ عَظِيْمٌ ۝

আই ইউত্বাহ্হিরা কুলূবাহুম ; লাহুম ফিদ্ দুন্ইয়া- খিয্ইউওঁ ওয়া লাহুম ফিল আ-খিরাতি 'আযা-বুন 'আযীম।

তাদের অন্তরকে পবিত্র করতে। ইহকালে তাদের জন্য রয়েছে লাঞ্ছনা ও পরকালে তাদের জন্য রয়েছে ভীষণ শাস্তি।

﴿٤٢﴾ سَمّٰعُوْنَ لِلْكَذِبِ اَكّٰلُوْنَ لِلسُّحْتِ ؕ فَاِنْ جَآءُوْكَ فَاحْكُمْ بَيْنَهُمْ

৪২। সাম্মা-'উনা লিল্ কাযিবি আক্কা-লূনা লিস্ সুহ্বত ; ফাইন্ জ্বা—উকা ফাহ্বকুম্ বাইনাহুম

(৪২) তারা মিথ্যা শ্রবণে খুব আগ্রহী এবং হারাম খাদ্যে অতিশয় আসক্ত। অতএব তারা যদি আপনার কাছে আসে, তবে আপনি তাদের মাঝে ফয়সালা করে দিন

اَوْ اَعْرِضْ عَنْهُمْ ۚ وَاِنْ تُعْرِضْ عَنْهُمْ فَلَنْ يَّضُرُّوْكَ شَيْـًٔا ؕ وَاِنْ

আও আ'রিদ্ব 'আন্হুম, ওয়া ইন্ তু'রিদ্ব 'আন্হুম ফালাই ইয়াদ্বুর্রূকা শাইআ- ; ওয়া ইন্

অথবা তাদের থেকে ফিরে থাকুন। যদি আপনি তাদের থেকে ফিরে থাকেন, তবে তারা আপনার বিন্দু মাত্রও ক্ষতি করতে পারবে না। আর যদি আপনি

حَكَمْتَ فَاحْكُمْ بَيْنَهُمْ بِالْقِسْطِ ؕ اِنَّ اللّٰهَ يُحِبُّ الْمُقْسِطِيْنَ ﴿٤٣﴾ وَكَيْفَ

হ্বাকাম্তা ফাহ্বকুম্ বাইনাহুম বিল ক্বিস্ত্ব ; ইন্নাল্লা-হা ইউহ্বিব্বুল মুক্বসিত্বীন। ৪৩। ওয়া কাইফা

তাদের মধ্যে ফয়সালা করেন, তবে ন্যায়ভাবে ফয়সালা করবেন। আল্লাহ ন্যায়পরায়ণদেরকেই ভালবাসেন। (৪৩) আর তারা

يُحَكِّمُوْنَكَ وَعِنْدَهُمُ التَّوْرٰىةُ فِيْهَا حُكْمُ اللّٰهِ ثُمَّ يَتَوَلَّوْنَ مِنْۢ بَعْدِ ذٰلِكَ ؕ

ইউহ্বাক্কিমূনাকা ওয়া 'ইন্দাহুমুত্ তাওরা-তু ফীহা- হুকমুল্লা-হি ছুম্মা ইয়াতাওয়াল্লাওনা মিম বা'দি যা-লিক ;

কিভাবে আপনার উপর ফয়সালার দায়িত্ব অর্পণ করবে? অথচ তাদের কাছে রয়েছে তাওরাত যাতে আল্লাহর হুকুম রয়েছে।

وَمَآ اُولٰٓئِكَ بِالْمُؤْمِنِيْنَ ﴿٤٣﴾ اِنَّآ اَنْزَلْنَا التَّوْرٰىةَ فِيْهَا هُدًى وَّنُوْرٌ ۚ يَحْكُمُ

ওয়ামা~উলা~ইকা বিল মু'মিনীন। ৪৪। ইন্না~আন্‌যাল্‌নাত্‌ তাওরা-তা ফীহা- হুদাওঁ ওয়া নূর, ইয়াহ্কুমু

এর পরেও তারা মুখ ফিরিয়ে রাখে, তারা কখনই ঈমানদার নয়। (৪৪) নিশ্চয় আমি তাওরাত অবতীর্ণ করেছিলাম যার ভেতর হেদায়াত ও নূর ছিল।

৬ ع ১০ রুকূ

بِهَا النَّبِيُّوْنَ الَّذِيْنَ اَسْلَمُوْا لِلَّذِيْنَ هَادُوْا وَالرَّبّٰنِيُّوْنَ وَالْاَحْبَارُ بِمَا

বিহান্ নাবিয়্যূনাল্ লাযীনা আস্‌লামূ লিল্লাযীনা হা-দূ ওয়ার্ রাব্বা-নিইয়্যূনা ওয়াল্ আহ্বা-রু বিমাস্

আল্লাহর অনুগত নবীগণ, তদনুযায়ী ইয়াহুদীদের হুকুম দিতেন। আর আল্লাহভক্তগণ ও জ্ঞানীগণও। এ কারণে যে, তাদেরকে

اسْتُحْفِظُوْا مِنْ كِتٰبِ اللّٰهِ وَكَانُوْا عَلَيْهِ شُهَدَآءَ ۚ فَلَا تَخْشَوُا النَّاسَ

তুহ্‌ফিযূ মিন্ কিতা-বিল্লা-হি ওয়া কা-নূ 'আলাইহি শুহাদা—আ, ফালা- তাখ্‌শাউন্ না-সা

আল্লাহর কিতাবের সংরক্ষণের দায়িত্ব দেয়া হয়েছিল এবং তারা ছিল এর সাক্ষী। সুতরাং তোমরা মানুষকে ভয় কর না বরং আমাকেই ভয় কর।

وَاخْشَوْنِ وَلَا تَشْتَرُوْا بِاٰيٰتِيْ ثَمَنًا قَلِيْلًا ؕ وَمَنْ لَّمْ يَحْكُمْ بِمَآ اَنْزَلَ اللّٰهُ

ওয়াখ্‌শাওনি ওয়ালা- তাশ্‌তারূ বিআ-ইয়া-তী ছামানান্ ক্বালীলা- ; ওয়ামাল্ লাম ইয়াহ্কুম্ বিমা~আন্‌যালাল্লা-হু

আর আমার আয়াতগুলোর বিনিময় তুচ্ছ বস্তু গ্রহণ করো না। আর যারা আল্লাহ যা অবতীর্ণ করেছেন সে অনুযায়ী ফয়সালা

فَاُولٰٓئِكَ هُمُ الْكٰفِرُوْنَ ﴿٤٤﴾ وَكَتَبْنَا عَلَيْهِمْ فِيْهَآ اَنَّ النَّفْسَ بِالنَّفْسِ ۙ

ফাউলা—ইকা হুমুল কা-ফিরূন। ৪৫। ওয়া কাতাব্‌না- 'আলাইহিম ফীহা~আন্নান্ নাফ্‌সা বিন্ নাফ্‌সি

না দিবে, তারাই পূর্ণ কাফির (৪৫) আর আমি তাদের জন্য তাতে (তাওরাতে) এ বিধান দিয়েছিলাম যে, প্রাণের বদলে প্রাণ,

وَالْعَيْنَ بِالْعَيْنِ وَالْاَنْفَ بِالْاَنْفِ وَالْاُذُنَ بِالْاُذُنِ وَالسِّنَّ بِالسِّنِّ ۙ

ওয়াল 'আইনা বিল 'আইনি ওয়াল্ আন্‌ফা বিল আন্‌ফি ওয়াল্ উযুনা বিল্ উযুনি ওয়াস্‌সিন্না বিস্‌সিন্নি

চোখের বদলে চোখ, নাকের বদলে নাক, কানের বদলে কান, দাঁতের বদলে দাঁত

وَالْجُرُوْحَ قِصَاصٌ ؕ فَمَنْ تَصَدَّقَ بِهٖ فَهُوَ كَفَّارَةٌ لَّهٗ ؕ وَمَنْ لَّمْ يَحْكُمْ

ওয়াল জুরূহা ক্বিস্বা-স্ব ; ফামান তাস্বাদ্দাক্বা বিহী ফাহুওয়া কাফ্‌ফা-রাতুল্ লাহ ; ওয়ামাল্ লাম ইয়াহ্কুম

এবং বিশেষ যখমের বদলে অনরূপ যখম। কিন্তু যে তা ক্ষমা করবে, তবে সে গুনাহ হতে পবিত্র হয়ে যাবে। আর আল্লাহ যা

بِمَآ اَنْزَلَ اللّٰهُ فَاُولٰٓئِكَ هُمُ الظّٰلِمُوْنَ ﴿٤٥﴾ وَقَفَّيْنَا عَلٰٓى اٰثَارِهِمْ بِعِيْسَى ابْنِ

বিমা~আন্‌যালাল্লা-হু ফাউলা—ইকা হুমুয্ যা-লিমূন। ৪৬। ওয়া ক্বাফ্‌ফাইনা- 'আলা~আ-ছা-রিহিম্ বি'ঈসাব্‌নি

অবতীর্ণ করেছেন সে অনুযায়ী যে ফয়সালা না করে, তবে তারাই তো যালিম (৪৬) এবং আমি তাদের পশ্চাতে প্রেরণ করেছিলাম

✪ টীকা (আঃ ১১০) ঃ وعلى والدتك - মায়ের প্রাপ্ত অনুগ্রহ, হযরত ঈসাকে (আ) এ জন্য স্মরণ করায়ে দিয়েছেন যে, মূলের প্রতি প্রদর্শিত অনুগ্রহ প্রকারান্তরে শাখার প্রতিও অনুগ্রহ। অর্থাৎ, তুমি এরূপ মূলের শাখা যা পবিত্র। (তাঃ আশরাফী) ✪ বিশ্লেষণ (আঃ ১১০) ঃ روح القدس ঃ পবিত্র আত্মা দ্বারা জীবরাঈলকে (আ) বুঝানো হয়েছে। حوارى ঃ হাওয়ারী অর্থ– ঈসার (আ) অনুসারীগণ। (তাঃ ইবনে কাছীর) ✪ টীকা (আঃ ১১০) ঃ "কেতাব" শব্দের অর্থ কোন কোন ভাষ্যকার "লিখন" গ্রহণ করেছেন। তদনুসারেই আমরা অনুবাদ করেছি। আর কোন কোন ভাষ্যকার "কেতাব" অর্থে সমুদয় আসমানী গ্রন্থ বলে মর্ম গ্রহণ করেছেন এবং তাওরাত ও ইঞ্জিল সম্বন্ধে লিখেছেন যে, এগুলোর বিশেষ করে নাম নেয়া এদের বৈশিষ্ট্য ও মাহাত্ম্যেরই জন্য।

الْمَوْتٰى بِاِذْنِىْ ۚ وَاِذْ كَفَفْتُ بَنِىْٓ اِسْرَآءِيْلَ عَنْكَ اِذْ جِئْتَهُمْ بِالْبَيِّنٰتِ

মাওতা- বিইয্‌নী, ওয়া ইয্ কাফাফ্‌তু বানী~ইস্‌রা—ঈলা 'আন্‌কা ইয্ জি'তাহুম্ বিল বাইয়্যিনা-তি

জীবিত করতে। আর (স্মরণ কর) যখন আমি বনী ঈসরাইলদেরকে তোমার (হত্যা) থেকে বিরত রেখেছিলাম। যখন তুমি তাদের কাছে সু-স্পষ্ট নিদর্শন নিয়ে

فَقَالَ الَّذِيْنَ كَفَرُوْا مِنْهُمْ اِنْ هٰذَآ اِلَّا سِحْرٌ مُّبِيْنٌ ﴿١١٠﴾ وَاِذْ اَوْحَيْتُ اِلَى

ফাক্বা-লাল্লাযীনা কাফারূ মিন্‌হুম ইন্ হা-যা~ইল্লা- সিহ্‌রুম্ মুবীন। ১১১। ওয়া ইয্ আওহাইতু ইলাল

উপস্থিত হয়েছিলে, তখন তাদের মধ্যে যারা কাফির তারা বলেছিল যে, এসব সু-স্পষ্ট যাদু ছাড়া আর কিছুই নয়। (১১১) আর যখন আমি হাওয়ারীদের প্রতি প্রত্যাদেশ

الْحَوَارِيّٖنَ اَنْ اٰمِنُوْا بِىْ وَبِرَسُوْلِىْ ۚ قَالُوْٓا اٰمَنَّا وَاشْهَدْ بِاَنَّنَا مُسْلِمُوْنَ

হাওয়া-রিইয়্যীনা আন্ আ-মিনূ বী ওয়া বিরাসূলী, ক্বা-লূ~আ-মান্না- ওয়াশ্‌হাদ্ বিআন্নানা- মুস্‌লিমূন।

করলাম যে, তোমরা তোমরা আমার প্রতি ও আমার রাসূলের প্রতি ঈমান আন। তারা বলল, আমরা ঈমান আনলাম এবং আপনি সাক্ষী থাকুন যে, আমরা আত্মসমর্পণকারী।

﴿١١١﴾ اِذْ قَالَ الْحَوَارِيُّوْنَ يٰعِيْسَى ابْنَ مَرْيَمَ هَلْ يَسْتَطِيْعُ رَبُّكَ اَنْ يُّنَزِّلَ

১১২। ইয্ ক্বা-লাল হাওয়া-রিয়্যূনা ইয়া-'ঈসাব্‌না মারইয়ামা হাল্ ইয়াস্‌তাত্বী'উ রাব্বুকা আইঁ ইউনায্‌যিলা

(১১২) স্মরণ কর, যখন হাওয়ারীগণ বলেছিল, হে মারইয়াম পুত্র ঈসা! তোমার প্রতিপালক কি সামর্থ্য রাখেন যে, আমাদের জন্য

عَلَيْنَا مَآئِدَةً مِّنَ السَّمَآءِ ؕ قَالَ اتَّقُوا اللّٰهَ اِنْ كُنْتُمْ مُّؤْمِنِيْنَ ﴿١١٢﴾ قَالُوْا

'আলাইনা- মা—ইদাতাম্ মিনাস্ সামা—ই ; ক্বা-লাত্‌তাক্বুল্লা-হা ইন্ কুন্‌তুম্ মু'মিনীন। ১১৩। ক্বা-লূ

খাদ্য ভর্তি খাঞ্চা আসমান থেকে অবতীর্ণ করবেন? তিনি বললেন, তোমরা আল্লাহকে ভয় কর, যদি তোমরা মুমিন হও। (১১৩) তারা বলল,

نُرِيْدُ اَنْ نَّاْكُلَ مِنْهَا وَتَطْمَئِنَّ قُلُوْبُنَا وَنَعْلَمَ اَنْ قَدْ صَدَقْتَنَا وَنَكُوْنَ

নুরীদু আন্ না'কুলা মিন্‌হা- ওয়া তাত্বমাইন্না কুলূবুনা- ওয়া না'লামা আন্ ক্বাদ্ স্বাদাক্বতানা- ওয়া নাকূনা

আমরা ইচ্ছা করি যে, তা থেকে কিছু আহার করব এবং আমাদের আত্মা তৃপ্তি লাভ করবে। আর আমরা জানতে পারব যে, তুমি আমাদেরকে সত্য বলেছ এবং আমরা

عَلَيْهَا مِنَ الشّٰهِدِيْنَ ﴿١١٣﴾ قَالَ عِيْسَى ابْنُ مَرْيَمَ اللّٰهُمَّ رَبَّنَآ اَنْزِلْ عَلَيْنَا

'আলাইহা- মিনাশ্ শা-হিদীন। ১১৪। ক্বা-লা 'ঈসাব্‌নু মার্‌ইয়ামাল্ লা-হুম্মা রাব্বানা~আন্‌যিল্ 'আলাইনা-

এর উপর সাক্ষ্য প্রদানকারী হয়ে যাব। (১১৪) মরইয়াম পুত্র ঈসা বললেন, হে আল্লাহ! হে আমাদের রব! আমাদের জন্য আসমান থেকে খাদ্যপূর্ণ খাঞ্চা অবতীর্ণ

مَآئِدَةً مِّنَ السَّمَآءِ تَكُوْنُ لَنَا عِيْدًا لِّاَوَّلِنَا وَاٰخِرِنَا وَاٰيَةً مِّنْكَ ۚ وَارْزُقْنَا

মা—ইদাতাম্ মিনাস্ সামা—ই তাকূনু লানা- 'ঈদাল লিআওয়্যালিনা- ওয়া আ-খিরিনা- ওয়া আ-ইয়াতাম্ মিন্‌ক, ওয়ারযুক্বনা-

কর। যেন এটা আমাদের ও আমাদের পূর্বের ও পরবর্তী সকলের জন্য খুশীর বিষয় হবে এবং এটা আপনার তরফ থেকে নিদর্শন হবে। আর আমাদেরকে রিযিক

وَاَنْتَ خَيْرُ الرّٰزِقِيْنَ ﴿١١٤﴾ قَالَ اللّٰهُ اِنِّىْ مُنَزِّلُهَا عَلَيْكُمْ ۚ فَمَنْ يَّكْفُرْ بَعْدُ مِنْكُمْ

ওয়া আন্‌তা খাইরুর রা-যিক্বীন। ১১৫। ক্বা-লাল্লা-হু ইন্নী মুনায্‌যিলুহা- 'আলাইকুম, ফামাইঁ ইয়াক্‌ফুর বা'দু মিন্‌কুম

দান করুন আপনি তো সর্বোত্তম রিযিক দাতা। (১১৫) আল্লাহ বললেন, নিশ্চয়ই আমি তোমাদের কাছে তা অবতীর্ণ করব। অতঃপর তোমাদের মধ্যে যে

فَإِنِّيٓ أُعَذِّبُهُۥ عَذَابًا لَّآ أُعَذِّبُهُۥٓ أَحَدًا مِّنَ ٱلْعَٰلَمِينَ ﴿١١٥﴾ وَإِذْ قَالَ ٱللَّهُ يَٰعِيسَى ٱبْنَ

ফাইন্নী~ উ'আয্যিবুহূ 'আযা-বাল্ লা~উ 'আয্যিবুহূ~আহ্বাদাম্ মিনাল 'আ-লামীন। ১১৬। ওয়া ইয্ ক্বা-লাল্লা-হু ইয়া-'ঈসাব্না
কুফ্‌রী করবে, আমি তাকে এমন শাস্তি দিব, যে শাস্তি এ বিশ্বজগতে আর কাউকে দিব না। (১১৬) আর স্মরণ কর! যখন আল্লাহ বলবেন, হে মারইয়াম

مَرْيَمَ ءَأَنتَ قُلْتَ لِلنَّاسِ ٱتَّخِذُونِى وَأُمِّىَ إِلَٰهَيْنِ مِن دُونِ ٱللَّهِ

মারইয়ামা আআন্‌তা ক্বুল্‌তা লিন্না-সিত্‌তাখিযূনী ওয়া উম্মিয়া ইলা-হাইনি মিন্ দূনিল্লা-হ ;
পুত্র ঈসা! তুমি কি মানুষদেরকে বলেছিলে যে, আল্লাহ ব্যতীত তোমরা আমাকে ও আমার মাতাকে মা'বুদ হিসেবে গ্রহণ কর ?

قَالَ سُبْحَٰنَكَ مَا يَكُونُ لِىٓ أَنْ أَقُولَ مَا لَيْسَ لِى بِحَقٍّ إِن كُنتُ

ক্বা-লা সুব্‌হা-নাকা মা-ইয়াকূনু লী~আন্ আক্বূলা মা- লাইসা লী বিহাক্ক্ ; ইন্ কুন্‌তু
ঈসা বলবেন, আপনি তো (শিরক হতে) পবিত্র। এমন কথা বলা আমার পক্ষে শোভনীয় নয়, যা বলার অধিকার আমার নেই। যদি আমি সেগুলো বলতাম,

قُلْتُهُۥ فَقَدْ عَلِمْتَهُۥ تَعْلَمُ مَا فِى نَفْسِى وَلَآ أَعْلَمُ مَا فِى نَفْسِكَ إِنَّكَ

ক্বুল্‌তুহূ ফাক্বাদ্ 'আলিম্‌তাহ ; তা'লামু মা- ফী নাফ্‌সী ওয়ালা~আ'লামু মা-ফী নাফ্‌সিক ; ইন্নাকা
তবে নিশ্চয়ই তা আপনি জানতেন। আমার অন্তরে যা আছে তা আপনি জানেন। কিন্তু আপনার অন্তরে (জ্ঞানে) যা আছে তা আমি জানি না। নিশ্চয়ই আপনি অদৃশ্য

أَنتَ عَلَّٰمُ ٱلْغُيُوبِ ﴿١١٦﴾ مَا قُلْتُ لَهُمْ إِلَّا مَآ أَمَرْتَنِى بِهِۦٓ أَنِ ٱعْبُدُوا۟ ٱللَّهَ

আন্‌তা 'আল্লা-মুলগুয়ূব্। ১১৭। মা- ক্বুল্‌তু লাহুম ইল্লা- মা~আমার্‌তানী বিহী~আনি'বুদুল্লা-হা
বিষয় সম্পর্কে জ্ঞাত। (১১৭) আপনি আমাকে যে বিষয় বলতে নির্দেশ দিয়েছেন তা ব্যতীত অন্য কিছু আমি তাদেরকে বলিনি। তা হল, তোমরা আল্লাহর ইবাদত

رَبِّى وَرَبَّكُمْ ۚ وَكُنتُ عَلَيْهِمْ شَهِيدًا مَّا دُمْتُ فِيهِمْ ۖ فَلَمَّا تَوَفَّيْتَنِى كُنتَ

রাব্বী ওয়া রাব্বাকুম, ওয়া কুন্‌তু 'আলাইহিম শাহীদাম্ মা- দুম্‌তু ফীহিম, ফালাম্মা- তাওয়াফ্‌ফাইতানী কুন্‌তা
কর যিনি আমার ও তোমাদের প্রতিপালক এবং আর যতদিন আমি তাদের মাঝে ছিলাম ততদিন আমি তাদের উপর সাক্ষী ছিলাম। অতঃপর যখন আপনি আমাকে

أَنتَ ٱلرَّقِيبَ عَلَيْهِمْ ۚ وَأَنتَ عَلَىٰ كُلِّ شَىْءٍ شَهِيدٌ ﴿١١٧﴾ إِن تُعَذِّبْهُمْ فَإِنَّهُمْ

আন্‌তার্ রাক্বীবা 'আলাইহিম ; ওয়া আন্‌তা 'আলা- কুল্লি শাইয়িন্ শাহীদ। ১১৮। ইন্ তু'আয্যিব্‌হুম ফাইন্নাহুম
উঠিয়ে নিলেন, তখন আপনি ছিলেন তাদের পর্যবেক্ষক এবং আপনি তো সব বিষয়ে সাক্ষী। (১১৮) আপনি যদি তাদেরকে শাস্তি দান করেন; তবে তারা

عِبَادُكَ ۖ وَإِن تَغْفِرْ لَهُمْ فَإِنَّكَ أَنتَ ٱلْعَزِيزُ ٱلْحَكِيمُ ﴿١١٨﴾ قَالَ ٱللَّهُ

'ইবা-দুক, ওয়া ইন্ তাগ্‌ফির লাহুম ফাইন্নাকা আন্‌তাল 'আযীযুল হাকীম। ১১৯। ক্বা-লাল্লা-হু
আপনারই তো বান্দা, আর যদি তাদেরকে ক্ষমা করে দেন, তবে নিশ্চয় আপনি মহা শক্তিধর ও প্রজ্ঞাময়। (১১৯) আল্লাহ বলবেন,

০ টীকা (আঃ ১১৬) ঃ আল্লাহ তা'আলার সঙ্গে শুধু মসীহ ও 'পবিত্র আত্মা'কেই খোদা বানিয়ে খ্রিষ্টানগণ ক্ষান্ত হয়নি, এছাড়া তারা মসীহর সম্মানীয়া জননী মারইয়ামকেও এক স্থায়ী উপাস্যরূপে গণ্য করে বসে। মসীহ (আ)-এর ঊর্ধ্বারোহণের পর প্রথম তিনশ' বছর পর্যন্ত খ্রিষ্টান জগত এ ধারণার সঙ্গে সম্পূর্ণ অপরিচিত ছিল। তৃতীয় খ্রিষ্টীয় শতাব্দীর শেষাংশে আলেকজান্দ্রিয়ার কয়েকজন ধর্মীয় পণ্ডিত প্রথম বারের মত হযরত মারইয়ামকে 'খোদার মাতা' এই আখ্যায় আখ্যায়িত করে এবং তারপর ধীরে ধীরে গীর্জাতে মারইয়াম পূজা বিস্তার লাভ করতে শুরু করে।

هَٰذَا يَوْمُ يَنفَعُ ٱلصَّٰدِقِينَ صِدْقُهُمْ ۚ لَهُمْ جَنَّٰتٌ تَجْرِى مِن تَحْتِهَا ٱلْأَنْهَٰرُ

হা-যা- ইয়াওমু ইয়ান্‌ফা'উস্ স্বা-দিক্বীনা স্বিদ্‌কুহুম ; লাহুম জ্বান্না-তুন্ তাজ্বরী মিন্ তাহ্‌তিহাল আন্‌হা-রু
এটা সেদিন, যেদিন সত্যবাদীগণ তাদের সত্যতার জন্য উপকৃত হবে। তাদের জন্য রয়েছে জান্নাত যার তলদেশে নহরসমূহ প্রবাহিত।

خَٰلِدِينَ فِيهَآ أَبَدًا ۖ رَّضِىَ ٱللَّهُ عَنْهُمْ وَرَضُوا۟ عَنْهُ ۚ ذَٰلِكَ ٱلْفَوْزُ ٱلْعَظِيمُ

খা-লিদীনা ফীহা~আবাদা-; রাদ্বিয়াল্লা-হু 'আন্‌হুম ওয়া রাদ্বূ 'আন্‌হ ; যা-লিকাল ফাওযুল 'আযীম।
তারা সেখানে অনন্তকাল থাকবে। আল্লাহ তাদের প্রতি সন্তুষ্ট এবং তারাও আল্লাহর প্রতি সন্তুষ্ট। এটাই হচ্ছে বিরাট সফলতা।

﴿١٢٠﴾ لِلَّهِ مُلْكُ ٱلسَّمَٰوَٰتِ وَٱلْأَرْضِ وَمَا فِيهِنَّ ۚ وَهُوَ عَلَىٰ كُلِّ شَىْءٍ قَدِيرٌ

১২০। লিল্লা-হি মুলকুস্ সামা-ওয়া-তি ওয়াল্ আরদ্বি ওয়ামা-ফীহিন্ন ; ওয়া হুওয়া 'আলা- কুল্লি শাইয়িন্ ক্বাদীর।
(১২০) আল্লাহরই একমাত্র রাজত্ব আসমান ও যমীনে এবং এর মধ্যে যা বিদ্যমান সব কিছুর। তিনি সর্ব বিষয়ে ক্ষমতাবান।

সূরা আন্'আম
মক্কী

بِسْمِ ٱللَّهِ ٱلرَّحْمَٰنِ ٱلرَّحِيمِ

বিসমিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম
পরম দাতা ও দয়ালু আল্লাহর নামে শুরু করছি

আয়াত ঃ ১৬৫
রুকূ ঃ ২০

﴿١﴾ ٱلْحَمْدُ لِلَّهِ ٱلَّذِى خَلَقَ ٱلسَّمَٰوَٰتِ وَٱلْأَرْضَ وَجَعَلَ ٱلظُّلُمَٰتِ وَٱلنُّورَ ۖ

১। আলহাম্‌দু লিল্লা-হিল্ লাযী খালাক্বাস্ সামা-ওয়া-তি ওয়াল্ আর্‌দ্বা ওয়া জ্বা'আলায্ যুলুমা-তি ওয়ান্ নূর ;
(১) সকল প্রশংসা সে মহান আল্লাহর, যিনি আসমান ও যমীন সৃষ্টি করেছেন। আর অন্ধকার ও আলোর আবির্ভাব ঘটায়েছেন। এর পরও

ثُمَّ ٱلَّذِينَ كَفَرُوا۟ بِرَبِّهِمْ يَعْدِلُونَ ﴿٢﴾ هُوَ ٱلَّذِى خَلَقَكُم مِّن طِينٍ

ছুম্মাল্‌লাযীনা কাফারূ বিরাব্বিহিম ইয়া'দিলূন। ২। হুওয়াল্ লাযী খালাক্বাকুম্ মিন্ ত্বীনিন্
কাফিরেরা তাদের প্রতিপালকের সমতুল্য সাব্যস্ত করে। (২) তিনি এমন মহান সত্তা যিনি তোমাদেরকে মাটি হতে সৃষ্টি করেছেন।

ثُمَّ قَضَىٰٓ أَجَلًا ۖ وَأَجَلٌ مُّسَمًّى عِندَهُۥ ۖ ثُمَّ أَنتُمْ تَمْتَرُونَ ﴿٣﴾ وَهُوَ ٱللَّهُ فِى

ছুম্মা ক্বাদ্বা~আজ্বালা- ; ওয়া আজ্বালুম্ মুসাম্মান 'ইন্দাহূ ছুম্মা আন্‌তুম তাম্‌তারূন। ৩। ওয়া হুওয়াল্লা-হু ফিস্
অতঃপর একটি সময় (মৃত্যুর জন্য) নির্দিষ্ট করেছেন। আর একটি নির্দিষ্ট সময়-সীমা আল্লাহরই কাছে রয়েছে। এরপরও তোমরা সন্দেহ কর? (৩) তিনিই একমাত্র

ٱلسَّمَٰوَٰتِ وَفِى ٱلْأَرْضِ ۖ يَعْلَمُ سِرَّكُمْ وَجَهْرَكُمْ وَيَعْلَمُ مَا تَكْسِبُونَ

সামা-ওয়া-তি ওয়া ফিল্ আর্‌দ্ব ; ইয়া'লামু সির্‌রাকুম ওয়া জ্বাহ্‌রাকুম ওয়া ইয়া'লামু মা-তাক্‌সিবূন।
মা'বুদ আসমান ও যমীনে। তিনি জানেন তোমাদের সব গোপন ও বাহ্যিক বিষয় এবং তিনি জানেন যা তোমরা অর্জন কর।

০ টীকা (আঃ ১) ঃ নামকরণ ঃ সূরা আনআম মক্কায় অবতীর্ণ হয়েছে। ইবনে আব্বাস (রা) বলেন, সূরায়ে আনআম মক্কায় একরাতে অবতীর্ণ হয়েছে। তখন তার চারদিকে সত্তর হাজার ফিরিশতা ঘিরেছিলেন এবং তারা তাসবীহ পাঠ করছিলেন।

০ টীকা (আঃ ২) ঃ قضى اجلا و اجل مسمى ঃ ইবনে আব্বাস (রা), সাঈদ ইবনে জুবাইর বলেন, قضى اجلا দ্বারা মৃত্যুকে বুঝানো হয়েছে এবং اجل مسمى দ্বারা পরকালকে বুঝানো হয়েছে। হাসান বলেন, قضى اجلا দ্বারা ভূমিষ্ঠ হওয়া হতে মৃত্যু অবধি পূর্ণ আয়ুষ্কাল বুঝানো হয়েছে এবং اجل مسمى দ্বারা মৃত্যুর পরবর্তী পুনরুজ্জীবনকে বুঝানো হয়েছে। (তাঃ ইবনে কাছীর)

وَمَا تَأْتِيهِم مِّنْ آيَةٍ مِّنْ آيَاتِ رَبِّهِمْ إِلَّا كَانُوا عَنْهَا مُعْرِضِينَ ﴿٤﴾

৪। ওয়ামা- তা'তীহিম্ মিন্ আ-ইয়াতিম্ মিন আ-ইয়া-তি রাব্বিহিম ইল্লা- কা-নূ 'আন্‌হা- মু'রিদ্বীন।
(৪) তাদের প্রতিপালকের নিদর্শনাবলী থেকে এমন কোন নিদর্শন তাদের কাছে আসেনি যা থেকে তারা উপেক্ষা করিনি।

فَقَدْ كَذَّبُوا بِالْحَقِّ لَمَّا جَاءَهُمْ ۖ فَسَوْفَ يَأْتِيهِمْ أَنبَاءُ مَا كَانُوا بِهِ

৫। ফাক্বাদ কায্‌যাবূ বিল্ হাক্বক্বি লাম্মা- জ্বা—আহুম ; ফাসাওফা ইয়া'তীহিম আম্‌বা—উ মা- কা-নূ বিহী
(৫) অবশ্য তারা সত্যকে অবিশ্বাস করেছে যখনই তা তাদের কাছে এসেছে। সুতরাং খুব শীঘ্রই তাদের কাছে খবর পৌছবে, যে বিষয়ে তারা

يَسْتَهْزِئُونَ ﴿٥﴾ أَلَمْ يَرَوْا كَمْ أَهْلَكْنَا مِن قَبْلِهِم مِّن قَرْنٍ مَّكَّنَّاهُمْ فِي الْأَرْضِ

ইয়াস্‌তাহ্‌যিউন। ৬। আলাম ইয়ারাও কাম্ আহ্‌লাক্‌না- মিন্ ক্বাব্‌লিহিম্ মিন্ ক্বারনিম্ মাক্কান্না-হুম ফিল্ আরদ্বি
ঠাট্টা-বিদ্রুপ করত। (৬) তারা কি দেখেনি যে, তাদের পূর্বে আমি কত সম্প্রদায়কে ধ্বংস করে দিয়েছি? যাদেরকে আমি পৃথিবীতে এমনভাবে প্রতিষ্ঠিত করেছিলাম

مَا لَمْ نُمَكِّن لَّكُمْ وَأَرْسَلْنَا السَّمَاءَ عَلَيْهِم مِّدْرَارًا وَجَعَلْنَا الْأَنْهَارَ

মা-লাম নুমাক্কিল্ লাকুম ওয়া আরসালনাস্ সামা—আ 'আলাইহিম মিদ্‌রা-রা-, ওয়া জ্বা'আলনাল আন্‌হা-রা
যেরূপ তোমাদেরকে প্রতিষ্ঠিত করিনি এবং তাদের উপর প্রচুর বৃষ্টি বর্ষণ করেছিলাম। আর আমি তাদের তলদেশে নহরসমূহ

تَجْرِي مِن تَحْتِهِمْ فَأَهْلَكْنَاهُم بِذُنُوبِهِمْ وَأَنشَأْنَا مِن بَعْدِهِمْ قَرْنًا آخَرِينَ ﴿٦﴾

তাজ্বরী মিন্ তাহ্‌তিহিম ফাআহ্‌লাকনা-হুম্ বিযুনূবিহিম ওয়া আন্‌শা'না- মিম্ বা'দিহিম ক্বার্‌নান আ-খারীন।
প্রবাহিত করেছিলাম। অতঃপর আমি তাদের পাপের কারণে তাদেরকে ধ্বংস করে দিয়েছি এবং তাদের পরে অন্য সম্প্রদায় সৃষ্টি করেছি।

وَلَوْ نَزَّلْنَا عَلَيْكَ كِتَابًا فِي قِرْطَاسٍ فَلَمَسُوهُ بِأَيْدِيهِمْ لَقَالَ الَّذِينَ

৭। ওয়ালাও নায্‌যালনা- 'আলাইকা কিতা-বান্ ফী ক্বির্‌ত্বা-সিন্ ফালামাসূহ বিআইদীহিম লাক্বা-লাল্ লাযীনা
(৭) আর যদি আমি আপনার প্রতি কাগজে লিখিত কোন বাণী অবতীর্ণ করতাম, অতঃপর তারা যদি তাদের হাত দ্বারা তা স্পর্শও করতো তথাপিও কাফিররা

كَفَرُوا إِنْ هَٰذَا إِلَّا سِحْرٌ مُّبِينٌ ﴿٧﴾ وَقَالُوا لَوْلَا أُنزِلَ عَلَيْهِ مَلَكٌ ۖ وَلَوْ

কাফারূ~ইন হা-যা~ইল্লা- সিহ্‌রুম্ মুবীন। ৮। ওয়া ক্বা-লূ লাওলা~উন্‌যিলা 'আলাইহি মালাক ; ওয়ালাও
বলত যে, এটা স্পষ্ট যাদু ব্যতীত আর অন্য কিছুই নয়। (৮) এবং তারা বলে যে, তাঁর নিকট কেন ফিরিশতা প্রেরণ করা হয়নি? যদি আমি কোন ফিরিশতা প্রেরণ

أَنزَلْنَا مَلَكًا لَّقُضِيَ الْأَمْرُ ثُمَّ لَا يُنظَرُونَ ﴿٨﴾ وَلَوْ جَعَلْنَاهُ مَلَكًا لَّجَعَلْنَاهُ رَجُلًا

আন্‌যাল্‌না- মালাকাল্ লাক্বুদ্বিয়াল আম্‌রু ছুম্মা লা-ইউন্‌যারূন। ৯। ওয়া লাও জ্বা'আল্‌না-হু মালাকাল্ লাজ্বা'আলনা-হু রাজুলাও
করতাম, তবে সকল কাজেরই ফয়সালা হয়ে যেত। অতঃপর তাদেরকে কোনই সুযোগ দেয়া হত না। (৯) আর যদি আমি তাকে ফিরিশতা হিসেবে নির্ধারণ করতাম, তবে

وَلَلَبَسْنَا عَلَيْهِم مَّا يَلْبِسُونَ ﴿٩﴾ وَلَقَدِ اسْتُهْزِئَ بِرُسُلٍ مِّن قَبْلِكَ فَحَاقَ

ওয়া লালাবাস্‌না- 'আলাইহিম্ মা- ইয়াল্‌বিসূন। ১০। ওয়া লাক্বাদিস্ তুহ্‌যিয়া বিরুসুলিম্ মিন্ ক্বাব্‌লিকা ফাহা-ক্বা
আমি তাকে মানুষ রূপেই প্রেরণ করতাম এবং তাদেরকে সে সন্দেহে ফেলতাম, যে সন্দেহ তারা এখন করছে (১০) নিশ্চয় উপহাস করা হতো আপনার পূর্বে রাসূলদের

بِالَّذِينَ سَخِرُوا مِنْهُم مَّا كَانُوا بِهِ يَسْتَهْزِئُونَ ﴿١٠﴾ قُلْ سِيرُوا فِي الْأَرْضِ

বিল্ লাযীনা সাখিরূ মিন্‌হুম্ মা- কানূ বিহী ইয়াস্‌তাহ্‌যিউন। ১১। কুল্ সীরূ ফিল্ আর্‌দ্বি
সাথেও। অবশেষে যা নিয়ে তারা উপহাস করেছিল, সেটাই উপহাসকারীদেরকে পরিবেষ্টন করেছে। (১১) আপনি বলুন, পৃথিবীতে তোমরা ভ্রমণ কর।

ثُمَّ انظُرُوا كَيْفَ كَانَ عَاقِبَةُ الْمُكَذِّبِينَ ﴿١١﴾ قُل لِّمَن مَّا فِي السَّمَاوَاتِ

ছুম্‌মান্‌যুরূ কাইফা কা-না 'আ-ক্বিবাতুল্ মুকায্‌যিবীন। ১২। কুল্ লিমাম্ মা-ফিস্ সামা-ওয়া-তি
অতঃপর দেখ, মিথ্যাবাদীদের পরিণাম কেমন হয়েছিল। (১২) আপনি বলুন, আসমান ও যমীনে যা কিছু আছে তা কার (অধিকারে)?

وَالْأَرْضِ ۖ قُل لِّلَّهِ ۚ كَتَبَ عَلَىٰ نَفْسِهِ الرَّحْمَةَ ۚ لَيَجْمَعَنَّكُمْ إِلَىٰ يَوْمِ الْقِيَامَةِ

ওয়াল্ আরদ্ব ; কুল্ লিল্লা-হ ; কাতাবা 'আলা- নাফ্‌সিহির রাহ্‌মাহ্ ; লাইয়াজ্বমা'আন্নাকুম ইলা- ইয়াওমিল ক্বিয়া-মাতি
আপনি বলুন, সব কিছু একমাত্র আল্লাহরই (অধিকারে)। তিনি অনুগ্রহ করাকে নিজ কর্তব্য বলে স্থির করে নিয়েছেন। আল্লাহ অবশ্যই তোমাদেরকে কিয়ামতের দিন

لَا رَيْبَ فِيهِ ۚ الَّذِينَ خَسِرُوا أَنفُسَهُمْ فَهُمْ لَا يُؤْمِنُونَ ﴿١٢﴾ وَلَهُ مَا سَكَنَ

লা-রাইবা ফীহ ; আল্‌লাযীনা খাসিরূ~আন্‌ফুসাহুম ফাহুম লা-ইউ'মিনূন। ১৩। ওয়া লাহূ মা-সাকানা
একত্রিত করবেন, যেদিন সংঘটিত হওয়াতে কোন সন্দেহ নেই। যারা নিজেদেরকে ক্ষতি করেছে তারা ঈমান আনবে না। (১৩) এবং যা

فِي اللَّيْلِ وَالنَّهَارِ ۚ وَهُوَ السَّمِيعُ الْعَلِيمُ ﴿١٣﴾ قُلْ أَغَيْرَ اللَّهِ أَتَّخِذُ وَلِيًّا فَاطِرِ

ফিল্ লাইলি ওয়ান্‌নাহা-র ; ওয়া হুওয়াস্ সামী'উল 'আলীম। ১৪। কুল্ আগাইরাল্লা-হি আত্তাখিযু ওয়ালিইয়ান ফা-ত্বিরিস্
রাত ও দিনে যা ঘটে তা আল্লাহরই জন্য এবং তিনি সর্বশ্রোতা, সর্বজ্ঞ। (১৪) আপনি বলুন, আমি কি আসমান ও যমীনের সৃষ্টিকর্তা আল্লাহ ব্যতীত অন্য কাউকে

السَّمَاوَاتِ وَالْأَرْضِ وَهُوَ يُطْعِمُ وَلَا يُطْعَمُ ۗ قُلْ إِنِّي أُمِرْتُ أَنْ أَكُونَ

সামা-ওয়া-তি ওয়াল্ আর্‌দ্বি ওয়া হুওয়া ইউত্ব'ইমু ওয়ালা-ইউত্ব'আম ; কুল ইন্নী~উমির্‌তু আন্ আকূনা
অভিভাবক (মা'বুদ) হিসেবে গ্রহণ করব? তিনিই আহার দান করেন অথচ তাঁকে কেউ আহার করায় না। আপনি বলে দিন, আমি আদিষ্ট হয়েছি যেন সর্বাগ্রে

أَوَّلَ مَنْ أَسْلَمَ ۖ وَلَا تَكُونَنَّ مِنَ الْمُشْرِكِينَ ﴿١٤﴾ قُلْ إِنِّي أَخَافُ إِنْ

আওয়্যালা মান্ আস্‌লামা ওয়া লা- তাকূনান্না মিনাল্ মুশ্‌রিকীন। ১৫। কুল ইন্নী~আখা-ফু ইন্
আমিই ইসলাম গ্রহণ করি এবং (আরও বলা হয়েছে যে,) আপনি কখনো মুশরীকদের অন্তর্ভুক্ত হবেন না। (১৫) আপনি বলুন, যদি আমি আমার

عَصَيْتُ رَبِّي عَذَابَ يَوْمٍ عَظِيمٍ ﴿١٥﴾ مَّن يُصْرَفْ عَنْهُ يَوْمَئِذٍ فَقَدْ رَحِمَهُ ۚ

'আস্বাইতু রাব্বী 'আযা-বা ইয়াওমিন 'আয্বীম। ১৬। মাই ইউস্‌রাফ 'আন্‌হু ইয়াওমাইযিন্ ফাক্বাদ্ রাহিমাহ ;
প্রতিপালকের অবাধ্য হই, তবে আমি এক মহাদিনের শাস্তির ভয় করি। (১৬) সেদিন যাকে শাস্তি থেকে মুক্তি দেয়া হবে, তার প্রতি তিনি অনুগ্রহ করলেন,

وَذَٰلِكَ الْفَوْزُ الْمُبِينُ ﴿١٦﴾ وَإِن يَمْسَسْكَ اللَّهُ بِضُرٍّ فَلَا كَاشِفَ لَهُ إِلَّا هُوَ ۖ

ওয়া যা-লিকাল ফাওযুল মুবীন। ১৭। ওয়া ইঁইয়াম্‌সাস্ কাল্লা-হু বিদ্বুর্‌রিন্ ফালা- কা-শিফা লাহূ~ইল্লা- হু ;
আর এটাই সু-স্পষ্ট সফলতা। (১৭) আর যদি আল্লাহ তোমাকে কোন দুঃখ-কষ্ট দেন, তবে তিনি ছাড়া তা দূর করার আর কেউ নেই।

১ / ৪০ / ৭ রুকূ

وَإِن يَمْسَسْكَ بِخَيْرٍ فَهُوَ عَلَىٰ كُلِّ شَيْءٍ قَدِيرٌ ﴿١٧﴾ وَهُوَ الْقَاهِرُ فَوْقَ عِبَادِهِ ۚ

ওয়া ইঁইয়াম্‌সাস্‌কা বিখাইরিন্ ফাহুওয়া 'আলা- কুল্লি শাইয়িন্ ক্বাদীর। ১৮। ওয়া হুয়াল্ ক্বা-হিরু ফাওক্বা 'ইবা-দিহ্ ;

আর যদি তিনি তোমাকে কোন কল্যাণ দান করেন, তবে তিনিই সর্ব বিষয়ে পূর্ণ ক্ষমতাবন। (১৮) আর তিনি তাঁর বান্দাদের উপর প্রভাবশালী,

وَهُوَ الْحَكِيمُ الْخَبِيرُ ﴿١٨﴾ قُلْ أَيُّ شَيْءٍ أَكْبَرُ شَهَادَةً ۖ قُلِ اللَّهُ ۖ شَهِيدٌ بَيْنِي

ওয়া হুয়াল হাকীমুল খাবীর। ১৯। কুল আইয়্যু শাইয়িন্ আক্‌বারু শাহা-দাহ্ ; কুলিল্লা-হু শাহীদুম্ বাইনী

তিনি প্রজ্ঞাময়, সর্বজ্ঞ। (১৯) আপনি জিজ্ঞাসা করুন, কোন বস্তু সাক্ষ্য হিসেবে সবচেয়ে শ্রেষ্ঠ? আপনি বলুন, আমার এবং তোমাদের মধ্যে আল্লাহই শ্রেষ্ঠ সাক্ষী

وَبَيْنَكُمْ ۚ وَأُوحِيَ إِلَيَّ هَٰذَا الْقُرْآنُ لِأُنذِرَكُم بِهِ وَمَن بَلَغَ ۚ أَئِنَّكُمْ

ওয়া বাইনাকুম, ওয়া উহ্বিইয়া ইলাইইয়া হা-যাল্ কুর্‌আ-নু লিউন্‌যিরাকুম্ বিহী ওয়া মাম্ বালাগ ; আইন্নাকুম

এবং আমার প্রতি এ কুরআন ওহী হিসেবে প্রেরিত হয়েছে যেন এ কুরআন দ্বারা তোমাদেরকে এবং যাদের নিকট তা পৌঁছবে সকলকে আমি সাবধান করি। তোমরা কি

لَتَشْهَدُونَ أَنَّ مَعَ اللَّهِ آلِهَةً أُخْرَىٰ ۚ قُل لَّا أَشْهَدُ ۚ قُلْ إِنَّمَا هُوَ إِلَٰهٌ وَاحِدٌ

লাতাশ্‌হাদূনা আন্না মা'আল্লা-হি আ-লিহাতান উখ্‌রা-; কুল লা~আশ্‌হাদ, কুল ইন্নামা- হুওয়া ইলা-হুঁও ওয়া-হিদুঁও

এ সাক্ষ্য দাও যে, আল্লাহর সাথে অন্য মা'বুদও আছে? আপনি বলে দিন, আমি সে সাক্ষ্য দেইনা। আপনি বলুন, তিনি তো একক মা'বুদ,

وَإِنَّنِي بَرِيءٌ مِّمَّا تُشْرِكُونَ ﴿١٩﴾ الَّذِينَ آتَيْنَاهُمُ الْكِتَابَ يَعْرِفُونَهُ

ওয়া ইন্নানী বারী—উম্ মিম্মা- তুশ্‌রিকূন। ২০। আল্লাযীনা আ-তাইনা-হুমুল কিতা-বা ইয়া'রিফূনাহূ

এবং আমি তোমাদের শরীক সাব্যস্ত করা হতে মুক্ত। (২০) যাদেরকে আমি কিতাব প্রদান করেছি, তারা রাসূলকে এমনিভাবে চেনে

كَمَا يَعْرِفُونَ أَبْنَاءَهُمُ ۘ الَّذِينَ خَسِرُوا أَنفُسَهُمْ فَهُمْ لَا يُؤْمِنُونَ ﴿٢٠﴾

কামা- ইয়া'রিফূনা আব্‌না—আহুম। আল্‌লাযীনা খাসিরূ~আন্‌ফুসাহুম ফাহুম লা-ইউ'মিনূন।

যেমনিভাবে চেনে তাদের সন্তানদেরকে। যারা নিজদেরকে ক্ষতিগ্রস্ত করেছে তারা ঈমান আনবে না।

وَمَنْ أَظْلَمُ مِمَّنِ افْتَرَىٰ عَلَى اللَّهِ كَذِبًا أَوْ كَذَّبَ بِآيَاتِهِ ۗ إِنَّهُ لَا يُفْلِحُ الظَّالِمُونَ ﴿٢١﴾

২১। ওয়া মান্ আয্‌লামু মিম্ মানিফ্‌তারা- 'আলাল্লা-হি কাযিবান আও কায্‌যাবা বিআ-ইয়া-তিহ্ ; ইন্নাহূ লা-ইউফ্‌লিহুয্ যা-লিমূন।

(২১) আর তার চেয়ে অধিক অত্যাচারী আর কে আছে? যে আল্লাহর প্রতি মিথ্যারোপ করে কিংবা তাঁর আয়াতসমূহকে মিথ্যা বলে। অত্যাচারীগণ কখনই সফলকাম হবে না।

وَيَوْمَ نَحْشُرُهُمْ جَمِيعًا ثُمَّ نَقُولُ لِلَّذِينَ أَشْرَكُوا أَيْنَ شُرَكَاؤُكُمُ ﴿٢٢﴾

২২। ওয়া ইয়াওমা নাহ্‌শুরুহুম জ্বামী'আন্ ছুম্মা নাকূলু লিল্ লাযীনা আশ্‌রাকূ~আইনা শুরাকা—উকুমুল্

(২২) আর যেদিন আমি তাদের সকলকে একত্রিত করব, অতঃপর যারা শিরক করেছে তাদেরকে বলব- কোথায় তোমাদের সে শরীকগণ,

الَّذِينَ كُنتُمْ تَزْعُمُونَ ﴿٢٣﴾ ثُمَّ لَمْ تَكُن فِتْنَتُهُمْ إِلَّا أَن قَالُوا وَاللَّهِ رَبِّنَا

লাযীনা কুন্‌তুম তায্'উমূন। ২৩। ছুম্মা লাম্ তাকুন্ ফিত্‌নাতুহুম ইল্লা~আন্ ক্বা-লূ ওয়াল্লা-হি রাব্বিনা-

যাদেরকে তোমরা মা'বুদ বলে ধারণা করতে? (২৩) অতঃপর তাদের কাছে এ ছাড়া আর কোন অজুহাত থাকবে না যে, তারা বলবে- আমাদের প্রতিপালক আল্লাহর শপথ!

مَا كُنَّا مُشْرِكِينَ ﴿٢٣﴾ انظُرْ كَيْفَ كَذَبُوا عَلَىٰ أَنفُسِهِمْ ۚ وَضَلَّ عَنْهُم مَّا كَانُوا

মা- কুন্না- মুশ্‌রিকীন। ২৪। উন্‌যুর্ কাইফা কাযাবূ 'আলা~আন্‌ফুসিহিম ওয়া দ্বাল্লা 'আন্‌হুম্ মা- কা-নূ

আমরা তো মুশরিক ছিলাম না। (২৪) দেখ, কিভাবে তারা নিজেদের উপর নিজেরা মিথ্যা আরোপ করেছে, আর তারা যে মিথ্যা রচনা করত তা তাদের থেকে অদৃশ্য

يَفْتَرُونَ ﴿٢٤﴾ وَمِنْهُم مَّن يَسْتَمِعُ إِلَيْكَ ۖ وَجَعَلْنَا عَلَىٰ قُلُوبِهِمْ أَكِنَّةً أَن يَفْقَهُوهُ

ইয়াফ্‌তারূন। ২৫। ওয়া মিন্‌হুম মাইঁ ইয়াস্‌তামি'উ ইলাইক, ওয়া জ্বা'আল্‌না- 'আলা- কুলূবিহিম আকিন্নাতান আইঁ ইয়াফ্‌কাহূহু

হয়ে গেছে। (২৫) তাদের মধ্যে কতক এমনও আছে যারা আপনার দিকে কান লাগিয়ে থাকে। আমি তাদের অন্তরের উপর আবরণ লাগিয়ে দিয়েছি যেন তারা তা

وَفِي آذَانِهِمْ وَقْرًا ۚ وَإِن يَرَوْا كُلَّ آيَةٍ لَّا يُؤْمِنُوا بِهَا ۚ حَتَّىٰ إِذَا جَاءُوكَ

ওয়া ফী~আ-যা-নিহিম ওয়াক্বরা -; ওয়া ইঁইয়ারাও কুল্লা আ-ইয়াতিল্ লা-ইউ'মিনূ বিহা-; হাত্তা~ইযা- জ্বা—উকা

বুঝতে না পারে এবং তাদের কর্ণ ভার করে দিয়েছি। আর যদি তারা সকল নিদর্শনাবলীও প্রত্যক্ষ করে, তবুও তার প্রতি বিশ্বাস স্থাপন করবে না।

يُجَادِلُونَكَ يَقُولُ الَّذِينَ كَفَرُوا إِنْ هَٰذَا إِلَّا أَسَاطِيرُ الْأَوَّلِينَ ﴿٢٥﴾

ইউজ্বা-দিলূনাকা ইয়াকূলুল্ লাযীনা কাফারূ~ইন্ হা-যা~ইল্লা~আসা-ত্বীরুল আওয়্যালীন।

এমনকি তারা যখন আপনার কাছে এসে আপনার সাথে বিতর্কে লিপ্ত হয়। তখন এ কাফিরগণ বলে যে, এটাতো সেকালের রূপকথা ছাড়া আর কিছুই নয়।

وَهُمْ يَنْهَوْنَ عَنْهُ وَيَنْأَوْنَ عَنْهُ ۖ وَإِن يُهْلِكُونَ إِلَّا أَنفُسَهُمْ وَمَا يَشْعُرُونَ ﴿٢٦﴾

২৬। ওয়া হুম ইয়ান্‌হাওনা 'আন্‌হু ওয়া ইয়ান্‌আওনা 'আন্‌হ্, ওয়া ইঁ ইউহ্‌লিকূনা ইল্লা~আন্‌ফুসাহুম ওয়ামা- ইয়াশ্'উরূন।

(২৬) তারা এর থেকে অন্যকে নিষেধ করে এবং নিজেরাও এর থেকে দূরে থাকে এবং তারা নিজেরাই কেবল নিজদেরকে ধ্বংস করে। অথচ তারা তা কিছুই বুঝে না।

وَلَوْ تَرَىٰ إِذْ وُقِفُوا عَلَى النَّارِ فَقَالُوا يَا لَيْتَنَا نُرَدُّ وَلَا نُكَذِّبَ بِآيَاتِ رَبِّنَا

২৭। ওয়ালাও তারা~ইয্ উক্বিফূ 'আলান্ না-রি ফাক্বা-লূ ইয়া-লাইতানা- নুরাদ্দু ওয়ালা- নুকায্‌যিবা বিআ-ইয়া-তি রাব্বিনা-

(২৭) আর যদি আপনি দেখতে পেতেন, যখন তাদেরকে দোযখের কাছে দাঁড় করানো হবে, তখন তারা বলবে- 'হায়! যদি আমাদেরকে পুনরায় প্রত্যাবর্তন করা হতো, তবে স্বীয় প্রতিপালকের

وَنَكُونَ مِنَ الْمُؤْمِنِينَ ﴿٢٧﴾ بَلْ بَدَا لَهُم مَّا كَانُوا يُخْفُونَ مِن قَبْلُ ۖ وَلَوْ

ওয়া নাকূনা মিনাল্ মু'মিনীন। ২৮। বাল্ বাদা-লাহুম্ মা- কা-নূ ইউখ্‌ফূনা মিন্ ক্বাব্‌ল ; ওয়া লাও

আয়াতগুলোকে মিথ্যা বলতাম না এবং আমরা মুমিনগণের অন্তর্ভুক্ত হয়ে যেতাম।' (২৮) বরং তা তাদের সামনে প্রকাশ হয়ে গেছে যেসব বিষয় পূর্বে তারা গোপন করতো। যদি তাদেরকে

رُدُّوا لَعَادُوا لِمَا نُهُوا عَنْهُ وَإِنَّهُمْ لَكَاذِبُونَ ﴿٢٨﴾ وَقَالُوا إِنْ هِيَ إِلَّا حَيَاتُنَا

রুদ্দূ লা'আ-দূ লিমা- নুহূ 'আন্‌হু ওয়া ইন্নাহুম লাকা-যিবূন। ২৯। ওয়া ক্বা-লূ~ইন্ হিয়া ইল্লা- হ্বাইয়া-তুনাদ্

পুনরায় প্রত্যাবর্তন করাও হত, তবুও তারা সে কাজই করত যা তাদেরকে করতে নিষেধ করা হয়েছিল এবং নিশ্চয় তারা মিথ্যাবাদী। (২৯) আর তারা বলে-আমাদের এ পার্থিব জীবন ছাড়া

الدُّنْيَا وَمَا نَحْنُ بِمَبْعُوثِينَ ﴿٢٩﴾ وَلَوْ تَرَىٰ إِذْ وُقِفُوا عَلَىٰ رَبِّهِمْ ۚ قَالَ

দুন্‌ইয়া- ওয়া মা- নাহ্‌নু বিমাব্'উছীন। ৩০। ওয়া লাও তারা~ইয্ উক্বিফূ 'আলা- রাব্বিহিম ; ক্বা-লা

আর অন্য কোন জীবন নেই এবং আমরা পুনরুজ্জীবিতও হব না। (৩০) আর আপনি যদি তাদের দেখতে পেতেন যখন তাদেরকে দাঁড় করানো হবে তাদের প্রতিপালকের সামনে

اَلَيْسَ هٰذَا بِالْحَقِّ ۚ قَالُوْا بَلٰى وَرَبِّنَا ۚ قَالَ فَذُوْقُوا الْعَذَابَ بِمَا كُنْتُمْ

আলাইসা হা-যা- বিল্হাক্বক্ব ; ক্বা-লূ বালা- ওয়া রাব্বিনা ; ক্বা-লা ফাযূকুল আযা-বা বিমা- কুন্তুম

এবং তিনি বলবেন, এটা কি সত্য নয়? তারা বলবে, আমাদের প্রতিপালকের শপথ, হাঁ এটা সত্য। আল্লাহ বলবেন, তোমরা শাস্তির স্বাদ উপভোগ কর, তোমরা যে

تَكْفُرُوْنَ ۝ قَدْ خَسِرَ الَّذِيْنَ كَذَّبُوْا بِلِقَاءِ اللّٰهِ ۚ حَتّٰى اِذَا جَاءَتْهُمُ

তাক্ফুরূন। ৩১। ক্বাদ্ খাসিরাল্ লাযীনা কায্যাবূ বিলিক্বা—ইল্লা-হ ; হাত্তা~ইযা- জ্বা—আত্হুমুস্

কুফ্‌রী করতে তার জন্য। (৩১) নিশ্চয় তারা ক্ষতিগ্রস্ত হয়েছে যারা আল্লাহর দর্শন লাভকে মিথ্যা বলেছে। অবশেষে যখন তাদের কাছে কিয়ামত

السَّاعَةُ بَغْتَةً قَالُوْا يٰحَسْرَتَنَا عَلٰى مَا فَرَّطْنَا فِيْهَا ۙ وَهُمْ يَحْمِلُوْنَ اَوْزَارَهُمْ

সা-'আতু বাগ্তাতান্ ক্বা-লূ ইয়া-হাস্রাতানা- 'আলা- মা- ফার্রাত্বনা- ফীহা- ওয়া হুম ইয়াহ্মিলূনা আওযা-রাহুম

আকস্মিকভাবে উপস্থিত হবে, তখন তারা বলবে, হায় আফসোস! আমরা যে, এর প্রতি অবহেলা করেছি। আর তারা তাদের পিঠে তাদের গুনাহের বোঝা

عَلٰى ظُهُوْرِهِمْ ۚ اَلَا سَاءَ مَا يَزِرُوْنَ ۝ وَمَا الْحَيٰوةُ الدُّنْيَا اِلَّا لَعِبٌ وَّلَهْوٌ ۚ

'আলা- যুহূরিহিম ; আলা- সা—আ মা-ইয়াযিরূন। ৩২। ওয়া মাল্ হাইয়া-তুদ্ দুন্ইয়া~ইল্লা- লা'ইবুও ওয়া লাহ্উ ;

বহন করবে। জেনে রেখ, তারা যা বহন করবে তা অতি মন্দ। (৩২) আর পার্থিব জীবন তো খেলাধূলা ও কৌতুকানন্দ ছাড়া আর কিছুই নয়।

وَلَلدَّارُ الْاٰخِرَةُ خَيْرٌ لِّلَّذِيْنَ يَتَّقُوْنَ ۚ اَفَلَا تَعْقِلُوْنَ ۝ قَدْ نَعْلَمُ اِنَّهٗ

ওয়া লাদ্দা-রুল আ-খিরাতু খাইরুল লিল্লাযীনা ইয়াত্তাকূন ; আফালা- তা'ক্বিলূন। ৩৩। ক্বাদ না'লামু ইন্নাহূ

আর পরহেযগারদের জন্য পরকালের বাসস্থানই উত্তম। তোমরা কি বুঝনা? (৩৩) অবশ্যই আমি জানি যে, তাদের কথা

لَيَحْزُنُكَ الَّذِيْ يَقُوْلُوْنَ فَاِنَّهُمْ لَا يُكَذِّبُوْنَكَ وَلٰكِنَّ الظّٰلِمِيْنَ بِاٰيٰتِ

লাইয়াহ্যুনুকাল্ লাযী ইয়াকূলূনা ফাইন্নাহুম লা- ইউকায্যিবূনাকা ওয়ালা-কিন্নায্ যা-লিমীনা বিআ-ইয়া-তি

আপনাকে বিষণ্ণ করে। বস্তুতঃ তারা তো আপনাকে মিথ্যাবাদী বলে না, বরং এ অত্যাচারীরা আল্লাহর আয়াতগুলোকেই

اللّٰهِ يَجْحَدُوْنَ ۝ وَلَقَدْ كُذِّبَتْ رُسُلٌ مِّنْ قَبْلِكَ فَصَبَرُوْا عَلٰى مَا كُذِّبُوْا

ল্লা-হি ইয়াজ্বহাদূন। ৩৪। ওয়া লাক্বাদ্ কুয্যিবাত রুসুলুম্ মিন্ ক্বাব্লিকা ফাস্বাবারূ 'আলা- মা- কুয্যিবূ

অস্বীকার করছে। (৩৪) এবং আপনার পূর্বেও অনেক রাসূলকে মিথ্যাবাদী বলা হয়েছিল। কিন্তু তাদেরকে যে মিথ্যাবাদী বলা ও কষ্ট দেয়া সত্ত্বেও তাদের

○ টীকা (আঃ ৩১) ঃ وهم يحملون اوزارهم...... ঃ (তারা তাদের পিঠে তাদের গুনাহের বোঝা বহন করবে) যখন কোন পাপিষ্ঠ জালিম কবরে প্রবেশ করে তখন তার নিকট অত্যন্ত বিশ্রী একটি অবয়ব উপস্থিত হয়। তার পায়ের রং কালো, শরীর দুর্গন্ধযুক্ত এবং পরিধেয় বস্ত্র পূতি গন্ধযুক্ত। সে যখন প্রকাশিত হয়ে তার নিকট অবস্থান নিতে থাকবে তখন তাকে দেখে লোকটি জিজ্ঞাসা করবে, তোমার চেহারা এত বিশ্রী কেন? সে বলবে আমার চেহারা তোমার পার্থিব কর্মকান্ডের প্রতিকৃতি। লোকটি জিজ্ঞাসা করবে, তোমার শরীরে এত দুর্গন্ধ কেন? সে বলবে, এটা তোমার পার্থিব কর্মকান্ডের দুর্গন্ধ। লোকটি আবার জিজ্ঞাসা করবে, তোমার পরিধেয় বস্ত্র এত নোংড়া কেন? সে বলবে, আমি তোমার পার্থিব আমলের প্রতিকৃতি। অতঃপর সে বলবে, আমি তোমার সাথে তোমার কবরে অবস্থান করব। অতঃপর কিয়ামতের দিন যখন তাকে উত্থাপিত করা হবে, তখন সে বলবে, পৃথিবীতে তোমাকে আমি স্বাদ ও সম্ভোগরূপে দীর্ঘদিন বহন করেছি। আজ তুমি আমাকে বহন করে চল। পরিশেষে তার বদ আমলের অস্তিত্ব তার পিঠের উপর সওয়ার হয়ে তাকে জাহান্নামের দিকে হাঁকিয়ে নিয়ে যাবে। (তাঃ ইবনে কাছীর) ○ টীকা (আঃ ৩২) ঃ পার্থিব জীবনকেই খেলাধুলার বস্তু বলা উদ্দেশ্য নয়; বরং যে সমস্ত কার্যকলাপ পরকালের উদ্দেশ্যে নয় এবং সহায়কও নয়, শুধু সেগুলোকেই খেলাধুলার বস্তু বলা হয়েছে।

○ শানে নুযূল (আঃ ৩৩) ঃ এক দিন আবু জাহল হুযূর (সা)-কে বলল, আমরা অবশ্য আপনাকে অবিশ্বাস করি না, কিন্তু আপনি যে ধর্ম ও কিতাব এনেছেন, তা আমরা বিশ্বাস করতে পারি না। এ সম্বন্ধে এই আয়াতটি নাযিল হয়। (আস্বাবুন্নুযূল)

وَاُوْذُوْا حَتّٰى اَتٰىهُمْ نَصْرُنَا ۚ وَلَا مُبَدِّلَ لِكَلِمٰتِ اللّٰهِ ۚ وَلَقَدْ جَاءَكَ

ওয়া উযূ হাত্তা~আতা-হুম নাস্বরুনা-, ওয়ালা- মুবাদ্দিলা লিকালিমা-তিল্লা-হ, ওয়া লাক্বাদ জ্বা—আকা

প্রতি আমার সাহায্য না আসা পর্যন্ত তার উপর তাঁরা ধৈর্যধারণ করছিল। বস্তুতঃ আল্লাহর বাণী কেউ পরিবর্তন করতে পারে না। আর আপনার নিকট

مِنْ نَّبَاِى الْمُرْسَلِيْنَ ۝ وَاِنْ كَانَ كَبُرَ عَلَيْكَ اِعْرَاضُهُمْ فَاِنِ اسْتَطَعْتَ

মিন্ নাবাইল মুরসালীন। ৩৫। ওয়া ইন্ কা-না কাবুরা 'আলাইকা ই'রা-দ্বুহুম ফাইনিস্ তাত্বা'তা

রাসূলগণের কিছু কাহিনী অবশ্যই এসেছে। (৩৫) যদি তাদের বিমুখতা আপনার জন্য কষ্টকর হয়, তবে যদি আপনার সামর্থ্য থাকে

اَنْ تَبْتَغِيَ نَفَقًا فِى الْاَرْضِ اَوْ سُلَّمًا فِى السَّمَاءِ فَتَاْتِيَهُمْ بِاٰيَةٍ ۚ وَلَوْ شَاءَ اللّٰهُ

আন্ তাব্তাগিয়া নাফাক্বান্ ফিল্ আরদ্বি আও সুল্লামান্ ফিস্ সামা—ই ফাতা'তিয়াহুম্ বিআ-ইয়াহ্ ; ওয়ালাও শা—আল্ লা-হু

যমীনে প্রবেশের কোন সুড়ংগ অথবা আসমানে কোন সিঁড়ি তালাস করতে, অতঃপর তাদের জন্য কোন নিদর্শন নিয়ে আসতে পারেন, তবে নিয়ে আসুন। আর যদি

لَجَمَعَهُمْ عَلَى الْهُدٰى فَلَا تَكُوْنَنَّ مِنَ الْجٰهِلِيْنَ ۝ اِنَّمَا يَسْتَجِيْبُ الَّذِيْنَ

লাজ্বামা'আহুম 'আলাল্ হুদা- ফালা- তাকূনান্না মিনাল জ্বা-হিলীন। ৩৬। ইন্নামা- ইয়াস্তাজ্বীবুল্ লাযীনা

আল্লাহ ইচ্ছা করতেন, তবে তাদের সকলকে সরল পথে একত্রিত করতে পারতেন। সুতরাং আপনি মূর্খদের অন্তর্ভুক্ত হবেন না। (৩৬) তারাই সাড়া দেয় যারা

يَسْمَعُوْنَ ۚ وَالْمَوْتٰى يَبْعَثُهُمُ اللّٰهُ ثُمَّ اِلَيْهِ يُرْجَعُوْنَ ۝ وَقَالُوْا لَوْلَا نُزِّلَ

ইয়াস্মা'উন ; ওয়াল্ মাওতা- ইয়াব্'আছুহুমুল্লা-হু ছুম্মা ইলাইহি ইউরজ্বা'উন। ৩৭। ওয়া ক্বা-লূ লাওলা- নুয্যিলা

শ্রবণ করে। আর মৃতদিগকে আল্লাহ পুনর্জীবিত করবেন, অতঃপর তাঁর কাছেই সকলকে ফিরিয়ে নেয়া হবে। (৩৭) আর তারা বলে, তাঁর উপর তার

عَلَيْهِ اٰيَةٌ مِّنْ رَّبِّهٖ ۚ قُلْ اِنَّ اللّٰهَ قَادِرٌ عَلٰى اَنْ يُّنَزِّلَ اٰيَةً وَّلٰكِنَّ اَكْثَرَهُمْ

'আলাইহি আ-য়াতুম্ মির্ রাব্বিহ্ ; কুল ইন্নাল্লা-হা ক্বা-দিরুন 'আলা~আই ইউনায্যিলা আ-ইয়াতাও ওয়ালা-কিন্না আক্ছারাহুম

প্রতিপালকের তরফ থেকে কোন নিদর্শন কেন অবতীর্ণ করা হয় না? বলুন, আল্লাহ নিদর্শন অবতীর্ণ করতে খুবই সক্ষম, কিন্তু তাদের

لَا يَعْلَمُوْنَ ۝ وَمَا مِنْ دَآبَّةٍ فِى الْاَرْضِ وَلَا طٰٓئِرٍ يَّطِيْرُ بِجَنَاحَيْهِ اِلَّآ اُمَمٌ

লা-ইয়া'লামূন। ৩৮। ওয়া মা- মিন্ দা—ব্বাতিন্ ফিল্ আরদ্বি ওয়ালা- ত্বা—ইরিই ইয়াত্বীরু বিজ্বানা-হাইহি ইল্লা~উমামুন্

অধিকাংশই তা জানে না। (৩৮) পৃথিবীতে বিচরণকারী প্রতিটি জীব এবং প্রতিটি পাখী যারা নিজ দু' ডানা দ্বারা উড়ে, তারা

اَمْثَالُكُمْ ۚ مَا فَرَّطْنَا فِى الْكِتٰبِ مِنْ شَيْءٍ ثُمَّ اِلٰى رَبِّهِمْ يُحْشَرُوْنَ ۝

আম্ছা-লুকুম ; মা- ফার্রাত্বনা- ফিল কিতা-বি মিন্ শাইয়িন ছুম্মা ইলা- রাব্বিহিম ইউহ্শারূন।

তোমাদের মতই একেকটি দল। আমি কিতাবে কোন কিছুই লিখতে ত্রুটি করিনি। অতঃপর তাদের সকলকেই স্বীয় প্রতিপালকের নিকট একত্রিত করা হবে।

وَالَّذِيْنَ كَذَّبُوْا بِاٰيٰتِنَا صُمٌّ وَّبُكْمٌ فِى الظُّلُمٰتِ ۚ مَنْ يَّشَاِ اللّٰهُ يُضْلِلْهُ ۚ

৩৯। ওয়াল্লাযীনা কায্যাবূ বিআ-ইয়া-তিনা- ছুম্মুও ওয়া বুক্মুন্ ফিয্ যুলুমা-ত ; মাই ইয়াশা ইল্লা-হু ইউদ্বলিলহ ;

(৩৯) আর যারা আমার আয়াতসমূহকে মিথ্যা বলে, তারা তো অন্ধকারের মধ্যে বধির ও বোবা; আল্লাহ যাকে চান তাকে পথভ্রষ্ট করেন,

وَمَنْ يَّشَاْ يَجْعَلْهُ عَلٰى صِرَاطٍ مُّسْتَقِيْمٍ ﴿٤٠﴾ قُلْ اَرَءَيْتَكُمْ اِنْ اَتٰىكُمْ عَذَابُ

ওয়া মাই ইয়াশা' ইয়াজ্'আলহু 'আলা- স্বিরা-ত্বিম্ মুস্তাক্বীম। ৪০। কুল আরাআইতাকুম ইন্ আতা-কুম 'আযা-বুল্

এবং যাকে চান তাকে সরল পথে পরিচালিত করেন। (৪০) আপনি বলুন, তোমরা কি চিন্তা করে দেখেছ? যদি তোমাদের উপর আল্লাহর কোন শাস্তি এসে পড়ে

اللّٰهِ اَوْ اَتَتْكُمُ السَّاعَةُ اَغَيْرَ اللّٰهِ تَدْعُوْنَ ۚ اِنْ كُنْتُمْ صٰدِقِيْنَ ﴿٤١﴾ بَلْ

লা-হি আও আতাত্কুমুস্ সা-'আতু আগাইরাল্লা-হি তাদ্'উন, ইন্ কুন্তুম স্বা-দিক্বীন। ৪১। বাল্

অথবা যদি তোমাদের উপর কিয়ামত এসে পৌঁছে, তবে কি তোমরা আল্লাহ ব্যতীত অন্য কাউকে ডাকবে? যদি তোমরা সত্যবাদী হও। (৪১) বরং

اِيَّاهُ تَدْعُوْنَ فَيَكْشِفُ مَا تَدْعُوْنَ اِلَيْهِ اِنْ شَآءَ وَتَنْسَوْنَ مَا تُشْرِكُوْنَ ۝

ইয়্যা-হু তাদ্'উনা ফাইয়াক্শিফু মা-তাদ্'উনা ইলাইহি ইন্ শা—আ ওয়া তানসাওনা মা-তুশ্রিকূন।

শুধু তাকেই ডাকবে। অতঃপর যে উদ্দেশ্যে তাঁকে ডাকবে, ইচ্ছা করলে তিনি তা দূর করবেন এবং যাদেরকে তোমরা শরীক করতে তাদেরকে ভুলে যাবে।

৪ ع ১০ রুকূ

﴿٤٢﴾ وَلَقَدْ اَرْسَلْنَآ اِلٰٓى اُمَمٍ مِّنْ قَبْلِكَ فَاَخَذْنٰهُمْ بِالْبَاْسَآءِ وَالضَّرَّآءِ لَعَلَّهُمْ

৪২। ওয়া লাক্বাদ আরসাল্না~ইলা~ উমামিম্ মিন্ ক্বাবলিকা ফাআখায্না-হুম্ বিলবা'সা—ই ওয়াদ্ব দ্বাররা—ই লা'আল্লাহুম

(৪২) আর আমি আপনার পূর্বেও বহু উম্মতের নিকট রাসূল প্রেরণ করেছিলাম। অনন্তর আমি তাদেরকে অভাব অনটন ও দুঃখ-কষ্ট দিয়ে পাকড়াও করেছিলাম,

يَتَضَرَّعُوْنَ ﴿٤٣﴾ فَلَوْلَآ اِذْ جَآءَهُمْ بَاْسُنَا تَضَرَّعُوْا وَلٰكِنْ قَسَتْ قُلُوْبُهُمْ

ইয়াতাদ্বাররা'উন। ৪৩। ফালাওলা~ইয্ জা—আহুম্ বা'সুনা- তাদ্বাররা'উ ওয়া লা-কিন্ ক্বাসাত্ কুলূবুহুম

যাতে তারা বিনীত হয়। (৪৩) সুতরাং যখন তাদের উপর আমার শাস্তি এসে গেল, তখনো কেন তারা বিনম্র হল না? বরং তাদের হৃদয়গুলো কঠিন হয়ে থাকল,

وَزَيَّنَ لَهُمُ الشَّيْطٰنُ مَا كَانُوْا يَعْمَلُوْنَ ﴿٤٤﴾ فَلَمَّا نَسُوْا مَا ذُكِّرُوْا بِهٖ فَتَحْنَا

ওয়া যাইয়ানা লাহুমুশ্ শাইত্বা-নু মা- কা-নূ ইয়া'মালূন। ৪৪। ফালাম্মা- নাসূ মা-যুক্কিরূ বিহী ফাতাহ্না-

এবং শয়তান তাদের কাজগুলো তাদের সামনে সুশোভিত করে দেখাল। (৪৪) অতঃপর তাদেরকে যে উপদেশ দেয়া হয়েছিল তা যখন ভুলে গেল তখন তাদের জন্য

عَلَيْهِمْ اَبْوَابَ كُلِّ شَيْءٍ ۭ حَتّٰٓى اِذَا فَرِحُوْا بِمَآ اُوْتُوْٓا اَخَذْنٰهُمْ بَغْتَةً

'আলাইহিম আব্ওয়া-বা কুল্লি শাইয়্; হাত্তা~ইযা- ফারিহূ বিমা~উতূ~আখায্না-হুম্ বাগ্তাতান

সব বিষয়ের দ্বার খুলে দিলাম। অবশেষে তাদেরকে প্রদত্ত বিষয়ের উপর যখন তারা খুব খুশী হয়ে পড়ল, তখন আমি তাদেরকে অকস্মাৎ পাকড়াও করলাম।

فَاِذَا هُمْ مُّبْلِسُوْنَ ﴿٤٥﴾ فَقُطِعَ دَابِرُ الْقَوْمِ الَّذِيْنَ ظَلَمُوْا ۭ وَالْحَمْدُ لِلّٰهِ رَبِّ

ফাইযা-হুম্ মুব্লিসূন। ৪৫। ফাকুত্বি'আ দা-বিরুল ক্বাওমিল লাযীনা যালামূ; ওয়াল হাম্দু লিল্লা-হি রাব্বিল

অতঃপর তারা নিরাশ হয়ে পড়ল। (৪৫) অতঃপর অত্যাচারী সম্প্রদায়ের শিকড় কর্তন করা হলো। আর সকল প্রশংসা আল্লাহরই জন্য, যিনি সমগ্র বিশ্বের

الْعٰلَمِيْنَ ﴿٤٦﴾ قُلْ اَرَءَيْتُمْ اِنْ اَخَذَ اللّٰهُ سَمْعَكُمْ وَاَبْصَارَكُمْ وَخَتَمَ

'আ-লামীন। ৪৬। কুল আরাআইতুম ইন্ আখাযাল্লা-হু সাম্'আকুম ওয়া আব্স্বা-রাকুম ওয়া খাতামা

প্রতিপালক। (৪৬) বলুন, তোমরা কি ভেবে দেখেছ? যদি আল্লাহ তোমাদের শ্রবণ শক্তি ও দৃষ্টি শক্তিগুলো ছিনিয়ে নেন এবং তোমাদের অন্তরসমূহে

عَلٰى قُلُوْبِكُمْ مَّنْ اِلٰهٌ غَيْرُ اللّٰهِ يَاْتِيْكُمْ بِهٖ ۭ اُنْظُرْ كَيْفَ نُصَرِّفُ الْاٰيٰتِ

'আলা- কুলূবিকুম মান্ ইলা-হুন গাইরুল্লা-হি ইয়া'তীকুম বিহ্; উন্যুর কাইফা নুস্বাররিফুল আ-ইয়া-তি

মোহর মেরে দেন, তবে কি আল্লাহ ভিন্ন আর কোন মা'বুদ আছে, যে এগুলো ফিরিয়ে দিবে? দেখুন, আমি কিরূপে বিভিন্নভাবে আয়াতসমূহ বর্ণনা করি।

ثُمَّ هُمْ يَصْدِفُوْنَ ﴿٤٧﴾ قُلْ اَرَءَيْتَكُمْ اِنْ اَتٰىكُمْ عَذَابُ اللّٰهِ بَغْتَةً

ছুম্মা হুম ইয়াস্বদিফূন। ৪৭। কুল আরাআইতাকুম ইন্ আতা-কুম 'আযা-বুল্লা-হি বাগ্তাতান

এরপরও তারা এড়িয়ে চলে। (৪৭) আপনি বলুন, তোমরা কি ভেবে দেখনি? যদি তোমাদের উপর আল্লাহর শাস্তি এসে পড়ে

اَوْ جَهْرَةً هَلْ يُهْلَكُ اِلَّا الْقَوْمُ الظّٰلِمُوْنَ ﴿٤٨﴾ وَمَا نُرْسِلُ الْمُرْسَلِيْنَ اِلَّا

আও জাহ্রাতান হাল্ ইয়ুহ্লাকু ইল্লাল্ ক্বাওমুয্ যা-লিমূন। ৪৮। ওয়া মা- নুরসিলুল মুরসালীনা ইল্লা-

আকস্মিকভাবে বা প্রকাশ্যভাবে, তবে অত্যাচারী সম্প্রদায় ব্যতীত অন্য কেউ কি ধ্বংসে হবে? (৪৮) আর আমি রাসূলগণকে শুধু সুসংবাদ প্রদানকারী

مُبَشِّرِيْنَ وَمُنْذِرِيْنَ ۚ فَمَنْ اٰمَنَ وَاَصْلَحَ فَلَا خَوْفٌ عَلَيْهِمْ وَلَا هُمْ يَحْزَنُوْنَ

মুবাশ্ শিরীনা ওয়া মুনযিরীন, ফামান আ-মানা ওয়া আস্বলাহা ফালা- খাওফুন 'আলাইহিম ওয়ালা-হুম ইয়াহ্যানূন।

ও ভয় প্রদর্শনকারী হিসেবে প্রেরণ করি। সুতরাং যে ঈমান আনবে ও নিজেকে সংশোধন করে নিবে তার জন্য কোন ভয় নেই এবং সে দুঃখিতও হবে না।

﴿٤٩﴾ وَالَّذِيْنَ كَذَّبُوْا بِاٰيٰتِنَا يَمَسُّهُمُ الْعَذَابُ بِمَا كَانُوْا يَفْسُقُوْنَ ﴿٥٠﴾ قُلْ

৪৯। ওয়াল্লাযীনা কায্যাবূ বিআ-ইয়া-তিনা- ইয়ামাসসুহুমুল 'আযা-বু বিমা- কা-নূ ইয়াফ্সুকূন। ৫০। কুল্

(৪৯) আর যারা আমার আয়াতগুলোকে মিথ্যা বলে, তাদেরকে অবশ্যই শাস্তি স্পর্শ করবে এ কারণে যে, তারা দুষ্কর্ম করতো। (৫০) আপনি বলুন,

لَّآ اَقُوْلُ لَكُمْ عِنْدِيْ خَزَآئِنُ اللّٰهِ وَلَآ اَعْلَمُ الْغَيْبَ وَلَآ اَقُوْلُ لَكُمْ

লা~আকূলু লাকুম 'ইন্দী খাযা—ইনুল্লা-হি ওয়ালা~আ'লামুল গাইবা ওয়ালা~আকূলু লাকুম

আমি তোমাদেরকে একথা বলি না যে, আমার কাছে আল্লাহর ধন-ভান্ডার আছে। আর না আমি অদৃশ্য বিষয় জানি এবং আমি তোমাদের কাছে একথাও বলিনা যে,

اِنِّيْ مَلَكٌ ۚ اِنْ اَتَّبِعُ اِلَّا مَا يُوْحٰٓى اِلَيَّ ۭ قُلْ هَلْ يَسْتَوِى الْاَعْمٰى

ইন্নী মালাক, ইন আত্তাবি'উ ইল্লা- মা- ইউহ্ ~ইলাইয়্য; কুল হাল ইয়াসতাওয়িল আ'মা-

আমি ফিরিশতা। আমি তো শুধু তারই অনুসরণ করি যা আমার প্রতি ওহী আসে। আপনি বলুন, দৃষ্টিশক্তিহীন ও দৃষ্টিশক্তিমান ব্যক্তিদ্বয়

৫ ع ১১ রুকূ

وَالْبَصِيْرُ ۭ اَفَلَا تَتَفَكَّرُوْنَ ﴿٥١﴾ وَاَنْذِرْ بِهِ الَّذِيْنَ يَخَافُوْنَ اَنْ يُّحْشَرُوْٓا

ওয়াল্ বাস্বীর; আফালা- তাতাফাক্কারূন। ৫১। ওয়া আন্যির বিহিল্লাযীনা ইয়াখা-ফূনা আই ইউহ্শারূ~

কি সমান হতে পারে? তবুও কি তোমরা চিন্তা করবে না? (৫১) আর এ (কুরআন) দ্বারা এমন লোকদেরকে ভয় প্রদর্শন করুন, যারা এর ভয় করে যে,

اِلٰى رَبِّهِمْ لَيْسَ لَهُمْ مِّنْ دُوْنِهٖ وَلِيٌّ وَّلَا شَفِيْعٌ لَّعَلَّهُمْ يَتَّقُوْنَ ۝

ইলা- রাব্বিহিম লাইসা লাহুম মিন্ দূনিহী ওয়ালিয়্যুঁও ওয়ালা-শাফী'উল্ লা'আল্লাহুম ইয়াত্তাকূন।

তাদেরকে স্বীয় প্রতিপালকের সমীপে এমন অবস্থায় একত্রিত করা হবে যে, তিনি ছাড়া অন্য কেউ তাদের বন্ধু ও সুপারিশকারী থাকবে না। হয়তো তারা সংযমী হবে।

وَلَا تَطْرُدِ الَّذِينَ يَدْعُونَ رَبَّهُمْ بِالْغَدٰوةِ وَالْعَشِيِّ يُرِيدُونَ وَجْهَهُ ۖ

৫২। ওয়ালা-তাত্বরুদিল্ লাযীনা ইয়াদ্'উনা রাব্বাহুম বিল গাদা-তি ওয়াল 'আশিয়্যি ইয়ুরীদূনা ওয়াজ্হাহ ;

(৫২) আর তাদেরকে তাড়িয়ে দিবেন না, যারা সকাল ও সন্ধ্যা স্বীয় প্রতিপালককে শুধু তাঁরই সন্তুষ্টি কামনায় ডাকে।

مَا عَلَيْكَ مِنْ حِسَابِهِمْ مِنْ شَيْءٍ وَمَا مِنْ حِسَابِكَ عَلَيْهِمْ مِنْ شَيْءٍ فَتَطْرُدَهُمْ

মা- 'আলাইকা মিন্ হ্বিসা-বিহিম্ মিন্ শাইয়িওঁ ওয়া মা- মিন হ্বিসা-বিকা 'আলাইহিম মিন্ শাইয়িন ফাতাত্বরুদাহুম

তাদের হিসাবের (কর্মের) কোন দায়িত্ব আপনার নয় এবং আপনার হিসাবের (কর্মের) কোন দায়িত্ব তাদের নয় যে, তাদেরকে আপনি তাড়িয়ে দিবেন। তা করলে

فَتَكُونَ مِنَ الظّٰلِمِينَ ۝٥٢ وَكَذٰلِكَ فَتَنَّا بَعْضَهُمْ بِبَعْضٍ لِيَقُولُوا أَهٰؤُلَاءِ

ফাতাকূনা মিনায্ যা-লিমীন। ৫৩। ওয়া কাযা-লিকা ফাতান্না- বা'দ্বাহুম্ বিবা'দ্বিল্ লিইয়াকূলূ~আহা~উলা—ই

আপনি অত্যাচারীদের অন্তর্ভুক্ত হবেন। (৫৩) আর এভাবেই আমি তাদের একের দ্বারা অন্যের পরীক্ষা করেছি। যেন তারা বলে,

مَنَّ اللّٰهُ عَلَيْهِمْ مِنْ بَيْنِنَا ۗ أَلَيْسَ اللّٰهُ بِأَعْلَمَ بِالشّٰكِرِينَ ۝٥٣ وَإِذَا جَاءَكَ

মান্নাল্লা-হু 'আলাইহিম্ মিম্ বাইনিনা-; আলাইসাল্লা-হু বিআ'লামা বিশ্ শা-কিরীন। ৫৪। ওয়া ইযা- জ্বা—আকাল্

আমাদের মধ্য হতে তাদেরই উপর কি আল্লাহ অনুগ্রহ করেছেন? আল্লাহ কি কৃতজ্ঞদের সম্পর্কে খুব অবগত নন? (৫৪) যারা আমার আয়াতের প্রতি ঈমান এনেছে

الَّذِينَ يُؤْمِنُونَ بِآيٰتِنَا فَقُلْ سَلٰمٌ عَلَيْكُمْ كَتَبَ رَبُّكُمْ عَلٰى نَفْسِهِ الرَّحْمَةَ ۙ

লাযীনা ইউ'মিনূনা বিআ-ইয়া-তিনা- ফাকুল সালা-মুন 'আলাইকুম কাতাবা রাব্বুকুম 'আলা-নাফ্সিহির রাহ্মাতা

তারা যখন আপনার কাছে আসে তখন আপনি বলুন, তোমাদের প্রতি শান্তি বর্ষিত হোক। তোমাদের প্রতিপালক রহমত করাকে তাঁর নিজ কর্তব্য বলে নির্ধারণ করে

أَنَّهُ مَنْ عَمِلَ مِنْكُمْ سُوءًا بِجَهَالَةٍ ثُمَّ تَابَ مِنْ بَعْدِهِ وَأَصْلَحَ فَأَنَّهُ غَفُورٌ

আন্নাহূ মান 'আমিলা মিন্কুম সূ—আম্ বিজ্বাহা-লাতিন্ ছুম্মা তা-বা মিম্ বা'দিহী ওয়া আস্বলাহ্বা ফাআন্নাহূ গাফূরুর

নিয়েছেন। তোমাদের মধ্য হতে যে অজ্ঞতাবশতঃ মন্দ কাজ করে, অতঃপর তওবা করে এবং সংশোধিত হয়, তবে নিশ্চয় আল্লাহ ক্ষমাশীল ও

رَحِيمٌ ۝٥٤ وَكَذٰلِكَ نُفَصِّلُ الْآيٰتِ وَلِتَسْتَبِينَ سَبِيلُ الْمُجْرِمِينَ ۝٥٥ قُلْ

রাহ্বীম। ৫৫। ওয়া কাযা-লিকা নুফাস্স্বিলুল আ-ইয়া-তি ওয়া লিতাস্তাবীনা সাবীলুল্ মুজ্বরিমীন। ৫৬। কুল

পরম দয়ালু। (৫৫) আর এভাবেই আমি আয়াতসমূহ বিস্তারিতভাবে বর্ণনা করি, যাতে অপরাধীদের পথ প্রকাশ হয়ে যায়। (৫৬) আপনি বলুন,

৬
ع
১২
রুকূ

إِنِّي نُهِيتُ أَنْ أَعْبُدَ الَّذِينَ تَدْعُونَ مِنْ دُونِ اللّٰهِ ۚ قُلْ لَا أَتَّبِعُ

ইন্নী নুহীতু আন্ আ'বুদাল্লাযীনা তাদ্'উনা মিন্ দূনিল্লা-হ ; কুল্ লা~আত্তাবি'উ

আল্লাহকে ছেড়ে যাদেরকে তোমরা ডাক তাদের ইবাদত করতে আমাকে নিষেধ করা হয়েছে। বলুন, আমি তোমাদের ইচ্ছার

أَهْوَاءَكُمْ ۙ قَدْ ضَلَلْتُ إِذًا وَمَا أَنَا مِنَ الْمُهْتَدِينَ ۝٥٦ قُلْ إِنِّي عَلٰى بَيِّنَةٍ

আহ্ওয়া—আকুম ক্বাদ্ দ্বালাল্তু ইযাওঁ ওয়া মা~আনা মিনাল্ মুহ্তাদীন। ৫৭। কুল ইন্নী 'আলা- বাইয়্যিনাতিম্

অনুসরণ করি না, করলে আমি পথভ্রষ্ট হয়ে যাব এবং সুপথ প্রাপ্তদের অন্তর্ভুক্ত থাকতে পারব না। (৫৭) আপনি বলুন, নিশ্চয় আমি সু-স্পষ্ট প্রমাণের উপর আছি

مِنْ رَبِّي وَكَذَّبْتُمْ بِهِ ۚ مَا عِنْدِي مَا تَسْتَعْجِلُونَ بِهِ ۚ إِنِ الْحُكْمُ إِلَّا لِلّٰهِ ۚ

মির্ রাব্বী ওয়া কায্যাবতুম্ বিহ ; মা- 'ইন্দী মা-তাস্তা'জ্বিলূনা বিহ ; ইনিল্ হুক্মু ইল্লা-লিল্লা-হ ;

আমার প্রতিপালকের পক্ষ হতে। অথচ তোমরা তা মিথ্যা বলছ। তোমরা যা দ্রুত চাচ্ছ তা আমার কাছে নেই। নির্দেশ তো একমাত্র আল্লাহরই।

يَقُصُّ الْحَقَّ وَهُوَ خَيْرُ الْفٰصِلِينَ ۝٥٧ قُلْ لَوْ أَنَّ عِنْدِي مَا تَسْتَعْجِلُونَ بِهِ

ইয়াকুস্স্বুল হাক্ক্বা ওয়া হুওয়া খাইরুল ফা-স্বিলীন। ৫৮। কুল্ লাও আন্না 'ইন্দী মা- তাস্তা'জ্বিলূনা বিহী

তিনি সত্য বর্ণনা করেন এবং তিনি উত্তম ফয়সালাকারী। (৫৮) আপনি বলুন, তোমরা যা দ্রুত চাচ্ছ তা যদি আমার কাছে থাকতো তবে অবশ্যই

لَقُضِيَ الْأَمْرُ بَيْنِي وَبَيْنَكُمْ ۗ وَاللّٰهُ أَعْلَمُ بِالظّٰلِمِينَ ۝٥٨ وَعِنْدَهُ مَفَاتِحُ

লাকুদ্বিয়াল্ আমরু বাইনী ওয়া বাইনাকুম ; ওয়াল্লা-হু আ'লামু বিয্ যা-লিমীন। ৫৯। ওয়া 'ইন্দাহূ মাফা-তিহুল

আমার ও তোমাদের মধ্যকার বিষয়টির ফয়সালাই হয়ে যেত। আল্লাহ অত্যাচারীদের খুব জানেন। (৫৯) আল্লাহর কাছেই রয়েছে

الْغَيْبِ لَا يَعْلَمُهَا إِلَّا هُوَ ۚ وَيَعْلَمُ مَا فِي الْبَرِّ وَالْبَحْرِ ۚ وَمَا تَسْقُطُ مِنْ

গাইবি লা-ইয়া'লামুহা~ইল্লা- হুওয় ; ওয়া ইয়া'লামু মা- ফিল্ বার্রি ওয়াল্ বাহ্বর ; ওয়া মা- তাস্কুতু মিওঁ

অদৃশ্যের চাবিসমূহ। তিনি ব্যতীত অন্য কেউ তা কেউ জানে না এবং তিনি অবহিত, যা কিছু আছে স্থলে ও সমুদ্রে এবং তাঁর অজ্ঞাতে

وَرَقَةٍ إِلَّا يَعْلَمُهَا وَلَا حَبَّةٍ فِي ظُلُمٰتِ الْأَرْضِ وَلَا رَطْبٍ وَلَا يَابِسٍ

ওয়ারাক্বাতিন্ ইল্লা- ইয়া'লামুহা- ওয়ালা- হ্বাব্বাতিন্ ফী যুলুমা-তিল আরদ্বি ওয়ালা-রাত্বিবিওঁ ওয়ালা-ইয়া-বিসিন

একটি পাতাও পড়ে না। কোন শস্য কণাও যমীনের অন্ধকারাংশে পতিত হয় না এবং তাজা বা শুকনো এমন কোন বস্তুও নেই, যা সুস্পষ্ট

إِلَّا فِي كِتٰبٍ مُبِينٍ ۝٥٩ وَهُوَ الَّذِي يَتَوَفّٰكُمْ بِاللَّيْلِ وَيَعْلَمُ مَا جَرَحْتُمْ

ইল্লা-ফী কিতা-বিম্ মুবীন। ৬০। ওয়া হুওয়াল্ লাযী ইয়াতাওয়াফ্ ফা-কুম্ বিল্ লাইলি ওয়াইয়া'লামু মা-জ্বারাহ্বতুম্

কিতাবে নেই। (৬০) আর তিনিই (আল্লাহ) যিনি রাতে তোমাদেরকে (নিদ্রার মাধ্যমে) মৃত্যু ঘটান এবং দিবসে যা কিছু কর তা তিনি

بِالنَّهَارِ ثُمَّ يَبْعَثُكُمْ فِيهِ لِيُقْضٰى أَجَلٌ مُسَمًّى ۚ ثُمَّ إِلَيْهِ مَرْجِعُكُمْ ثُمَّ

বিন্নাহা-রি ছুম্মা ইয়াব্'আছুকুম ফীহি লিইউক্দ্বা~আজ্বালুম্ মুসাম্মা, ছুম্মা ইলাইহি মার্জ্বি'উকুম ছুম্মা

জানেন। অতঃপর দিবসে তোমাদেরকে তিনি জাগ্রত করেন, যাতে নির্ধারিত সময় কাল পূর্ণ হয়। অতঃপর তাঁর দিকেই তোমাদের সকলের প্রত্যাবর্তন হবে। অতঃপর

৭
ع
১৩
রুকূ

يُنَبِّئُكُمْ بِمَا كُنْتُمْ تَعْمَلُونَ ۝٦٠ وَهُوَ الْقَاهِرُ فَوْقَ عِبَادِهِ وَيُرْسِلُ عَلَيْكُمْ

ইউনাব্বিউকুম্ বিমা- কুন্তুম তা'মালূন। ৬১। ওয়া হুওয়াল্ ক্বা-হিরু ফাওক্বা 'ইবা-দিহী ওয়া ইউর্সিলু 'আলাইকুম

তোমরা যা কিছু করছিলে তা জানিয়ে দিবেন। (৬১) আর তিনি বান্দাদের উপর পরাক্রমশালী এবং তিনিই তোমাদের উপর সংরক্ষক প্রেরণ করেন।

✪ টীকা (আঃ ৫৯) ঃ রাসূল (সা) "সমস্ত গুপ্ত বিষয়ের ভাণ্ডার" শব্দের ব্যাখ্যায় পাঁচটি বিষয় উল্লেখ করেছেন। কিয়ামত কখন হবে, বৃষ্টি কখন বর্ষিবে, গর্ভিনীর পেটে কি সন্তান আছে, মানুষ আগামী কল্য কি করবে এবং কে কোথায় মরবে। হাদীসে এসেছে যে, গায়েবী ইলমের কোন কোন বিষয় আল্লাহ নবীগণকে ওহী দ্বারা এবং ওলীগণকে এলহাম ও স্বপ্ন দ্বারা জানিয়ে দেন। যেমন, নবীগণ কবরের আযাব, হাশরের আযাব, দোযখের ভয়াবহ অবস্থা এবং বেহেশতের শান্তির বিষয় যা গায়েবী ইলমের অন্তর্ভুক্ত, পরিষ্কারভাবে বর্ণনা করেছেন। হযরত ঈসা (আ) মানুষের ঘরে রক্ষিত দ্রব্যসমূহের কথা বলে দিতেন। হযরত ইউসুফ (আ) একজন কয়েদীর মুক্তি পাওয়ার এবং অপরজনের শূলী হওয়ার কথা পূর্বেই বলে দিয়েছিলেন। কোন কোন ওলীরও এরূপ কারামত ছিল যে, ভবিষ্যতের কথা বলে দিতেন। (ইঃ কোঃ)

حَفَظَةً ۖ حَتَّىٰ إِذَا جَاءَ أَحَدَكُمُ الْمَوْتُ تَوَفَّتْهُ رُسُلُنَا وَهُمْ لَا يُفَرِّطُونَ ۝

হ্বাফাযাহ ; হ্বাত্তা~ইযা- জ্বা—আ আহ্বাদাকুমুল্ মাওতু তাওয়াফ্ফাত্হু রুসুলুনা- ওয়া হুম লা-ইউফার্‌রিত্বূন।

অবশেষে যখন তোমাদের কারো মৃত্যুর সময় এসে যায় তখন আমার প্রেরিত (ফিরিশতা)গণ তার মৃত্যু ঘটায় এবং তাঁরা কোন শৈথিল্য প্রদর্শন করে না।

﴿٦٢﴾ ثُمَّ رُدُّوا إِلَى اللَّهِ مَوْلَاهُمُ الْحَقِّ ۚ أَلَا لَهُ الْحُكْمُ وَهُوَ أَسْرَعُ الْحَاسِبِينَ ۝

৬২। ছুম্মা রুদ্দূ~ইলাল্লা-হি মাওলা-হুমুল হ্বাক্বক্ব ; আলা- লাহুল হুকমু, ওয়া হুওয়া আস্‌রা'উল্ হ্বা-সিবীন।

(৬২) অতঃপর তাদেরকে প্রকৃত মালিকের নিকট পৌছান হবে। জেনে রেখো, নির্দেশ একমাত্র তাঁরই। আর তিনি দ্রুত হিসাব গ্রহণকারী।

﴿٦٣﴾ قُلْ مَنْ يُنَجِّيكُمْ مِنْ ظُلُمَاتِ الْبَرِّ وَالْبَحْرِ تَدْعُونَهُ تَضَرُّعًا وَخُفْيَةً ۚ

৬৩। কুল্ মাই ইউনাজ্জীকুম্ মিন্ যুলুমা-তিল বার্‌রি ওয়াল্ বাহ্বরি তাদ'উনাহূ তাদ্বার্‌রু'আওঁ ওয়া খুফ্‌ইয়াহ,

(৬৩) আপনি বলুন, কে তোমাদেরকে উদ্ধার করেন স্থলভাগের এবং সমুদ্রের অন্ধকার থেকে? যখন তোমরা তাঁকে বিনীতভাবে গোপনে ডাকতে থাক,

لَئِنْ أَنْجَانَا مِنْ هَٰذِهِ لَنَكُونَنَّ مِنَ الشَّاكِرِينَ ﴿٦٤﴾ قُلِ اللَّهُ يُنَجِّيكُمْ

লাইন্ আন্‌জ্বা-না- মিন্ হা-যিহী লানাকূনান্না মিনাশ্ শা-কিরীন। ৬৪। কুলিল্লা-হু ইউনাজ্জীকুম্

(এ বলে যে,) যদি আমাদেরকে এর থেকে উদ্ধার করে নেন, তবে আমরা অবশ্যই কৃতজ্ঞদের অন্তর্ভুক্ত হব। (৬৪) আপনি বলে দিন, আল্লাহই তোমাদেরকে উদ্ধার

مِنْهَا وَمِنْ كُلِّ كَرْبٍ ثُمَّ أَنْتُمْ تُشْرِكُونَ ﴿٦٥﴾ قُلْ هُوَ الْقَادِرُ عَلَىٰ أَنْ يَبْعَثَ

মিন্‌হা- ওয়া মিন্ কুল্লি কার্‌বিন্ ছুম্মা আন্‌তুম তুশ্‌রিকূন। ৬৫। কুল হুওয়াল ক্বা-দিরু 'আলা~আই ইয়াব্'আছা

করেন তা থেকে এবং সকল প্রকার বিপদ থেকে। এরপরও তোমরা শরীক কর। (৬৫) আপনি বলে দিন, তিনি (আল্লাহ) সক্ষম তোমাদের উর্ধদেশ

عَلَيْكُمْ عَذَابًا مِنْ فَوْقِكُمْ أَوْ مِنْ تَحْتِ أَرْجُلِكُمْ أَوْ يَلْبِسَكُمْ شِيَعًا

'আলাইকুম আযা-বাম্ মিন্ ফাওক্বিকুম আও মিন্ তাহ্বতি আর্‌জুলিকুম আও ইয়াল্‌বিসাকুম শিয়া'আওঁ

অথবা তোমাদের পায়ের নীচ থেকে তোমাদের উপর শাস্তি প্রেরণ করতে অথবা তোমাদেরকে বিভিন্ন উপদলে বিভক্ত

وَيُذِيقَ بَعْضَكُمْ بَأْسَ بَعْضٍ ۗ انْظُرْ كَيْفَ نُصَرِّفُ الْآيَاتِ لَعَلَّهُمْ

ওয়া ইউযীক্বা বা'দ্বাকুম্ বা'সা বা'দ্ব ; উন্‌যুর কাইফা নুস্বার্‌রিফুল আ-ইয়া-তি লা'আল্লাহুম

করাতে এবং তোমাদের এক দলকে অপর দলের আক্রমণের স্বাদ গ্রহণ করাতে। আপনি দেখুন, আমি কিভাবে বিভিন্নরূপে আয়াতগুলো বর্ণনা করি।

يَفْقَهُونَ ﴿٦٦﴾ وَكَذَّبَ بِهِ قَوْمُكَ وَهُوَ الْحَقُّ ۚ قُلْ لَسْتُ عَلَيْكُمْ بِوَكِيلٍ ۝

ইয়াফ্‌ক্বাহূন। ৬৬। ওয়া কায্‌যাবা বিহী ক্বাওমুকা ওয়া হুওয়াল হ্বাক্বক্ব ; কুল্ লাস্‌তু 'আলাইকুম্ বিওয়াকীল।

যাতে তারা বুঝতে পারে। (৬৬) আর আপনার সম্প্রদায় তো তা মিথ্যা বলেছে, অথচ এটাই সত্য। আপনি বলুন, আমি তোমাদের ব্যবস্থাপক নই।

﴿٦٧﴾ لِكُلِّ نَبَإٍ مُسْتَقَرٌّ ۚ وَسَوْفَ تَعْلَمُونَ ﴿٦٨﴾ وَإِذَا رَأَيْتَ الَّذِينَ يَخُوضُونَ

৬৭। লিকুল্লি নাবাইম্ মুসতাক্বার্‌রুওঁ ওয়াসাওফা তা'লামূন। ৬৮। ওয়া ইযা- রাআইতাল্ লাযীনা ইয়াখূদ্বূনা

(৬৭) প্রত্যেকটি সংবাদের একটি নির্দিষ্ট সময় রয়েছে এবং অচিরেই তোমরা তো জানতে পারবে। (৬৮) যখন আপনি তাদেরকে দেখবেন যে, তারা আমার

فِي آيَاتِنَا فَأَعْرِضْ عَنْهُمْ حَتَّىٰ يَخُوضُوا فِي حَدِيثٍ غَيْرِهِ ۚ وَإِمَّا يُنْسِيَنَّكَ

ফী~আ-ইয়া-তিনা- ফাআ'রিদ্ব 'আনহুম হ্বাত্তা- ইয়াখূদ্বূ ফী হ্বাদীছিন গাইরিহ ; ওয়াইম্মা- ইউন্‌সিইয়ান্নাকাশ্

আয়াত সম্পর্কে অনর্থক আলোচনা করছে, তখন তাদের থেকে আপনি এড়িয়ে থাকুন, যে পর্যন্ত না তারা অন্য প্রসঙ্গে লিপ্ত হয়।

الشَّيْطَانُ فَلَا تَقْعُدْ بَعْدَ الذِّكْرَىٰ مَعَ الْقَوْمِ الظَّالِمِينَ ﴿٦٩﴾ وَمَا عَلَى الَّذِينَ

শাইত্বা-নু ফালা- তাক্ব'উদ্ বা'দায্ যিক্‌রা- মা'আল ক্বাওমিয্ যা-লিমীন। ৬৯। ওয়া মা- 'আলাল্লাযীনা

আর যদি শয়তান আপনাকে ভুলিয়ে দেয়, তবে স্মরণ হওয়ার পর পুনরায় অত্যাচারী সম্প্রদায়ের সাথে বসবেন না। (৬৯) আর মুত্তাকীদের উপর ওদের

يَتَّقُونَ مِنْ حِسَابِهِمْ مِنْ شَيْءٍ وَلَٰكِنْ ذِكْرَىٰ لَعَلَّهُمْ يَتَّقُونَ ﴿٧٠﴾ وَذَرِ الَّذِينَ

ইয়াত্তাক্বূনা মিন্ হ্বিসা-বিহীম্ মিন্ শাইয়িওঁ ওয়ালা-কিন্ যিক্‌রা- লা'আল্লাহুম ইয়াত্তাক্বূন। ৭০। ওয়া যারিল্ লাযীনাত্

জবাবদিহিতার কোন দায়িত্ব নেই। কিন্তু তাদের দায়িত্ব উপদেশ দেয়া। যাতে ওরাও পরহেযগার হতে পারে। (৭০) আর তাদেরকে বর্জন করুন

اتَّخَذُوا دِينَهُمْ لَعِبًا وَلَهْوًا وَغَرَّتْهُمُ الْحَيَاةُ الدُّنْيَا ۚ وَذَكِّرْ بِهِ أَنْ تُبْسَلَ

তাখাযূ দীনাহুম লা'ইবাওঁ ওয়া লাহ্‌ওয়াওঁ ওয়া গার্‌রাত্ হুমুল হ্বাইয়া-তুদ্ দুন্‌ইয়া-ওয়া যাক্‌কির বিহী~আন্ তুব্‌সালা

যারা তাদের দ্বীনকে খেল তামাশারূপে গ্রহণ করেছে এবং যাদেরকে পার্থিব জীবনে ধোকায় ফেলেছে, এবং এ (কুরআন) দ্বারা তাদেরকে উপদেশ দিন,

نَفْسٌ بِمَا كَسَبَتْ لَيْسَ لَهَا مِنْ دُونِ اللَّهِ وَلِيٌّ وَلَا شَفِيعٌ وَإِنْ تَعْدِلْ

নাফসুম্ বিমা- কাসাবাত, লাইসা লাহা- মিন্ দূনিল্লা-হি ওয়ালিয়্যুওঁ ওয়ালা- শাফী'য়, ওয়া ইন্ তা'দিল

যাতে নিজ কৃতকর্মের কারণে কেউ ফেঁসে না যায়, যখন আল্লাহ ছাড়া আর অন্য কেউ তাদের বন্ধু ও সুপারিশকারী থাকবে না এবং তারা যদি সব

كُلَّ عَدْلٍ لَا يُؤْخَذْ مِنْهَا ۗ أُولَٰئِكَ الَّذِينَ أُبْسِلُوا بِمَا كَسَبُوا ۖ لَهُمْ شَرَابٌ

কুল্লা 'আদলিল লা-ইউ'খায্ মিন্‌হা-; উলা—ইকাল্ লাযীনা উব্‌সিলূ বিমা- কাসাবূ, লাহুম শারা-বুম্

কিছুও বিনিময় প্রদান করে তা গ্রহণ করা হবে না। তারা তাদের কৃতকর্মের দরুন ফেঁসে গেছে। কুফরী করার কারণে, তাদের

৮ ১৪ রুকূ

مِنْ حَمِيمٍ وَعَذَابٌ أَلِيمٌ بِمَا كَانُوا يَكْفُرُونَ ﴿٧١﴾ قُلْ أَنَدْعُو مِنْ دُونِ اللَّهِ

মিন্ হ্বামীমিওঁ ওয়া 'আযা-বুন্ আলীমুম্ বিমা- কা-নূ ইয়াক্‌ফুরূন। ৭১। কুল্ আনাদ্'উ মিন্ দূনিল্লা-হি

পান করার জন্য রয়েছে তীব্র গরম পানি এবং যন্ত্রণাদায়ক শাস্তি। (৭১) আপনি বলুন, আমরা কি আল্লাহ ব্যতীত এমন কাউকে ডাকব

مَا لَا يَنْفَعُنَا وَلَا يَضُرُّنَا وَنُرَدُّ عَلَىٰ أَعْقَابِنَا بَعْدَ إِذْ هَدَانَا اللَّهُ كَالَّذِي

মা-লা- ইয়ান্‌ফা'উনা- ওয়ালা- ইয়াদ্বুর্‌রুনা- ওয়া নুরাদ্দু 'আলা~আ'ক্বা-বিনা- বা'দা ইয্ হাদা-নাল্লা-হু কাল্‌লাযিস্

যে আমাদেরকে কোন উপকার বা অপকার করতে পারবে না? এবং আল্লাহ আমাদেরকে সৎপথ প্রদর্শনের পর আমরা কি উল্টো ফিরে যাব সে ব্যক্তির ন্যায়,

اسْتَهْوَتْهُ الشَّيَاطِينُ فِي الْأَرْضِ حَيْرَانَ لَهُ أَصْحَابٌ يَدْعُونَهُ إِلَى

তাহ্‌ওয়াত্‌হুশ্ শাইয়া-ত্বীনু ফিল আর্‌দ্বি হ্বাইরা-ন, লাহূ~আস্‌হ্বা-বুই ইয়াদ্'উনাহূ~ইলাল

যাকে শয়তান পৃথিবীতে পথ ভুলিয়ে দিশেহারা করে দিয়েছে? অথচ তার কিছু সাথী আছে যারা তাকে সঠিক পথের দিকে আহ্বান করে বলে,

الهدى ائتنا ط قل ان هدى الله هو الهدى ط وامرنا لنسلم لرب

হুদা'তিনা-; কুল ইন্না হুদাল্লা-হি হুওয়াল হুদা-; ওয়া উমির্‌না- লিনুসলিমা লিরাব্বিল
এসে আমাদের দিকে। আপনি বলে দিন, নিশ্চয় আল্লাহর পথই সঠিক পথ। আর আমরা আদিষ্ট হয়েছি, জগৎসমূহের প্রতিপালকের নিকট আত্মসমর্পণ করার

العلمين ﴿٧١﴾ وان اقيموا الصلوة واتقوه ط وهو الذى اليه تحشرون ﴿٧٢﴾ وهو

'আ-লামীন। ৭১। ওয়া আন্ আক্বীমুস্ স্বালা-তা ওয়াত্তাকূহ ; ওয়া হুওয়াল্লাযী~ইলাইহি তুহ্‌শারূন। ৭২। ওয়া হুওয়া
জন্য, (৭১) এবং সালাত কায়েম করতে এবং তাঁকে ভয় করতে। তিনিই সে মহান আল্লাহ যার কাছে তোমাদেরকে সমবেত করা হবে। (৭২) এবং

الذى خلق السموت والارض بالحق ط ويوم يقول كن فيكون ۵ قوله

ল্লাযী খালাক্বাস্ সামা-ওয়া-তি ওয়াল আরদ্বা বিলহ্বাক্ব্ ; ওয়া ইয়াওমা ইয়াক্বূলু কুন্ ফাইয়াকূন; ক্বাওলুহুল
তিনিই যথাবিধি আসমানসমূহ ও যমীন সৃষ্টি করেছেন। আর যেদিন তিনি বলবেন (যে) হয়ে যাও, অমনি হয়ে যাবে। তার কথাই

الحق ط وله الملك يوم ينفخ فى الصور ط علم الغيب والشهادة ط وهو

হ্বাক্ব্ ; ওয়া লাহুল্ মুল্‌কু ইয়াওমা ইউন্‌ফাখু ফিস্ব স্বূর ; 'আ-লিমুল গাইবি ওয়াশ্ শাহা-দাহ ; ওয়া হুওয়াল্
সত্য; যেদিন শিংগায় ফুঁৎকার দেয়া হবে সেদিন সর্বময় কর্তৃত্ব একমাত্র তাঁরই হবে এবং তিনি অদৃশ্য ও প্রত্যক্ষ বিষয় সবকিছু জানেন এবং তিনি

الحكيم الخبير ﴿٧٣﴾ واذ قال ابرهيم لابيه ازر اتتخذ اصناما الهة ج

হ্বাকীমুল খাবীর। ৭৩। ওয়া ইয্ ক্বা-লা ইব্রা-হীমু লিআবীহি আ-যারা আতাত্তাখিযু আস্বনা-মান আ-লিহাহ ;
প্রজ্ঞাময় ও সর্বজ্ঞ। (৭৩) স্মরণ করুন, যখন ইব্রাহীম তাঁর পিতা আযরকে বললেন, 'আপনি কি মূর্তিগুলোকে মা'বুদ হিসেবে স্বীকার করেন?

انى ارىك وقومك فى ضلل مبين ﴿٧٤﴾ وكذلك نرى ابرهيم ملكوت

ইন্নী~আরা-কা ওয়া ক্বাওমাকা ফী দ্বালা-লিম্ মুবীন। ৭৪। ওয়া কাযা-লিকা নুরী~ইব্রা-হীমা মালাকূতাস্
আমি আপনাকে ও আপনার সম্প্রদায়কে স্পষ্ট ভ্রান্তির মধ্যেই দেখছি।' (৭৪) এমনিভাবে ইব্রাহীমকে আসমান ও

السموت والارض وليكون من الموقنين ﴿٧٥﴾ فلما جن عليه اليل

সামা-ওয়া-তি ওয়াল আরদ্বি ওয়া লিয়াকূনা মিনাল মূক্বিনীন। ৭৫। ফালাম্মা- জ্বান্না 'আলাইহিল্ লাইলু
যমীনের সৃষ্টি রহস্য দেখাই, আর যাতে সে দৃঢ় বিশ্বাসীগণের অন্তর্ভুক্ত হয়। (৭৫) যখন রাতের অন্ধকার তাঁর উপর ছেয়ে গেল,

را كوكبا ج قال هذا ربى ج فلما افل قال لا احب الافلين ﴿٧٦﴾ فلما را

রাআ- কাওকাবা-, ক্বা-লা হা-যা- রাব্বী, ফালাম্মা~আফালা ক্বা-লা লা~উহ্বিব্বুল আ-ফিলীন। ৭৬। ফালাম্মা-রাআল
তখন সে একটি তারা দেখে বললেন, এটিই আমার প্রতিপালক। অতঃপর যখন সেটা অস্ত গেল তখন তিনি বললেন, আমি অস্তগামীদের পছন্দ করি না। (৭৬) অতঃপর যখন

القمر بازغا قال هذا ربى ج فلما افل قال لئن لم يهدنى ربى

ক্বামারা বা-যিগান্ ক্বা-লা হা-যা- রাব্বী, ফালাম্মা~আফালা ক্বা-লা লাইল্ লাম ইয়াহ্‌দিনী রাব্বী
চন্দ্রকে ঝলমল অবস্থায় দেখলেন, তখন তিনি বললেন, এটিই আমার প্রতিপালক! অতঃপর যখন সেটিও ডুবে গেল, তখন তিনি বললেন, আমার প্রতিপালক যদি আমাকে সঠিক পথ প্রদর্শন না

لاكونن من القوم الضالين ﴿٧٧﴾ فلما را الشمس بازغة قال هذا ربى

লাআকূনান্না মিনাল্ ক্বাওমিদ্ব দ্বা—ল্লীন। ৭৭। ফালাম্মা- রাআশ্ শাম্‌সা বা-যিগাতান্ ক্বা-লা হা-যা- রাব্বী
করেন তবে আমি অবশ্যই পথহারা সম্প্রদায়ের অন্তর্ভুক্ত হয়ে যাব। (৭৭) অতঃপর যখন তিনি সূর্যকে চমকানো অবস্থায় দেখলেন, তখন তিনি বললেন, এটিই আমার প্রতিপালক।

هذا اكبر ج فلما افلت قال يقوم انى برىء مما تشركون ﴿٧٨﴾ انى

হা-যা~আক্‌বার, ফালাম্মা~আফালাত্ ক্বা-লা ইয়া-ক্বাওমি ইন্নী বারী—উম্ মিম্মা- তুশ্‌রিকূন। ৭৮। ইন্নী
এটা সবচেয়ে বড়। অনন্তর যখন সেটাও অস্তমিত হল তখন তিনি বললেন, হে আমার সম্প্রদায়! তোমরা যাকে শরীক করো তার থেকে আমি মুক্ত। (৭৮) নিশ্চয়

وجهت وجهى للذى فطر السموت والارض حنيفا وما انا من

ওয়াজ্জাহ্‌তু ওয়াজ্‌হিয়া লিল্ লাযী ফাত্বারাস্ সামা-ওয়া-তি ওয়াল্ আর্‌দ্বা হ্বানীফাওঁ ওয়ামা~আনা মিনাল
আমি একনিষ্ঠভাবে আমার মুখমন্ডল তাঁর দিকে ফিরিয়েছি, যিনি আসমানসমূহ ও যমীন সৃষ্টি করেছেন এবং আমি মুশরিকদের অন্তর্ভুক্ত

المشركين ﴿٧٩﴾ وحاجه قومه ط قال اتحاجونى فى الله وقد هدىن ط

মুশ্‌রিকীন। ৭৯। ওয়াহ্বা—জ্জাহূ ক্বাওমুহ ; ক্বা-লা আতুহ্বা—জ্জু—ন্নী ফিল্লা-হি ওয়াক্বাদ্ হাদা-ন ;
নই। (৭৯) এবং তাঁর কওম তাঁর সাথে বিতর্কে লিপ্ত হলো। তিনি বললেন, তোমরা কি আল্লাহ সম্পর্কে আমার সাথে বিতর্ক করছো? অথচ তিনি আমাকে সঠিক পথ প্রদর্শন করেছেন।

○ বিশ্লেষণ (আঃ ১৬০) ঃ المن والسلوى (মান্না ও সালওয়া) ঃ মান্না – হালকা বরফের ন্যায় এক প্রকার বস্তু, যা গাছের পাতার উপর জমত এবং তা ছিল অত্যন্ত মিষ্ট। সালওয়া– এক প্রকার ছোট পাখীর ভুনা গোশত। ○ টীকা (আঃ ১৬০) ঃ এই দলটি হযরত আবদুল্লাহ ইবনে সালাম এবং তাঁর সহচরবর্গের। হযরত মূসা (আ)-এর ইন্তেকালের পর হযরত ইউশা' (আ) তাঁর খলীফা হন, তারপর হতে ইসরাঈলীরা ধর্মদ্রোহী হয়ে পড়ে এবং বহু নবীকে হত্যা করে। তখন সত্যপন্থী এই দলটি আল্লাহ্র নিকট প্রার্থনা করেন, তাদেরকে যেন ধর্মদ্রোহী দল হতে পৃথক করে দেন। এরা কোন এক নিভৃত স্থানে গিয়ে বাস করতে থাকেন এবং হুযূর (সা)-এর আবির্ভাব হলে তাঁর প্রতি ঈমান আনয়ন করেন। (মুঃ কোঃ)

قَدْ عَلِمَ كُلُّ أُنَاسٍ مَّشْرَبَهُمْ ۚ وَظَلَّلْنَا عَلَيْهِمُ الْغَمَامَ وَأَنزَلْنَا عَلَيْهِمُ

ক্বাদ্ 'আলিমা কুল্লু উনা-সিম্ মাশ্‌রাবাহুম ; ওয়া যাল্লাল্‌না- 'আলাইহিমুল গামা-মা ওয়া আন্‌যালনা- 'আলাইহিমুল
প্রত্যেক গোত্রই তাদের পানি পান করার স্থান চিনে নিল এবং আমি তাদের উপর মেঘমালা দ্বারা ছায়া দিয়েছিলাম এবং তাদের উপর অবতীর্ণ করেছিলাম

الْمَنَّ وَالسَّلْوَىٰ ۖ كُلُوا مِن طَيِّبَاتِ مَا رَزَقْنَاكُمْ ۚ وَمَا ظَلَمُونَا وَلَٰكِن كَانُوا

মান্না ওয়াস্ সালওয়া ; কুলূ মিন্ ত্বাইয়্যিবা-তি মা- রাযাক্বনা-কুম ; ওয়া মা- যালামূনা-ওয়ালা-কিন্ কা-নূ~
মান্না এবং সালওয়া। (এবং বলেছিলাম) তোমাদেরকে যে পবিত্র খাদ্য দিয়েছি তা থেকে খাও। তারা আমার প্রতি কোন অত্যাচার করেনি,

أَنفُسَهُمْ يَظْلِمُونَ ﴿١٦١﴾ وَإِذْ قِيلَ لَهُمُ اسْكُنُوا هَٰذِهِ الْقَرْيَةَ وَكُلُوا مِنْهَا

আন্‌ফুসাহুম ইয়াযলিমূন। ১৬১। ওয়া ইয্ ক্বীলা লাহুমুস্ কুনূ হা-যিহিল ক্বারইয়াতা ওয়া কুলূ মিন্‌হা-
মূলতঃ তারা নিজেদের প্রতিই অত্যাচার করছিল। (১৬১) আর যখন তাদেরকে বলা হল, এ জনপদে বসবাস কর এবং সেখান থেকে তোমাদের

حَيْثُ شِئْتُمْ وَقُولُوا حِطَّةٌ وَادْخُلُوا الْبَابَ سُجَّدًا نَّغْفِرْ لَكُمْ خَطِيئَاتِكُمْ ۚ

হাইছু শি'তুম ওয়া কূলূ হিত্ত্বাতুঁও ওয়াদ্‌খুলুল্ বা-বা সুজ্জাদান্ নাগ্‌ফির্ লাকুম খাত্বি—আ-তিকুম ;
ইচ্ছানুযায়ী খাও এবং বল 'গুনাহ থেকে ক্ষমা চাই' এবং মাথা নত অবস্থায় দরজা দিয়ে প্রবেশ কর। আমি তোমাদের সকল গুনাহ ক্ষমা করে দিব।

سَنَزِيدُ الْمُحْسِنِينَ ﴿١٦٢﴾ فَبَدَّلَ الَّذِينَ ظَلَمُوا مِنْهُمْ قَوْلًا غَيْرَ الَّذِي قِيلَ

সানাযীদুল মুহ্‌সিনীন। ১৬২। ফাবাদ্দালাল্ লাযীনা যালামূ মিন্‌হুম ক্বাওলান্ গাইরাল্লাযী ক্বীলা
নেককারগণকে আমি শিগ্রই (নেয়ামত) বাড়িয়ে দিব। (১৬২) কিন্তু তাদের মধ্যে যারা অত্যাচারী ছিল, তাদেরকে যা (বলতে) বলা হয়েছিল তা পরিবর্তন

لَهُمْ فَأَرْسَلْنَا عَلَيْهِمْ رِجْزًا مِّنَ السَّمَاءِ بِمَا كَانُوا يَظْلِمُونَ ﴿١٦٣﴾ وَاسْأَلْهُمْ عَنِ

লাহুম ফাআর্‌সালনা- 'আলাইহিম রিজ্‌যাম্ মিনাস্ সামা—ই বিমা- কা-নূ ইয়াযলিমূন। ১৬৩। ওয়াস্‌আল্‌হুম 'আনিল্
করে অন্য শব্দ বলল, সুতরাং আমি তাদের উপর আসমান থেকে শাস্তি অবতীর্ণ করলাম। যেহেতু তারা আদেশ অমান্য করছিল। (১৬৩) আপনি তাদেরকে সমুদ্রের

الْقَرْيَةِ الَّتِي كَانَتْ حَاضِرَةَ الْبَحْرِ إِذْ يَعْدُونَ فِي السَّبْتِ إِذْ تَأْتِيهِمْ

ক্বারইয়াতিল্ লাতী কা-নাত্ হা-দ্বিরাতাল্ বাহ্‌র। ইয্ ইয়া'দূনা ফিস্‌সাব্‌তি ইয্ তা'তীহিম
নিকটবর্তী অধিবাসীদের সম্পর্কে জিজ্ঞাসা করুন, যখন তারা শনিবার সম্পর্কে সীমালংঘন করতে লাগল, যখন শনিবার দিন তাদের (সমুদ্রের) মাছগুলো

حِيتَانُهُمْ يَوْمَ سَبْتِهِمْ شُرَّعًا وَيَوْمَ لَا يَسْبِتُونَ ۙ لَا تَأْتِيهِمْ ۚ كَذَٰلِكَ ۚ

হীতা-নুহুম ইয়াওমা সাব্‌তিহিম শুর্‌রা'আওঁ ওয়া ইয়াওমা লা-ইয়াস্‌বিতূনা লা- তা'তীহিম কাযা-লিক,
তাদের সামনে প্রকাশ্যভাবে ভেসে আসত। আর যেদিন শনিবার ছিলনা, সেদিন তাদের সামনে (সেগুলো) আসত না। এভাবে আমি তাদেরকে

نَبْلُوهُم بِمَا كَانُوا يَفْسُقُونَ ﴿١٦٤﴾ وَإِذْ قَالَتْ أُمَّةٌ مِّنْهُمْ لِمَ تَعِظُونَ قَوْمًا

নাব্‌লূহুম্ বিমা- কা-নূ ইয়াফ্‌সুক্বূন। ১৬৪। ওয়া ইয্ ক্বা-লাত উম্মাতুম্ মিন্‌হুম লিমা তা'ইযূনা ক্বাওমা
পরীক্ষা করছিলাম, কারণ তারা আদেশ অমান্য করছিল। (১৬৪) যখন তাদের মধ্য হতে একদল বলল, তোমরা এমন সম্প্রদায়কে কেন উপদেশ দিচ্ছ?

ۨاللَّهُ مُهْلِكُهُمْ أَوْ مُعَذِّبُهُمْ عَذَابًا شَدِيدًا ۖ قَالُوا مَعْذِرَةً إِلَىٰ رَبِّكُمْ

নিল্লা-হু মুহ্‌লিকুহুম আও মু'আয্‌যিবুহুম 'আযা-বান্ শাদীদা- ; ক্বা-লূ মা'যিরাতান ইলা-রাব্বিকুম
যাদেরকে আল্লাহ ধ্বংস করবেন অথবা কঠিন শাস্তি দিবেন। তারা বলল, তোমাদের প্রতিপালকের সামনে দোষ মুক্তির জন্য

وَلَعَلَّهُمْ يَتَّقُونَ ﴿١٦٥﴾ فَلَمَّا نَسُوا مَا ذُكِّرُوا بِهِ أَنجَيْنَا الَّذِينَ يَنْهَوْنَ

ওয়া লা'আল্লাহুম ইয়াত্তাক্বূন। ১৬৫। ফালাম্মা-নাসূ মা- যুক্কিরূ বিহী~আন্‌জ্বাইনাল্ লাযীনা ইয়ান্‌হাওনা
এবং যাতে তারা সংযত হয় এজন্য। (১৬৫) তাদেরকে যে উপদেশ দেয়া হয়েছিল তারা যখন তা ভুলে গেল, তখন যারা মন্দ

عَنِ السُّوءِ وَأَخَذْنَا الَّذِينَ ظَلَمُوا بِعَذَابٍ بَئِيسٍ بِمَا كَانُوا يَفْسُقُونَ

'আনিস্ সূ—ই ওয়া আখায্‌নাল্ লাযীনা যালামূ বি'আযা-বিম্ বাঈসিম্ বিমা- কা-নূ ইয়াফ্‌সুক্বূন।
কাজগুলো করতে নিষেধ করেছিল আমি তাদেরকে উদ্ধার করলাম এবং ধরলাম অত্যাচারীদেরকে কঠিন শাস্তির মাধ্যমে, তাদের অবাধ্যতার কারণে।

﴿١٦٦﴾ فَلَمَّا عَتَوْا عَن مَّا نُهُوا عَنْهُ قُلْنَا لَهُمْ كُونُوا قِرَدَةً خَاسِئِينَ ﴿١٦٧﴾ وَإِذْ تَأَذَّنَ

১৬৬। ফালাম্মা- 'আতাও 'আম্মা-নুহূ 'আন্‌হু কুল্‌না-লাহুম কূনূ ক্বিরাদাতান খা-সিঈন। ১৬৭। ওয়া ইয্ তাআয্‌যানা
(১৬৬) অতঃপর যখন তারা সীমালংঘন করতে লাগল সে কাজে, যা তাদেরকে করতে নিষেধ করা হয়েছে, তখন তাদেরকে বললাম, তোমরা নিকৃষ্ট বানর হয়ে যাও। (১৬৭) স্মরণ

رَبُّكَ لَيَبْعَثَنَّ عَلَيْهِمْ إِلَىٰ يَوْمِ الْقِيَامَةِ مَن يَسُومُهُمْ سُوءَ الْعَذَابِ ۗ

রাব্বুকা লাইয়াব্'আছান্না 'আলাইহিম ইলা-ইয়াওমিল ক্বিয়া-মাতি মাই ইয়াসূমুহুম সূ—আল 'আযা-ব ;
কর, যখন আপনার প্রতিপালক জানিয়ে দিলেন যে, তিনি তাদের উপর কিয়ামত পর্যন্ত এমন কাউকে শাসক হিসেবে পাঠাবেন, যে তাদেরকে জঘন্যতম শাস্তি দিতে থাকবে।

إِنَّ رَبَّكَ لَسَرِيعُ الْعِقَابِ ۖ وَإِنَّهُ لَغَفُورٌ رَّحِيمٌ ﴿١٦٨﴾ وَقَطَّعْنَاهُمْ فِي

ইন্না রাব্বাকা লাসারী'উল 'ইক্বা-ব, ওয়া ইন্নাহূ লাগাফূরুর্ রাহীম। ১৬৮। ওয়া ক্বাত্ত্বা'না-হুম ফিল্
নিশ্চয় আপনার প্রতিপালক দ্রুত শাস্তি দানকারী এবং তিনি ক্ষমাশীল ও পরম দয়ালু। (১৬৮) আমি তাদেরকে পৃথিবীতে বিভিন্ন দলে

الْأَرْضِ أُمَمًا ۖ مِّنْهُمُ الصَّالِحُونَ وَمِنْهُمْ دُونَ ذَٰلِكَ ۖ وَبَلَوْنَاهُم

আরদ্বি উমামা-, মিন্‌হুমুস্ব স্বা-লিহূনা ওয়া মিন্‌হুম দূনা যা-লিকা ওয়া বালাওনা-হুম্
বিভক্ত করে দিয়েছি। তাদের মধ্যে কতক নেককার এবং কতক অন্য ধরনের এবং তাদেরকে আমি পরীক্ষা করি, ভাল অবস্থা

بِالْحَسَنَاتِ وَالسَّيِّئَاتِ لَعَلَّهُمْ يَرْجِعُونَ ﴿١٦٩﴾ فَخَلَفَ مِن بَعْدِهِمْ خَلْفٌ

বিল হাসানা-তি ওয়াস্ সাইয়্যিআ-তি লা'আল্লাহুম ইয়ারজ্বি'উন। ১৬৯। ফাখালাফা মিম্ বা'দিহিম খাল্‌ফুঁও
এবং খারাপ অবস্থা দিয়ে যাতে তারা ফিরে আসে। (১৬৯) অতঃপর তাদের পর তাদের স্থলাভিষিক্ত হল কিছু অযোগ্য লোক,

وَرِثُوا الْكِتَابَ يَأْخُذُونَ عَرَضَ هَٰذَا الْأَدْنَىٰ وَيَقُولُونَ سَيُغْفَرُ لَنَا

ওয়ারিছূল কিতা-বা ইয়া'খুযূনা 'আরাদ্বা হা-যাল্ আদ্‌না-ওয়া ইয়াকূলূনা সাইউগ্‌ফারু লানা-,
তাঁরা কিতাবের উত্তরাধিকারী হয়। তারা এ তুচ্ছ দুনিয়ার আসবাবপত্র গ্রহণ করে এবং বলে আমাদেরকে অচিরেই মা'ফ করা হবে।

وَاِنْ يَّاْتِهِمْ عَرَضٌ مِّثْلُهٗ يَاْخُذُوْهُ ؕ اَلَمْ يُؤْخَذْ عَلَيْهِمْ مِّيْثَاقُ الْكِتٰبِ

ওয়া ইঁয়্যইয়া'তিহিম 'আরাদ্বুম্ মিছ্‌লুহূ ইয়া'খুযূহ ; আলাম ইউ'খায্ 'আলাইহিম্ মীছা-কুল কিতা-বি
যদি তাদের কাছে অনুরূপ তুচ্ছ আসবাবপত্র আসে, তারা তাও গ্রহণ করে। তাদের থেকে কি কিতাবে সে বিষয়ের অঙ্গীকার নেয়া হয়নি

اَنْ لَّا يَقُوْلُوْا عَلَى اللّٰهِ اِلَّا الْحَقَّ وَدَرَسُوْا مَا فِيْهِ ؕ وَالدَّارُ الْاٰخِرَةُ خَيْرٌ

আল্ লা-ইয়াকূলূ 'আলাল্লা-হি ইল্লাল হ্বাক্ক্বা ওয়া দারাসূ মা-ফীহ ; ওয়াদ্ দা-রুল আ-খিরাতু খাইরুল
যে, আল্লাহ সম্পর্কে সত্য ছাড়া কিছু বলবে না? এবং তারা তাতে যা আছে*তাও পাঠ করে। আখিরাতের আবাসই তাদের জন্য উত্তম যারা

لِّلَّذِيْنَ يَتَّقُوْنَ ؕ اَفَلَا تَعْقِلُوْنَ ﴿١٦٩﴾ وَالَّذِيْنَ يُمَسِّكُوْنَ بِالْكِتٰبِ وَاَقَامُوا

লিল্লাযীনা ইয়াত্তাক্বূন ; আফালা- তা'ক্বিলূন। ১৭০। ওয়াল্লাযীনা ইউমাস্‌সিকূনা বিল্ কিতা-বি ওয়া আক্বা-মুস্ব
পরহেজগারী অবলম্বন করে। তোমরা কি বুঝনা? (১৭০) যারা কিতাবকে দৃঢ়তার সাথে আঁকড়িয়ে ধরে ও নামায প্রতিষ্ঠা করে,

الصَّلٰوةَ ؕ اِنَّا لَا نُضِيْعُ اَجْرَ الْمُصْلِحِيْنَ ﴿١٧٠﴾ وَاِذْ نَتَقْنَا الْجَبَلَ فَوْقَهُمْ

স্বালা-হ ; ইন্না- লা-নুদ্বী'উ আজ্‌রাল্ মুস্বলিহ্বীন। ১৭১। ওয়া ইয্ নাতাক্বনাল জ্বাবালা ফাওক্বাহুম
আমি এরূপ নেককারগণের প্রতিদান নষ্ট করব না। (১৭১) স্মরণ কর, যখন আমি পাহাড়কে তাদের উপর উঠিয়ে তুলে ধরলাম ঝুলন্ত তাঁবুর মত

كَاَنَّهٗ ظُلَّةٌ وَّظَنُّوْا اَنَّهٗ وَاقِعٌۢ بِهِمْ ۚ خُذُوْا مَا اٰتَيْنٰكُمْ بِقُوَّةٍ وَّاذْكُرُوْا

কাআন্নাহূ যুল্লাতুঁও ওয়া যান্নূ~আন্নাহূ ওয়া-ক্বি'উম্ বিহিম, খুযূ মা~আ-তাইনা-কুম্ বিক্বুওয়্যাতিঁও ওয়ায্‌কুরূ
এবং তারা ধারণা করেছিল যে, নিশ্চয়ই তা তাদের উপর পতিত হবে, আমি বললাম, আমি যে কিতাব তোমাদেরকে দিয়েছি তা দৃঢ়ভাবে ধর এবং তাতে

مَا فِيْهِ لَعَلَّكُمْ تَتَّقُوْنَ ﴿١٧١﴾ وَاِذْ اَخَذَ رَبُّكَ مِنْۢ بَنِيْۤ اٰدَمَ مِنْ ظُهُوْرِهِمْ

মা-ফিহি লা'আল্লাকুম তাত্তাক্বূন। ১৭২। ওয়া ইয্ আখাযা রাব্বুকা মিম্ বানী~আ-দামা মিন্ যুহূরিহিম
যা আছে তা স্মরণ রেখ, যাতে তোমরা সংযত হও। (১৭২) স্মরণ করুন, যখন আপনার প্রতিপালক আদম সন্তানের পৃষ্ঠ হতে তাদের বংশধরকে

ذُرِّيَّتَهُمْ وَاَشْهَدَهُمْ عَلٰۤى اَنْفُسِهِمْ ۚ اَلَسْتُ بِرَبِّكُمْ ؕ قَالُوْا بَلٰى ۚ شَهِدْنَا ۚ

যুর্‌রিইয়্যাতাহুম ওয়া আশ্‌হাদাহুম 'আলা~আন্‌ফুসিহিম, আলাস্‌তু বিরাব্বিকুম ; ক্বা-লূ বালা- শাহিদ্‌না,
বের করেন এবং তাদের থেকে তার ব্যাপারে অঙ্গীকার নিলেন যে, আমি কি তোমাদের প্রতিপালক নই? তারা বলল, হ্যাঁ, আমরা এর সাক্ষী রইলাম,

اَنْ تَقُوْلُوْا يَوْمَ الْقِيٰمَةِ اِنَّا كُنَّا عَنْ هٰذَا غٰفِلِيْنَ ﴿١٧٢﴾ اَوْ تَقُوْلُوْۤا اِنَّمَاۤ اَشْرَكَ

আন্ তাক্বূলূ ইয়াওমাল ক্বিয়া-মাতি ইন্না-কুন্না- 'আন্ হা-যা- গা-ফিলীন। ১৭৩। আও তাক্বূলূ~ইন্নামা~আশ্‌রাকা
যাতে তোমরা কিয়ামতের দিন না বলে বস যে, আমরাতো এ ব্যাপারে উদাসীন ছিলাম। (১৭৩) অথবা তোমরা যাতে না বল যে, শিরকতো পূর্বে

اٰبَآؤُنَا مِنْ قَبْلُ وَكُنَّا ذُرِّيَّةً مِّنْۢ بَعْدِهِمْ ۚ اَفَتُهْلِكُنَا بِمَا فَعَلَ الْمُبْطِلُوْنَ

আ-বা—উনা- মিন্ ক্বাব্‌লু ওয়া কুন্না- যুররিইয়্যাতাম্ মিম্ বা'দিহিম, আফাতুহ্‌লিকুনা-বিমা-ফা'আলাল্ মুব্‌ত্বিলূন।
আমাদের পিতৃ পুরুষরা করেছে, আমরাতো তাদেরই পরবর্তী বংশধর। তবে কি পথ ভ্রষ্টদের কর্মের জন্য আমাদের কি ধ্বংস করবেন?

২১ ع ১১ রুকূ

وَكَذٰلِكَ نُفَصِّلُ الْاٰيٰتِ وَلَعَلَّهُمْ يَرْجِعُوْنَ ﴿١٧٤﴾ وَاتْلُ عَلَيْهِمْ نَبَاَ الَّذِيْۤ

১৭৪। ওয়া কাযা-লিকা নুফাস্‌স্বিলুল আ-ইয়া-তি ওয়া লা'আল্লাহুম ইয়ারজ্বি'উন। ১৭৫। ওয়াত্‌লু 'আলাইহিম নাবাআল্লাযী~
(১৭৪) এভাবে আমি আয়াতকে বিস্তারিতভাবে বর্ণনা করি, যাতে তারা ফিরে আসে। (১৭৫) তাদেরকে আপনি সে ব্যক্তির অবস্থা পড়ে শুনান যাকে আমি আমার

اٰتَيْنٰهُ اٰيٰتِنَا فَانْسَلَخَ مِنْهَا فَاَتْبَعَهُ الشَّيْطٰنُ فَكَانَ مِنَ الْغٰوِيْنَ

আ-তাইনা-হু আ-ইয়া-তিনা- ফান্‌সালাখা মিন্‌হা-ফাআত্‌বা'আহুশ্ শাইত্বা-নু ফাকা-না মিনাল গা-ওয়ীন।
আয়াত দিয়ে ছিলাম, সে তা থেকে একেবারেই সরে পড়ল; অতঃপর শয়তান তার পিছু হল, সুতরাং সে পথভ্রষ্টদের অন্তর্ভুক্ত হয়ে গেল।

﴿١٧٥﴾ وَلَوْ شِئْنَا لَرَفَعْنٰهُ بِهَا وَلٰكِنَّهٗۤ اَخْلَدَ اِلَى الْاَرْضِ وَاتَّبَعَ هَوٰىهُ ۚ فَمَثَلُهٗ

১৭৬। ওয়ালাও শি'না- লারাফা'না-হু বিহা-ওয়ালা-কিন্নাহূ~আখ্‌লাদা ইলাল্ আর্‌দ্বি ওয়াত্তাবা'আ হাওয়া-হু, ফামাছালুহূ
(১৭৬) আর আমি যদি ইচ্ছা করতাম তবে এ আয়াতসমূহ দ্বারা তাকে অবশ্যই উচ্চমর্যাদা দান করতাম। কিন্তু সে দুনিয়ার প্রতি আকৃষ্ট হলো এবং

كَمَثَلِ الْكَلْبِ ۚ اِنْ تَحْمِلْ عَلَيْهِ يَلْهَثْ اَوْ تَتْرُكْهُ يَلْهَثْ ؕ ذٰلِكَ مَثَلُ

কামাছালিল্ কাল্‌ব, ইন্ তাহ্বমিল 'আলাইহি ইয়ালহাছ্ আও তাত্‌রুক্‌হু ইয়াল্‌হাছ্ ; যা-লিকা মাছালুল
নিজ প্রবৃত্তির অনুসরণ করতে লাগল। তার দৃষ্টান্ত কুকুরের ন্যায়, যদি তুমি তাকে তাড়া কর তবে হাঁপিয়ে উঠে আর যদি তাকে ছেড়ে দাও তবুও হাঁপাবে।

الْقَوْمِ الَّذِيْنَ كَذَّبُوْا بِاٰيٰتِنَا ۚ فَاقْصُصِ الْقَصَصَ لَعَلَّهُمْ يَتَفَكَّرُوْنَ

ক্বাওমিল্ লাযীনা কায্‌যাবূ বিআ-ইয়া-তিনা, ফাক্বস্বুস্বিল্ ক্বাস্বাস্বা লা'আল্লাহুম ইয়াতাফাক্কারূন।
এ দৃষ্টান্ত সেসব সম্প্রদায়ের যারা আমার আয়াতকে অস্বীকার করেছে, সুতরাং আপনি এ কাহিনীগুলো বর্ণনা করুন, যেন তারা চিন্তা করে।

﴿١٧٦﴾ سَآءَ مَثَلَا ۨالْقَوْمُ الَّذِيْنَ كَذَّبُوْا بِاٰيٰتِنَا وَاَنْفُسَهُمْ كَانُوْا يَظْلِمُوْنَ

১৭৭। সা—আ মাছালানিল্ ক্বাওমুল্ লাযীনা কায্‌যাবূ বিআ-ইয়া-তিনা- ওয়া আন্‌ফুসাহুম কা-নূ ইয়াযলিমূন।
(১৭৭) সে সম্প্রদায়ের দৃষ্টান্ত অতি জঘন্য যারা আমার আয়াতকে মিথ্যা বলেছে এবং নিজেদের প্রতিই জুলুম করেছে।

﴿١٧٧﴾ مَنْ يَّهْدِ اللّٰهُ فَهُوَ الْمُهْتَدِيْ ۚ وَمَنْ يُّضْلِلْ فَاُولٰٓئِكَ هُمُ الْخٰسِرُوْنَ

১৭৮। মাইঁ ইয়াহ্‌দিল্লা-হু ফাহুওয়াল মুহ্‌তাদী, ওয়া মাইঁ ইয়ুদ্বলিল ফাউলা—ইকা হুমুল খা-সিরূন।
(১৭৮) আল্লাহ যাকে পথ প্রদর্শন করেন সে-ই পথ প্রাপ্ত হয় এবং যাকে তিনি পথভ্রষ্ট করেন তারাই হবে ক্ষতিগ্রস্ত।

﴿١٧٨﴾ وَلَقَدْ ذَرَاْنَا لِجَهَنَّمَ كَثِيْرًا مِّنَ الْجِنِّ وَالْاِنْسِ ۖ لَهُمْ قُلُوْبٌ لَّا يَفْقَهُوْنَ

১৭৯। ওয়া লাক্বাদ্ যারা'না- লিজ্বাহান্নামা কাছীরাম্ মিনাল্ জ্বিন্নি ওয়াল্ ইন্‌সি লাহুম ক্বুলূবুল্ লা-ইয়াফ্‌ক্বাহূনা
(১৭৯) আর আমি বহু জ্বিন ও ইনসানকে জাহান্নামের জন্য সৃষ্টি করেছি। তাদের অন্তর আছে' কিন্তু তা দ্বারা তারা

○ টীকা (আঃ ১৭৫) ঃ এখানে বাল্'আম বা'উরের কিস্‌সা বর্ণিত হয়েছে। এ ব্যক্তি কেন্'আন দেশীয় জাব্বারীন কাওমের লোক। ইবরাহীম(আ)-এর উপর অবতারিত সহীফাসমূহের আলেম ছিল এবং ইসমে আ'যম জানত। হযরত মূসা (আ) জাব্বারীনদের সঙ্গে যুদ্ধ করলে জাব্বারীনগণ বাল্'আমের নিকট গিয়ে বলল, আপনার দো'আ কবুল হয় বলে জানি। আপনি মূসা ও তার কাওমের জন্য বদদো'আ করুন। প্রথমে সে রাযী হল না; কিন্তু পরে তার স্ত্রীর প্ররোচনায় মুগ্ধ হয়ে, ঘুষ গ্রহণপূর্বক বদদো'আ করল। এতে আল্লাহ্ তাকে ইস্‌মে আ'যম ভুলিয়ে দিলেন এবং সে বেঈমান হয়ে গেল। (মুঃ কোঃ)
○ টীকা (আঃ ১৭৬) ঃ বল'আ'ম বা'উরের দৃষ্টান্তও সেই কুকুরের ন্যায় যাকে আক্রমণ করলেও জিভ বের করে এবং না করলেও জিভ বের করে। তদ্রূপ বাল্'আম বা'উরও কোন অবস্থাতেই অর্থ লোলুপতা ত্যাগ করত না। (মুঃ কোঃ)

بها ز ولهم اعين لا يبصرون بها ز ولهم اذان لا يسمعون بها ط

বিহা-, ওয়া লাহুম আ'ইয়ুনুল্ লা-ইয়ুব্‌ছিরূনা বিহা- ওয়া লাহুম আ-যা-নুল্ লা-ইয়াস্‌মা'উনা বিহা-;

বুঝে না, তাদের চোখ আছে কিন্তু তা দ্বারা তারা দেখে না, তাদের কর্ণ আছে কিন্তু তা দ্বারা তারা শোনেনা

اولئك كالانعام بل هم اضل ط اولئك هم الغفلون ۝ ولله

উলা—ইকা কাল আন্'আ-মি বাল্ হুম আদ্বাল্‌ল ; উলা—ইকা হুমুল গা-ফিলূন। ১৭৯। ওয়া লিল্লা-হিল

তারা চতুষ্পদ জন্তুর ন্যায়; বরং ওদের চেয়েও অধিক পথভ্রষ্ট, তারাই উদাসীন। (১৭৯) সুন্দর নামসমূহ আল্লাহর

الاسماء الحسنى فادعوه بها ص وذروا الذين يلحدون في اسمائه ط

আস্‌মা—উল হুস্‌না- ফাদ্'উহু বিহা-, ওয়া যারুল্লাযীনা ইউল্‌হিদূনা ফী~আস্‌মা—ইহ্ ;

জন্যই। সুতরাং সে নাম ধরেই তাঁকে ডাক এবং তাদের বর্জন কর। যারা তাঁর নামসমূহ বিকৃত করে।

سيجزون ما كانوا يعملون ۝ وممن خلقنا امة يهدون بالحق وبه

ছাইয়ুজ্‌যাওনা মা-কা-নূ ইয়া'মালূন। ১৮০। ওয়া মিমমান্ খালাক্বনা~উম্মাতুঁই ইয়াহ্‌দূনা বিলহাক্বক্বি ওয়া বিহী

তার; তাদের কৃতকর্মের প্রতিফল শীঘ্রই পাবে। (১৮০) আমার সৃষ্টির মধ্যে একদল এমনও আছে যারা সঠিকভাবে পথ দেখায় এবং সে অনুযায়ী বিচারও

يعدلون ۝ والذين كذبوا بايتنا سنستدرجهم من حيث لا يعلمون ۝

ইয়া'দিলূন। ১৮১। ওয়াল্লাযীনা কায্‌যাবূ বিআ-ইয়া-তিনা- সানাস্‌তাদ্‌রিজুহুম্ মিন্ হাইছু লা-ইয়া'লামূন।

করে। (১৮১) যারা আমার আয়াতসমূহকে মিথ্যা বলে, তাদেরকে আমি এমনভাবে আস্তে আস্তে টেনে নেই যে তারা খবরই রাখবে না।

২২ ع ১২ রুকূ

۝ واملي لهم ط ان كيدي متين ۝ اولم يتفكروا سكتة ما بصاحبهم من

১৮২। ওয়া উম্‌লী লাহুম ইন্না কাইদী মাতীন। ১৮৩। আওয়া লাম ইয়াতাফাক্‌কারূ, মা-বিস্বা-হিবিহিম্ মিন্

(১৮২) আর তাদেরকে আমি অবকাশ দিয়ে থাকি। নিশ্চয়ই আমার কৌশল খুবই দৃঢ় (১৮৩) তারা কি চিন্তা করে না যে, তাদের সাথী লোকটির কোন প্রকার মস্তিষ্ক

جنة ط ان هو الا نذير مبين ۝ اولم ينظروا في ملكوت السموت

জিন্নাহ ; ইন্ হুওয়া ইল্লা-নাযীরুম্ মুবীন। ১৮৪। আওয়া লাম ইয়ান্‌যুরূ ফী মালাকুতিস্ সামা-ওয়া-তি

বিকৃতি ঘটেনি, তিনিতো শুধু একজন স্পষ্ট ভীতি প্রদর্শনকারী। (১৮৪) তারা কি চিন্তা করে দেখে না আসমান

والارض وما خلق الله من شيء لا وان عسى ان يكون قد اقترب

ওয়াল্ আরদ্বি ওয়ামা- খালাক্বাল্লা-হু মিন শাইয়িঁও ওয়া আন্ 'আসা~আইঁ ইয়াকূনা ক্বাদিক্বতারাবা

ও যমীনের কর্তৃত্ব সম্পর্কে এবং আল্লাহর সৃষ্ট বস্তুসমূহ সম্পর্কে আর এ সম্পর্কে যে, সম্ভবতঃ তাদের মৃত্যুর নির্ধারিত সময় অতি

اجلهم ج فباي حديث بعده يؤمنون ۝ من يضلل الله فلا هادي له ط

আজালুহুম, ফাবিআইয়্যি হ্বাদীছিম্ বা'দাহূ ইউ'মিনূন। ১৮৫। মাইঁ ইউদ্বলিলিল্লা-হু ফালা- হা-দিইয়া লাহূ ;

সন্নিকটে। তবে কুরআনের পর তারা আর কোন কথায় বিশ্বাস করবে? (১৮৫) আল্লাহ যাকে পথভ্রষ্ট করেন তার জন্য কোন পথ প্রদর্শক নেই

ويذرهم في طغيانهم يعمهون ۝ يسئلونك عن الساعة ايان مرسها ط

ওয়া ইয়াযারুহুম ফী তুগ্‌ইয়া-নিহিম ইয়া'মাহূন। ১৮৬। ইয়াস্‌আলূনাকা 'আনিস্ সা-'আতি আইয়্যা-না মুরসা-হা-;

আর আল্লাহ তাদেরকে তাদের অবাধ্যতায় দিশেহারা অবস্থায় ছেড়ে দেন। (১৮৬) তারা আপনাকে কিয়ামত সম্পর্কে জিজ্ঞাসা করে যে, তা কখন

قل انما علمها عند ربي ج لا يجليها لوقتها الا هو ط ثقلت في السموت

কুল ইন্নামা- 'ইলমুহা- 'ইন্দা রাব্বী, লা-ইউজাল্লীহা- লিওয়াক্‌তিহা~ইল্লা-হুওয়া। ছাকুলাত ফিস্ সামা-ওয়া-তি

সংঘটিত হবে? আপনি বলুন, এ সম্পর্কিত জ্ঞান শুধু আমার প্রতিপালকের নিকটেই আছে। তিনিই তা যথাসময়ে প্রকাশ করবেন, যেটা হবে আকাশ

والارض ط لا تاتيكم الا بغتة ط يسئلونك كانك حفي عنها ط قل

ওয়াল আরদ্বি ; লা- তা'তীকুম ইল্‌লা- বাগ্‌তাহ ; ইয়াস্‌আলূনাকা কাআন্নাকা হ্বাফিয়্যুন 'আন্‌হা-; কুল

ও পৃথিবীতে একটি ভয়ংকর ঘটনা। সেটি তোমাদের উপর অকস্মাৎ এসে যাবে, তারা আপনাকে এমনভাবে জিজ্ঞাসা করে মনে হয় যেন আপনি এ ব্যাপারে

انما علمها عند الله ولكن اكثر الناس لا يعلمون ۝ قل لا املك

ইন্নামা- 'ইলমুহা- 'ইন্দাল্লা-হি ওয়ালা-কিন্না আক্‌ছারান্ না-সি লা-ইয়া'লামূন। ১৮৭। কুল্ লা~আম্‌লিকু

অনুসন্ধান করে রেখেছেন। আপনি বলুন, এ সম্পর্কিত জ্ঞান শুধু আল্লাহরই কাছে। কিন্তু অধিকাংশ লোক তা জানে না। (১৮৭) আপনি বলুন, আল্লাহর ইচ্ছা

لنفسي نفعا ولا ضرا الا ما شاء الله ط ولو كنت اعلم الغيب

লিনাফ্‌সী নাফ্'আওঁ ওয়ালা- দ্বার্‌রান ইল্লা-মা-শা—আল্লা-হ ; ওয়া লাও কুন্তু আ'লামুল গাইবা

ব্যতীত আমি আমার নিজের ভাল ও মন্দের উপর কোনই ক্ষমতা রাখি না। আমি যদি গায়েবের খবর জানতাম তবে আমি

لاستكثرت من الخير صلے وما مسني السوء ج ان انا الا نذير وبشير

লাস্‌তাক্‌ছারতু মিনাল খাইর, ওয়ামা- মাস্‌সানিয়াস্ সূ—উ ইন্ আনা ইল্লা- নাযীরুঁও ওয়া বাশীরুল্

অনেক কল্যাণই গ্রহণ করতাম এবং অকল্যাণই আমাকে স্পর্শ করতে পারত না। আমিতো মু'মিনদের জন্য শুধু সতর্ককারী

لقوم يؤمنون ۝ هو الذي خلقكم من نفس واحدة وجعل منها

লিক্বাওমিইঁ ইউ'মিনূন। ১৮৮। হুওয়াল্‌লাযী খালাক্বাকুম্ মিন্ নাফ্‌সিওঁ ওয়া-হ্বিদাতিওঁ ওয়া জা'আলা মিন্‌হা-

এবং সুসংবাদদাতা। (১৮৮) তিনিই (আল্লাহ) তোমাদেরকে এক ব্যক্তি হতে সৃষ্টি করেছেন এবং তার থেকেই তার সহধর্মিনী

২৩ ع ১৩ রুকূ

زوجها ليسكن اليها ج فلما تغشها حملت حملا خفيفا فمرت به ج

যাওজাহা-লিইয়াস্‌কুনা ইলাইহা-, ফালাম্মা- তাগাশ্‌শা-হা-হ্বামালাত্ হ্বাম্‌লান্ খাফীফান্ ফামার্‌রাত বিহ,

সৃষ্টি করেছেন, যাতে সে তার কাছে আরাম পায়। অতঃপর যখন সে তার সাথে সহবাস করল তখন সে হালকা ভাবে গর্ভবতী হল অতঃপর সে তা নিয়ে চলাফেরা

○ শানে নুযূল (আঃ ১৮৭) ঃ কুরাইশ সম্প্রদায়ের কিংবা ইহুদী সম্প্রদায়ের কাফিররা হুযূর (সা)-কে জিজ্ঞাসা করল, কিয়ামত কখন হবে? তদুত্তরে এই আয়াতটি নাযিল হয়। (মুঃ কোঃ)

আয়াতটির মর্মার্থে বুঝা যায়, হুযূর (সা) কিয়ামতের বিস্তারিত বিবরণ জানতেন না। বোখারী এবং মুসলিমের হাদীস হতেও এটাই বুঝা যায়, 'একদিন হযরত জিবরাঈল (আ) বেদুইনবেশে হুযূর (সা) সমীপে এসে জিজ্ঞাসা করলেন, আপনি কি জানেন যে, কিয়ামত কখন হবে'? হুযূর (স) উত্তর করলেন, 'এসম্বন্ধে জিজ্ঞাসিত ব্যক্তি জিজ্ঞাসাকারীর চেয়ে অধিক জ্ঞানী নয়?' (বঃ কোঃ)

৯ ওয়াক্বফুল গোফরান ১ ওয়াক্বফুন নাবী ﷺ মাক্কী ওয়াক্বফে জিব্রাঈল মক্কী মুআনাকা

فَلَمَّآ اَثْقَلَتْ دَّعَوَا اللهَ رَبَّهُمَا لَئِنْ اٰتَيْتَنَا صَالِحًا لَّنَكُوْنَنَّ مِنَ

ফালাম্মা~আছ্কালাদ্ দা'আওয়াল্লা-হা রাব্বাহুমা- লাইন আ-তাইতানা- স্বা-লিহ্বাল্ লানাকূনান্না মিনাশ্
করতে লাগল। যখন সে ভারী হয়ে গেল, তখন উভয়েই তাদের প্রতিপালক আল্লাহর কাছে দোয়া করলেন যে, যদি তুমি আমাদেরকে একটি সু-সন্তান দাও, তবে অবশ্যই

الشّٰكِرِيْنَ ﴿١٨٩﴾ فَلَمَّآ اٰتٰهُمَا صَالِحًا جَعَلَا لَهٗ شُرَكَآءَ فِيْمَآ اٰتٰهُمَا ۚ

শা-কিরীন। ১৯০। ফালাম্মা~আ-তা-হুমা- স্বা-লিহ্বান জ্বা'আলা- লাহূ শুরাকা—আ ফীমা~আ-তা-হুমা,
আমরা কৃতজ্ঞদের অন্তর্ভুক্ত হব। (১৯০) অতঃপর যখন উভয়কে আল্লাহ সু-সন্তান দান করলেন, তখন দানকৃত বিষয়ে তাঁর শরীক করে,

فَتَعٰلَى اللهُ عَمَّا يُشْرِكُوْنَ ﴿١٩٠﴾ اَيُشْرِكُوْنَ مَا لَا يَخْلُقُ شَيْئًا وَّهُمْ يُخْلَقُوْنَ ۝

ফাতা'আ-লাল্লা-হু 'আম্মা-ইউশ্রিকূন। ১৯১। আইউশ্রিকূনা মা- লা- ইয়াখ্লুকু শাইআওঁ ওয়া হুম ইউখ্লাকূন।
অথচ আল্লাহ তাদের শিরক হতে পবিত্র। (১৯১) তারা কি এমন কাউকে শরীক করে যারা কিছুই সৃষ্টি করতে পারে না? বরং তারা নিজেরাই সৃষ্ট।

﴿١٩١﴾ وَلَا يَسْتَطِيْعُوْنَ لَهُمْ نَصْرًا وَّلَآ اَنْفُسَهُمْ يَنْصُرُوْنَ ﴿١٩٢﴾ وَاِنْ تَدْعُوْهُمْ

১৯২। ওয়ালা-ইয়াস্তাত্বী'উনা লাহুম নাস্বরাওঁ ওয়ালা~আন্ফুসাহুম ইয়ান্স্বুরূন। ১৯৩। ওয়া ইন্ তাদ্'উহুম
(১৯২) আর তারা তাদেরকে কোন প্রকার সাহায্য করতে পারে না এবং নিজেদেরকেও কোন সাহায্য করতে পারে না। (১৯৩) যদি তোমরা তাদেরকে সত্য পথে

اِلَى الْهُدٰى لَا يَتَّبِعُوْكُمْ ۚ سَوَآءٌ عَلَيْكُمْ اَدَعَوْتُمُوْهُمْ اَمْ اَنْتُمْ صَامِتُوْنَ ۝

ইলাল্ হুদা- লা- ইয়াত্তাবি'উকুম ; সাওয়া—উন 'আলাইকুম আদা'আওতুমূহুম আম্ আন্তুম স্বা-মিতূন।
ডাক, তারা তোমাদের অনুসরণ করবে না। তাদেরকে তোমরা ডাক অথবা নীরব থাক তোমাদের জন্য উভয় সমান।

﴿١٩٣﴾ اِنَّ الَّذِيْنَ تَدْعُوْنَ مِنْ دُوْنِ اللهِ عِبَادٌ اَمْثَالُكُمْ فَادْعُوْهُمْ فَلْيَسْتَجِيْبُوْا

১৯৪। ইন্নাল্লাযীনা তাদ্'উনা মিন্ দূনিল্লা-হি 'ইবা-দুন আম্ছা-লুকুম ফাদ্'উহুম ফাল্ইয়াস্তাজ্বীবূ
(১৯৪) আল্লাহ ছাড়া তোমরা যাদেরকে ডাক, তারাও তো তোমাদের মতই আল্লাহর বান্দা। তোমরা তাদেরকে ডাক, তোমাদের ডাকে

لَكُمْ اِنْ كُنْتُمْ صٰدِقِيْنَ ﴿١٩٤﴾ اَلَهُمْ اَرْجُلٌ يَّمْشُوْنَ بِهَآ ۫ اَمْ لَهُمْ اَيْدٍ

লাকুম ইন্ কুন্তুম স্বা-দিক্বীন। ১৯৫। আলাহুম আরজুলুই ইয়ামশূনা বিহা~আম্ লাহুম আইদিইঁ
জওয়াব দিক, যদি তোমরা সত্যবাদী হও। (১৯৫) তাদের কি পা আছে, যা দিয়ে তারা চলে? তাদের কি হাত আছে,

يَّبْطِشُوْنَ بِهَآ ۫ اَمْ لَهُمْ اَعْيُنٌ يُّبْصِرُوْنَ بِهَآ ۫ اَمْ لَهُمْ اٰذَانٌ يَّسْمَعُوْنَ

ইয়াবত্বিশূনা বিহা~আম্ লাহুম আ'ইউনুই ইউব্স্বিরূনা বিহা~আম্ লাহুম আ-যা-নুইঁ ইয়াস্মা'উনা
যা দিয়ে তারা ধরে? তাদের কি চোখ আছে, যা দিয়ে তারা দেখে? তাদের কি কান আছে, যা দিয়ে তারা শোনে?

○ টীকা (আঃ ১৯৩) ঃ অর্থাৎ তাদের কোন বিপদ উপস্থিত হলে যেমন– কেউ তাদেরকে ভাঙতে আসলে তারা আত্মরক্ষা করতেও সক্ষম নয়। (বঃ কোঃ)
○ টীকা (আঃ ১৯৩) ঃ এমন অক্ষম, অপদার্থ, পরমুখাপেক্ষী পদার্থগুলি কেমন করে উপাসনার যোগ্য হতে পারে? (বঃ কোঃ)
○ শানে নুযূল (আঃ ১৯৫) ঃ এসমস্ত বস্তুর মধ্যে কোনটিই তাদের নেই, অথচ তোমাদের আছে। কাজেই তোমরা তাদের চেয়ে উত্তম। উত্তম হয়ে অধমের উপাসনা করা চরম বোকামি ছাড়া আর কি হতে পারে? প্রতিমা পূজার অসারতা প্রমাণিত হলে তারা হুযূর (সা)-কে ভয় প্রদর্শনপূর্বক বলতে লাগল, তুমি আমাদের দেবতাদের নিন্দা করতেছ, তারা অবশ্যই তোমার উপর কোন বিপদ আনয়ন করবে। এর প্রতিবাদে এই আয়াতটি নাযিল হয়। (মুঃ কোঃ, বঃ কোঃ)

بِهَا ۭ قُلِ ادْعُوْا شُرَكَآءَكُمْ ثُمَّ كِيْدُوْنِ فَلَا تُنْظِرُوْنِ ﴿١٩٥﴾ اِنَّ وَلِيِّ اللهُ

বিহা- ; কুলিদ্'উ শুরাকা—আকুম ছুম্মা কীদূনি ফালা-তুন্যিরূন। ১৯৬। ইন্না ওয়ালিয়্যিইয়াল্লা-হুল
আপনি বলুন, তোমরা তোমাদের সকল শরীকগণকে ডাক, অতঃপর আমার বিরুদ্ধে ষড়যন্ত্র কর এবং আমাকে সুযোগ দিও না। (১৯৬) নিশ্চয়ই আমার রক্ষাকারী

الَّذِيْ نَزَّلَ الْكِتٰبَ ۫ وَهُوَ يَتَوَلَّى الصّٰلِحِيْنَ ﴿١٩٦﴾ وَالَّذِيْنَ تَدْعُوْنَ

লাযী নায্যালাল কিতা-বা ওয়া হুওয়া ইয়াতাওয়াল্লাস্ব স্বা-লিহ্বীন। ১৯৭। ওয়াল্লাযীনা তাদ্'উনা
আল্লাহ, যিনি কিতাব অবতীর্ণ করেছেন এবং তিনিই পুন্যবানদের রক্ষা করে থাকেন। (১৯৭) আর তোমরা আল্লাহকে ছেড়ে

مِنْ دُوْنِهٖ لَا يَسْتَطِيْعُوْنَ نَصْرَكُمْ وَلَآ اَنْفُسَهُمْ يَنْصُرُوْنَ ﴿١٩٧﴾ وَاِنْ

মিন্ দূনিহী লা- ইয়াস্তাত্বী'উনা নাস্বরাকুম ওয়ালা~আন্ফুসাহুম ইয়ানস্বুরূন। ১৯৮। ওয়াইন্
যাদেরকে ডাকতেছ, তারা তোমাদের কোনই সাহায্য করতে পারবেনা এবং তাদের নিজেদেরকেও নয়। (১৯৮) আর তাদেরকে

تَدْعُوْهُمْ اِلَى الْهُدٰى لَا يَسْمَعُوْا ۭ وَتَرٰىهُمْ يَنْظُرُوْنَ اِلَيْكَ وَهُمْ

তাদ্'উহুম ইলাল্ হুদা- লা-ইয়াস্মা'উ; ওয়া তারা-হুম ইয়ান্যুরূনা ইলাইকা ওয়া হুম
যদি আপনি সত্য পথের দিকে ডাকেন, তারা শোনবে না এবং তাদেরকে আপনি দেখবেন যেন তারা আপনাকে দেখছে, অথচ তারা

لَا يُبْصِرُوْنَ ﴿١٩٨﴾ خُذِ الْعَفْوَ وَاْمُرْ بِالْعُرْفِ وَاَعْرِضْ عَنِ الْجٰهِلِيْنَ ۝

লা-ইউব্স্বিরূন। ১৯৯। খুযিল্ 'আফ্ওয়া ওয়া'মুর বিল'উর্ফি ওয়া আ'রিদ্ব 'আনিল জ্বা-হিলীন।
কিছুই দেখে না। (১৯৯) ক্ষমাশীল হোন, নেক কাজের নির্দেশ দিন এবং মূর্খদেরকে পরিহার করুন।

﴿١٩٩﴾ وَاِمَّا يَنْزَغَنَّكَ مِنَ الشَّيْطٰنِ نَزْغٌ فَاسْتَعِذْ بِاللهِ ۭ اِنَّهٗ سَمِيْعٌ عَلِيْمٌ ۝

২০০। ওয়া ইম্মা- ইয়ান্যাগান্নাকা মিনাশ্ শাইত্বা-নি নায্গুন্ ফাস্তাইয্ বিল্লা-হ ; ইন্নাহু সামী'উন্ 'আলীম।
(২০০) আর যদি আপনার মনে শয়তানের পক্ষ থেকে কোন কুমন্ত্রণা সৃষ্টি হয় তবে আল্লাহর কাছে পানা চান, নিশ্চয়ই আল্লাহ সর্বশ্রোতা, সর্বজ্ঞ।

﴿٢٠٠﴾ اِنَّ الَّذِيْنَ اتَّقَوْا اِذَا مَسَّهُمْ طٰٓئِفٌ مِّنَ الشَّيْطٰنِ تَذَكَّرُوْا فَاِذَا هُمْ

২০১। ইন্নাল্ লাযীনাত্ তাক্বাও ইযা- মাস্সাহুম ত্বা—ইফুম মিনাশ্ শাইত্বা-নি তাযাক্কারূ ফাইযা- হুম
(২০১) যারা খোদাভীরুরা যখন শয়তানের থেকে কোন কুমন্ত্রণা অনুভব করে, তখন তারা আল্লাহকে স্মরণ করে এবং তক্ষুণি তারা সচেতন

مُّبْصِرُوْنَ ﴿٢٠١﴾ وَاِخْوَانُهُمْ يَمُدُّوْنَهُمْ فِي الْغَيِّ ثُمَّ لَا يُقْصِرُوْنَ ﴿٢٠٢﴾ وَاِذَا لَمْ

মুব্স্বিরূন। ২০২। ওয়া ইখ্ওয়া-নুহুম ইয়ামুদ্দূনাহুম ফিল্ গাইয়্যি ছুম্মা লা-ইউক্বস্বিরূন। ২০৩। ওয়া ইযা- লাম
হয়ে যায়। (২০২) শয়তানের ভাই তাদের সাথীদেরকে বিভ্রান্তির দিকে টেনে নিয়ে যায় এবং এ ব্যাপারে তারা থেমে থাকে না। (২০৩) যখন আপনি কোন নিদর্শন

○ টীকা (আঃ ১৯৯) ঃ হুযূর (স) জিবরায়ীল (আ)-কে জিজ্ঞাসা করলেন, এই আয়াতটির হাক্বীকত কি? তিনি বললেন, আল্লাহ্ বলেন, "যে ব্যক্তি তোমার সাথে বিচ্ছেদ অবলম্বন করে, তুমি তার সাথে মিলিত হও, আর যে ব্যক্তি তোমাকে বঞ্চিত করে, তুমি তাকে দান কর, আর যে উৎপীড়ন করে, তুমি তাকে ক্ষমা কর। এটাই উচ্চ পর্যায়ের স্বভাব।" (মুঃ কোঃ) ○ টীকা (আঃ ২০১) ঃ অর্থাৎ, শয়তানের প্ররোচনায় তাঁদের অন্তরে ক্রোধ অথবা অন্য কোন রিপু উত্তেজিত হলে সঙ্গে-সঙ্গেই তাঁরা খোদার স্মরণে মগ্ন হন। অর্থাৎ, আউযু ও অন্যান্য দো'আ পড়েন, ফলে অকস্মাৎ তাঁদের অন্তর-চক্ষু খুলে যায় এবং তাঁরা প্রকৃত অবস্থা দর্শন করতঃ সতর্ক হন, কাজেই শয়তানী প্ররোচন ব্যর্থ হয়ে যায়। (বঃ কোঃ)

تأتهم بآية قالوا لولا اجتبيتها قل إنما أتبع ما يوحى إلي من ربي

তা'তিহিম্ বিআ-ইয়াতিন্ ক্বা-লূ লাওলাজ্ তাবাইতাহা-; কুল ইন্নামা~আত্তাবি'উ মা- ইউহা~ইলাইয়্যা মির্ রাব্বী,
তাদের সামনে উপস্থিত না করেন, তখন তারা বলে, তুমি অমুক নিদর্শনটি কেন নিয়ে আসলে না? আপনি বলুন, আমি তো অনুসরণ করি শুধু তারই, যা আমার প্রতি

هذا بصائر من ربكم وهدى ورحمة لقوم يؤمنون ۝٢٠٣ وإذا قرئ

হা-যা- বাস্বা—ইরু মির্ রাব্বিকুম ওয়া হুদাওঁ ওয়া রাহ্‌মাতুল লিক্বাওমিঁই ইউ'মিনূন। ২০৪। ওয়া ইযা- কুরিআল্
আমার প্রতিপালকের কাছ থেকে নির্দেশ করা হয়। এ কুরআন তোমাদের প্রতিপালকের পক্ষ থেকে প্রমাণ, আর মুমিনদের জন্য হেদায়াত ও রহমত। (২০৪) আর যখন

القرآن فاستمعوا له وأنصتوا لعلكم ترحمون ۝٢٠٤ واذكر ربك

কুরআ-নু ফাস্‌তামি'উ লাহূ ওয়া আন্‌স্বিতূ লা'আল্লাকুম তুরহামূন। ২০৫। ওয়ায্‌কুর্ রাব্বাকা
কুরআন পাঠ করা হয় তখন তা মনোযোগ দিয়ে শোন ও চুপ থাক, যাতে তোমাদের উপর রহমত বর্ষিত হয়। (২০৫) আর নিজ

في نفسك تضرعا وخيفة ودون الجهر من القول بالغدو

ফী নাফ্‌সিকা তাদ্বার্‌রু'আওঁ ওয়া খীফাতাওঁ ওয়া দূনাল্ জ্বাহ্‌রি মিনাল ক্বাওলি বিল্ গুদুওওয়ি
প্রতিপালককে স্মরণ কর নিজ মনে সবিনয় ও ভীত অবস্থায় অনুচ্চস্বরে, সকাল

والآصال ولا تكن من الغافلين ۝٢٠٥ إن الذين عند ربك

ওয়াল্ আ-স্বা-লি ওয়ালা- তাকুম্ মিনাল গা-ফিলীন। ২০৬। ইন্নাল্ লাযীনা 'ইন্দা রাব্বিকা
ও সন্ধ্যায়। আর উদাসীনদের অন্তর্ভুক্ত হয়ো না। (২০৬) নিশ্চয়ই যারা আপনার প্রতিপালকের

সিজদাহ

لا يستكبرون عن عبادته ويسبحونه وله يسجدون ۝٢٠٦

লা-ইয়াস্‌তাকবিরূনা 'আন 'ইবা-দাতিহী ওয়া ইউসাব্বিহূনাহূ ওয়া লাহূ ইয়াস্‌জুদূন।
নিকট রয়েছে, তারা ইবাদাত সম্পর্কে অহংকার করে না এবং তাঁর পবিত্রতা বর্ণনা করে এবং তাঁকে সিজদা করে।

সূরা আন্‌ফা-ল মাদানী	بسم الله الرحمن الرحيم বিসমিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম পরম দাতা ও দয়ালু আল্লাহর নামে শুরু করছি	আয়াত ঃ ৭৫ রুকূ ঃ ১০

۝١ يسئلونك عن الأنفال قل الأنفال لله والرسول فاتقوا الله

১। ইয়াস্‌আলূনাকা 'আনিল্ আন্‌ফা-ল ; কুলিল্ আন্‌ফা-লু লিল্লা-হি ওয়ার্ রাসূল, ফাত্তাকুল্লা-হা
(১) আপনাকে গনীমতের মালের ব্যাপারে জিজ্ঞেস করে। বলুন, গনীমতের মাল আল্লাহ ও রাসূলের। সুতরাং আল্লাহকে ভয় কর,

○ টীকা (আঃ ২০৩) ঃ পক্ষান্তরে শয়তানের আনুগত লোক খোদার অশ্রেয় প্রার্থনা করে না, শয়তানের অনিষ্টতা হতে রক্ষাও পায় না। মক্কার মুশরিকরাও এই শ্রেণীর লোকই বটে; তারাও কিছুতেই আল্লাহর দিকে ফিরবে না। কাজেই তাদের আচরণে ক্ষুব্ধ হওয়া নিষ্ফল। (বঃ কোঃ)
○ শানে নুযূল (আঃ ২০৪) ঃ জনৈক আনছারী যুবক হুযুর (সা)-এর পিছে নামায পড়াকালে তাঁর পাঠ্যমান ক্বেরাত সঙ্গে সঙ্গে পাঠ করত, এ সম্বন্ধে এই আয়াতটি নাযিল হয়। (মুঃ কোঃ) ○ বিশ্লেষণ (আঃ ১) ঃ انفال ঃ نفل-এর বহুবচন। অর্থ- অতিরিক্ত; নফল, সে মাল ও আসবাবকে বলে যা কাফিরদের থেকে যুদ্ধের সময় হাতে আসে। যাকে গনীমতও বলা হয়। নফল (অতিরিক্ত) মাল এজন্য বলা হয় যে, এটি অতিরিক্ত হালাল করা হল।

وأصلحوا ذات بينكم وأطيعوا الله ورسوله إن كنتم مؤمنين

ওয়া আস্বলিহূ যা-তা বাইনিকুম, ওয়া আত্বী'উল্লা-হা ওয়া রাসূলাহূ~ইন্ কুন্তুম্ মু'মিনীন.।
আর সংশোধন কর তোমাদের পারস্পরিক সম্পর্কের এবং আল্লাহ ও তাঁর রাসূলের অনুসরণ কর যদি তোমরা মু'মিন হও।

۝٢ إنما المؤمنون الذين إذا ذكر الله وجلت قلوبهم وإذا تليت

২। ইন্নামাল মু'মিনূনাল্ লাযীনা ইযা- যুকিরাল্লা-হু ওয়াজ্বিলাত কুলূবুহুম ওয়া ইযা- তুলিয়াত
(২) নিশ্চয় মু'মিন তারাই, যখন তাদের সামনে আল্লাহর স্মরণ করা হয় তখন তাদের অন্তর ভীত হয়ে যায় এবং যখন তাদেরকে আল্লাহর আয়াত পাঠ করে

عليهم آياته زادتهم إيمانا وعلى ربهم يتوكلون ۝٣ الذين يقيمون

'আলাইহিম আ-ইয়া-তুহূ যা-দাত্‌হুম ঈমা-নাওঁ ওয়া 'আলা- রাব্বিহিম ইয়াতাওয়াক্কালূন। ৩। আল্‌লাযীনা ইউক্বীমূনাস্ব
শুনানো হয়, তখন তা তাদের ঈমানকে আরো বৃদ্ধি করে এবং তারা নিজ প্রতিপালকের উপর ভরসা করে। (৩) তারা যথাযথ সালাত

الصلوة ومما رزقنهم ينفقون ۝٤ أولئك هم المؤمنون حقا لهم درجت

স্বালা-তা ওয়া মিম্মা- রাযাক্বনা-হুম ইউন্‌ফিকূন। ৪। উলা—ইকা হুমুল্ মু'মিনূনা হাক্বক্বা- ; লাহুম দারাজ্বা-তুন
প্রতিষ্ঠা করে এবং তাদেরকে আমি যা কিছু দান করেছি তা থেকে ব্যয় করে। (৪) তারাই প্রকৃত ঈমানদার, তাদের জন্য তাদের

عند ربهم ومغفرة ورزق كريم ۝٥ كما أخرجك ربك من بيتك بالحق

'ইন্দা রাব্বিহিম ওয়া মাগ্‌ফিরাতুঁও ওয়া রিয্‌কুন কারীম। ৫। কামা~আখ্‌রাজ্বাকা রাব্বুকা মিম্ বাইতিকা বিলহাক্বক্বি,
প্রতিপালকের নিকট রয়েছে মর্যাদা, ক্ষমা এবং সম্মানজনক জীবিকা। (৫) যেরূপ, আপনার প্রতিপালক আপনাকে বের করেছিলেন নিজ গৃহ থেকে যথাযথভাবে

وإن فريقا من المؤمنين لكرهون ۝٦ يجادلونك في الحق بعد ما

ওয়া ইন্না ফারীক্বাম মিনাল মু'মিনীনা লাকা-রিহূন। ৬। ইউজ্বা-দিলূনাকা ফিল হাক্বক্বি বা'দা মা-
এবং মুসলমানদের একদল এটাকে অপছন্দ করেছিল। (৬) তারা আপনার সাথে তর্ক করতেছিল সত্য স্পষ্টভাবে প্রকাশ হওয়ার পরেও,

تبين كأنما يساقون إلى الموت وهم ينظرون ۝٧ وإذ يعدكم الله

তাবাইয়্যানা কাআন্নামা- ইউসা-কূনা ইলাল্ মাওতি ওয়া হুম্ ইয়ানযুরূন। ৭। ওয়া ইয্ ইয়া'ইদুকুমুল্লা-হু
মনে হয় যেন তাদেরকে মৃত্যুর দিকে হাঁকিয়ে নেয়া হচ্ছে; আর তারা তা দেখতেছে। (৭) স্মরণ কর, যখন আল্লাহ ওয়াদা করেন

إحدى الطائفتين أنها لكم وتودون أن غير ذات الشوكة تكون

ইহ্‌দাত্ব ত্বা—ইফাতাইনি আন্নাহা- লাকুম ওয়া তাওয়াদ্দূনা আন্না গাইরা যা-তিশ্ শাওকাতি তাকূনু
দুটি দলের মধ্যে একটি দল সম্পর্কে যে, সেটি তোমাদের আয়ত্তে এসে যাবে, আর তোমরা কামনা করছিলে যে, অস্ত্রহীন কাফেলাটি তোমাদের

○ টীকা (আঃ ৬) ঃ আবু সুফিয়ানের নেতৃত্বে মক্কার কাফির বণিকদল দেশে ফিরতে ছিল। হুযুর (সা) ৩১৩ জন সাহাবী নিয়ে ওয়াদী-কোরাতে পৌঁছলেন। আবু সুফিয়ান এটা টের পেয়ে মক্কায় সাহায্য চেয়ে পাঠাল। আবু জাহাল ৯৫০ জন সৈন্য নিয়ে বদরে পৌঁছল, হুযুর (সা) সঙ্গীদেরকে জিজ্ঞাসা করলেন, কাফেলা লুণ্ঠন করবে, না যুদ্ধ করবে? কেউ কেউ বলল, যুদ্ধের জন্য আমরা অপ্রস্তুত, কাফেলা লুণ্ঠন করাই ভাল। হুযুর (সা) নারায হলেন। প্রধান সাহাবীগণ যুদ্ধ করাই স্থির করলেন। অতঃপর হুযুর (সা) বদরের দিকে রওয়ানা হলেন। (মুঃ কোঃ) ○ টীকা (আঃ ৬) ঃ অর্থাৎ, হে মোহাম্মদ (সা)! জেহাদ ফরয বলে প্রকাশিত হওয়ার পর আপনার সঙ্গীরা জেহাদ সম্বন্ধে আপনার সঙ্গে মতভেদ করতেছিল। (মুঃ কোঃ)

لكم ويريد الله أن يحق الحق بكلمته ويقطع دابر الكفرين ۝

লাকুম ওয়া ইউরীদুল্লা-হু আইঁ ইউহ্বিক্ক্বাল হ্বাক্ক্বা বিকালিমা-তিহী ওয়া ইয়াক্বত্বা'আ দা-বিরাল কা-ফিরীন।

আয়ত্তে আসুক অথচ আল্লাহর এ ইচ্ছা ছিল যে, তাঁর নির্দেশ দ্বারা সত্যকে প্রতিষ্ঠা করতে এবং কাফিরদের ভিত্তি উৎপাটন করতে।

(৮) ليحق الحق ويبطل الباطل ولو كره المجرمون (৯) إذ تستغيثون

৮। লিইউহ্বিক্ক্বাল হ্বাক্ক্বা ওয়া ইউবত্বিলাল বা-ত্বিলা ওয়ালাও কারিহাল মুজ্‌রিমূন। ৯। ইয্ তাস্‌তাগীছূনা

(৮) যাতে তিনি সত্যকে সত্য এবং মিথ্যাকে মিথ্যারূপে প্রতিপন্ন করেন, যদিও অপরাধীরা এটা অপছন্দ করে। (৯) স্মরণ কর, যখন তোমরা তোমাদের

ربكم فاستجاب لكم أني ممدكم بألف من الملئكة مردفين ۝

রাব্বাকুম ফাস্‌তাজ্বা-বা লাকুম আন্নী মুমিদ্দুকুম্ বিআল্‌ফিম্ মিনাল মালা—ইকাতি মুরদিফীন।

প্রতিপালকের কাছে ফরিয়াদ করেছিলে, তিনি তোমাদের কথা শুনলেন, (বললেন) আমি তোমাদেরকে এক হাজার ফিরিশতা দ্বারা সাহায্য করব যারা পরপর আসবে।

(১০) وما جعله الله إلا بشرى ولتطمئن به قلوبكم ج وما النصر إلا من

১০। ওয়ামা- জ্বা'আলাহুল্লা-হু ইল্লা-বুশ্‌রা- ওয়া লিতাত্বমাইন্না বিহী ক্বুলূবুকুম, ওয়া মান্ নাস্বরু ইল্লা-মিন্

(১০) আল্লাহ এরূপ করেন কেবল সু-সংবাদ দেয়ার জন্য এবং তোমাদের অন্তরে সান্ত্বনা দেয়ার জন্য। সাহায্য তো একমাত্র

عند الله ط إن الله عزيز حكيم (১১) إذ يغشيكم النعاس أمنة منه وينزل

'ইন্দিল্লা-হ; ইন্নাল্লা-হা 'আযীযুন হ্বাকীম। ১১। ইয্ ইউগাশ্‌শীকুমুন্ নু'আ-সা আমানাতাম্ মিনহু ওয়া ইউনায্‌যিলু

আল্লাহর থেকেই আসে। নিশ্চয় আল্লাহ পরাক্রমশালী, প্রজ্ঞাময়। (১১) স্মরণ কর, যখন আল্লাহ তোমাদেরকে তন্দ্রায় আচ্ছন্ন করেন তাঁর পক্ষ থেকে আরাম দেয়ার

ع ১৫ রুকূ

عليكم من السماء ماء ليطهركم به ويذهب عنكم رجز الشيطن

'আলাইকুম্ মিনাস্ সামা—ই মা—আল্ লিইউত্বাহ্‌হিরাকুম্ বিহী ওয়া ইউয্‌হিবা 'আনকুম রিযজ্বাশ্ শাইত্বা-নি

জন্য এবং তোমাদের উপর আকাশ হতে পানি বর্ষণ করেন, তোমাদেরকে তার দ্বারা পবিত্র করার জন্য এবং তোমাদের থেকে শয়তানী কুমন্ত্রণা দূর করার জন্য

وليربط على قلوبكم ويثبت به الأقدام ط (১২) إذ يوحي ربك إلى

ওয়া লিইয়ার্‌বিত্বা 'আলা-ক্বুলূবিকুম ওয়া ইউছাব্বিতা বিহিল আক্বদা-ম। ১২। ইয্ ইউহী রাব্বুকা ইলাল

ও তোমাদের অন্তর সুদৃঢ় রাখার জন্য এবং তোমাদের দৃঢ়পদ রাখার জন্য। (১২) স্মরণ করুন, যখন আপনার প্রতিপালক

الملئكة أني معكم فثبتوا الذين آمنوا ط سألقي في قلوب الذين

মালা—ইকাতি আন্নী মা'আকুম ফাছাব্বিতুল লাযীনা আ-মানূ; সাউলক্বী ফী ক্বুলূবিল্‌লাযীনা

ফিরিশতাগণকে নির্দেশ প্রদান করেন, আমি তোমাদের সাথে আছি, তাই মুমিনদেরকে অবিচল রাখ। আমি শীঘ্রই সৃষ্টি করতেছি

○ টীকা (আঃ ১১) ঃ যুদ্ধের পূর্ব রাত্রিতে সাহাবীগণ আশঙ্কা করেছিলেন, আমাদের দিক বালুময় ভূমি, পা ডেবে যায়, এদিকে পানিও নেই। আল্লাহ্ সাহাবীদেরকে নিদ্রাচ্ছন্ন করে দিলেন। কতিপয় সাহাবীর স্বপ্নদোষ হল, তখনই বৃষ্টি বর্ষিত হল। সকলে পাক হওয়ার জন্য ও খাওয়ার জন্য পানি নিল। যমীনও শক্ত হল, পক্ষান্তরে কাফিরের দিক কর্দমাক্ত হয়ে গেল। (মুঃ কোঃ)

○ টীকা (আঃ ১২) ঃ অর্থাৎ, আপনার সাহায্যার্থে প্রেরিত ফেরেশতাদেরকে আমি বলেছিলাম, "আমি তোমাদের সঙ্গে আছি", তোমরা মুসলমানদেরকে সাহস দাও। ফলে তারা মানবাকারে ঘুরে ঘুরে বলত, তোমাদের জন্য খোশখবর, তোমাদের জয় হবে, আল্লাহ্ তোমাদের সহায়, তোমরা সাহসের সাথে যুদ্ধ কর, শত্রু তোমাদের তুলনায় খুবই কম, তোমাদের জয় সুনিশ্চিত। (মুঃ কোঃ)

كفروا الرعب فاضربوا فوق الأعناق واضربوا منهم كل بنان ۝

কাফারুর্ রু'বা ফাদ্বরিবূ ফাওক্বাল আ'না-ক্বি ওয়াদ্বরিবূ মিন্‌হুম কুল্‌লা বানা-ন।

কাফিরদের অন্তরে ভীতি, সুতরাং তোমরা কাফিরদের গর্দানে আঘাত কর, আর আঘাত কর প্রত্যেকটি আঙ্গুলের অগ্রভাগে।

(১৩) ذلك بأنهم شاقوا الله ورسوله ج ومن يشاقق الله ورسوله فإن

১৩। যা-লিকা বিআন্নাহুম শা—ক্ব্‌ক্বুল্লা-হা ওয়া রাসূলাহ, ওয়া মাইঁ ইউশা-ক্বিক্বিল্লা-হা ওয়া রাসূলাহূ ফাইন্না

(১৩) এ কারণে যে, তারা আল্লাহ ও তাঁর রাসূলের বিরোধিতা করেছে এবং যে আল্লাহ ও তার রাসূলের বিরোধিতা করে, নিশ্চয়

الله شديد العقاب (১৪) ذلكم فذوقوه وأن للكفرين عذاب النار (১৫) يأيها

ল্লা-হা শাদীদুল 'ইক্বা-ব। ১৪। যা-লিকুম ফাযূক্বূহু ওয়া আন্না লিল্ কা-ফিরীনা 'আযা-বান্ না-র। ১৫। ইয়া~আইয়্যুহাল

আল্লাহ কঠিন শাস্তি প্রদানকারী। (১৪) সুতরাং এ শাস্তি উপভোগ কর এবং জেনে রেখ, কাফিরদের জন্য জাহান্নামের শাস্তি (নির্ধারিত)। (১৫) হে ঈমানদারগণ!

الذين آمنوا إذا لقيتم الذين كفروا زحفا فلا تولوهم الأدبار (১৬) ومن

লাযীনা আ-মানূ~ইযা- লাক্বীতুমুল্‌লাযীনা কাফারূ যাহ্বফান্ ফালা-তুওয়াল্লূ হুমুল আদবা-র। ১৬। ওয়া মাই

যখন তোমরা কাফিরদের সাথে মুখোমুখি হবে, তখন তাদেরকে পৃষ্ঠ প্রদর্শন করবে না। (১৬) আর যে

يولهم يومئذ دبره إلا متحرفا لقتال أو متحيزا إلى فئة فقد باء

ইউওয়াল্লিহিম ইয়াওমাইযিন্ দুবুরাহূ~ইল্লা- মুতাহ্বার্‌রিফাল্ লিক্বিতা-লিন আও মুতাহ্বাইয়্যিযান্ ইলা-ফিআতিন্ ফাক্বাদ্ বা—আ

সেদিন পৃষ্ঠ প্রদর্শন করবে, যুদ্ধের কৌশল অবলম্বন অথবা স্বীয় দলে আশ্রয় নেয়া ব্যতীত, সে আল্লাহর ক্রোধে পতিত হবে

بغضب من الله ومأوىه جهنم ط وبئس المصير (১৭) فلم تقتلوهم ولكن الله

বিগাদ্বাবিম্ মিনাল্লা-হি ওয়া মা'ওয়া-হু জ্বাহান্নাম; ওয়াবি'সাল মাস্বীর। ১৭। ফালাম তাক্বতুলূহুম ওয়ালা- কিন্নাল্লা-হা

এবং তার ঠিকানা হবে জাহান্নাম আর তা হচ্ছে কতইনা গন্তব্য। (১৭) তোমরা তাদেরকে হত্যা করনি বরং আল্লাহ তাদেরকে

قتلهم ص وما رميت إذ رميت ولكن الله رمى ج وليبلي المؤمنين منه

ক্বাতালাহুম, ওয়ামা- রামাইতা ইয্ রামাইতা ওয়ালা-কিন্নাল্লা-হা রামা-, ওয়ালি ইউব্‌লিয়াল্ মু'মিনীনা মিন্‌হু

হত্যা করেছেন আর যখন আপনি (বালু) নিক্ষেপ করেছিলেন তা আপনি নিক্ষেপ করেন নি, বরং আল্লাহই নিক্ষেপ করেছিলেন, যাতে তিনি মুমিনগণকে তাঁর

بلاء حسنا ط إن الله سميع عليم (১৮) ذلكم وأن الله موهن كيد الكفرين ۝

বালা—আন্ হ্বাসানা-; ইন্নাল্লা-হা সামী'উন্ 'আলীম। ১৮। যা-লিকুম ওয়া আন্নাল্লা-হা মূহিনু কাইদিল কা-ফিরীন।

থেকে উত্তম বিনিময় দান করতে পারেন। নিশ্চয় আল্লাহ সর্বশ্রোতা, সর্বজ্ঞ। (১৮) এভাবে নিশ্চয়ই আল্লাহ্ কাফিরদের ষড়যন্ত্র ধ্বংসকারী।

○ টীকা (আঃ ১৫) ঃ ইসলামের প্রাথমিক অবস্থায় নির্দেশ ছিল একজন মুসলমান দশ জন কাফিরের মুকাবেলা করবে। দশগুণের সম্মুখ হতে পলায়ন করা হারাম ছিল। বর্তমানে নির্দেশ এই যে, দ্বিগুণ কাফিরের মুকাবেলা হতে পলায়ন করা হারাম। (মুঃ কোঃ)

○ শানে নুযূল (আঃ ১৬) ঃ যুদ্ধ আরম্ভ হওয়া মাত্র কাফিররা এক সঙ্গে আক্রমণ করল, তখন হুযূর (সা) জিবরায়ীল (আ)-এর নির্দেশে এক মুষ্টি বালু কাফিরদের প্রতি নিক্ষেপ করেন, কাফিরদের চোখে মুখে ঐ বালু পড়তেই তারা বেশামাল হয়ে পড়ল। যুদ্ধে কাফিরদের ৭০ ব্যক্তি নিহত ও ৭০ ব্যক্তি বন্দী হল। যুদ্ধশেষে মুসলমানেরা পরস্পর মৃত ও মৃতের হত্যা সম্বন্ধে বলাবলি করতে লাগলে এই আয়াতটি নাযিল হয়। (মুঃ কোঃ)

۝ إن تستفتحوا فقد جاءكم الفتح ۚ وإن تنتهوا فهو خير لكم ۖ وإن

১৯। ইন্ তাস্তাফ্‌তিহূ ফাক্বাদ্ জ্বা—আকুমুল ফাত্‌হু, ওয়া ইন্ তান্‌তাহূ ফাহুওয়া খাইরুল্ লাকুম, ওয়া ইন্

(১৯) যদি তোমরা ফয়সালা চাও; তবে ফয়সালা তোমাদের কাছে এসে গেছে। আর যদি তোমরা বিরত হও তবে তা তোমাদের জন্য কল্যাণকর, আর যদি

تعودوا نعد ۚ ولن تغني عنكم فئتكم شيئا ولو كثرت ۙ وأن الله مع

তা'উদূ না'উদ্, ওয়া লান্ তুগ্‌নিয়া 'আন্‌কুম ফিআতুকুম শাইআওঁ ওয়ালাও কাছুরাত ওয়া আন্নাল্লা-হা মা'আল্

তোমরা পুনরায় তাই কর, তবে আমিও পুনরায় করব। আর তোমাদের দল তোমাদের কোনই কাজে আসবে না যদিও তা সংখ্যায় অধিক হয় এবং নিশ্চয়ই আল্লাহ

المؤمنين ۝ يا أيها الذين آمنوا أطيعوا الله ورسوله ولا تولوا عنه وأنتم

মু'মিনীন। ২০। ইয়া~আইয়্যুহাল্ লাযীনা আ-মানূ~আত্বী'উল্লা-হা ওয়া রাসূলাহূ ওয়ালা-তাওয়াল্লাও 'আন্‌হু ওয়া আন্তুম

মুমিনগণের সাথে আছেন। (২০) হে ঈমানদারগণ! অনুসরণ কর আল্লাহ ও তাঁর রাসূলের এবং তাদের থেকে মুখ ফিরে থেক না, অথচ

ع ২ ১৬ রুকূ

تسمعون ۝ ولا تكونوا كالذين قالوا سمعنا وهم لا يسمعون ۝ إن

তাস্‌মা'উন। ২১। ওয়ালা-তাকূনূ কাল্লাযীনা ক্বা-লূ সামি'না- ওয়া হুম লা-ইয়াস্‌মা'উন। ২২। ইন্না

তোমরা শ্রবণ করছ। (২১) তোমরা তাদের মত হয়ো না যারা বলে; "আমরা শুনেছি" অথচ তারা শোনেনা। (২২) নিশ্চয়

شر الدواب عند الله الصم البكم الذين لا يعقلون ۝ ولو علم الله

শার্‌রাদ্ দাওয়া—ব্বি 'ইন্দাল্লা-হিস্ব স্বুম্মুল বুকমুল্ লাযীনা লা-ইয়া'ক্বিলূন। ২৩। ওয়া লাও 'আলিমাল্লা-হু

আল্লাহর নিকট নিকৃষ্টতম জীব তারা, যারা (দ্বীনের ব্যাপারে) বধির, বোবা এবং যারা কিছুই বুঝে না। (২৩) যদি আল্লাহ তাদের মধ্যে কোন কল্যাণ দেখতেন,

فيهم خيرا لأسمعهم ۖ ولو أسمعهم لتولوا وهم معرضون ۝ يا أيها الذين

ফীহিম খাইরাল্ লাআস্‌মা'আহুম ; ওয়া লাও আস্‌মা'আহুম লাতাওয়াল্লাও ওয়াহুম্ মু'রিদ্বূন। ২৪। ইয়া~আইয়্যুহাল্ লাযীনা

তবে তাদেরকে শোনার তাওফীক দিতেন। যদি তাদেরকে তিনি শোনাতেনও, তবে তারা উপেক্ষা করে ফিরে যেত। (২৪) হে ঈমানদারগণ! তোমরা

آمنوا استجيبوا لله وللرسول إذا دعاكم لما يحييكم ۖ واعلموا أن الله

আ-মানুস্ তাজ্বীবূ লিল্লা-হি ওয়া লির্‌রাসূলি ইযা- দা'আ-কুম লিমা-ইউহ্‌য়ীকুম, ওয়া'লামূ~আন্নাল্লা-হা

আল্লাহ ও রাসূলের ডাকে সাড়া দাও, যখন রাসূল তোমাদেরকে এমন বিষয়ের প্রতি ডাকে যা তোমাদের জীবন সঞ্চারক। আর তোমরা জেনে রাখ, আল্লাহ

يحول بين المرء وقلبه وأنه إليه تحشرون ۝ واتقوا فتنة لا تصيبن

ইয়াহ্‌ূলু বাইনাল্ মার্‌ই ওয়া ক্বাল্‌বিহী ওয়া আন্নাহূ~ইলাইহি তুহ্‌শারূন। ২৫। ওয়াত্তাকূ ফিত্‌নাতাল লা-তুস্বীবান্নাল্

মানুষ এবং তার আত্মার মাঝখানে আড়াল হয়ে থাকেন এবং তাঁর নিকটই সকলকে একত্রিত হতে হবে। (২৫) তোমরা এমন বিপদ থেকে বেঁচে থাক যা শুধু

○ শানে নুযূল (আঃ ১৯) ঃ যুদ্ধে যাত্রাকালে আবু জাহাল ও অন্যান্য নেতৃবৃন্দ কাবাঘরে আল্লাহর নিকট প্রার্থনা করল, হে খোদা! সত্যকে জয়ী এবং অসত্যকে পরাজিত করো। তখন এ আয়াতটি অবতীর্ণ হয়। (মুঃ কোঃ) ○ টীকা (আঃ ২৫) ঃ অর্থাৎ, আল্লাহর হুকুম পালনে বিলম্ব করোনা। হয়ত একটু পরে মনের এই অবস্থা থাকবে না। মনের উপর মানুষের কোন হাত নেই, সম্পূর্ণ আল্লাহর হাতে। তিনি এটাকে যেদিকে ইচ্ছা ঘুরাতে পারেন। অবশ্য প্রথমেই তিনি ফিরান না, কিংবা মনের উপর মোহর মারেন না, তবে মানুষ আল্লাহর আদেশ পালনে শিথিলতা করতে থাকলে উহার প্রতিফলস্বরূপ তিনি মনকে বিপথের দিকে ফিরান এবং নাফরমানীতে অভ্যস্ত হয়ে পড়লে তখন মোহরই তিনি মেরে দেন। (মুঃ কোঃ)

الذين ظلموا منكم خاصة ۖ واعلموا أن الله شديد العقاب ۝ واذكروا

লাযীনা যালামূ মিন্‌কুম খা—স্বস্বাহ, ওয়া'লামূ~আন্নাল্লা-হা শাদীদুল 'ইক্বা-ব্। ২৬। ওয়ায্‌কুরূ~

তাদের উপরই পতিত হবে না, যারা তোমাদের মধ্যে অত্যাচারী। জেনে রাখ, আল্লাহ কঠোর শাস্তি দাতা। (২৬) আর স্মরণ কর।

إذ أنتم قليل مستضعفون في الأرض تخافون أن يتخطفكم الناس

ইয্ আন্‌তুম ক্বালীলুম্ মুস্‌তাদ্ব'আফূনা ফিল্ আর্‌দ্বি তাখা-ফূনা আঁই ইয়াতাখাত্ত্বাফাকুমুন্ না-সু

যখন পৃথিবীতে তোমরা ছিলে স্বল্প সংখ্যক, তোমাদেরকে দুর্বল হিসেবে গণনা করা হতো, তোমরা এ ভয় করতে যে, তোমাদেরকে লোকেরা ছিনিয়ে নিয়ে যাবে।

فآواكم وأيدكم بنصره ورزقكم من الطيبات لعلكم تشكرون ○

ফাআ-ওয়া-কুম ওয়া আইয়্যাদাকুম্ বিনাস্বরিহী ওয়া রাযাক্বাকুম্ মিনাত্ব ত্বাইয়্যিবা-তি লা'আল্লাকুম তাশ্‌কুরূন।

অতঃপর আল্লাহ তোমাদেরকে আশ্রয় দেন এবং নিজ সাহায্য দ্বারা তোমাদেরকে শক্তিশালী করেন এবং তোমাদেরকে উত্তম খাদ্য দান করেন, যাতে তোমরা কৃতজ্ঞ হও।

۝ يا أيها الذين آمنوا لا تخونوا الله والرسول وتخونوا أماناتكم

২৭। ইয়া~আইয়্যুহাল্ লাযীনা আ-মানূ লা-তাখূনুল্লা-হা ওয়ার্ রাসূলা ওয়া তাখূনূ~আমা-না-তিকুম

(২৭) হে ঈমানদারগণ! তোমরা জেনে-শুনে আল্লাহ ও রাসূলের সাথে খেয়ানত করো না এবং তোমাদের পরস্পরের

وأنتم تعلمون ۝ واعلموا أنما أموالكم وأولادكم فتنة ۙ وأن الله

ওয়া আন্তুম তা'লামূন। ২৮। ওয়া'লামূ~আন্নামা~আম্‌ওয়া-লুকুম ওয়া আওলা-দুকুম ফিত্‌নাতুওঁ ওয়া আন্নাল্লা-হা

আমানতেরও খেয়ানত করোনা। (২৮) জেনে রাখ যে, তোমাদের সম্পদ এবং সন্তান-সন্ততি তোমাদের জন্য পরীক্ষা স্বরূপ।

عنده أجر عظيم ۝ يا أيها الذين آمنوا إن تتقوا الله يجعل لكم

'ইন্দাহূ~আজ্‌রুন 'আযীম। ২৯। ইয়া~আইয়্যুহাল্ লাযীনা আ-মানূ~ইন্ তাত্তাকুল্লা-হা ইয়াজ্‌'আল্ লাকুম

মূলতঃ আল্লাহর নিকটে রয়েছে মহা প্রতিদান। (২৯) হে ঈমানদারগণ! যদি তোমরা আল্লাহকে ভয় কর, তবে আল্লাহ তোমাদেরকে

ع ৩ ১৭ রুকূ

فرقانا ويكفر عنكم سيئاتكم ويغفر لكم ۗ والله ذو الفضل العظيم ○

ফুর্‌ক্বা-নাওঁ ওয়া ইউকাফ্‌ফির 'আন্‌কুম সাইয়্যিআ-তিকুম ওয়া ইয়াগ্‌ফির লাকুম ; ওয়াল্লা-হু যুল্ ফাদ্বলিল্ 'আযীম।

ফয়সালার শক্তি দান করবেন এবং তোমাদের গুনাহ দূর করবেন এবং তোমাদেরকে ক্ষমা করে দিবেন, আল্লাহ মহা করুণাময়।

۝ وإذ يمكر بك الذين كفروا ليثبتوك أو يقتلوك أو يخرجوك ۚ

৩০। ওয়া ইয্ ইয়াম্‌কুরু বিকাল্ লাযীনা কাফারূ লিইউছ্‌বিতূকা আও ইয়াক্বতুলূকা আও ইউখ্‌রিজূক ;

(৩০) স্মরণ করুন, যখন কাফিরেরা আপনার ব্যাপারে চক্রান্ত করে যে, আপনাকে বন্দী করবে অথবা আপনাকে হত্যা করবে অথবা আপনাকে নির্বাসিত করবে,

○ শানে নুযূল (আঃ ২৭) ঃ কোন সাহাবী রাসূলুল্লাহ্ (স)-এর দরবারের খবর বাইরে প্রকাশ করত। মুনাফেকরা জানতে পেরে কাফিরদেরকে সাবধান করে দিত। এসম্বন্ধে এ আয়াতটি নাযিল হয়। (মুঃ কোঃ) ○ টীকা (আঃ ৩০) ঃ والله خير الماكرين ঃ (আল্লাহ সর্বোত্তম কৌশলী) মক্কার কুরাইশ নেতৃবৃন্দের সিদ্ধান্তনুযায়ী একদল যুবক রাসূলুল্লাহর (স) ঘরের বাইরে তাঁকে হত্যা করার জন্য অপেক্ষা করছিল। আল্লাহ তায়ালা তা রাসূলকে জানিয়ে দিলেন। তিনি এক মুঠো বালি নিক্ষেপ করতঃ ঘর থেকে বের হয়ে পড়লেন। যুবকরা রাসূল (সা)-কে মোটেই দেখতে পেল না। শেষ পর্যন্ত তিনি "সাওর" পাহাড়ে পৌছলেন। কাফিরদের মোকাবিলায় এটা ছিল আল্লাহর কৌশল। এর চেয়ে উত্তম কৌশলী আর কে হতে পারে?

وَيَمْكُرُوْنَ وَيَمْكُرُ اللّٰهُ ؕ وَاللّٰهُ خَيْرُ الْمٰكِرِيْنَ ﴿٣١﴾ وَاِذَا تُتْلٰى عَلَيْهِمْ اٰيٰتُنَا

ওয়া ইয়াম্কুরূনা ওয়া ইয়াম্কুরুল্লা-হ ; ওয়াল্লা-হু খাইরুল মা-কিরীন। ৩১। ওয়া ইযা- তুত্লা- 'আলাইহিম্ আ-ইয়া-তুনা-

তারা চক্রান্ত করে আর আল্লাহও কৌশল করেন এবং আল্লাহই সর্বোত্তম কৌশলী। (৩১) যখন তাদের সামনে আমার আয়াত পাঠ করা হয়,

قَالُوْا قَدْ سَمِعْنَا لَوْ نَشَآءُ لَقُلْنَا مِثْلَ هٰذَآ ۙ اِنْ هٰذَآ اِلَّآ اَسَاطِيْرُ الْاَوَّلِيْنَ

ক্বা-লূ ক্বাদ সামি'না- লাও নাশা—উ লাক্বুল্না- মিছ্লা হা-যা~ইন্ হা-যা~ইল্লা~আসা-ত্বীরুল আওওয়ালীন।

তখন তারা বলে, "নিশ্চয়ই আমরা শুনেছি" যদি আমরা ইচ্ছা করি তবে অনুরূপ আমরাও বলতে পারি। এটাতো শুধু পূর্ববর্তীদের ভীতিহীন কাহিনী।

﴿٣٢﴾ وَاِذْ قَالُوا اللّٰهُمَّ اِنْ كَانَ هٰذَا هُوَ الْحَقَّ مِنْ عِنْدِكَ فَاَمْطِرْ عَلَيْنَا حِجَارَةً

৩২। ওয়া ইয্ ক্বা-লুল্লা-হুম্মা ইন্ কা-না হা-যা- হুওয়াল হাক্ক্বা মিন্ 'ইন্দিকা ফাআম্ত্বির 'আলাইনা- হ্বিজারাতাম্

(৩২) আর যখন তারা বলল, হে আল্লাহ! যদি এগুলো তোমার তরফ থেকে সত্য দ্বীন হয়, তবে আমাদের উপর বর্ষণ কর,

مِّنَ السَّمَآءِ اَوِ ائْتِنَا بِعَذَابٍ اَلِيْمٍ ﴿٣٣﴾ وَمَا كَانَ اللّٰهُ لِيُعَذِّبَهُمْ وَاَنْتَ فِيْهِمْ ؕ

মিনাস্ সামা—ই আওয়ি'তিনা- বি'আযা-বিন আলীম। ৩৩। ওয়ামা- কা-নাল্লা-হু লিইউ'আয্যিবাহুম ওয়া আন্তা ফীহিম ;

আসমান থেকে পাথর অথবা আমাদেরকে যন্ত্রণাময় শাস্তি দাও। (৩৩) আল্লাহ এরূপ নন যে, তাদেরকে শাস্তি দিবেন এমনাবস্থায় যে আপনি তাদের মধ্যে বর্তমান

وَمَا كَانَ اللّٰهُ مُعَذِّبَهُمْ وَهُمْ يَسْتَغْفِرُوْنَ ﴿٣٤﴾ وَمَا لَهُمْ اَلَّا يُعَذِّبَهُمُ اللّٰهُ

ওয়ামা-কা-নাল্লা-হু মু'আয্যিবাহুম ওয়া হুম ইয়াস্তাগ্ফিরূন। ৩৪। ওয়ামা-লাহুম আল্লা-ইউ'আয্যিবাহুমুল্লা-হু

এবং আল্লাহ এরূপও নন যে, তাদেরকে শাস্তি দিবেন এমতাবস্থায় যে তারা ক্ষমা প্রার্থনা করছে (৩৪) তাদের কি দাবী আছে যে, আল্লাহ তাদেরকে শাস্তি দিবেন না?

وَهُمْ يَصُدُّوْنَ عَنِ الْمَسْجِدِ الْحَرَامِ وَمَا كَانُوْٓا اَوْلِيَآءَهٗ ؕ اِنْ اَوْلِيَآؤُهٗٓ

ওয়া হুম ইয়াস্বুদ্দূনা 'আনিল্ মাস্জ্বিদিল হ্বারা-মি ওয়ামা- কা-নূ~আওলিয়া—আহ ; ইন্ আওলিয়া—উহূ~

অথচ তারা মসজিদে হারামে যেতে লোকদেরকে বিরত রাখে, কিন্তু তারা এর যিম্মাদার নয়, শুধু পরহেজগারগণই

اِلَّا الْمُتَّقُوْنَ وَلٰكِنَّ اَكْثَرَهُمْ لَا يَعْلَمُوْنَ ﴿٣٥﴾ وَمَا كَانَ صَلَاتُهُمْ عِنْدَ الْبَيْتِ

ইল্লাল্ মুত্তাকূনা ওয়ালা-কিন্না আক্ছারাহুম লা-ইয়া'লামূন। ৩৫। ওয়ামা- কা-না স্বালা-তুহুম 'ইন্দাল বাইতি

এর যিম্মাদার। কিন্তু তাদের অধিকাংশেরাই তা জানে না। (৩৫) কা'বা ঘরের নিকট তাদের সালাত ছিল শুধু শিস দেয়া,

اِلَّا مُكَآءً وَّتَصْدِيَةً ؕ فَذُوْقُوا الْعَذَابَ بِمَا كُنْتُمْ تَكْفُرُوْنَ ﴿٣٦﴾ اِنَّ الَّذِيْنَ

ইল্লা- মুকা—আওঁ ওয়া তাস্বদিইয়াহ ; ফাযূকুল 'আযা-বা বিমা- কুন্তুম তাক্ফুরূন। ৩৬। ইন্নাল্ লাযীনা

আর কর তালি দেয়া। সুতরাং তোমরা শাস্তি ভোগ কর, তোমাদের কুফরীর কারণে। (৩৬) নিশ্চয় যারা

○ শানে নুযূল (আঃ ৩১) ঃ নাযার ইবনে হারেস বাণিজ্য করবার জন্য পারস্য দেশে গিয়েছিল। তথা হতে রুস্তম ও ইস্ফেন্দিয়ারের কিস্সার বই খরিদ করে এনে আরবী ভাষায় অনুবাদ করল এবং বলল যে, এই কিস্সাটি মোহাম্মদ (সা) কর্তৃক বর্ণিত কিস্সাসমূহ হতে অধিক মধুর। এ সম্বন্ধে এই আয়াতটি নাযিল হয়। (মুঃ কোঃ) ○ টীকা (আঃ ৩৪) ঃ হযরত আলী (রা) বলেছেন, দুনিয়াতে আল্লাহর আযাব নাযিল হওয়ার প্রতিবন্ধক ছিল দুটি। (১) রাসূলুল্লাহর অস্তিত্ব (২) এস্তেগফার, শেষটি মাত্র এখনো আছে। (মুঃ কোঃ) ○ শানে নুযূল (আঃ ৩৬) ঃ বদরের যুদ্ধে যোগদানের জন্য কাফিররা মক্কা হতে বাইর হলে বারজন নেতৃস্থানীয় কাফির, সৈন্যদলের খাদ্য সরবরাহ করার দায়িত্ব গ্রহণ করল। তারা প্রত্যেকে নিজের নির্দিষ্ট দিনে দশটি উট যবেহ্ করে সেনাদলকে খাওয়াত। তৎসম্বন্ধে এ আয়াতটি নাযিল হয়। (মুঃ কোঃ)

كَفَرُوْا يُنْفِقُوْنَ اَمْوَالَهُمْ لِيَصُدُّوْا عَنْ سَبِيْلِ اللّٰهِ ؕ فَسَيُنْفِقُوْنَهَا ثُمَّ

কাফারূ ইউন্ফিকূনা আমওয়া-লাহুম লিয়াস্বুদ্দূ 'আন্ সাবীলিল্লা-হ ; ফাসাইয়ুন্ফিকূনাহা- ছুম্মা

কাফির তারা তাদের সম্পদ ব্যয় করে আল্লাহর রাস্তা থেকে (লোকদেরকে) বিরত রাখার জন্য। তারা আরও সম্পদ ব্যয় করতে থাকবে, অতঃপর

تَكُوْنُ عَلَيْهِمْ حَسْرَةً ثُمَّ يُغْلَبُوْنَ ؕ۬ وَالَّذِيْنَ كَفَرُوْٓا اِلٰى جَهَنَّمَ يُحْشَرُوْنَ

তাকূনু 'আলাইহিম হ্বাস্রাতান ছুম্মা ইউগ্লাবূন ; ওয়াল্লাযীনা কাফারূ~ইলা- জ্বাহান্নামা ইউহ্শারূন।

তা তাদের জন্য আফসোসের কারণ হবে। অতঃপর তারা পরাজিত হবে। আর যারা কাফির, তাদেরকে জাহান্নামের দিকে একত্রিত করা হবে।

﴿٣٧﴾ لِيَمِيْزَ اللّٰهُ الْخَبِيْثَ مِنَ الطَّيِّبِ وَيَجْعَلَ الْخَبِيْثَ بَعْضَهٗ عَلٰى بَعْضٍ

৩৭। লিয়ামীযাল্লা-হুল খাবীছা মিনাত্ব ত্বাইয়্যিবি ওয়া ইয়াজ্ব'আলাল্ খাবীছা বা'দ্বাহূ 'আলা- বা'দ্বিন্

(৩৭) যাতে আল্লাহ নিকৃষ্টকে ভাল থেকে আলাদা করেন এবং নিকৃষ্টদেরকে একে অপরের সাথে মিলিয়ে দেন।

৪ (৯) ১৮ রুকূ

فَيَرْكُمَهٗ جَمِيْعًا فَيَجْعَلَهٗ فِيْ جَهَنَّمَ ؕ اُولٰٓئِكَ هُمُ الْخٰسِرُوْنَ ﴿٣٨﴾ قُلْ

ফাইয়ারকুমাহূ জ্বামী'আন্ ফাইয়াজ্ব'আলাহূ ফী জ্বাহান্নাম ; উলা—ইকা হুমুল খা-সিরূন। ৩৮। কুল্

অতঃপর তাদের সকলকে জড়ো করে জাহান্নামে ফেলে দেন। আর এরাই ক্ষতিগ্রস্ত। (৩৮) আপনি বলুন,

لِّلَّذِيْنَ كَفَرُوْٓا اِنْ يَّنْتَهُوْا يُغْفَرْ لَهُمْ مَّا قَدْ سَلَفَ ۚ وَاِنْ يَّعُوْدُوْا

লিল্ লাযীনা কাফারূ ইঁইয়ান্তাহূ ইউগ্ফার্ লাহুম্ মা-ক্বাদ্ সালাফ, ওয়া ইঁয় ইয়া'উদ্

কাফিরদেরকে যদি তারা (কুফরী থেকে) বিরত থাকে, তবে তাদের পূর্বের সকল কিছু ক্ষমা করা হবে। কিন্তু তারা যদি (কুফরী কাজে)

فَقَدْ مَضَتْ سُنَّتُ الْاَوَّلِيْنَ ﴿٣٩﴾ وَقَاتِلُوْهُمْ حَتّٰى لَا تَكُوْنَ فِتْنَةٌ

ফাক্বাদ মাদ্বাত্ সুন্নাতুল্ আওওয়ালীন। ৩৯। ওয়া ক্বা-তিলূহুম হ্বাত্তা-লা- তাকূনা ফিত্নাতুওঁ

পুনরাবৃত্তি করে, তবে পূর্ববর্তীগণের রীতি তো নির্ধারিত আছে। (৩৯) এবং তোমরা তাদের সাথে যুদ্ধ করবে যতক্ষণ না ফিতনা

وَّيَكُوْنَ الدِّيْنُ كُلُّهٗ لِلّٰهِ ۚ فَاِنِ انْتَهَوْا فَاِنَّ اللّٰهَ بِمَا يَعْمَلُوْنَ بَصِيْرٌ

ওয়া ইয়াকূনাদ্দীনু কুল্লুহূ লিল্লা-হ, ফাইনিন্তাহাও ফাইন্নাল্লা-হা বিমা- ইয়া'মালূনা বাস্বীর।

বিদূরীত হয় এবং সর্বত্র আল্লাহর দ্বীন কায়েম হয়, আর যদি তারা বিরত থাকে তবে নিশ্চয়ই তারা যা কিছু করে আল্লাহ তার সর্বদ্রষ্টা।

﴿٤٠﴾ وَاِنْ تَوَلَّوْا فَاعْلَمُوْٓا اَنَّ اللّٰهَ مَوْلٰىكُمْ ؕ نِعْمَ الْمَوْلٰى وَنِعْمَ النَّصِيْرُ

৪০। ওয়া ইন্ তাওয়াল্লাও ফা'লামূ~আন্নাল্লা-হা মাওলা-কুম ; নি'মাল্ মাওলা- ওয়া নি'মান নাস্বীর।

(৪০) আর যদি তারা মুখ ফিরিয়ে নেয়, তবে জেনে রাখ, নিশ্চয়ই আল্লাহ তোমাদের অভিভাবক। তিনি অতি উত্তম বন্ধু এবং অতি উত্তম সাহায্যকারী।

○ টীকা (আঃ ৩৮) ঃ অর্থাৎ দুনিয়াতে তারা ধ্বংস-প্রাপ্ত হয়েছে এবং আখেরাতে তারা আযাব ভোগ করবে। তোমাদের বেলায়ও সেই নিয়মই চলবে। বস্তুতঃ আরবের কাফিরদের বেলায় দুনিয়ার শাস্তি শুধু হত্যা, অন্য কোন বিধান নেই। কিন্তু বহিরাগত কাফিরদের বেলায় 'যিম্মী' বানিয়ে রাখারও বিধান আছে। যিম্মীরূপে জীবন-যাপন করাও জাতীয় স্বাধীন সত্তার পক্ষে ধ্বংস প্রাপ্তিই বটে। (বঃ কোঃ)

○ টীকা (আঃ ৩৯) ঃ আজন্ম কাফির এবং মুরতাদ উভয়েরই এই ওয়াদা। এই ওয়াদা কেবল খোদার হক্ব সম্বন্ধেই করা হয়েছে।

○ বিশ্লেষণ (আঃ ৩৯) ঃ فتنة ফিতনা দ্বারা শিরক বুঝানো হয়েছে।

﴿٤١﴾ وَاعْلَمُوْٓا اَنَّمَا غَنِمْتُمْ مِّنْ شَيْءٍ فَاَنَّ لِلّٰهِ خُمُسَهٗ وَلِلرَّسُوْلِ وَلِذِي

৪১। ওয়া'লামূ~আন্নামা- গানিমতুম মিন্ শাইয়িন্ ফাআন্না লিল্লা-হি খুমুসাহূ ওয়া লিররাসূলি ওয়া লিযিল্
(৪১) আর জেনে রাখো যে, তোমরা যা কিছু গনিমত হিসেবে (কাফির থেকে) অর্জন করবে, তার এক-পঞ্চমাংশ আল্লাহর জন্য, আল্লাহর রাসূলের জন্য, তাঁর

الْقُرْبٰى وَالْيَتٰمٰى وَالْمَسٰكِيْنِ وَابْنِ السَّبِيْلِ ۙ اِنْ كُنْتُمْ اٰمَنْتُمْ بِاللّٰهِ

ক্বুরবা- ওয়াল্ ইয়াতা-মা- ওয়াল্ মাসা-কীনি ওয়াব্নিস্ সাবীলি, ইন্ কুন্তুম্ আ-মান্তুম্ বিল্লা-হি
আত্মীয়-স্বজনের জন্য, ইয়াতীমদের জন্য, দরিদ্রদের জন্য এবং মুসাফিরদের জন্য, যদি তোমরা বিশ্বাস রাখ আল্লাহর প্রতি এবং সে বিষয়ের প্রতি যা আমি

وَمَآ اَنْزَلْنَا عَلٰى عَبْدِنَا يَوْمَ الْفُرْقَانِ يَوْمَ الْتَقَى الْجَمْعٰنِ ؕ وَاللّٰهُ عَلٰى كُلِّ

ওয়ামা~আনযাল্না- 'আলা- 'আব্দিনা- ইয়াওমাল্ ফুরক্বা-নি ইয়াওমাল্ তাক্বাল্ জাম্'আ-ন ; ওয়াল্লা-হু 'আলা- কুল্লি
অবতীর্ণ করেছিলাম আমার বান্দার প্রতি (হক ও বাতিলের) পার্থক্যকরণের দিনে, যেদিন দুটি দল (মুসলমান ও কাফির) পরস্পর মিলিত হয়েছিল এবং আল্লাহই

شَيْءٍ قَدِيْرٌ ﴿٤٢﴾ اِذْ اَنْتُمْ بِالْعُدْوَةِ الدُّنْيَا وَهُمْ بِالْعُدْوَةِ الْقُصْوٰى وَالرَّكْبُ

শাইয়িন্ ক্বাদীর। ৪২। ইয্ আন্তুম্ বিল্ 'উদ্ওয়াতিদ্ দুন্ইয়া- ওয়া হুম্ বিল'উদ্ওয়াতিল্ কুস্বওয়া- ওয়াররাক্বু
সর্ব বিষয়ে ক্ষমতাবান। (৪২) স্মরণ কর, যখন তোমরা ছিলে উপত্যকার নিকট প্রান্তে এবং তারা ছিল দূর প্রান্তে এবং কাফেলা ছিল

اَسْفَلَ مِنْكُمْ ؕ وَلَوْ تَوَاعَدْتُّمْ لَاخْتَلَفْتُمْ فِي الْمِيْعٰدِ ۙ وَلٰكِنْ لِّيَقْضِيَ

আসফালা মিন্কুম্; ওয়া লাও তাওয়া-'আদ্তুম্ লাখ্তালাফ্তুম্ ফিল্ মী'আ-দি ওয়ালা-কিল্ লিইয়াক্বদ্বিয়া
তোমাদের থেকে নিম্নাঞ্চলে। আর যদি তোমরা পারস্পরিক ওয়াদাবদ্ধ হতে (যুদ্ধ সম্পর্কে) তবে অবশ্যই তোমাদের মধ্যে এ ব্যাপারে মতভেদ সৃষ্টি হত।

اللّٰهُ اَمْرًا كَانَ مَفْعُوْلًا ۙ لِّيَهْلِكَ مَنْ هَلَكَ عَنْ بَيِّنَةٍ وَّيَحْيٰى مَنْ حَيَّ عَنْ

ল্লা-হু আমরান্ কা-না মাফ'উ-লাল লিইয়াহ্লিকা মান্ হালাকা 'আম্ বাইয়্যিনাতিওঁ ওয়া ইয়াহ্ইয়া- মান্ হাইয়্যা 'আম্
কিন্তু আল্লাহ সম্পন্ন করতে চান যে কাজটি ঘটার ছিল, অর্থাৎ যে ধ্বংস হবে সে যেন ধ্বংস হয় প্রমাণ ভিত্তিক এবং যে বেঁচে থাকবে সে যেন বেঁচে থাকে প্রমাণ ভিত্তিক।

بَيِّنَةٍ ؕ وَاِنَّ اللّٰهَ لَسَمِيْعٌ عَلِيْمٌ ﴿٤٣﴾ اِذْ يُرِيْكَهُمُ اللّٰهُ فِيْ مَنَامِكَ قَلِيْلًا ؕ وَلَوْ

বায়্যিনাতিন্; ওয়া ইন্নাল্লা-হা লাসামী'উন্ 'আলীম। ৪৩। ইয্ ইয়ুরীকা হুমু ল্লা-হু ফী-মানা-মিকা ক্বালীলা; ওয়া লাও
নিশ্চয়ই আল্লাহ সর্বশ্রোতা, মহাজ্ঞানী। (৪৩) স্মরণ করুন, যখন আল্লাহ আপনাকে স্বপ্নে তাদের সংখ্যা অল্প দেখিয়েছিলেন, যদি তাদের সংখ্যা আপনাকে বেশী দেখাতেন

اَرٰىكَهُمْ كَثِيْرًا لَّفَشِلْتُمْ وَلَتَنَازَعْتُمْ فِي الْاَمْرِ وَلٰكِنَّ اللّٰهَ سَلَّمَ ؕ اِنَّهٗ

আরা- কাহুম্ কাছীরাল্ লাফাশিল্তুম্ ওয়ালাতানা- যা'তুম্ ফিল্ আম্রি ওয়া লা-কিন্নাল্লা-হা সাল্লাম; ইন্নাহূ
তবে অবশ্যই আপনি হতোদ্যম হয়ে পড়তেন এবং তোমরা অবশ্যই পরস্পর বিরোধ সৃষ্টি করতে কর্ম নির্ধারণ ব্যাপারে। কিন্তু আল্লাহ তোমাদেরকে রক্ষা করেছেন, নিশ্চয়ই

○ টীকা (আঃ ৪১) ঃ فان لله خمسه و ...... (আল্লাহর জন্য পঞ্চমাংশ এবং) এখানে আল্লাহর নাম বরকতের জন্য উল্লেখ করা হয়েছে। এ ছাড়া মূলতঃ সব কিছুরই আসল মালিক তিনি। বস্তুতঃ গনীমতের মাল পাঁচ ভাগ করে চার ভাগ যুদ্ধে অংশ গ্রহণকারী মুজাহিদগণের জন্য এবং বাকী এক অংশ (خمس) পুনরায় পাঁচ ভাগ করে এক ভাগ রাসূলের (স), এক ভাগ তাঁর আত্মীয়-স্বজনের, এক ভাগ ইয়াতীমদের, এক ভাগ মিসকীনদের, আর এক ভাগ মুসাফিরদের জন্য। রাসূলুল্লাহর ইন্তেকালের পরে এখন তাঁর অংশ মুসলমানদের কল্যাণ মূলক কাজে ব্যয় হবে অথবা তখনকার ইমাম প্রাপ্ত হবেন অথবা বাকী চার অংশের মধ্যে মিলিয়ে দেয়া হবে। (তাঃ কাদেরী)

পারা ১০

عَلِيْمٌ بِذَاتِ الصُّدُوْرِ ﴿٤٤﴾ وَاِذْ يُرِيْكُمُوْهُمْ اِذِ الْتَقَيْتُمْ فِيْٓ اَعْيُنِكُمْ قَلِيْلًا

'আলীমুম্ বিযা-তিস স্বুদূর। ৪৪। ওয়া ইয্ ইয়ুরীকুমূ হুম্ ইযিল্ তাক্বাইতুম্ ফী~আ'ইয়ুনিকুম্ ক্বালীলাওঁ
তিনি অন্তর্যামী। (৪৪) আর যখন তোমরা দু'দল পরস্পর মিলিত হয়েছিলে তখন তিনি তাদেরকে দেখিয়েছিলেন তোমাদের দৃষ্টিতে অল্প সংখ্যক করে

وَّيُقَلِّلُكُمْ فِيْٓ اَعْيُنِهِمْ لِيَقْضِيَ اللّٰهُ اَمْرًا كَانَ مَفْعُوْلًا ؕ وَاِلَى اللّٰهِ

ওয়া ইয়ুক্বাল্লিলুকুম্ ফী~আ'ইয়ুনিহিম্ লিইয়াক্বদ্বিয়াল্লা-হু আম্রান্ কা-না মাফ'উলা-; ওয়া ইলাল্লা-হি
এবং তাদের দৃষ্টিতে তোমাদেরকে দেখিয়েছিলেন স্বল্প সংখ্যক করে, যাতে আল্লাহ সম্পন্ন করতে পারেন যা ঘটার ছিল এবং আল্লাহর দিকেই

تُرْجَعُ الْاُمُوْرُ ﴿٤٥﴾ يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْٓا اِذَا لَقِيْتُمْ فِئَةً فَاثْبُتُوْا وَاذْكُرُوا اللّٰهَ

তুর্জা'উল্ উমূর। ৪৫। ইয়া~আইয়্যুহাল্ লাযীনা আ-মানূ~ইযা- লাক্বীতুম্ ফিআতান্ ফাছবুতূ ওয়াযকুরুল্লা-হা
প্রত্যাবর্তিত হয় সকল ব্যাপার। (৪৫) হে ঈমানদারগণ! যখন তোমরা কোন (শত্রু) দলের সাথে (যুদ্ধের ময়দানে) মুখোমুখি হবে তখন তোমরা অবিচল থাকবে এবং অধিক

كَثِيْرًا لَّعَلَّكُمْ تُفْلِحُوْنَ ﴿٤٦﴾ وَاَطِيْعُوا اللّٰهَ وَرَسُوْلَهٗ وَلَا تَنَازَعُوْا فَتَفْشَلُوْا

কাছীরাল লা'আল্লাকুম্ তুফ্লিহূন্। ৪৬। ওয়া আত্বী'উল্লা-হা ওয়া রাসূলাহূ ওয়ালা- তানা-যা'উ- ফাতাফ্শালূ
পরিমাণে আল্লাহকে স্মরণ করবে। আশা করা যায় তোমরা সফলকাম হবে। (৪৬) আর আল্লাহ এবং তাঁর রাসূলের আনুগত্য করবে এবং তোমরা পরস্পর ঝগড়া করবে না।

وَتَذْهَبَ رِيْحُكُمْ وَاصْبِرُوْا ؕ اِنَّ اللّٰهَ مَعَ الصّٰبِرِيْنَ ﴿٤٧﴾ وَلَا تَكُوْنُوْا

ওয়া তায্হাবা রীহুকুম্ ওয়াস্বিরূ, ইন্নাল্লা-হা মা'আসস্বা-বিরীন। ৪৭। ওয়ালা- তাকূনূ
অন্যথায় তোমরা শক্তিহীন হয়ে পড়বে এবং তোমাদের প্রতিপত্তি চলে যাবে এবং তোমরা ধৈর্য ধারণ কর, নিশ্চয়ই আল্লাহ ধৈর্যশীলদের সাথে আছেন। (৪৭) তোমরা তাদের

كَالَّذِيْنَ خَرَجُوْا مِنْ دِيَارِهِمْ بَطَرًا وَّرِئَآءَ النَّاسِ وَيَصُدُّوْنَ عَنْ سَبِيْلِ

কাল্লাযীনা খরাজূ মিন্ দিয়া-রিহিম্ বাত্বারাওঁ ওয়া রিআ—আন্না-সি ওয়া ইয়াস্বুদ্দূনা 'আন্ সাবীলি
মত হয়োনা, যারা তাদের ঘর হতে বের হয়েছিল অহংকারী অবস্থায় ও লোক দেখানোর জন্য এবং আল্লাহর রাস্তা থেকে মানুষকে বাধা প্রদান করেছিল।

اللّٰهِ ؕ وَاللّٰهُ بِمَا يَعْمَلُوْنَ مُحِيْطٌ ﴿٤٨﴾ وَاِذْ زَيَّنَ لَهُمُ الشَّيْطٰنُ اَعْمَالَهُمْ

ল্লা-হি, ওয়াল্লা-হু বিমা- ই'য়ামালূনা মুহীত্ব। ৪৮। ওয়া ইয্ যাইয়্যানা লাহুমুশ্ শাইত্বা-নু আ'মা-লাহুম্
আল্লাহ তাদের কার্যসমূহ বেষ্টন করে আছেন। (৪৮) যখন শয়তান শোভনীয় করে তুলল, (তাদের সামনে) তাদের আমলগুলো

وَقَالَ لَا غَالِبَ لَكُمُ الْيَوْمَ مِنَ النَّاسِ وَاِنِّيْ جَارٌ لَّكُمْ ۚ فَلَمَّا تَرَآءَتِ

ওয়া ক্বা-লা লা-গা-লিবা লাকুমুল্ ইয়াওমা মিনান্ না-সি ওয়া ইন্নী জ্বা-রুল্লাকুম্, ফালাম্মা- তারা—আতিল
এবং বলল, লোকদের মধ্য হতে কেউই আজ তোমাদের উপর বিজয় লাভ করতে পারবে না এবং আমি তোমাদের সাহায্যকারী। অতঃপর যখন দু'দল পরস্পর

الْفِئَتٰنِ نَكَصَ عَلٰى عَقِبَيْهِ وَقَالَ اِنِّيْ بَرِيْٓءٌ مِّنْكُمْ اِنِّيْٓ اَرٰى مَا لَا تَرَوْنَ

ফিআতা-নি নাকাস্বা'আলা- 'আক্বিবাইহি ওয়া ক্বা-লা ইন্নী বারী—উম্ মিন্কুম্ ইন্নী~আরা- মা- লা- তারাওনা
মুখোমুখি হল, তখন সে পিছপা হয়ে সরে গেল এবং বলল, আমি তোমাদের থেকে বিচ্ছিন্ন হলাম, নিশ্চয়ই আমি যা দেখছি

৫ ع৭ ১ রুকূ

إِنِّىٓ أَخَافُ اللّٰهَ ۚ وَاللّٰهُ شَدِيدُ الْعِقَابِ ﴿٤٩﴾ إِذْ يَقُولُ الْمُنٰفِقُونَ وَالَّذِينَ

ইন্নী~আখা-ফুল্লা-হা; ওয়াল্লা-হু শাদীদুল্ 'ইক্বা-ব্। ৪৯। ইয্ ইয়াকূলুল্ মুনা-ফিকূনা ওয়াল্লাযীনা

তা তোমরা দেখতে পাও না। নিশ্চয়ই আমি আল্লাহকে ভয় করি, আল্লাহ্ কঠিন শাস্তি দাতা। (৪৯) আর যখন মুনাফিক ও যাদের

ع ৬ ৪ ২ রুকূ

فِى قُلُوبِهِمْ مَرَضٌ غَرَّ هٰٓؤُلَآءِ دِينُهُمْ ۗ وَمَنْ يَتَوَكَّلْ عَلَى اللّٰهِ فَإِنَّ اللّٰهَ

ফী কুলূবিহিম্ মারাদুন গার্‌রা হা~উলা—য়ি দীনুহুম্; ওয়া মাঁই ইয়াতাওয়াক্কাল্ 'আলাল্লা-হি ফাইন্নাল্লা-হা

অন্তরে ব্যাধি রয়েছে তারা বলল, "এদেরকে তাদের ধর্ম ধোকায় ফেলেছে।" যে কেউই আল্লাহর উপর ভরসা করে, নিশ্চয়ই আল্লাহ

عَزِيزٌ حَكِيمٌ ﴿٥٠﴾ وَلَوْ تَرٰىٓ إِذْ يَتَوَفَّى الَّذِينَ كَفَرُوا ۙ الْمَلٰٓئِكَةُ يَضْرِبُونَ

'আযীযুন্ হাকীম্। ৫০। ওয়া লাও তারা~ইয্ ইয়াতাওয়াফ্ফাল্লাযীনা কাফারুল্ মালা—য়িকাতু ইয়াদ্বরিবূনা

শক্তিশালী ও বিজ্ঞ। (৫০) আর যদি আপনি দেখতেন, যখন ফিরিশতাগণ কাফিরদের জান কবয করে (এমন অবস্থায় যে) তাদের

وُجُوهَهُمْ وَأَدْبٰرَهُمْ ۚ وَذُوقُوا عَذَابَ الْحَرِيقِ ﴿٥١﴾ ذٰلِكَ بِمَا قَدَّمَتْ

উজুহাহুম্ ওয়া আদবা-রাহুম্, ওয়া যূকূ 'আযা-বাল্ হারীক্ব। ৫১। যা-লিকা বিমা- ক্বাদ্দামাত্

মুখমণ্ডল ও পৃষ্ঠ দেশে আঘাত করে (এবং বলে) জ্বলন্ত অগ্নির শাস্তি উপভোগ কর। (৫১) এ শাস্তি তোমাদের সে সব কর্মের জন্য

أَيْدِيكُمْ وَأَنَّ اللّٰهَ لَيْسَ بِظَلَّامٍ لِّلْعَبِيدِ ﴿٥٢﴾ كَدَأْبِ ءَالِ فِرْعَوْنَ ۙ وَالَّذِينَ

আইদীকুম্ ওয়া আন্নাল্লা-হা লাইসা বিযাল্লা-মিল লিল্'আবীদ। ৫২। কাদা'বি আ-লি ফির্'আওনা ওয়াল্লাযীনা

যা তোমাদের হাত দ্বারা পূর্বে করেছ এবং নিশ্চয়ই আল্লাহ জুলুমকারী নন তাঁর বান্দাদের উপর। (৫২) ফেরাউনের গোত্রীয় লোকজন ও তাদের পূর্ববর্তীগণের

مِنْ قَبْلِهِمْ ۚ كَفَرُوا بِـَٔايٰتِ اللّٰهِ فَأَخَذَهُمُ اللّٰهُ بِذُنُوبِهِمْ ۗ إِنَّ اللّٰهَ قَوِىٌّ

মিন্ ক্বাব্‌লিহিম্; কাফারূ বিআ-ইয়া-তিল্লা-হি ফাআখাযাহুমু ল্লা-হু বিযুনূবিহিম, ইন্নাল্লা-হা ক্বাবিয়্যুন

অভ্যাসের ন্যায় তারা আল্লাহর আয়াতসমূহকে অস্বীকার করে। অতঃপর আল্লাহ তাদরেকে পাকড়াও করেন তাদের গুনাহের কারণে, নিশ্চয়ই আল্লাহ মহা

شَدِيدُ الْعِقَابِ ﴿٥٣﴾ ذٰلِكَ بِأَنَّ اللّٰهَ لَمْ يَكُ مُغَيِّرًا نِّعْمَةً أَنْعَمَهَا عَلٰى قَوْمٍ

শাদীদুল 'ইক্বা-ব্। ৫৩। যা-লিকা বিআন্নাল্লা-হা লাম্ ইয়াকু মুগায়্যিরান নি'মাতান্ আন'আমাহা- 'আলা- ক্বাওমিন্

ক্ষমতাবান, কঠিন শাস্তিদাতা। (৫৩) এটা এ কারণে যে, নিশ্চয়ই আল্লাহ এমন নন যে, পরিবর্তন করেন কোন নিয়ামত (দান) যা তিনি কোন সম্প্রদায়কে দান করেন,

حَتّٰى يُغَيِّرُوا مَا بِأَنْفُسِهِمْ ۙ وَأَنَّ اللّٰهَ سَمِيعٌ عَلِيمٌ ﴿٥٤﴾ كَدَأْبِ ءَالِ فِرْعَوْنَ ۙ

হাত্তা- ইয়ুগাইয়্যিরূ মা- বিআন্‌ফুসিহিম্ ওয়া আন্নাল্লা-হা সামী'উন্ 'আলীম্। ৫৪। কাদা'বি আ-লি ফির্'আওনা

যতক্ষণ না তারা নিজেরা (তাদের কার্যকলাপ দ্বারা) সে অবস্থার পরিবর্তন ঘটায়। নিশ্চয়ই আল্লাহ সর্বশ্রোতা, মহাজ্ঞানী। (৫৪) ফিরাউনের গোত্রীয় লোকজন ও

○ টীকা (আঃ ৪৯) قلوبهم مرض - (যাদের অন্তরে রোগ আছে) এখানে সে সব মুসলমানদেরকে বুঝানো হয়েছে যারা নতুন ইসলাম ধর্ম গ্রহণ করেছে এবং মুসলমানদের সফলতার ব্যাপারে সন্দেহ করছিল। অথবা, মুশরিকীনদেরকে বুঝানো হয়েছে, অথবা, মদীনায় বসবাসকারী ইয়াহুদীগণকে বুঝানো হয়েছে। (কুঃ কারীম) ○ টীকা (আঃ ৫৩) এস্থলে এটাই বর্ণনা করা আল্লাহর উদ্দেশ্য যে, কাফেরদেরকে আযাবে গ্রেফতার করণের কারণ দু'টি। একটি কারণ এই যে, কাফেরগণ নিজেরা আল্লাহর নেয়ামতসমূহের প্রতি পদাঘাত করেছে এবং দ্বিতীয় কারণ এই যে, আল্লাহ সকলের কথা শুনেন এবং সকলের অবস্থা জ্ঞাত আছেন। এতদ্ব্যতীত কাফেরদের কথাও তিনি শুনতেছিলেন এবং তাদের মনের গ্লানির বিষয়ও অবগত ছিলেন। এ কারণেই কাফেরদের আযাবের যোগ্যপাত্র বিবেচনায় তাদের প্রতি আযাব নাযিল করেন।

وَالَّذِينَ مِنْ قَبْلِهِمْ ۚ كَذَّبُوا بِـَٔايٰتِ رَبِّهِمْ فَأَهْلَكْنٰهُمْ بِذُنُوبِهِمْ وَأَغْرَقْنَآ

ওয়াল্লাযীনা মিন্ ক্বাব্‌লিহিম্; কায্‌যাবূ বিআ-ইয়া-তি রাব্বিহিম্ ফাআহ্‌লাক্‌না-হুম্ বিযুনূবিহিম্ ওয়া আগরাক্বনা~

তার পূর্ববর্তী লোকজনের অভ্যাসের ন্যায় তারা তাদের প্রতিপালকের আয়াতসমূহকে মিথ্যারোপ করেছে। অতঃপর আমি তাদেরকে ধ্বংস করেছি তাদের গুনাহের

ءَالَ فِرْعَوْنَ ۚ وَكُلٌّ كَانُوا ظٰلِمِينَ ﴿٥٥﴾ إِنَّ شَرَّ الدَّوَآبِّ عِنْدَ اللّٰهِ الَّذِينَ

আ-লা ফির্'আওনা; ওয়া কুল্লুন কা-নূ যা-লিমীন্। ৫৫। ইন্না শার্‌রাদ্দাওয়া—ব্বি 'ইন্‌দাল্লা-হিল লাযীনা

কারণে এবং ফেরাউনের গোত্রীয় লোকজনকে ডুবিয়ে দিয়েছি এবং তারা সকলেই ছিল অত্যাচারী। (৫৫) নিশ্চয়ই আল্লাহর নিকট সর্ব নিকৃষ্ট জীব তারাই যারা

كَفَرُوا فَهُمْ لَا يُؤْمِنُونَ ﴿٥٦﴾ الَّذِينَ عٰهَدْتَّ مِنْهُمْ ثُمَّ يَنْقُضُونَ عَهْدَهُمْ فِى

কাফারূ ফাহুম্ লা- ইয়ু' মিনূন্। ৫৬। আল্লাযীনা 'আ-হাদ্‌তা মিন্‌হুম্ ছুম্মা ইয়ানকুদ্বূনা 'আহ্‌দাহুম্ ফী

কুফরী করেছে অতঃপর ঈমান আনেনি। (৫৬) তাদের অবস্থা হল যে, তুমি তাদের মধ্য হতে যাদের সাথে চুক্তি করেছিলে তারা প্রত্যেকবারই তাদের চুক্তি ভংগ করে এবং তারা

كُلِّ مَرَّةٍ وَهُمْ لَا يَتَّقُونَ ﴿٥٧﴾ فَإِمَّا تَثْقَفَنَّهُمْ فِى الْحَرْبِ فَشَرِّدْ بِهِمْ مَّنْ

কুল্লি মার্‌রাতিওঁ ওয়াহুম্ লা- ইয়াত্তাকূন্। ৫৭। ফাইম্মা- তাছক্বাফান্নাহুম্ ফিল্ হারবি ফাশার্‌রিদ্ বিহিম্ মান

(এ ব্যাপারে) ভয়ও করে না। (৫৭) আর যদি তাদেরকে যুদ্ধের ময়দানে (আয়ত্তে) পেয়ে যান; তবে তাদেরকে এমনভাবে আক্রমণ করে তাড়িয়ে দিন যাতে

خَلْفَهُمْ لَعَلَّهُمْ يَذَّكَّرُونَ ﴿٥٨﴾ وَإِمَّا تَخَافَنَّ مِنْ قَوْمٍ خِيَانَةً فَانْبِذْ إِلَيْهِمْ

খাল্‌ফাহুম্ লা'আল্লাহুম্ ইয়ায্ যাক্কারূন্। ৫৮। ওয়া ইম্মা- তাখা-ফান্না মিন্ ক্বাওমিন্ খিয়া-নাতান্ ফাম্‌বিয ইলাইহিম্

তাদের পশ্চাতে যারা রয়েছে তারা (এর দ্বারা) শিক্ষা গ্রহণ করতে পারে। (৫৮) আর যদি কোন সম্প্রদায়ের থেকে বিশ্বাসঘাতকতার ভয় থাকে তবে তাদের চুক্তি তাদের

৭ ع ১০ ৩ রুকূ

عَلٰى سَوَآءٍ ۚ إِنَّ اللّٰهَ لَا يُحِبُّ الْخَآئِنِينَ ﴿٥٩﴾ وَلَا يَحْسَبَنَّ الَّذِينَ كَفَرُوا

'আলা- সাওয়া—য়িন্; ইন্নাল্লা-হা লা- ইয়ুহিব্বুল্ খা—য়িনীন্। ৫৯। ওয়া লা- ইয়াহ্‌সাবান্নাল্লাযীনা কাফারূ

দিকে নিক্ষেপ করুন, এমন অবস্থায় যে আপনারা (উভয়ই) সমান। নিশ্চয়ই আল্লাহ্ বিশ্বাসঘাতকদেরকে ভালবাসেন না। (৫৯) কাফিররা যেন এ ধারণা না করে যে, তারা

سَبَقُوٓا ۚ إِنَّهُمْ لَا يُعْجِزُونَ ﴿٦٠﴾ وَأَعِدُّوا لَهُمْ مَّا اسْتَطَعْتُمْ مِّنْ قُوَّةٍ وَمِنْ رِّبَاطِ

সাবাক্ব; ইন্নাহুম লা ইয়ু'জিযূন্। ৬০। ওয়া আ'য়িদ্দূ লাহুম্ মাসতাত্বা'তুম্ মিন্ কুওয়্যাতিওঁ ওয়া মির্‌রিবা-ত্বিল্

বেঁচে গেছে। নিশ্চয়ই তারা আল্লাহকে পরাজিত করতে পারবে না। (৬০) এবং তাদের (কাফিরদের) মুকাবিলার জন্য তোমাদের সামর্থ্য অনুযায়ী প্রস্তুত

الْخَيْلِ تُرْهِبُونَ بِهِۦ عَدُوَّ اللّٰهِ وَعَدُوَّكُمْ وَءَاخَرِينَ مِنْ دُونِهِمْ ۚ لَا تَعْلَمُونَهُمُ ۚ

খাইলি তুর্‌হিবূনা বিহী'আদুও ওয়াল্লা-হি ওয়া'আদুওওয়াকুম্ ওয়া আ-খারীনা মিন্ দূনিহিম, লা- তা'লামূনাহুম,

করে রাখবে ও পালিত ঘোড়া-এর দ্বারা তোমরা শঙ্কিত রাখবে আল্লাহর দুশমনদেরকে এবং তাদের ছাড়া অন্যদেরকেও যাদেরকে তোমরা জান না,

○ টীকা (আঃ ৫৫) ان شر الدواب : (সর্ব নিকৃষ্ট জীব) এখানে কাফিরদেরকে شر الناس (সর্ব নিকৃষ্ট মানুষ) বলার পরিবর্তে তাদেরকে شر الدواب (সর্ব নিকৃষ্ট জীব) বলা হয়েছে, যা শাব্দিক অর্থের দিক দিয়ে মানুষ এবং চতুষ্পদ জন্তু ইত্যাদির বেলায় বলা হয়। কিন্তু সাধারণতঃ এর ব্যবহার চতুষ্পদ জন্তুর বেলায় হয়ে থাকে। কাফিরদের সম্পর্ক মানুষের সাথে নয় তারা কুফরী করে জানোয়ার বরং তার চেয়েও নিকৃষ্ট জানোয়ারে পরিণত হয়েছে। (কুঃ কারীম) ○ টীকা (আঃ ৬০) قوة (যুদ্ধের হাতিয়ার) قوة-এর শাব্দিক অর্থ শক্তি। যেহেতু যুদ্ধের হাতিয়ার দ্বারা সৈন্যদের শক্তি অর্জন হয়ে থাকে। তাই এখানে এর দ্বারা যুদ্ধের হাতিয়ার বুঝানো হয়েছে। (তাঃ কাদেরী)

الله يعلمهم ۚ وما تنفقوا من شيء في سبيل الله يوف اليكم وانتم

আল্লা-হু ইয়া'লামুহুম; ওয়া মা- তুন্‌ফিকু মিন্ শাইয়িন্ ফী সাবীলিল্লা-হি ইয়ুওয়াফ্‌ফা ইলাইকুম্ ওয়া আন্‌তুম্

আল্লাহ তাদেরকে ভালভাবে জানেন। আর তোমরা যা কিছু আল্লাহর রাস্তায় ব্যয় করবে তার প্রতিদান পূর্ণভাবে তোমাদেরকে দেয়া হবে এবং তোমাদের প্রতি

لا تظلمون ﴿٦٠﴾ وان جنحوا للسلم فاجنح لها وتوكل على الله ۚ انه هو

লা-তুয্‌লামূন্। ৬১। ওয়া ইন্‌জ্বানাহু লিস্‌সাল্‌মি ফাজ্বনাহ্ লাহা- ওয়া তাওয়াক্কাল্ 'আলাল্লা-হি; ইন্নাহূ হুওয়াস্

জুলুম করা হবে না। (৬১) তারা যদি সন্ধির প্রতি অগ্রসর হয় তবে আপনিও সন্ধির প্রতি অগ্রসর হোন এবং আল্লাহর উপর ভরসা করুন, নিশ্চয়ই তিনি

السميع العليم ﴿٦١﴾ وان يريدوا ان يخدعوك فان حسبك الله ۚ هو

সামী'উল্ 'আলীম। ৬২। ওয়া ইঁইয়ুরীদূ~আইঁ ইয়াখ্‌দা'ঊ-কা ফাইন্না হাস্‌বাকাল্লা-হু; হুওয়া

সর্বশ্রোতা, মহাজ্ঞানী। (৬২) আর যদি তারা আপনাকে ধোকা দিতে চায় তবে নিশ্চয়ই আল্লাহ আপনার জন্য যথেষ্ট। তিনিই

الذي ايدك بنصره وبالمؤمنين ﴿٦٢﴾ والف بين قلوبهم ۚ لو انفقت

ল্লাযী~আইয়্যাদাকা বিনাস্বরিহী ওয়া বিল্ মু'মিনীন্। ৬৩। ওয়া আল্লাফা বাইনা কুলূবিহিম্; লাও আন্‌ফাক্‌তা

(আল্লাহ) তাঁর সাহায্য দ্বারা এবং মুমিনগণের দ্বারা আপনাকে সাহায্য করেছেন। (৬৩) এবং ঐক্যেপ্রীতি সৃষ্টি করে দিয়েছেন তাদের অন্তরে। পৃথিবীতে যা কিছু

ما في الارض جميعا ما الفت بين قلوبهم ولكن الله الف بينهم ۚ

মা- ফিল্ আর্‌দ্বি জ্বামী'আম্‌মা~আল্লাফ্‌তা বাইনা কুলূবিহিম্ ওয়া লা-কিন্নাল্লা-হা আল্লাফা বাইনাহুম্;

আছে সবকিছুও যদি আপনি ব্যয় করতেন তথাপিও তাদের অন্তরে ঐক্যেপ্রীতি সৃষ্টি করতে পারতেন না। কিন্তু আল্লাহ তাদের অন্তরে পারস্পরিক ঐক্য সৃষ্টি

انه عزيز حكيم ﴿٦٣﴾ يا ايها النبي حسبك الله ومن اتبعك من

ইন্নাহূ 'আযীযুন্ হাকীম্। ৬৪। ইয়া~আইয়্যুহান্নাবিয়্যু হাস্‌বুকাল্লা-হু ওয়া মানিত তাবা'আকা মিনাল্

করে দিয়েছেন। নিশ্চয়ই তিনি পরাক্রমশালী ও মহাজ্ঞানী। (৬৪) হে নবী! আপনার জন্য এবং আপনার অনুসারী মুমিনদের জন্য

المؤمنين ﴿٦٤﴾ يا ايها النبي حرض المؤمنين على القتال ۚ ان يكن منكم

মু'মিনীন্। ৬৫। ইয়া~আইয়্যুহান্নাবিয়্যু হাররিদ্বিল্ মু'মিনীনা 'আলাল্ ক্বিতা-লি, ইঁইয়্যাকুম মিন্‌কুম্

আল্লাহই যথেষ্ট। (৬৫) হে নবী! মুমিনগণকে যুদ্ধের জন্য উৎসাহিত করুন, যদি তোমাদের মধ্যে বিশজন ধৈর্যশীল ব্যক্তি

عشرون صابرون يغلبوا مائتين ۚ وان يكن منكم مائة يغلبوا الفا من

'ইশ্‌রূনা স্বা-বিরূনা ইয়াগ্‌লিবূ মিয়াতাইনি; ওয়া ইঁইয়্যাকুম্ মিন্‌কুম্ মিয়াতুইঁ ইয়াগ্‌লিবূ~আল্‌ফাম মিনাল

থাকে; তবে তারা দু'শত ব্যক্তির উপর বিজয়ী হবে। আর যদি তোমাদের মধ্যে একশ' জন থাকে তবে তারা বিজয়ী হবে এক হাজার কাফিরের মোকাবিলায়।

الذين كفروا بانهم قوم لا يفقهون ﴿٦٥﴾ الآن خفف الله عنكم وعلم ان

লাযীনা কাফারূ বিআন্নাহুম্ ক্বাওমুল্‌লা- ইয়াফ্‌ক্বাহূন্। ৬৬। আল্‌আ-না খাফ্‌ফাফাল্লা-হু 'আন্‌কুম্ ওয়া 'আলিমা আন্না

কারণ, নিশ্চয়ই তারা নির্বোধ সম্প্রদায়। (৬৬) এখন আল্লাহ তোমাদের থেকে বোঝা হালকা করে দিয়েছেন এবং তিনি ভালভাবেই

فيكم ضعفا ۚ فان يكن منكم مائة صابرة يغلبوا مائتين ۚ وان يكن منكم

ফীকুম্ দ্বা'ফান ; ফা ইঁইয়াকুম্ মিন্‌কুম্ মিয়াতুন্ স্বা-বিরাতুইঁ ইয়াগ্‌লিবূ মিয়াতাইনি, ওয়া ইঁইয়াকুম্ মিন্‌কুম

জানেন যে, তোমাদের মধ্যে দুর্বলতা রয়েছে। যদি তোমাদের মধ্যে একশ' ধৈর্যশীল ব্যক্তি থাকে; তবে তারা দু'শ ব্যক্তির উপর জয়ী হবে আর যদি তোমাদের মধ্যে

الف يغلبوا الفين باذن الله ۗ والله مع الصابرين ﴿٦٦﴾ ما كان لنبي ان

আল্‌ফুইঁ ইয়াগ্‌লিবূ~আল্‌ফাইনি বিইয্‌নিল্লা-হি, ওয়াল্লা-হু মা'আসস্বা-বিরীন্। ৬৭। মা- কা-না লিনাবিয়্যিন্ আঁই

থাকে এক হাজার; তবে তারা জয়ী হবে দু'হাজারের উপর আল্লাহর হুকুমে। আর আল্লাহ ধৈর্যশীলদের সাথেই রয়েছেন। (৬৭) নবীর জন্য এ কাজ শোভনীয় নয় যে, তাঁর

يكون له اسرى حتى يثخن في الارض ۚ تريدون عرض الدنيا ۖ والله

ইয়াকূনা লাহূ~আস্‌রা- হাত্তা- ইয়ুছ্‌খিনা ফিল্ আর্‌দ্বি; তুরিদূনা 'আরাদ্বাদ্‌দুন্‌ইয়া, ওয়াল্লা-হু

কাছে বন্দীদেরকে (জীবিত) রেখে দিবে- যতক্ষণ না পৃথিবীতে ব্যাপক হত্যার মাধ্যমে কাফিরদের নিপাত করে দেয়া হয়, তোমরা তো পার্থিব সম্পদ কামনা কর। আর

يريد الآخرة ۗ والله عزيز حكيم ﴿٦٧﴾ لولا كتاب من الله سبق لمسكم

ইয়ুরীদুল্ আ-খিরাতা; ওয়াল্লা-হু 'আযীযুন্ হাকীম্। ৬৮। লাওলা- কিতা-বুম মিনাল্লা-হি সাবাক্বা লামাস্‌সাকুম্

আল্লাহ চান পরকালকে। আল্লাহ মহা শক্তিশালী, মহা বিজ্ঞ। (৬৮) যদি পূর্ব থেকেই আল্লাহর তরফ থেকে বিধান নির্ধারিত না থাকত তবে তোমরা যা গ্রহণ

فيما اخذتم عذاب عظيم ﴿٦٨﴾ فكلوا مما غنمتم حلالا طيبا ۚ واتقوا الله ۚ

ফীমা~আখাযতুম্ 'আযা-বুন্ 'আযীম্। ৬৯। ফাকুলূ মিম্মা- গানিম্‌তুম্ হালা-লান্ ত্বাইয়্যিবাওঁ ওয়াত্তাকুল্লা-হা;

করেছ তাতে অবশ্যই তোমাদের উপর কঠিন শাস্তি এসে যেত। (৬৯) তোমরা খাও হালাল ও পবিত্র জেনে গনিমতের মাল যা তোমরা অর্জন করেছ এবং আল্লাহকে

ان الله غفور رحيم ﴿٦٩﴾ يا ايها النبي قل لمن في ايديكم من الاسرى

ইন্নাল্লা-হা গাফূরুর্ রাহীম। ৭০। ইয়া~আইয়্যুহাননাবিইয়্যু কুল লিমান্ ফী~আইদীকুম্ মিনাল্ আস্‌রা~

ভয় কর, নিশ্চয়ই আল্লাহ ক্ষমাশীল ও দয়ালু। (৭০) হে নবী! যে সব বন্দী আপনার হাতে রয়েছে তাদেরকে বলে দিন যদি আল্লাহ তোমাদের অন্তরে কল্যাণকর কিছু

ان يعلم الله في قلوبكم خيرا يؤتكم خيرا مما اخذ منكم ويغفر لكم ۗ

ইঁইয়া'লামিল্লা-হু ফী কুলূবিকুম্ খাইরাইঁ ইয়ু'তিকুম্ খাইরাম মিম্মা~উখিযা মিন্‌কুম্ ওয়া ইয়াগ্‌ফির্ লাকুম্,

জানতে পারেন তবে তোমাদের থেকে যা নেয়া হয়েছে তার চেয়েও উত্তম বস্তু তোমাদেরকে দান করবেন এবং তোমাদেরকে ক্ষমা করে দিবেন,

والله غفور رحيم ﴿٧٠﴾ وان يريدوا خيانتك فقد خانوا الله من قبل

ওয়াল্লা-হু গাফূরুর্ রাহীম। ৭১। ওয়া ইঁইয়ুরীদূ খিয়া-নাতাকা ফাক্বাদ্ খা-নুল্লা-হা মিন্ ক্বাব্‌লু

আল্লাহ ক্ষমাশীল, দয়ালু। (৭১) আর যদি তারা বিশ্বাসঘাতকতা করতে চায় তবে নিশ্চয়ই এর পূর্বে তারা আল্লাহর সাথেও বিশ্বাসঘাতকতা

○ শানে নুযূল (আঃ ৬৭) ما كان لنبي বদরের যুদ্ধের দিন সত্তর জন কাফির মুসলমানদের হাতে বন্দী হয়। তাদের ব্যাপারে সিদ্ধান্ত নেয়ার জন্য সাহাবাগণকে নিয়ে রাসূলুল্লাহ (সা) পরামর্শে বসলেন। হযরত আবুবকর (রা) পরামর্শ দিলেন, তাদেরকে তাদের প্রত্যেকের শক্তি সামর্থ্য অনুযায়ী মুক্তিপণ নিয়ে ছেড়ে দেয়া হোক, হতে পারে তারা একদিন না একদিন ইসলাম গ্রহণ করবে এবং মুসলমানদের সংখ্যা বেড়ে যাবে। হযরত ওমর (রা) সহ কতিপয় সাহাবী বলেন, হে আল্লাহর রাসূল! এরা (বন্দীরা) কাফিরদের সর্দার, এদেরকে হত্যা করার নির্দেশ দিন। রাসূল (স) হযরত আবুবকরের (রা) পরামর্শ গ্রহণ করে মুক্তিপণের পরিবর্তে ছেড়ে দেয়ার সিদ্ধান্ত নিলেন এবং মুক্তিপণ নির্ধারণ করেন, তখন এ আয়াত নাযিল হয়।

فأمكن منهم ط والله عليم حكيم ۞ ان الذين امنوا وهاجروا

ফাআম্‌কানা মিন্‌হুম; ওয়াল্লা-হু 'আলীমুন্ হাকীম্। ৭২। ইন্নাল্‌লাযীনা আ-মানূ ওয়া হা-জারূ

করেছে। অতঃপর তিনি আপনাকে তাদের উপর সুপ্রতিষ্ঠিত করেছেন। আল্লাহ মহাজ্ঞানী, বিজ্ঞ। (৭২) নিশ্চয়ই যারা ঈমান এনেছে এবং হিজরত করেছে,

وجهدوا بأموالهم وأنفسهم في سبيل الله والذين اووا ونصروا اولئك

ওয়া জা-হাদূ বিআম্‌ওয়া-লিহিম্ ওয়া আন্‌ফুসিহিম্ ফী সাবীলিল্লা-হি ওয়াল্লাযীনা আ-ওয়াও ওয়ানাস্বারূ~উলা—য়িকা

স্বীয় মাল ও জান দ্বারা আল্লাহর রাস্তায় যুদ্ধ করেছে আর যারা আশ্রয় দিয়েছে এবং সাহায্য করেছে, তারা পরস্পর

بعضهم اولياء بعض ط والذين امنوا ولم يهاجروا ما لكم من ولا

বা'দুহুম্ আওলিয়া—উ বা'দ্বিন; ওয়াল্লাযীনা আ-মানূ ওয়া লাম্ ইয়ুহা-জিরূ মা-লাকুম্ মিওঁ ওয়ালা-

একে অপরের বন্ধু। আর যারা ঈমান এনেছে অথচ হিজরত করে নি, হিজরত না করা পর্যন্ত তোমাদের সাথে তাদের

يتهم من شيء حتى يهاجروا ج وان استنصروكم في الدين

ইয়াতিহিম্ মিন্ শাইয়িন্ হাত্তা- ইয়ুহা-জিরূ, ওয়া ইনিস্‌তান্‌স্বারূকুম্ ফিদ্দীনি

উত্তরাধিকারীত্বের কোন সংস্রব নেই। আর যদি তারা তোমাদের কাছে দ্বীনের ব্যাপারে সাহায্য প্রার্থনা করে তবে তোমাদের

فعليكم النصر الا على قوم بينكم وبينهم ميثاق ط والله بما

ফা'আলাইকুমুন নাস্বরু ইল্লা- 'আলা- ক্বাওমিম্ বাইনাকুম্ ওয়া বাইনাহুম্ মীছা-কুন ওয়াল্লা-হু বিমা-

কর্তব্য (তাদের) সাহায্য করা। কিন্তু সে সম্প্রদায়ের বিরুদ্ধে নয় যাদের সাথে তোমাদের পারস্পরিক চুক্তি হয়েছে। আল্লাহ

تعملون بصير ۞ والذين كفروا بعضهم اولياء بعض ط الا تفعلوه

তা'মালূনা বাস্বীর্। ৭৩। ওয়াল্লাযীনা কাফারূ বা'দুহুম্ আওলিয়া—উ বা'দ্বিন, ইল্লা- তাফ্'আলূহু

তোমাদের যাবতীয় কৃতকর্মের সর্বদ্রষ্টা। (৭৩) আর যারা কাফির তারা পরস্পর একে অপরের বন্ধু, যদি তোমরা এ নির্দেশ

تكن فتنة في الارض وفساد كبير ۞ والذين امنوا وهاجروا

তাকুন্ ফিত্‌নাতুন্ ফিল্ আরদ্বি ওয়া ফাসা-দুন্ কাবীর্। ৭৪। ওয়াল্লাযীনা আ-মানূ ওয়া হা-জারূ

অনুযায়ী কাজ না কর, তবে পৃথিবীতে গোলযোগ ও মহা বিশৃংখলা সৃষ্টি হবে। (৭৪) যারা ঈমান এনেছে, হিজরত করেছে

وجهدوا في سبيل الله والذين اووا ونصروا اولئك هم

ওয়া জা-হাদূ ফী সাবীলিল্লা-হি ওয়াল্লাযীনা আ-ওয়াও ওয়া নাস্বারূ- উলা—ইকা হুমুল্

এবং আল্লাহর রাস্তায় জিহাদ করেছে আর যারা আশ্রয় দিয়েছে এবং সাহায্য করেছে তারাই হল

○ টীকা (আঃ ৭৩) ان الذين امنوا হতে وفساد كبير পর্যন্ত দুই স্থলে اوليا শব্দ এবং একস্থলে ولايت শব্দ এসেছে। আমি (অর্থাৎ অনুবাদকারী) ولايت শব্দের অর্থ 'উত্তরাধিকারীত্ব' এবং اوليا শব্দের অর্থ 'বন্ধু' গ্রহণ করেছি। অগ্রবর্তী ভাষ্যকারগণও এই অর্থই গ্রহণ করেছেন। কাজেই الا تفعلوه হতে শেষ পর্যন্তকার মর্ম এই দাঁড়াবে যে, হে মুসলমানগণ! তোমরা যদি কাফেরদেরকে একে অন্যের মীরাছ না নিতে দাও এবং আত্মীয়তার ভিত্তিতে নিজেদের দাবী উপস্থিত কর, তা হলে বর্তমানেও দ্বীনের জন্য কাফেরদের সাথে তোমাদের কলহ চলতেছে, পরে তোমাদের মীরাছের দাবীর ফলে আরও একটি কলহ দেখা দিবে এবং কলহ বর্ধিত হয়েই চলবে।

المؤمنون حقا ط لهم مغفرة ورزق كريم ۞ والذين امنوا من

মু'মিনূনা হাক্কান; লাহুম্ মাগ্‌ফিরাতুওঁ ওয়া রিয্‌কুন্ কারীম্। ৭৫। ওয়াল্লাযীনা আ-মানূ মিম্

প্রকৃত মুমিন। তাদের জন্য ক্ষমা এবং সম্মানজনক জীবিকা রয়েছে। (৭৫) আর যারা (এর) পরবর্তীকালে ঈমান এনেছে,

بعد وهاجروا وجهدوا معكم فاولئك منكم ط واولوا الارحام

বা'দু ওয়া হা- জারূ ওয়া জা-হাদূ মা'আকুম্ ফাউলা—য়িকা মিন্‌কুম্; ওয়া উলুল্ আরহা-মি

হিজরত করেছে এবং তোমাদের সাথে মিলে জিহাদ করেছে তারাও তোমাদেরই অন্তর্ভুক্ত। আর যারা আত্মীয়, তারা

بعضهم اولى ببعض في كتب الله ط ان الله بكل شيء عليم ۞

বা'দুহুম্ আওলা- বিবা'দ্বিন্ ফী কিতা-বিল্লা-হি; ইন্নাল্লা-হা বিকুল্লি শাইয়িন্ 'আলীম।

আল্লাহর হুকুমে একে অন্যদের অপেক্ষা (মীরাসের) অধিক হকদার। নিশ্চয়ই আল্লাহ সর্ব বিষয়ে সম্যক জ্ঞাত।

সূরা তাওবাহ্ মাদানী — سورة التوبة مدنية — আয়াত ঃ ১২৯ রুকূ ঃ ১৬

۞ براءة من الله ورسوله الى الذين عهدتم من المشركين ۞ فسيحوا

১। বারা—আতুমমিনাল্লা-হি ওয়া রাসূলিহী~ইলাললাযীনা 'আ-হাদতুম মিনাল্ মুশ্‌রিকীন্। ২। ফাসীহূ

(১) আল্লাহ ও তাঁর রাসূলের পক্ষ থেকে সম্পর্কচ্ছেদের ঘোষণা দেয়া হল, যাদের সাথে তোমরা চুক্তি করেছিলে। (২) (হে মুশরিকগণ)

في الارض اربعة اشهر واعلموا انكم غير معجزي الله وان الله

ফিল আরদ্বি আরবা'আতা আশহুরিওঁ ওয়া'লামূ~আন্নাকুম গাইরু মু'জ্বিযিল্লা-হি ওয়া আন্নাল্লা-হা

তোমরা পরিভ্রমণ কর এ যমীনে (মক্কায়) চার মাস এবং জেনে রাখ, নিশ্চয়ই তোমরা আল্লাহকে অক্ষম করতে পারবে না এবং আল্লাহ

مخزي الكفرين ۞ واذان من الله ورسوله الى الناس يوم الحج

মুখ্‌যিল্ কা-ফিরীন্। ৩। ওয়া আযা-নুমমিনাল্লা-হি ওয়া রাসূলিহী~ইলাননা-সি ইয়াওমাল্ হাজ্জিল্

কাফিরদেরকে লাঞ্ছিত করে থাকেন, (৩) আল্লাহ ও তাঁর রাসূলের পক্ষ থেকে বড় হজ্জের দিনে মানুষের প্রতি এ ঘোষণা যে,

○ সূরা তাওবার নামকরণ ঃ এ সূরার নামের ব্যাপারে মুফাসসিরগণ অনেক নামের উল্লেখ করেছেন। তার মধ্যে উল্লেখযোগ্য হচ্ছে- ১. তাওবা; কেননা, এ সূরায় কতিপয় মুসলমানের তাওবা কবুলের উল্লেখ রয়েছে। ২. দ্বিতীয় হচ্ছে, বারায়াত (براة) অর্থ- সম্পর্ক বিচ্ছেদ। এ সূরায় মুশরিকীনদের সাথে সম্পর্ক বিচ্ছেদের ঘোষণা করা হয়েছে। এ সূরার প্রথমে বিসমিল্লাহ না থাকার কারণ সম্পর্কে মুফাসসিরগণ বিভিন্ন মত প্রকাশ করেছেন। সবচেয়ে যুক্তিসম্মত মত হচ্ছে- সূরা তাওবা পূর্ববর্তী সূরা আনফালের অংশ বিশেষ, এটা ভিন্ন কোন সূরা নয়। এ কারণে এর প্রথমে বিস্‌মিল্লাহ নেই।

○ টীকা (আঃ ১) براة (সম্পর্ক বিচ্ছেদ) মক্কা বিজয়ের পরে নবম হিজরীতে রাসূলুল্লাহ (সা) হযরত আবুবকর (রা), হযরত আলী (রা) ও অন্যান্য সাহাবাগণকে (রা) কুরআন মজীদের এ আয়াত এবং এ নির্দেশ নিয়ে প্রেরণ করেন, যাতে তারা মক্কা শরীফে গিয়ে সর্ব সাধারণের কাছে এ ঘোষণা দেন। তারা রাসূলুল্লাহর (সা) নির্দেশ মোতাবেক ঘোষণা করে দিলেন যে, কোন মানুষ আল্লাহ তা'আলার ঘর উলংগ অবস্থায় তাওয়াফ করতে পারবে না; বরং আগামী বছর থেকে কোন মুশরিককে আল্লাহ তা'আলার ঘরে হজ্ব করার জন্য অনুমতি দেয়া হবে না। (কুঃ কারীম)

الْأَكْبَرِ أَنَّ اللّٰهَ بَرِيْٓءٌ مِّنَ الْمُشْرِكِيْنَ ۙ۬ وَرَسُوْلُهٗ ؕ فَاِنْ تُبْتُمْ فَهُوَ خَيْرٌ لَّكُمْ ۚ

আকবারি আন্নাল্লা-হা বারী—উমমিনাল মুশ্‌রিকীনা ওয়া রাসূলুহূ, ফাইন তুবতুম্ ফাহুওয়া খইরুল্লাকুম্

আল্লাহ সম্পর্কচ্ছেদ করেছেন মুশরিকদের থেকে এবং তাঁর রাসূলও। যদি (এখনও) তোমরা তাওবা কর, তবে সেটা তোমাদের জন্য কল্যাণকর।

وَاِنْ تَوَلَّيْتُمْ فَاعْلَمُوْٓا اَنَّكُمْ غَيْرُ مُعْجِزِي اللّٰهِ ؕ وَبَشِّرِ الَّذِيْنَ كَفَرُوْا بِعَذَابٍ

ওয়া ইন্ তাওয়াল্লাইতুম্ ফা'লামূ~আন্নাকুম্ গাইরু মু'জ্বিযিল্লা-হি; ওয়া বাশ্‌শিরিল্লাযীনা কাফারূ বি'আযা-বিন্

আর যদি তোমরা মুখ ফিরিয়ে নাও তবে জেনে রাখ, নিশ্চয়ই তোমরা আল্লাহকে অক্ষম করতে পারবে না এবং কাফিরদেরকে যন্ত্রণাদায়ক শাস্তির

اَلِيْمٍ ﴿٣﴾ اِلَّا الَّذِيْنَ عٰهَدْتُّمْ مِّنَ الْمُشْرِكِيْنَ ثُمَّ لَمْ يَنْقُصُوْكُمْ شَيْـًٔا وَّلَمْ

আলীম্। ৪। ইল্লাল্লাযীনা 'আ-হাদতুম মিনাল্‌মুশরিকীনা ছুম্মা লাম ইয়ানকুস্বূকুম্ শাইয়াওঁ ওয়ালাম্

সু-সংবাদ দাও। (৪) অবশ্য সে সব মুশরিক ব্যতীত যাদের সাথে তোমরা চুক্তি করেছিলে, অতঃপর চুক্তি রক্ষায় তারা তোমাদের কোন ক্ষতি করেনি এবং

يُظَاهِرُوْا عَلَيْكُمْ اَحَدًا فَاَتِمُّوْٓا اِلَيْهِمْ عَهْدَهُمْ اِلٰى مُدَّتِهِمْ ؕ اِنَّ اللّٰهَ

ইয়ুযা-হিরূ 'আলাইকুম্ আহ্বাদান্ ফাআতিম্মূ~ইলাইহিম্ 'আহ্‌দাহুম্ ইলা- মুদ্দাতিহিম্; ইন্নাল্লা-হা

তোমাদের মোকাবিলায় কাউকে সাহায্যও করেনি। তাদের সাথে কৃত চুক্তি নির্দিষ্ট মেয়াদ পর্যন্ত পূর্ণ কর। নিশ্চয়ই আল্লাহ

يُحِبُّ الْمُتَّقِيْنَ ﴿٤﴾ فَاِذَا انْسَلَخَ الْاَشْهُرُ الْحُرُمُ فَاقْتُلُوا الْمُشْرِكِيْنَ حَيْثُ

ইয়ুহ্বিব্বুল্ মুত্তাক্বীন্। ৫। ফাইযান্ সালাখাল্ আশ্‌হুরুল হুরুমু ফাক্বতুলূল্ মুশ্‌রিকীনা হ্বাইছু

পরহেজগারদেরকে ভালবাসেন। (৫) অতঃপর যখন অতিবাহিত হয়ে যাবে নিষিদ্ধ মাসসমূহ তখন মুশরিকদেরকে যেখানে পাবে

وَجَدْتُّمُوْهُمْ وَخُذُوْهُمْ وَاحْصُرُوْهُمْ وَاقْعُدُوْا لَهُمْ كُلَّ مَرْصَدٍ ۚ فَاِنْ تَابُوْا

ওয়াজ্বাদতুমূহুম্ ওয়া খুযূহুম্ ওয়াহ্বসুরূহুম্ ওয়াক্ব'উদূ লাহুম্ কুল্লা মার্‌স্বাদ, ফাইন্ তা-বূ

সেখানেই হত্যা করবে। তাদেরকে গ্রেফতার করবে, ঘেরাও করবে এবং প্রত্যেকটি সামরিক ঘাঁটিতে তাদের জন্য বসে থাক। যদি তারা তাওবা করে,

وَاَقَامُوا الصَّلٰوةَ وَاٰتَوُا الزَّكٰوةَ فَخَلُّوْا سَبِيْلَهُمْ ؕ اِنَّ اللّٰهَ غَفُوْرٌ رَّحِيْمٌ ﴿٥﴾ وَاِنْ

ওয়া আক্বা-মুসস্বালা-তা ওয়া আ-তাউয্ যাকা-তা ফাখাল্লূ সাবীলাহুম; ইন্নাল্লা-হা গাফূরুর্ রাহ্বীম্। ৬। ওয়া ইন্

সালাত কায়েম করে এবং যাকাত আদায় করে, তবে ছেড়ে দাও তাদের পথ। নিশ্চয়ই আল্লাহ্ ক্ষমাশীল ও দয়ালু। (৬) আর যদি

اَحَدٌ مِّنَ الْمُشْرِكِيْنَ اسْتَجَارَكَ فَاَجِرْهُ حَتّٰى يَسْمَعَ كَلٰمَ اللّٰهِ ثُمَّ اَبْلِغْهُ

আহ্বাদুম মিনাল্ মুশ্‌রিকীনাস্ তাজ্বা-রাকা ফাআজ্বিরহু হ্বাত্তা- ইয়াস্‌মা'আ কালা-মাল্লা-হি ছুম্মা আব্‌লিগ্‌হু

মুশরিকদের থেকে কেউ তোমার কাছে আশ্রয় প্রার্থনা করে, তবে তুমি তাকে আশ্রয় দাও, যাতে সে আল্লাহর বাণী শোনতে পারে।

مَاْمَنَهٗ ؕ ذٰلِكَ بِاَنَّهُمْ قَوْمٌ لَّا يَعْلَمُوْنَ ﴿٦﴾ كَيْفَ يَكُوْنُ لِلْمُشْرِكِيْنَ عَهْدٌ عِنْدَ

ع ১ ৬ ৭ রুকূ

মা'মানাহূ; যা-লিকা বিআন্নাহুম্ ক্বাওমুল্লা- ইয়া'লামূন্। ৭। কাইফা ইয়াকূনু লিল্ মুশ্‌রিকীনা 'আহ্‌দুন্ 'ইন্‌দা

অতঃপর তাকে নিরাপদ স্থানে পৌঁছিয়ে দাও। এর কারণ হল, তারা অজ্ঞ সম্প্রদায়, (৭) কিভাবে (গ্রহণযোগ্য) হবে মুশরিকদের চুক্তি আল্লাহ ও

اللّٰهِ وَعِنْدَ رَسُوْلِهٖٓ اِلَّا الَّذِيْنَ عٰهَدْتُّمْ عِنْدَ الْمَسْجِدِ الْحَرَامِ ۚ فَمَا اسْتَقَامُوْا

ল্লা-হি ওয়া 'ইন্‌দা রাসূলিহী~ইল্লাল্লাযীনা 'আ-হাদতুম্ 'ইন্‌দাল্ মাস্‌জ্বিদিল্ হ্বারা-মি, ফামাস্‌তাক্বা-মূ

তাঁর রাসূলের নিকট? তাদের ভিন্ন, যাদের সাথে তোমরা চুক্তিতে আবদ্ধ হয়েছিলে মসজিদুল হারামের নিকট, সুতরাং যতক্ষণ তারা তোমাদের চুক্তির উপর কায়েম থাকবে

لَكُمْ فَاسْتَقِيْمُوْا لَهُمْ ؕ اِنَّ اللّٰهَ يُحِبُّ الْمُتَّقِيْنَ ﴿٧﴾ كَيْفَ وَاِنْ يَّظْهَرُوْا عَلَيْكُمْ

লাকুম্ ফাস্‌তাক্বীমূ লাহুম; ইন্নাল্লা-হা ইয়ুহ্বিব্বুল্ মুত্তাক্বীন্। ৮। কাইফা ওয়া ইঁইয়াযহারূ 'আলাইকুম্

তোমরাও ততক্ষণ তাদের চুক্তির উপর কায়েম থেক। নিশ্চয়ই আল্লাহ পরহেজগারদেরকে ভালবাসেন। (৮) কেমন করে (তাদের সাথে চুক্তি করবে?) অথচ তোমাদের

لَا يَرْقُبُوْا فِيْكُمْ اِلًّا وَّلَا ذِمَّةً ؕ يُرْضُوْنَكُمْ بِاَفْوَاهِهِمْ وَتَاْبٰى قُلُوْبُهُمْ ۚ

লা- ইয়ার্‌ক্বুবূ ফীকুম্ ইল্‌লাওঁ ওয়ালা- যিম্মাতান ; ইয়ুর্‌দ্বূনাকুম্ বিআফ্‌ওয়া-হিহিম্ ওয়া তা'বা- ক্বুলূবুহুম-;

উপর যদি তারা জয়ী হয়, তখন তারা তোমাদের আত্মীয়তা ও চুক্তির কোনটারই খেয়াল করবে না, তারা তোমাদেরকে সন্তুষ্ট রাখে তাদের মুখ দ্বারা, কিন্তু তাদের অন্তরসমূহ

وَاَكْثَرُهُمْ فٰسِقُوْنَ ﴿٨﴾ اِشْتَرَوْا بِاٰيٰتِ اللّٰهِ ثَمَنًا قَلِيْلًا فَصَدُّوْا عَنْ سَبِيْلِهٖ ؕ

ওয়া আকছারুহুম্ ফা-সিকূন্। ৯। ইশ্‌তারাও বিআ-ইয়া-তিল্লা-হি ছামানান্ ক্বালীলান্ ফাস্বাদ্দূ 'আন্ সাবীলিহী;

অস্বীকার করে এবং তাদের অধিকাংশই সত্যত্যাগী। (৯) তারা আল্লাহর আয়াতকে সামান্য মূল্যে বিক্রি করে আর তাঁর রাস্তা থেকে লোকদেরকে

اِنَّهُمْ سَآءَ مَا كَانُوْا يَعْمَلُوْنَ ﴿٩﴾ لَا يَرْقُبُوْنَ فِيْ مُؤْمِنٍ اِلًّا وَّلَا ذِمَّةً ؕ

ইন্নাহুম্ সা—আ মা- কা-নূ ইয়া'মালূন্। ১০। লা- ইয়ার্‌ক্বুবূনা ফী মু'মিনিন্ ইল্লাওঁ ওয়ালা- যিম্মাতান ;

বিরত রাখে, নিশ্চয়ই তারা যা করে তা কতইনা নিকৃষ্ট। (১০) তারাতো মুমিনদের ব্যাপারে আত্মীয়তা ও চুক্তির মর্যাদা রক্ষা করে

وَاُولٰٓئِكَ هُمُ الْمُعْتَدُوْنَ ﴿١٠﴾ فَاِنْ تَابُوْا وَاَقَامُوا الصَّلٰوةَ وَاٰتَوُا الزَّكٰوةَ

ওয়া উলা—ইকা হুমুল্ মু'তাদূন্ ১১। ফাইন্ তা-বূ ওয়া আক্বা-মুসস্বালা-তা ওয়া আ-তাউয্‌যাকা-তা

না এবং তারাই সীমা অতিক্রমকারী, (১১) অতঃপর যদি তারা তাওবা করে, সালাত কায়েম করে এবং যাকাত আদায় করে, তবে তারা

فَاِخْوَانُكُمْ فِي الدِّيْنِ ؕ وَنُفَصِّلُ الْاٰيٰتِ لِقَوْمٍ يَّعْلَمُوْنَ ﴿١١﴾ وَاِنْ نَّكَثُوْٓا

ফাইখ্‌ওয়া-নুকুম্ ফিদ্দীন্; ওয়ানুফাস্‌স্বিলুল্ আ-য়া-ত লিক্বাওমিঁই ইয়া'লামূন। ১২। ওয়া ইন্ নাকাছূ~

তোমাদের দ্বীনী ভাই, আর আমি আয়াতসমূহ জ্ঞানী সম্প্রদায়ের জন্য বিস্তারিত ভাবে বর্ণনা করি। (১২) আর যদি তারা তাদের

○ টীকা (আয়াত-৮) অত্র সূরা হতে ইসলামের রং পরিবর্তন বুঝা যাচ্ছে। ইসলাম শুরুতে ত সম্পূর্ণ দুর্বল, লাচার এবং পরাজয়ের ভাবই ছিল। তা এতদূর যে, তখন মুসলমানগণ নিজেদের দেশভূমি ছেড়ে হাবশে যেয়ে আশ্রয় নেয় এবং হযরত রাসূলে করীম (সা)ও মক্কায় টিকতে পারেন নি– অপারগ হয়ে মদীনায় হিজরত করেন। হিজরতের ৬ষ্ঠ বছরে রাসূলে আকরাম (সা) ওমরার জন্য মক্কা গমনের ইচ্ছা করেন। কিন্তু মক্কার কোরাইশ কাফেরগণ তাঁকে অগ্রসর হতে দেয় নি। রাসূল (সা) সঙ্গীগণসহ 'হুদায়বিয়া' নামক স্থানে বাধাগ্রস্ত হন। তখন রাসূল (সা) মক্কাবাসী কাফেরদের সাথে সন্ধির প্রস্তাব জানান এবং অতিকষ্টে সন্ধি কার্য সম্পাদিত হয়। সন্ধি হল, কিন্তু তা অপদস্থকর পরাজয়ের সন্ধি। রাসূল (সা)-এর মক্কা গমন এবং ওমরাব্রত পালন সম্ভব হল না– হুদায়বিয়া হতে মদীনা ফিরতে হল। এ সন্ধির শর্ত ছিল এই যে, মুসলমানগণ এভাবে পরবর্তী বছর এসে ওমরা করতে পারবে যে, তাদেরকে তরবারি কোষবদ্ধ অবস্থায় মক্কায় প্রবেশ করতে হবে এবং তিন দিবসের বেশী সময় মক্কায় থাকতে পারবে না। এ সন্ধিতে এ শর্তও থাকে যে, দশ বছরকাল যুদ্ধ মওকুফ থাকবে। এ সময়ের মধ্যে মক্কার কোন লোক যেয়ে মুসলমানদের সাথে মিলিত হলে, তাকে ফেরত পাঠাতে হবে; পক্ষান্তরে কোন মুসলমান ইসলাম ত্যাগ করতঃ মুসলমানের দল ছেড়ে মক্কায় চলে গেলে মুসলমানরা তাকে ফেরত পাবার দাবী করতে পারবে না। এবং কোন পক্ষ দ্বিতীয় পক্ষের মিত্রগণের সহিত যুদ্ধে লিপ্ত হতে পারবে না, তাদের শত্রুগণের সাহায্যও করতে পারবে না।

أَيْمَانَهُمْ مِنْ بَعْدِ عَهْدِهِمْ وَطَعَنُوا فِي دِينِكُمْ فَقَاتِلُوا أَئِمَّةَ الْكُفْرِ

আইমা-নাহুম মিম্ বা'দি 'আহ্‌দিহিম্ ওয়া ত্বা'আনূ ফী দীনিকুম্ ফাক্বা-তিলূ~আয়িম্মাতাল্ কুফ্‌রি

চুক্তির পরেও তাদের শপথ ভংগ করে এবং তোমাদের দ্বীন সম্পর্কে নিন্দা করে, তবে তোমরা কাফিরদের নেতৃবৃন্দের সাথে যুদ্ধ কর।

إِنَّهُمْ لَا أَيْمَانَ لَهُمْ لَعَلَّهُمْ يَنْتَهُونَ (১২) أَلَا تُقَاتِلُونَ قَوْمًا نَكَثُوا أَيْمَانَهُمْ

ইন্নাহুম্ লা~আইমা-না লাহুম্ লা'আল্লাহুম্ ইয়ান্‌তাহূন্। ১৩। আলা- তুক্বা-তিলূনা ক্বাওমান্‌নাকাছূ~আইমা-নাহুম্

কেননা, তাদের শপথ অবশিষ্ট থাকেনি, যাতে তারা বিরত থাকবে। (১৩) তোমরা সে সম্প্রদায়ের সাথে কেন যুদ্ধ কর না? যারা তাদের শপথগুলো ভংগ করেছে

وَهَمُّوا بِإِخْرَاجِ الرَّسُولِ وَهُمْ بَدَءُوكُمْ أَوَّلَ مَرَّةٍ ۚ أَتَخْشَوْنَهُمْ ۚ

ওয়া হাম্মূ বিইখ্‌রা-জির্‌ রাসূলি ওয়া হুম্ বাদাউকুম্ আওওয়্যালা মার্‌রাতিন ; আতাখ্‌শাওনাহুম্,

এবং তারা মনস্থ করেছে রাসূলকে দেশ থেকে বিতাড়িত করার, তারাই প্রথম তোমাদের সাথে বিদ্রোহ শুরু করেছে। তোমরা কি তাদেরকে ভয় কর?

فَاللَّهُ أَحَقُّ أَنْ تَخْشَوْهُ إِنْ كُنْتُمْ مُؤْمِنِينَ (১৩) قَاتِلُوهُمْ يُعَذِّبْهُمُ اللَّهُ

ফাল্লা-হু আহাক্কু আন তাখ্‌শাওহু ইন্‌কুন্‌তুম্ মু'মিনীন্। ১৪। ক্বা-তিলূহুম্ ইয়ু'আয্‌যিব্‌হুমুল্লা-হু

বস্তুতঃ আল্লাহই অধিকতর হকদার যে তোমরা তাকে ভয় কর; যদি তোমরা মু'মিন হও। (১৪) তাদের সাথে তোমরা যুদ্ধ কর, আল্লাহ তাদেরকে তোমাদের

بِأَيْدِيكُمْ وَيُخْزِهِمْ وَيَنْصُرْكُمْ عَلَيْهِمْ وَيَشْفِ صُدُورَ قَوْمٍ مُؤْمِنِينَ ○

বিআইদীকুম্ ওয়া ইয়ুখ্‌যিহিম্ ওয়া ইয়ান্‌স্বুরকুম্ 'আলাইহিম ওয়া ইয়াশ্‌ফি স্বুদূরা ক্বাওমিম্ মু'মিনীন্।

হাতে শাস্তি দিবেন এবং তাদেরকে লাঞ্ছিত করবেন ও তোমাদেরকে জয়ী করবেন তাদের উপর এবং মুমিনদের অন্তরসমূহ শান্ত করবেন।

(১৪) وَيُذْهِبْ غَيْظَ قُلُوبِهِمْ ۗ وَيَتُوبُ اللَّهُ عَلَىٰ مَنْ يَشَاءُ ۗ وَاللَّهُ عَلِيمٌ حَكِيمٌ ○

১৫। ওয়া ইয়ুয্‌হিব গাইযা কুলূবিহিম্, ওয়া ইয়াতূবুল লা-হু 'আলা- মাই ইয়াশা—উ, ওয়াল্লা-হু 'আলীমুন্ হাকীম্।

(১৫) এবং তাদের অন্তরের রাগ দূর করবেন। আল্লাহ ক্ষমা করেন যাকে ইচ্ছা করেন, আল্লাহ মহাজ্ঞানী, বিজ্ঞ।

(১৫) أَمْ حَسِبْتُمْ أَنْ تُتْرَكُوا وَلَمَّا يَعْلَمِ اللَّهُ الَّذِينَ جَاهَدُوا مِنْكُمْ وَلَمْ يَتَّخِذُوا

১৬। আম্ হাসিব্‌তুম্ আন্‌তুত্‌রাকূ ওয়া লাম্মা- ইয়া'লামিল লা-হুল্লাযীনা জ্বা-হাদূ মিন্‌কুম্ ওয়া লাম্ ইয়াত্তাখিযূ

(১৬) তোমরা কি এ ধারণা করছ যে, তোমাদেরকে (বিনা পরীক্ষায়) ছেড়ে দেয়া হবে? অথচ আল্লাহ তখন পর্যন্ত (প্রকাশ্য ভাবে) জেনে নেননি, কারা

مِنْ دُونِ اللَّهِ وَلَا رَسُولِهِ وَلَا الْمُؤْمِنِينَ وَلِيجَةً ۚ وَاللَّهُ خَبِيرٌ

মিন্ দূনিল্লা-হি ওয়ালা- রাসূলিহী ওয়ালাল্ মু'মিনীনা ওয়ালীজ্বাতান ; ওয়াল্লা-হু খাবীরুম্

তোমাদের মধ্য হতে (আল্লাহর রাস্তায়) যুদ্ধ করেছে এবং কারা আল্লাহ ও তাঁর রাসূল এবং মুমিনগণ ব্যতীত অন্য কাউকে অন্তরঙ্গ বন্ধু হিসেবে গ্রহণ করে নি : তোমরা যা

بِمَا تَعْمَلُونَ (১৬) مَا كَانَ لِلْمُشْرِكِينَ أَنْ يَعْمُرُوا مَسَاجِدَ اللَّهِ شَاهِدِينَ

বিমা- তা'মালূন্। ১৭। মা- কা-না লিল্‌মুশ্‌রিকীনা আই ইয়া'মুরূ মাসা-জ্বিদাল লা-হি শা-হিদীনা

কর সে ব্যাপারে আল্লাহ সর্বজ্ঞাত। (১৭) মুশরিকদের এই যোগ্যতাই নেই যে, তারা আবাদ করবে আল্লাহর মসজিদসমূহ এমন

عَلَىٰ أَنْفُسِهِمْ بِالْكُفْرِ ۚ أُولَٰئِكَ حَبِطَتْ أَعْمَالُهُمْ وَفِي النَّارِ هُمْ

'আলা~আনফুসিহিম্ বিল্ কুফ্‌রি, উলা—ইকা হাবিত্বাত্ আ'মা-লুহুম্, ওয়া ফিন্‌না-রি হুম্

অবস্থায় যে, তারা নিজেরাই নিজেদের কুফরীর সাক্ষ্য দিচ্ছে। তাদের সকল আমল ব্যর্থ (মূল্যহীন) এবং তারা জাহান্নামে থাকবে

خَالِدُونَ (১৭) إِنَّمَا يَعْمُرُ مَسَاجِدَ اللَّهِ مَنْ آمَنَ بِاللَّهِ وَالْيَوْمِ الْآخِرِ وَأَقَامَ

খা-লিদূন্। ১৮। ইন্নামা- ইয়া'মুরু মাসা-জ্বিদাল্লা-হি মান্ আ-মানা বিল্লা-হি ওয়াল্ ইয়াওমিল্ আ-খিরি ওয়া আক্বা-মাস্

অনন্তকাল। (১৮) আল্লাহর মসজিদগুলো আবাদ করবে তারা, যারা ঈমান এনেছে আল্লাহর উপর ও পরকালের উপর এবং

الصَّلَاةَ وَآتَى الزَّكَاةَ وَلَمْ يَخْشَ إِلَّا اللَّهَ ۖ فَعَسَىٰ أُولَٰئِكَ أَنْ يَكُونُوا

স্বালা-তা ওয়া আ-তায্ যাকা-তা ওয়া লাম্ ইয়াখ্‌শা ইল্লাল্লা-হা; ফা'আসা~উলা—য়িকা আই ইয়াকূনূ

সালাত কায়েম করে ও যাকাত আদায় করে এবং আল্লাহ ছাড়া অন্য কাউকেও ভয় করে না, আশা করা যায় এসব লোকই সঠিক

مِنَ الْمُهْتَدِينَ (১৮) أَجَعَلْتُمْ سِقَايَةَ الْحَاجِّ وَعِمَارَةَ الْمَسْجِدِ الْحَرَامِ كَمَنْ

মিনাল্ মুহ্‌তাদীন্। ১৯। আজ্বা'আলতুম্ সিক্বা- ইয়াতাল্‌হা—জ্জি ওয়া 'ইমা-রাতাল্‌মাস্‌জ্বিদিল্ হারা-মি কামান্

পথ প্রাপ্ত হবে। (১৯) যারা হাজীদেরকে পানি পান করান এবং মসজিদুল হারামের আবাদ করে তাদেরকে কি তাদের সমপর্যায়ের মনে করেছ; যারা

آمَنَ بِاللَّهِ وَالْيَوْمِ الْآخِرِ وَجَاهَدَ فِي سَبِيلِ اللَّهِ ۚ لَا يَسْتَوُونَ عِنْدَ اللَّهِ ۗ وَاللَّهُ

আ-মানা বিল্লা-হি ওয়াল ইয়াওমিল আ-খিরি ওয়া জ্বা-হাদা ফী সাবীলিল্লা-হি ; লা- ইয়াস্‌তাউনা 'ইন্‌দাল্লা-হি, ওয়াল্লা-হু

ঈমান এনেছে আল্লাহর প্রতি এবং পরকালের প্রতি এবং জিহাদ করেছে আল্লাহর রাস্তায়? আল্লাহর নিকট তারা (কখনই) সমপর্যায়ের

لَا يَهْدِي الْقَوْمَ الظَّالِمِينَ (১৯) الَّذِينَ آمَنُوا وَهَاجَرُوا وَجَاهَدُوا فِي سَبِيلِ اللَّهِ

লা- ইয়াহ্‌দিল্ ক্বাওমায যা-লিমীন্ ২০। আল্লাযীনা আ-মানূ ওয়া হা-জ্বারূ ওয়া জ্বা-হাদূ ফী সাবীলিল্লা-হি

নয়। আল্লাহ সঠিক পথ প্রদর্শন করেন না অত্যাচারী সম্প্রদায়কে। (২০) যারা ঈমান এনেছে, হিজরত করেছে এবং যুদ্ধ করেছে আল্লাহর রাস্তায়

بِأَمْوَالِهِمْ وَأَنْفُسِهِمْ أَعْظَمُ دَرَجَةً عِنْدَ اللَّهِ ۚ وَأُولَٰئِكَ هُمُ الْفَائِزُونَ ○

বিআম্‌ওয়া- লিহিম্ ওয়া আন্‌ফুসিহিম্ আ'যামু দারাজ্বাতান্ 'ইন্‌দাল্লা-হি; ওয়া উলা—ইকা হুমুল্ ফা—য়িযূন্।

তাদের মাল ও জান দিয়ে, আল্লাহর নিকট তারা শ্রেষ্ঠ মর্যাদার অধিকারী এবং তারাই হচ্ছে সফলকাম।

(২০) يُبَشِّرُهُمْ رَبُّهُمْ بِرَحْمَةٍ مِنْهُ وَرِضْوَانٍ وَجَنَّاتٍ لَهُمْ فِيهَا نَعِيمٌ مُقِيمٌ ○

২১। ইয়ুবাশ্‌শিরুহুম্ রাব্বুহুম্ বিরাহ্‌মাতিম্‌মিনহু ওয়া রিদ্বওয়া-নিও ওয়া জ্বান্না-তিল্লাহুম্ ফীহা- না'ঈমুম্ মুক্বীম্।

(২১) তাদেরকে তাদের প্রতিপালক সুসংবাদ দিচ্ছেন তাঁর পক্ষ থেকে অনুগ্রহ, সন্তুষ্টি এবং জান্নাতসমূহের। তাদের জন্য সেখানে থাকবে স্থায়ী নেয়ামত (সুখ-স্বাচ্ছন্দ্য)।

○ টীকা (আয়াত-১৯) হযরত আব্বাস (রা) রাসূলে পাকের চাচাজান ছিলেন। কিন্তু ইনি মক্কা বিজয়কালে মুসলমান হন। আর হযরত আলী (রা) ছিলেন রাসূলে পাকের চাচাতো ভাই এবং জামাতা। ইনি সকলের আগে মুসলমান হন এবং রাসূলে পাকের সঙ্গী হয়ে হিজরতের জিহাদে অংশ গ্রহণ করেন। কাজেই ইসলামী খেদমত হযরত আলীর বেশী ছিল। নিকট সম্বন্ধের দিক দিয়ে হযরত আব্বাস রাসূলে পাকের নিকটতর। ইনি হাজীদের পানি পান করানো এবং কা'বাগৃহের খেদমত কার্যকে নিজের পক্ষে গর্বের বিষয় মনে করতেন। অত্র আয়াতগুলোতে ইসলামী খেদমতের মাহাত্ম্য বর্ণিত হয়েছে।

خٰلِدِيْنَ فِيْهَآ اَبَدًا ۭ اِنَّ اللّٰهَ عِنْدَهٗٓ اَجْرٌ عَظِيْمٌ ﴿٢٢﴾ يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْا لَا

২২। খা-লিদীনা ফীহা~আবাদান ; ইন্নাল্লা-হা 'ইনদাহূ~আজ্রুন 'আযীম্। ২৩। ইয়া~আইয়্যুহাল্লাযীনা আ-মানূ লা-
(২২) সেখানে তারা চিরস্থায়ী ভাবে থাকবে। নিশ্চয়ই আল্লাহর নিকট রয়েছে মহা প্রতিদান। (২৩) হে ঈমানদারগণ!

تَتَّخِذُوْٓا اٰبَاۗءَكُمْ وَاِخْوَانَكُمْ اَوْلِيَاۗءَ اِنِ اسْتَحَبُّوا الْكُفْرَ عَلَي الْاِيْمَانِ ۭ

তাত্তাখিযু~আ-বা—আকুম্ ওয়া ইখ্ওয়া-নাকুম্ আওলিয়া—আ ইনিস্তাহ্বাব্বুল্ কুফ্রা 'আলাল্ ঈমা-নি,
তোমাদের পিতা ও ভ্রাতাগণকে তোমরা সুহৃদ হিসেবে গ্রহণ করো না, যদি তারা কুফরীকে ঈমানের চেয়ে অধিক প্রিয় জানে।

وَمَنْ يَّتَوَلَّهُمْ مِّنْكُمْ فَاُولٰۗىِٕكَ هُمُ الظّٰلِمُوْنَ ﴿٢٣﴾ قُلْ اِنْ كَانَ اٰبَاۗؤُكُمْ

ওয়া মাই ইয়াতাওয়াল্লাহুম্ মিন্‌কুম্ ফাউলা—ইকা হুমুয্ যা-লিমূন্। ২৪। কুল্ ইন্ কা-না আ-বা—উকুম্
তোমাদের মধ্য হতে যারা তাদের সাথে হৃদ্যতা রাখে তারাই অত্যাচারী। (২৪) আপনি বলুন, যদি তোমাদের পিতৃবর্গ, তোমাদের

وَاَبْنَاۗؤُكُمْ وَاِخْوَانُكُمْ وَاَزْوَاجُكُمْ وَعَشِيْرَتُكُمْ وَاَمْوَالُۨ اقْتَرَفْتُمُوْهَا وَتِجَارَةٌ

ওয়া আব্না—উকুম্ ওয়া ইখ্ওয়া-নুকুম্ ওয়া আয্ওয়াজুকুম্ ওয়া'আশীরাতুকুম্ ওয়া আম্ওয়া-লুনিক্বতারাফ্তুমূহা- ওয়া তিজা-রাতুন্
পুত্রগণ, তোমাদের ভ্রাতাগণ, তোমাদের স্ত্রীগণ, তোমাদের গোত্র, তোমাদের অর্জিত সম্পদ, তোমাদের ব্যবসা যা মন্দা হয়ে যাওয়ার

تَخْشَوْنَ كَسَادَهَا وَمَسٰكِنُ تَرْضَوْنَهَآ اَحَبَّ اِلَيْكُمْ مِّنَ اللّٰهِ وَرَسُوْلِهٖ وَجِهَادٍ

তাখ্শাওনা কাসা-দাহা- ওয়া মাসা-কিনু তারদ্বাওনাহা~আহ্বাব্বা ইলাইকুম্ মিনাল্লা-হি ওয়া রাসূলিহী ওয়া জিহা-দিন্
ভয় করছ এবং তোমাদের সে আবাসস্থল যা তোমরা পছন্দ করছ। এ সবগুলো যদি তোমাদের নিকট অধিক প্রিয় হয়, আল্লাহ ও তাঁর রাসূল এবং তাঁর

فِيْ سَبِيْلِهٖ فَتَرَبَّصُوْا حَتّٰي يَاْتِيَ اللّٰهُ بِاَمْرِهٖ ۭ وَاللّٰهُ لَا يَهْدِي الْقَوْمَ

ফী সাবীলিহী ফাতারাব্বাস্ হাত্তা- ইয়া'তিয়াল্লা-হু বিআম্‌রিহী; ওয়াল্লা-হু লা- ইয়াহ্‌দিল্ ক্বাওমাল
রাস্তায় জিহাদ করা হতে তবে অপেক্ষা কর আল্লাহর নির্দেশ (শাস্তি) আসা পর্যন্ত। আল্লাহ পাপী সম্প্রদায়কে সঠিক পথ প্রদর্শন

الْفٰسِقِيْنَ ﴿٢٤﴾ لَقَدْ نَصَرَكُمُ اللّٰهُ فِيْ مَوَاطِنَ كَثِيْرَةٍ ۙ وَّيَوْمَ حُنَيْنٍ ۙ اِذْ

ফা-সিক্বীন্। ২৫। লাক্বাদ্ নাস্বারা কুমুল্লা-হু ফী মাওয়া-ত্বিনা কাছীরাতিওঁ ওয়া ইয়াওমা হুনাইনিন্, ইয্
করেন না। (২৫) নিশ্চয়ই আল্লাহ তোমাদেরকে জয়ী করেছেন বহু (যুদ্ধের) স্থানে এবং (বিশেষ করে) হোনায়েনের (যুদ্ধের) দিনেও, যখন তোমাদের

ع ৩ ৯ রুকূ

اَعْجَبَتْكُمْ كَثْرَتُكُمْ فَلَمْ تُغْنِ عَنْكُمْ شَيْـــًٔا وَّضَاقَتْ عَلَيْكُمُ الْاَرْضُ بِمَا

আ'জাবাত্‌কুম্ কাছ্রাতুকুম্ ফালাম্ তুগনি 'আন্‌কুম্ শাইয়াওঁ ওয়াদ্বা-ক্বাত্ 'আলাইকুমুল্ আরদ্বু বিমা-
সংখ্যাধিক্য তোমাদেরকে গর্বিত করেছিল, কিন্তু তা তোমাদের কোনই উপকারে আসেনি, বরং যমীন সুপ্রশস্ত হওয়া সত্ত্বেও তা তোমাদের জন্য সংকীর্ণ হয়েছিল

○ টীকা (আয়াত-২৪) ঃ অত্র আয়াতে প্রথম প্রথম মুসলমানদের প্রতি খুবই কঠোরতা রয়েছে। এক হিসেবে তাদেরকে সম্পূর্ণভাবে দুনিয়ার সম্বন্ধ সংস্রব ত্যাগের নির্দেশ প্রদত্ত হয়েছে। যদি এরূপ না করা হত, তা হলে মুসলমানদের জামায়াতও প্রতিষ্ঠিত হত না। আর অবশেষে এটাই হল যে, মুসলমান আল্লাহর নির্দেশের প্রতি অটল রইল এবং কাফের ক্রমে ক্রমে মুসলমান হতে লাগল, ফলে মুসলমানদেরকে বহুকাল পর্যন্ত দুনিয়ার সম্বন্ধ ত্যাগের ন্যায় মহীবত সহ্য করতে হল না।

○ শানে নুযূল (আয়াত-২৪) ঃ এ আয়াত সে সকল মুসলমানদের সম্পর্কে নাযিল হয়েছে যারা হিজরত না করে বলেছিল, হিজরত করলে আমাদের ধন-সম্পদ, ব্যবসা-বাণিজ্য এবং ঘর-বাড়ি ইত্যাদি তো ধ্বংস হয়ে যাবে। আর সকল আত্মীয়তার বন্ধন ছিন্ন হয়ে যাবে। (মাঃ কুঃ) লবাবুন্নুকূলে আছে, যারা হিজরত করেনি তাদেরকে হযরত আলী (রা) মক্কায় এসে যখন এর কারণ জিজ্ঞেস করেন তখন তারা এ ওযর পেশ করে। আর এরই প্রেক্ষিতে এ আয়াত নাযিল হয়। (লুঃ বাঃ)

رَحُبَتْ ثُمَّ وَلَّيْتُمْ مُّدْبِرِيْنَ ﴿٢٥﴾ ثُمَّ اَنْزَلَ اللّٰهُ سَكِيْنَتَهٗ عَلٰي رَسُوْلِهٖ وَعَلَي

রাহুবাত্ ছুম্মা ওয়াল্লাইতুম্ মুদবিরীন। ২৬। ছুম্মা আন্‌যালাল্লা-হু সাকীনাতাহূ'আলা- রাসূলিহী ওয়া 'আলাল্
অতঃপর তোমরা পশ্চাদ্ভাগ প্রদর্শন করতঃ ফিরে গেলে, (২৬) অতঃপর আল্লাহ অবতীর্ণ করেন তাঁর পক্ষ থেকে প্রশান্তি, তাঁর রাসূল ও

الْمُؤْمِنِيْنَ وَاَنْزَلَ جُنُوْدًا لَّمْ تَرَوْهَا وَعَذَّبَ الَّذِيْنَ كَفَرُوْا ۭ وَذٰلِكَ

মু'মিনীনা ওয়া আন্‌যালা জুনূদাল্লাম্ তারাওহা- ওয়া'আয্‌যাবাল লাযীনা কাফারূ ; ওয়া যা-লিকা
মুমিনগণের উপর এবং এমন এক সেনাদল অবতীর্ণ করেন, যাদেরকে তোমরা দেখনি এবং শাস্তি প্রদান করেন কাফিরদেরকে, আর

جَزَاۗءُ الْكٰفِرِيْنَ ﴿٢٦﴾ ثُمَّ يَتُوْبُ اللّٰهُ مِنْۢ بَعْدِ ذٰلِكَ عَلٰي مَنْ يَّشَاۗءُ ۭ وَاللّٰهُ غَفُوْرٌ

জ্বাযা—উল্ কা-ফিরীন্। ২৭। ছুম্মা ইয়াতূবুল্লা-হু মিম্ বা'দি যা-লিকা 'আলা- মাই ইয়াশা—উ, ওয়াল্লা-হু গাফূরুর্
এটা কাফিরদের কর্মফল। (২৭) এরপরেও আল্লাহ যাকে ইচ্ছা তাওবা করার তাওফিক দান করবেন। আর আল্লাহ ক্ষমাশীল,

رَّحِيْمٌ ﴿٢٧﴾ يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْٓا اِنَّمَا الْمُشْرِكُوْنَ نَجَسٌ فَلَا يَقْرَبُوا الْمَسْجِدَ

রাহীম্। ২৮। ইয়া~আইয়্যুহাল্লাযীনা আ-মানূ~ইন্নামাল্ মুশ্‌রিকূনা নাজাসুন্ ফালা- ইয়াক্বরাবুল্ মাস্‌জিদাল্
দয়ালু। (২৮) হে ঈমানদারগণ! নিশ্চয়ই মুশরিকরা অপবিত্র, তাই এ বছরের পর তারা মসজিদুল

الْحَرَامَ بَعْدَ عَامِهِمْ هٰذَا ۚ وَاِنْ خِفْتُمْ عَيْلَةً فَسَوْفَ يُغْنِيْكُمُ اللّٰهُ مِنْ فَضْلِهٖٓ

হারা-মা বা'দা'আ-মিহিম্ হা-যা, ওয়া ইন্ খিফ্‌তুম্ 'আইলাতান্ ফাসাওফা ইয়ুগ্‌নীকুমুল্লা-হু মিন্ ফাদ্বলিহী~
হারামের নিকটে উপস্থিত হতে পারবে না। যদি তোমরা দারিদ্র্যতার ভয় কর; তবে আল্লাহ যদি চান তবে তোমাদেরকে নিজ

اِنْ شَاۗءَ ۭ اِنَّ اللّٰهَ عَلِيْمٌ حَكِيْمٌ ﴿٢٨﴾ قَاتِلُوا الَّذِيْنَ لَا يُؤْمِنُوْنَ بِاللّٰهِ وَلَا بِالْيَوْمِ

ইন্ শা—আ, ইন্নাল্লা-হা 'আলীমুন্ হাকীম্। ২৯। ক্বা-তিলুল্লাযীনা লা- ইয়ু'মিনূনা বিল্লা-হি ওয়ালা- বিল্ ইয়াওমিল্
অনুগ্রহে অভাবমুক্ত করে দিবেন, নিশ্চয়ই আল্লাহ মহাজ্ঞানী, বিজ্ঞ। (২৯) তোমরা যুদ্ধ কর তাদের সাথে যারা ঈমান আনে না আল্লাহর

الْاٰخِرِ وَلَا يُحَرِّمُوْنَ مَا حَرَّمَ اللّٰهُ وَرَسُوْلُهٗ وَلَا يَدِيْنُوْنَ دِيْنَ الْحَقِّ مِنَ

আ-খিরি ওয়ালা- ইয়ুহার্‌রিমূনা মা- হার্‌রামাল্লা-হু ওয়া রাসূলুহূ ওয়ালা- ইয়াদীনূনা দীনাল্ হাক্বক্বি মিনা
প্রতি এবং পরকালের প্রতি এবং আল্লাহ ও তাঁর রাসূলের হারামকৃত বস্তুকে হারাম জানে না এবং যাদেরকে কিতাব প্রদান করা হয়েছে তাদের মধ্য হতে যারা

৪ ع ১০ রুকূ

الَّذِيْنَ اُوْتُوا الْكِتٰبَ حَتّٰي يُعْطُوا الْجِزْيَةَ عَنْ يَّدٍ وَّهُمْ صٰغِرُوْنَ ﴿٢٩﴾ وَقَالَتِ

ল্লাযীনা উতুল্ কিতা-বা হাত্তা- ইয়ু'তুল্ জিয্‌ইয়াতা 'আই ইয়াদিওঁ ওয়াহুম্ স্বা-গিরূন্। ৩০। ওয়া ক্বা-লাতিল্
সত্য দ্বীন কবুল করে না যে পর্যন্ত না তারা অবনত হয়ে জিযিয়া প্রদান করে। (৩০) আর ইয়াহূদীরা বলে,

○ টীকা (আয়াত-২৯) কথায় ত আহলে কিতাব, অর্থাৎ ইহুদী ও নাছারাগণ আল্লাহকেও মান্য করে থাকে এবং পরকাল দিবসেরও মোনকের নয়, কিন্তু যখন তারা "তিন খোদা মান্য করে, কিংবা হযরত ঈসা অথবা হযরত ওযায়েরকে আল্লাহর পুত্র মনে করে, তখন তা খোদাকে মান্য করা নয়। পরকালের মুক্তি আল্লাহর মান্যকারীদেরই জন্য; কিন্তু যার তাওহীদের আকীদার মধ্যেই গোলমাল, সে ব্যক্তি যেন পরকাল দিবসেরও মোনকের। পরকাল দিবসের মোনকের না হলে সে ব্যক্তি 'তিন খোদা' মান্য করবে কেন, এবং কাউকেও খোদার পুত্রই বা স্বীকার করবে কেন?

الْيَهُودُ عُزَيْرٌ ابْنُ اللّٰهِ وَقَالَتِ النَّصٰرَى الْمَسِيحُ ابْنُ اللّٰهِ ۖ ذٰلِكَ قَوْلُهُمْ

ইয়াহূদু 'উযাইরু নিব্‌নুল্লা-হি ওয়া ক্বা-লাতিন্নাস্বা-রাল্ মাসীহুব্‌নুল লা-হি ; যা-লিকা ক্বাওলুহুম্

উযায়ের আল্লাহর পুত্র এবং নাসারারা বলে, মসীহ আল্লাহর পুত্র। এতো তাদের শুধু মুখের কথা। তারা

بِأَفْوَاهِهِمْ ۖ يُضَاهِئُونَ قَوْلَ الَّذِينَ كَفَرُوا مِنْ قَبْلُ ۚ قَاتَلَهُمُ اللّٰهُ ۚ أَنّٰى

বিআফ্‌ওয়া-হিহিম্, ইয়ুদ্বা-হিঊনা ক্বাওলাল্লাযীনা কাফারূ মিন ক্বাব্‌লু, ক্বা-তালাহুমুল লা-হু আন্না-

আগেকার কাফিরদের কথার অনুরূপ (কথা) বলছে, আল্লাহ এদের ধ্বংস করুন। কিভাবে তারা (সত্য দ্বীন থেকে) ফিরে

يُؤْفَكُونَ ﴿٣٠﴾ اتَّخَذُوا أَحْبَارَهُمْ وَرُهْبَانَهُمْ أَرْبَابًا مِنْ دُونِ اللّٰهِ وَالْمَسِيحَ

ইয়ু'ফাকূন। ৩১। ইত্তাখাযূ~আহ্‌বা-রাহুম্ ওয়া রুহ্‌বা-নাহুম্ আরবা-বাম্মিন দূনিল্লা-হি ওয়াল্ মাসীহাব্

যেতে পারে! (৩১) তারা আল্লাহকে ছেড়ে তাদের পন্ডিতদেরকে এবং তাদের সন্যাসীদেরকে রব হিসেবে গ্রহণ করেছে

ابْنَ مَرْيَمَ ۚ وَمَا أُمِرُوا إِلَّا لِيَعْبُدُوا إِلٰهًا وَاحِدًا ۚ لَا إِلٰهَ إِلَّا هُوَ ۚ

না মারইয়ামা, ওয়ামা~উমিরূ~ইল্লা- লিইয়া'বুদূ~ইলা-হাওঁ ওয়া- হ্বিদান, লা~ইলা-হা ইল্লা- হুওয়া;

এবং মরইয়ম পুত্র মসীহকেও; অথচ তাদেরকে শুধু এক আল্লাহরই ইবাদাত করার জন্য নির্দেশ দেয়া হয়েছিল। যিনি ছাড়া অন্য আর কোন মাবুদ নেই,

سُبْحٰنَهُ عَمَّا يُشْرِكُونَ ﴿٣١﴾ يُرِيدُونَ أَنْ يُطْفِئُوا نُورَ اللّٰهِ بِأَفْوَاهِهِمْ وَيَأْبَى

সুবহ্বা-নাহূ 'আম্মা- ইয়ুশ্‌রিকূন। ৩২। ইয়ুরীদূনা আইঁ ইয়ুত্বফিউ নূরাল্লা-হি বিআফওয়া- হিহিম্ ওয়া ইয়া'বা

তিনি তাদের অংশী স্থির করা হতে পবিত্র। (৩২) তারা চায় আল্লাহর নূরকে তাদের মুখের ফুঁৎকারে নিভিয়ে দিবে, অথচ আল্লাহ

اللّٰهُ إِلَّا أَنْ يُتِمَّ نُورَهُ وَلَوْ كَرِهَ الْكٰفِرُونَ ﴿٣٢﴾ هُوَ الَّذِي أَرْسَلَ رَسُولَهُ بِالْهُدٰى

ল্লা-হু ইল্লা~আইঁ ইয়ুতিম্মা নূরাহূ ওয়ালাও কারিহাল্ কা-ফিরূন্। ৩৩। হুওয়াল্লাযী~আর্‌সালা রাসূলাহূ বিলহুদা-

তাঁর নূর দ্বীন ইসলামকে পূর্ণত্ব করে পৌছাবেন, যদিও কাফিররা এটাকে অপছন্দ করে। (৩৩) তিনিই (আল্লাহ) তাঁর রাসূলকে প্রেরণ করেছেন সত্য পথ

وَدِينِ الْحَقِّ لِيُظْهِرَهُ عَلَى الدِّينِ كُلِّهِ ۙ وَلَوْ كَرِهَ الْمُشْرِكُونَ ﴿٣٣﴾ يٰٓأَيُّهَا الَّذِينَ

ওয়া দীনিল্ হ্বাক্বক্বি লিইয়ুয্‌হিরাহূ 'আলাদ্দীনি কুল্লিহী; ওয়া লাও কারিহাল্ মুশরিকূন্। ৩৪। ইয়া~আইয়্যুহাল্লাযীনা

ও সত্য দ্বীনসহ যাতে তিনি তার দ্বীনকে সকল দ্বীনের উপর জয়যুক্ত করতে পারেন। যদিও মুশরিকরা খারাপ মনে করে। (৩৪) হে

অর্ধাংশ

آمَنُوا إِنَّ كَثِيرًا مِنَ الْأَحْبَارِ وَالرُّهْبَانِ لَيَأْكُلُونَ أَمْوَالَ

আ-মানূ~ইন্না কাছ্বীরাম্মিনাল্ আহ্‌বা-রি ওয়ার্ রুহ্‌বা-নি লাইয়া'কুলূনা আম্‌ওয়া-লা

ঈমানদারগণ! নিশ্চয়ই (তাদের) অধিকাংশ পন্ডিত ও সন্যাসী ভক্ষণ করে লোকদের ধনসম্পদ

النَّاسِ بِالْبَاطِلِ وَيَصُدُّونَ عَنْ سَبِيلِ اللّٰهِ ۗ وَالَّذِينَ يَكْنِزُونَ

ন্না-সি বিল্‌বা-ত্বিলি ওয়া ইয়াস্বুদ্দূনা 'আন্ সাবীলিল্লা-হি ; ওয়াল্লাযীনা ইয়াক্‌নিযূনা

অন্যায়ভাবে এবং তাদেরকে বিরত রাখে আল্লাহর রাস্তা থেকে। আর যারা স্বর্ণ ও রৌপ্য জমা করে রাখে

الذَّهَبَ وَالْفِضَّةَ وَلَا يُنْفِقُونَهَا فِي سَبِيلِ اللّٰهِ ۙ فَبَشِّرْهُمْ بِعَذَابٍ

যাহাবা ওয়াল্ ফিদ্বদ্বাতা ওয়ালা- ইয়ুন্‌ফিক্বূনাহা- ফী সাবীলিল লা-হি ফাবাশ্‌শির্‌হুম্ বি'আযা-বিন্

এবং তা আল্লাহর রাস্তায় ব্যয় করে না তাদেরকে যন্ত্রণাময় শাস্তির সু-সংবাদ

أَلِيمٍ ﴿٣٤﴾ يَوْمَ يُحْمٰى عَلَيْهَا فِي نَارِ جَهَنَّمَ فَتُكْوٰى بِهَا جِبَاهُهُمْ

আলীম্। ৩৫। ইয়াওমা ইয়ুহ্বমা- আলাইহা- ফী না-রি জ্বাহান্নামা ফাতুক্‌ওয়া- বিহা- জ্বিবা-হুহুম্

দিন। (৩৫) যেদিন সে (জমাকৃত স্বর্ণ রৌপ্য)-গুলো জাহান্নামের আগুনে উত্তপ্ত করা হবে এবং তা দ্বারা দাগ দেয়া হবে তাদের কপালে, পার্শ্বদেশে

وَجُنُوبُهُمْ وَظُهُورُهُمْ ۖ هٰذَا مَا كَنَزْتُمْ لِأَنْفُسِكُمْ فَذُوقُوا مَا كُنْتُمْ

ওয়া জুনূবুহুম্ ওয়া যুহূরুহুম্, হা-যা- মা-কানায্‌তুম্ লিআন্‌ফুসিকুম্ ফাযূক্বূ মা- কুন্‌তুম্

এবং পৃষ্ঠ দেশে, (তাদেরকে সেদিন বলা হবে) এটা তাই যা তোমরা নিজেদের জন্য জমা করে রেখেছিলে, এখন উপভোগ কর তা যা তোমরা সঞ্চয় করে

تَكْنِزُونَ ﴿٣٥﴾ إِنَّ عِدَّةَ الشُّهُورِ عِنْدَ اللّٰهِ اثْنَا عَشَرَ شَهْرًا فِي كِتٰبِ اللّٰهِ

তাক্‌নিযূন। ৩৬। ইন্না 'ইদ্দাতাশ্ শুহূরি 'ইন্‌দাল্লা-হিছনা- 'আশারা শাহ্‌রান্ ফী কিতা-বিল্লা-হি

রেখেছিলে। (৩৬) নিশ্চয়ই মাসসমূহের সংখ্যা গণনা আল্লাহর নিকট আল্লাহর কিতাবে (বিধানে) বারটি,

يَوْمَ خَلَقَ السَّمٰوٰتِ وَالْأَرْضَ مِنْهَا أَرْبَعَةٌ حُرُمٌ ۚ ذٰلِكَ الدِّينُ

ইয়াওমা খালাক্বাস্ সামা-ওয়া-তি ওয়াল্ আরদ্বা মিন্‌হা~আরবা'আতুন্ হুরুম্, যা-লিকাদ্‌দীনুল্

আসমান ও যমীন সৃষ্টি করার দিবস হতেই, তার মধ্যে চার মাস সম্মানিত। এটাই সুপ্রতিষ্ঠিত ধর্ম। অতএব তোমরা

الْقَيِّمُ ۙ فَلَا تَظْلِمُوا فِيهِنَّ أَنْفُسَكُمْ وَقَاتِلُوا الْمُشْرِكِينَ كَافَّةً

ক্বাইয়্যিমু ; ফালা- তায্‌লিমূ ফীহিন্না আন্‌ফুসাকুম্ ওয়া ক্বা-তিলুল্ মুশ্‌রিকীনা কা—ফ্ ফাতান্

(এ মাসগুলোর বিরোধীতা করে নিজেদের উপর) জুলুম কর না। এ মাসসমূহের মধ্যে তোমরা সমষ্টিগতভাবে মুশরিকদের সাথে যুদ্ধ করবে, যে ভাবে তারা তোমাদের সাথে

كَمَا يُقَاتِلُونَكُمْ كَافَّةً ۚ وَاعْلَمُوا أَنَّ اللّٰهَ مَعَ الْمُتَّقِينَ ﴿٣٦﴾ إِنَّمَا النَّسِيءُ زِيَادَةٌ

কামা- ইয়ুক্বা-তিলূনাকুম্ কা—ফফাহ্; ওয়া'লামূ~আন্নাল্লা-হা মা'আল্ মুত্তাক্বীন্। ৩৭। ইন্নামান্ নাসী—উ যিইয়া-দাতুন্

সমষ্টিগতভাবে যুদ্ধ করে তোমরা জেনে রাখ, নিশ্চয়ই আল্লাহ ভয়কারীদের সাথে আছেন। (৩৭) এ মাসগুলো পিছিয়ে দেয়া কুফরীর মধ্যে বাড়তি ছাড়া আর কিছুই নয়, এর

○ টীকা (আয়াত-৩৫) يوم يحمى হযরত আবদুল্লাহ ইবনে ওমর (রা) বলেন, এ নির্দেশ যাকাতের নির্দেশ আসার আগের। যাকাতের নির্দেশ আসার পরে যাকাতকে আল্লাহ তায়ালা মাল পবিত্র করণের মাধ্যম নির্ধারণ করেন। এ কারণে, আলিমগণ বলেন, যে মালের যাকাত আদায় করা হয় তা كنز (জমা) করার অন্তর্ভুক্ত নয়। আর যে মালের যাকাত আদায় করা না হয় তা كنز (জমা) করার অন্তর্ভূক্ত। যে ব্যাপারে কুরআনের এ কঠিন শাস্তি বর্ণিত। (কুঃ কারীম)

○ টীকা (আয়াত-৩৬) কোরআন "বিশ্লেষণ করে থাকে তার কোন কোন শব্দ দ্বারা কোন কোন শব্দের" এটা সর্বসম্মত মশহুর কথা। এর মর্ম এই যে, কোরআনে একই বিষয় সম্পর্কে একাধিক স্থলে উল্লেখ এসেছে। কিন্তু কোথাও একপ্রকার শব্দের ব্যবহার এসেছে এবং কোথাও অন্য প্রকার শব্দের। এ অবস্থায় সবগুলো মিলালে তবেই সঠিক মর্ম বুঝা যায়। এ স্থলে উল্লেখিত "মুত্তাকীন" শব্দের একাধিক প্রকার অর্থ হতে পারে। এর সাধারণ অর্থ– পরহেজগার, কিন্তু আমি (অর্থাৎ অনুবাদকারী) এর অর্থ গ্রহণ করেছি– (বাড়াবাড়ি হতে) ভয়কারী।" আমার এ অর্থগ্রহণ করার দলীল সূরা বাকারাহ্ দ্বিতীয় পারায় অষ্টম রুকূস্থ নিম্নের আয়াত মওজুদ রয়েছে– অর্থাৎ, "আর যে ব্যক্তি বাড়াবাড়ি করে তোমাদের উপর তবে তোমরাও বাড়াবাড়ি কর সে ব্যক্তির উপর সেরূপ যেরূপ সে বাড়াবাড়ি করেছে তোমাদের উপর আর তোমরা আল্লাহকে ভয় করো এবং জেনে রাখ যে নিশ্চয়ই আল্লাহ্ (বাড়াবাড়ি হতে ভয়কারীগণের সঙ্গী)।"

فِى الْكُفْرِ يُضَلُّ بِهِ الَّذِيْنَ كَفَرُوْا يُحِلُّوْنَهٗ عَامًا وَّيُحَرِّمُوْنَهٗ عَامًا لِّيُوَاطِئُوْا

ফিল্‌কুফ্‌রি ইয়ুদ্বাল্লু বিহিল্লাযীনা কাফারূ ইয়ুহিল্লূনাহূ 'আ-মাওঁ ওয়া ইয়ুহাররিমূনাহূ 'আ-মাল্ লিইয়ুওয়া-ত্বিউ

দ্বারা কাফিরদেরকে পথ ভ্রষ্ট করা হয়; তারা এক বছর সেটা হালাল করে এবং এক বছর সেটা হারাম করে, যাতে আল্লাহ যেগুলোকে হারাম করেছেন সেগুলোর গণনা

عِدَّةَ مَا حَرَّمَ اللّٰهُ فَيُحِلُّوْا مَا حَرَّمَ اللّٰهُ ؕ زُيِّنَ لَهُمْ سُوْٓءُ اَعْمَالِهِمْ ؕ وَاللّٰهُ

'ইদ্দাতা মা- হার্‌রামাল্লা-হু ফাইউহিল্লূ মা- হার্‌রামাল্লা-হ্; যুয়্যিনা লাহুম্ সূ—উ আ'মা-লিহিম্, ওয়াল্লা-হু

পূর্ণ করতে পারে, অতঃপর সেগুলো হালাল করে নেয়, যা আল্লাহ হারাম করেছেন। সৌন্দর্যময় করে দেয়া হয়েছে তাদের মন্দ কাজগুলো তাদের কাছে। আল্লাহ

لَا يَهْدِى الْقَوْمَ الْكٰفِرِيْنَ ۝٣٧ يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْا مَا لَكُمْ اِذَا قِيْلَ لَكُمُ

ع ৫ ১১ রুকূ

লা- ইয়াহ্‌দিল্ ক্বাওমাল্ কা-ফিরীন । ৩৮ । ইয়া~আইয়্যুহাল লাযীনা আ-মানূ মা- লাকুম্ ইযা- ক্বীলা লাকুমুন্

কাফির সম্প্রদায়কে সঠিক পথ প্রদর্শন করেন না। (৩৮) হে ঈমানদারগণ! তোমাদের কি হল? যখন তোমাদেরকে বলা হয় যে,

اِنْفِرُوْا فِىْ سَبِيْلِ اللّٰهِ اثَّاقَلْتُمْ اِلَى الْاَرْضِ ؕ اَرَضِيْتُمْ بِالْحَيٰوةِ

ফিরূ ফী সাবীলিল্লা-হিছ ছা-ক্বাল্‌তুম্ ইলাল আর্‌দ্বি ; আরাদ্বীতুম্ বিল্ হ্বাইয়া-তিদ্

আল্লাহর রাস্তায় (যুদ্ধের জন্য) বের হও, তখন তোমরা অতিশয় ভারী হয়ে যমীনের সাথে লেগে যাও, তোমরা

الدُّنْيَا مِنَ الْاٰخِرَةِ ۚ فَمَا مَتَاعُ الْحَيٰوةِ الدُّنْيَا فِى الْاٰخِرَةِ اِلَّا قَلِيْلٌ ۝٣٨ اِلَّا

দুন্‌ইয়া- মিনাল্ আ-খিরাতি, ফামা- মাতা-'উল্ হ্বায়া-তিদ্ দুন্‌ইয়া- ফিল্ আ-খিরাতি ইল্লা- ক্বালীল্ । ৩৯ । ইল্লা-

কি পরকালের পরিবর্তে পার্থিব জীবন নিয়ে সন্তুষ্ট হয়েছ? (শোন!) পরকালের মোকাবিলায় পার্থিব জীবন কিছুই না। (৩৯) যদি

تَنْفِرُوْا يُعَذِّبْكُمْ عَذَابًا اَلِيْمًا ۙ وَّيَسْتَبْدِلْ قَوْمًا غَيْرَكُمْ وَلَا تَضُرُّوْهُ

তান্‌ফিরূ ইয়ু'আযযিব্‌কুম্ 'আযা-বান্ আলীমাওঁ ওয়া ইয়াস্‌তাব্‌দিল্ ক্বাওমান্ গাইরাকুম্ ওয়ালা- তাদ্বুর্‌রূহু

তোমরা (যুদ্ধে) বের না হও তবে (আল্লাহ) তোমাদেরকে যন্ত্রণাময় শাস্তি দিবেন এবং স্থলাভিষিক্ত করবেন অন্য সম্প্রদায়কে তোমাদের পরিবর্তে, আর তোমরা

شَيْـًٔا ؕ وَاللّٰهُ عَلٰى كُلِّ شَىْءٍ قَدِيْرٌ ۝٣٩ اِلَّا تَنْصُرُوْهُ فَقَدْ نَصَرَهُ اللّٰهُ اِذْ اَخْرَجَهُ

শাইয়া; ওয়াল্লা-হু 'আলা- কুল্লি শাইয়িন ক্বাদীর । ৪০ । ইল্লা- তানস্বুরূহু ফাক্বাদ্ নাস্বারাহুল লা-হু ইয্ আখরাজাহুল্

আল্লাহর কোনই ক্ষতি করতে পারবে না। আল্লাহ সর্ব বিষয়ে পূর্ণ ক্ষমতাবান। (৪০) যদি তোমরা তাঁকে [রাসূল (স)] সাহায্য না কর তবে তাঁকে সাহায্য করেছিলেন

الَّذِيْنَ كَفَرُوْا ثَانِىَ اثْنَيْنِ اِذْ هُمَا فِى الْغَارِ اِذْ يَقُوْلُ لِصَاحِبِهٖ لَا تَحْزَنْ اِنَّ

লাযীনা কাফারূ ছা-নিয়াছ নাইনি ইয্ হুমা- ফিল্‌গা-রি ইয্ ইয়াকূলু লিস্বা-হ্বিবিহী লা- তাহ্‌যান্ ইন্না

আল্লাহ, যখন তাঁকে কাফিরেরা (দেশ থেকে) বের করে দিয়েছিল এবং তিনি ছিলেন দু'জনার একজন, যখন তারা উভয়ই গুহার মধ্যে ছিল, যখন তিনি তাঁর

০ টীকা (আয়াত-৪০) হযরত রাসূলে আকরাম (সা) পূর্ণ দশ বছর কাল মক্কায় দ্বীন ইসলাম প্রচার করেন এবং বিবিধ প্রকার দুঃখ কষ্ট যা কাফেরগণ কর্তৃক প্রদত্ত হয়েছিল, তা ধৈর্যসহকারে বরদাশত করতে থাকেন। এমন কি কাফেরগণ তাঁকে মেরে ফেলার জন্যও উদ্যত হয়। যখন তিনি বুঝতে পারলেন যে, কাফেরগণের হাত হতে তাঁর জীবন রক্ষা করা অসম্ভব, তখন রাসূল (সা) রাত্রে হযরত আলীকে নিজের বিছানায় শয়ন করায়ে হযরত আবুবকরসহ মক্কা হতে বের হয়ে যান এবং তিন মাইল দূরবর্তী "ছুর" পাহাড়ের গহ্বরে লুকায়িত হন। এদিকে কাফেরগণ সংবাদ পাওয়া মাত্রই কুপরামর্শে লিপ্ত হয়। (অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য)

اللّٰهَ مَعَنَا ۚ فَاَنْزَلَ اللّٰهُ سَكِيْنَتَهٗ عَلَيْهِ وَاَيَّدَهٗ بِجُنُوْدٍ لَّمْ تَرَوْهَا وَجَعَلَ

ল্লা-হা মা'আনা- ফাআন্‌যালাল্লা-হু সাকীনাতাহূ 'আলাইহি ওয়া আইয়্যাদাহূ বিজুনূদিল্‌লাম্ তারাওহা- ওয়া জা'আলা

اِنِّىْ تَوَكَّلْتُ عَلَى اللّٰهِ رَبِّىْ وَرَبِّكُمْ ؕ مَا مِنْ دَآبَّةٍ اِلَّا هُوَ اٰخِذٌۢ بِنَاصِيَتِهَا ؕ

৫৬। ইন্নী তাওয়াক্কাল্‌তু 'আলাল্লা-হি রাব্বী ওয়া রাব্বিকুম্'; মা- মিন দা—ব্বাতিন্ ইল্লা- হুওয়া আ-খিযুম বিনা-স্বিয়াতিহা-;
(৫৬) আমি আল্লাহর উপরই ভরসা রাখি যিনি আমার ও তোমাদের প্রতিপালক। এমন কোন জীব নেই, যা তার পূর্ণ নিয়ন্ত্রণে নয়,

اِنَّ رَبِّىْ عَلٰى صِرَاطٍ مُّسْتَقِيْمٍ ○ فَاِنْ تَوَلَّوْا فَقَدْ اَبْلَغْتُكُمْ مَّآ اُرْسِلْتُ بِهٖٓ

ইন্না রাব্বী 'আলা- স্বিরা-ত্বিম্ মুস্তাক্বীম। ৫৭। ফাইন্ তাওয়াল্লাও ফাক্বাদ্ আবলাগ্‌তুকুম্ মা~উর্‌সিল্‌তু বিহী~
নিশ্চয় আমার প্রতিপালক সরল পথেই আছেন। (৫৭) অতঃপর যদি তোমরা ফিরে যাও, তবে আমি তোমাদের কাছে সে সব পৌঁছিয়েছি যা সহ আমি তোমাদের কাছে

اِلَيْكُمْ ؕ وَيَسْتَخْلِفُ رَبِّىْ قَوْمًا غَيْرَكُمْ ۚ وَلَا تَضُرُّوْنَهٗ شَيْـًٔا ؕ اِنَّ رَبِّىْ عَلٰى

ইলাইকুম; ওয়া ইয়াস্তাখলিফু রাব্বী ক্বাওমান্ গাইরাকুম, ওয়ালা- তাদ্বুর্‌রূনাহূ শাইয়া-; ইন্না রাব্বী 'আলা
প্রেরিত হয়েছি। আর আমার প্রতিপালক তোমাদের স্থলে অন্য সম্প্রদায়কে প্রতিনিধি করবেন এবং তোমরা তাঁর কোনই অনিষ্ট করতে পারবে না। নিশ্চয় আমার প্রতিপালক

كُلِّ شَىْءٍ حَفِيْظٌ ○ وَلَمَّا جَآءَ اَمْرُنَا نَجَّيْنَا هُوْدًا وَّالَّذِيْنَ اٰمَنُوْا مَعَهٗ بِرَحْمَةٍ

কুল্লি শাইয়িন হ্বাফীজ্ব। ৫৮। ওয়া লাম্মা- জা—আ আম্‌রুনা- নাজ্জাইনা- হূদাওঁ ওয়াল্লাযীনা আ-মানূ মা'আহূ বিরাহ্‌মাতিম
প্রতিটি জিনিসেরই রক্ষক। (৫৮) আর যখন আমার হুকুম (শাস্তি) এসে পৌঁছল, তখন আমি নিজ অনুগ্রহে নাজাত দিলাম হূদকে এবং যারা তাঁর সাথে ঈমান এনেছে

مِّنَّا ۚ وَنَجَّيْنٰهُمْ مِّنْ عَذَابٍ غَلِيْظٍ ○ وَتِلْكَ عَادٌ ۟ جَحَدُوْا بِاٰيٰتِ رَبِّهِمْ

মিন্না-; ওয়া নাজ্জাইনাহুম মিন 'আযা-বিন্ গালীয্ব। ৫৯। ওয়া তিল্‌কা 'আ-দুন্ জাহ্বাদূ বিআ-ইয়া-তি রাব্বিহিম্
তাদেরকে, কঠিন শাস্তি থেকে নাজাত দিলাম। (৫৯) আর এই আদ জাতি যারা তাদের প্রতিপালকের আয়াত অস্বীকার করেছে

وَعَصَوْا رُسُلَهٗ وَاتَّبَعُوْٓا اَمْرَ كُلِّ جَبَّارٍ عَنِيْدٍ ○ وَاُتْبِعُوْا فِىْ هٰذِهِ الدُّنْيَا

ওয়া 'আস্বাও রুসুলাহূ ওয়াত্তাবাউ'- আম্‌রা কুল্লি জাব্বা-রিন্ 'আনীদ। ৬০। ওয়া উত্‌বিউ' ফী হা-যিহিদ্ দুন্‌ইয়া-
এবং তাঁর রাসূলগণকে অমান্য করেছে এবং তারা প্রত্যেক স্বেচ্ছাচারী অবাধ্যদের নির্দেশ অনুসরণ করেছে। (৬০) এ পার্থিব জীবনে তাদের পেছনে লা'নত

○ বিশ্লেষণ (আঃ ৫৬) ঃ اخذ بناصيتها - (শাব্দিক অর্থ- মাথার সম্মুখস্থ চুল ধরা) এর দ্বারা বুঝানো হয়েছে। তিনিই তার মালিক এবং তার উপর ক্ষমতাশীল। "মাথার সম্মুখস্থ চুল ধরা" মালিকত্বের একটি দৃষ্টান্ত। (তাঃ কাদেরী) ○ টীকা (আঃ ৫৯) ঃ অর্থাৎ, 'আদ সম্প্রদায় যখন হূদ (আ)-এর উপদেশ মানল না, তখন প্রবল ঝঞ্ঝা বায়ু তাদের উপর পতিত হয়। কিংবা এখানে 'কঠোর আযাব' বলতে পারলৌকিক-আযাবও উদ্দেশ্য হতে পারে। এই কাওমের আযাব এরূপ কঠোর হবে যে, দোযখের আগুনের তাপ তাদের গলদেশ দিয়ে প্রবেশ করে মস্তিষ্ক গলিয়ে, অঙ্গ-প্রত্যঙ্গ খসে ফেলবে। (মুঃ কোঃ)
○ টীকা (আঃ ৫৯) ঃ এখানে বলা হয়েছে, "আদ সম্প্রদায় রাসূলগণের কথা মানা করে নি," অথচ তাদের একমাত্র নবী ছিলেন হূদ (আ)। আসল কথা এই যে, সকল নবীর শিক্ষার মূলগত বিষয় হল তাওহীদ। কাজেই এক রাসূলকে অমান্য করলে সকল রাসূলকে অমান্য করা হয়। (বঃ কোঃ)

لَعْنَةً وَّيَوْمَ الْقِيٰمَةِ ؕ اَلَآ اِنَّ عَادًا كَفَرُوْا رَبَّهُمْ ؕ اَلَا بُعْدًا لِّعَادٍ قَوْمِ هُوْدٍ ۟

লা'নাতাওঁ ওয়া ইয়াওমাল ক্বিয়া-মাহ; আলা~ইন্না 'আ-দান কাফারূ রাব্বাহুম; আলা- বু'দাললি'আ-দিন ক্বাওমি হূদ।
পেছনে রয়েছে এবং কিয়ামতের দিনেও থাকবে। জেনে রেখ! আদ (জাতি) নিজ প্রতিপালককে অস্বীকার করেছে, জেনে রেখ, হূদের সম্প্রদায় আদের উপর লা'নত।

৫ রুকু

وَاِلٰى ثَمُوْدَ اَخَاهُمْ صٰلِحًا ۘ قَالَ يٰقَوْمِ اعْبُدُوا اللّٰهَ مَا لَكُمْ مِّنْ اِلٰهٍ غَيْرُهٗ ؕ

৬১। ওয়া ইলা- ছামূদা আখা-হুম স্বা-লিহ্বা-। ক্বা-লা ইয়া-ক্বাওমি'বুদুল্লা-হা মা- লাকুম মিন ইলা-হিন গাইরুহু;
(৬১) সামূদ সম্প্রদায়ের নিকট তাদের ভাই সালিহকে প্রেরণ করলাম। সে বলল, হে আমার সম্প্রদায়! তোমরা আল্লাহর ইবাদাত কর, তিনি ব্যতীত কোন মা'বুদ নেই, তিনি

هُوَ اَنْشَاَكُمْ مِّنَ الْاَرْضِ وَاسْتَعْمَرَكُمْ فِيْهَا فَاسْتَغْفِرُوْهُ ثُمَّ تُوْبُوْٓا اِلَيْهِ ؕ

হুওয়া আন্শাআকুম মিনাল্ আরদ্বি ওয়াস্তা'মারাকুম ফীহা- ফাস্তাগ্ফিরূহু ছুম্মা তূবু~ইলাইহ ;
তোমাদেরকে যমীন হতে সৃষ্টি করেছেন এবং তাতেই তোমাদেরকে বসবাসের ব্যবস্থা করেছেন। অতএব তাঁর কাছেই ক্ষমা প্রার্থনা কর, অতঃপর তাঁর দিকেই ফিরে যাও।

اِنَّ رَبِّيْ قَرِيْبٌ مُّجِيْبٌ ۝ قَالُوْا يٰصٰلِحُ قَدْ كُنْتَ فِيْنَا مَرْجُوًّا قَبْلَ هٰذَآ

ইন্না রাব্বী ক্বারীবুম্ মুজীব। ৬২। ক্বা-লূ ইয়া-স্বা-লিহু ক্বাদ্ কুন্তা ফীনা- মারজুওওয়ান ক্বাব্লা হা-যা~
নিশ্চয়ই আমার প্রতিপালক অতি কাছে, তিনি দোয়া কবুলকারী। (৬২) তারা বলল, হে সালিহ, তুমি আমাদের কাছে এর পূর্বে আশা-আকাঙ্ক্ষার পাত্র ছিলে, তুমি কি আমাদেরকে নিষেধ

اَتَنْهٰىنَآ اَنْ نَّعْبُدَ مَا يَعْبُدُ اٰبَآؤُنَا وَاِنَّنَا لَفِيْ شَكٍّ مِّمَّا تَدْعُوْنَآ اِلَيْهِ مُرِيْبٍ ۝

আতানহা-না~আন্ না'বুদা মা- ইয়া'বুদু আ-বা—উনা- ওয়া ইন্নানা- লাফী শাক্কিম্ মিম্মা তাদ'উনা~ইলাইহি মুরীব।
করছ তাদের উপাসনা করতে, আমাদের পিতৃ পুরুষেরা যাদের উপাসনা করত? যার প্রতি তুমি আমাদেরকে ডাকছ সে বিষয়ে আমরা গভীর সন্দেহে আছি যে, আমরা বিভ্রান্ত হয়ে পড়েছি।

قَالَ يٰقَوْمِ اَرَءَيْتُمْ اِنْ كُنْتُ عَلٰى بَيِّنَةٍ مِّنْ رَّبِّيْ وَاٰتٰىنِيْ مِنْهُ رَحْمَةً فَمَنْ

৬৩। ক্বা-লা ইয়া ক্বাওমি আরাআইতুম ইন্ কুন্তু 'আলা- বাইয়্যিনাতিম মির্রাব্বী ওয়া আ-তা-নী মিন্হু রাহ্মাতান ফামাই
(৬৩) তিনি বললেন, হে আমার সম্প্রদায়! তোমরা বলতো, আমি যদি আমার প্রতিপালকের স্পষ্ট দলীলের উপর স্থীর থাকি এবং তিনি আমাকে তাঁর পক্ষ থেকে রহমত দান করেন।

يَّنْصُرُنِيْ مِنَ اللّٰهِ اِنْ عَصَيْتُهٗ ۫ فَمَا تَزِيْدُوْنَنِيْ غَيْرَ تَخْسِيْرٍ ۝ وَيٰقَوْمِ

ইয়ানস্বুরুনী মিনাল্ল-হি ইন্ 'আস্বাইতুহু, ফামা- তাযীদূনানী গাইরা তাখ্সীর। ৬৪। ওয়া ইয়া-ক্বাওমি
অতএব আমি যদি তাঁর নাফরমানী করি, তবে আল্লাহর মোকাবিলায় কে আমাকে সাহায্য করবে। তোমরা তো আমার ক্ষতিই বাড়িয়ে দিচ্ছ, (৬৪) হে আমার সম্প্রদায়!

هٰذِهٖ نَاقَةُ اللّٰهِ لَكُمْ اٰيَةً فَذَرُوْهَا تَاْكُلْ فِيْٓ اَرْضِ اللّٰهِ وَلَا تَمَسُّوْهَا بِسُوْٓءٍ

হা-যিহী না-ক্বাতুল্লা-হি লাকুম আ-ইয়াতান ফাযারূহা- তা'কুল ফী~আরদ্বিল্লা-হি ওয়ালা- তামাস্সূহা- বিসূ~ইন্
আল্লাহর এ উষ্ট্রীটি তোমাদের জন্য নিদর্শন স্বরূপ, তাকে ছেড়ে দাও, যাতে সে আল্লাহর যমীনে চরে খেতে পারে। তাকে কষ্ট দেয়ার উদ্দেশ্যে স্পর্শ করনা, অন্যথায়

○ টীকা (আঃ ৬২) ঃ অর্থাৎ, তুমি শিক্ষা দিচ্ছ, এক খোদার এবাদত করতে; কিন্তু এই তাওহীদের ব্যাপারটি আমাদের ধারণায়ই আসে না। এ এমন একটি ধারণা বহির্ভূত ব্যাপার, যা আমদেরকে দ্বিধা দ্বন্দ্বে ফেলে রেখেছে। (বঃ কোঃ) ○ বিশ্লেষণ (আঃ ৬৩) ঃ بينة (দলীল) দ্বারা ঈমান ও ইয়াকীন যা আল্লাহ তায়ালা পয়গম্বরগণকে দান করেন এবং رحمت (রহমত) দ্বারা নবুওয়াত বুঝানো হয়েছে।
○ টীকা (আঃ ৬৪) ঃ কাফিররা হযরত ছালেহ্ (আ)-এর নিকট নবুওয়াত প্রমাণিত করার জন্য মু'জিযা দেখাতে ফরমাইশ করেছিল, তখন তিনি আল্লাহ্র দরবারে দো'আ করলে প্রস্তর মধ্য হতে একটি উটনী বের হয়ে তৎক্ষণাৎ বাচ্চা প্রসব করল। (মুঃ কোঃ)

فَيَاْخُذَكُمْ عَذَابٌ قَرِيْبٌ ۝ فَعَقَرُوْهَا فَقَالَ تَمَتَّعُوْا فِيْ دَارِكُمْ ثَلٰثَةَ اَيَّامٍ ؕ

ফাইয়া'খুযাকুম 'আযাবুন ক্বারীব। ৬৫। ফা'আক্বারূহা- ফাক্বা-লা তামাত্তা'উ ফী দা-রিকুম ছালা-ছাতা আইয়্যা-ম;
তোমাদেরকে আকস্মিক শাস্তি পাকড়াও করবে। (৬৫) কিন্তু তারা তার পা কর্তন করল। অতঃপর ছালেহ বলল, তোমরা তোমাদের স্বীয় গৃহে তিনটি দিন উপভোগ করে নাও,

ذٰلِكَ وَعْدٌ غَيْرُ مَكْذُوْبٍ ۝ فَلَمَّا جَآءَ اَمْرُنَا نَجَّيْنَا صٰلِحًا وَّالَّذِيْنَ اٰمَنُوْا مَعَهٗ

যা-লিকা ওয়া'দুন্ গাইরু মাক্যূব। ৬৬। ফালাম্মা- জ্বা—আ আম্রুনা- নাজ্জাইনা- স্বা-লিহ্বাওঁ ওয়াল্লাযীনা আ-মানূ মা'আহূ
এ ওয়াদা মিথ্যা হওয়ার নয়। (৬৬) অনন্তর যখন আমার নির্দেশ (শাস্তি) এসে পৌছল, আমি স্বীয় করুণায় ছালেহ ও তাঁর সাথে যারা ঈমান এনেছে তাদেরকে রক্ষা করলাম,

بِرَحْمَةٍ مِّنَّا وَمِنْ خِزْيِ يَوْمِئِذٍ ؕ اِنَّ رَبَّكَ هُوَ الْقَوِيُّ الْعَزِيْزُ ۝ وَاَخَذَ

বিরাহ্মাতিম মিন্না- ওয়া মিন খিযয়ি ইয়াওমেয়িয্, ইন্না রাব্বাকা হুওয়াল্ ক্বাওয়্যিউল 'আযীয্। ৬৭। ওয়া আখাযা
আর বাঁচালাম সে দিনের অপমান হতেও। নিঃসন্দেহে আপনার প্রতিপালক শক্তিমান, পরাক্রমশালী। (৬৭) আর যারা সীমালংঘন করেছিল তাদেরকে ভীষণ

الَّذِيْنَ ظَلَمُوا الصَّيْحَةُ فَاَصْبَحُوْا فِيْ دِيَارِهِمْ جٰثِمِيْنَ ۝ كَاَنْ لَّمْ يَغْنَوْا

ল্লাযীনা যালামূস্ স্বাইহাতু ফাআস্ববাহূ ফী দিয়া-রিহিম জ্বা-ছিমীন। ৬৮। কা-আল্লাম ইয়াগ্নাও
আওয়াজ পাকড়াও করল। ফলে তারা স্বীয় আবাস স্থলেই উপুড় হয়ে পড়ে রইল। (৬৮) মনে হয় যেন তারা সেখানে কখনো ছিল না। সাবধান! নিশ্চয়ই সামূদ জাতি অস্বীকার

৬ রুকু

فِيْهَا ؕ اَلَآ اِنَّ ثَمُوْدَا۠ كَفَرُوْا رَبَّهُمْ ؕ اَلَا بُعْدًا لِّثَمُوْدَ ۝ وَلَقَدْ جَآءَتْ رُسُلُنَآ

ফীহা-; আলা ~ইন্না ছামূদা কাফারূ রাব্বাহুম; আলা- বু'দাল্লিছামূদ। ৬৯। ওয়া লাক্বাদ্ জ্বা~আত্ রুসুলুনা~
করেছিল তাদের প্রতিপালককে। জেনে রাখ, ধ্বংসই ছিল সামূদ সম্প্রদায়ের পরিণাম। (৬৯) আর অবশ্যই আমার প্রেরিত (ফিরিশতাগণ) ইব্রাহীমের সন্নিকটে শুভ সংবাদ

اِبْرٰهِيْمَ بِالْبُشْرٰى قَالُوْا سَلٰمًا ؕ قَالَ سَلٰمٌ فَمَا لَبِثَ اَنْ جَآءَ بِعِجْلٍ حَنِيْذٍ ۝

ইব্রা-হীমা বিল্ বুশ্রা- ক্বা-লূ সালা-মা-; ক্বা-লা সালা-মুন্ ফামা- লাবিছা আন জ্বা-আ বি'ইজ্বলিন হ্বানীয।
নিয়ে আগমন করেছিল। তারা সালামের দ্বারা অভিবাদন জানাল। তিনিও (প্রতি উত্তরে) "সালাম" বললেন। অতঃপর দ্রুত তিনি ভুনাকৃত গো-বৎস আনয়ন করলেন।

فَلَمَّا رَآٰ اَيْدِيَهُمْ لَا تَصِلُ اِلَيْهِ نَكِرَهُمْ وَاَوْجَسَ مِنْهُمْ خِيْفَةً ؕ قَالُوْا لَا تَخَفْ

৭০। ফালাম্মা- রাআ~আইদিয়াহুম লা- তাস্বিলু ইলাইহি নাকিরাহুম ওয়া আওজ্বাসা মিন্হুম খীফাহ; ক্বা-লূ লা- তাখাফ্
(৭০) অনন্তর যখন তিনি দেখতে পেলেন যে, তাদের হস্তসমূহ সে দিকে প্রসারিত হচ্ছে না (তখন) তিনি তাদের অপরিচিত মনে করলেন এবং তাদের কর্তৃক আশংকা অনুভব করলেন।

اِنَّآ اُرْسِلْنَآ اِلٰى قَوْمِ لُوْطٍ ۝ وَامْرَاَتُهٗ قَآئِمَةٌ فَضَحِكَتْ فَبَشَّرْنٰهَا بِاِسْحٰقَ

ইন্না~উর্সিল্না~ইলা- ক্বাওমি লূত্ব। ৭১। ওয়ামরাআতুহূ ক্বা—য়িমাতুন ফাদ্বাহ্বিকাত ফাবাশ্শার্না-হা- বিইসহ্বা-ক্বা
তারা বললেন- তোমরা শংকিত হয়ো না, আমরা প্রেরিত হয়েছি 'লূত' সম্প্রদায়ের প্রতি। (৭১) তখন তাঁর সহধর্মীনী দন্ডায়মান ছিল, তিনি হেসে উঠলেন। অতঃপর আমি তাঁকে

○ বিশ্লেষণ (আঃ ৬৭) ঃ صيحة - (ভীষণ চিৎকার), কারো মতে- এটা হযরত জিবরাঈলের (আ) চিৎকার ছিল। কারো মতে- এ চিৎকার আসমান থেকে এসেছিল। যাতে তাদের মৃত্যু হয়েছিল। (কুঃ কারীম) ○ বিশ্লেষণ (আঃ ৬৯) ঃ ان جاء بعجل حنيذ - (ভুনা করা গোবৎস আনলেন) হযরত ইব্রাহীম (আ) অতিথিপরায়ন ছিলেন। তাঁর কাছে যে ফিরিশতাগণ এসেছিলেন তারা মানুষের আকৃতিতে এসেছিলেন। তিনি তাদেরকে মেহমান ধারণা করে ভুনাকৃত গো বৎসের ব্যবস্থা করেছিলেন। (কুঃ কারীম) ○ বিশ্লেষণ (আঃ ৭০) ঃ منهم خيفة - (তাদের থেকে আশংকার অনুভব করল) সে যুগে যদি কেউ কারো সাথে অসৎ আচরণের নিয়ত করত তবে সে ব্যক্তি খানা খেত না। যখন তারা খানা খেলনা, তখন ইব্রাহীম (আ)-এর অন্তরে ভীতির সঞ্চার হল। ফিরিশতাগণ তখন বললেন, ভয় কর না আমরা লূতের সম্প্রদায়ের প্রতি প্রেরিত হয়েছি। (তাঃ কাদেরী)

وَمِن وَرَاءِ إِسْحَاقَ يَعْقُوبَ ﴿٧٢﴾ قَالَتْ يَا وَيْلَتَىٰ أَأَلِدُ وَأَنَا عَجُوزٌ وَهَٰذَا

ওয়া মিওঁ ওয়ারা— য়ি ইসহা-ক্বা ইয়া'ক্বূব। ৭২। ক্বা-লাত্ ইয়া- ওয়াইলাতা~আ আলিদু ওয়া আনা আজূযুওঁ ওয়া হা-যা-

ইসহাক ও ইসহাকের পশ্চাদ্বর্তী ইয়াক্বূব সম্পর্কে সুসংবাদ জানালাম। (৭২) তিনি বললেন, হায় আফসোস! আমি সন্তান ধারণ করব? আমিতো বৃদ্ধা এবং

بَعْلِي شَيْخًا ۖ إِنَّ هَٰذَا لَشَيْءٌ عَجِيبٌ ﴿٧٣﴾ قَالُوا أَتَعْجَبِينَ مِنْ أَمْرِ اللَّهِ ۖ رَحْمَتُ

বা'লী শাইখা-; ইন্না হা-যা- লাশাইউন 'আজ্বীব। ৭৩। ক্বা-লূ~আতা'জ্বাবীনা মিন্ আম্‌রিল্লা-হি রাহ্‌মাতু

আমার এ স্বামীও বৃদ্ধ, নিঃসন্দেহে এ এক বিস্ময়কর বিষয়। (৭৩) তাঁরা বললেন, তুমি কি আল্লাহর কার্য সম্পাদনে আশ্চর্যান্বিত

اللَّهِ وَبَرَكَاتُهُ عَلَيْكُمْ أَهْلَ الْبَيْتِ ۚ إِنَّهُ حَمِيدٌ مَّجِيدٌ ﴿٧٤﴾ فَلَمَّا ذَهَبَ عَنْ

ল্লা-হি ওয়া বারাকা-তুহূ 'আলাইকুম্ আহ্‌লাল্ বাইত; ইন্নাহূ হ্বামীদুম মাজ্বীদ। ৭৪। ফালাম্মা- যাহাবা 'আন

হচ্ছ? হে নবী পরিবার! আল্লাহর রহমত ও বরকত তোমাদের উপর রয়েছে। নিঃসন্দেহে তিনি সর্ব প্রশংসিত ও মহা মহীয়ান। (৭৪) অনন্তর যখন ইব্রাহীমের সে

إِبْرَاهِيمَ الرَّوْعُ وَجَاءَتْهُ الْبُشْرَىٰ يُجَادِلُنَا فِي قَوْمِ لُوطٍ ﴿٧٥﴾ إِنَّ إِبْرَاهِيمَ

ইব্‌রা-হীমার রাও'উ ওয়া জ্বা—আত্‌হুল্ বুশ্‌রা- ইউজ্বা-দিলুনা- ফী ক্বাওমি লূত্ব। ৭৫। ইন্না ইব্‌রাহীমা

আশংকা দূরীভূত হল এবং তাঁর সুসংবাদ এসে পৌছল (তখন) সে আমার (ফিরিশতাদের) সাথে লূত সম্প্রদায় সম্পর্কে বাদানুবাদে লিপ্ত হল। (৭৫) নিশ্চয়ই ইব্রাহীম ছিলেন

لَحَلِيمٌ أَوَّاهٌ مُّنِيبٌ ﴿٧٦﴾ يَا إِبْرَاهِيمُ أَعْرِضْ عَنْ هَٰذَا ۖ إِنَّهُ قَدْ جَاءَ أَمْرُ رَبِّكَ ۖ

লাহ্বালীমুন্ আওওয়াহুম মুনীব। ৭৬। ইয়া ~ইব্‌রা-হীমু আ'রিদ্ব 'আন্ হা-যা, ইন্নাহূ ক্বাদ্ জ্বা—আ আমরু রাব্বিক,

ধৈর্যশীল, কোমল হৃদয় এবং আল্লাহমুখী (৭৬) হে ইব্রাহীম! এসব থেকে বিরত হও, নিঃসন্দেহে আপনার প্রতিপালকের নির্দেশ এসে গেছে। আর অবশ্যই তাদের প্রতি আসছে

وَإِنَّهُمْ آتِيهِمْ عَذَابٌ غَيْرُ مَرْدُودٍ ﴿٧٧﴾ وَلَمَّا جَاءَتْ رُسُلُنَا لُوطًا سِيءَ بِهِمْ

ওয়া ইন্নাহুম আ-তীহিম্ 'আযা-বুন গাইরু মারদূদ। ৭৭। ওয়া লাম্মা—জ্বা- আত্ রুসুলুনা- লূত্বান সী~আ বিহিম্

এমন শাস্তি, যা অপ্রতিরোধ্য। (৭৭) আর যখন আমার ফিরিশতারা লূতের নিকট আসলেন, তখন তাদের আসার কারণে তিনি চিন্তিত হয়ে পড়লেন

وَضَاقَ بِهِمْ ذَرْعًا وَقَالَ هَٰذَا يَوْمٌ عَصِيبٌ ﴿٧٨﴾ وَجَاءَهُ قَوْمُهُ يُهْرَعُونَ إِلَيْهِ

ওয়া দ্বা-ক্বা বিহিম্ যার'আওঁ ওয়া ক্বা-লা হা-যা- ইয়াওমুন্ 'আস্বীব। ৭৮। ওয়াজ্বা— আহূ ক্বাওমুহূ ইউহ্‌রা'উনা ইলাইহ;

এবং তাদের হেফাজতের ব্যাপারে সংকটে পড়ে গেলেন এবং বললেন, এ দিনটি বড়ই কঠিন। (৭৮) তাঁর সম্প্রদায় তাঁর নিকট দ্রুত ছুটে আসল

وَمِن قَبْلُ كَانُوا يَعْمَلُونَ السَّيِّئَاتِ ۚ قَالَ يَا قَوْمِ هَٰؤُلَاءِ بَنَاتِي هُنَّ أَطْهَرُ لَكُمْ

ওয়া মিন্ ক্বাব্‌লু কা-নূ ইয়া'মালূনাস্ সাইয়্যিআ-ত; ক্বা-লা ইয়া-ক্বাওমি হা~উলা~য়ি বানা-তি হুন্না আত্বহারু লাকুম্

এবং পূর্ব থেকেই তারা অশ্লীল কাজে লিপ্ত ছিল। তিনি বললেন, "হে আমার সম্প্রদায়! এরা আমার কন্যা। এরাই তোমাদের জন্য অত্যন্ত পবিত্র। অনন্তর

○ বিশ্লেষণ (আঃ ৭২) ঃ انا عجوز ...... - (আমি বৃদ্ধা ..) সে সময়ে ইব্রাহীমের (আ) স্ত্রীর বয়সছিল নিরানব্বই বছর। আর ইব্রাহীমের (আ) বয়স ছিল একশ বিশ বছর, অথবা একশত বার বছর। (তাঃ কাঃ) ○ বিশ্লেষণ (আঃ ৭৩) ঃ اهل بيت - (আহলে বাইত) দ্বারা ইব্রাহীমের (আ) স্ত্রীকে বুঝানো হয়েছে। (কুঃ কারীম)

○ বিশ্লেষণ (আঃ ৭৪) ঃ يجادلنا - আমার সাথে বাদানুবাদ করেছিল) অর্থাৎ হযরত ইব্রাহীম (আ) ফিরিশতাগণকে বলেছিলেন যে, যে জনপদ ধ্বংস করতে যাচ্ছেন সেখানে লূত (আ)ও বিদ্যমান। তখন ফিরিশতাগণ বললেন, "তা আমরা জানি যে লূত (আ) সেখানে থাকেন। কিন্তু আমরা তাঁকে ও তাঁর লোকজনকে সেখান থেকে বের করে নিয়ে নিব। (কুঃ কারীম)

○ বিশ্লেষণ (আঃ ৭৮) ঃ هؤلاء بناتى - (এরা আমার কন্যা) অর্থাৎ, নবী নিজ সম্প্রদায়ের পিতৃতুল্য। তাই তিনি তাদেরকে নিজের কন্যা বলেছেন। (কুঃ কারীম)

فَاتَّقُوا اللَّهَ وَلَا تُخْزُونِ فِي ضَيْفِي ۖ أَلَيْسَ مِنكُمْ رَجُلٌ رَّشِيدٌ ﴿٧٩﴾ قَالُوا

ফাত্তাক্বুল্লা-হা ওয়া লা- তুখ্‌যূনি ফী দ্বাইফী; আলাইসা মিন্‌কুম রাজুলুর্ রাশীদ। ৭৯। ক্বা-লূ

আল্লাহকে ভয় কর আর আমার মেহমানদের সাথে খারাপ ব্যবহার করে আমাকে লাঞ্ছিত কর না। কোন সৎ নিষ্ঠাবান ব্যক্তি কি তোমাদের মধ্যে নেই? (৭৯) তারা বলল,

لَقَدْ عَلِمْتَ مَا لَنَا فِي بَنَاتِكَ مِنْ حَقٍّ وَإِنَّكَ لَتَعْلَمُ مَا نُرِيدُ ﴿٨٠﴾ قَالَ لَوْ أَنَّ لِي

লাক্বদ্ 'আলিম্‌তা মা- লানা- ফী বানা-তিকা মিন্ হ্বাক্ব্ক্ব, ওয়া ইন্নাকা লাতা'লামু মা- নুরীদ। ৮০। ক্বা-লা লাও আন্না লী

আপনি তো ভালভাবেই জানেন যে, আমাদেরতো এই কন্যাদের কোন প্রয়োজন নেই। আমরা কি চাই তা আপনি অবশ্যই জানেন। (৮০) তিনি বললেন, তোমাদের উপর

بِكُمْ قُوَّةً أَوْ آوِي إِلَىٰ رُكْنٍ شَدِيدٍ ﴿٨١﴾ قَالُوا يَا لُوطُ إِنَّا رُسُلُ رَبِّكَ لَن يَصِلُوا

বিকুম কুওওয়াতান আও আ-ওয়ী- ইলা- রুক্‌নিন শাদীদ্। ৮১। ক্বা-লূ ইয়া- লূত্বু ইন্না- রুসুলু রাব্বিকা লাই ইয়াস্বিলূ~

যদি আমার ক্ষমতা থাকত অথবা যদি আমি কোন সুদৃঢ় স্তম্ভে আশ্রয়স্থল পেতাম! (৮১) ফিরিশতারা বলল, হে লূত! নিঃসন্দেহে আমরা আপনার প্রতিপালক কর্তৃক প্রেরিত। তারা কখনো

إِلَيْكَ ۖ فَأَسْرِ بِأَهْلِكَ بِقِطْعٍ مِّنَ اللَّيْلِ وَلَا يَلْتَفِتْ مِنكُمْ أَحَدٌ إِلَّا امْرَأَتَكَ ۖ

ইলাইকা ফাআস্‌রি বিআহ্‌লিকা বিক্বিত্ব'ইম্‌মিনাল্লাইলি ওয়ালা- ইয়াল্‌তাফিত্ মিন্‌কুম্ আহ্বাদুন্ ইল্লাম্‌রাআতাক;

আপনার কাছে পৌছতে পারবে না। সুতরাং আপনি আপনার পরিবার-পরিজনকে নিয়ে রাতের কোন এক অংশে বেরিয়ে পড়ুন এবং আপনার মধ্যে কেউ যেন পেছনে না

إِنَّهُ مُصِيبُهَا مَا أَصَابَهُمْ ۚ إِنَّ مَوْعِدَهُمُ الصُّبْحُ ۚ أَلَيْسَ الصُّبْحُ بِقَرِيبٍ ○

ইন্নাহূ; মুস্বীবুহা- মা- আস্বা-বাহুম্; ইন্না মাও'ইদাহুমু স্বুব্‌হু ; আলাইসাস্ব্ স্বুব্‌হু বিক্বারীব।

তাকায় আপনার স্ত্রী ছাড়া। কেননা, তার উপরও সে আপদ পৌছবে যা অন্যদের উপর পৌছবে। নিশ্চয়ই তাদের (শাস্তির) প্রতিশ্রুতির সময় সকাল। সকাল কি নিকটবর্তী নয়?

﴿٨٢﴾ فَلَمَّا جَاءَ أَمْرُنَا جَعَلْنَا عَالِيَهَا سَافِلَهَا وَأَمْطَرْنَا عَلَيْهَا حِجَارَةً مِّن سِجِّيلٍ

৮২। ফালাম্মা- জ্বা—আ আম্‌রুনা- জ্বা'আল্‌না- 'আ-লিইয়াহা- সা-ফিলাহা- ওয়া আম্‌ত্বারনা- 'আলাইহা- হ্বিজ্বা-রাতাম্ মিন্ সিজ্জীলিম

(৮২) যখন আমার নির্দেশ আসল, আমি সে ভূ-খণ্ডটি উল্টিয়ে দিলাম এবং তাদের উপর অবিরামভাবে শক্ত প্রস্তর খণ্ড

مَّنضُودٍ ﴿٨٣﴾ مُّسَوَّمَةً عِندَ رَبِّكَ ۖ وَمَا هِيَ مِنَ الظَّالِمِينَ بِبَعِيدٍ ﴿٨٤﴾ وَإِلَىٰ مَدْيَنَ

মান্‌দ্বূদ। ৮৩। মুসাওওয়ামাতান্ 'ইনদা রাব্বিক; ওয়া মা- হিয়া মিনায্ যা-লিমীনা বিবা'ঈদ। ৮৪। ওয়া ইলা- মাদইয়ানা

বর্ষণ করলাম। (৮৩) যা আপনার প্রতিপালক কর্তৃক চিহ্নিত করা ছিল এবং সে জনপদ এ অত্যাচারীদের হতে মোটেই দূরে নয়। (৮৪) আমি মাদইয়ান শহরের

أَخَاهُمْ شُعَيْبًا ۚ قَالَ يَا قَوْمِ اعْبُدُوا اللَّهَ مَا لَكُم مِّنْ إِلَٰهٍ غَيْرُهُ ۖ وَلَا تَنقُصُوا

আখা-হুম শু'আইবা-; ক্বা-লা ইয়া- ক্বাওমি'বুদুল্লা-হা মা- লাকুম মিন্ ইলা-হিন্ গাইরুহ; ওয়ালা- তানকুস্বুল্

অধিবাসীদের কাছে তাদের ভাই শোয়ায়েবকে প্রেরণ করলাম, তিনি বললেন, হে আমার সম্প্রদায়! তোমরা আল্লাহর ইবাদাত কর। তিনি ছাড়া আর কোন মা'বুদ নেই এবং

অর্ধাংশ ৭ রুকূ ৭

○ টীকা (আঃ ৮০) ঃ অর্থাৎ, লূত (আ) পরিশেষে নিতান্ত অপরাগ হয়ে বলতে লাগলেন, আমার হাতে যদি ক্ষমতা থাকত, তবে আমি তোমাদের কদাচার দমন করতাম, অথবা কোন সুদৃঢ় স্তম্ভের আশ্রয় নিতাম। অর্থাৎ, আমার স্বগোত্রীয় লোক থাকলে তারা আমার সাহায্য করত। (বঃ কোঃ)

○ টীকা (আঃ ৮১) ঃ আপনার কেশাগ্র পর্যন্ত স্পর্শ করার সামর্থ্যও তাদের হবে না। আমরা তো এখনই তাদেরকে নিশ্চিহ্ন করে দেয়ার উদ্দেশ্যেই এসেছি। (বঃ কোঃ)

○ বিশ্লেষণ (আঃ ৮৩) ঃ مسومة - (চিহ্নিত) পাথরগুলো বিশেষ চিহ্নিত ছিল। কারো মতে, পাথরগুলো সাদা এবং তার উপর কালো ফোঁটা দেয়া ছিল, কারো মতে, সেগুলো কালো এবং তার উপর সাদা ফোঁটা ছিল। অন্য এক মতে, পাথর যে ব্যক্তির উপর আঘাত করবে উহাতে তার নাম লিখা ছিল। (তাঃ কাদেরী)

هى - দ্বারা চিহ্নিত পাথরকে বুঝানো হয়েছে, যা তাদের উপর বর্ষিত হয়েছে। অথবা ধ্বংসকৃত জনপদটিকে বুঝানো হয়েছে। (কুঃ কারীম)

الْمِكْيَالَ وَالْمِيزَانَ اِنِّىْٓ اَرٰىكُمْ بِخَيْرٍ وَّاِنِّىْٓ اَخَافُ عَلَيْكُمْ عَذَابَ

মিক্ইয়া-লা ওয়াল্ মীযা-না ইন্নী~আরা-কুম্ বিখাইরিওঁ ওয়া ইন্নী~আখা-ফু 'আলাইকুম্ 'আযা-বা

তোমরা মাপে ও ওজনে কমতি কর না। নিশ্চয় আমি তোমাদের ঐশ্বর্যশালী অবস্থায় দেখতে পাচ্ছি এবং আমি তোমাদের বেষ্টনকারী

يَوْمٍ مُّحِيْطٍ ﴿٨٤﴾ وَيٰقَوْمِ اَوْفُوا الْمِكْيَالَ وَالْمِيزَانَ بِالْقِسْطِ وَلَا تَبْخَسُوا

ইয়াওমিম মুহ্বীত্ব। ৮৫। ওয়া ইয়া- ক্বাওমি আওফুল্ মিক্ইয়া-লা ওয়াল্ মীযা-না বিল্ক্বিসত্বি ওয়া লা- তাবখাসু

দিবসের শাস্তির ভয় করছি। (৮৫) হে আমার সম্প্রদায়! তোমরা ন্যায়ভাবে মাপবে ও ওজন করবে এবং লোকদেরকে তাদের

النَّاسَ اَشْيَآءَهُمْ وَلَا تَعْثَوْا فِى الْاَرْضِ مُفْسِدِيْنَ ﴿٨٥﴾ بَقِيَّتُ اللّٰهِ خَيْرٌ لَّكُمْ

না-সা আশ্ইয়া—আহুম্ ওয়া লা- তা'ছাও ফিল্ আরদ্বি মুফসিদীন। ৮৬। বাক্বিয়্যাতুল্লা-হি খাইরুল্লাকুম

প্রাপ্যবস্তু কম দিবে না আর পৃথিবীতে বিশৃংখলা ঘটাবে না। (৮৬) আল্লাহ্ প্রদত্ত যা অবশিষ্ট থাকে তাই তোমাদের জন্য উত্তম, যদি

اِنْ كُنْتُمْ مُّؤْمِنِيْنَ ۚ وَمَآ اَنَا عَلَيْكُمْ بِحَفِيْظٍ ﴿٨٦﴾ قَالُوْا يٰشُعَيْبُ اَصَلٰوتُكَ

ইন্ কুন্তুম্ মু'মিনীন, ওয়া মা আনা 'আলাইকুম বিহ্বাফীয্ব। ৮৭। ক্বা-লূ ইয়া- শু'আইবু আস্বালা-তুকা

তোমরা মু'মিন হও। আর আমি তোমাদের হেফাজতকারী নই। (৮৭) তারা বলল, হে শো'আইব! আপনার সালাত (ইবাদাত) আপনাকে কি এ নির্দেশ দেয় যে, আমাদের

تَاْمُرُكَ اَنْ نَّتْرُكَ مَا يَعْبُدُ اٰبَآؤُنَآ اَوْ اَنْ نَّفْعَلَ فِىْٓ اَمْوَالِنَا مَا نَشٰٓؤُا ۗ

তা'মুরুকা আন্নাত্রুকা মা- ইয়া'বুদু আ-বা— উনা~আও আন্ নফ'আলা ফী~আমওয়া-লিনা- মা- নাশা—উ;

পিতৃপুরুষ যাদের উপাসনা করেছে তাদেরকে আমরা বর্জন করব অথবা আমরা আমাদের ধনসম্পদ নিয়ে ইচ্ছামত যা করছি তাও করা ছেড়ে দেব?

اِنَّكَ لَاَنْتَ الْحَلِيْمُ الرَّشِيْدُ ﴿٨٧﴾ قَالَ يٰقَوْمِ اَرَءَيْتُمْ اِنْ كُنْتُ عَلٰى بَيِّنَةٍ

ইন্নাকা লাআন্তাল্ হ্বালীমুর রাশীদ। ৮৮। ক্বা-লা ইয়া- ক্বাওমি আরাআইতুম ইন্ কুন্তু 'আলা- বাইয়্যিনাতিম

নিশ্চয় আপনি ধৈর্যশীল, ন্যায় পরায়ন। (৮৮) তিনি বললেন, হে আমার সম্প্রদায়! তোমরা কি বল! যদি আমি আমার প্রতিপালক হতে প্রেরিত দলীলের উপর কায়েম থাকি এবং

مِّنْ رَّبِّىْ وَرَزَقَنِىْ مِنْهُ رِزْقًا حَسَنًا ۗ وَمَآ اُرِيْدُ اَنْ اُخَالِفَكُمْ اِلٰى مَآ اَنْهٰىكُمْ

মির্ রাব্বী ওয়া রাযাক্বানী মিন্হু রিযক্বান হ্বাসানা-; ওয়া মা~উরীদু আন্ উখা-লিফাকুম্ ইলা- মা~আন্হা-কুম্

তিনি যদি আমাকে তাঁর পক্ষ থেকে উত্তম রিযিক (নবুওয়াত) দান করে থাকেন (তবে এ দায়িত্ব কি পালন করব না?) আর আমি চাইনা যে তোমাদের বিপরীত সে সমস্ত

عَنْهُ ۗ اِنْ اُرِيْدُ اِلَّا الْاِصْلَاحَ مَا اسْتَطَعْتُ ۗ وَمَا تَوْفِيْقِىْٓ اِلَّا بِاللّٰهِ ۗ

'আন্হ ; ইন্ উরীদু ইল্লাল্ ইস্বলা-হ্বা মাসতাত্বা'তু ; ওয়ামা- তাওফীক্বী~ইল্লা- বিল্লা-হ;

কাজ করি যা থেকে তোমাদেরকে নিষেধ করছি। আমার ইচ্ছাতো শুধু তোমাদেরকে আমার সাধ্যানুযায়ী সংশোধন করা। আমার যা তাওফীক হয় তা একমাত্র আল্লাহর সাহায্য

عَلَيْهِ تَوَكَّلْتُ وَاِلَيْهِ اُنِيْبُ ﴿٨٨﴾ وَيٰقَوْمِ لَا يَجْرِمَنَّكُمْ شِقَاقِىْٓ اَنْ يُّصِيْبَكُمْ

'আলাইহি তাওক্কালতু ওয়া ইলাইহি উনীব। ৮৯। ওয়া ইয়া ক্বাওমি লা- ইয়াজ্রিমান্নাকুম্ শিক্বা-ক্বী~আঁই ইউস্বীবাকুম্

দ্বারাই হয়ে থাকে। তাঁরই উপর আমার ভরসা এবং আমি তাঁরই দিকে প্রত্যাবর্তন করি। (৮৯) হে আমার সম্প্রদায়! এমন যেন না হয় যে, আমার প্রতি তোমাদের শত্রুতা এর কারণ না

مِّثْلُ مَآ اَصَابَ قَوْمَ نُوْحٍ اَوْ قَوْمَ هُوْدٍ اَوْ قَوْمَ صٰلِحٍ ۗ وَمَا قَوْمُ لُوْطٍ مِّنْكُمْ

মিছ্লু মা~আস্বা-বা ক্বাওমা নূহ্বিন আও ক্বাওমা হূদিন্ আও ক্বাওমা স্বা-লিহ; ওয়া মা- ক্বাওমু লূত্বিম্ মিন্কুম

হয় পড়ে যাতে তোমাদের উপর (শাস্তি) এসে পৌঁছে, যেমন পৌঁছেছিল নূহের সম্প্রদায়ের উপর বা হূদের সম্প্রদায়ের উপর বা সালিহের সম্প্রদায়ের উপর। আর লূত সম্প্রদায় তো তোমাদের

بِبَعِيْدٍ ﴿٨٩﴾ وَاسْتَغْفِرُوْا رَبَّكُمْ ثُمَّ تُوْبُوْٓا اِلَيْهِ ۗ اِنَّ رَبِّىْ رَحِيْمٌ وَّدُوْدٌ ○

বিবা'ঈদ। ৯০। ওয়াস্তগ্ফিরূ রাব্বাকুম্ ছুম্মা তূবূ~ইলাইহ ; ইন্না রাব্বী রাহ্বীমুওঁ ওয়াদূদ।

থেকে বেশী দূরে নয়। (৯০) আর তোমরা তোমাদের প্রতিপালকের কাছে ক্ষমা প্রার্থনা কর। অতঃপর তাঁর দিকে প্রত্যাবর্তন কর। নিশ্চয় আমার প্রতিপালক দয়ালু, অতি প্রেমময়।

﴿٩٠﴾ قَالُوْا يٰشُعَيْبُ مَا نَفْقَهُ كَثِيْرًا مِّمَّا تَقُوْلُ وَاِنَّا لَنَرٰىكَ فِيْنَا ضَعِيْفًا ۚ وَلَوْلَا

৯১। ক্বা-লূ ইয়া- শু'আইবু মা- নাফ্ক্বাহু কাছীরাম মিম্মা- তাকূলু ওয়া ইন্না- লানারা-কা ফীনা- দ্বা'ঈফা, ওয়া লাওলা-

(৯১) তারা বলল, হে শো'আইব! আপনার অনেক কথাই আমাদের বুঝে আসেনা এবং আমরাতো আপনাকে আমাদের মধ্যে দুর্বল দেখছি। যদি আপনার স্বজনবর্গের খেয়াল না

رَهْطُكَ لَرَجَمْنٰكَ ۫ وَمَآ اَنْتَ عَلَيْنَا بِعَزِيْزٍ ﴿٩١﴾ قَالَ يٰقَوْمِ اَرَهْطِىْٓ اَعَزُّ

রাহ্ত্বকা লারাজাম্না-কা ওয়ামা~আন্তা 'আলাইনা -বি'আযীয। ৯২। ক্বা-লা ইয়া- ক্বাওমি আরাহ্ত্বী~আ 'আযযু

হত, তবে অবশ্যই আমরা আপনাকে প্রস্তরাঘাতে হত্যা করতাম। আর আপনি আমাদের কাছে কোন শ্রদ্ধের ব্যক্তি নন। (৯২) তিনি বললেন, হে আমার সম্প্রদায়! তোমাদের

عَلَيْكُمْ مِّنَ اللّٰهِ ۗ وَاتَّخَذْتُمُوْهُ وَرَآءَكُمْ ظِهْرِيًّا ۗ اِنَّ رَبِّىْ بِمَا تَعْمَلُوْنَ

আ'লাইকুম মিনাল্লা-হ; ওয়াত্তাখাযতুমূহু ওয়ারা—আকুম্ জিহ্রিয়্যা; ইন্না রাব্বী- বিমা- তা'মালূনা

কাছে আমার গোত্রের লোক কি আল্লাহর চেয়েও অধিক শক্তিশালী? তোমরা তাঁকে একেবারে পেছনে ফেলে রেখেছ। তোমরা যাই কর আমার প্রতিপালক তা বেষ্টন করে

مُحِيْطٌ ﴿٩٢﴾ وَيٰقَوْمِ اعْمَلُوْا عَلٰى مَكَانَتِكُمْ اِنِّىْ عَامِلٌ ۗ سَوْفَ تَعْلَمُوْنَ ۙ مَنْ

মুহ্বীত্ব। ৯৩। ওয়া ইয়া-ক্বাওমি' মালূ 'আলা- মাকা-নাতিকুম্ ইন্নী-'আ-মিল; সাওফা তা'লামূনা মাইঁ

আছেন। (৯৩) হে আমার সম্প্রদায়! তোমরা নিজ নিজ অবস্থানে থেকে কাজ করতে থাক। আমিও আমার কাজ করছি। অতিশীঘ্রই তোমরা জানতে

يَّاْتِيْهِ عَذَابٌ يُّخْزِيْهِ وَمَنْ هُوَ كَاذِبٌ ۗ وَارْتَقِبُوْٓا اِنِّىْ مَعَكُمْ رَقِيْبٌ ○

ইয়া'তীহি 'আযা-বুই ইউখ্যীহি ওয়া মান্ হুওয়া কা-যিব ; ওয়ারতাক্বিবূ~ইন্নী মা'আকুম্ রাক্বীব।

পারবে, কার উপর অপমানজনক শাস্তি আসবে এবং আর কে মিথ্যাবাদী। সুতরাং তোমরা অপেক্ষা কর, আমিও তোমাদের সাথে প্রতিক্ষা করছি।

﴿٩٣﴾ وَلَمَّا جَآءَ اَمْرُنَا نَجَّيْنَا شُعَيْبًا وَّالَّذِيْنَ اٰمَنُوْا مَعَهٗ بِرَحْمَةٍ مِّنَّا وَاَخَذَتِ الَّذِيْنَ

৯৪। ওয়া লাম্মা- জ্বা—আ আম্রুনা- নাজ্জাইনা- শু'আইবাওঁ ওয়াল্লাযীনা আ-মানূ মা'আহূ বিরাহ্বমাতিম্ মিন্না- ও'য়া আখাযাতিল্লাযীনা

(৯৪) যখন আমার নির্দেশ এসে পৌঁছল, (তখন) আমি আমার বিশেষ করুণায় শো'আইবকে এবং তাঁর সাথে যারা ঈমান এনেছে তাদেরকে আমার অনুগ্রহে নাজাত দিলাম। আর

ظَلَمُوا الصَّيْحَةُ فَاَصْبَحُوْا فِىْ دِيَارِهِمْ جٰثِمِيْنَ ﴿٩٤﴾ كَاَنْ لَّمْ يَغْنَوْا فِيْهَا ۗ

জ্বালামুস্ব স্বাইহ্বাতু ফাআস্ববাহূ ফী দিয়া-রিহিম্ জ্বা-ছিমীন। ৯৫। কাআল্লাম ইয়াগ্নাও ফীহা-;

যারা অত্যাচার করেছিল, তাদেরকে এক (ভয়ানক) আওয়াজ পাকড়াও করল। ফলে তারা নিজ গৃহে উপুড় হয়ে পড়ে রইল। (৯৫) মনে হয় যেন তারা সে গৃহে কখনো অবস্থান

ٱلَا بُعْدًا لِّمَدْيَنَ كَمَا بَعِدَتْ ثَمُودُ ﴿٩٥﴾ وَلَقَدْ أَرْسَلْنَا مُوسَىٰ بِـَٔايَـٰتِنَا وَسُلْطَـٰنٍ

আলা বু'দাল্লিমাদ্ইয়ানা কামা- বা'ইদাত্ ছামূদ। ৯৬। ওয়া লাক্বাদ্ আর্সাল্না- মূসা- বিআ-ইয়াতিনা- ওয়া সুলত্বা-নিম্
করেনি। জেনে রেখ! মাদইয়ানবাসীদের জন্য ধ্বংসই পরিণাম, যেমনি ধ্বংস হয়েছিল সামুদ সম্প্রদায়! (৯৬) নিশ্চয়ই আমি মূসাকে আমার আয়াতসমূহ এবং স্পষ্ট প্রমাণ

৮ ع ৮ রুকূ

مُّبِينٍ ﴿٩٦﴾ إِلَىٰ فِرْعَوْنَ وَمَلَإِي۟هِۦ فَٱتَّبَعُوٓا۟ أَمْرَ فِرْعَوْنَ ۖ وَمَآ أَمْرُ فِرْعَوْنَ بِرَشِيدٍ

মুবীন। ৯৭। ইলা- ফির'আওনা ওয়া মালায়িহী ফাত্তাবা'উ~আম্‌রা ফির্'আওন, ওয়া মা- আম্‌রু ফির্'আওনা বিরাশীদ :
সহ প্রেরণ করেছিলাম, (৯৭) ফিরআউন এবং তার পরিষদবর্গের কাছে। কিন্তু তারা ফিরাউনের হুকুম অনুসরণ করল, অথচ ফিরাউনের কোন হুকুম সঠিক ছিল না।

﴿٩٧﴾ يَقْدُمُ قَوْمَهُۥ يَوْمَ ٱلْقِيَـٰمَةِ فَأَوْرَدَهُمُ ٱلنَّارَ ۖ وَبِئْسَ ٱلْوِرْدُ ٱلْمَوْرُودُ ﴿٩٨﴾ وَأُتْبِعُوا۟

৯৮। ইয়াক্বদুমু ক্বাওমাহূ ইয়াওমাল্ ক্বিয়া-মাতি ফাআওরাদাহুমুন্না-র, ওয়া বি'সাল ওয়িরদুল মাওরূদ। ৯৯। ওয়া উত্‌বি'উ
(৯৮) সে (ফিরাউন) কিয়ামতের দিন তার দলের অগ্রভাগে থাকবে এবং তাদেরকে জাহান্নামে নিয়ে যাবে এবং তাদের প্রবেশস্থল কতইনা নিকৃষ্ট। (৯৯) এ পৃথিবীতেও তাদের

فِى هَـٰذِهِۦ لَعْنَةً وَيَوْمَ ٱلْقِيَـٰمَةِ ۚ بِئْسَ ٱلرِّفْدُ ٱلْمَرْفُودُ ﴿٩٩﴾ ذَٰلِكَ مِنْ أَنۢبَآءِ

ফী হা-যিহী লা'নাতাওঁ ওয়া ইয়াওমাল্ ক্বিয়া-মাহ; বি'সার্ রিফদুল্ মারফূদ। ১০০। যা-লিকা মিন্ আম্‌বা—ইল
উপর লা'নত লেগে রয়েছে এবং কিয়ামতের দিনেও তাদের উপর লা'নত লেগে থাকবে। কতইনা নিকৃষ্ট তাদের পুরস্কার! (১০০) এ ছিল সে জনপদসমূহে কিছু ঘটনাবলী

ٱلْقُرَىٰ نَقُصُّهُۥ عَلَيْكَ ۖ مِنْهَا قَآئِمٌ وَحَصِيدٌ ﴿١٠٠﴾ وَمَا ظَلَمْنَـٰهُمْ وَلَـٰكِن ظَلَمُوٓا۟

কুরা- নাকুস্‌সুহূ 'আলাইকা মিন্‌হা ক্বা—য়িমুঁও ওয়া হাস্বীদ। ১০১। ওয়া মা- য্বালাম্‌না-হুম্ ওয়ালা-কিন্ য্বালামূ~
যা আমি আপনার কাছে বর্ণনা করেছি। তার মধ্যে কিছু এখনো বাকী আছে এবং অন্য সব নির্মূল হয়ে গেছে। (১০১) আমি তাদের উপর কোনই অত্যাচার করিনি, কিন্তু

أَنفُسَهُمْ ۖ فَمَآ أَغْنَتْ عَنْهُمْ ءَالِهَتُهُمُ ٱلَّتِى يَدْعُونَ مِن دُونِ ٱللَّهِ مِن شَىْءٍ لَّمَّا

আন্‌ফুসাহুম ফামা~আগ্‌নাত্ 'আন্‌হুম আ-লিহাতুহুমুল্লাতী ইয়াদ্'উনা মিন দূনিল্লা-হি মিন্ শাইয়িল্ লাম্মা-
তারাই তাদের নিজেদের প্রতি অত্যাচার করেছে, তাদের মা'বুদগুলো তাদেরকে কোনই উপকার করতে পারে নি, আল্লাহ ব্যতীত যাদেরকে তারা উপাসনা করেছিল, যখন

جَآءَ أَمْرُ رَبِّكَ ۖ وَمَا زَادُوهُمْ غَيْرَ تَتْبِيبٍ ﴿١٠١﴾ وَكَذَٰلِكَ أَخْذُ رَبِّكَ إِذَآ

জ্বা- আ আম্‌রু রাব্‌বিক; ওয়া মা- যা-দূহুম গাইরা তাত্‌বীব। ১০২। ওয়া কাযা-লিকা আখ্‌যু রাব্‌বিকা ইযা-
এসে পৌঁছল আপনার প্রতিপালকের নির্দেশ। ধ্বংস ব্যতীত তাদের আর কিছুই বৃদ্ধি পেলনা। (১০২) আপনার প্রতিপালকের পাকড়াও এভাবেই হয়। যখন তিনি জনপদ

أَخَذَ ٱلْقُرَىٰ وَهِىَ ظَـٰلِمَةٌ ۚ إِنَّ أَخْذَهُۥٓ أَلِيمٌ شَدِيدٌ ﴿١٠٢﴾ إِنَّ فِى ذَٰلِكَ لَـَٔايَةً

আখাযাল্ কুরা- ওয়া হিয়া য্বা-লিমাহ ; ইন্না আখ্‌যাহূ- আলীমুন শাদীদ। ১০৩। ইন্না ফী যা-লিকা লা- আ-ইয়াতাল
সমূহকে পাকড়াও করেন এমতাবস্থায় যখন তারা অত্যাচারী হয়ে উঠে। নিশ্চয় তাঁর পাকড়াও যন্ত্রণাদায়ক ও কঠিন। (১০৩) নিশ্চয় এর মধ্যে নিদর্শন রয়েছে পরকালের

○ বিশ্লেষণ (আঃ ১০০) ঃ قائم - অর্থ যার চিহ্ন যখন বাকী আছে এবং দেখা যায়। যেমন আদ ও সামুদের শহরে। حصيد - অর্থ যার চিহ্ন দেখা যায় না, ধ্বংস হয়ে গেছে। যেমন নূহের (আ) শহর। (তাঃ কাদেরী) ○ টীকা (আঃ ১০০) ঃ যেমন মিসর, তথায় ফেরআউনের প্রাসাদসমূহের ধ্বংসাবশেষ এখনো রয়েছে। ○ টীকা (আঃ ১০১) ঃ আল্লাহ বলেন, আমি যে এই জনপদসমূহের বাসিন্দাগণকে দণ্ডিত করেছি, তাতে আমি তাদের প্রতি অত্যাচার করি নি। তারা নিজেরাই নিজেদের উপর শাস্তিযোগ্য অত্যাচার করেছে। (বঃ কোঃ)

○ টীকা (আঃ ১০৩) ঃ উপদেশ লাভের সূত্র এই যে, ইহকাল চূড়ান্ত কর্মফল ভোগের স্থান নয়; তথাপি এখানকার শাস্তি যখন এত কঠিন, তখন কর্মফল ভোগের স্থান আখেরাতের শাস্তি যে আরও ভীষণ হবে, তাতে আর সন্দেহ কি? (বঃ কোঃ)

لِّمَنْ خَافَ عَذَابَ ٱلْـَٔاخِرَةِ ۚ ذَٰلِكَ يَوْمٌ مَّجْمُوعٌ لَّهُ ٱلنَّاسُ وَذَٰلِكَ

লিমান্ খা-ফা 'আযা-বাল্ আ-খিরাহ, যা-লিকা ইয়াওমুম্ মাজ্‌মূ'উল লাহুন্না-সু ওয়া যা-লিকা
শাস্তিকে যে ভয় করে তার জন্য। এটা সেদিন, যেদিন সকল মানুষকে একত্রিত করা হবে এবং এটা সেদিন, যেদিন সকলকে উপস্থিত

يَوْمٌ مَّشْهُودٌ ﴿١٠٣﴾ وَمَا نُؤَخِّرُهُۥٓ إِلَّا لِأَجَلٍ مَّعْدُودٍ ﴿١٠٤﴾ يَوْمَ يَأْتِ لَا تَكَلَّمُ

ইয়াওমুম মাশহূদ। ১০৪। ওয়ামা- নুওয়াখ্‌খিরুহূ~ইল্লা-লি আজ্বালিম মা'দূদ। ১০৫। ইয়াওমা ইয়া'তি লা- তাকাল্লামু
করা হবে। (১০৪) আমি উহাতে (কিয়ামত ঘটাতে) নির্দিষ্ট একটি সময় আছে বলেই বিলম্ব করছি। (১০৫) যখন সেদিন এসে যাবে তখন কেউ আল্লাহর

نَفْسٌ إِلَّا بِإِذْنِهِۦ ۚ فَمِنْهُمْ شَقِىٌّ وَسَعِيدٌ ﴿١٠٥﴾ فَأَمَّا ٱلَّذِينَ شَقُوا۟ فَفِى ٱلنَّارِ

নাফ্‌সুন্ ইল্লা- বিইয্‌নিহ্, ফামিন্‌হুম শাক্বীইইওঁ ওয়া সায়ী'দ। ১০৬। ফাআম্মাল্লাযীনা শাকূ ফাফিন্না-রি
অনুমতি ছাড়া কথা বলতে পারবে না, আর তাদের মধ্যে কেউ হবে দুর্ভাগা আর কেউ হবেন সৌভাগ্যবান। (১০৬) যারা দুর্ভাগা হবে তারা জাহান্নামে যাবে,

لَهُمْ فِيهَا زَفِيرٌ وَشَهِيقٌ ﴿١٠٦﴾ خَـٰلِدِينَ فِيهَا مَا دَامَتِ ٱلسَّمَـٰوَٰتُ وَٱلْأَرْضُ إِلَّا

লাহুম্ ফীহা- যাফীরুওঁ ওয়া শাহীক্ব। ১০৭। খা-লিদীনা ফীহা- মা- দা-মাতিস্ সামাওয়া-তু ওয়াল্ আর্‌দু ইল্লা-
সেখানে তাদের জন্য রয়েছে আর্তনাদ ও চীৎকার। (১০৭) সেখানে তারা অনন্তকাল থাকবে, যতক্ষণ আকাশ ও পৃথিবী বিদ্যমান থাকবে। কিন্তু আপনার

مَا شَآءَ رَبُّكَ ۚ إِنَّ رَبَّكَ فَعَّالٌ لِّمَا يُرِيدُ ﴿١٠٧﴾ وَأَمَّا ٱلَّذِينَ سُعِدُوا۟ فَفِى

মা- শা— আ রাব্‌বুক; ইন্না রাব্‌বাকা ফা'য়্যালুল্লিমা- ইউরীদ। ১০৮। ওয়া আম্মাল্লাযীনা সু'ঈদূ ফাফিল
প্রতিপালক যদি কিছু ইচ্ছা করেন তা ভিন্ন কথা। আপনার প্রতিপালক যা ইচ্ছা তা-ই করেন। (১০৮) আর যারা সৌভাগ্যবান তারা থাকবে

ٱلْجَنَّةِ خَـٰلِدِينَ فِيهَا مَا دَامَتِ ٱلسَّمَـٰوَٰتُ وَٱلْأَرْضُ إِلَّا مَا شَآءَ رَبُّكَ ۖ

জ্বান্নাতি খা-লিদীনা ফীহা- মা- দা-মাতিস্‌সামা-ওয়া-তু ওয়াল্ আর্‌দু ইল্লা- মা- শা—আ রাব্‌বুক;
জান্নাতে, সেখানে তারা চিরকাল থাকবে, যতদিন পর্যন্ত আকাশ ও পৃথিবী কায়েম থাকবে। কিন্তু আপনার প্রতিপালক যদি অন্য কিছু ইচ্ছা করেন তা ভিন্ন কথা এবং এটা

عَطَآءً غَيْرَ مَجْذُوذٍ ﴿١٠٨﴾ فَلَا تَكُ فِى مِرْيَةٍ مِّمَّا يَعْبُدُ هَـٰٓؤُلَآءِ ۚ مَا يَعْبُدُونَ

'আত্বা-আন্ গাইরা মাজ্‌যূয। ১০৯। ফালা- তাকু ফী মির্‌ইয়াতিম মিম্মা- ইয়া'বুদু হা~উলা~ই, মা-ইয়া'বুদূনা
হবে অফুরন্ত দান। (১০৯) অতএব তারা যাদের উপসনা করে তাদের ব্যাপারে আপনি সন্দেহের মধ্যে থাকবেন না। তাদের উপসনা

إِلَّا كَمَا يَعْبُدُ ءَابَآؤُهُم مِّن قَبْلُ ۚ وَإِنَّا لَمُوَفُّوهُمْ نَصِيبَهُمْ غَيْرَ مَنقُوصٍ

৯ ع ৯ রুকূ

ইল্লা- কামা- ইয়া'বুদু আ-বা—উহুম্ মিন্ ক্বাব্‌ল; ওয়া ইন্না- লামুওয়াফ্‌ফূহুম নাস্বীবাহুম্ গাইরা মান্‌কূস্ব।
করা এরূপ, যেরূপ তাদের পিতৃ পুরুষগণ ইতিপূর্বে উপসনা করত। আর আমি অবশ্যই তাদের প্রাপ্য কমতি ছাড়া-ই পূর্ণভাবে দিয়ে দেব।

○ বিশ্লেষণ (আঃ ১০৭) ঃ خلدين فيها - আরবে এ বাক্যটি স্থায়ীভাবে বুঝানোর জন্য ব্যবহার করা হয়ে থাকে।

○ টীকা (আঃ ১০৭) ঃ "যে পর্যন্ত আসমান ও জমীন (ঠিক) থাকে' তা আমাদের প্রচলিত কথারই অনুরূপ ফরমায়েছেন। এর মর্ম হচ্ছে "সর্বদাই"।

○ বিশ্লেষণ (আঃ ১০৮) ঃ غير مجذوذ এর অর্থ- অবিচ্ছিন্ন। অর্থাৎ এমন পুরস্কার যা শেষ হবার নয়।

○ টীকা (আঃ ১০৯) ঃ মানব-স্বভাবের দরুন আপনি সন্দিহান না হন যে, কেন এত অধিক প্রতিমাপূজা হচ্ছে, এত অধিক সংখ্যক লোক এই ভুল কাজে কি প্রকারে একমত হল? আল্লাহ অগ্রে বুঝিয়ে দিয়েছেন– এ সব লোক মেষপালের মত একে অন্যের অন্ধ তক্বলীদ করে আসছে।

وَلَقَدْ اٰتَيْنَا مُوْسَى الْكِتٰبَ فَاخْتُلِفَ فِيْهِ ؕ وَلَوْلَا كَلِمَةٌ سَبَقَتْ مِنْ رَّبِّكَ

১১০। ওয়া লাক্বাদ আ-তাইনা- মূসাল কিতা-বা ফাখ্‌তুলিফা ফীহ; ওয়া লাওলা- কালিমাতুন সাবাক্বাত মির্‌রাব্‌বিকা
(১১০) নিশ্চয় আমি মূসাকে কিতাব প্রদান করেছি। অতঃপর তাতে মতভেদ সৃষ্টি করা হয়েছে, যদি আপনার প্রতিপালকের পক্ষ হতে পূর্বে ঘোষণা (ফয়সালা) না থাকত,

لَقُضِيَ بَيْنَهُمْ ؕ وَاِنَّهُمْ لَفِيْ شَكٍّ مِّنْهُ مُرِيْبٍ ۞ وَاِنَّ كُلًّا لَّمَّا لَيُوَفِّيَنَّهُمْ

লাক্বুদ্বিয়া বাইনাহুম; ওয়া ইন্নাহুম লাফী শাক্কিম্ মিন্‌হু মুরীব। ১১১। ওয়া ইন্না কুল্লাল্লাম্মা- লাইউওয়াফ্‌ফিয়ান্নাহুম
তবে তাদের মাঝে অবশ্যই মীমাংসা হয়ে যেত। আর তারা এতে দ্বিধাযুক্ত সন্দেহে রয়েছে। ১১১। অবশ্যই আপনার প্রতিপালক প্রত্যেককে তাদের আমলসমূহের পুরোপুরি

رَبُّكَ اَعْمَالَهُمْ ؕ اِنَّهٗ بِمَا يَعْمَلُوْنَ خَبِيْرٌ ۞ فَاسْتَقِمْ كَمَاۤ اُمِرْتَ وَمَنْ

রাব্‌বুকা আ'মা-লাহুম্; ইন্নাহূ বিমা- ইয়া'মালূনা খাবীর। ১১২। ফাস্তাক্বিম কামা~উমিরতা ওয়ামান
প্রতিফল দেবেন। নিশ্চয় তারা যা করে তিনি সে ব্যাপারে পূর্ণ খবর রাখেন। (১১২) অতএব আপনাকে যেভাবে নির্দেশ দেয়া হয়েছে তাতে দৃঢ় থাকুন এবং যারা

تَابَ مَعَكَ وَلَا تَطْغَوْا ؕ اِنَّهٗ بِمَا تَعْمَلُوْنَ بَصِيْرٌ ۞ وَلَا تَرْكَنُوْۤا اِلَى الَّذِيْنَ

তা-বা মা'আকা ওয়ালা- তাত্বগাও; ইন্নাহূ বিমা- তা'মালূনা বাস্বীর। ১১৩। ওয়া লা- তারকানূ~ইলাল্লাযীনা
আপনার সাথে ঈমান এনেছে তারাও (যেন থাকে) আর সীমা অতিক্রম করনা। নিশ্চয় আল্লাহ তোমরা যা কর সব কিছু দেখেন। (১১৩) আর তোমরা অত্যাচারীদের প্রতি

ظَلَمُوْا فَتَمَسَّكُمُ النَّارُ ۙ وَمَا لَكُمْ مِّنْ دُوْنِ اللّٰهِ مِنْ اَوْلِيَآءَ ثُمَّ لَا تُنْصَرُوْنَ ○

য্বালামূ ফাতামাস্‌সাকুমুন্‌না-রু ওয়ামা- লাকুম্ মিন্ দূনিল্লাহি মিন্ আওলিয়া—আ ছুম্মা লা-তুন্‌স্বারূন।
ঝুঁকে পড় না। অন্যথায় তোমাদেরকে অগ্নিস্পর্শ করবে এবং আল্লাহ ছাড়া তোমাদের কেউ সাহায্যকারী থাকবে না এবং তোমাদেরকে সাহায্য করা হবে না।

وَاَقِمِ الصَّلٰوةَ طَرَفَيِ النَّهَارِ وَزُلَفًا مِّنَ الَّيْلِ ؕ اِنَّ الْحَسَنٰتِ يُذْهِبْنَ

১১৪। ওয়া আক্বিমিস্ব স্বালা-তা ত্বারাফায়িন্‌নাহা-রি ওয়া যুলাফাম্ মিনাল্লাইল; ইন্নাল্ হ্বাসানা-তি ইউযহিব্‌নাস
(১১৪) আর তোমরা যথাযথভাবে সালাত কায়েম করবে দিনের দু'প্রান্তভাগে এবং রাতের প্রথম ভাগে। নিশ্চয় নেক আমল মিটিয়ে দেয়

السَّيِّاٰتِ ؕ ذٰلِكَ ذِكْرٰى لِلذّٰكِرِيْنَ ۞ وَاصْبِرْ فَاِنَّ اللّٰهَ لَا يُضِيْعُ اَجْرَ

সাইয়িআত; যা-লিকা যিক্‌রা- লিয্‌যা-কিরীন। ১১৫। ওয়াস্বিবির্ ফাইন্নাল্লা-হা লা- ইউদ্বী'উ আজ্‌রাল্
খারাপ আমলকে। উপদেশ গ্রহণকারীদের জন্য এ এক উপদেশ। (১১৫) আপনি ধৈর্য ধারণ করুন, নিশ্চয় আল্লাহ নেককারদের প্রতিদান মোটেই নষ্ট

الْمُحْسِنِيْنَ ۞ فَلَوْلَا كَانَ مِنَ الْقُرُوْنِ مِنْ قَبْلِكُمْ اُولُوْا بَقِيَّةٍ يَّنْهَوْنَ عَنِ

মুহ্বসিনীন। ১১৬। ফালাও লা- কা-না মিনাল্ কুরূনি মিন্ ক্বাব্‌লিকুম উলূ বাক্বীয়্যাতিইঁ ইয়ান্‌হাওনা 'আনিল্
করবেন না। (১১৬) সুতরাং তোমাদের পূর্ববর্তী লোকদের মধ্যে এমন ভাল লোক ছিল না– যারা পৃথিবীতে বিশৃংখলা সৃষ্টি করতে বাধা

○ বিশ্লেষণ (আঃ ১১০) ঃ ولولا كلمة - এ আয়াতের অর্থ যদি আল্লাহ তায়ালা প্রথমেই তাদের জন্য শাস্তি দেয়ার একটি সময় নির্ধারিত না করে রাখতেন, তবে ঝটপট তাদেরকে ধ্বংস করে দিতেন। (কুঃ কারীম) ○ বিশ্লেষণ (আঃ ১১৪) ঃ اقم الصلوة - দিনের প্রথমভাগের সালাত ফজর এবং দিনের শেষ ভাগের সালাত, জোহর ও আসর। রাতের প্রথমভাগের সালাত মাগরিব ও এশা। (তাঃ কাদেরী) ○ টীকা (আঃ ১১৪) ঃ "দিনের দুই প্রান্ত" অর্থে কেউ কেউ ফজরের ও আছরের নামায বলেছেন। আবার কেউ কেউ মনে করেন, "দুই প্রান্ত" বলতে দিনের দু'টি অংশে বুঝায়। প্রথম অংশে ফজরের নামায, আর দ্বিতীয় অংশে যোহর ও আছরের নামায। আর রাত্রির অংশে রয়েছে মাগরিব ও এশার নামায। এই দ্বিতীয় অর্থে আয়াতটিতে পাঁচ ওয়াক্তের নামাযের প্রতিই ইঙ্গিত রয়েছে। আর প্রথম অর্থে যোহর ব্যতীত চার ওয়াক্তের নামাযের উল্লেখ রয়েছে এবং সূরায়ে রুমের ১৮নং আয়াতের 'হ্বীনা তুয্‌হিরূন' শব্দে যোহরের উল্লেখ রয়েছে। (বঃ কোঃ)

الْفَسَادِ فِى الْاَرْضِ اِلَّا قَلِيْلًا مِّمَّنْ اَنْجَيْنَا مِنْهُمْ ۚ وَاتَّبَعَ الَّذِيْنَ ظَلَمُوْا

ফাসা-দি ফিল্ আরদ্বি ইল্লা- ক্বালীলাম মিম্মান্ আন্‌জ্বাইনা- মিন্‌হুম, ওয়াত্তাবা'আল্‌লাযীনা য্বালামূ
প্রদান করত, শুধু অল্প সংখ্যক লোক ব্যতীত, যাদেরকে আমি তাদের মধ্য হতে নাজাত দিয়েছিলাম। আর অত্যাচারীরা তারই অনুসরণ

مَاۤ اُتْرِفُوْا فِيْهِ وَكَانُوْا مُجْرِمِيْنَ ۞ وَمَا كَانَ رَبُّكَ لِيُهْلِكَ الْقُرٰى بِظُلْمٍ

মা~উত্‌রিফূ ফীহি ওয়া কা-নূ মুজ্‌রিমীন। ১১৭। ওয়ামা- কা-না রাব্‌বুকা লিইউহ্‌লিকাল কুরা- বিযুল্‌মিওঁ
করত যার মধ্যে বিলাসিতা পেত এবং তারা ছিল পাপী। (১১৭) আপনার প্রতিপালক এমন নন যে, কোন জনপদকে অন্যায়ভাবে ধ্বংস করবেন, অথচ সেখানকার বাসিন্দারা

وَّاَهْلُهَا مُصْلِحُوْنَ ۞ وَلَوْ شَآءَ رَبُّكَ لَجَعَلَ النَّاسَ اُمَّةً وَّاحِدَةً وَّلَا يَزَالُوْنَ

ওয়া আহ্‌লুহা- মুস্বলিহূন। ১১৮। ওয়া লাও শা—আ রাব্‌বুকা লাজ্বা'আলান্ না-সা উম্মাতাওঁ ওয়াহ্বিদাতাওঁ ওয়ালা- ইয়াযা-লূনা
হবে নেককার। (১১৮) যদি আপনার প্রতিপালক ইচ্ছা করতেন, তবে সব মানুষকে একই দলে শামিল করে দিতে পারতেন। তারাতো সর্বদা পারস্পরিক বিভেদ করতেই

مُخْتَلِفِيْنَ ۞ اِلَّا مَنْ رَّحِمَ رَبُّكَ ؕ وَلِذٰلِكَ خَلَقَهُمْ ؕ وَتَمَّتْ كَلِمَةُ رَبِّكَ

মুখ্‌তালিফীন। ১১৯। ইল্লা- মার্ রাহ্বিমা রাব্‌বুক; ওয়া লিযালিকা খালাক্বাহুম; ওয়া তাম্মাত্ কালিমাতু রাব্‌বিকা
থাকবে। (১১৯) তবে তারা ব্যতীত, যাদের উপর আপনার প্রতিপালক অনুগ্রহ করেছেন, আর তাদেরকেতো সে উদ্দেশ্যেই তিনি সৃষ্টি করেছেন। এবং আপনার প্রতিপালকের

لَاَمْلَئَنَّ جَهَنَّمَ مِنَ الْجِنَّةِ وَالنَّاسِ اَجْمَعِيْنَ ۞ وَكُلًّا نَّقُصُّ عَلَيْكَ مِنْ اَنْۢبَآءِ

লাআম্‌লাআন্না জ্বাহান্নামা মিনাল্ জ্বিন্নাতি ওয়ান্না-সি আজ্‌মা'ঈন। ১২০। ওয়া কুল্লান্ নাকুস্বসু 'আলাইকা মিন্ আম্‌বা—য়ির্
একথাও পূর্ণ হবে যে, "আমি জ্বীন ও মানুষ উভয় দ্বারা জাহান্নাম অবশ্যই পূর্ণ করব"। (১২০) আমি রাসূলগণের সকল অবস্থা আপনার

الرُّسُلِ مَا نُثَبِّتُ بِهٖ فُؤَادَكَ ۚ وَجَآءَكَ فِيْ هٰذِهِ الْحَقُّ وَمَوْعِظَةٌ وَّذِكْرٰى

রুসুলি মা- নুছাব্‌বিতু বিহী ফুওয়াদাক, ওয়া জ্বা~আকা ফী হা-যিহিল হ্বাক্কু ওয়া মাও'ইজ্বাতুওঁ ওয়া যিক্‌রা-
কাছে বর্ণনা করি আপনার অন্তরকে দৃঢ় করার জন্য, এবং এর মাধ্যমে আপনার কাছে সত্য বিষয় এসেছে এবং মুমিনদের জন্য এসেছে উপদেশ

لِلْمُؤْمِنِيْنَ ۞ وَقُلْ لِّلَّذِيْنَ لَا يُؤْمِنُوْنَ اعْمَلُوْا عَلٰى مَكَانَتِكُمْ ؕ اِنَّا عٰمِلُوْنَ ○

লিল্‌মু'মিনীন। ১২১। ওয়া কুল্ লিল্লাযীনা লা- ইউ'মিনূনা'মালূ 'আলা- মাকা-নাতিকুম্; ইন্না- 'আ-মিলূন।
ও সাবধান বাণী। (১২১) আর যারা ঈমান আনেনি তাদেরকে বলুন, তোমরা তোমাদের মতে কাজ করে যাও, আমরাও আমাদের মতে কাজ করছি।

۞ وَانْتَظِرُوْا ۚ اِنَّا مُنْتَظِرُوْنَ ۞ وَلِلّٰهِ غَيْبُ السَّمٰوٰتِ وَالْاَرْضِ وَاِلَيْهِ يُرْجَعُ

১২২। ওয়ান্‌তাজ্বিরূ ইন্না- মুন্‌তাজ্বিরূন। ১২৩। ওয়ালিল্লা-হি গাইবুস্ সামা-ওয়া-তি ওয়াল্ আরদ্বি ওয়া ইলাইহি ইউরজ্বা'উল
(১২২) তোমরা প্রতিক্ষা কর আমরাও প্রতিক্ষা করছি। (১২৩) আকাশ ও পৃথিবীর অদৃশ্যের খবর একমাত্র আল্লাহই জানেন এবং তাঁর নিকটেই সকল বিষয়ের

○ টীকা (আঃ ১১৭) ঃ সারকথা এই যে, তাদের মধ্যে ব্যাপকভাবে নাফরমানী চলছিল এবং বাধা দানের মত লোকও ছিল না। কাজেই শাস্তিও ব্যাপকভাবে আসল। তারা সকলে কাফির হলেও যদি কিছু সংখ্যক লোক এই অনাচার প্রতিরোধ করত, তবে কুফরীর জন্য শাস্তি ব্যাপকভাবে আসত না। আর যারা অনাচারও করেছে, তাদের জন্য স্বতন্ত্ররূপে আযাব আসত; কিন্তু এখন বাধা না দেয়ায় সকলের প্রতিই সমান আযাব আসছে। (বঃ কোঃ)
○ টীকা (আঃ ১২০) ঃ কোরআনের সমস্ত আয়াতেরই অবিচ্ছেদ্য গুণ। তদুপরি এ আয়াতগুলোতে অতিরিক্ত গুণ এই যে, তা শ্রোতামণ্ডলীর জন্য উপদেশ এবং স্মৃতি বিজড়িত। অতএব, এ আয়াতগুলো উপদেশ হিসাবে শ্রোতাদের মনে ভয়ের উদ্রেক করছে এবং স্মারক হিসাবে তাদের সম্মুখে ভবিষ্যতের কর্ম পন্থা পেশ করছে। (বঃ কোঃ)

الأمر كله فاعبده وتوكل عليه ۚ وما ربك بغافل عما تعملون ۝

আমরু কুল্লুহূ ফা'বুদ্হু ওয়া তাওয়াক্কাল্ 'আলাইহ্; ওয়ামা- রাব্বুকা বিগা-ফিলিন 'আম্মা- তা'মালূন।
প্রত্যাবর্তন। অতএব তাঁরই ইবাদাত কর এবং তাঁর উপরই ভরসা কর। তোমরা যা কিছু কর সে বিষয় আল্লাহ বেখবর নন।

১০ ৫৪ ১০ রুকূ

সূরা ইয়ূসুফ মক্কী

بسم الله الرحمن الرحيم

বিসমিল্লা-হির রাহ্মা-নির রাহীম

পরম দাতা ও দয়ালু আল্লাহ্র নামে শুরু করছি

আয়াত ঃ ১১১ রুকূ ঃ ১২

الر ۚ تلك آيات الكتاب المبين ۝١ إنا أنزلناه قرآنا عربيا لعلكم

১। আলিফ লা~ম রা- তিলকা আ-ইয়া-তুল্ কিতা-বিল্ মুবীন। ২। ইন্না~আন্‌যাল্না-হু কুরআ-নান 'আরাবিয়্যাল লা'আল্লাকুম
(১) আলিফ লা- ম রা-; এগুলো সুস্পষ্ট কিতাবের আয়াত। (২) নিশ্চয় আমি এ কুরআন আরবী ভাষায় অবতীর্ণ করেছি। যাতে

تعقلون ۝٢ نحن نقص عليك أحسن القصص بما أوحينا إليك هذا

তা'ক্বিলূন। ৩। নাহ্নু নাক্বুস্সু 'আলাইকা আহ্সানাল্ ক্বাসাসি বিমা-আওহাইনা~ইলাইকা হা-যাল্
তোমরা বুঝতে পার। (৩) ওহীর মাধ্যমে আমি আপনার নিকট উত্তম কাহিনী বর্ণনা করছি এই কুরআন প্রেরণ করতঃ,

القرآن ۖ وإن كنت من قبله لمن الغافلين ۝٣ إذ قال يوسف لأبيه

কুরআ-ন, ওয়া ইন্ কুন্তা মিন্ ক্বাব্লিহী লামিনাল্ গা-ফিলীন। ৪। ইয ক্বা-লা ইউসুফু লিআবীহি
এবং এর পূর্বে আপনি এ বিষয় অনবহিত ছিলেন। (৪) যখন ইউসুফ তাঁর পিতাকে বললেন,

يا أبت إني رأيت أحد عشر كوكبا والشمس والقمر رأيتهم لي ساجدين

ইয়া~আ-বাতি ইন্নী রাআইতু আহ্দা 'আশারা কাওকাবাওঁ ওয়াশ্ শাম্সা ওয়াল ক্বামারা রাআইতুহুম্ লী সা-জিদীন।
হে আব্বাজান! নিশ্চয় আমি (স্বপ্নে) এগারটি তারকা এবং সূর্য ও চন্দ্রকে দেখেছি, তারা আমাকে সিজদা করছে।

۝٤ قال يا بني لا تقصص رؤياك على إخوتك فيكيدوا لك كيدا ۖ إن الشيطان

৫। ক্বা-লা ইয়া- বুনাইয়্যা লা- তাক্বসুস্ রু'ইয়া-কা 'আলা~ইখ্ওয়াতিকা ফাইয়াকীদূ লাকা কাইদা-; ইন্নাশ্ শাইত্বা-না
(৫) তিনি বললেন, হে আমার ছেলে! তোমার এ স্বপ্নের কথা তোমার ভাইদের কাছে বর্ণনা করনা। হতে পারে, তারা তোমার বিরুদ্ধে ষড়যন্ত্র করবে।

للإنسان عدو مبين ۝٥ وكذلك يجتبيك ربك ويعلمك من تأويل

লিল্ ইন্সা-নি 'আদুওওম্ মুবীন। ৬। ওয়া কাযা-লিকা ইয়াজ্তাবীকা রাব্বুকা ওয়া ইউ'আল্লিমুকা মিন্ তা'ওয়ীলিল্
নিশ্চয় শয়তান মানুষের প্রকাশ্য দুশমন। (৬) এভাবে তোমাকে তোমার প্রতিপালক মনোনীত করবেন এবং তোমাকে স্বপ্নের তাৎপর্য শিখাবেন এবং নিজ

○ শানে নুযূল (আঃ ১) ঃ ইবনে আব্বাস (রা) কর্তৃক বর্ণিত আছে যে, কতিপয় সাহাবী হুযূর (সা)-এর সমীপে এসে কিচ্ছা শুনতে চাইলে তখন সূরা-ইউসুফ নাযিল হয়। ইবনে আব্বাস (রা) আরো বলেছেন, ইহুদীরা পরীক্ষামূলকভাবে হুযূর (সা)-কে ইউসুফ (আ) ও তাঁর ভাইদের ঘটনা জিজ্ঞাসা করলে এই সূরাটি নাযিল হয়। (বঃ কোঃ) ○ টীকা (আঃ ৩) ঃ এতে পরস্পর সম্পর্কবিশিষ্ট কতিপয় বিষয়ের সমাবেশ হচ্ছে। এ জন্য এটাকে 'আহ্সানুল কাছাছ' বলা হয়েছে। (বঃ কোঃ) ○ বিশ্লেষণ (আঃ ৪) ঃ انی رایت - মুফাস্সিরগণ বলেন, এগারটি তারকা দ্বারা বুঝানো হয়েছে হযরত ইউসুফের (আ) এগার ভাইকে এবং চন্দ্র ও সূর্য দ্বারা তাঁর পিতা ও মাতাকে বুঝানো হয়েছে এবং স্বপ্নের বাস্তবায়ন হয়েছে চল্লিশ অথবা আশি বছর পর। যখন সে এগার ভাই পিতা-মাতাসহ মিশর গিয়েছিল এবং সেখানে সে ভাইয়েরা ইউসুফের (আ) সামনে সিজদায় পড়েছিল। (কুঃ কারীম)

الأحاديث ويتم نعمته عليك وعلى آل يعقوب كما أتمها على أبويك

আহা-দীছি ওয়া ইউতিম্মু নি'মাতাহূ 'আলাইকা ওয়া 'আলা~আ-লি ইয়া'ক্বূবা কামা~আতাম্মাহা- 'আলা~আবাওয়াইকা
নেয়ামত দ্বারা তোমাকে পরিপূর্ণ করবেন এবং ইয়াকুবের পরিবার পরিজনের প্রতিও তার অনুগ্রহ পূর্ণ করবেন, যেভাবে তিনি এর পূর্বে তোমার পিতৃপুরুষ

من قبل إبراهيم وإسحاق ۚ إن ربك عليم حكيم ۝٦ لقد كان في يوسف

মিন্ ক্বাব্লু ইব্রা-হীমা ওয়া ইস্হা-ক্ব; ইন্না রাব্বাকা 'আলীমুন হাকীম। ৭। লাক্বাদ্ কা-না ফী ইউসুফা
ইব্রাহীম ও ইসহাকের উপরও তা পূর্ণ করেছিলেন। নিশ্চয় আপনার প্রতিপালক বিজ্ঞ ও প্রজ্ঞাময়। (৭) নিশ্চয় ইউসুফ ও তাঁর ভাইদের

১ ৩৫ ১১ রুকূ

وإخوته آيات للسائلين ۝٧ إذ قالوا ليوسف وأخوه أحب إلى أبينا

ওয়া ইখ্ওয়াতিহী~আ-ইয়া-তুল লিস্ সা~য়িলীন। ৮। ইয ক্বা-লূ লাইউসুফু ওয়া আখূহু আহাব্বু ইলা~আবীনা-
কাহিনীতে প্রশ্নকারীদের জন্য নিদর্শনাবলী রয়েছে। (৮) স্মরণ করুন! যখন তারা বলেছিল, ইউসুফ এবং তাঁর (আপন) ভাই আমাদের পিতার কাছে

منا ونحن عصبة إن أبانا لفي ضلال مبين ۝٨ اقتلوا يوسف أو اطرحوه أرضا

মিন্না- ওয়া নাহ্নু 'উস্বাহ্; ইন্না আবা-না- লাফী দ্বালা-লিম্ মুবীন। ৯। উক্বতুলূ ইউসুফা আওয়িত্বরাহূহু আরদ্বাই
আমাদের চেয়ে অধিক প্রিয়। অথচ আমরা শক্তিশালী দল। নিশ্চয় আমাদের পিতা স্পষ্ট ভ্রান্তির মধ্যে রয়েছেন। (৯) ইউসুফকে মেরে ফেল অথবা তাঁকে কোন

يخل لكم وجه أبيكم وتكونوا من بعده قوما صالحين ۝٩ قال

ইয়াখ্লু লাকুম ওয়াজ্হু আবীকুম্ ওয়া তাকূনূ মিম্বা'দিহী ক্বাওমান স্বা-লিহীন। ১০। ক্বা-লা
স্থানে ফেলে আস। তবে তোমাদের পিতার মনোযোগ শুধু তোমাদের প্রতিই থাকবে এবং পরে তোমরা সৎ সম্প্রদায় বলে গন্য হবে। (১০) তাদের মধ্যে

قائل منهم لا تقتلوا يوسف وألقوه في غيابت الجب يلتقطه بعض

ক্বা-য়িলুম মিন্হুম লা- তাক্বতুলূ ইউসুফা ওয়াআল্ক্বূহু ফী গায়া-বাতিল্জুব্বি ইয়াল্তাক্বিত্বহু বা'দ্বুস্
একজন বলল, ইউসুফকে হত্যা কর না, বরং তাঁকে কোন গভীর কূপে ফেলে দাও, যাতায়াতকারী কোন কাফেলা তাকে তুলে নিয়ে যাবে। যদি তোমরা কিছু

السيارة إن كنتم فاعلين ۝١٠ قالوا يا أبانا ما لك لا تأمنا على يوسف وإنا له

সাইয়্যা-রাতি ইন্ কুন্তুম্ ফা-'য়িলীন। ১১। ক্বা-লূ ইয়া~আবা-না- মা- লাকা লা- তা' মান্না- 'আলা- ইউসুফা ওয়া ইন্না- লাহূ
করতেই চাও, তবে এরূপ কর। (১১) তারা বলল, হে আমাদের পিতা! আপনার কি হল যে, ইউসুফের ব্যাপারে আমাদেরকে বিশ্বাস করছেন না? অথচ আমরা তার

لناصحون ۝١١ أرسله معنا غدا يرتع ويلعب وإنا له لحافظون ۝١٢ قال

লানা-স্বিহূন। ১২। আর্সিল্হু মা'আনা- গাদাই ইয়ার্তা' ওয়া ইয়াল্'আব ওয়া ইন্না- লাহূ লাহা-ফিজূন। ১৩। ক্বা-লা
কল্যাণকামী। (১২) আপনি আগামীকাল তাঁকে আমাদের সাথে যেতে দিন। সেখানে সে পরিতৃপ্তভাবে খাবে ও খেলা করবে এবং আমরা তার হেফাজত করবই। (১৩) তিনি

○ টীকা (আঃ ৯) ঃ অর্থাৎ, আমাদের পিতা ইউসূফকে অধিক স্নেহ করেন। কাজেই ইউসূফ থাকতে আমাদের প্রতি পিতার মনোভাবের পরিবর্তনের কোনই আশা নেই। এই কন্টক দূর করতেই হবে, তবে পিতার স্নেহ ও আমাদের মতলব হাসিল হবে। (বঃ কোঃ)
○ টীকা (আঃ ১০) ঃ ভ্রাতাদের মধ্যে একজন বলল, তাকে হত্যা করো না। অবশ্য তাকে দূরদেশে ফেলে আসতে পার। এই উদ্দেশ্যে সম্প্রতি তাকে লোক চলাচল পথের ধারে স্বল্প পানি বিশিষ্ট কোন গভীর কূপে ফেলে আস। সর্বসম্মতিক্রমে এই সিদ্ধান্ত করে তারা পিতার নিকট গমন করল এবং ইউসূফ (আ)-কে তাদের সঙ্গে বেড়াতে যাওয়ার অনুমতি প্রার্থনা করল। তিনি রাযী হলেন না। অবশেষে তারা ইউসূফ (আ)-কে প্রলুব্ধ করলে তিনি ভাইদের সঙ্গে যাওয়ার জন্য পিতাকে পীড়াপীড়ি করলেন। অগত্যা ইয়াকূব (আ) ইউসূফ (আ)-কে অনুমতি দিলেন। (বঃ কোঃ)

إِنِّي لَيَحْزُنُنِي أَنْ تَذْهَبُوا بِهِ وَأَخَافُ أَنْ يَأْكُلَهُ الذِّئْبُ وَأَنْتُمْ

ইন্নী লাইয়াহ্যুনুনী~আন্ তাযহাবূ বিহী ওয়া আখা-ফু আইঁ ইয়া'কুলাহুয যি'বু ওয়া আন্তুম্

বললেন, তাঁকে তোমাদের নিয়ে যাওয়া আমাকে চিন্তান্বিত করবে এবং আমি এ ভয়ও করছি যে, তাঁকে বাঘে খেয়ে ফেলবে, আর তোমরা তার থেকে

عَنْهُ غَافِلُونَ ﴿١٣﴾ قَالُوا لَئِنْ أَكَلَهُ الذِّئْبُ وَنَحْنُ عُصْبَةٌ إِنَّا إِذًا لَخَاسِرُونَ

'আন্হু গা-ফিলূন। ১৪। ক্বা-লূ লাইন্ আকালাহুযযি'বু ওয়া নাহ্নু 'উস্বাতুন ইন্না~ইযাল্লাখা-সিরূন।

অমনোযোগী থাকবে। (১৪) তারা বলল, আমাদের মত এতবড় একটি শক্তিশালী দলের উপস্থিতিতেও যদি তাঁকে বাঘ খেয়ে ফেলে, তখন আমরা অনিষ্টকারীই হয়ে যাব।

﴿١٤﴾ فَلَمَّا ذَهَبُوا بِهِ وَأَجْمَعُوا أَنْ يَجْعَلُوهُ فِي غَيَابَتِ الْجُبِّ وَأَوْحَيْنَا

১৫। ফালাম্মা- যাহাবূ বিহী ওয়া আজ্মা'উ~আইঁ ইয়াজ্'আলূহু ফী গায়া-বাতিল্ জুব্বি, ওয়া আওহ্বাইনা~

(১৫) যখন তারা তাঁকে নিয়ে গেল এবং সকলে মিলে সংকল্প করল যে তাঁকে গভীর কূপে নিক্ষেপ করবে। তখন আমি তাকে ওহীর মাধ্যমে জানিয়ে দিলাম,

إِلَيْهِ لَتُنَبِّئَنَّهُمْ بِأَمْرِهِمْ هَٰذَا وَهُمْ لَا يَشْعُرُونَ ﴿١٥﴾ وَجَاءُوا أَبَاهُمْ عِشَاءً

ইলাইহি লাতুনাব্বিআন্নাহুম বিআম্‌রিহিম্ হা-যা- ওয়া হুম্ লা- ইয়াশ'উরূন। ১৬। ওয়া জ্বা—উ আবা~হুম্ 'ইশা-আই

আপনি অবশ্যই তাদের এ বিষয় তাদেরকে অবহিত করবেন যখন তারা আপনাকে চিনবে না। (১৬) অতঃপর তারা সন্ধ্যা রাতে তাদের পিতার কাছে

يَبْكُونَ ﴿١٦﴾ قَالُوا يَا أَبَانَا إِنَّا ذَهَبْنَا نَسْتَبِقُ وَتَرَكْنَا يُوسُفَ عِنْدَ مَتَاعِنَا

ইয়াব্‌কূন। ১৭। ক্বা-লূ ইয়া~আবা-না-~ইন্না- যা-হাব্‌না- নাস্তাবিক্বু ওয়া তারাক্‌না- ইউসুফা 'ইনদা মাতা-'য়িনা-

কাঁদতে কাঁদতে ফিরে এল। (১৭) তারা বলল, হে আমাদের পিতা! আমরা দৌড়ে প্রতিযোগিতা করেছিলাম এবং ইউসুফকে আমাদের মালপত্রের কাছে একা রেখে

فَأَكَلَهُ الذِّئْبُ ۖ وَمَا أَنْتَ بِمُؤْمِنٍ لَنَا وَلَوْ كُنَّا صَادِقِينَ ﴿١٧﴾ وَجَاءُوا عَلَىٰ قَمِيصِهِ

ফাআকালাহুয যি'ব, ওয়া মা~আন্‌তা বিমু'মিনিল্ লানা- ওয়া লাওকুন্না স্বা-দিক্বীন। ১৮। ওয়া জা—উ 'আলা- ক্বামীস্বিহী

গিয়েছিলাম। ইত্যবসরে বাঘ তাঁকে খেয়ে ফেলেছে। আপনি তো আমাদের কথা বিশ্বাস করবেন না। যদিও আমরা সত্যবাদী হয়ে থাকি। (১৮) এবং তারা ইউসুফের

بِدَمٍ كَذِبٍ ۚ قَالَ بَلْ سَوَّلَتْ لَكُمْ أَنْفُسُكُمْ أَمْرًا ۖ فَصَبْرٌ جَمِيلٌ ۖ وَاللَّهُ

বিদামিন কাযিব ; ক্বা-লা বাল্ সাওয়্যালাত্ লাকুম্ আন্‌ফুসুকুম্ আম্‌রা-; ফাস্বাব্‌রুন জ্বামীল ; ওয়াল্লা-হুল্

জামায় কৃত্রিম রক্ত মেখে এনেছিল। তিনি বললেন, না বরং তোমাদের মন থেকে তোমরা একটি কথা বানিয়ে নিয়েছ। ধৈর্যই আমার জন্য উত্তম। তোমাদের বানানো

الْمُسْتَعَانُ عَلَىٰ مَا تَصِفُونَ ﴿١٨﴾ وَجَاءَتْ سَيَّارَةٌ فَأَرْسَلُوا وَارِدَهُمْ فَأَدْلَىٰ

মুস্তা'আ-নু 'আলা- মা- তাস্বিফূন। ১৯। ওয়া জ্বা— আত্ সাইয়্যা-রাতুন্ ফাআর্‌সালূ ওয়া-রিদাহুম ফাআদলা-

কথার ব্যাপারে আল্লাহই সাহায্য দাতা। (১৯) আর একটি কাফেলা সেখানে আসল, তারা তাদের পানি সংগ্রহকারীকে প্রেরণ করল। সে তার বালতি (কূপে)

০ বিশ্লেষণ (আঃ ১৮) ঃ بدم كذب - (কৃত্রিম রক্ত) অর্থাৎ ইউসূফের (আ) ভাইয়েরা একটি বকরী যবেহ করে তার রক্ত ইউসূফের (আ) জামায় মেখে নিয়ে এসেছিল। ০ বিশ্লেষণ (আঃ ১৯) ঃ واردهم - অর্থ (তাদের পানি সংগ্রাহক) وارد সে ব্যক্তিকে বলে, যে কাফেলার জন্য পানি ও অন্যান্য জিনিসের ব্যবস্থা করার উদ্দেশ্যে সবার আগে চলে। যাতে তারা কাফেলাকে যথাস্থানে থামাতে পারে। এ পানি সংগ্রাহক যখন কুয়ার কাছে পানি নেয়ার উদ্দেশ্যে সর্ব প্রথম আসল এবং বালতি নীচে ফেলল, তখন ইউসূফ (আ) বালতির রশি ধরে ফেলল। ওয়ারেদ (পানি সংগ্রাহক) সুশ্রী বালক দেখে খুব খুশী হল।

دَلْوَهُ ۖ قَالَ يَا بُشْرَىٰ هَٰذَا غُلَامٌ ۚ وَأَسَرُّوهُ بِضَاعَةً ۚ وَاللَّهُ عَلِيمٌ بِمَا يَعْمَلُونَ

দাল্‌ওয়াহ্; ক্বা-লা ইয়া- বুশ্‌রা- হা-যা- গুলা-মুন; ওয়া আসারূহু বিদ্বা-আহ; ওয়াল্লা-হু 'আলীমুম্ বিমা- ইয়া'মালূন।

ফেলল। তখন সে বলল, বাহ! খুশীর বিষয়! এতো একটি উত্তম বালক, তারা তাঁকে (পণ্য দ্রব্য) রূপে গোপন রাখল। তারা যা করছিল সে ব্যাপারে আল্লাহ অবহিত ছিলেন।

২ ৫৪ ১২ রুকু

﴿١٩﴾ وَشَرَوْهُ بِثَمَنٍ بَخْسٍ دَرَاهِمَ مَعْدُودَةٍ ۚ وَكَانُوا فِيهِ مِنَ الزَّاهِدِينَ ﴿٢٠﴾ وَقَالَ

২০। ওয়া শারাওহু বিছামানিম্ বাখ্‌সিন্ দারা-হিমা মা'দূদাহ; ওয়া কা-নূ ফীহি মিনায যা-হিদীন। ২১। ওয়া ক্বা-লা

(২০) তারা তাঁকে মাত্র কতিপয় দেরহামের বিনিময় সস্তা মূল্যে বিক্রি করল এবং তারা ছিল তাঁর ব্যাপারে অনাগ্রহী। (২১) আর মিশরের যে ব্যক্তি

الَّذِي اشْتَرَاهُ مِنْ مِصْرَ لِامْرَأَتِهِ أَكْرِمِي مَثْوَاهُ عَسَىٰ أَنْ يَنْفَعَنَا أَوْ نَتَّخِذَهُ

ল্লাযীশ তারা-হু মিম্‌মিস্বরা লিম্‌রাআতিহী~আক্‌রিমী মাছ ওয়া-হু 'আসা~আইঁ ইয়ান্‌ফা'আনা~আও নাত্তাখিযাহূ

তাঁকে ক্রয় করেছিল সে তার স্ত্রীকে বলল, একে খুব মর্যাদার সাথে রাখ। হতে পারে, এ আমাদের উপকারে আসবে। অথবা তাঁকে আমরা আমাদের

وَلَدًا ۚ وَكَذَٰلِكَ مَكَّنَّا لِيُوسُفَ فِي الْأَرْضِ وَلِنُعَلِّمَهُ مِنْ تَأْوِيلِ الْأَحَادِيثِ ۚ

ওয়ালাদা-; ওয়া কাযা-লিকা মাক্কান্না- লিইউসুফা ফিল্ আর্‌দ্বি ওয়ালিনু'আল্লিমাহূ মিন্ তা'বীলিল আহ্বা-দীছ;

পুত্র বানিয়ে নেব। এভাবে আমি ইউসুফকে মিশরের ভূমিতে প্রতিষ্ঠিত করলাম। যাতে আমি তাঁকে স্বপ্নের কিছু ব্যাখ্যা শিক্ষা দিতে পারি।

وَاللَّهُ غَالِبٌ عَلَىٰ أَمْرِهِ وَلَٰكِنَّ أَكْثَرَ النَّاسِ لَا يَعْلَمُونَ ﴿٢١﴾ وَلَمَّا بَلَغَ أَشُدَّهُ

ওয়াল্লা-হু গা-লিবুন 'আলা~আমরিহী ওয়া লা-কিন্না আক্‌ছারান্‌না-সি লা-ইয়া'লামূন। ২২। ওয়া লাম্মা- বালাগা আশুদ্দাহূ~

আল্লাহ তাঁর কার্য সম্পাদনে প্রভাবশালী। কিন্তু অধিকাংশ মানুষ তা জানে না। (২২) তিনি (ইউসুফ) যখন বয়সের দিক দিয়ে পূর্ণতায় পৌছলেন,

آتَيْنَاهُ حُكْمًا وَعِلْمًا ۚ وَكَذَٰلِكَ نَجْزِي الْمُحْسِنِينَ ﴿٢٢﴾ وَرَاوَدَتْهُ الَّتِي هُوَ

আ-তাইনা-হু হুক্‌মাওঁ ওয়া 'ইল্‌মা-; ওয়া কাযা-লিকা নাজ্‌যীল্ মুহ্‌সিনীন। ২৩। ওয়া রা-ওদাত্‌হুল্‌লাতী হুওয়া

তখন আমি তাঁকে হিকমত ও ইলম দান করলাম। আর আমি এভাবে পুণ্যবানদের প্রতিদান দিয়ে থাকি। (২৩) তিনি যে রমণীর গৃহে ছিলেন সে (রমণী)

فِي بَيْتِهَا عَنْ نَفْسِهِ وَغَلَّقَتِ الْأَبْوَابَ وَقَالَتْ هَيْتَ لَكَ ۚ قَالَ مَعَاذَ اللَّهِ ۖ

ফী বাইতিহা- 'আন্‌নাফ্‌সিহী ওয়া গাল্লাক্বাতিল্ আব্‌ওয়া-বা ওয়াক্বা-লাত্ হাইতা লাক; ক্বা-লা মা 'আ-যাল্লা-হি

তাঁকে অসৎ উদ্দেশ্য সাধনের জন্য প্ররোচনা দিতে লাগল এবং দরজাগুলো বন্ধ করে দিল এবং বলল, এদিকে এসো, ইউসুফ বললেন, আমি আল্লাহর কাছে আশ্রয় চাই।

إِنَّهُ رَبِّي أَحْسَنَ مَثْوَايَ ۖ إِنَّهُ لَا يُفْلِحُ الظَّالِمُونَ ﴿٢٣﴾ وَلَقَدْ هَمَّتْ بِهِ ۖ

ইন্নাহূ রাব্বী~আহ্‌সানা মাছ্‌ওয়া-ই; ইন্নাহূ লা- ইউফ্‌লিহুয্ য্বা-লিমূন। ২৪। ওয়া লাক্বাদ্ হাম্মাত্ বিহী'

নিশ্চয় তিনি (তোমার স্বামী) আমার মুরব্বী, তিনি আমাকে সসম্মানে থাকার ব্যবস্থা করেছেন। অন্যায়কারীগণ কখনো সফল হয় না। (২৪) সে (রমণী) তাঁর প্রতি আকৃষ্ট

০ বিশ্লেষণ (আঃ ২০) ঃ شروه - (তাঁকে তারা বিক্রি করল)- ভাইগণ অথবা কাফের লোকেরা।

০ বিশ্লেষণ (আঃ ২১) ঃ كذالك مكنا - (এমনিভাবে) অর্থাৎ যেভাবে ইউসূফকে (আ) কুয়া থেকে অত্যাচারী ভাইদের থেকে নাজাত দিয়েছি এমনিভাবে আমি ইউসূফকে (আ) মিশরের ভূমিতে সু-প্রতিষ্ঠিত করেছি। (কুঃ কারীম) ০ বিশ্লেষণ (আঃ ২২) ঃ بلغ اشده - (পূর্ণতায় পৌছল) অর্থাৎ আঠার অথবা বাইশ বছর বয়সে পৌছল। কারো মতে, ত্রিশ অথবা চল্লিশ বছর বয়সের মাঝখানে। (তাঃ কাদেরী)

حكما وعلما - হিকমত দ্বারা "নবুওয়াত" অথবা নবুওয়াতের পূর্বজ্ঞান এবং 'ইলম' দ্বারা দ্বীনি জ্ঞান বুঝানো হয়েছে। (কুঃ কারীম)

وَهَمَّ بِهَا لَوْلَآ اَنْ رَّاٰ بُرْهَانَ رَبِّهٖ ؕ كَذٰلِكَ لِنَصْرِفَ عَنْهُ السُّوْٓءَ وَالْفَحْشَآءَ ؕ

ওয়া হাম্মা বিহা- লাওলা~আররাআ- বুরহা-না রাব্বিহ্; কাযা-লিকা লিনাস্বরিফা 'আনহুস্ সূ—আ ওয়াল্ ফাহ্শা—আ;
হয়েছিল এবং তিনি (ইউসুফ)ও তার প্রতি আকৃষ্ট হয়ে পড়তেন, যদি তিনি স্বীয় রবের নিদর্শন না দেখতেন, এটা এজন্য যে, যাতে আমি তাঁকে মন্দ ও অশ্লীল কাজ হতে

اِنَّهٗ مِنْ عِبَادِنَا الْمُخْلَصِيْنَ ﴿২৫﴾ وَاسْتَبَقَا الْبَابَ وَقَدَّتْ قَمِيْصَهٗ مِنْ دُبُرٍ

ইন্নাহূ মিন্ 'ইবা-দিনাল্ মুখ্লাস্বীন। ২৫। ওয়াস্তাবাক্বাল্ বা-বা ওয়া ক্বাদ্দাত্ ক্বামীস্বাহূ মিন্ দুবুরিওঁ
বিরত রাখতে পারি। নিশ্চয় তিনি ছিলেন আমার খাঁটি বান্দাদের অন্তর্ভুক্ত। (২৫) তারা উভয়েই দরজার দিকে দৌড়াল এবং সে (রমণী) পেছন দিক থেকে তার

وَّاَلْفَيَا سَيِّدَهَا لَدَا الْبَابِ ؕ قَالَتْ مَا جَزَآءُ مَنْ اَرَادَ بِاَهْلِكَ سُوْٓءًا

ওয়া আলফায়া- সাইয়্যিদাহা- লাদাল্ বা-ব; ক্বা-লাত মা- জ্বাযা—উ মান্ আরা-দা বিআহ্লিকা সূ—আন্
জামা ছিঁড়ে ফেলল এবং উভয়েই রমণীর স্বামীকে দরজার নিকট পেল। রমণী (তার স্বামীকে) বলল, যে লোক তোমার স্ত্রীর সাথে অশ্লীল আচরণের ইচ্ছা করে তার শাস্তি

اِلَّآ اَنْ يُّسْجَنَ اَوْ عَذَابٌ اَلِيْمٌ ﴿২৬﴾ قَالَ هِیَ رَاوَدَتْنِیْ عَنْ نَّفْسِیْ وَشَهِدَ شَاهِدٌ

ইল্লা~আঁই ইউস্জ্বানা আও 'আযা-বুন আলীম। ২৬। ক্বা-লা হিয়া রা-ওয়াদাত্নী 'আন্নাফ্সী ওয়া শাহিদা শা-হিদুম
এটাই (হতে পারে) যে তাকে বন্দী করে কারাগারে প্রেরণ অথবা কঠিন শাস্তি ছাড়া আর কি হতে পারে। (২৬) তিনি বললেন, এ রমণীই আমাকে (অন্যায় কাজের জন্য)

مِّنْ اَهْلِهَا ۚ اِنْ كَانَ قَمِيْصُهٗ قُدَّ مِنْ قُبُلٍ فَصَدَقَتْ وَهُوَ مِنَ الْكٰذِبِيْنَ ○

মিন আহ্লিহা-, ইন কা-না ক্বামীস্বুহূ কুদ্দা মিন্ কুবুলিন ফাস্বাদাক্বাত্ ওয়া হুওয়া মিনাল্ কা-যিবীন।
প্ররোচিত করছিল। (তখন) সে রমণীর পরিবারের একজন সাক্ষ্য দিল যে, যদি তাঁর জামার অগ্রভাগ ছেঁড়া থাকে, তবে রমণী সত্যবাদিনী এবং সে মিথ্যাবাদী।

﴿২৭﴾ وَاِنْ كَانَ قَمِيْصُهٗ قُدَّ مِنْ دُبُرٍ فَكَذَبَتْ وَهُوَ مِنَ الصّٰدِقِيْنَ ﴿২৮﴾ فَلَمَّا

২৭। ওয়া ইন্ কা-না ক্বামীস্বুহূ কুদ্দা মিন্ দুবুরিন ফাকাযাবাত্ ওয়া হুওয়া মিনাস্বস্বা-দিক্বীন। ২৮। ফালাম্মা-
(২৭) আর যদি তাঁর জামা পেছন ভাগ থেকে ছেঁড়া থাকে তবে রমণী মিথ্যাবাদিনী এবং সে সত্যবাদী। (২৮) যখন সে

رَاٰ قَمِيْصَهٗ قُدَّ مِنْ دُبُرٍ قَالَ اِنَّهٗ مِنْ كَيْدِكُنَّ ؕ اِنَّ كَيْدَكُنَّ عَظِيْمٌ ﴿২৯﴾ يُوْسُفُ

রাআ- ক্বামীস্বাহূ কুদ্দা মিন্ দুবুরিন্ ক্বা-লা ইন্নাহূ মিন্ কাইদিকুন্ন; ইন্না কাইদাকুন্না 'আযীম। ২৯। ইউসুফু
(স্ত্রীর স্বামী) ইউসুফের জামা পেছন থেকে ছেঁড়া দেখল, তখন বলল, এটাতো তোমাদের স্ত্রীদের ছলনা। নিশ্চয় তোমাদের ছলনা খুবই ভয়ানক। (২৯) হে ইউসুফ!

اَعْرِضْ عَنْ هٰذَا ٜ وَاسْتَغْفِرِیْ لِذَنْۢبِكِ ۚ اِنَّكِ كُنْتِ مِنَ الْخٰطِـِٕيْنَ ○

আ'রিদ্ব 'আন হা-যা- 'ওয়াস্তাগ্ফিরী লিযাম্বিক, ইন্নাকি কুন্তি মিনাল্ খা-ত্বিয়ীন।
তুমি এ থেকে বিরত থাক। (হে রমণী) তুমি তোমার পাপের জন্য ক্ষমা প্রার্থনা কর। নিশ্চয় তুমি পাপীদের অন্তর্ভুক্ত।

ع ৩ ৯ ১৩ রুকূ

○ টীকা (আঃ ২৫) ঃ অর্থাৎ, ইউসুফকে আমি যেনা হতে দূরে রাখলাম। বর্ণিত আছে যে, হযরত ইউসুফ (আ)-এর মনে খোদার ভয় আসা মাত্র তিনি তথা হতে দৌড়িয়ে পালালেন। যুলায়খাও পাছে পাছে দৌড়াল। প্রত্যেকটি দরজার নিকট পৌঁছতেই তার তালা খুলে যেত। অবশেষে সর্বশেষ দ্বারের নিকটে পৌঁছতেই যুলায়খা পাছের দিক হতে তাঁর জামার আঁচল ধরে ফেলল এবং হযরত ইউসুফ (আ) সজোরে নিজেকে মুক্ত করতেই তা ছিঁড়ে গেল। তিনি বের হতেই উভয়েই দ্বারের নিকট আযীযকে দেখতে পেল। আযীয উভয়কে সচকিত দেখে সন্দেহ করল। (মুঃ কোঃ) ○ টীকা (আঃ ২৬) ঃ এই সাক্ষীটি ছিল যুলায়খারই বংশের জনৈক শিশু। সে হযরত ইউসুফ (আ)-এর নির্দোষিতার সাক্ষ্য দিল। (বঃ কোঃ)

﴿৩০﴾ وَقَالَ نِسْوَةٌ فِی الْمَدِيْنَةِ امْرَاَتُ الْعَزِيْزِ تُرَاوِدُ فَتٰىهَا عَنْ نَّفْسِهٖ ۚ

৩০। ওয়া ক্বা-লা নিসওয়াতুন ফিল্ মাদীনাতিম্ রাআতুল্ 'আযীযি তুরা-ওয়িদু ফাতা-হা- 'আননাফসিহ,
(৩০) সে শহরের একটি মহিলাদল বলতে লাগল, আযীযের স্ত্রী স্বীয় (যুবক) গোলামকে স্বীয় কামনা হাসিলের জন্য প্ররোচিত করছে। নিশ্চয় তাকে প্রেম

قَدْ شَغَفَهَا حُبًّا ؕ اِنَّا لَنَرٰىهَا فِیْ ضَلٰلٍ مُّبِيْنٍ ﴿৩১﴾ فَلَمَّا سَمِعَتْ بِمَكْرِهِنَّ اَرْسَلَتْ

ক্বাদ্ শাগাফাহা- হুব্বা-; ইন্না- লানারা-হা- ফী দ্বালা-লিম্ মুবীন। ৩১। ফালাম্মা- সামি'আত্ বিমাক্রিহিন্না আরসালাত
আসক্ত করেছে। আমরা তাকে স্পষ্ট ভ্রান্তির মধ্যে দেখছি। (৩১) যখন সে (যোলায়খা) মহিলাদের কুৎসা রটনার কথা শুনল, তখন সে তাদেরকে ডেকে পাঠাল

اِلَيْهِنَّ وَاَعْتَدَتْ لَهُنَّ مُتَّكَاً وَّاٰتَتْ كُلَّ وَاحِدَةٍ مِّنْهُنَّ سِكِّيْنًا وَّقَالَتِ

ইলাইহিন্না ওয়া আ'তাদাত্ লাহুন্না মুত্তাকাআওঁ ওয়া আ-তাত্ কুল্লা ওয়া-হিদাতিম মিন্হুন্না সিক্কীনাওঁ ওয়া ক্বা-লাতিখ্
এবং তাদের জন্য (আসন) তৈরী করল। আর তাদের প্রত্যেকের হাতে একখানা ছুরি দিল এবং ইউসুফকে বলল, তাদের সামনে বের হও। অনন্তর যখন

اخْرُجْ عَلَيْهِنَّ ۚ فَلَمَّا رَاَيْنَهٗۤ اَكْبَرْنَهٗ وَقَطَّعْنَ اَيْدِيَهُنَّ وَقُلْنَ حَاشَ لِلّٰهِ

রুজ্ 'আলাইহিন্ন, ফালাম্মা- রাআইনাহূ~আক্বারনাহূ ওয়া ক্বাত্ত্বা'না আইদিয়াহুন্না ওয়া ক্বুলনা হ্বা-শা লিল্লা-হি
তারা তাঁকে দেখল, তখন তাঁকে রূপ ও সৌন্দর্যে মহান (অতুলনীয়) দেখতে পেল এবং তারা নিজেদের হাত কেটে ফেলল এবং বলে উঠল, মহিমা আল্লাহর।

مَا هٰذَا بَشَرًا ؕ اِنْ هٰذَآ اِلَّا مَلَكٌ كَرِيْمٌ ﴿৩২﴾ قَالَتْ فَذٰلِكُنَّ الَّذِیْ لُمْتُنَّنِیْ فِيْهِ ؕ

মা- হা-যা- বাশারা-; ইন্ হা-যা- ইল্লা মালাকুন কারীম। ৩২। ক্বা-লাত্ ফাযা-লিকুন্নাল্লাযী লুম্তুন্নানী ফীহ্;
এতো মানুষ নয়। এতো সম্মানিত ফিরিশতা। (৩২) সে (যোলায়খা) বলল, এ-ই সে যুবক যার ব্যাপারে তোমরা আমার নিন্দা করেছ। আমি তাঁর

وَلَقَدْ رَاوَدْتُّهٗ عَنْ نَّفْسِهٖ فَاسْتَعْصَمَ ؕ وَلَئِنْ لَّمْ يَفْعَلْ مَآ اٰمُرُهٗ لَيُسْجَنَنَّ

ওয়া লাক্বাদ্ রা-ওয়াদত্তুহূ 'আন্নাফ্সিহী ফাস্তা'স্বাম; ওয়া লাইল্লাম্ ইয়াফ্'আল্ মা- আ-মুরুহূ লাইউস্জ্বানান্না
থেকে আমার কামনা পূরণ করতে চেয়েছিলাম। কিন্তু সে নিজকে বাঁচিয়ে রেখেছে। যদি সে আমার নির্দেশ পালন না করে, অবশ্যই সে কারাগারে প্রেরিত হবে

وَلَيَكُوْنًا مِّنَ الصّٰغِرِيْنَ ﴿৩৩﴾ قَالَ رَبِّ السِّجْنُ اَحَبُّ اِلَیَّ مِمَّا يَدْعُوْنَنِیْۤ

ওয়া লাইয়াকূনাম মিনাস্বস্বা-গিরীন। ৩৩। ক্বা-লা রাব্বিস সিজ্নু আহ্বাব্বু ইলাইয়্যা মিম্মা- ইয়াদ'উনানী~
এবং সে নিকৃষ্ট লোকদের অন্তর্ভুক্ত হবে। (৩৩) ইউসুফ বললেন, হে আমার প্রতিপালক! তারা (মহিলারা) যার প্রতি আমাকে আহ্বান করছে তার চেয়ে

اِلَيْهِ ۚ وَاِلَّا تَصْرِفْ عَنِّیْ كَيْدَهُنَّ اَصْبُ اِلَيْهِنَّ وَاَكُنْ مِّنَ الْجٰهِلِيْنَ ○

ইলাইহ' ওয়া ইল্লা- তাস্বরিফ 'আন্নী কাইদাহুন্না আস্ববু ইলাইহিন্না ওয়া আকুম মিনাল্ জ্বা-হিলীন।
কারাগার আমার কাছে অধিক প্রিয়। যদি আপনি তাদের ষড়যন্ত্র হতে আমাকে দূরে না রাখেন; তবে আমি তাদের প্রতি ঝুঁকে পড়ব এবং মূর্খদের অন্তর্ভুক্ত হয়ে পড়ব।

○ টীকা (আঃ ৩২) ঃ অর্থাৎ, উপস্থিত মহিলাগণও যুলায়খার পক্ষ হতে ইউসুফ (আ)-কে বুঝাতে লাগল যে, এমন দয়াবতী মনিবের প্রতি এমন অবহেলা করা উচিত নয়। তার কামনা পূরণ করা উচিত। ইউসুফ (আ) তাদের কথা শুনে প্রমাদ গণলেন, অতঃপর খোদার দরবারে এরূপ প্রার্থনা করলেন। (বঃ কোঃ)

○ টীকা (আঃ ৩৩) ঃ হযরত ইউসুফ স্বীয় পবিত্রতার ভবিষ্যত সম্বন্ধে সন্দিহান ছিলেন না, তবে তাঁর এরূপ দো'আ করার কারণ এই যে, পয়গম্বরদের চির নিষ্পাপ হওয়া খোদার ইচ্ছা এবং আল্লাহর সাহায্যের উপরই নির্ভর করে। তাঁর অনুগ্রহই ভিত্তিস্থল। এই ভিত্তিস্থলের উপর নির্ভর করেই পয়গম্বরগণ নতমস্তকে থাকেন। কখনও নিজের ক্ষমতাগর্বে গর্বিত হন না। কাজেই তিনি এরূপ দো'আ করেছিলেন।

﴿٣٣﴾ فَاسْتَجَابَ لَهُ رَبُّهُ فَصَرَفَ عَنْهُ كَيْدَهُنَّ ۚ إِنَّهُ هُوَ السَّمِيعُ الْعَلِيمُ ○

৩৪। ফাস্তাজা-বা লাহূ রাব্বুহূ ফাস্বারাফা 'আনহু কাইদাহুন্ন ; ইন্নাহূ হুওয়াস সামী'উল্ 'আলীম।
(৩৪) অতঃপর তাঁর প্রতিপালক তাঁর দোয়া কবুল করলেন। এবং তাদের ষড়যন্ত্রকে তাঁর থেকে দূরে সরিয়ে দিলেন। নিশ্চয় তিনি সর্বশ্রোতা, মহাজ্ঞানী।

﴿٣٤﴾ ثُمَّ بَدَا لَهُمْ مِنْ بَعْدِ مَا رَأَوُا الْآيَاتِ لَيَسْجُنُنَّهُ حَتَّىٰ حِينٍ ﴿٣٥﴾ وَدَخَلَ

৩৫। ছুম্মা বাদা-লাহুম মিম্ বা'দি মা- রাআউল আ-ইয়া-তি লাইয়াস্জুনুন্নাহূ হাত্তা- হ্বীন। ৩৬। ওয়া দাখালা
(৩৫) অতঃপর সব নিদর্শন দেখার পর তাদের মতে সাব্যস্ত হল যে, কিছু নির্দিষ্ট দিনের জন্য তাঁকে কারাগারে রাখতে হবে। (৩৬) এবং তাঁর

ع ৪ ১৪ রুকূ

مَعَهُ السِّجْنَ فَتَيَانِ ۖ قَالَ أَحَدُهُمَا إِنِّي أَرَانِي أَعْصِرُ خَمْرًا ۖ وَقَالَ الْآخَرُ

মা'আহুস্সিজ্না ফাতাইয়া-ন; ক্বা-লা আহ্বাদুহুমা~ইন্নী~আরা-নী~আ'স্বিরু খাম্‌রা-, ওয়া ক্বা-লাল্ আ-খারু
সাথে আরো দু'যুবক কারাগারে প্রবেশ করল। তার মধ্য হতে এক যুবক বলল, আমি স্বপ্নে দেখলাম যে, আমি আংগুরের রস নিংড়াচ্ছি। অন্যজন বলল, আমি স্বপ্নে দেখলাম,

إِنِّي أَرَانِي أَحْمِلُ فَوْقَ رَأْسِي خُبْزًا تَأْكُلُ الطَّيْرُ مِنْهُ ۖ نَبِّئْنَا بِتَأْوِيلِهِ ۖ

ইন্নী~আরা-নী~আহ্বমিলু ফাওক্বা রা'সী খুব্‌যান তা'কুলুত্ব ত্বাইরু মিন্‌হ, নাব্বি'না- বিতা'বীলিহ,
আমি আমার মাথার উপর রুটি বহন করছি এবং পাখি তা থেকে খাচ্ছে। আমাদেরকে এ স্বপ্নের ব্যাখ্যা বলে দিন। নিশ্চয় আমরা

إِنَّا نَرَاكَ مِنَ الْمُحْسِنِينَ ﴿٣٦﴾ قَالَ لَا يَأْتِيكُمَا طَعَامٌ تُرْزَقَانِهِ إِلَّا نَبَّأْتُكُمَا

ইন্না- নারা-কা মিনাল্ মুহ্বসিনীন। ৩৭। ক্বা-লা লা- ইয়া'তীকুমা- ত্বা'আ-মুন তুরযাক্বা-নিহী~ইল্লা- নাব্বা'তুকুমা-
আপনাকে অনুগ্রহশীল মনে করি। (৩৭) তিনি বললেন, তোমাদেরকে যে খানা দেয়া হয় তা তোমাদের কাছে পৌছার পূর্বেই আমি স্বপ্নের ব্যাখ্যা

بِتَأْوِيلِهِ قَبْلَ أَنْ يَأْتِيَكُمَا ۚ ذَٰلِكُمَا مِمَّا عَلَّمَنِي رَبِّي ۚ إِنِّي تَرَكْتُ مِلَّةَ

বিতা'বীলিহী ক্বাব্‌লা আইঁ ইয়া'তিয়াকুমা-; যা-লিকুমা- মিম্মা- 'আল্লামানী রাব্বী; ইন্নী তারাক্তু মিল্লাতা
তোমাদেরকে বলে দেব। তোমাদের দু'জনকে যা বলব, তা সে জ্ঞান দ্বারা বলব যা আমার প্রতিপালক আমাকে শিখিয়েছেন।

قَوْمٍ لَا يُؤْمِنُونَ بِاللَّهِ وَهُمْ بِالْآخِرَةِ هُمْ كَافِرُونَ ﴿٣٧﴾ وَاتَّبَعْتُ مِلَّةَ آبَائِي

ক্বাওমিল্ লা-ইউ'মিনূনা বিল্লা-হি ওয়াহুম্ বিল্ আ-খিরাতি হুম্ কা-ফিরূন। ৩৮। ওয়াত্তাবা'তু মিল্লাতা আ-বা—ই~
আমি সে সব সম্প্রদায়ের মতবাদ বর্জন করেছি যারা আল্লাহর প্রতি ঈমান আনে না এবং পরকালকে বিশ্বাস করে না। (৩৮) আমি আমার পিতৃপুরুষ

○ বিশ্লেষণ (আঃ ৩৬) ঃ فتيين - (দু' যুবক) এ দু' যুবক বাদশাহর দরবারের সংশ্লিষ্ট ব্যক্তি। একজন শরাব সরবরাহকারী, অপরজন বাবুর্চি।

خمرا - অর্থ শরাব, এখানে আংগুর অর্থে ব্যবহৃত হয়েছে। কেননা, আংগুর থেকেই শরাব তৈরী হয়ে থাকে। (তাঃ কাদেরী)

○ টীকা (আঃ ৩৬) ঃ তাদের একজন ছিল সাক্বী, দ্বিতীয়জন ছিল পাচক। তাদের প্রতি এ অভিযোগ ছিল যে, তারা খাদ্যে বিষ মিশিয়ে বাদশাহকে হত্যার ষড়যন্ত্র করেছিল। বিচার সাপেক্ষে তাদেরকে জেলে রাখা হয়েছিল। হযরত ইউসূফ (আ)-এর মধ্যে বুযুর্গীর লক্ষণ দেখে তারা তাঁর নিকট নিজেদের স্বপ্নফল জিজ্ঞাসা করল। (বুঃ কোঃ)

○ টীকা (আঃ ৩৭) ঃ অর্থাৎ, হযরত ইউসূফ (আ) ভাবলেন, যখন এ লোক দুটি আমার প্রতি ভক্তি রাখে, তখন প্রথমেই তাদেরকে ইসলামের প্রতি আহ্বান করা উচিত। কাজেই নিজের নবুওয়াত প্রমাণের উদ্দেশ্যে একটি মু'জেযা প্রকাশ করার মানসে বললেন, জেলখানায় তোমাদের খাদ্য আগমনের পূর্বেই আমি বলে দিতে পারব যে, তোমাদের জন্য আজ কি কি খাদ্য আসবে। (বঃ কোঃ)

إِبْرَاهِيمَ وَإِسْحَاقَ وَيَعْقُوبَ ۚ مَا كَانَ لَنَا أَنْ نُشْرِكَ بِاللَّهِ مِنْ شَيْءٍ ۚ

ইব্‌রা-হীমা ওয়া ইসহ্বাক্বা ওয়া ইয়া'কূব ; মা- কা-না লানা~আন্ নুশ্‌রিকা বিল্লা-হি মিন শাই ;
ইব্রাহীম, ইসহাক এবং ইয়াকুবের ধর্মের অনুসারী। আমার জন্য বৈধ নয় যে, আমি আল্লাহর সাথে কাউকে শরীক করব।

ذَٰلِكَ مِنْ فَضْلِ اللَّهِ عَلَيْنَا وَعَلَى النَّاسِ وَلَٰكِنَّ أَكْثَرَ النَّاسِ لَا يَشْكُرُونَ ○

যা-লিকা মিন্ ফাদ্বলিল্লা-হি 'আলাইনা- ওয়া 'আলান্‌না-সি ওয়ালা-কিন্না আক্‌ছারান্‌না-সি লা- ইয়াশকুরূন।
এটা আমাদের উপর এবং অন্যান্য সকল মানুষের উপর আল্লাহর বিশেষ অনুগ্রহ। কিন্তু অধিকাংশ মানুষই শোকর আদায় করে না।

﴿٣٨﴾ يَا صَاحِبَيِ السِّجْنِ أَأَرْبَابٌ مُتَفَرِّقُونَ خَيْرٌ أَمِ اللَّهُ الْوَاحِدُ الْقَهَّارُ ○

৩৯। ইয়া-স্বাহ্বিবায়িস সিজ্‌নি আআর্‌বাবুম মুতাফাররিক্বূনা খাইরুন আমিল্লা-হুল্ ওয়া-হ্বিদুল ক্বাহ্‌হা-র।
(৩৯) হে আমার কারাগারের সাথীদ্বয়! ভিন্ন ভিন্ন প্রতিপালক উত্তম, না মহা পরাক্রমশালী এক আল্লাহ (উত্তম)?

﴿٣٩﴾ مَا تَعْبُدُونَ مِنْ دُونِهِ إِلَّا أَسْمَاءً سَمَّيْتُمُوهَا أَنْتُمْ وَآبَاؤُكُمْ مَا أَنْزَلَ اللَّهُ

৪০। মা- তা'বুদূনা মিন্ দূনিহী~ইল্লা~আসমা— আন্ সাম্মাইতুমূহা~আন্‌তুম ওয়া আ-বা— উকুম মা- আনযালাল্লা-হু
(৪০) তাঁকে ছেড়ে তোমরা যার উপাসনা করছ, সেগুলো শুধু কিছু নাম মাত্র। যা তোমরা ও তোমাদের পিতৃপুরুষরা সাব্যস্ত করেছ।

بِهَا مِنْ سُلْطَانٍ ۚ إِنِ الْحُكْمُ إِلَّا لِلَّهِ ۚ أَمَرَ أَلَّا تَعْبُدُوا إِلَّا إِيَّاهُ ۚ ذَٰلِكَ الدِّينُ

বিহা- মিন্ সুল্‌ত্বা-ন; ইনিল্‌হুকমু ইল্লা- লিল্লা-হ; আমারা আল্লা- তা'বুদূ~ইল্লা- ইয়্যা-হ; যা-লিকাদ্দীনুল্
এগুলোর কোন প্রমাণ আল্লাহ প্রেরণ করেন নি। বিধান দেয়ার অধিকার একমাত্র আল্লাহরই। তিনি নির্দেশ দিয়েছেন, তাঁকে ছাড়া আর কারো ইবাদত করবে না।

الْقَيِّمُ وَلَٰكِنَّ أَكْثَرَ النَّاسِ لَا يَعْلَمُونَ ﴿٤٠﴾ يَا صَاحِبَيِ السِّجْنِ أَمَّا

ক্বাইয়্যিমু ওয়া লা-কিন্না আক্‌ছারান্‌না-সি লা- ইয়া'লামূন। ৪১। ইয়া- স্বা-হ্বিবায়িস্ সিজ্‌নি আম্মা~
এটাই সঠিক দ্বীন, কিন্তু অধিকাংশ মানুষই তা জানে না। (৪১) হে কারাগারের সাথীদ্বয়! তোমাদের দু'জনার মধ্য হতে একজনের

أَحَدُكُمَا فَيَسْقِي رَبَّهُ خَمْرًا ۖ وَأَمَّا الْآخَرُ فَيُصْلَبُ فَتَأْكُلُ الطَّيْرُ مِنْ رَأْسِهِ ۚ

আহ্বাদুকুমা- ফাইয়াসক্বী রাব্বাহূ খাম্‌রা-, ওয়া আম্মাল্ আ-খারু ফাইউস্বলাবু ফাতা'কুলুত্ব ত্বাইরু মির্‌রা'সিহ;
স্বপ্নের তাৎপর্য হল, সে তার মনিবকে পুনরায় শরাব পান করাবে এবং অপরজনকে শূলে লটকান হবে এবং পাখীরা তার মাথা হতে ঠুকরিয়ে ঠুকরিয়ে খাবে।

قُضِيَ الْأَمْرُ الَّذِي فِيهِ تَسْتَفْتِيَانِ ﴿٤١﴾ وَقَالَ لِلَّذِي ظَنَّ أَنَّهُ نَاجٍ مِنْهُمَا

ক্বুদ্বিয়াল্ আমরুল্লাযী ফীহি তাসতাফ্‌তিয়া-ন। ৪২। ওয়া ক্বা-লা লিল্লাযী স্বান্না আন্নাহূ না-জ্বিম্ মিন্‌হুমায
তোমরা দু'জন যে ব্যাপারে ব্যাখ্যা জানতে চেয়েছ তার ফয়সালা হয়ে গেছে। (৪২) ইউসূফ, তাদের দু'ব্যক্তির মধ্যে যে মুক্তি পাবে বলে ধারণা করেছিলেন, তাকে বললেন,

○ টীকা (আঃ ৪০) ঃ অর্থাৎ, এই তওহীদ ও এবাদতের ব্যাপারে কেবলমাত্র খোদায় বশ্যতা স্বীকার করাই হল সরল পথ। (বঃ কোঃ)

○ বিশ্লেষণ (আঃ ৪২) ঃ بضع سنين - بضع তিন হতে নয় পর্যন্ত সংখ্যাকে বুঝায়। কারো মতে, ইউসূফ (আ) কারাগারে ছিলেন সাত বছর। কারো মতে, বার বছর। কারো মতে, চৌদ্দ বছর। (কুঃ কারীম) ○ টীকা (আঃ ৪২) ঃ উভয়কে জেলখানা হতে বাইরে আনার সময়, নির্দোষ বলে ধারণাকৃত লোকটিকে হযরত ইউসূফ (আ) বললেন, স্বীয় প্রভুর নিকট আমার কথা উল্লেখ করবে যে, একটি নিরপরাধ লোক জেলখানায় পঁচছে। লোকটি একথায় অঙ্গীকার করল; কিন্তু শয়তান তাকে তা হতে ভুলে রাখল। ফলে বন্দীখানায় তাঁকে আরো কয়েক বছর থাকতে হল। (বঃ কোঃ)

اذْكُرْنِي عِنْدَ رَبِّكَ ز فَأَنْسَاهُ الشَّيْطَانُ ذِكْرَ رَبِّهِ فَلَبِثَ فِي السِّجْنِ بِضْعَ

কুরনী 'ইন্দা রাব্বিক ; ফাআন্সাহুশ্ শাইত্বানু যিক্রা রাব্বিহী ফালাবিছা ফিস্সিজ্নি বিদ্ব'আ

তোমার মুনিবের কাছে আমার কথা আলোচনা করবে। কিন্তু শয়তান তাকে তার মুনিবের কাছে তার বিষয় আলোচনার কথা ভুলিয়ে দিল। সুতরাং ইউসুফ কয়েক বছর

سِنِينَ ۝ وَقَالَ الْمَلِكُ إِنِّي أَرَىٰ سَبْعَ بَقَرَاتٍ سِمَانٍ يَأْكُلُهُنَّ سَبْعٌ

ع ৫ ৯ ১৫ রুকূ

সিনীন। ৪৩। ওয়া ক্বা-লাল্ মালিকু ইন্নী~আরা-সাব্'আ বাক্বারা-তিন সিমা-নিঁই ইয়াকুলুহুন্না সাব'উন

কারাগারেই থাকল। (৪৩) বাদশাহ বলল, আমি (স্বপ্নে) দেখেছি সাতটি মোটা-তাজা গাভী। সেগুলোকে খাচ্ছে সাতটি

عِجَافٌ وَسَبْعَ سُنْبُلَاتٍ خُضْرٍ وَأُخَرَ يَابِسَاتٍ ط يَا أَيُّهَا الْمَلَأُ أَفْتُونِي

'ইজা-ফুঁও ওয়া সাব'আ সুম্বুলা-তিন খুদ্বরিঁও ওয়া উখারা ইয়া-বিসা-ত ; ইয়া~আইয়্যুহাল মালাউ আফ্তুনী

শীর্ণকায় গাভী, এবং দেখেছি সাতটি সবুজ শীষ এবং অন্য সাতটি শুষ্ক শীষ। হে (দরবারের) নেতৃবৃন্দ! আমার এ স্বপ্নের ব্যাখ্যা

فِي رُؤْيَايَ إِنْ كُنْتُمْ لِلرُّؤْيَا تَعْبُرُونَ ۝ قَالُوا أَضْغَاثُ أَحْلَامٍ ج وَمَا نَحْنُ

ফী রু'ইয়া-ইয়া ইন্ কুন্তুম্ লিররু'ইয়া- তা'বুরূন। ৪৪। ক্বা-লূ~আদ্বগা-ছু আহ্লা-ম, ওয়ামা- নাহ্নু

বর্ণনা কর, যদি তোমরা স্বপ্নের ব্যাখ্যা করতে পার। (৪৪) তারা বলল, এটাতো খারাপ স্বপ্ন এবং আমরা এরূপ দুঃস্বপ্নের ব্যাখ্যা বর্ণনা করার ব্যাপারে

بِتَأْوِيلِ الْأَحْلَامِ بِعَالِمِينَ ۝ وَقَالَ الَّذِي نَجَا مِنْهُمَا وَادَّكَرَ بَعْدَ أُمَّةٍ

বিতা'ওয়ীলিল্ আহ্লা-মি বি'আ-লিমীন। ৪৫। ওয়া ক্বা-লাল্লাযী নাজা- মিন্হুমা- ওয়াদ্দাকারা বা'দা উম্মাতিন

অনভিজ্ঞ। (৪৫) দু'জন কয়েদীর মধ্য হতে যে মুক্তি পেয়েছিল, তার দীর্ঘকাল পর (ইউসুফের কথা) স্মরণ হল, সে বলল, আমি তোমাদেরকে

أَنَا أُنَبِّئُكُمْ بِتَأْوِيلِهِ فَأَرْسِلُونِ ۝ يُوسُفُ أَيُّهَا الصِّدِّيقُ أَفْتِنَا فِي سَبْعِ

আনা উনাব্বিউকুম্ বিতা'ওয়ীলিহী ফাআর্সিলূন। ৪৬। ইউসুফু আইয়্যুহাস্সিদ্দীকু আফ্তিনা-ফী সাব্'ই

এর ব্যাখ্যা বলে দিতে পারি। তোমরা আমাকে কারাগারে পাঠাও। (৪৬) (সে বলল) হে ইউসুফ! হে সত্যবাদী। আপনি আমাদেরকে

بَقَرَاتٍ سِمَانٍ يَأْكُلُهُنَّ سَبْعٌ عِجَافٌ وَسَبْعِ سُنْبُلَاتٍ خُضْرٍ وَأُخَرَ يَابِسَاتٍ لا

বাক্বারা-তিন সিমা-নিঁই ইয়া'কুলুহুন্না সাব্'উন 'ইজা-ফুঁও ওয়া সাব্'ই সুম্বুলা-তিন খুদ্বরিঁও ওয়া উখারা ইয়া-বিসা-তিল

এ স্বপ্নের ব্যাখ্যা বলে দিন যে, সাতটি মোটা-তাজা গাভী, যাদেরকে সাতটি দুর্বল গাভী খাচ্ছে এবং সাতটি সবুজ শীষ এবং অপর সাতটি শুষ্ক শীষ সম্পর্কে। যাতে আমি

لَعَلِّي أَرْجِعُ إِلَى النَّاسِ لَعَلَّهُمْ يَعْلَمُونَ ۝ قَالَ تَزْرَعُونَ سَبْعَ سِنِينَ

লা'আল্লী~আঁরজ্বি'উ ইলান্না-সি লা'আল্লাহুম্ ইয়া'লামূন। ৪৭। ক্বা-লা তাযরা'উনা সাব্'আ সিনীনা

এখান থেকে ফিরে গিয়ে তাদের কাছে এ স্বপ্নের ব্যাখ্যা বলে দিতে পারি এবং তারা জেনে নিতে পারে। (৪৭) তিনি বললেন, তোমরা একাধারে সাত বছর চাষ করবে,

دَأَبًا ج فَمَا حَصَدْتُمْ فَذَرُوهُ فِي سُنْبُلِهِ إِلَّا قَلِيلًا مِمَّا تَأْكُلُونَ ۝ ثُمَّ

দাআবা, ফামা- হাস্বাত্তুম ফাযারূহু ফী সুম্বুলিহী~ইল্লা- ক্বালীলাম্ মিম্মা- তা'কুলুন। ৪৮। ছুম্মা

এবং ফসল কেটে নিজেদের খাদ্যের জন্য যা প্রয়োজন তা সংগ্রহ করে বাকীগুলো শীষসহ রেখে দিবে। (৪৮) এরপর

يَأْتِي مِنْ بَعْدِ ذَٰلِكَ سَبْعٌ شِدَادٌ يَأْكُلْنَ مَا قَدَّمْتُمْ لَهُنَّ إِلَّا قَلِيلًا مِمَّا

ইয়া'তী মিম্বা'দি যা-লিকা সাব্'উন শিদা-দুঁই ইয়া'কুল্না মা- ক্বাদ্দাম্তুম্ লাহুন্না ইল্লা- ক্বালীলাম্ মিম্মা-

আসবে দুর্ভিক্ষের সাতটি বছর। তখন তোমরা পূর্বে যা সঞ্চয় করে রাখবে লোকেরা তা খাবে যা কেবল মাত্র সামান্য কিছু ব্যতীত যা তোমরা (বীজের জন্য)

تُحْصِنُونَ ۝ ثُمَّ يَأْتِي مِنْ بَعْدِ ذَٰلِكَ عَامٌ فِيهِ يُغَاثُ النَّاسُ وَفِيهِ

তুহ্স্বিনূন। ৪৯। ছুম্মা ইয়া'তী মিম্বা'দি যা-লিকা 'আ-মুন ফীহি ইয়ুগা-ছুন্না-সু ওয়া ফীহি

রেখে দেবে (৪৯) এরপরই আসবে এমন এক বছর, যে বছর মানুষের উপর খুব বৃষ্টিপাত হবে এবং এরপর সে বছর মানুষ খুব (আংগুর)

يَعْصِرُونَ ۝ وَقَالَ الْمَلِكُ ائْتُونِي بِهِ ج فَلَمَّا جَاءَهُ الرَّسُولُ قَالَ ارْجِعْ

৬ ع ৭ ১৬ রুকূ

ইয়া'স্বিরূন। ৫০। ওয়া ক্বা-লাল্ মালিকু'তূনী বিহ, ফালাম্মা- জ্বা~আহুর রাসূলু ক্বা-লার্জ্বি'

নিংড়াবে। (৫০) বাদশাহ বলল, ইউসুফকে আমার কাছে নিয়ে এস। প্রেরিত ব্যক্তি যখন তার কাছে (বাদশাহর) আসল, তখন তিনি বললেন, তোমরা তোমার বাদশাহর

إِلَىٰ رَبِّكَ فَاسْأَلْهُ مَا بَالُ النِّسْوَةِ اللَّاتِي قَطَّعْنَ أَيْدِيَهُنَّ ط إِنَّ رَبِّي

ইলা- রাব্বিকা ফাসআল্হু মা- বা-লুন্ নিস্ওয়াতিল্লা-তী ক্বাত্ত্বা'না আইদিয়াহুন্ন ; ইন্না রাব্বী

কাছে ফিরে যাও এবং তাঁর কাছে জিজ্ঞাসা কর যে, সেসব মহিলাদের অবস্থা কি যারা তাদের হাত কেটে ফেলে ছিল? নিশ্চয় আমার অভিভাবক (বাদশাহ) তাদের চক্রান্ত

بِكَيْدِهِنَّ عَلِيمٌ ۝ قَالَ مَا خَطْبُكُنَّ إِذْ رَاوَدْتُنَّ يُوسُفَ عَنْ نَفْسِهِ ط قُلْنَ

বিকাইদিহিন্না 'আলীম। ৫১। ক্বা-লা মা- খাত্ববুকুন্না ইয্ রা-ওয়াত্তুন্না ইউসুফা 'আন্নাফ্সিহ ; ক্বুল্না

সম্পর্কে সর্বজ্ঞাত। (৫১) বাদশাহ (মহিলাদেরকে) জিজ্ঞাসা করল, যখন তোমরা তোমাদের মনের কামনা মিটানোর জন্য ইউসুফকে প্ররোচিত করেছিলে, তখন অবস্থাটা

حَاشَ لِلَّهِ مَا عَلِمْنَا عَلَيْهِ مِنْ سُوءٍ ط قَالَتِ امْرَأَتُ الْعَزِيزِ الْآنَ حَصْحَصَ

হ্বা-শা লিল্লা-হি মা- 'আলিম্না- আলাইহি মিন্ সূ—ই; ক্বা-লাতিম রাআতুল 'আযীযিল্ আ-না হ্বাস্বহ্বাস্বাল্

কিরূপ ছিল? তারা জবাব দিল, আল্লাহর মহিমা! আমরা ইউসুফের মধ্যে কোন প্রকার খারাবি পাইনি। আযীযের স্ত্রী বলল, এতক্ষণে সত্য সাব্যস্ত হল।

الْحَقُّ ز أَنَا رَاوَدْتُهُ عَنْ نَفْسِهِ وَإِنَّهُ لَمِنَ الصَّادِقِينَ ۝ ذَٰلِكَ لِيَعْلَمَ

হ্বাক্বু ; আনা রা-ওয়াত্তুহু 'আন্ নাফ্সিহী ওয়া ইন্নাহূ লামিনাস্ব্ স্বা-দিক্বীন। ৫২। যা-লিকা লিইয়া'লামা

আমি তাঁর থেকে আমার অসৎ উদ্দেশ্য হাসিলের কামনা করেছিলাম। নিশ্চয় তিনি সত্যবাদী। (৫২) ইউসুফ (আ) বললেন,

أَنِّي لَمْ أَخُنْهُ بِالْغَيْبِ وَأَنَّ اللَّهَ لَا يَهْدِي كَيْدَ الْخَائِنِينَ ۝

আন্নী লাম আখুন্হু বিলগাইবি ওয়া আন্নাল্লা-হা লা- ইয়াহ্দী কাইদাল্ খা—ইনীন।

এটা আমি এজন্য বলেছি, যাতে সে জানতে পারে যে, আমি তাঁর অনুপস্থিতিতে তার বিশ্বাস ঘাতকতা করিনি। আর আল্লাহ বিশ্বাসঘাতকদের চক্রান্ত সফল করেন না।

○ বিশ্লেষণ (আঃ ৪৯) ঃ يعصرون - (তারা নিংড়াবে) অর্থাৎ প্রচুর ফল উৎপন্ন হবে। যেমন আঙ্গুর, যয়তুন ইত্যাদি এবং মানুষ আঙ্গুর থেকে প্রচুর রস নিংড়াবে। কারো মতে, নিংড়ানো দ্বারা গাভী ও বকরীর স্তন হতে দোহানো বুঝানো হয়েছে। (তাঃ কাদেরী) ○ বিশ্লেষণ (আঃ ৫২) ঃ ذالك - (এটা এজন্য বলেছি) বাদশাহ ইউসুফের (আ) কাছে সংবাদ দিলেন যে, মহিলারা তাদের অপরাধ স্বীকার করেছে। তোমার উপস্থিতিতে তাদের শাস্তির ব্যবস্থা করব। তখন ইউসুফ (আ) বলেছেন, আমি মহিলাদের শাস্তি দেয়ার জন্য একথা বলিনি এবং আমি আমার অভিভাবকের (বাদশাহর) অনুপস্থিতিতে যে বিশ্বাসঘাতকতা করিনি তা বুঝাবার জন্য একথাটা মহিলাদের কাছে বাদশাহকে জিজ্ঞাসা করতে বলেছি। (তাঃ কাদেরী)

۞ وَمَا أُبَرِّئُ نَفْسِي ۚ إِنَّ النَّفْسَ لَأَمَّارَةٌ بِالسُّوءِ إِلَّا مَا رَحِمَ رَبِّي ۚ

৫৩। ওয়ামা~উবাররিউ নাফ্সী, ইন্নান নাফ্সা লাআম্মা-রাতুম বিস্সূ—ই ইল্লা- মা- রাহ্বিমা রাব্বী ;
(৫৩) 'আর আমি আমার নিজেকে নির্দোষ বলছি না। প্রত্যেকের মনই মূলতঃ মন্দকর্মপ্রবণ। তবে যাকে আমার প্রভু দয়া করেন তার কথা ভিন্ন। নিশ্চয় আমার প্রতিপালক

إِنَّ رَبِّي غَفُورٌ رَّحِيمٌ ﴿٥٣﴾ وَقَالَ الْمَلِكُ ائْتُونِي بِهِ أَسْتَخْلِصْهُ لِنَفْسِي ۖ فَلَمَّا كَلَّمَهُ

ইন্না রাব্বী গাফূরুর রাহ্বীম্। ৫৪। ওয়া ক্বা-লাল্ মালিকু'তূনী বিহী~আস্তাখ্লিছ্হু লিনাফ্সী, ফালাম্মা- কাল্লামাহূ
ক্ষমাশীল ও পরম দয়ালু।' (৫৪) বাদশাহ্ বলল, 'তাকে আমার কাছে নিয়ে এসো। তাকে আমার বিশ্বস্ত সহচর নিযুক্ত করব।' পরে বাদশাহ তার সাথে আলাপকালে

قَالَ إِنَّكَ الْيَوْمَ لَدَيْنَا مَكِينٌ أَمِينٌ ﴿٥٤﴾ قَالَ اجْعَلْنِي عَلَىٰ خَزَائِنِ الْأَرْضِ ۖ

ক্বা-লা ইন্নাকাল্ ইয়াওমা লাদাইনা- মাকীনুন্ আমীন্। ৫৫। ক্বা-লাজ্ব্ 'আল্নী 'আলা- খাযা-'ইনিল্ আর্দ্বি
বলল, আজ থেকে আপনি আমাদের কাছে একজন মর্যাদাবান ও বিশ্বস্তলোক হিসেবে গণ্য হলেন।' (৫৫) ইউসুফ বললেন, 'আমাকে দেশের কোষাধ্যক্ষ নিযুক্ত করুন,

إِنِّي حَفِيظٌ عَلِيمٌ ﴿٥٥﴾ وَكَذَٰلِكَ مَكَّنَّا لِيُوسُفَ فِي الْأَرْضِ يَتَبَوَّأُ مِنْهَا حَيْثُ

ইন্নী হ্বাফীজুন্ 'আলীম্। ৫৬। ওয়া কাযা-লিকা মাক্কান্না- লিইউসুফা ফিল্ আর্দ্বি, ইয়াতাবাওয়্যাউ মিন্হা- হ্বাইছু
আমি বিশ্বস্ত হেফাজতকারী ও জ্ঞানবান।' (৫৬) এভাবে আমি ইউসুফকে সে দেশে প্রতিষ্ঠিত করলাম। তিনি সে-দেশে যেখানে ইচ্ছা সেখানে

يَشَاءُ ۚ نُصِيبُ بِرَحْمَتِنَا مَن نَّشَاءُ ۖ وَلَا نُضِيعُ أَجْرَ الْمُحْسِنِينَ ﴿٥٦﴾ وَلَأَجْرُ

ইয়াশা—উ ; নুছ্বীবু বিরাহ্বমাতিনা- মান্ নাশা—উ ওয়ালা-নুদ্বী'উ আজ্রাল মুহ্বসিনীন্। ৫৭। ওয়ালাআজ্রুল
বসবাস করতে পারতেন। আমি যাকে ইচ্ছা তার প্রতি দয়া করি। আর আমি শ্রমফল নষ্ট করি না সৎকর্মপরায়ণদের। (৫৭) যারা ঈমানদার

الْآخِرَةِ خَيْرٌ لِّلَّذِينَ آمَنُوا وَكَانُوا يَتَّقُونَ ﴿٥٧﴾ وَجَاءَ إِخْوَةُ يُوسُفَ فَدَخَلُوا

৭ ع ৮ ১ রুকূ

আ-খিরাতি খাইরুল লিল্লাযীনা আ-মানূ ওয়া কা-নূ ইয়াত্তাক্বূন্। ৫৮। ওয়াজ্বা—আ ইখ্ওয়াতু ইউসুফা ফাদাখালূ
ও মুত্তাকী, তাদের জন্য আখেরাতের পুরস্কারই উত্তম। (৫৮) অতঃপর ইউসুফের ভাইয়েরা (তার কাছে) আসল এবং তার কাছে গিয়ে পৌঁছল। তখন তিনি তাদেরকে চিনতে

عَلَيْهِ فَعَرَفَهُمْ وَهُمْ لَهُ مُنكِرُونَ ﴿٥٨﴾ وَلَمَّا جَهَّزَهُم بِجَهَازِهِمْ قَالَ ائْتُونِي

'আলাইহি ফা'আরাফাহুম্ ওয়াহুম্ লাহূ মুন্কিরূন্। ৫৯। ওয়া লাম্মা- জ্বাহ্হাযাহুম্ বিজ্বাহা-যিহিম্ ক্বা-লা'তূনী
পারলেন; কিন্তু তারা তাকে (ইউসূফকে) চিনতে পারল না। (৫৯) আর তিনি যখন তাদের রসদ পত্রের ব্যবস্থা করে দিলেন, তখন বললেন, 'তোমরা আমার কাছে তোমাদের

بِأَخٍ لَّكُم مِّنْ أَبِيكُمْ ۚ أَلَا تَرَوْنَ أَنِّي أُوفِي الْكَيْلَ وَأَنَا خَيْرُ الْمُنزِلِينَ ﴿٥٩﴾

বিআখিল্লাকুম্ মিন্ আবীকুম, আলা- তারাওনা আন্নী~উফিল্ কাইলা ওয়া আনা- খাইরুল্ মুন্যিলীন্।
বৈমাত্রেয় ভাইকে নিয়ে এসো। তোমরা কি দেখছ না আমি মাপে পূর্ণমাত্রায় দিয়ে থাকি ? এবং আমি উত্তম অতিথি-পরায়ণ লোক ?

○ বিশ্লেষণ (আঃ ৫৮) ঃ وجاء اخوة -সে সময়ের ঘটনা। যখন স্বচ্ছলতার সাত বছর শেষ হয়ে দুর্ভিক্ষের সাত বছর শুরু হয়ে গেল; তখন এর প্রভাব মিশর ছাড়া এর বাইরে এমনকি কেনান পর্যন্ত গিয়ে পৌঁছল। যেখানে হযরত ইয়াকুব (আ) ও ইউসূফ (আ)-এর ভাইগণ বসবাস করছিল। হযরত ইউসূফ (আ) অত্যন্ত কৌশলের সাথে যে ব্যবস্থা নিয়ে ছিলেন তা খুবই উপকারে আসল। বিভিন্ন এলাকা হতে হযরত ইউসূফ (আ)-এর নিকট খাদ্যশস্য নিতে আসতে লাগল। পিতার অনুমতি নিয়ে ইউসূফ (আ)-এর ভাইগণও ঘরের পুঁজি নিয়ে খাদ্যশস্য ক্রয়ের জন্য ইউসূফ (আ)-এর কাছে আসল। কিন্তু তাঁকে এ ভাইয়া চিনতে পারছিল না। অথচ ইউসূফ (আ) তাদেরকে চিনতে পারছিলেন। (কুঃ কারীম)

فَإِن لَّمْ تَأْتُونِي بِهِ فَلَا كَيْلَ لَكُمْ عِندِي وَلَا تَقْرَبُونِ ﴿٦٠﴾ قَالُوا سَنُرَا

৬০। ফাইল্লাম্ তা'তূনী বিহী ফালা- কাইলা লাকুম্ 'ইন্দী ওয়ালা- তাক্বরাবূন্। ৬১। ক্বা-লূ সানুরা-
(৬০) 'কিন্তু তোমরা তাকে আমার কাছে না আনলে কোন খাদ্য-শস্য পাবে না এবং তোমরা আমার কাছে ঘরেও আসবে না।' (৬১) তারা বলল, 'তার বিষয়ে আমরা

وِدُ عَنْهُ أَبَاهُ وَإِنَّا لَفَاعِلُونَ ﴿٦١﴾ وَقَالَ لِفِتْيَانِهِ اجْعَلُوا بِضَاعَتَهُمْ فِي رِحَالِهِمْ

ওয়িদু 'আনহু আবা-হু ওয়া ইন্না- লাফা-'ইলূন্। ৬২। ওয়া ক্বা-লা লিফিত্ইয়া-নিহিজ্ব'আলূ বিদ্বা-'আতাহুম্ ফী রিহ্বা-লিহিম্
পিতাকে রাজী করানোর চেষ্টা করব এবং আমাদেরকে তা পারতেই হবে।' (৬২) ইউসুফ তার' গোলামদেরকে বললেন, 'তারা যে পণ্যমূল্য দিয়েছে তা তাদের মালপত্রের মধ্যে রেখে

لَعَلَّهُمْ يَعْرِفُونَهَا إِذَا انقَلَبُوا إِلَىٰ أَهْلِهِمْ لَعَلَّهُمْ يَرْجِعُونَ ﴿٦٢﴾ فَلَمَّا رَجَعُوا

লা'আল্লাহুম্ ইয়া'রিফূনাহা~ইযান্ক্বালাবূ~ইলা~আহ্লিহিম্ লা'আল্লাহুম্ ইয়ার্জ্বি'ঊন্। ৬৩। ফালাম্মা- রাজ্বা'উ~
দাও। তাদের পরিবারের কাছে ফিরে গিয়ে যাতে তারা তা চিনতে পারে। তা হলে তারা পুনরায় ফিরে আসতে পারবে। (৬৩) অতঃপর তারা যখন তাদের পিতার কাছে ফিরে এল,

إِلَىٰ أَبِيهِمْ قَالُوا يَا أَبَانَا مُنِعَ مِنَّا الْكَيْلُ فَأَرْسِلْ مَعَنَا أَخَانَا نَكْتَلْ وَإِنَّا لَهُ

ইলা~আবীহিম্ ক্বা-লূ ইয়া~আবা-না- মুনি'আ মিন্নাল কাইলু ফাআর্সিল্ মা'আনা~আখা-না- নাক্তাল্ ওয়া ইন্না-লাহূ
তখন বলল, 'হে পিতা ! আমাদের জন্য খাদ্য শস্যের সরবরাহ নিষিদ্ধ করা হয়েছে, তাই আমাদের ভাইকে আমাদের সাথে পাঠিয়ে দিন, যাতে আমরা খাদ্য শস্যের বরাদ্দ নিয়ে আসতে পারি।

لَحَافِظُونَ ﴿٦٣﴾ قَالَ هَلْ آمَنُكُمْ عَلَيْهِ إِلَّا كَمَا أَمِنتُكُمْ عَلَىٰ أَخِيهِ مِن قَبْلُ ۖ فَاللَّهُ

লাহ্বা-ফিজূন্। ৬৪। ক্বা-লা হাল্ আ-মানুকুম্ 'আলাইহি ইল্লা-কামা~আমিন্তুকুম্ 'আলা~আখীহি মিন্ ক্বাব্লু ; ফাল্লা-হু
নিশ্চয় আমরা তার দেখাশোনা করব।' (৬৪) তিনি বললেন, আমি কি তোমাদেরকে ইতিপূর্বে তার ভাইয়ের ব্যাপারে যেমন বিশ্বাস করেছিলাম তেমন বিশ্বাস করব? সুতরাং

خَيْرٌ حَافِظًا ۖ وَهُوَ أَرْحَمُ الرَّاحِمِينَ ﴿٦٤﴾ وَلَمَّا فَتَحُوا مَتَاعَهُمْ وَجَدُوا بِضَاعَتَهُمْ

খাইরুন্ হ্বা-ফিজান, ওয়াহুওয়া আর্হ্বামুর্ রা-হ্বিমীন্। ৬৫। ওয়া লাম্মা- ফাতাহূ মাতা-'আহুম্ ওয়াজ্বাদূ বিদ্বা'আতাহুম্
আল্লাহ্ই শ্রেষ্ঠ হেফাজতকারী এবং সর্বশ্রেষ্ঠ দয়ালু। (৬৫) যখন তারা তাদের মালপত্র খুলল, তখন দেখতে পেল পণ্য-মূল্য তাদেরকে ফিরিয়ে

رُدَّتْ إِلَيْهِمْ ۖ قَالُوا يَا أَبَانَا مَا نَبْغِي ۖ هَٰذِهِ بِضَاعَتُنَا رُدَّتْ إِلَيْنَا ۖ

রুদ্দাত্ ইলাইহিম্ ; ক্বা-লূ ইয়া~আবা-না- মা- নাব্গী ; হা-যিহী বিদ্বা'আতুনা- রুদ্দাত ইলাইনা-
দেয়া হয়েছে। তারা বলল, 'হে পিতা ! আর কি চাইতে পারি আমরা? আমাদের পণ্য মূল্য ফিরিয়ে দেয়া হয়েছে। পুনরায় আমরা আমাদের পরিবারের জন্য

وَنَمِيرُ أَهْلَنَا وَنَحْفَظُ أَخَانَا وَنَزْدَادُ كَيْلَ بَعِيرٍ ۖ ذَٰلِكَ كَيْلٌ يَسِيرٌ

ওয়া নামীরু আহ্লানা- ওয়া নাহ্বফাজু আখা-না- ওয়া নায্দা-দু কাইলা বা'ঈরিন্ ; যা-লিকা কাইলুঁই ইয়াসীর।
খাদ্য শস্য নিয়ে আসব এবং আমাদের ভাইকে দেখা-শোনা করব এবং এক উটের চেয়ে অধিক উট বোঝাই রসদ নিয়ে আসব। এতো অতি সামান্য খাদ্য-শস্য মাত্র।'

○ বিশ্লেষণ (আঃ ৬২) ঃ لعلهم يرجعون - দ্বিতীয়বার আসতে তাদের কাছে অতিরিক্ত পুঁজি নাও থাকতে পারে। তাই যাতে পুনরায় পুঁজির অভাবে আসতে বাধার সৃষ্টি না হয় সেজন্য ইউসুফ (আ) এ কাজটি করেছেন। (কুঃ কারীম) ○ বিশ্লেষণ (আঃ ৬৫) ঃ نزداد كيل - অর্থাৎ প্রত্যেককে একটি উট বোঝাই করে খাদ্য শস্য প্রদান করা হয়। তারা তাদের ভাইয়ের কারণে আরো একটি উট বোঝাই শস্য অতিরিক্ত পাবে। كيل অর্থ মাপ, এখানে অর্থ শস্য। ذالك كيل - এখানে ذالك দ্বারা সে শস্যকে বুঝানো হয়েছে, যা তারা সাথে করে নিয়ে এসেছিল। ذالك-এর আর এক অর্থ বাদশাহর কাছে একটি উট বোঝাই করে শস্য দেয়া খুবই সাধারণ (সহজ) কাজ। (কুঃ কারীম)

﴿٦٦﴾ قَالَ لَنْ اُرْسِلَهٗ مَعَكُمْ حَتّٰى تُؤْتُوْنِ مَوْثِقًا مِّنَ اللّٰهِ لَتَاْتُنَّنِىْ بِهٖۤ اِلَّاۤ اَنْ

৬৬। ক্বা-লা লান্ উর্‌সিলাহূ মা'আকুম্ হাত্তা- তু'তূনি মাওছিক্বাম্ মিনাল্লা-হি লাতা'তুন্নানী বিহী~ইল্লা~আই

(৬৬) পিতা বললেন, 'তাকে তোমাদের সাথে সে পর্যন্ত পাঠাব না; যে পর্যন্ত না আমার কাছে তোমরা এমর্মে আল্লাহ্‌র কসম কর যে, তোমরা তাকে আমার কাছে অবশ্যই নিয়ে আসবে। অবশ্য যদি

يُّحَاطَ بِكُمْ ۚ فَلَمَّاۤ اٰتَوْهُ مَوْثِقَهُمْ قَالَ اللّٰهُ عَلٰى مَا نَقُوْلُ وَكِيْلٌ ﴿٦٧﴾ وَقَالَ يٰبَنِىَّ

ইউহ্বা-ত্বা বিকুম, ফালাম্মা~আ-তাওহু মাওছিক্বাহুম ক্বা-লাল্লা-হু 'আলা- মা-নাকূলু ওয়াকীল্। ৬৭। ওয়া ক্বা-লা ইয়া-বানিয়্যা

একান্ত অসহায় হয়ে পড়-' তবে ভিন্ন কথা, এরপর যখন তারা তার কাছে প্রতিজ্ঞা করল, তখন তিনি বললেন, 'আমরা যে বিষয়ে কথা বলছি আল্লাহ্‌র কাছে তা সোপর্দ করা হল।'(৬৭) তিনি বললেন,

لَا تَدْخُلُوْا مِنْۢ بَابٍ وَّاحِدٍ وَّادْخُلُوْا مِنْ اَبْوَابٍ مُّتَفَرِّقَةٍ ؕ وَمَاۤ اُغْنِىْ عَنْكُمْ

লা-তাদখুলূ মিম্ বা-বিওঁ ওয়া-হ্বিদিওঁ ওয়াদখুলূ মিন্ আব্‌ওয়া-বিম্ মুতাফার্‌রিক্বাতিন্ ; ওয়ামা~উগনী 'আনকুম্

'হে আমার পুত্ররা ! তোমরা সকলে এক দরজা দিয়ে প্রবেশ করো না, ভিন্ন ভিন্ন দরজা দিয়ে প্রবেশ করবে। আল্লাহ্‌র কোন বিধান থেকে

مِّنَ اللّٰهِ مِنْ شَىْءٍ ؕ اِنِ الْحُكْمُ اِلَّا لِلّٰهِ ؕ عَلَيْهِ تَوَكَّلْتُ ۚ وَعَلَيْهِ فَلْيَتَوَكَّلِ

মিনাল্লা-হি মিন্ শাইয়িন ; ইনিল্ হুকমু ইল্লা- লিল্লা-হি ; 'আলাইহি তাওয়াক্কাল্‌তু, ওয়া 'আলাইহি ফাল্‌ইয়াতাওয়াক্কালিল্

আমি তোমাদেরকে রক্ষা করতে পারব না। সকল বিধান আল্লাহ্‌রই। আমি তাঁরই উপর নির্ভর করি এবং যারা নির্ভর করে, তাদের উচিত আল্লাহ্‌র

الْمُتَوَكِّلُوْنَ ﴿٦٧﴾ وَلَمَّا دَخَلُوْا مِنْ حَيْثُ اَمَرَهُمْ اَبُوْهُمْ ؕ مَا كَانَ يُغْنِىْ عَنْهُمْ مِّنَ اللّٰهِ

মুতাওয়াক্কিলূন্। ৬৮। ওয়া লাম্মা- দাখালূ মিন হ্বাইছু আমারাহুম্ আবূহুম্ ; মা-কা-না ইউগ্‌নী 'আনহুম্ মিনাল্লা-হি

উপরই নির্ভর করা। (৬৮) যখন তারা তাদের পিতার নির্দেশ অনুযায়ী শহরে প্রবেশ করল, তখন আল্লাহ্‌র বিধানের বিরুদ্ধে তা তাদের কোন কাজে আসল না;

مِنْ شَىْءٍ اِلَّا حَاجَةً فِىْ نَفْسِ يَعْقُوْبَ قَضٰىهَا ؕ وَاِنَّهٗ لَذُوْ عِلْمٍ لِّمَا عَلَّمْنٰهُ وَلٰكِنَّ

মিন্ শাইয়িন্ ইল্লা- হ্বা-জ্বাতান্ ফী নাফ্‌সি ইয়া'কূবা ক্বাদ্বা-হা-; ওয়া ইন্নাহূ লাযূ 'ইল্‌মিল্ লিমা- 'আল্লামনা-হু ওয়ালা-কিন্না

কিন্তু ইয়াকুব যে সিদ্ধান্ত নিয়েছিলেন তা ছিল তার মনের ইচ্ছা- তা তিনি পূর্ণ করেছেন এবং তিনি অবশ্যই জ্ঞানী ছিলেন; কারণ, আমি তাকে শিক্ষা

اَكْثَرَ النَّاسِ لَا يَعْلَمُوْنَ ﴿٦٨﴾ ع وَلَمَّا دَخَلُوْا عَلٰى يُوْسُفَ اٰوٰۤى اِلَيْهِ اَخَاهُ قَالَ اِنِّىْۤ

৮ রুকূ ২

আকছারান্না-সি লা-ইয়া'লামূন্। ৬৯। ওয়া লাম্মা- দাখালূ 'আলা- ইউসুফা আ-ওয়া~ইলাইহি আখা-হু ক্বা-লা ইন্নী~

দিয়েছিলাম; কিন্তু অধিকাংশ মানুষই জানে না। (৬৯) তারা যখন ইউসুফের কাছে উপস্থিত হল, তখন ইউসুফ তার ভাইকে নিজের কাছে রেখে বললেন,

اَنَا اَخُوْكَ فَلَا تَبْتَئِسْ بِمَا كَانُوْا يَعْمَلُوْنَ ﴿٦٩﴾ فَلَمَّا جَهَّزَهُمْ بِجَهَازِهِمْ

আনা- আখূকা ফালা- তাব্‌তাইস্ বিমা- কা-নূ ইয়া'মালূন্। ৭০। ফালাম্মা- জ্বাহ্‌হাযাহুম্ বিজ্বাহা-যিহিম্

'আমিই তোমার ভাই। তাই তাদের কৃতকর্মের জন্য দুঃখ করো না।' (৭০) তিনি যখন তাদের রসদের ব্যবস্থা করে দিলেন তখন তিনি তার

○ বিশ্লেষণ (আঃ ৬৯) ঃ فلا تبتئس - (দুঃখ কর না) ইউসূফ (আ) তাঁর আপন ভাই বনী ইয়ামীনকে একাকীত্ব তাঁর পরিচয় দিলেন এবং তাঁর ভাইদের কৃতকর্মগুলো বললেন- "তাদের কৃতকর্মের জন্য দুঃখ কর না।" কেউ বলেন- বনী ইয়ামীনকে তাঁর কাছে রাখার জন্য যে কৌশল অবলম্বন করা হবে তা তাঁকে পূর্বেই জানিয়ে দিলেন। যাতে সে পেরেশান না হয়। (ইবনে কাসীর)

جَعَلَ السِّقَايَةَ فِىْ رَحْلِ اَخِيْهِ ثُمَّ اَذَّنَ مُؤَذِّنٌ اَيَّتُهَا الْعِيْرُ اِنَّكُمْ لَسٰرِقُوْنَ ○

জ্বা'আলাস্ সিক্বা-ইয়াতা ফী রাহ্বলি আখীহি ছুম্মা আয্‌যানা মুওয়ায্‌যিনুন্ আইয়্যাতুহাল্ 'ঈরু ইন্নাকুম্ লাসা-রিকূন্।

ভাইয়ের মালপত্রের মধ্যে (বাদশার) পানপাত্র রেখে দিলেন। তখন এক আহ্বায়ক ডেকে বলল, 'হে যাত্রীদল ! তোমরা নিশ্চয় চোর।'

﴿٧١﴾ قَالُوْا وَاَقْبَلُوْا عَلَيْهِمْ مَّاذَا تَفْقِدُوْنَ ﴿٧٢﴾ قَالُوْا نَفْقِدُ صُوَاعَ الْمَلِكِ وَلِمَنْ

৭১। ক্বা-লূ ওয়া আক্ববালূ 'আলাইহিম্ মা-যা- তাফ্‌ক্বিদূন্। ৭২। ক্বা-লূ নাফ্‌ক্বিদু ছুওয়া-'আল্ মালিকি ওয়া লিমান্

(৭১) তারা তাদের দিকে ফিরে বলল, 'তোমাদের কি হারিয়েছে ?' (৭২) তারা বলল, আমরা বাদশার পানপাত্র হারিয়েছি। যে তা

جَآءَ بِهٖ حِمْلُ بَعِيْرٍ وَّاَنَا بِهٖ زَعِيْمٌ ﴿٧٣﴾ قَالُوْا تَاللّٰهِ لَقَدْ عَلِمْتُمْ مَّا جِئْنَا لِنُفْسِدَ

জ্বা—আ বিহী হ্বিম্‌লু বা'ঈরিওঁ ওয়া আনা- বিহী যা'ঈম্। ৭৩। ক্বা-লূ তাল্লা-হি লাক্বাদ্ 'আলিম্‌তুম্ মা- জ্বি'না- লিনুফ্‌সিদা

এনে দেবে সে এক উট- বোঝাই রসদ পাবে এবং আমি এর জামিন হলাম।' (৭৩) তারা বলল, 'আল্লাহ্‌র শপথ ! তোমরা তো জান আমরা এ দেশে ফাসাদ সৃষ্টি

فِى الْاَرْضِ وَمَا كُنَّا سٰرِقِيْنَ ﴿٧٤﴾ قَالُوْا فَمَا جَزَآؤُهٗۤ اِنْ كُنْتُمْ كٰذِبِيْنَ ﴿٧٥﴾ قَالُوْا

ফিল্ আরদ্বি ওয়ামা- কুন্না- সা-রিক্বীন্। ৭৪। ক্বা-লূ ফামা- জ্বাযা—উহূ~ইন কুন্‌তুম কা-যিবীন্। ৭৫। ক্বা-লূ

করতে আসিনি এবং আমরা চোরও নই।' (৭৪) তারা বলল, 'তোমরা যদি মিথ্যা বলে থাক, তবে তার শাস্তি কি হবে ?' (৭৫) তারা বলল,

جَزَآؤُهٗ مَنْ وُّجِدَ فِىْ رَحْلِهٖ فَهُوَ جَزَآؤُهٗ ؕ كَذٰلِكَ نَجْزِى الظّٰلِمِيْنَ ○

জ্বাযা—উহূ মাওঁ উজ্বিদা ফী রাহ্বলিহী ফাহুওয়া জ্বাযা—উহূ ; কাযা-লিকা নাজ্‌যিয্ জা-লিমীন্।

'যার মালপত্রের মধ্যে পাত্রটি পাওয়া যাবে তার শাস্তি হবে দাসত্ব।' এভাবেই আমরা জালিমদের শাস্তি দিয়ে থাকি।'

﴿٧٦﴾ فَبَدَاَ بِاَوْعِيَتِهِمْ قَبْلَ وِعَآءِ اَخِيْهِ ثُمَّ اسْتَخْرَجَهَا مِنْ وِّعَآءِ اَخِيْهِ ؕ كَذٰلِكَ

৭৬। ফাবাদাআ বিআও'ইয়াতিহিম্ ক্ববলা ওয়ি'আ—ই ; আখীহি ছুম্মাস্‌তাখ্‌রাজ্বাহা- মিওঁ ওয়ি'আ—ই আখীহি ; কাযা-লিকা

(৭৬) অতঃপর ইউসুফ তার ভাইদের পূর্বে তাদের মালপত্র তল্লাশি করতে শুরু করলেন, এরপর তার ভাইয়ের মাল-পত্রের মধ্য থেকে পাত্রটি বের

كِدْنَا لِيُوْسُفَ ؕ مَا كَانَ لِيَاْخُذَ اَخَاهُ فِىْ دِيْنِ الْمَلِكِ اِلَّاۤ اَنْ يَّشَآءَ اللّٰهُ ؕ

কিদ্‌না- লিইউসুফা ; মা-কা-না লিইয়া'খুযা আখা-হু ফী দীনিল্ মালিকি ইল্লা~আইঁ ইয়াশা—আল্লা-হু ;

করলেন। এভাবে আমি ইউসুফকে কৌশল শিক্ষা দিয়েছিলাম। আল্লাহ্ না চাইলে বাদশার আইনে তার ভাইকে তিনি দাসত্বে নিতে পারতেন না।

نَرْفَعُ دَرَجٰتٍ مَّنْ نَّشَآءُ ؕ وَفَوْقَ كُلِّ ذِىْ عِلْمٍ عَلِيْمٌ ﴿٧٧﴾ قَالُوْۤا اِنْ يَّسْرِقْ

নার্‌ফা'উ দারাজ্বা-তিম্ মান্ নাশা—উ ; ওয়া ফাওক্বা কুল্লি যী 'ইল্‌মিন্ 'আলীম্। ৭৭। ক্বা-লূ~ইঁয় ইয়াস্‌রিক্ব

আমি যাকে ইচ্ছা তাকে মর্যাদায় উন্নত করি। আর প্রত্যেক জ্ঞানীর উপর রয়েছে আরও অধিক জ্ঞানী। (৭৭) তারা বলল, 'সে যদি চুরি করে থাকে, তবে তার ভাইও তো

فَقَدْ سَرَقَ اَخٌ لَّهٗ مِنْ قَبْلُ ۚ فَاَسَرَّهَا يُوْسُفُ فِىْ نَفْسِهٖ وَلَمْ يُبْدِهَا لَهُمْ ۚ

ফাক্বাদ্ সারাক্বা আখুল্লাহূ মিন্ ক্বাব্‌লু, ফাআসার্‌রাহা- ইউসুফু ফী নাফ্‌সিহী ওয়ালাম্ ইউব্‌দিহা- লাহুম্

ইতিপূর্বে চুরি করেছিল; 'কিন্তু ইউসুফ প্রকৃত ব্যাপার গোপন রাখলেন এবং তাদের কাছে প্রকাশ করলেন না, আর মনে মনে বললেন,

قَالَ أَنتُمْ شَرٌّ مَّكَانًا ۖ وَاللَّهُ أَعْلَمُ بِمَا تَصِفُونَ ﴿٧٧﴾ قَالُوا يَا أَيُّهَا الْعَزِيزُ إِنَّ لَهُ

ক্বা-লা আনতুম্ শাররুম্ মাকা-নান, ওয়াল্লা-হু আ'লামু বিমা- তাছিফূন্ । ৭৮ । ক্বা-লূ ইয়া~আয়্যুহাল 'আযীযু ইন্না লাহূ~

'তোমরা মানুষ হিসাবে খুবই মন্দ লোক । আর তোমরা যা বলেছ সে ব্যাপারে আল্লাহই ভাল জানেন ।' (৭৮) তারা বলল, 'হে আযীয! তার পিতা আছেন,

أَبًا شَيْخًا كَبِيرًا فَخُذْ أَحَدَنَا مَكَانَهُ ۖ إِنَّا نَرَاكَ مِنَ الْمُحْسِنِينَ ﴿٧٨﴾ قَالَ مَعَاذَ اللَّهِ

আবান্ শাইখান্ কাবীরান্ ফাখুয্ আহ্বাদানা- মাকা-নাহূ, ইন্না- নারা-কা মিনাল্ মুহ্সিনীন্ । ৭৯ । ক্বা-লা মা'আযাল্লা-হি

যিনি খুবই বৃদ্ধ, তাই তার স্থলে আমাদের একজনকে রেখে দিন । আমরা তো আপনাকে মহানুভব ব্যক্তিদেরই একজন দেখতে পাচ্ছি ।' (৭৯) তিনি বললেন, 'যার কাছে

أَن نَّأْخُذَ إِلَّا مَن وَجَدْنَا مَتَاعَنَا عِندَهُ إِنَّا إِذًا لَّظَالِمُونَ ﴿٧٩﴾ فَلَمَّا اسْتَيْأَسُوا

আন্ না'খুযা ইল্লা- মাও ওয়াজাদ্না- মাতা-'আনা- 'ইন্দাহূ~ইন্না~ইযাল্ লাজা-লিমূন্ । ৮০ । ফালাম্মাস্ তাইআসূ

এরই রসদপত্র পেয়েছি তাকে ছাড়া অন্য কাউকে পাকড়াও করার অপরাধ থেকে আল্লাহ্র কাছে পানাহ চাচ্ছি । এরূপ করলে তো জালিম হয়ে যাব ।' (৮০) এরপর যখন তারা

রুকূ ৯

مِنْهُ خَلَصُوا نَجِيًّا ۖ قَالَ كَبِيرُهُمْ أَلَمْ تَعْلَمُوا أَنَّ أَبَاكُمْ قَدْ أَخَذَ عَلَيْكُم

মিন্হু খালাছু নাজিয়্যান্ ; ক্বা-লা কাবীরুহুম্ আলাম্ তা'লামূ~আন্না আবা-কুম্ ক্বাদ্ আখাযা 'আলাইকুম্

তার থেকে নিরাশ হয়ে গেল, তখন তারা নির্জনে গিয়ে পরামর্শ করতে বসল । তাদের জ্যেষ্ঠ ভ্রাতা বলল, তোমরা কি জান না- তোমাদের পিতা তোমাদের কাছ থেকে আল্লাহ্র

مَّوْثِقًا مِّنَ اللَّهِ وَمِن قَبْلُ مَا فَرَّطتُمْ فِي يُوسُفَ ۖ فَلَنْ أَبْرَحَ الْأَرْضَ حَتَّىٰ

মাওছিক্বাম্ মিনাল্লা-হি ওয়া মিন্ ক্বাবলু মা-ফার্রাত্বতুম্ ফী ইউসুফা, ফালান্ আবরাহাল্ আর্দ্বা হাত্তা-

শপথ নিয়েছেন এবং পূর্বেও তোমরা ইউসুফের ব্যাপারে অবহেলা করেছিলে; সুতরাং আমি কিছুতেই এ দেশ ত্যাগ করব না যতক্ষণ না আমার পিতা আমাকে

يَأْذَنَ لِي أَبِي أَوْ يَحْكُمَ اللَّهُ لِي ۖ وَهُوَ خَيْرُ الْحَاكِمِينَ ﴿٨٠﴾ ارْجِعُوا إِلَىٰ

ইয়া'যানা লী~আবী~আও ইয়াহ্কুমাল্লা-হু লী, ওয়া হুওয়া খাইরুল্ হা-কিমীন্ । ৮১ । ইর্জ্বি'ঊ~ইলা~

অনুমতি দেন অথবা আল্লাহ্ আমার জন্য কোন ফয়সালা না করে দেন । আর তিনিই শ্রেষ্ঠ বিচারক । (৮১) 'তোমরা তোমাদের পিতার কাছে

أَبِيكُمْ فَقُولُوا يَا أَبَانَا إِنَّ ابْنَكَ سَرَقَ وَمَا شَهِدْنَا إِلَّا بِمَا عَلِمْنَا وَمَا كُنَّا

আবীকুম্ ফাকূলূ ইয়া ~আবা-না~ইন্নাব্নাকা সারাক্বা, ওয়ামা- শাহিদ্না~ইল্লা- বিমা- 'আলিম্না- ওয়ামা- কুন্না-

ফিরে গিয়ে বল, 'হে পিতা! আপনার ছেলে চুরি করেছে এবং আমরা যা জানি তারই প্রত্যক্ষ বিবৃত দিলাম । অদৃশ্যের ব্যাপারে আমরা কিছুই

لِلْغَيْبِ حَافِظِينَ ﴿٨١﴾ وَاسْأَلِ الْقَرْيَةَ الَّتِي كُنَّا فِيهَا وَالْعِيرَ الَّتِي أَقْبَلْنَا فِيهَا ۖ

লিল্গাইবি হা-ফিজীন্ । ৮২ । ওয়াস্আলিল্ ক্বার্ইয়াতাল্লাতী কুন্না- ফীহা- ওয়াল্ 'ঈরাল্লাতী ~আক্ববাল্না- ফীহা-;

জানতাম না ।' (৮২) 'আমরা যেখানে ছিলাম তার অধিবাসীদেরকে এবং যে যাত্রীদলের সাথে আমরা এসেছি তাদেরকে জিজ্ঞেস করুন ।

০ বিশ্লেষণ (আঃ ৮১) ঃ وما شهدنا - অর্থ বনী ইয়ামীনের হেফাজতের ব্যাপারে আমরা যে ওয়াদা করেছিলাম তা আমাদের (বাহ্যিক) জ্ঞান দ্বারাই করেছিলাম । পরবর্তিতে যে যে ঘটনার প্রেক্ষিতে বনী ইয়ামীনকে আটকিয়ে রেখেছে সে বিষয়টি আমাদের ধারণার মধ্যেই ছিল না । অথবা এর অর্থ– চুরির শাস্তির বর্ণনা দিতে গিয়ে আমরা যে বলেছিলাম "চোরকে চুরির পরিবর্তে রেখে দেয়া" এটাই চুরির শাস্তি । এ কথাটি আমরা আমাদের ইল্ম (জানা) থেকে বলেছিলাম ; একথা বলার পেছনে কোন অসৎ উদ্দেশ্য ছিল না । কিন্তু পরবর্তি ঘটনার ব্যাপারে আমরা বে-খবর ছিলাম । (কুঃ কারীম)

وَإِنَّا لَصَادِقُونَ ﴿٨٢﴾ قَالَ بَلْ سَوَّلَتْ لَكُمْ أَنفُسُكُمْ أَمْرًا ۖ فَصَبْرٌ جَمِيلٌ ۖ

ওয়া ইন্না- লাছা-দিকূন্ । ৮৩ । ক্বা-লা বাল্ সাওয়্যালাত্ লাকুম্ আন্ফুসুকুম্ আম্রান্ ; ফাছাব্রুন্ জ্বামীলুন্ ;

আমরা অবশ্যই সত্য বলছি ।' (৮৩) ইয়াকুব (আ) বললেন, এসব কিছুই না, তোমরা মনগড়া কথা নিয়ে এসেছ । এখন ধৈর্যধারণ করাই উত্তম ।

عَسَى اللَّهُ أَن يَأْتِيَنِي بِهِمْ جَمِيعًا ۚ إِنَّهُ هُوَ الْعَلِيمُ الْحَكِيمُ ﴿٨٣﴾ وَتَوَلَّىٰ

'আসাল, লা-হু আই ইয়া'তিয়ানী বিহিম্ জ্বামী'আন ; ইন্নাহূ হুওয়াল্ 'আলীমুল্ হাকীম্ । ৮৪ । ওয়া তাওয়াল্লা-

হয়তো আল্লাহ্ তাদেরকে এক সঙ্গে আমার কাছে নিয়ে আসবেন । নিশ্চয় তিনি সর্বজ্ঞ, প্রজ্ঞাময় । (৮৪) আর তিনি (ইয়াকুব) তাদের

عَنْهُمْ وَقَالَ يَا أَسَفَىٰ عَلَىٰ يُوسُفَ وَابْيَضَّتْ عَيْنَاهُ مِنَ الْحُزْنِ فَهُوَ كَظِيمٌ ﴿٨٤﴾

'আনহুম্ ওয়া ক্বা-লা ইয়া ~আসাফা- 'আলা- ইউসুফা ওয়াব্ইয়াদ্বদ্বাত্ 'আইনা-হু মিনাল্ হুয্নি ফাহুওয়া কাজীম্ ।

থেকে মুখ ফিরিয়ে নিয়ে বললেন, 'হায়! ইউসুফের জন্য আক্ষেপ!' আর শোকে তার চোখ দুটি সাদা হয়ে গিয়েছিল এবং তিনি ছিলেন অসহনীয় মনস্তাপে ক্লিষ্ট ।

قَالُوا تَاللَّهِ تَفْتَأُ تَذْكُرُ يُوسُفَ حَتَّىٰ تَكُونَ حَرَضًا أَوْ تَكُونَ مِنَ الْهَالِكِينَ ﴿٨٥﴾

৮৫ । ক্বা-লূ তাল্লা-হি তাফ্তাউ তায্কুরু ইউসুফা হাত্তা- তাকূনা হারাদ্বান্ আও তাকূনা মিনাল্ হা-লিকীন্ ।

(৮৫) তারা বলল, 'আল্লাহ্র শপথ! আপনি তো ইউসুফের স্মরণ থেকে নিবৃত্ত হবেন না– যতক্ষণ না আপনি একেবারে মুমূর্ষ হয়ে যাবেন বা মৃত্যুবরণ করবেন ।'

قَالَ إِنَّمَا أَشْكُو بَثِّي وَحُزْنِي إِلَى اللَّهِ وَأَعْلَمُ مِنَ اللَّهِ مَا لَا تَعْلَمُونَ ﴿٨٦﴾

৮৬ । ক্বা-লা ইন্নামা~আশ্কূ বাছ্ছী ওয়া হুয্নী~ইলাল্লা-হি ওয়া আ'লামু মিনাল্লা-হি মা- লা- তা'লামূন্ ।

(৮৬) ইয়াকুব বললেন, আমার দুঃখ-কষ্ট শুধু আল্লাহ্র কাছেই নিবেদন করছি এবং আমি আল্লাহ্র কাছ থেকে যা জেনেছি তোমরা তা জান না ।'

يَا بَنِيَّ اذْهَبُوا فَتَحَسَّسُوا مِن يُوسُفَ وَأَخِيهِ وَلَا تَيْأَسُوا مِن رَّوْحِ اللَّهِ ۖ إِنَّهُ ﴿٨٧﴾

৮৭ । ইয়া-বানিয়্যায্ হাবূ ফাতাহাস্সাসূ মিই ইউসুফা ওয়া আখীহি ওয়ালা-তাইআসূ মির্ রাওহিল্লা-হি ; ইন্নাহূ

(৮৭) হে পুত্ররা ! তোমরা যাও, ইউসুফ ও তার ভাইকে খুজে দেখ এবং আল্লাহ্র রহমত থেকে নিরাশ হয়ো না । কারণ, কাফেররা

لَا يَيْأَسُ مِن رَّوْحِ اللَّهِ إِلَّا الْقَوْمُ الْكَافِرُونَ ﴿٨٧﴾ فَلَمَّا دَخَلُوا عَلَيْهِ قَالُوا

লা-ইয়াইআস্ মির রাওহিল্লা-হি ইল্লাল্ ক্বাওমুল্ কা-ফিরূন্ । ৮৮ । ফালাম্মা- দাখালূ 'আলাইহি ক্বা-লূ

ব্যতীত আল্লাহ্র রহমত থেকে কেউ নিরাশ হয় না ।' (৮৮) অতঃপর যখন তারা তার কাছে পৌছে বলল,

يَا أَيُّهَا الْعَزِيزُ مَسَّنَا وَأَهْلَنَا الضُّرُّ وَجِئْنَا بِبِضَاعَةٍ مُّزْجَاةٍ فَأَوْفِ لَنَا الْكَيْلَ

ইয়া~আয়্যুহাল্ 'আযীযু মাস্সানা- ওয়াআহ্লানাদ্ব দ্বুররু ওয়া জ্বি'না-বিবিদ্বা-'আতিম্ মুয্জা-তিন্ ফাআওফি লানাল্ কাইলা

'হে আযীয ! আমরা ও আমাদের পরিবার পরিজন অত্যন্ত বিপন্ন হয়ে পড়েছি এবং আমরা খুব সামান্য মূল্য নিয়ে এসেছি । সুতরাং আপনি আমাদের রসদপত্রের বরাদ্দ

وَتَصَدَّقْ عَلَيْنَا ۖ إِنَّ اللَّهَ يَجْزِي الْمُتَصَدِّقِينَ ﴿٨٨﴾ قَالَ هَلْ عَلِمْتُم مَّا فَعَلْتُم

ওয়া তাছাদ্দাক্ব 'আলাইনা- ; ইন্নাল্লা-হা ইয়াজ্বযিল্ মুতাছাদ্দিক্বীন্ । ৮৯ । ক্বা-লা হাল্ 'আলিম্তুম্ মা-ফা'আল্তুম

পূর্ণ মাত্রায় দিন এবং দানস্বরূপ আমাদেরকে কিছু দিন । নিশ্চয় আল্লাহ্ দাতাদেরকে পুরস্কৃত করে থাকেন ।' (৮৯) তিনি বললেন, 'তোমরা কি জান-

بِيُوسُفَ وَأَخِيهِ إِذْ أَنتُمْ جَٰهِلُونَ ﴿٨٩﴾ قَالُوٓا۟ أَءِنَّكَ لَأَنتَ يُوسُفُ ۖ قَالَ

বিইউসুফা ওয়া আখীহি ইয্ আন্‌তুম্ জ্বা-হিলূন্। ৯০। ক্বা-লূ~আ ইন্নাকা লাআন্‌তা ইউসুফু ; ক্বা-লা
ইউসুফ ও তার ভাইয়ের প্রতি কেমন আচরণ করেছিলে– যখন তোমরা জাহেল ছিলে ?' (৯০) তারা বলল, তবে তুমিই কি ইউসুফ ? তিনি বললেন,

أَنَا۠ يُوسُفُ وَهَٰذَآ أَخِى ۖ قَدْ مَنَّ ٱللَّهُ عَلَيْنَآ ۖ إِنَّهُۥ مَن يَتَّقِ وَيَصْبِرْ فَإِنَّ ٱللَّهَ

আনা ইউসুফু ওয়া হা-যা~আখী, ক্বাদ্ মান্নাল্লা-হু 'আলাইনা-; ইন্নাহূ মাই ইয়াত্তাক্বি ওয়া ইয়াছ্বির্ ফাইন্নাল্লা-হা
হ্যাঁ, 'আমিই ইউসুফ এবং এ আমার সহদোর ভাই। আল্লাহ্ আমাদের প্রতি অনুগ্রহ করেছেন। নিশ্চয় যে মুত্তাকী এবং ধৈর্যশীল আল্লাহ্ সেই

لَا يُضِيعُ أَجْرَ ٱلْمُحْسِنِينَ ﴿٩٠﴾ قَالُوا۟ تَٱللَّهِ لَقَدْ ءَاثَرَكَ ٱللَّهُ عَلَيْنَا وَإِن كُنَّا

লা-ইউদ্বী'উ আজ্‌রাল্ মুহ্‌সিনীন্। ৯১। ক্বা-লূ তাল্লা-হি লাক্বাদ্ আ-ছারাকাল্লা-হু 'আলাইনা- ওয়া ইন্ কুন্না
সৎকর্মীদের শ্রমফল নষ্ট করেন না।' (৯১) তারা বলল, 'আল্লাহ্‌র শপথ ! আল্লাহ্ নিশ্চয় তোমাকে আমাদের উপর প্রধান্য দিয়েছেন এবং আমরা নিশ্চয়

لَخَٰطِـِٔينَ ﴿٩١﴾ قَالَ لَا تَثْرِيبَ عَلَيْكُمُ ٱلْيَوْمَ ۖ يَغْفِرُ ٱللَّهُ لَكُمْ ۖ وَهُوَ أَرْحَمُ

লাখা-ত্বিঈন্। ৯২। ক্বা-লা লা- তাছ্‌রীবা 'আলাইকুমুল ইয়াওমা ; ইয়াগ্‌ফিরুল্লা-হু লাকুম, ওয়া হুওয়া আরহামুর্
অপরাধী ছিলাম।' (৯২) তিনি বললেন, আজ তোমাদের বিরুদ্ধে কোন অভিযোগ নেই। আল্লাহ্ তোমাদের ক্ষমা করে দিবেন এবং তিনি সকল দয়ালুর চেয়ে

ٱلرَّٰحِمِينَ ﴿٩٢﴾ ٱذْهَبُوا۟ بِقَمِيصِى هَٰذَا فَأَلْقُوهُ عَلَىٰ وَجْهِ أَبِى يَأْتِ بَصِيرًا

রা-হিমীন্। ৯৩। ইয্‌হাবূ বিক্বামীছ্বী হা-যা- ফাআল্‌কূহু 'আলা- ওয়াজ্‌হি আবী ইয়া'তি বাছ্বীরান,
অধিক দয়ালু।' (৯৩) তোমরা আমার এই জামাটি নিয়ে যাও এবং এ আমার পিতার মুখের উপর রেখে দিও। তিনি দৃষ্টিশক্তি ফিরে পাবেন এবং তোমাদের

১০ ع ৪ রুকূ

وَأْتُونِى بِأَهْلِكُمْ أَجْمَعِينَ ﴿٩٣﴾ وَلَمَّا فَصَلَتِ ٱلْعِيرُ قَالَ أَبُوهُمْ إِنِّى لَأَجِدُ رِيحَ

ওয়া'তূনী বিআহ্‌লিকুম্ আজ্‌মা'ঈন। ৯৪। ওয়া লাম্মা- ফাছ্বালাতিল্ 'ঈরু ক্বা-লা আবূহুম্ ইন্নী লাআজ্বিদু রীহা
পরিবারের সকলকেই আমার কাছে নিয়ে এসো।' (৯৪) যখন কাফেলা রওয়ানা হল, তখন তাদের পিতা বললেন, 'তোমরা বুড়োর ভিমরতি না ভাবলে

يُوسُفَ ۖ لَوْلَآ أَن تُفَنِّدُونِ ﴿٩٤﴾ قَالُوا۟ تَٱللَّهِ إِنَّكَ لَفِى ضَلَٰلِكَ ٱلْقَدِيمِ ﴿٩٥﴾ فَلَمَّآ

ইউসুফা লাওলা~আন্ তুফান্নিদূন্। ৯৫। ক্বা-লূ তাল্লা-হি ইন্নাকা লাফী দ্বালা-লিকাল্ ক্বাদীম। ৯৬। ফালাম্মা~
আমি বলব, আমি ইউসুফের ঘ্রাণ পাচ্ছি।' (৯৫) লোকেরা বলল, 'আল্লাহ্‌র শপথ ! আপনি তো পূর্ব বিভ্রান্তিতেই রয়েছেন।' (৯৬) এরপর যখন

أَن جَآءَ ٱلْبَشِيرُ أَلْقَىٰهُ عَلَىٰ وَجْهِهِۦ فَٱرْتَدَّ بَصِيرًا ۖ قَالَ أَلَمْ أَقُل لَّكُمْ إِنِّىٓ

আন্ জ্বা—আল্ বাশীরু আল্‌ক্বা-হু 'আলা- ওয়াজ্‌হিহী ফার্‌তাদ্দা বাছ্বীরান, ক্বা-লা আলাম্ আকুল্ লাকুম, ইন্নী~
সুসংবাদ বাহক উপস্থিত হল এবং তার চেহারার উপর জামাটি রাখল, তখন তার দৃষ্টিশক্তি ফিরে আসল। তিনি বললেন, 'আমি কি বলিনি যে,

○ টীকা (আঃ ৯৩) ঃ হযরত ইয়াকুব (আ) বিন ইয়ামীন সম্পর্কে সব কিছু শোনার পর ছেলেদেরকে একটি পত্র দিয়ে পুনরায় মিসর পাঠান। বিন ইয়ামীনকে ফেরত চেয়ে পত্রটি আযীযে মিসরের উদ্দেশ্যে লিখিত ছিল। মিসরে তাঁর ছেলেরা পৌঁছে ব্যবহৃত কয়েকটি আসবাবের বিনিময়ে ইউসুফ (আ)-এর কাছে রসদ পত্র তলব করে এবং সেই চিঠিখানা তাঁর হাতে দেয়। তিনি চিঠি খানা পড়ে অত্যন্ত আবেগ তাড়িত হয়ে পড়েন এবং কয়েকটি কথার পর নিজের পরিচয় তাদের কাছে তুলে ধরেন। এরপর তিনি তাঁর জামা তাদের হাতে দিয়ে বলেন, পিতার চোখ এটির স্পর্শে সুস্থ হয়ে উঠবে, তখন তোমরা তাঁদের সকলকে এখানে নিয়ে আসবে। (কুরতুবী)

أَعْلَمُ مِنَ ٱللَّهِ مَا لَا تَعْلَمُونَ ﴿٩٦﴾ قَالُوا۟ يَٰٓأَبَانَا ٱسْتَغْفِرْ لَنَا ذُنُوبَنَآ إِنَّا كُنَّا

আ'লামু মিনাল্লা-হি মা-লা- তা'লামূন। ৯৭। ক্বা-লূ ইয়া~আবা-নাস্ তাগ্‌ফির্‌লানা- যুনূবানা~ইন্না- কুন্না-
আমি আল্লাহর কাছ থেকে যা জেনেছি তোমরা তা জান না ?' (৯৭) তারা বলল, 'হে পিতা ! আমাদের কৃত পাপের জন্য ক্ষমা প্রার্থনা করুন, আমরা অবশ্যই

خَٰطِـِٔينَ ﴿٩٧﴾ قَالَ سَوْفَ أَسْتَغْفِرُ لَكُمْ رَبِّىٓ ۖ إِنَّهُۥ هُوَ ٱلْغَفُورُ ٱلرَّحِيمُ ﴿٩٨﴾ فَلَمَّا

খা-ত্বিঈন্। ৯৮। ক্বা-লা সাওফা আস্‌তাগ্‌ফিরু লাকুম্ রাব্বী ; ইন্নাহূ হুওয়াল্ গাফূরুর্ রাহীম্। ৯৯। ফালাম্মা-
অপরাধী ছিলাম।' (৯৮) তিনি বললেন, 'আমি আমার প্রতিপালকের নিকট তোমাদের জন্য অচিরেই ক্ষমা প্রার্থনা করব। নিশ্চয় তিনি ক্ষমাশীল, পরম দয়ালু।' (৯৯) অতঃপর যখন

دَخَلُوا۟ عَلَىٰ يُوسُفَ ءَاوَىٰٓ إِلَيْهِ أَبَوَيْهِ وَقَالَ ٱدْخُلُوا۟ مِصْرَ إِن شَآءَ ٱللَّهُ ءَامِنِينَ ﴿٩٩﴾

দাখালূ 'আলা- ইউসুফা আ-ওয়া ~ইলাইহি আবাওয়াইহি ওয়া ক্বা-লাদ্ খুলূ মিছ্বরা ইন্ শা—আল্লা-হু আ-মিনীন্।
তারা ইউসুফের কাছে পৌঁছল, তখন তিনি তার পিতা-মাতাকে নিজের কাছে সসম্মানে স্থান দিলেন এবং বললেন, 'আল্লাহর ইচ্ছায় আপনারা নিরাপদে মিশরে প্রবেশ করুন।'

وَرَفَعَ أَبَوَيْهِ عَلَى ٱلْعَرْشِ وَخَرُّوا۟ لَهُۥ سُجَّدًا ۖ وَقَالَ يَٰٓأَبَتِ هَٰذَا تَأْوِيلُ

১০০। ওয়া রাফা'আ আবাওয়াইহি 'আলাল্ 'আরশি ওয়া খার্‌রূ লাহূ সুজ্জাদান, ওয়া ক্বা-লা ইয়া~আবাতি হা-যা- তা'বীলু
(১০০) তিনি তার মাতা-পিতাকে রাজ সিংহাসনে বসালেন, অতঃপর সকলে তার সামনে সেজদায় লুটিয়ে পড়ল। আর তিনি বললেন, 'হে পিতা !

رُءْيَٰىَ مِن قَبْلُ قَدْ جَعَلَهَا رَبِّى حَقًّا ۖ وَقَدْ أَحْسَنَ بِىٓ إِذْ أَخْرَجَنِى مِنَ

রু'ইয়া- ইয়া মিন্ ক্বাব্‌লু, ক্বাদ্ জ্বা'আলাহা- রাব্বী হাক্ক্বান্ ; ওয়া ক্বাদ্ আহ্‌সানা বী ~ইয্ আখ্‌রাজ্বানী মিনাস্
এটাই আমার পূর্ব– দেখা স্বপ্নের ব্যাখ্যা। আমার প্রতিপালক তা সত্যে পরিণত করেছেন এবং তিনি আমার প্রতি তখন অনুগ্রহ করেছেন যখন তিনি আমাকে

ٱلسِّجْنِ وَجَآءَ بِكُم مِّنَ ٱلْبَدْوِ مِنۢ بَعْدِ أَن نَّزَغَ ٱلشَّيْطَٰنُ بَيْنِى وَبَيْنَ

সিজ্বনি ওয়া জ্বা—আ বিকুম্ মিনাল্ বাদ্‌ওয়ি মিম্ বা'দি আন্ নাযাগাশ্ শাইত্বা-নু বাইনী ওয়া বাইনা
কারামুক্ত করেছেন এবং শয়তান আমার ও আমার ভাইদের মধ্যে বিবাদ সৃষ্টি করার পর আপনাদেরকে মরু অঞ্চল থেকে এখানে নিয়ে

إِخْوَتِىٓ ۚ إِنَّ رَبِّى لَطِيفٌ لِّمَا يَشَآءُ ۚ إِنَّهُۥ هُوَ ٱلْعَلِيمُ ٱلْحَكِيمُ ﴿١٠٠﴾ رَبِّ قَدْ

ইখ্‌ওয়াতী ; ইন্না রাব্বী লাত্বীফুল্ লিমা-ইয়াশা—উ ; ইন্নাহূ হুওয়াল্ 'আলীমুল্ হাকীম্। ১০১। রাব্বি ক্বাদ্
এসেছেন। আমার প্রতিপালক যা ইচ্ছা করেন তা নিপুণতার সাথে করেন। নিশ্চয় তিনি সর্বজ্ঞ, প্রজ্ঞাময়।' (১০১) 'হে আমার প্রতিপালক

ءَاتَيْتَنِى مِنَ ٱلْمُلْكِ وَعَلَّمْتَنِى مِن تَأْوِيلِ ٱلْأَحَادِيثِ ۚ فَاطِرَ ٱلسَّمَٰوَٰتِ

আ-তাইতানী মিনাল্ মুল্‌কি ওয়া 'আল্লাম্‌তানী মিন্ তা'ওয়ীলিল্ আহা-দীছি, ফা-ত্বিরাস্ সামা-ওয়া-তি
আপনি আমাকে রাজ্যদান করেছেন এবং স্বপ্নের ব্যাখ্যা শিক্ষা দিয়েছেন। হে আসমান ও যমীনের স্রষ্টা !

وَٱلْأَرْضِ أَنتَ وَلِىِّۦ فِى ٱلدُّنْيَا وَٱلْءَاخِرَةِ ۖ تَوَفَّنِى مُسْلِمًا وَأَلْحِقْنِى

ওয়াল্ আরদ্বি, আন্‌তা ওয়ালিইয়্যী ফিদ্ দুন্‌ইয়া- ওয়াল্-আ-খিরাতি, তাওয়াফ্‌ফানী মুস্‌লিমাওঁ ওয়া আল্‌হিক্বনী
আপনিই দুনিয়া ও আখেরাতে আমার অভিভাবক। আপনি আমাকে মুসলমানরূপেই মৃত্যু দান করুন এবং আমাকে অন্তর্ভুক্ত করুন

بِالصّٰلِحِيْنَ ۝١٠١ ذٰلِكَ مِنْ اَنْۢبَآءِ الْغَيْبِ نُوْحِيْهِ اِلَيْكَ ۚ وَمَا كُنْتَ لَدَيْهِمْ

বিছ্‌ছ্বা-লিহ্বীন্। ১০২। যা-লিকা মিন্ আম্‌বা—ইল্ গাইবি নূহ্বীহি ইলাইকা, ওয়ামা- কুন্‌তা লাদাইহিম্

সৎকর্মপরায়ণদের মধ্যে।' (১০২) এ হলো অদৃশ্য লোকের সংবাদ- যা আপনাকে (রাসূল সঃ) আমি ওহীর মাধ্যমে অবহিত করেছি। আপনি তখন তাদের কাছে

اِذْ اَجْمَعُوْٓا اَمْرَهُمْ وَهُمْ يَمْكُرُوْنَ ۝١٠٢ وَمَآ اَكْثَرُ النَّاسِ وَلَوْ حَرَصْتَ

ইয্ আজ্‌মা'উ~আম্‌রাহুম্ ওয়া হুম্ ইয়াম্‌কুরূন্। ১০৩। ওয়ামা~আক্‌ছারুন্না-সি ওয়ালাও হ্বারাছ্‌তা

ছিলেন না যখন তারা সিদ্ধান্তে একমত হয়েছিল এবং ষড়যন্ত্র করেছিল। (১০৩) আপনি যতই কামনা করুন না কেন, অধিকাংশ লোকই

بِمُؤْمِنِيْنَ ۝١٠٣ وَمَا تَسْـَٔلُهُمْ عَلَيْهِ مِنْ اَجْرٍ ؕ اِنْ هُوَ اِلَّا ذِكْرٌ لِّلْعٰلَمِيْنَ ۝١٠٤

বিমু'মিনীন্। ১০৪। ওয়ামা- তাস্‌আলুহুম্ 'আলাইহি মিন্ আজ্‌রিন্; ইন্ হুওয়া ইল্লা- যিক্‌রুললিল্'আ-লামীন্।

ঈমানদার নয়। (১০৪) আপনি তাদের কাছে তো কোন পারিশ্রমিক চান না। আর কুরআন তো সারা বিশ্বের জন্য উপদেশ ব্যতীত অন্য কিছু নয়।

وَكَاَيِّنْ مِّنْ اٰيَةٍ فِى السَّمٰوٰتِ وَالْاَرْضِ يَمُرُّوْنَ عَلَيْهَا وَهُمْ عَنْهَا مُعْرِضُوْنَ ۝١٠٥

১০৫। ওয়া কাআইয়্যিম্ মিন্ আ-য়াতিন্ ফিস্ সামা-ওয়া-তি ওয়াল্ আর্‌দ্বি ইয়ামুর্‌রূনা 'আলাইহা- ওয়াহুম্ 'আন্‌হা-মু'রিদ্বূন্।

(১০৫) আকাশমন্ডলী ও পৃথিবীতে অনেক নিদর্শন রয়েছে। তারা এগুলোর উপর দিয়ে পথ চলে; কিন্তু তারা এগুলো থেকে বিমুখ থাকে।

وَمَا يُؤْمِنُ اَكْثَرُهُمْ بِاللّٰهِ اِلَّا وَهُمْ مُّشْرِكُوْنَ ۝١٠٦ اَفَاَمِنُوْٓا اَنْ تَاْتِيَهُمْ غَاشِيَةٌ

১০৬। ওয়ামা- ইউ'মিনু আক্‌ছারুহুম্ বিল্লা-হি ইল্লা- ওয়াহুম্ মুশ্‌রিকূন্। ১০৭। আফাআমিনু~আন্ তা'তিয়াহুম্ গা-শিয়াতুম্

(১০৬) অধিকাংশ মানুষ আল্লাহর প্রতি ঈমান আনে- সাথে সাথে শিরিকও করে। (১০৭) তবে কি তারা আল্লাহর সর্বগ্রাসী আযাব থেকে নিরাপদ হয়ে গেছে

مِّنْ عَذَابِ اللّٰهِ اَوْ تَاْتِيَهُمُ السَّاعَةُ بَغْتَةً وَّهُمْ لَا يَشْعُرُوْنَ ۝١٠٧ قُلْ هٰذِهٖ

মিন্ 'আযা-বিল্লা-হি আও তা'তিয়াহুমুস্ সা-'আতু বাগ্‌তাতাওঁ ওয়াহুম্ লা-ইয়াশ্'উরূন্। ১০৮। কুল্ হা-যিহী

অথবা তাদের অজ্ঞতাসারে কিয়ামতের আকস্মিক উপস্থিতি থেকে তারা নিরাপদ হয়ে গেছে? (১০৮) বলুন, 'এটিই আমার পথ।

سَبِيْلِيْٓ اَدْعُوْٓا اِلَى اللّٰهِ ؔ عَلٰى بَصِيْرَةٍ اَنَا وَمَنِ اتَّبَعَنِيْ ؕ وَسُبْحٰنَ اللّٰهِ وَمَآ

সাবীলী~আদ্'উ~ইলাল্লা-হি, 'আলা- বাছ্বীরাতিন্ আনা ওয়া মানিত্তাবা'আনী ; ওয়া সুব্‌হা-নাল্লা-হি ওয়ামা~

আল্লাহর প্রতি মানুষকে আমি এভাবে আহ্বান করি যে, আমি এবং আমার অনুসারীরা দলিলের উপর প্রতিষ্ঠিত থাকে। আল্লাহ্ মহিমান্বিত। আর আমি

اَنَا مِنَ الْمُشْرِكِيْنَ ۝١٠٨ وَمَآ اَرْسَلْنَا مِنْ قَبْلِكَ اِلَّا رِجَالًا نُّوْحِيْٓ اِلَيْهِمْ

আনা মিনাল্ মুশ্‌রিকীন্। ১০৯। ওয়ামা~আর্‌সাল্‌না- মিন্ ক্বাব্‌লিকা ইল্লা- রিজ্বা-লান্ নূহ্বী~ইলাইহিম্

মুশরিকদের অন্তর্ভুক্ত নই।' (১০৯) আপনার পূর্বে জনপদবাসীদের মধ্য থেকে যাদেরকে রাসূল করে প্রেরণ করেছি তাদের সবাই পুরুষ ছিল,

○ টীকা (আঃ ১০২) ঃ ইমাম বগভী (র) বলেন, একবার ইহুদী ও কুরাইশরা সমবেতভাবে রাসূল (স)-কে প্রশ্ন করে, আপনি সত্য নবী হলে, বলুন তো ইউসুফ (আ)-এর ঘটনাটি কি এবং তা কিভাবে ঘটেছিল? রাসূল (স) ওহীর মাধ্যমে জেনে নিয়ে তা বলার পরও যখন তারা কুফরীর উপর অবিচল রইল, তখন তিনি মনে বেশ আঘাত পেলেন। এরই প্রেক্ষিতে এ আয়াতে ও পরবর্তী আয়াতে রাসূল (স)-কে সান্ত্বনা প্রদান করা হয়েছে। (মাঃ তাঃ)

○ টীকা (আঃ ১০৫) ঃ আকাশ ও পৃথিবীর সৃষ্টি এবং তার মধ্যস্থিত অগণিত সৃষ্টবস্তু প্রমাণ করে যে, এসব কিছুর সৃষ্টিকর্তা একজনই। অথচ লোকেরা এ সৃষ্টি রহস্য সম্পর্কে আদৌ চিন্তা করে না। ফলে একমাত্র সৃষ্টিকর্তা আল্লাহর থেকে তারা থাকে গাফেল। (কুঃ কারীম)

مِّنْ اَهْلِ الْقُرٰى ؕ اَفَلَمْ يَسِيْرُوْا فِى الْاَرْضِ فَيَنْظُرُوْا كَيْفَ كَانَ عَاقِبَةُ الَّذِيْنَ

মিন্ আহ্‌লিল্ ক্বুরা- ; আফালাম্ ইয়াসীরূ ফিল আর্‌দ্বি ফাইয়ান্‌জুরূ কাইফা কা-না 'আ-ক্বিবাতুল্ লাযীনা

তাদের কাছে আমি ওহী পাঠাতাম। তারা কি পৃথিবী ভ্রমন করেনি এবং তাদের পূর্ববর্তীদের কি পরিণাম হয়েছিল তা কি তারা

مِنْ قَبْلِهِمْ ؕ وَلَدَارُ الْاٰخِرَةِ خَيْرٌ لِّلَّذِيْنَ اتَّقَوْا ؕ اَفَلَا تَعْقِلُوْنَ ۝١٠٩ حَتّٰٓى

মিন্ ক্বাব্‌লিহিম্ ; ওয়ালাদা-রুল্ আ-খিরাতি খাইরুল্ লিল্লাযী নাত্তাক্বাও ; আফালা- তা'ক্বিলূন্। ১১০। হ্বাত্তা~

দেখেনি? যারা মুত্তাকী তাদের জন্য আখেরাতের ঘরই শ্রেষ্ঠ। তোমরা কি তা বোঝ না? (১১০) অবশেষে যখন

اِذَا اسْتَيْـَٔسَ الرُّسُلُ وَظَنُّوْٓا اَنَّهُمْ قَدْ كُذِبُوْا جَآءَهُمْ نَصْرُنَا ۙ فَنُجِّىَ

ইযাস্ তাইআসার্ রুসুলু ওয়া জান্নু~আন্নাহুম্ ক্বাদ কুযিবূ জ্বা—আ হুম্ নাছ্‌রুনা- ফানুজ্জিয়া

রাসূলগণ নিরাশ হয়ে যেতেন এবং লোকজন ধারণা করত যে, রাসূলগণকে মিথ্যা আশ্বাস দেয়া হয়েছে, তখন তাদের নিকট আমার সাহায্য

مَنْ نَّشَآءُ ؕ وَلَا يُرَدُّ بَاْسُنَا عَنِ الْقَوْمِ الْمُجْرِمِيْنَ ۝١١٠ لَقَدْ كَانَ فِىْ قَصَصِهِمْ

মান্ নাশা—উ ; ওয়ালা- ইউরাদ্দু বা'সুনা- 'আনিল্ ক্বাওমিল মুজ্বরিমীন্। ১১১। লাক্বাদ্ কা-না ফী ক্বাছ্বাছ্বিহিম্

এসে যেত। এভাবে আমি যাকে ইচ্ছা তাকে উদ্ধার করেছি। আর অপরাধী সম্প্রদায় থেকে আমার শাস্তি প্রতিহত করা যায় না। (১১১) তাদের কাহিনীতে

عِبْرَةٌ لِّاُولِى الْاَلْبَابِ ؕ مَا كَانَ حَدِيْثًا يُّفْتَرٰى وَلٰكِنْ تَصْدِيْقَ الَّذِىْ

'ইব্‌রাতুল্ লিউলিল্ আল্‌বা-বি ; মা-কা-না হ্বাদীছাইঁ ইউফ্‌তারা- ওয়া লা-কিন্ তাছ্বদীক্বাল লাযী

বোধ-শক্তিসম্পন্ন ব্যক্তিদের জন্য নিশ্চয় শিক্ষা রয়েছে। এটা এমন এক বাণী যা- মিথ্যা রচনা নয়। বরং পূর্ববর্তী

بَيْنَ يَدَيْهِ وَتَفْصِيْلَ كُلِّ شَىْءٍ وَّهُدًى وَّرَحْمَةً لِّقَوْمٍ يُّؤْمِنُوْنَ ۝١١١

বাইনা ইয়াদাইহি ওয়া তাফ্‌ছ্বীলা কুল্লি শাইয়্যিওঁ ওয়া হুদাওঁ ওয়া রাহ্বমাতাল্ লিক্বাওমিঁই ইউ'মিনূন্।

গ্রন্থে যা আছে এটা তার সত্যায়নকারী এবং সমস্ত কিছুর বিশদ বিবরণ এবং পথ-নির্দেশ ও রহমতস্বরূপ মুমিনদের জন্য।

সূরা রা'দ
মাদানী

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

বিসমিল্লা-হির রাহ্বমা-নির রাহীম

পরম দাতা ও দয়ালু আল্লাহর নামে শুরু করছি

আয়াত ঃ ৪৩
রুকূ ঃ ৬

الٓمّٓرٰ ۚ تِلْكَ اٰيٰتُ الْكِتٰبِ ؕ وَالَّذِىْٓ اُنْزِلَ اِلَيْكَ مِنْ رَّبِّكَ

১। আলিফ্ লা—ম্ মী—ম্ রা-; তিল্‌কা আ-য়া-তুল কিতা-বি ; ওয়াল্লাযী~উন্‌যিলা ইলাইকা মির্ রাব্বিকাল্

(১) আলিফ্-লা-ম্ মীম্-রা, এগুলি কুরআনের আয়াত, যা আপনার প্রভুর পক্ষ থেকে আপনার প্রতি নাযিল করা হয়েছে-

الْحَقُّ وَلٰكِنَّ اَكْثَرَ النَّاسِ لَا يُؤْمِنُوْنَ ۝١ اَللّٰهُ الَّذِىْ رَفَعَ السَّمٰوٰتِ بِغَيْرِ

হ্বাক্বক্বু ওয়ালা-কিন্না আক্‌ছারান্না-সি লা-ইউ'মিনূন্। ২। আল্লা-হুল্লাযী রাফা'আস্ সামা-ওয়া-তি বিগাইরি

তাই সত্য। কিন্তু অধিকাংশ মানুষই বিশ্বাস করে না। (২) তিনি আল্লাহ্, যিনি উর্ধ্বদেশে স্তম্ভ বিহীন আকাশমন্ডলি স্থাপন করেছেন। তোমরা তা দেখছ। অতঃপর তিনি

عَمَدٍ تَرَوْنَهَا ثُمَّ اسْتَوٰى عَلَى الْعَرْشِ وَسَخَّرَ الشَّمْسَ وَالْقَمَرَ ۖ كُلٌّ يَّجْرِىْ

'আমাদিন্ তারাওনাহা- ছুম্মাসতাওয়া- 'আলাল্ 'আরশি ওয়া সাখ্খারাশ্ শাম্সা ওয়াল্ ক্বামারা ; কুল্লুই ইয়াজ্রী

আরশে সমাসীন হয়েছেন এবং সূর্য ও চন্দ্রকে নিয়মাধীন করেছেন, প্রত্যেককে নির্দিষ্টকাল পর্যন্ত আবর্তন করে। তিনিই সকল বিষয়ের

لِاَجَلٍ مُّسَمًّى ۖ يُدَبِّرُ الْاَمْرَ يُفَصِّلُ الْاٰيٰتِ لَعَلَّكُمْ بِلِقَآءِ رَبِّكُمْ تُوْقِنُوْنَ ۝٢

تَحْسَبَنَّ اللَّهَ غَافِلًا عَمَّا يَعْمَلُ الظَّالِمُونَ ۚ إِنَّمَا يُؤَخِّرُهُمْ لِيَوْمٍ تَشْخَصُ فِيهِ

তাহ্বসাবান্নাল্লা-হা গা-ফিলান্ 'আম্মা- ইয়া'মালুজ্ জা-লিমূনা ; ইন্নামা- ইউআখ্‌খিরুহুম্ লিইয়াওমিন্ তাশখাছু ফীহিল্

কখনও মনে করো না যে, জালিমরা যা করে সে বিষয়ে আল্লাহ্ গাফেল। তিনি তাদেরকে সে দিন পর্যন্ত অবকাশ দেবেন– যেদিন তাদের চক্ষুসমূহ হয়ে

الْأَبْصَارُ ﴿٤٢﴾ مُهْطِعِينَ مُقْنِعِي رُءُوسِهِمْ لَا يَرْتَدُّ إِلَيْهِمْ طَرْفُهُمْ ۖ وَأَفْئِدَتُهُمْ

আব্‌ছ্বা-র। ৪৩। মুহ্‌ত্বি'ঈনা মুক্বনি'ঈ রুঊসিহিম্ লা-ইয়ারতাদ্দু ইলাইহিম্ ত্বারফুহুম, ওয়া আফ্‌ইদাতুহুম্

যাবে বিস্ফোরিত। (৪৩) তারা মাথা উর্ধ্বমুখী করে ভীত-বিহ্বল হয়ে দৌড়াতে থাকবে, তাদের প্রতি তাদের দৃষ্টি ফিরে আসবে না এবং তাদের মন

هَوَاءٌ ﴿٤٣﴾ وَأَنْذِرِ النَّاسَ يَوْمَ يَأْتِيهِمُ الْعَذَابُ فَيَقُولُ الَّذِينَ ظَلَمُوا رَبَّنَا

হাওয়া—উন্। ৪৪। ওয়া আন্‌যিরিন্ না-সা ইয়াওমা ইয়া'তীহিমুল্ 'আযা-বু ফাইয়াকূলুল্লাযীনা জালামূ রাব্বানা~

গুপ্রকৃতস্থ হয়ে যাবে। (৪৪) যেদিন তাদের কাছে আযাব উপস্থিত হবে আপনি মানুষকে সেদিনের ভয় প্রদর্শন করুন। তখন জালিমরা বলবে, 'হে আমাদের প্রতিপালক !

أَخِّرْنَا إِلَىٰ أَجَلٍ قَرِيبٍ نُجِبْ دَعْوَتَكَ وَنَتَّبِعِ الرُّسُلَ ۗ أَوَلَمْ تَكُونُوا

আখ্‌খির্‌না~ইলা~আজ্বালিন্ ক্বারীবিন্ নুজ্বিব দা'ওয়াতাকা ওয়া নাত্তাবি'ইর্ রুসুলা ; আওয়ালাম্ তাকূনূ~

আমাদেরকে কিছুকালের জন্য অবকাশ দিন, আমরা আপনার আহ্বানে সাড়া দেব এবং রসূলগণকে অনুসরণ করব।' তখন বলা হবে– তোমরা কি ইতিপূর্বে

أَقْسَمْتُمْ مِنْ قَبْلُ مَا لَكُمْ مِنْ زَوَالٍ ﴿٤٤﴾ وَسَكَنْتُمْ فِي مَسَاكِنِ الَّذِينَ ظَلَمُوا

আক্বসাম্‌তুম্ মিন্ ক্বাবলু মা-লাকুম্ মিন যাওয়া-ল্। ৪৫। ওয়া সাকান্‌তুম্ ফী মাসা-কিনিল্লাযীনা জালামূ~

শপথ করে বলতে না যে, তোমাদের কোন পতন নেই ? (৪৫) যদিও তোমরা বসবাস করতে তাদের আবাসভূমিতে– যারা নিজেদের প্রতি জুলুম করেছিল

أَنْفُسَهُمْ وَتَبَيَّنَ لَكُمْ كَيْفَ فَعَلْنَا بِهِمْ وَضَرَبْنَا لَكُمُ الْأَمْثَالَ ﴿٤٥﴾ وَقَدْ مَكَرُوا

আন্‌ফুসাহুম্ ওয়া তাবাইয়্যানা লাকুম্ কাইফা ফা'আল্‌না- বিহিম্ ওয়াদ্বারাব্‌না-লাকুমুল্ আমছা-ল্। ৪৬। ওয়া ক্বাদ মাকারূ

এবং তাদের সাথে আমি কি করেছিলাম তাও তোমাদের কাছে স্পষ্ট হয়ে গিয়েছিল এবং আমি তোমাদের জন্য অনেক দৃষ্টান্ত বর্ণনা করেছিলাম। (৪৬) তারা ভীষণ

مَكْرَهُمْ وَعِنْدَ اللَّهِ مَكْرُهُمْ وَإِنْ كَانَ مَكْرُهُمْ لِتَزُولَ مِنْهُ الْجِبَالُ ۝

মাক্‌রাহুম্ ওয়া 'ইন্‌দাল্লা-হি মাক্‌রুহুম্ ; ওয়া ইন্ কা-না মাক্‌রুহুম্ লিতাযূলা মিন্‌হুল্ জ্বিবা-ল্।

চক্রান্ত করেছিল। কিন্তু আল্লাহ্‌র সামনেই ছিল তাদের চক্রান্ত। যদিও তাদের চক্রান্ত এমন ছিল না– যাতে পর্বত টলে যায়।

﴿٤٦﴾ فَلَا تَحْسَبَنَّ اللَّهَ مُخْلِفَ وَعْدِهِ رُسُلَهُ ۗ إِنَّ اللَّهَ عَزِيزٌ ذُو انْتِقَامٍ ۝

৪৭। ফালা- তাহ্বসাবান্নাল্লা-হা মুখ্‌লিফা ওয়া'দিহী রুসুলাহূ ; ইন্নাল্লা-হা 'আযীযুন্ যুনতিক্বা-ম্।

(৪৭) সুতরাং আল্লাহর ব্যাপারে ধারণা কর না যে– তিনি তার রাসূলগণের সাথে কৃত ওয়াদা ভঙ্গ করবেন। নিশ্চয় আল্লাহ্ পরাক্রমশালী ও প্রতিশোধ পরায়ণ।

﴿٤٧﴾ يَوْمَ تُبَدَّلُ الْأَرْضُ غَيْرَ الْأَرْضِ وَالسَّمَاوَاتُ ۖ وَبَرَزُوا لِلَّهِ الْوَاحِدِ

৪৮। ইয়াওমা তুবাদ্দালুল্ আরদ্বু গাইরাল্ আরদ্বি ওয়াস্ সামা-ওয়া-তু ওয়া বারাযূ লিল্লা-হিল্ ওয়া-হ্বিদিল্

(৪৮) আর যেদিন এ পৃথিবী পরিবর্তিত হয়ে অন্য পৃথিবীতে পরিণত হবে এবং আকাশসমূহও পরিবর্তিত হবে, আর মানুষ পরাক্রমশালী আল্লাহ্‌র সম্মুখে

الْقَهَّارِ ﴿٤٨﴾ وَتَرَى الْمُجْرِمِينَ يَوْمَئِذٍ مُقَرَّنِينَ فِي الْأَصْفَادِ ﴿٤٩﴾ سَرَابِيلُهُمْ

ক্বাহ্‌হা-র্। ৪৯। ওয়া তারাল্ মুজ্বরিমীনা ইয়াওমাইযিম্ মুক্বার্‌রানীনা ফিল্ আছ্‌ফা-দ্। ৫০। সারা-বীলুহুম্

উপস্থিত হবে– (৪৯) সেই দিন অপরাধীদের পরস্পরকে দেখবে হস্তপদ-শৃঙ্খলিত অবস্থায়। (৫০) তাদের পোষাক হবে

مِنْ قَطِرَانٍ وَتَغْشَىٰ وُجُوهَهُمُ النَّارُ ﴿٥٠﴾ لِيَجْزِيَ اللَّهُ كُلَّ نَفْسٍ مَا

মিন্ ক্বাত্বিরা-নিও ওয়া তাগ্‌শা- উজূহাহুমুন্ না-র্। ৫১। লিইয়াজ্বযিয়াল্লা-হু কুল্লা নাফ্‌সিম্ মা-

আলকাতরার এবং অগ্নি তাদের মুখমণ্ডল আচ্ছন্ন করে ফেলবে, (৫১) যাতে আল্লাহ্ প্রত্যেক অপরাধীর কৃতকর্মের প্রতিফল দিতে

كَسَبَتْ ۚ إِنَّ اللَّهَ سَرِيعُ الْحِسَابِ ﴿٥١﴾ هَٰذَا بَلَاغٌ لِلنَّاسِ وَلِيُنْذَرُوا

কাসাবাত্ ; ইন্নাল্লা-হা সারী'উল্ হ্বিসা-ব্। ৫২। হা-যা- বালা-গুল্ লিন্না-সি ওয়ালিইউন্‌যারূ

পারেন। নিশ্চয় আল্লাহ্ হিসাব গ্রহণে অতি তৎপর। (৫২) এটি মানুষের জন্য এক বার্তা– যাতে তারা এর দ্বারা

بِهِ وَلِيَعْلَمُوا أَنَّمَا هُوَ إِلَٰهٌ وَاحِدٌ وَلِيَذَّكَّرَ أُولُو الْأَلْبَابِ ۝

বিহী ওয়া লিইয়া'লামূ~আন্নামা- হুওয়া ইলা-হুঁও ওয়া-হ্বিদুঁও ওয়ালিইয়ায যাক্কারা উলুল্ আল্‌বা-ব্।

সতর্ক হয় এবং জানতে পারে– তিনিই একমাত্র ইলাহ এবং যাতে চিন্তাশীলরা উপদেশ গ্রহণ করে।

সূরা আল হিজর
মক্কী

بِسْمِ اللَّهِ الرَّحْمَٰنِ الرَّحِيمِ

বিসমিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম

পরম দাতা ও দয়ালু আল্লাহ্‌র নামে শুরু করছি

আয়াত ঃ ৯৯
রুকূ ঃ ৬

﴿١﴾ الر ۚ تِلْكَ آيَاتُ الْكِتَابِ وَقُرْآنٍ مُبِينٍ ۝

১। আলিফ্ লা—ম্ রা-, তিল্‌কা আ-য়া-তুল্ কিতা-বি ওয়া ক্বুর্‌আ-নিম্ মুবীন্।

(১) আলিফ লাম রা, এগুলো পরিপূর্ণ কিতাব ও সুস্পষ্ট কিতাবের আয়াত।

○ টীকা (আঃ ৪৮) ঃ এই আয়াত ও কুরআনের অন্যান্য সংকেত থেকে জানা যায় যে, কিয়ামতে যমীন ও আসমান পূর্ণরূপে ধ্বংস প্রাপ্ত হয়ে অস্তিত্বহীন হয়ে যাবে না; বরং মাত্র বর্তমান প্রাকৃতিক ব্যবস্থাকে ওলট পালট করে দেয়া হবে। তারপর প্রথম ও শেষ ফুৎকারের অন্তর্বর্তী বিশেষ সময়ের মধ্যে, যার ব্যাপ্তির পরিমাণ একমাত্র আল্লাহই জানেন। যমীন ও আসমানের বর্তমান রূপ ও গঠন পরিবর্তিত করে দেয়া হবে এবং অন্য একপ্রকার প্রাকৃতিক বিধান সহকারে গঠন করে দেয়া হবে। এই হবে পরজগত। এপর শিঙ্গায় শেষ ফুঁৎকারের সঙ্গে সঙ্গে আদমসৃষ্টির পর থেকে কিয়ামত পর্যন্ত যত মানুষ পয়দা হয়েছিল সকলকে নূতন করে জীবিত করা হবে, এবং তারা আল্লাহর সামনে উপস্থিত হবে। এ ঘটনাকেই কুরআনের ভাষায় 'হাশর' পুনরুত্থান বলা হয়ে থাকে। 'হাশর'-এর আভিধানিক অর্থ হচ্ছে– সংগৃহীত ও একত্রিত করা। (বঃ কোঃ)

١ رُبَمَا يَوَدُّ الَّذِينَ كَفَرُوا لَوْ كَانُوا مُسْلِمِينَ ٣ ذَرْهُمْ يَأْكُلُوا وَيَتَمَتَّعُوا

২। রুবামা- ইয়াওয়াদ্দুল্লাযীনা কাফারূ লাও কা-নূ মুসলিমীন্। ৩। যারহুম্ ইয়া'কুলূ ওয়া ইয়াতামাত্তা'উ
(২) কখনও কখনও কাফেররা কামনা করবে, যদি তারা মুসলমান হত, তবে কত ভাল হত! (৩) তাদেরকে তাদের অবস্থায় ছেড়ে দিন, তারা ভাল করে খেতে থাকুক,

وَيُلْهِهِمُ الْأَمَلُ فَسَوْفَ يَعْلَمُونَ ٤ وَمَا أَهْلَكْنَا مِنْ قَرْيَةٍ إِلَّا وَلَهَا كِتَابٌ

ওয়া ইউলহিহিমুল আমালু ফাসাওফা ইয়া'লামূন্। ৪। ওয়ামা~আহলাক্না- মিন্ ক্বারইয়াতিন্ ইল্লা- ওয়ালাহা- কিতা-বুম্
ভোগ করতে থাকুক এবং মিথ্যা আশায় তারা মোহাচ্ছন্ন হয়ে থাকুক- অচিরেই তারা জানতে পারবে। (৪) আমি কোন জনপদকে তার নির্দিষ্টকাল পূর্ণ না হলে ধ্বংস

مَعْلُومٌ ٥ مَا تَسْبِقُ مِنْ أُمَّةٍ أَجَلَهَا وَمَا يَسْتَأْخِرُونَ ٦ وَقَالُوا يَا أَيُّهَا الَّذِي

মা'লূম্। ৫। মা-তাসবিকু মিন্ উম্মাতিন্ আজালাহা- ওয়ামা- ইয়াস্তা'খিরূন্। ৬। ওয়া ক্বা-লূ ইয়া~আইয়্যুহাল্লাযী
করি না। (৫) কোন জাতি তার নির্দিষ্ট সময়ের অগ্রে যেতে পারে না এবং পশ্চাতে থাকতে পারে না। (৬) তারা বলে, 'হে সেই ব্যক্তি! যার

نُزِّلَ عَلَيْهِ الذِّكْرُ إِنَّكَ لَمَجْنُونٌ ٧ لَوْ مَا تَأْتِينَا بِالْمَلَائِكَةِ إِنْ كُنْتَ مِنَ

নুয্‌যিলা 'আলাইহিয্ যিকরু ইন্নাকা লামাজ্‌নূন্। ৭। লাও মা- তা'তীনা- বিল্‌মালা—ইকাতি ইন্ কুন্‌তা মিনাছ্
প্রতি কুরআন নাযিল হয়েছে- আপনি তো নিশ্চয় একজন উম্মাদ। (৭) তবে আমাদের কাছে ফেরেশতাদেরকে উপস্থিত করছেন না কেন, যদি আপনি

الصَّادِقِينَ ٨ مَا نُنَزِّلُ الْمَلَائِكَةَ إِلَّا بِالْحَقِّ وَمَا كَانُوا إِذًا مُنْظَرِينَ ٩ إِنَّا نَحْنُ

ছা-দিক্বীন্। ৮। মা- নুনায্‌যিলুল্ মালা—ইকাতা ইল্লা- বিল্‌হাক্বক্বি ওয়ামা- কা-নূ~ইযাম্ মুন্‌জারীন্। ৯। ইন্না- নাহ্নু
সত্যবাদী হন? (৮) আমি ফেরেশতাদেরকে ফয়সালা করার জন্যই পাঠাই। আর ফেরেশতারা উপস্থিত হলে তারা কোন অবকাশ পাবে না। (৯) নিশ্চয় আমিই

نَزَّلْنَا الذِّكْرَ وَإِنَّا لَهُ لَحَافِظُونَ ١٠ وَلَقَدْ أَرْسَلْنَا مِنْ قَبْلِكَ فِي شِيَعِ الْأَوَّلِينَ

নায্‌যাল্‌নায্ যিক্‌রা ওয়া ইন্না- লাহূ লাহা-ফিজূন্। ১০। ওয়া লাক্বাদ্ আরসাল্‌না- মিন্ ক্বাব্‌লিকা ফী শিইয়া'ইল আওয়্যালীন্।
কুরআন নাযিল করেছি এবং আমিই একে সংরক্ষণ করব। (১০) আপনার পূর্বে নিশ্চয় আমি পূর্ববর্তী অনেক জাতির কাছে রাসূল পাঠিয়েছিলাম।

١١ وَمَا يَأْتِيهِمْ مِنْ رَسُولٍ إِلَّا كَانُوا بِهِ يَسْتَهْزِئُونَ ١٢ كَذَٰلِكَ نَسْلُكُهُ فِي

১১। ওয়ামা- ইয়া'তীহিম্ মির্ রাসূলিন্ ইল্লা- কা-নূ বিহী ইয়াস্‌তাহ্‌যিঊন্। ১২। কাযা-লিকা নাসলুকুহূ ফী
(১১) তাদের কাছে এমন কোন রাসূল আসেনি- যাকে নিয়ে তারা ঠাট্টা-বিদ্রূপ করত না। (১২) এভাবে আমি অপরাধীদের অন্তরে

قُلُوبِ الْمُجْرِمِينَ ١٣ لَا يُؤْمِنُونَ بِهِ وَقَدْ خَلَتْ سُنَّةُ الْأَوَّلِينَ

কূলূবিল মুজ্‌রিমীন্। ১৩। লা- ইউ'মিনূনা বিহী ওয়া ক্বাদ্ খালাত্ সুন্নাতুল্ আওয়্যালীন্।
বিদ্রূপ-প্রবণতা বদ্ধমূল করে দিই। (১৩) তারা এর প্রতি ঈমান আনবে না- তাদের এই রীতি পূর্ববর্তীদের থেকেই চলে আসছে।

○ বিশ্লেষণ (আঃ ২) ঃ ربما يود - এ কামনা কখন করবে? এ নিয়ে বিভিন্ন মতামত রয়েছে। মৃত্যুর সময় যখন ফেরেশতাগণ তাদেরকে জাহান্নামের অগ্নি দেখাবেন, অথবা জাহান্নামে যাবার মুহূর্তে, অথবা গুনাহগার মুমিনগণকে কিছু দিনের জন্য শাস্তিমূলক জাহান্নামে রেখে, পরে জাহান্নাম হতে বের করে আনার সময়, অথবা হাশরের ময়দানে হিসাবের সময়, যখন কাফিররা দেখবে যে, মুসলমানগণ জান্নাতের দিকে যাচ্ছে। কারো মতে, কাফেরদের থেকে এ কামনা সর্বসময়ের জন্যই হতে পারে। (কুঃ কারীম)

○ টীকা (আঃ ৫) ঃ বরং নির্ধারিত সময়েই ধ্বংস হয়েছে, সুতরাং নির্ধারিত সময় এসে উপস্থিত হলেই তাদেরকেও শাস্তি দেয়া হবে। (বঃ কোঃ)

١٤ وَلَوْ فَتَحْنَا عَلَيْهِمْ بَابًا مِنَ السَّمَاءِ فَظَلُّوا فِيهِ يَعْرُجُونَ ١٥ لَقَالُوا إِنَّمَا

১৪। ওয়া লাও ফাতাহ্‌না- 'আলাইহিম্ বা-বাম্ মিনাস্ সামা—ই ফাজাল্লূ ফীহি ইয়া'রুজূন্। ১৫। লাক্বা-লূ~ইন্নামা-
(১৪) যদি তাদের জন্য আকাশের কোন দরজা খুলে দিই এবং তারা সারা দিন তাতে আরোহণ করতে থাকে। (১৫) তবুও তারা বলবে

سُكِّرَتْ أَبْصَارُنَا بَلْ نَحْنُ قَوْمٌ مَسْحُورُونَ ١٦ وَلَقَدْ جَعَلْنَا فِي السَّمَاءِ

সুক্কিরাত্ আব্‌ছা-রুনা- বাল্ নাহ্‌নু ক্বাওমুম্ মাসহূরূন্। ১৬। ওয়া লাক্বাদ্ জ্বা'আল্‌না- ফিস্ সামা—ই
'আমাদের চক্ষু নজরবন্দী করা হয়েছে, নতুবা আমরা এক যাদুগ্রস্ত সম্প্রদায়।' (১৬) নিশ্চয় আকাশে আমি বড় বড় নক্ষত্র সৃষ্টি

بُرُوجًا وَزَيَّنَّاهَا لِلنَّاظِرِينَ ١٧ وَحَفِظْنَاهَا مِنْ كُلِّ شَيْطَانٍ رَجِيمٍ ١٨ إِلَّا مَنِ اسْتَرَقَ

বুরূজাও ওয়া যাইয়্যান্না-হা- লিন্না-জিরীন্। ১৭। ওয়া হাফিজ্‌না-হা- মিন্ কুল্লি শাইত্বা-নির্ রাজীম্। ১৮। ইল্লা- মানিসতারাক্বাস্
করেছি এবং দর্শকদের জন্য তাকে সুশোভিত করেছি। (১৭) আর প্রত্যেক অভিশপ্ত শয়তান থেকে আমি তাকে রক্ষা করে থাকি, (১৮) আর কেউ চুরি করে

السَّمْعَ فَأَتْبَعَهُ شِهَابٌ مُبِينٌ ١٩ وَالْأَرْضَ مَدَدْنَاهَا وَأَلْقَيْنَا فِيهَا رَوَاسِيَ

সাম'আ ফাআত্‌বা'আহূ শিহা-বুম্ মুবীন্। ১৯। ওয়াল্ আরদ্বা মাদাদ্‌না-হা- ওয়া আল্‌ক্বাইনা- ফীহা- রাওয়া-সিয়া
ফেরেশতাদের কথা জানতে চাইলে জ্বলন্ত শিখা তার পশ্চাদ্ধাবন করে। (১৯) পৃথিবীকে আমি বিস্তৃত করেছি এবং তাতে পর্বতমালা স্থাপন করেছি।

وَأَنْبَتْنَا فِيهَا مِنْ كُلِّ شَيْءٍ مَوْزُونٍ ٢٠ وَجَعَلْنَا لَكُمْ فِيهَا مَعَايِشَ وَمَنْ لَسْتُمْ

ওয়া আমবাত্‌না- ফীহা- মিন্ কুল্লি শাইয়িম্ মাওযূন্। ২০। ওয়া জ্বা'আল্‌না- লাকুম্ ফীহা- মা'আ-ইশা ওয়ামাল্ লাস্‌তুম্
আর আমি পৃথিবীতে প্রত্যেক বস্তু সুপরিমিতভাবে উৎপন্ন করেছি। (২০) এবং তাতে তোমাদের জন্য জীবিকার ব্যবস্থা করেছি। আর তোমরা যাদেরকে

لَهُ بِرَازِقِينَ ٢١ وَإِنْ مِنْ شَيْءٍ إِلَّا عِنْدَنَا خَزَائِنُهُ وَمَا نُنَزِّلُهُ إِلَّا بِقَدَرٍ

লাহূ বিরা-যিক্বীন্। ২১। ওয়া ইম্ মিন্ শাইয়িন্ ইল্লা- 'ইন্দানা- খাযা—ইনুহূ, ওয়ামা- নুনায্‌যিলুহূ~ইল্লা- বিক্বাদারিম্
রুযীর ব্যবস্থা না কর তাদের জন্যও। (২১) আর প্রত্যেক বস্তুর পূর্ণ ভান্ডার আমার নিকট রয়েছে। আমি তা প্রয়োজন অনুযায়ীই সরবরাহ

مَعْلُومٍ ٢٢ وَأَرْسَلْنَا الرِّيَاحَ لَوَاقِحَ فَأَنْزَلْنَا مِنَ السَّمَاءِ مَاءً فَأَسْقَيْنَاكُمُوهُ

মা'লূম্। ২২। ওয়া আরসাল্‌নার্ রিয়া-হা লাওয়া-ক্বিহা ফাআন্‌যাল্‌না- মিনাস্ সামা—ই মা—আন ফাআসক্বাইনা-কুমূহু
করে থাকি। (২২) আমি মেঘমালায় পূর্ণ বায়ু প্রেরণ করে থাকি, অতঃপর আকাশ থেকে পানি বর্ষণ করি। এরপর তা তোমাদেরকে পান করতে দিই।

وَمَا أَنْتُمْ لَهُ بِخَازِنِينَ ٢٣ وَإِنَّا لَنَحْنُ نُحْيِي وَنُمِيتُ وَنَحْنُ الْوَارِثُونَ

ওয়ামা~আনৃতুম্ লাহূ বিখা-যিনীন। ২৩। ওয়া ইন্না- লানাহ্নু নুহ্য়ী ওয়া নুমীতু ওয়া নাহ্নুল্ ওয়া-রিছূন্।
আর তোমরা পানি সংরক্ষণ করতে পারতে না। (২৩) আমিই জীবন দান করি ও মৃত্যু ঘটাই এবং আমিই সবশেষে বহাল থাকব।

○ টীকা (আঃ ১৮) ঃ ইবনে কুতাইবা (রহ) বলেন, 'রাসূল (স)-এর আগমণের পূর্বে জীন ও শয়তানরা চুরি করে ফেরেশতাদের কিছু কিছু সংবাদ শুনে ফেলত।' ইবনে আব্বাস (রা) বলেন, ফেরেশতাদের কথা চুরি করার জন্য শয়তানরা একজনের উপর আরেকজন চড়ে চড়ে দুনিয়ার আকাশ সীমায় পৌছে যায়। তখন উল্কা পিন্ড দ্বারা তাদেরকে ধাওয়া করা হয়। (আবুসসাউদ)

○ বিশ্লেষণ (আঃ ২০) ঃ ومن لستم - এর দ্বারা চাকর, গোলাম, জানোয়ারকে বুঝানো হয়েছে। তাদের খাদ্যের ব্যবস্থা যদিও বাহ্যিকভাবে তোমরা কর। মূলতঃ তাদের 'রিযিক দাতা' আল্লাহ, তোমরা নও। (কুঃ কারীম)

وَلَقَدْ عَلِمْنَا الْمُسْتَقْدِمِيْنَ مِنْكُمْ وَلَقَدْ عَلِمْنَا الْمُسْتَاْخِرِيْنَ ﴿٢٤﴾ وَاِنَّ رَبَّكَ

২৪। ওয়া লাক্বাদ্ 'আলিম্‌নাল মুস্‌তাক্বদিমীনা মিন্‌কুম্ ওয়ালাক্বাদ 'আলিম্‌নাল্ মুস্‌তা'খিরীন্। ২৫। ওয়া ইন্না রাব্বাকা
(২৪) তোমাদের মধ্য থেকে ইতিপূর্বে যারা চলে গেছে আমি তাদেরকেও জানি এবং তোমাদের পরে যারা আসবে তাদেরকেও জানি। (২৫) তোমাদের প্রতিপালকই

هُوَ يَحْشُرُهُمْ ۚ اِنَّهٗ حَكِيْمٌ عَلِيْمٌ ﴿٢٥﴾ وَلَقَدْ خَلَقْنَا الْاِنْسَانَ مِنْ صَلْصَالٍ

হুওয়া ইয়াহ্‌শুরুহুম্ ; ইন্নাহূ হ্বাকীমুন্ 'আলীম্। ২৬। ওয়ালাক্বাদ খালাক্বনাল্ ইন্‌সা-না মিন্ ছ্বাল্‌ছ্বা-লিম্
তাদেরকে একত্রিত করবেন, নিশ্চয় তিনি প্রজ্ঞাময়, সর্বজ্ঞ। (২৬) নিশ্চয় আমি মানুষকে সৃষ্টি করেছি

مِّنْ حَمَاٍ مَّسْنُوْنٍ ﴿٢٦﴾ وَالْجَآنَّ خَلَقْنٰهُ مِنْ قَبْلُ مِنْ نَّارِ السَّمُوْمِ ﴿٢٧﴾ وَاِذْ قَالَ

মিন্ হ্বামাইম্ মাসনূন্। ২৭। ওয়াল্‌জ্বা—ন্না খালাক্বনা-হু মিন্ ক্বাব্‌লু মিন্ না-রিস্ সামূম্। ২৮। ওয়া ইয্ ক্বা-লা
ছাঁচে-ঢালা শুষ্ক কাদা মাটি থেকে। (২৭) এবং এর পূর্বে আমি উত্তপ্ত অগ্নি থেকে জ্বিন সৃষ্টি করেছি। (২৮) স্মরণীয় সে সময়, যখন

رَبُّكَ لِلْمَلٰٓئِكَةِ اِنِّيْ خَالِقٌۢ بَشَرًا مِّنْ صَلْصَالٍ مِّنْ حَمَاٍ مَّسْنُوْنٍ ﴿٢٨﴾ فَاِذَا سَوَّيْتُهٗ

রাব্বুকা লিল্‌মালা—ইকাতি ইন্নী খা-লিকুম্ বাশারাম্ মিন্ ছ্বাল্‌ছ্বা-লিম্ মিন্ হ্বামাইম্ মাস্‌নূন্। ২৯। ফাইযা- সাওয়্যাইতুহূ
আপনার প্রভু ফেরেশ্‌তাদেরকে বলেছিলেন, 'আমি নিশ্চয় মানব জাতি সৃষ্টি করেছি, ছাঁচে-ঢালা শুষ্ক কাদা মাটি থেকে। (২৯) যখন আমি তাকে

وَنَفَخْتُ فِيْهِ مِنْ رُّوْحِيْ فَقَعُوْا لَهٗ سٰجِدِيْنَ ﴿٢٩﴾ فَسَجَدَ الْمَلٰٓئِكَةُ كُلُّهُمْ

ওয়ানাফাখ্‌তু ফীহি মির্ রূহ্বী ফাক্বা'উ লাহূ সা-জ্বিদীন্। ৩০। ফাসাজ্বাদাল্ মালা—ইকাতু কুল্লুহুম্
পূর্ণ সুঠাম করব এবং তাতে আমার রুহ্ সঞ্চার করব, তখন তোমরা তার প্রতি সিজদাবনত হবে,'। (৩০) তখন ফেরেশ্‌তারা সকলেই

اَجْمَعُوْنَ ﴿٣٠﴾ اِلَّآ اِبْلِيْسَ ؕ اَبٰٓى اَنْ يَّكُوْنَ مَعَ السّٰجِدِيْنَ ﴿٣١﴾ قَالَ يٰٓاِبْلِيْسُ

আজ্বমা'উন্। ৩১। ইল্লা~ইব্‌লীসা ; আবা~আই ইয়াকূনা মা'আস্ সা-জ্বিদীন্। ৩২। ক্বা-লা ইয়া~ইব্‌লীসু
সিজদা করল; (৩১) কিন্তু ইবলীস সিজদা করল না, সে সিজদাকারীদের অন্তর্ভুক্ত হতে অস্বীকার করল। (৩২) আল্লাহ্ বললেন, 'হে ইব্‌লীস !

مَا لَكَ اَلَّا تَكُوْنَ مَعَ السّٰجِدِيْنَ ﴿٣٢﴾ قَالَ لَمْ اَكُنْ لِّاَسْجُدَ لِبَشَرٍ خَلَقْتَهٗ

মা-লাকা আল্লা- তাকূনা মা'আস্ সা-জ্বিদীন্। ৩৩। ক্বা-লা লাম্ আকুল লিআস্‌জুদা লিবাশারিন খালাক্বতাহূ
তোমার কি হল যে, তুমি সিজদাকারীদের অন্তর্ভুক্ত হলে না ?' (৩৩) সে বলল, 'আপনি ছাঁচে-ঢালা শুষ্ক কাদা মাটি থেকে যে মানুষ

مِنْ صَلْصَالٍ مِّنْ حَمَاٍ مَّسْنُوْنٍ ﴿٣٣﴾ قَالَ فَاخْرُجْ مِنْهَا فَاِنَّكَ رَجِيْمٌ ﴿٣٤﴾ وَّاِنَّ

মিন্ ছ্বালছ্বা-লিম্ মিন হ্বামাইম্ মাসনূন। ৩৪। ক্বা-লা ফাখ্‌রুজ্ব মিন্‌হা- ফাইন্নাকা রাজ্বীম্। ৩৫। ওয়াইন্না
সৃষ্টি করেছেন আমি তাকে সিজদা করার পাত্র নই।' (৩৪) আল্লাহ্ বললেন, 'তুমি এখান থেকে বেরিয়ে যাও, নিশ্চয় তুমি অভিশপ্ত।' (৩৫) 'এবং

○ বিশ্লেষণ (আঃ ২৬) ঃ من صلصال - মাটির বিভিন্ন অবস্থার প্রেক্ষিতে মাটির বিভিন্ন নাম হয়ে থাকে। যেমন- শুকনা মাটিকে تراب নরম কাদা মাটিকে طين দুর্গন্ধময় খামীর করা নরম কাদা মাটিকে حما مسنون এবং এই মাটি শুকনা হয়ে যখন ঠন ঠন শব্দ করে তখন তাকে صلصال এবং যখন তা আগুনে পোড়ানো হয়, তখন তাকে فخار (পোড়া মাটি) বলা হয়। (কুঃ কারীম)

○ বিশ্লেষণ (আঃ ২৯) ঃ سجدين - সিজদার নির্দেশ ছিল সম্মান প্রদর্শনের জন্য। ইবাদাতের উদ্দেশ্যে নয়। তবে এখন শরীয়তে মুহাম্মাদীর (স) বিধান হল সম্মান প্রদর্শনের জন্যও সিজদা করা নাজায়েয।

عَلَيْكَ اللَّعْنَةَ اِلٰى يَوْمِ الدِّيْنِ ﴿٣٥﴾ قَالَ رَبِّ فَاَنْظِرْنِيْٓ اِلٰى يَوْمِ يُبْعَثُوْنَ ﴿٣٦﴾

'আলাইকাল্ লা'নাতা ইলা- ইয়াওমিদ্‌দীন। ৩৬। ক্বা-লা রাব্বী ফাআনজিরনী~ইলা- ইয়াওমি ইউব'আছূন।
কর্মফল দিবস পর্যন্ত তোমার প্রতি অভিশাপ রইল।' (৩৬) সে বলল, 'হে আমার প্রতিপালক! পুনরুত্থান দিবস পর্যন্ত আমাকে আপনি অবকাশ দিন।'

قَالَ فَاِنَّكَ مِنَ الْمُنْظَرِيْنَ ﴿٣٧﴾ اِلٰى يَوْمِ الْوَقْتِ الْمَعْلُوْمِ ﴿٣٨﴾ قَالَ رَبِّ بِمَآ

৩৭। ক্বা-লা ফাইন্নাকা মিনাল্ মুন্‌জারীন্। ৩৮। ইলা- ইয়াওমিল্ ওয়াক্বতিল্ মা'লূম্। ৩৯। ক্বা-লা রাব্বি বিমা—
(৩৭) আল্লাহ্ বললেন, তোমাকে অবকাশ দেয়া হলো-(৩৮) নির্দিষ্ট সময় পর্যন্ত।' (৩৯) সে বলল, হে আমার প্রভু ! আপনি আমাকে যেহেতু

اَغْوَيْتَنِيْ لَاُزَيِّنَنَّ لَهُمْ فِي الْاَرْضِ وَلَاُغْوِيَنَّهُمْ اَجْمَعِيْنَ ﴿٣٩﴾ اِلَّا عِبَادَكَ

আগ্‌ওয়াইতানী লাউযাইয়্যিনান্না লাহুম্ ফিল্ আরদ্বি ওয়ালা উগ্‌ইয়ান্নাহুম আজ্বমা'ঈন্। ৪০। ইল্লা-ইবা-দাকা
বিপথগামী করেছেন, তাই আমি পৃথিবীতে মানুষের জন্য পাপকর্মকে শোভন করে দেখাব এবং তাদের সকলকেই পথভ্রষ্ট করব।' (৪০) 'তবে

مِنْهُمُ الْمُخْلَصِيْنَ ﴿٤٠﴾ قَالَ هٰذَا صِرَاطٌ عَلَيَّ مُسْتَقِيْمٌ ﴿٤١﴾ اِنَّ عِبَادِيْ لَيْسَ

মিন্‌হুমুল মুখলাছ্বীন্। ৪১। ক্বা-লা হা-যা ছ্বিরা-তুন 'আলাইয়্যা মুস্‌তাক্বীম। ৪২। ইন্না 'ইবা-দী লাইসা
আপনার নির্বাচিত বান্দাদের কথা ভিন্ন।' (৪১) আল্লাহ্ বললেন, 'এটাই আমার কাছে পৌঁছার সরল পথ।' (৪২) পথভ্রষ্টদের মধ্যে যারা তোমার

لَكَ عَلَيْهِمْ سُلْطٰنٌ اِلَّا مَنِ اتَّبَعَكَ مِنَ الْغٰوِيْنَ ﴿٤٢﴾ وَاِنَّ جَهَنَّمَ لَمَوْعِدُهُمْ

লাকা 'আলাইহিম্ সুলত্বা-নুন ইল্লা- মানিত্তাবা'আকা মিনাল্ গা-ওয়ীন্। ৪৩। ওয়া ইন্না জ্বাহান্নামা লামাও'ইদুহুম
অনুসরণ করবে- তারা ছাড়া আমার অন্য বান্দাদের উপর তোমার কোন ক্ষমতা থাকবে না। (৪৩) আর নিশ্চয় তোমার সকল অনুসারীদের প্রতিশ্রুত

اَجْمَعِيْنَ ﴿٤٣﴾ لَهَا سَبْعَةُ اَبْوَابٍ ؕ لِكُلِّ بَابٍ مِّنْهُمْ جُزْءٌ مَّقْسُوْمٌ ﴿٤٤﴾ اِنَّ الْمُتَّقِيْنَ

আজ্বমা'ঈন। ৪৪। লাহা- সাব্'আতু আব্‌ওয়া- বিন্ ; লিকুল্লি বা-বিম্ মিন্‌হুম জুয্উম্ মাক্বসূম্। ৪৫। ইন্নাল্ মুত্তাক্বীনা
স্থান হবে জাহান্নাম।' (৪৪) 'এর সাতটি দরজা রয়েছে। আর প্রত্যেক দরজার জন্য পৃথক পৃথক দল থাকবে। (৪৫) নিশ্চয় মুত্তাকীরা

فِيْ جَنّٰتٍ وَّعُيُوْنٍ ﴿٤٥﴾ اُدْخُلُوْهَا بِسَلٰمٍ اٰمِنِيْنَ ﴿٤٦﴾ وَنَزَعْنَا مَا فِيْ صُدُوْرِهِمْ

ফী জান্না-তিঁও ওয়া 'উইয়ূন্। ৪৬। উদ্‌খুলূহা- বিসালা-মিন্ আ-মিনীন্। ৪৭। ওয়া নাযা'না- মা- ফী ছুদূরিহিম্
থাকবে প্রস্রবণ-বহুল জান্নাতে। (৪৬) 'তাদেরকে বলা হবে, তোমরা প্রশান্তি ও নিরাপত্তার সাথে তাতে প্রবেশ কর।' (৪৭) আমি তাদের অন্তর

مِّنْ غِلٍّ اِخْوَانًا عَلٰى سُرُرٍ مُّتَقٰبِلِيْنَ ﴿٤٧﴾ لَا يَمَسُّهُمْ فِيْهَا نَصَبٌ وَّمَا هُمْ

মিন্ গিল্লিন্ ইখওয়া-নান্ 'আলা- সুরুরিম্ মুতাক্বা-বিলীন্। ৪৮। লা-ইয়ামাস্‌সুহুম্ ফীহা- নাছ্বাবুঁও ওয়ামা-হুম্
থেকে ঈর্ষা দূর করে দেব, তারা পরস্পর ভাই ভাই হয়ে মুখোমুখি আসনে বসবে, (৪৮) সেখানে তাদেরকে ক্লান্তি স্পর্শ করবে না এবং তারা সেখান

مِّنْهَا بِمُخْرَجِيْنَ ﴿٤٨﴾ نَبِّئْ عِبَادِيْٓ اَنِّيْٓ اَنَا الْغَفُوْرُ الرَّحِيْمُ ﴿٤٩﴾ وَاَنَّ عَذَابِيْ

মিন্‌হা- বিমুখ্‌রাজ্বীন্। ৪৯। নাব্বি' 'ইবা-দী~আন্নী~আনাল্ গাফূরুর্ রাহ্বীম্। ৫০। ওয়া আন্না 'আযা-বী
থেকে বহিষ্কৃতও হবে না। (৪৯) আমার বান্দাদেরকে বলে দিন, আমি ক্ষমাশীল ও পরম দয়ালু (৫০) আর আমার আযাব- সে তো অত্যন্ত

هُوَ الْعَذَابُ الْأَلِيمُ ﴿٥١﴾ وَنَبِّئْهُمْ عَنْ ضَيْفِ إِبْرَاهِيمَ ﴿٥٢﴾ إِذْ دَخَلُوا عَلَيْهِ فَقَالُوا

হুওয়াল্ 'আযা-বুল আলীম্। ৫১। ওয়া নাব্বি'হুম্ 'আন্ দ্বাইফি ইব্রা-হীম্। ৫২। ইয্ দাখালূ 'আলাইহি ফাক্বা-লূ
যন্ত্রণাদায়ক আযাব। (৫১) আর তাদেরকে বলুন, ইব্রাহীমের (আ) অতিথিদের কথা, (৫২) যখন তারা তার নিকট উপস্থিত হয়ে বলল,

سَلَامًا قَالَ إِنَّا مِنْكُمْ وَجِلُونَ ﴿٥٣﴾ قَالُوا لَا تَوْجَلْ إِنَّا نُبَشِّرُكَ بِغُلَامٍ عَلِيمٍ ﴿٥٤﴾ قَالَ

সালা-মান্ ; ক্বা-লা ইন্না- মিন্কুম্ ওয়াজ্বিলূন্। ৫৩। ক্বা-লূ লা-তাওজ্বাল্ ইন্না- নুবাশ্‌শিরুকা বিগুলা-মিন্ 'আলীম। ৫৪। ক্বা-লা
'সালাম'। তখন তিনি বলেছিলেন, 'আমরা তোমাদের ব্যাপারে ভীত-সন্ত্রস্ত।' (৫৩) তারা বলল 'ভয় করবেন না', আমরা আপনাকে এক জ্ঞানবান পুত্রের শুভ সংবাদ দিচ্ছি।' (৫৪) তিনি

أَبَشَّرْتُمُونِي عَلَىٰ أَنْ مَسَّنِيَ الْكِبَرُ فَبِمَ تُبَشِّرُونَ ﴿٥٥﴾ قَالُوا بَشَّرْنَاكَ بِالْحَقِّ

আবাশ্‌শারতুমূনী 'আলা ~আম্ মাস্‌সানিয়াল্ কিবারু ফাবিমা তুবাশ্‌শিরূন। ৫৫। ক্বা-লূ বাশ্‌শারনা-কা বিল্‌হাক্বক্বি
বললেন, 'তোমরা কি আমাকে আমার বার্ধক্য অবস্থায় এ শুভ সংবাদ দিচ্ছ? এ কোন্ বিষয়ের শুভ সংবাদ দিচ্ছ?' (৫৫) তারা বলল, 'আমরা আপনাকে

فَلَا تَكُنْ مِنَ الْقَانِطِينَ ﴿٥٦﴾ قَالَ وَمَنْ يَقْنَطُ مِنْ رَحْمَةِ رَبِّهِ إِلَّا الضَّالُّونَ

ফালা- তাকুম্ মিনাল্ ক্বা-নিত্বীন্। ৫৬। ক্বা-লা ওয়া মাই ইয়াক্বনাত্বু মির্ রাহ্‌মাতি রাব্বিহী~ইল্লাদ্ব দ্বা—ল্লূন্।
সত্যসহ সুসংবাদ দিচ্ছি, তাই আপনি হতাশ হবেন না।' (৫৬) তিনি বললেন, পথভ্রষ্টরা ছাড়া আর কে তার প্রতিপালকের অনুগ্রহ থেকে হতাশ হয় ?'

﴿٥٧﴾ قَالَ فَمَا خَطْبُكُمْ أَيُّهَا الْمُرْسَلُونَ ﴿٥٨﴾ قَالُوا إِنَّا أُرْسِلْنَا إِلَىٰ قَوْمٍ مُجْرِمِينَ

৫৭। ক্বা-লা ফামা- খাত্বুবুকুম্ আইয়্যুহাল্ মুরসালূন্। ৫৮। ক্বা-লূ~ইন্না~উর্‌সিল্‌না- ইলা- ক্বাওমিম্ মুজ্‌রিমীন্।
(৫৭) তিনি বললেন, 'হে ফেরেশ্‌তারা ! তোমাদের (আগমনের) উদ্দেশ্য কি ?' (৫৮) তারা বলল, 'আমরা অপরাধী সম্প্রদায়ের বিরুদ্ধে প্রেরিত হয়েছি'।

﴿٥٩﴾ إِلَّا آلَ لُوطٍ إِنَّا لَمُنَجُّوهُمْ أَجْمَعِينَ ﴿٦٠﴾ إِلَّا امْرَأَتَهُ قَدَّرْنَا إِنَّهَا لَمِنَ الْغَابِرِينَ

৫৯। ইল্লা ~আ-লা লূত্বিন্ ; ইন্না- লামুনাজ্জূহুম্ আজ্‌মা'ঈন্। ৬০। ইল্লাম্ রাআতাহূ ক্বাদ্দারনা~ইন্নাহা- লামিনাল্ গা-বিরীন্।
(৫৯) 'তবে লূতের পরিবারের কথা ভিন্ন, আমরা তাদের সকলকে রক্ষা করব।' (৬০) তবে লূতের স্ত্রী নয়, তার ব্যাপারে সিদ্ধান্ত নিয়েছি- সে পশ্চাতে অবস্থানকারীদের দলভুক্ত হবে।'

৪ রুকূ

﴿٦١﴾ فَلَمَّا جَاءَ آلَ لُوطٍ الْمُرْسَلُونَ ﴿٦٢﴾ قَالَ إِنَّكُمْ قَوْمٌ مُنْكَرُونَ ﴿٦٣﴾ قَالُوا بَلْ

৬১। ফালাম্মা- জ্বা—আ আ-লা লূত্বি নিল্ মুরসালূন। ৬২। ক্বা-লা ইন্নাকুম্ ক্বাওমুম্ মুন্‌কারূন। ৬৩। ক্বা-লূ বাল্
(৬১) ফেরেশ্‌তারা যখন লূতের পরিবারের নিকট এল, (৬২) তখন লূত বললেন, 'তোমরা তো নিশ্চয় একটি অপরিচিত দল।' (৬৩) তারা বলল, 'না,

جِئْنَاكَ بِمَا كَانُوا فِيهِ يَمْتَرُونَ ﴿٦٤﴾ وَأَتَيْنَاكَ بِالْحَقِّ وَإِنَّا لَصَادِقُونَ ﴿٦٥﴾ فَأَسْرِ

জ্বি'না-কা বিমা- কা-নূ ফীহি ইয়াম্‌তারূন্। ৬৪। ওয়া আতাইনা-কা বিল্‌হাক্বক্বি ওয়া ইন্না- লাছ্বা-দিক্বূন্। ৬৫। ফাআস্‌রি
তারা যে বিষয় সন্দিহান আমরা সে বিষয় নিয়ে এসেছি,' (৬৪) 'আমরা আপনার নিকট সত্য নিয়ে এসেছি। নিশ্চয় আমরা সত্যবাদী'; (৬৫) 'সুতরাং আপনি

০ টীকা (আঃ ৫৫) ঃ এটা একটি আশ্চর্য ব্যাপার। কাজেই আশ্চর্য বোধ করছি। আল্লাহর অসাধ্য বলে মনে করছি না। (বঃ কোঃ)
০ টীকা (আঃ ৫৬) ঃ অর্থাৎ, আমরা আপনাকে বাস্তব সত্যের সংবাদই দিচ্ছি। আপনি বার্ধক্যের প্রতি লক্ষ্য করবেন না। এতে নৈরাশ্যের উৎপত্তি হতে পারে। (বঃ কোঃ) ০ টীকা (আঃ ৫৮) ঃ যেহেতু ইবরাহীম (আ) নবীসুলভ জ্ঞান দ্বারা জানতে পেরেছেন যে, এরা এই সুসংবাদ ছাড়া আরো কোন গুরুতর কাজের উদ্দেশ্যেও এসেছে, কাজেই তিনি এই প্রশ্ন করলেন। (বঃ কোঃ)
০ বিশ্লেষণ (আঃ ৬৩) ঃ فيه يمترون – অর্থাৎ আল্লাহর শাস্তি, যে ব্যাপারে লূতের (আ) সম্প্রদায়গণ সন্দেহ করেছিল।

بِأَهْلِكَ بِقِطْعٍ مِنَ اللَّيْلِ وَاتَّبِعْ أَدْبَارَهُمْ وَلَا يَلْتَفِتْ مِنْكُمْ أَحَدٌ وَامْضُوا

বিআহ্‌লিকা বিক্বিত্ব'ইম্ মিনাল্ লাইলি ওয়াত্তাবি' আদ্‌বা-রা হুম্ ওয়ালা- ইয়াল্‌তাফিত্ মিন্‌কুম্ আহাদুওঁ ওয়াম্‌দ্বূ
রাতের কোন এক সময়ে পরিবারবর্গসহ বেরিয়ে পড়ুন। আর চলার সময় আপনি সকলের পেছনে থাকবেন এবং আপনাদের মধ্যে কেউ যেন পিছনে ফিরে না তাকায়।

حَيْثُ تُؤْمَرُونَ ﴿٦٦﴾ وَقَضَيْنَا إِلَيْهِ ذَٰلِكَ الْأَمْرَ أَنَّ دَابِرَ هَٰؤُلَاءِ مَقْطُوعٌ

হাইছু তু'মারূন্। ৬৬। ওয়াক্বাদ্বাইনা~ইলাইহি যা-লিকাল আম্‌রা আন্না দা-বিরা হা~উলা—ই মাক্বতূ'উম্
আপনারা নির্দেশিত স্থানে চলে যান।' (৬৬) আমি লূতকে এ নির্দেশ প্রেরণ করি যে, সকাল বেলাই তাদের শিকড় উপড়ে

مُصْبِحِينَ ﴿٦٧﴾ وَجَاءَ أَهْلُ الْمَدِينَةِ يَسْتَبْشِرُونَ ﴿٦٨﴾ قَالَ إِنَّ هَٰؤُلَاءِ ضَيْفِي

মুছ্‌বিহীন্। ৬৭। ওয়া জ্বা—আ আহ্‌লুল্ মাদীনাতি ইয়াস্‌তাব্‌শিরূন্। ৬৮। ক্বা-লা ইন্না হা~উলা—ই দ্বাইফী
ফেলা হবে। (৬৭) আর নগরবাসীরা উল্লাস করতে করতে উপস্থিত হল। (৬৮) লূত (আ) বললেন, 'তারা আমার অতিথি,তোমরা আমাকে অসম্মান

فَلَا تَفْضَحُونِ ﴿٦٩﴾ وَاتَّقُوا اللَّهَ وَلَا تُخْزُونِ ﴿٧٠﴾ قَالُوا أَوَلَمْ نَنْهَكَ عَنِ الْعَالَمِينَ

ফালা- তাফ্‌দ্বাহূন ৬৯। ওয়াত্তাক্বুল্লা-হা ওয়ালা- তুখ্‌যূন। ৭০ ক্বা-লূ~আওয়ালাম্ নান্‌হাকা 'আনিল্ 'আ-লামীন।
করো না,' (৬৯) 'তোমরা আল্লাহকে ভয় কর। আর আমাকে লাঞ্ছিত করো না।' (৭০) তারা বলল, আমরা বিশ্ববাসীর সাহায্য নিতে আপনাকে বারণ করিনি ?'

﴿٧١﴾ قَالَ هَٰؤُلَاءِ بَنَاتِي إِنْ كُنْتُمْ فَاعِلِينَ ﴿٧٢﴾ لَعَمْرُكَ إِنَّهُمْ لَفِي سَكْرَتِهِمْ يَعْمَهُونَ

৭১। ক্বা-লা হা~উলা—ই বানা-তী~ইন্ কুন্‌তুম্ ফা-'ইলীন্। ৭২। লা'আম্‌রুকা ইন্নাহুম্ লাফী সাক্‌রাতিহিম্ ইয়া'মাহূন্।
(৭১) লূত বললেন, 'এই যে আমার কন্যারা রয়েছে, তোমরা যদি কিছু করতেই চাও তবে কর।'(৭২) আপনার প্রাণের কসম! তারা নিজেদের উম্মাদনায় বেহুশ ছিল।

﴿٧٣﴾ فَأَخَذَتْهُمُ الصَّيْحَةُ مُشْرِقِينَ ﴿٧٤﴾ فَجَعَلْنَا عَالِيَهَا سَافِلَهَا وَأَمْطَرْنَا عَلَيْهِمْ

৭৩। ফাআখাযাত্‌হুমুছ্ ছ্বাইহাতু মুশ্‌রিক্বীন্। ৭৪। ফাজ্বা'আল্‌না- 'আ-লিইয়াহা- সা-ফিলাহা- ওয়া আম্‌ত্বারনা- 'আলাইহিম্
(৭৩) অতঃপর সূর্যোদয়ের সাথে এক ভয়ংকর আওয়াজ তাদেরকে আঘাত করল। (৭৪) এরপর আমি নগরগুলিকে উলটিয়ে দিলাম এবং তাদের উপর

حِجَارَةً مِنْ سِجِّيلٍ ﴿٧٥﴾ إِنَّ فِي ذَٰلِكَ لَآيَاتٍ لِلْمُتَوَسِّمِينَ ﴿٧٦﴾ وَإِنَّهَا لَبِسَبِيلٍ

হিজ্বা-রাতাম্ মিন সিজ্জ্বীল। ৭৫। ইন্না ফী যা-লিকা লাআ-য়া-তিল্ লিল্ মুতাওয়াস্‌সিমীন্। ৭৬। ওয়া ইন্নাহা- লাবিসাবীলিম্
কংকর-প্রস্তর বর্ষণ করলাম। (৭৫) অবশ্যই এতে পর্যবেক্ষণ শক্তিসম্পন্ন ব্যক্তিদের জন্য নিদর্শন রয়েছে। (৭৬) আর ধ্বংসে প্রাপ্ত জনপদটি একটি আবাদ সড়কের

مُقِيمٍ ﴿٧٧﴾ إِنَّ فِي ذَٰلِكَ لَآيَةً لِلْمُؤْمِنِينَ ﴿٧٨﴾ وَإِنْ كَانَ أَصْحَابُ الْأَيْكَةِ لَظَالِمِينَ

মুক্বীম্। ৭৭। ইন্না ফী যা-লিকা লাআ-য়া-তাল্ লিল্‌মু'মিনীন্। ৭৮। ওয়া ইন্ কা-না আছ্‌হা-বুল্ আইকাতি লাজা-লিমীন্।
উপর অবস্থিত। (৭৭) অবশ্যই এতে মুমিনদের জন্য রয়েছে নিদর্শন। (৭৮) আর বনের অধিবাসীরাও ছিল জালিম।

﴿٧٩﴾ فَانْتَقَمْنَا مِنْهُمْ وَإِنَّهُمَا لَبِإِمَامٍ مُبِينٍ ﴿٨٠﴾ وَلَقَدْ كَذَّبَ أَصْحَابُ الْحِجْرِ

৭৯। ফান্‌তাক্বাম্‌না- মিন্‌হুম। ওয়া ইন্নাহুমা- লাবিইমা-মিম্ মুবীন্। ৮০। ওয়া লাক্বাদ্ কায্‌যাবা আছ্‌হা-বুল হিজ্‌রিল
(৭৯) তাই আমি তাদের কাছ থেকে বদলা নিয়েছি। এই জনপদ দুটি প্রকাশ্য রাস্তায় অবস্থিত। (৮০) নিশ্চয় হিজরবাসিরাও রাসূলদেরকে মিথ্যা

৫ রুকূ

الْمُرْسَلِيْنَ ﴿٨١﴾ وَاٰتَيْنٰهُمْ اٰيٰتِنَا فَكَانُوْا عَنْهَا مُعْرِضِيْنَ ﴿٨٢﴾ وَكَانُوْا يَنْحِتُوْنَ

মুরসালীন্। ৮১। ওয়া আ-তাইনা-হুম্ আ-য়া-তিনা- ফাকা-নূ 'আন্‌হা- মু'রিদ্বীন্। ৮২। ওয়া কা-নূ ইয়ান্‌হিতূনা
প্রতিপন্ন করেছিল। (৮১) আমি তাদেরকে আমার নিদর্শনাবলি দিয়েছিলাম। অতঃপর তারা তা উপেক্ষা করেছিল। (৮২) তারা নিশ্চিন্ত মনে

مِنَ الْجِبَالِ بُيُوْتًا اٰمِنِيْنَ ﴿٨٣﴾ فَاَخَذَتْهُمُ الصَّيْحَةُ مُصْبِحِيْنَ ﴿٨٤﴾ فَمَآ اَغْنٰى

মিনাল্ জ্বিবা-লি বুইয়ূতান্ আ-মিনীন্। ৮৩। ফাআখাযাত্‌হুমুছ্ ছাইহাতু মুছ্‌বিহীন। ৮৪। ফামা~আগ্‌না-
পাহাড় কেটে গৃহ নির্মাণ করত। (৮৩) অতঃপর এক সকালে বিকট এক আওয়াজ তাদেরকে আঘাত করল; (৮৪) সুতরাং তারা যা

عَنْهُمْ مَّا كَانُوْا يَكْسِبُوْنَ ﴿٨٥﴾ وَمَا خَلَقْنَا السَّمٰوٰتِ وَالْاَرْضَ وَمَا بَيْنَهُمَآ اِلَّا

'আন্‌হুম্ মা-কা-নূ ইয়াক্‌সিবূন্। ৮৫। ওয়ামা- খালাক্‌নাস্ সামা-ওয়া-তি ওয়াল্ আরদ্বা ওয়ামা- বাইনাহুমা~ইল্লা-
করেছিল তা তাদের কোন কাজে আসেনি। (৮৫) আকাশ ও পৃথিবী এবং এর মধ্যবর্তী কোন কিছুই আমি অযথা সৃষ্টি করিনি।

بِالْحَقِّ ؕ وَاِنَّ السَّاعَةَ لَاٰتِيَةٌ فَاصْفَحِ الصَّفْحَ الْجَمِيْلَ ﴿٨٦﴾ اِنَّ رَبَّكَ هُوَ

বিল্‌হাক্কি ; ওয়া ইন্নাস্ সা-'আতা লাআ-তিয়াতুন্ ফাছ্‌ফাহিছ্ ছাফ্‌হাল্ জ্বামীল্। ৮৬। ইন্না রাব্বাকা হুওয়াল্
আর কিয়ামত অবশ্যই আসবে। তাই আপনি অত্যন্ত অনীহা ভরে তাদেরকে উপেক্ষা করুন। (৮৬) নিশ্চয় আপনার প্রতিপালক

الْخَلّٰقُ الْعَلِيْمُ ﴿٨٧﴾ وَلَقَدْ اٰتَيْنٰكَ سَبْعًا مِّنَ الْمَثَانِيْ وَالْقُرْاٰنَ الْعَظِيْمَ ○

খাল্লা-কুল্ 'আলীম্। ৮৭। ওয়ালাক্বাদ আ-তাইনা-কা সাব্'আম্ মিনাল্ মাছা-নী ওয়াল্ কুরআ-নাল্ 'আজীম্।
মহাস্রষ্টা, মহাজ্ঞানী। (৮৭) আমি আপনাকে সাতটি আয়াত দিয়েছি, যা বার বার পাঠ করা হয়। আর দিয়েছি মহা কুরআন।

﴿٨٨﴾ لَا تَمُدَّنَّ عَيْنَيْكَ اِلٰى مَا مَتَّعْنَا بِهٖٓ اَزْوَاجًا مِّنْهُمْ وَلَا تَحْزَنْ

৮৮। লা তামুদ্দান্না 'আইনাইকা ইলা- মা- মাত্তা'না- বিহী~আয্‌ওয়া-জ্বাম্ মিনহুম্ ওয়ালা- তাহ্‌যান,
(৮৮) আমি কাফেরদের বিভিন্ন প্রকারের লোককে ভোগবিলাসের জন্য যে সব উপকরণ দিয়েছি, তার প্রতি আপনি চোখ তুলে তাকাবেন না।

عَلَيْهِمْ وَاخْفِضْ جَنَاحَكَ لِلْمُؤْمِنِيْنَ ﴿٨٩﴾ وَقُلْ اِنِّيْٓ اَنَا النَّذِيْرُ الْمُبِيْنُ ○

'আলাইহিম্ ওয়াখ্‌ফিদ্ব্ জ্বানা-হাকা লিল্‌মু'মিনীন্। ৮৯। ওয়াকুল্ ইন্নী~আনান্ নাযীরুল্ মুবীন্।
আর তাদের জন্য চিন্তিত হবেন না। মুমিনদের প্রতি স্বীয় বাহু নত রাখুন। (৮৯) বলুন, 'আমি এক প্রকাশ্য ভয় প্রদর্শক।'

﴿٩٠﴾ كَمَآ اَنْزَلْنَا عَلَى الْمُقْتَسِمِيْنَ ﴿٩١﴾ الَّذِيْنَ جَعَلُوا الْقُرْاٰنَ عِضِيْنَ ﴿٩٢﴾ فَوَرَبِّكَ

৯০। কামা~আন্‌যাল্‌না- 'আলাল্ মুক্বতাসিমীন্। ৯১। আল্লাযীনা জ্বা'আলুল্ কুরআ-না 'ইদ্বীন্। ৯২। ফাওয়ারাব্বিকা
(৯০) যেমন আমি তাদের প্রতি কুরআন নাযিল করেছি- যারা বিভক্তকারী ছিল। (৯১) যারা কুরআনকে বিভিন্ন অংশে বিভক্ত করেছিল; (৯২) সুতরাং শপথ আপনার রবের!

○ শানে নুযূল (আঃ ৮৮) ঃ একবার ইহুদী গোত্র বনী নাযীর ও বনী কুরাইযার সাতটি কাফেলা বিরাট শস্যাদি ও স্বর্ণ-রূপাসহ বিভিন্ন পণ্য দ্রব্য নিয়ে মক্কায় আসে। মুসলমানরা তা দেখে মনে মনে ভাবে- হায়, এগুলো যদি আমাদের হতো, তবে আমরা আল্লাহর পথে দান করতাম। তখন তাদের সান্ত্বনা প্রদানের জন্য এ আয়াত নাযিল হয়। (আবুস্‌সাউদ) ○ টীকা (আঃ ৮৮) ঃ এতে সন্দেহ নেই যে, "কুফর" জিনিসটা নিজ স্থলেই অতি কঠিনতর মসীবত। কিন্তু কাফেরগণ এটাকে মসীবতই মনে করে না এবং এটা হতে আত্মরক্ষার চেষ্টাও করে না। এদেরকে বুঝাতে গেলে বুঝ নেয়া তো দূরের কথা, উল্টা খারাপই মনে করে থাকে। কাজেই এদের অবস্থার প্রতি দুঃখ করা তদ্রূপই, অন্ধের সম্মুখে ক্রন্দন যদ্রূপ।

لَنَسْئَلَنَّهُمْ اَجْمَعِيْنَ ﴿٩٣﴾ عَمَّا كَانُوْا يَعْمَلُوْنَ ﴿٩٤﴾ فَاصْدَعْ بِمَا تُؤْمَرُ

লানাস্‌আলান্নাহুম্ আজ্বমা'ঈন। ৯৩। 'আম্মা-কা-নূ ইয়া'মালূন্। ৯৪। ফাছ্‌দা' বিমা- তু'মারু
আমি তাদের সকলকে অবশ্যই জিজ্ঞাসাবাদ করব, (৯৩) তাদের কৃতকর্ম সম্পর্কে; (৯৪) সুতরাং আপনাকে যে আদেশ করা হয়, তা

وَاَعْرِضْ عَنِ الْمُشْرِكِيْنَ ﴿٩٥﴾ اِنَّا كَفَيْنٰكَ الْمُسْتَهْزِءِيْنَ ﴿٩٦﴾ الَّذِيْنَ

ওয়া আ'রিদ্ব্ 'আনিল মুশ্‌রিকীন্। ৯৫। ইন্না- কাফাইনা-কাল্ মুস্‌তাহ্‌যিঈন্। ৯৬। আল্লাযীনা
আপনি প্রচার করুন এবং মুশরিকদেরকে উপেক্ষা করুন। (৯৫) আমিই আপনার জন্য বিদ্রূপকারীদের বিরুদ্ধে যথেষ্ট, (৯৬) যারা

يَجْعَلُوْنَ مَعَ اللّٰهِ اِلٰهًا اٰخَرَ ۚ فَسَوْفَ يَعْلَمُوْنَ ﴿٩٧﴾ وَلَقَدْ نَعْلَمُ

ইয়াজ্ব'আলূনা মা'আল্লা-হি ইলা-হান্ আ-খারা, ফাসাওফা ইয়া'লামূন। ৯৭। ওয়া লাক্বাদ্ না'লামু
আল্লাহর সাথে অন্য উপাস্যদের সাব্যস্ত করেছে। শীঘ্রই তারা জানতে পারবে। (৯৭) আমি অবশ্যই জানি, তারা যা

اَنَّكَ يَضِيْقُ صَدْرُكَ بِمَا يَقُوْلُوْنَ ﴿٩٨﴾ فَسَبِّحْ بِحَمْدِ رَبِّكَ وَ

আন্নাকা ইয়াদ্বীকু ছাদ্‌রুকা বিমা- ইয়াকূলূন্। ৯৮। ফাসাব্বিহ্ বিহাম্‌দি রাব্বিকা ওয়া
বলে তাতে আপনার অন্তর সঙ্কুচিত হয়ে পড়ে; (৯৮) সুতরাং আপনি আপনার প্রভুর প্রশংসা দ্বারা তাঁর মহিমা বর্ণনা করুন

كُنْ مِّنَ السّٰجِدِيْنَ ﴿٩٩﴾ وَاعْبُدْ رَبَّكَ حَتّٰى يَاْتِيَكَ الْيَقِيْنُ ○

কুম মিনাস্ সা-জ্বিদীন্। ৯৯। ওয়া'বুদ্ রাব্বাকা হাত্তা- ইয়া'তিইয়াকাল্ ইয়াক্বীন।
এবং সিজদাকারীদের অন্তর্ভুক্ত হয়ে যান, (৯৯) আপনার মৃত্যু উপস্থিত হওয়া পর্যন্ত আপনি আপনার প্রভুর ইবাদত করুন।

সূরা আন্ নাহল
মক্কী

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ
বিসমিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম
পরম দাতা ও দয়ালু আল্লাহর নামে শুরু করছি

আয়াত ঃ ১২৮
রুকূ ঃ ১৬

﴿١﴾ اَتٰٓى اَمْرُ اللّٰهِ فَلَا تَسْتَعْجِلُوْهُ ؕ سُبْحٰنَهٗ وَتَعٰلٰى عَمَّا يُشْرِكُوْنَ ﴿٢﴾ يُنَزِّلُ

১। আতা~আম্‌রুল্লা-হি ফালা- তাস্‌তা'জ্বিলূহ্ ; সুব্‌হা-নাহূ ওয়া তা'আ-লা- 'আম্মা- ইউশ্‌রিকূন্। ২। ইউনায্‌যিলুল্
(১) আল্লাহর হুকুম এসে গেছে, তাই আপনি এতে তাড়াহুড়া করবেন না। তিনি মহিমান্বিত এবং তারা যা শিরিক করে তা থেকে তিনি অনেক ঊর্ধ্বে। (২) তিনি

الْمَلٰٓئِكَةَ بِالرُّوْحِ مِنْ اَمْرِهٖ عَلٰى مَنْ يَّشَآءُ مِنْ عِبَادِهٖٓ اَنْ اَنْذِرُوْٓا اَنَّهٗ لَآ اِلٰهَ اِلَّآ

মালা—ইকাতা বির্‌রূহি মিন্ আমরিহী 'আলা- মাঁই ইয়াশা—উ মিন্ 'ইবা-দিহী~আন্ আন্‌যিরূ~আন্নাহূ লা~ইলা-হা ইল্লা~
তাঁর ইচ্ছানুযায়ী তাঁর বান্দাদের মধ্যে যার প্রতি ইচ্ছা ওহীসহ ফেরেশতাদেরকে এমর্মে প্রেরণ করেন যে, সতর্ক করে দিন 'আমি ছাড়া অন্য কোন ইলাহ নেই,

○ শানে নুযূল (আঃ ৯৫) ঃ এ আয়াত মক্কার পাঁচজন কুরাইশ সরদারদের উদ্দেশ্যে নাযিল হয়েছে। যারা রাসূল (স)-কে নানাভাবে নির্যাতন করতো। তারা হলো, ওয়ালীদ ইবনে, মুগীরা, 'আস ইবনে ওয়াইল, হারেস ইবনে কায়েস, আসওয়াদ ইবনে আবদে ইয়াগুস এবং আসওয়াদ ইবনে আবদুল মুত্তালিব। অত্যন্ত নিকৃষ্টভাবে তাদের মৃত্যু হয়। (আবুস্‌সাউদ) ○ বিশ্লেষণ (আঃ ১) ঃ اتى امر الله - নির্দেশ দ্বারা কিয়ামত বুঝানো হয়েছে। ভবিষ্যতের পরিবর্তে অতীতের সিগাহ ব্যবহার করার কারণ এই যে, কিয়ামত সংঘটিত হওয়াটা একেবারেই নিশ্চিত অবশ্যম্ভাবী ঘটবে এমন কাজের জন্য কুরআন মাজীদের অনেক ক্ষেত্রে অতীতকালের ক্রিয়া ব্যবহার করা হয়। اتى -এর অর্থ এসেছে। এখানে এর অর্থ, আসবেই। (বঃ কোঃ)

اَنَا فَاتَّقُوْنِ ۝٣ خَلَقَ السَّمٰوٰتِ وَالْاَرْضَ بِالْحَقِّ ۚ تَعٰلٰى عَمَّا يُشْرِكُوْنَ ۝٤ خَلَقَ

আনা ফাত্তাকূন্।৩। খালাক্বাস্ সামা-ওয়া-তি ওয়াল্ আর্দ্বা বিল্হাক্বক্বি ; তা'আ-লা- 'আম্মা- ইউশ্রিকূন্। ৪। খালাক্বাল্
তাই তোমরা আমাকে ভয় কর'। (৩) তিনি যথানিয়মে আকাশ ও পৃথিবী সৃষ্টি করেছেন। তারা যা শিরিক করে, তিনি তার বহু উর্ধ্বে। (৪) তিনি শুক্র থেকে

الْاِنْسَانَ مِنْ نُّطْفَةٍ فَاِذَا هُوَ خَصِيْمٌ مُّبِيْنٌ ۝٥ وَالْاَنْعَامَ خَلَقَهَا ۚ لَكُمْ فِيْهَا

ইন্সা-না মিন্ নুত্বফাতিন্ ফাইযা- হুওয়া খাছীমুম্ মুবীন্। ৫। ওয়াল্ আন'আ-মা খালাক্বাহা-, লাকুম্ ফীহা-
মানুষ সৃষ্টি করেছেন, অথচ সে প্রকাশ্যে বিতন্ডা করে। (৫) তিনি চতুষ্পদ জন্তু সৃষ্টি করেছেন, তোমাদের জন্য তাতে শীতবস্ত্র ও অনেক উপকার রয়েছে

دِفْءٌ وَّمَنَافِعُ وَمِنْهَا تَاْكُلُوْنَ ۝٦ وَلَكُمْ فِيْهَا جَمَالٌ حِيْنَ تُرِيْحُوْنَ وَحِيْنَ

দিফ্উওঁ ওয়া মানা-ফি'উ ওয়া মিনহা- তা'কুলূন্। ৬। ওয়া লাকুম্ ফীহা- জ্বামা-লুন্ হ্বীনা তুরীহূনা ওয়া হ্বীনা
এবং তা থেকে তোমরা কিছু আহারও করে থাক। (৬) তোমাদের জন্য তাতে সম্মানের বিষয় রয়েছে যখন তোমরা সন্ধ্যায় চারণভূমি থেকে ফিরিয়ে নিয়ে আস এবং সকালে

تَسْرَحُوْنَ ۝٧ وَتَحْمِلُ اَثْقَالَكُمْ اِلٰى بَلَدٍ لَّمْ تَكُوْنُوْا بٰلِغِيْهِ اِلَّا بِشِقِّ

তাস্রাহূন্। ৭। ওয়া তাহ্মিলু আছক্বা-লাকুম্ ইলা- বালাদিল্ লাম্ তাকূনূ বা-লিগীহি ইল্লা- বিশিক্বক্বিল
সেখানে নিয়ে যাও। (৭) তারা তোমাদের বোঝা বহন করে নিয়ে যায় এমনদেশে-যেখানে প্রাণান্তকর কষ্ট না সয়ে তোমরা পৌছতে

الْاَنْفُسِ ۗ اِنَّ رَبَّكُمْ لَرَءُوْفٌ رَّحِيْمٌ ۝٨ وَّالْخَيْلَ وَالْبِغَالَ وَالْحَمِيْرَ

আন্ফুসি ; ইন্না রাব্বাকুম্ লারাউফুর্ রাহীম্। ৮। ওয়াল্ খাইলা ওয়াল্ বিগা-লা ওয়াল্ হ্বামীরা
পারতে না। নিশ্চয় তোমাদের প্রভু বড় স্নেহময় ও পরম দয়ালু। (৮) আর তিনি সৃষ্টি করেছেন ঘোড়া, খচ্চর ও গাধা– তোমাদের আরোহণ ও

لِتَرْكَبُوْهَا وَزِيْنَةً ۗ وَيَخْلُقُ مَا لَا تَعْلَمُوْنَ ۝٩ وَعَلَى اللّٰهِ قَصْدُ السَّبِيْلِ وَمِنْهَا

লিতার্কাবূহা- ওয়াযীনাতান্ ; ওয়া ইয়াখ্লুক্বু মা-লা- তা'লামূন্। ৯। ওয়া 'আলাল্লা-হি ক্বাছ্দুস্ সাবীলি ওয়া মিন্হা-
শোভাবর্ধনের জন্য। আর তিনি এমন বিষয়ও সৃষ্টি করেছেন যা তোমাদের অজানা। (৯) সরল পথ আল্লাহ্ পর্যন্ত গিয়ে পৌছে; কিন্তু এগুলোর মধ্যে কিছু বক্র

جَآئِرٌ ۗ وَلَوْ شَآءَ لَهَدٰىكُمْ اَجْمَعِيْنَ ۝١٠ هُوَ الَّذِيْٓ اَنْزَلَ مِنَ السَّمَآءِ مَآءً

জ্বা—ইরুন্, ওয়া লাও শা—আ লাহাদা-কুম্ আজ্মা'ঈন্। ১০। হুওয়াল্লাযী~আন্যালা মিনাস্ সামা—ই মা—আল্
পথও রয়েছে। তিনি ইচ্ছা করলে তোমাদের সকলকেই সুপথে পরিচালিত করতে পারতেন। (১০) তিনিই আকাশ থেকে তোমাদের জন্য

ع ১ ৯ ৭ রুকূ

لَّكُمْ مِّنْهُ شَرَابٌ وَّمِنْهُ شَجَرٌ فِيْهِ تُسِيْمُوْنَ ۝١١ يُنْۢبِتُ لَكُمْ بِهِ الزَّرْعَ

লাকুম্ মিন্হু শারা-বুওঁ ওয়া মিন্হু শাজ্বারুন্ ফীহি তুসীমূন্। ১১। ইউম্বিতু লাকুম্ বিহিয্ যার্'আ
পানি বর্ষণ করেন, এ থেকে তোমরা পান কর এবং এ থেকেই বৃক্ষ উৎপন্ন হয়। যাতে তোমরা পশু বিচরণ করাও। (১১) তিনি তোমাদের জন্য

وَالزَّيْتُوْنَ وَالنَّخِيْلَ وَالْاَعْنَابَ وَمِنْ كُلِّ الثَّمَرٰتِ ۗ اِنَّ فِيْ ذٰلِكَ

ওয়ায্যাইতূনা ওয়ান্নাখীলা ওয়াল্ আ'না-বা ওয়া মিন্ কুল্লিছ্ ছামারা-তি ; ইন্না ফী যা-লিকা
পানি দ্বারা উৎপন্ন করেন শস্য জয়তুন, খেজুর, আঙ্গুর এবং সর্ব প্রকার ফল। নিশ্চয় এতে নিদর্শন

لَاٰيَةً لِّقَوْمٍ يَّتَفَكَّرُوْنَ ۝١٢ وَسَخَّرَ لَكُمُ الَّيْلَ وَالنَّهَارَ ۙ وَالشَّمْسَ وَالْقَمَرَ

...লাআ-ইয়াতাল্ লিক্বাওমিঁই ইয়াতাফাক্কারূন্। ১২। ওয়া সাখ্খারা লাকুমুল্ লাইলা ওয়ান্নাহা-রা ওয়াশ্শাম্সা ওয়াল ক্বামারা ;
রয়েছে চিন্তাশীল সম্প্রদায়ের জন্য। (১২) তিনিই তোমাদের জন্য নিয়োজিত করেছেন রাত, দিন, সূর্য ও চন্দ্রকে

وَالنُّجُوْمُ مُسَخَّرٰتٌۢ بِاَمْرِهٖ ۗ اِنَّ فِيْ ذٰلِكَ لَاٰيٰتٍ لِّقَوْمٍ يَّعْقِلُوْنَ ۝١٣ وَمَ...

...য়ান্নুজুমু মুসাখ্খারা-তুম্ বিআমরিহী ; ইন্না ফী যা-লিকা লাআ-য়া-তিল্ লিক্বাওমিঁই ইয়া'ক্বিলূন্। ১৩। ওয়ামা-
...এবং নক্ষত্ররাজিও নিয়োজিত রয়েছে তাঁরই বিধানে। নিশ্চয় এতে বোধ শক্তিসম্পন্ন সম্প্রদায়ের জন্য রয়েছে নিদর্শন। (১৩) তিনি

...ذَرَاَ لَكُمْ فِي الْاَرْضِ مُخْتَلِفًا اَلْوَانُهٗ ۗ اِنَّ فِيْ ذٰلِكَ لَاٰيَةً لِّقَوْمٍ يَّذَّكَّرُوْنَ

...যারাআ লাকুম্ ফিল্ আর্দ্বি মুখ্তালিফান্ আল্ওয়া-নুহূ ; ইন্না ফী যা-লিকা লাআ-য়াতাল্ লিক্বাওমিঁই ইয়ায্যাক্কারূন্।
...তোমাদের জন্য বিভিন্ন বর্ণের বস্তু পৃথিবীতে ছড়িয়ে দিয়েছেন। এতেও নিদর্শন রয়েছে উপদেশ গ্রহণকারী সম্প্রদায়ের জন্য।

۝١٤ وَهُوَ الَّذِيْ سَخَّرَ الْبَحْرَ لِتَاْكُلُوْا مِنْهُ لَحْمًا طَرِيًّا وَّتَسْتَخْرِجُوْا مِنْ...

১৪। ওয়াহুওয়াল্ লাযী সাখ্খারাল বাহ্রা লিতা'কুলূ মিন্হু লাহ্মান্ ত্বারিয়্যাওঁ ওয়া তাস্তাখ্রিজু মিন্হু
(১৪) তিনিই সমুদ্রকে তোমাদের জন্য নিয়োজিত করেছেন– যাতে তোমরা তা থেকে তাজা মাছ ভক্ষণ করতে পার এবং তা থেকে বের করতে পার অলংকার-

حِلْيَةً تَلْبَسُوْنَهَا ۚ وَتَرَى الْفُلْكَ مَوَاخِرَ فِيْهِ وَلِتَبْتَغُوْا مِنْ فَضْلِهٖ وَلَعَلَّكُمْ

...হ্লিইয়াতান্ তাল্বাসূনাহা-, ওয়া তারাল্ ফুল্কা মাওয়া-খিরা ফীহি ওয়া লিতাবতাগূ মিন্ ফাদ্বলিহী ওয়া লা'আল্লাকুম্
...যা তোমরা পরিধান করে থাক। আর তাতে তুমি পানি কেটে জলযান চলা-চল করতে দেখবে– যাতে তোমরা তাঁর অনুগ্রহ সন্ধান করতে পার এবং কৃতজ্ঞ

تَشْكُرُوْنَ ۝١٥ وَاَلْقٰى فِي الْاَرْضِ رَوَاسِيَ اَنْ تَمِيْدَ بِكُمْ وَاَنْهٰرًا وَّسُبُلًا لَّعَلَّكُمْ

...তাশ্কুরূন্। ১৫। ওয়া আলক্বা- ফিল্ আর্দ্বি রাওয়া-সিয়া আন্ তামীদাবিকুম ওয়া আন্হা-রাওঁ ওয়া সুবুলাল লা'আল্লাকুম্
...হতে পার। (১৫) তিনি পৃথিবীতে সুদৃঢ় পর্বতমালা স্থাপন করেছেন, যাতে এ যমীন তোমাদেরকে নিয়ে পড়ে না যায় এবং নদ-নদী ও পথ তৈরী করেছেন, যাতে তোমরা গন্তব্যস্থলে

تَهْتَدُوْنَ ۝١٦ وَعَلٰمٰتٍ ۗ وَبِالنَّجْمِ هُمْ يَهْتَدُوْنَ ۝١٧ اَفَمَنْ يَّخْلُقُ كَمَنْ لَّا يَخْلُقُ

...তাহ্তাদূন্। ১৬। ওয়া 'আলা-মা-তিন্ ; ওয়াবিন্নাজ্মি হুম্ ইয়াহ্তাদূন্। ১৭। আফামাই ইয়াখ্লুক্বু কামাল্ লা- ইয়াখ্লুক্বু ;
...পৌছতে পার। (১৬) তিনি সৃষ্টি করেছেন পথ নির্ণয়ক চিহ্নসমূহ এবং তারকা দ্বারাও তারা পথ নির্দেশ পায়; (১৭) সুতরাং যিনি সৃষ্টি করেন তিনি কি তার মত- যে সৃষ্টি

اَفَلَا تَذَكَّرُوْنَ ۝١٨ وَاِنْ تَعُدُّوْا نِعْمَةَ اللّٰهِ لَا تُحْصُوْهَا ۗ اِنَّ اللّٰهَ لَغَفُوْرٌ رَّحِيْمٌ

...আফালা- তাযাক্কারূন্। ১৮। ওয়া ইন্ তা'উদ্দূ নি'মাতাল্লা-হি লা- তুহ্ছূহা- ইন্নাল্লা-হা লাগাফূরুর্ রাহীম।
...করে না? তবুও কি তোমরা বুঝবে না? (১৮) তোমরা যদি আল্লাহর অনুগ্রহ গণনা কর তবে তা শেষ করতে পারবে না। নিশ্চয় আল্লাহ্ ক্ষমাশীল ও পরম দয়ালু।

۝١٩ وَاللّٰهُ يَعْلَمُ مَا تُسِرُّوْنَ وَمَا تُعْلِنُوْنَ ۝٢٠ وَالَّذِيْنَ يَدْعُوْنَ مِنْ دُوْنِ اللّٰهِ لَا

১৯। ওয়াল্লা-হু ইয়া'লামু মা-তুসির্রূনা ওয়ামা-তু'লিনূন্। ২০। ওয়াল্লাযীনা ইয়াদ্'উনা মিন্ দূনিল্লা-হি লা-
(১৯) আল্লাহ্ জানেন তোমরা যা গোপন রাখ এবং যা প্রকাশ কর। (২০) তারা আল্লাহ্ ব্যতীত যাদেরকে ডাকে তারা কিছুই

يخلقون شيئا وهم يخلقون ﴿٢٠﴾ اموات غير احياء ۚ وما يشعرون ايان

ইয়াখ্‌লুকুনা শাইআওঁ ওয়া হুম্ ইউখলাকূন। ২১। আমওয়া-তুন্ গাইরু আহ্ইয়া—ইন্, ওয়ামা- ইয়াশ্'উরূনা, আইয়্যা-না
সৃষ্টি করতে পারে না; বরং তাদেরকে সৃষ্টি করা হয়েছে। (২১) তারা মৃত– নির্জীব এবং তাদের পুনরুত্থান কবে হবে সে বিষয়ে তাদের কোন

يبعثون ﴿٢١﴾ الهكم اله واحد ۚ فالذين لا يؤمنون بالاخرة قلوبهم

ইউব্'আছূন্। ২২। ইলা-হুকুম্ ইলা-হুওঁ ওয়া-হিদুন, ফাল্লাযীনা লা-ইউ'মিনূনা বিল্ আ-খিরাতি ক্বুলূবুহুম্
চেতনা নেই। (২২) তোমাদের মাবূদ মাত্র এক ইলাহ। তাই যারা আখেরাতের প্রতি ঈমান আনে না– তাদের অন্তর সত্যবিমুখ

منكرة وهم مستكبرون ﴿٢٢﴾ لا جرم ان الله يعلم ما يسرون وما يعلنون ۚ

মুন্‌কিরাতুওঁ ওয়াহুম্ মুস্‌তাক্‌বিরূন্। ২৩। লা-জ্বারামা আন্নাল্লা-হা ইয়া'লামু মা- ইউসিররূনা ওয়ামা- ইউ'লিনূনা ;
এবং তারা অহংকার করে। (২৩) সন্দেহ নেই, আল্লাহ্ জানেন– যা তারা গোপন করে এবং যা তারা প্রকাশ করে।

انه لا يحب المستكبرين ﴿٢٣﴾ واذا قيل لهم ماذا انزل ربكم ۙ قالوا اساطير

ইন্নাহূ লা- ইউহ্বিব্বুল্ মুস্‌তাক্‌বিরীন্। ২৪। ওয়া ইযা- ক্বীলা লাহুম্ মা- যা~আন্‌যালা রাব্বুকুম্, ক্বা-লূ~আসা-ত্বীরুল্
নিশ্চয় তিনি অহংকারকারীদেরকে পছন্দ করেন না। (২৪) যখন তাদেরকে বলা হয়, 'তোমাদের প্রতিপালক কি নাযিল করেছেন ?' তখন তারা বলে,

الاولين ﴿٢٤﴾ ليحملوا اوزارهم كاملة يوم القيمة ۙ ومن اوزار الذين

আওয়্যালীন্। ২৫। লিইয়াহ্‌মিলূ~আওযা-রাহুম্ কা-মিলাতাইঁ ইয়াওমাল্ ক্বিয়া-মাতি, ওয়া মিন্ আওযা-রিল্লাযীনা
'সেকালের উপকথা।' (২৫) এ কারণে কেয়ামতের দিন তারা বহন করবে তাদের পূর্ণ পাপভার এবং তাদের পাপভারও, যাদেরকে তারা তাদের

يضلونهم بغير علم ۗ الا ساء ما يزرون ﴿٢٥﴾ قد مكر الذين من قبلهم فاتى الله

ইউদ্বিল্লূনাহুম্ বিগাইরি 'ইল্‌মিন্ ; আলা- সা—আ মা ইয়াযিরূন্। ২৬। ক্বাদ্ মাকারাল্ লাযীনা মিন্ ক্বাব্‌লিহিম্ ফাআতাল্লা-হু
মূর্খতার কারণে পথভ্রষ্ট করেছে। জেনে রাখ, তারা যা বহন করবে তা কতইনা নিকৃষ্ট। (২৬) তাদের পূর্ববর্তীরাও চক্রান্ত করেছিল, আল্লাহ্ তাদের

بنيانهم من القواعد فخر عليهم السقف من فوقهم واتهم العذاب من

বুন্‌ইয়া-নাহুম্ মিনাল্ ক্বাওয়া-'ইদি ফাখার্‌রা 'আলাইহিমুস্ সাক্বফু মিন্ ফাওক্বিহিম্ ওয়া আতা-হুমুল্ 'আযা-বু মিন্
প্রাসাদের ভিত্তিমূলে আঘাত করেন, ফলে সেই প্রাসাদের ছাদ তাদের উপর ধসে পড়ল এবং তাদের উপর এমন স্থান থেকে আযাব আসল–

حيث لا يشعرون ﴿٢٦﴾ ثم يوم القيمة يخزيهم ويقول اين شركاءي الذين

হ্বাইছু লা-ইয়াশ্'উরূন্। ২৭। ছুম্মা ইয়াওমাল্ ক্বিয়া-মাতি ইউখ্‌যীহিম্ ওয়া ইয়াক্বূলু আইনা শুরাকা—ইয়াল্লাযীনা
যা ছিল তাদের ধারণাতীত। (২৭) অতঃপর কিয়ামতের দিন তিনি তাদেরকে লাঞ্ছিত করবেন এবং বলবেন, 'কোথায় আমার সে সমস্ত

كنتم تشاقون فيهم ۚ قال الذين اوتوا العلم ان الخزي اليوم والسوء على

কুন্‌তুম্ তুশা—ক্কূনা ফীহিম্ ; ক্বা-লাল্লাযীনা উতুল্ 'ইল্‌মা ইন্নাল্ খিয্‌ইয়াল্ ইয়াওমা ওয়াস্ সূ—আ 'আলাল্
অংশীদাররা– যাদের ব্যাপারে তোমরা বিতন্ডা করতে ?' তখন জ্ঞান প্রাপ্তরা বলবে, 'আজ লাঞ্ছনা ও অমঙ্গল

২ ع ১২ ৮ রুকূ

৩ ع ১৪ ৯ রুকূ

الكفرين ﴿٢٧﴾ الذين تتوفهم الملئكة ظالمي انفسهم ۖ فالقوا السلم ما كنا

কা-ফিরীন্। ২৮। আল্লাযীনা তাতাওয়াফ্‌ফা-হুমুল্ মালা—ইকাতু জা-লিমী~আন্‌ফুসিহিম, ফাআল্‌ক্বাউস্ সালামা মা- কুন্না-
কাফেরদের জন্যই। (২৮) ফেরেশতারা যাদের প্রাণ হরণ করে তাদের কুফরী অবস্থায়,' তারা তখন আত্মসমর্পণ করে বলবে, 'আমরা কোন গর্হিত

نعمل من سوء ۚ بلى ان الله عليم بما كنتم تعملون ﴿٢٨﴾ فادخلوا ابواب

না'মালু মিন্ সূ—ইন্ ; বালা~ইন্নাল্লা-হা 'আলীমুম্ বিমা- কুন্‌তুম্ তা'মালূন্। ২৯। ফাদ্‌খুলূ~আব্‌ওয়া-বা
কাজ করতাম না।' হ্যাঁ- তোমরা যা করতে সে বিষয়ে আল্লাহ্ তাআলাই সবিশেষ অবহিত। (২৯) তাই তোমরা জাহান্নামের দরজা দিয়ে প্রবেশ কর,

جهنم خلدين فيها ۖ فلبئس مثوى المتكبرين ﴿٢٩﴾ وقيل للذين اتقوا ماذا

জ্বাহান্নামা খা-লিদীনা ফীহা-; ফালাবি'সা মাছ্‌ওয়াল্ মুতাকাব্‌বিরীন্। ৩০। ওয়া ক্বীলা লিল্লাযীনাত্ তাক্বাও মা-যা~
এতেই অনন্তকাল থাকবে। সুতরাং অহংকারকারীদের বাসস্থান কতইনা নিকৃষ্ট। (৩০) আর মুত্তাকীদেরকে বলা হবে, 'তোমাদের

انزل ربكم ۚ قالوا خيرا ۗ للذين احسنوا في هذه الدنيا حسنة ۚ ولدار

আন্‌যালা রাব্বুকুম্ ; ক্বা-লূ খাইরান্ ; লিল্লাযীনা আহ্‌সানূ ফী হা-যিহিদ্ দুনইয়া- হ্বাসানাতুন্ ; ওয়া লাদা-রুল্
প্রতিপালক কি নাযিল করেছিলেন ?' তারা বলবে, 'মহাকল্যাণ'। যারা সৎকর্ম করে তাদের জন্য এ পৃথিবীতেও মঙ্গল রয়েছে এবং আখেরাতেও

الاخرة خير ۚ ولنعم دار المتقين ﴿٣٠﴾ جنت عدن يدخلونها تجري من

আ-খিরাতি খাইরুন ; ওয়ালানি'মা দা-রুল্ মুত্তাক্বীন্। ৩১। জ্বান্না-তু 'আদ্‌নিইঁ ইয়াদ্‌খুলূনাহা- তাজ্বরী মিন্
আরও উৎকৃষ্ট বাসস্থান রয়েছে। আর মুত্তাকীদের বাসস্থান কতইনা উত্তম। (৩১) তা হলো চিরস্থায়ী জান্নাত, যাতে তারা প্রবেশ করবে, যার পাদদেশে নদী

تحتها الانهر لهم فيها ما يشاءون ۚ كذلك يجزي الله المتقين ﴿٣١﴾ الذين

তাহ্বতিহাল্ আন্‌হা-রু লাহুম্ ফীহা- মা- ইয়াশা—উনা ; কাযা-লিকা ইয়াজ্বযিল্লা-হুল্ মুত্তাক্বীন্। ৩২। আল্লাযীনা
প্রবাহিত হয়। তারা যা কিছু কামনা করবে তাতে তাদের জন্য তাই থাকবে। এভাবেই আল্লাহ্ পরহেজগারদের পুরস্কৃত করবেন। (৩২) ফেরেশতারা

تتوفهم الملئكة طيبين ۙ يقولون سلم عليكم ۙ ادخلوا الجنة بما كنتم

তাতাওয়াফ্‌ফা-হুমুল মালা—ইকাতু ত্বাইয়্যিবীনা, ইয়াক্বূলূনা সালা-মুন্ 'আলাইকুমুদ্, খুলুল্ জ্বান্নাতা বিমা- কুনতুম্
তাদের রূহ কব্জা করবে তাদের পূত পবিত্র অবস্থায়। ফেরেশ্‌তারা বলবে, 'তোমাদের প্রতি সালাম ! তোমাদের কৃতকর্মের বিনিময়ে জান্নাতে

تعملون ﴿٣٢﴾ هل ينظرون الا ان تاتيهم الملئكة او ياتي امر ربك ۚ

তা'মালূন্। ৩৩। হাল্ ইয়ান্‌জুরূনা ইল্লা~আন্ তা'তিয়াহুমুল্ মালা—ইকাতু আও ইয়া'তিয়া আম্‌রু রাব্বিকা ;
প্রবেশ কর।' (৩৩) তারা শুধু প্রতীক্ষা করছে তাদের নিকট কোন ফেরেশ্‌তা আসবে অথবা আপনার প্রতিপালকের কোন হুকুম আসবে।

○ বিশ্লেষণ (আঃ ২৯) ঃ فادخلوا ابواب جهنم – ইমাম ইবনে কাসীর বলেন, তাদের মৃত্যুর পরে সাথে সাথেই তাদের রূহ (আত্মা) জাহান্নামে চলে যায় এবং তাদের শরীর কবরে থাকে। সেখানে আল্লাহ তা'আলা তাঁর কুদরতের দ্বারা রূহ (আত্মা) এবং শরীরের সাথে একটি সম্পর্ক সৃষ্টি করে দিয়ে তাদেরকে শাস্তি দেন এবং সকাল-সন্ধ্যা তাদের উপর অগ্নি প্রেরিত হয়। যখন কিয়ামত সংঘটিত হবে তখন তাদের রূহ তাদের শরীরে ফিরিয়ে দেয়া হবে এবং চিরদিনের জন্য জাহান্নামে প্রবেশ করিয়ে দেয়া হবে। (কুঃ কারীম)

○ টীকা (আঃ ৩০) ঃ এখানে কাফেরদের বিপরীতে মুসলমানদের কথা বলা হচ্ছে, তাদেরকে কুরআন সম্পর্কে জিজ্ঞেস করা হবে, তোমাদের প্রতি কি নাযিল করা হয়েছিল? তারা অত্যন্ত বিনম্রী হয়ে বলবে 'আমাদেরকে শুধুই কল্যাণ দেয়া হয়েছে। (শাঃ হিঃ)

كَذٰلِكَ فَعَلَ الَّذِيْنَ مِنْ قَبْلِهِمْ ؕ وَمَا ظَلَمَهُمُ اللّٰهُ وَلٰكِنْ كَانُوْٓا اَنْفُسَهُمْ

কাযা-লিকা ফা'আলাল্লাযীনা মিন্ ক্বাব্‌লিহিম্ ; ওয়ামা- জালামাহুমুল্ লা-হু ওয়ালা-কিন্ কা-নূ~আন্‌ফুসাহুম্

তাদের পূর্ববর্তীরা এমনই করত। আল্লাহ্ তাদের প্রতি কোন্ জুলুম করেননি, কিন্তু তারাই নিজেদের প্রতি জুলুম

يَظْلِمُوْنَ ﴿٣٣﴾ فَاَصَابَهُمْ سَيِّاٰتُ مَا عَمِلُوْا وَحَاقَ بِهِمْ مَّا كَانُوْا بِهٖ يَسْتَهْزِءُوْنَ ؑ

ইয়াজ্‌লিমূন্। ৩৪। ফাআছ্বা-বাহুম্ সাইয়্যিআ-তু মা-'আমিলূ ওয়া হ্বা-ক্বা বিহিম্ মা- কা-নূ বিহী ইয়াস্‌তাহ্‌যিঊন্।

করত। (৩৪) তাই তাদের উপরই তাদের মন্দ কর্মের শাস্তি আপতিত হয়েছিল এবং যা নিয়ে তারা বিদ্রূপ করত তাই তাদের পরিবেষ্টন করে নিয়েছিল।

৪ ع ১০ রুকূ

﴿٣٥﴾ وَقَالَ الَّذِيْنَ اَشْرَكُوْا لَوْ شَآءَ اللّٰهُ مَا عَبَدْنَا مِنْ دُوْنِهٖ مِنْ شَيْءٍ نَّحْنُ وَلَآ

৩৫। ওয়া ক্বা-লাল্লাযীনা আশ্‌রাকূ লাও শা—আল্লা-হু মা- 'আবাদ্‌না- মিন্ দূনিহী মিন্ শাইয়িন্ নাহ্নু ওয়ালা~

(৩৫) মুশরিকরা বলে, আল্লাহ্ ইচ্ছা করলে আমাদের পিতৃপুরুষরা ও আমরা তাঁকে ছাড়া অন্য কিছুর উপাসনা করতাম না

اٰبَآؤُنَا وَلَا حَرَّمْنَا مِنْ دُوْنِهٖ مِنْ شَيْءٍ ؕ كَذٰلِكَ فَعَلَ الَّذِيْنَ مِنْ قَبْلِهِمْ ۚ

আ-বা—উনা- ওয়ালা- হ্বার্‌রাম্‌না- মিন্ দূনিহী মিন্ শাইয়িন্ ; কাযা-লিকা ফা'আলাল্লাযীনা মিন্ ক্বাব্‌লিহিম্,

এবং তাঁর অনুমতি ব্যতীত আমরা কোন কিছু নিষিদ্ধ করতাম না।' তাদের পূর্ববর্তীরাও এমনই করেছে।

فَهَلْ عَلَى الرُّسُلِ اِلَّا الْبَلٰغُ الْمُبِيْنُ ﴿٣٥﴾ وَلَقَدْ بَعَثْنَا فِيْ كُلِّ اُمَّةٍ رَّسُوْلًا اَنِ

ফাহাল্ 'আলার্ রুসুলি ইল্লাল্ বালা-গুল্ মুবীন্। ৩৬। ওয়ালাক্বাদ্ বা'আছ্‌না- ফী কুল্লি উম্মাতির্ রাসূলান্ আনি'

রাসূলগণের কর্তব্য তো শুধু সুস্পষ্ট বাণী প্রচার করা। (৩৬) প্রত্যেক জাতির কাছেই আমি এমর্মে রাসূল প্রেরণ করেছি যে, তোমরা আল্লাহর

اعْبُدُوا اللّٰهَ وَاجْتَنِبُوا الطَّاغُوْتَ ۚ فَمِنْهُمْ مَّنْ هَدَى اللّٰهُ وَمِنْهُمْ مَّنْ حَقَّتْ

বুদুল্লা-হা ওয়াজ্‌তানিবুত্ব ত্বা-গূতা, ফামিন্‌হুম্ মান্ হাদাল্লা-হু ওয়া মিন্‌হুম্ মান্ হ্বাক্ক্বাত্

ইবাদত কর এবং শয়তানের পথ বর্জন কর। অতঃপর তাদের মধ্যে কিছু সংখ্যক লোককে আল্লাহ হেদায়েত করেন এবং কিছু সংখ্যক

عَلَيْهِ الضَّلٰلَةُ ؕ فَسِيْرُوْا فِي الْاَرْضِ فَانْظُرُوْا كَيْفَ كَانَ عَاقِبَةُ الْمُكَذِّبِيْنَ ○

'আলাইহিদ্ব দ্বালা-লাতু ; ফাসীরূ ফিল্ আর্‌দ্বি ফান্‌জুরূ কাইফা কা-না 'আ-ক্বিবাতুল্ মুকায্‌যিবীন্।

লোকের জন্য পথ ভ্রষ্টতা সাব্যস্ত হয়ে গিয়েছিল। তাই পৃথিবীতে তোমরা ভ্রমণ কর এবং দেখ, মিথ্যাচারীদের পরিণাম কি হয়েছে?

﴿٣٧﴾ اِنْ تَحْرِصْ عَلٰى هُدٰىهُمْ فَاِنَّ اللّٰهَ لَا يَهْدِيْ مَنْ يُّضِلُّ وَمَا لَهُمْ مِّنْ نّٰصِرِيْنَ ○

৩৭। ইন্ তাহ্বরিছ্ব 'আলা- হুদা-হুম্ ফাইন্নাল্লা-হা লা-ইয়াহ্‌দী মাইঁ ইউদ্বিল্‌লু ওয়ামা- লাহুম্ মিন্ না-ছ্বিরীন্।

(৩৭) আপনি তাদের পথ-প্রদর্শন করতে আগ্রহী হলেও আল্লাহ্ যাকে বিভ্রান্ত করেছেন তাকে হেদায়েত করবেন না এবং তাদের কোন সাহায্যকারীও থাকবে না।

○ টীকা (আঃ ৩৫) ঃ অর্থাৎ, নবীদের সাথে কাফেরদের এমন ব্যবহার ও এধরনের আচরণ সেই প্রাচীন কাল থেকে চলে আসছে এবং হেদায়েত ও ভ্রষ্টতার ব্যাপারে আল্লাহ তাআলার নীতিও এমনই। মোটকথা, বাক্-বিতণ্ডা করা কাফেরদের চিরন্তন নীতি। অনুরূপ নবীদের শিক্ষা প্রদানও চিরন্তন নীতি, সকল মানুষের হেদায়েত গ্রহণ না করাও চিরকালীন নিয়ম। সুতরাং হে নবী! আপনি চিন্তিত হবেন কেন? (বঃ কোঃ)

○ টীকা (আঃ ৩৬) ঃ কাফেরদের এ উক্তিটি পথভ্রষ্টতাই বটে। এই আয়াতে বলা হয়েছে, "যদি এই উক্তি পথভ্রষ্টতা বলে মনে না কর, তবে ভূপৃষ্ঠে বিচরণ করে দেখ, নবীদের অবাধ্য সম্প্রদায়ের কি পরিণতি হয়েছিল? তখন দেখবে, উক্ত সম্প্রদায়গুলোর প্রতি কি ধরনের আযাব এসেছিল? আর বুঝতে পারবে, তা নবীদের ভবিষ্যৎ বানী অনুযায়ী এসেছিল। তবুও কি আযাবের ব্যাপারে কোন সন্দেহ থাকতে পারে?" (বঃ কোঃ)

﴿٣٨﴾ وَاَقْسَمُوْا بِاللّٰهِ جَهْدَ اَيْمَانِهِمْ ۙ لَا يَبْعَثُ اللّٰهُ مَنْ يَّمُوْتُ ؕ بَلٰى وَعْدًا عَلَيْهِ

৩৮। ওয়া আক্বসামূ বিল্লা-হি জ্বাহ্‌দা আইমা-নিহিম্, লা-ইয়াব্'আছুল্লা-হু মাইঁ ইয়ামূতু ; বালা- ওয়া'দান্ 'আলাইহি

(৩৮) তারা দৃঢ়তার সাথে আল্লাহর নামে শপথ করে বলে, যে মৃত– তাকে আল্লাহ্ পুনর্জীবিত করবেন না।' এ সত্য নয়। এই ওয়াদা পূরণ আল্লাহ্

حَقًّا وَّلٰكِنَّ اَكْثَرَ النَّاسِ لَا يَعْلَمُوْنَ ﴿٣٩﴾ لِيُبَيِّنَ لَهُمُ الَّذِيْ يَخْتَلِفُوْنَ فِيْهِ

হ্বাক্ক্বাওঁ ওয়ালা-কিন্না আক্‌ছারান্ না-সি লা- ইয়া'লামূন্। ৩৯। লিইউবাইয়্যিনা লাহুমুল্লাযী ইয়াখ্‌তালিফূনা ফীহি

নিজের যিম্মায় অবধারিত করে নিয়েছেন; কিন্তু অধিকাংশ মানুষই তা অবগত নয়। (৩৯) যে বিষয়ে তারা মতবিরোধ করত তা যাতে তাদের কাছে

وَلِيَعْلَمَ الَّذِيْنَ كَفَرُوْٓا اَنَّهُمْ كَانُوْا كٰذِبِيْنَ ﴿٤٠﴾ اِنَّمَا قَوْلُنَا لِشَيْءٍ اِذَآ اَرَدْنٰهُ

ওয়া লিইয়া'লামাল্ লাযীনা কাফারূ~আন্নাহুম্ কা-নূ কা-যিবীন্। ৪০। ইন্নামা- ক্বাওলুনা- লিশাইয়িন্ ইযা~আরাদ্‌না-হু

স্পষ্টভাবে প্রকাশ করা যায় এবং যাতে কাফেররা জানতে পারে, তারাই ছিল মিথ্যাবাদী। (৪০) আমি কোন কিছু করতে চাইলে তাকে শুধু

اَنْ نَّقُوْلَ لَهٗ كُنْ فَيَكُوْنُ ﴿٤١﴾ وَالَّذِيْنَ هَاجَرُوْا فِي اللّٰهِ مِنْ بَعْدِ مَا ظُلِمُوْا

আন্ নাকূলা লাহূ কুন্ ফাইয়াকূন্। ৪১। ওয়াল্লাযীনা হা-জ্বারূ ফিল্ লা-হি মিম্ বা'দি মা- জুলিমূ

এতটুকু বলি, 'হও', ফলে তা হয়ে যায়। (৪১) অত্যাচারিত হওয়ার পর যারা আল্লাহ্‌র পথে স্বীয় দেশ-ত্যাগ করেছে, আমি তাদেরকে

لَنُبَوِّئَنَّهُمْ فِي الدُّنْيَا حَسَنَةً ؕ وَلَاَجْرُ الْاٰخِرَةِ اَكْبَرُ ۘ لَوْ كَانُوْا يَعْلَمُوْنَ ﴿٤٢﴾ الَّذِيْنَ

লানুবাওয়িআন্নাহুম্ ফিদ্ দুন্‌ইয়া- হ্বাসানাতান ; ওয়ালাআজ্‌রুল্ আ-খিরাতি আক্‌বারু। লাও কা-নূ ইয়া'লামূন্। ৪২। আল্লাযীনা

অবশ্যই দুনিয়াতে উত্তম আবাস দেব এবং আখেরাতে তাদের পুরস্কার হবে আরও বিশাল। যদি তারা তা জানত! (৪২) আল্লাহ্‌র

صَبَرُوْا وَعَلٰى رَبِّهِمْ يَتَوَكَّلُوْنَ ﴿٤٣﴾ وَمَآ اَرْسَلْنَا مِنْ قَبْلِكَ اِلَّا رِجَالًا نُّوْحِيْٓ

ছ্বাবারূ ওয়া'আলা- রাব্বিহিম্ ইয়া তাওয়াক্কালূন্। ৪৩। ওয়ামা~আর্‌সাল্‌না- মিন্ ক্বাব্‌লিকা ইল্লা- রিজ্বা-লান্ নূহ্বী~

পথে দেশ-ত্যাগীরা ধৈর্যশীল ও তাদের রবের প্রতি নির্ভরশীল। (৪৩) আপনার পূর্বে আমি ওহীসহ মানুষই প্রেরণ করেছিলাম,

اِلَيْهِمْ فَسْـَٔلُوْٓا اَهْلَ الذِّكْرِ اِنْ كُنْتُمْ لَا تَعْلَمُوْنَ ﴿٤٤﴾ بِالْبَيِّنٰتِ وَالزُّبُرِ ؕ

ইলাইহিম্ ফাস্‌আলূ~আহ্‌লায্ যিক্‌রি ইন্ কুন্‌তুম্ লা-তা'লামূন্। ৪৪। বিল্‌বাইয়্যিনা-তি ওয়ায্যুবুরি ;

সুতরাং তোমরা যদি না জান, তবে ঐশী জ্ঞানবানদেরকে জিজ্ঞাসা কর। (৪৪) স্পষ্ট নিদর্শন ও কিতাবসহ তাদেরকে প্রেরণ করেছিলাম।

وَاَنْزَلْنَآ اِلَيْكَ الذِّكْرَ لِتُبَيِّنَ لِلنَّاسِ مَا نُزِّلَ اِلَيْهِمْ وَلَعَلَّهُمْ يَتَفَكَّرُوْنَ ○

ওয়া আন্‌যাল্‌না~ইলাইকায্ যিক্‌রা লিতুবাইয়্যিনা লিন্না-সি মা-নুয্‌যিলা ইলাইহিম্ ওয়া লা'আল্লাহুম্ ইয়াতাফাক্কারূন্।

আপনার প্রতি এই কুরআন নাযিল করেছি মানুষের প্রতি নাযিলকৃত বিষয় সুস্পষ্টভাবে বর্ণনা করার জন্য। যাতে তারা চিন্তা করতে পারে।

﴿٤٥﴾ اَفَاَمِنَ الَّذِيْنَ مَكَرُوا السَّيِّاٰتِ اَنْ يَّخْسِفَ اللّٰهُ بِهِمُ الْاَرْضَ اَوْ يَاْتِيَهُمُ

৪৫। আফাআমিনাল্লাযীনা মাকারুস্ সাইয়্যিআ-তি আইঁ ইয়াখ্‌সিফাল্লা-হু বিহিমুল্ আর্‌দ্বা আও ইয়া'তিয়াহুমুল্

(৪৫) যারা কুকর্মের ষড়যন্ত্র করে, তারা কি এ বিষয়ে নিশ্চিন্ত হয়ে গেছে, আল্লাহ্ তাদেরকে ভূগর্ভে বিলীন করে দিবেন না? বা এমন স্থান থেকে

الْعَذَابُ مِنْ حَيْثُ لَا يَشْعُرُونَ ﴿٤٦﴾ أَوْ يَأْخُذَهُمْ فِي تَقَلُّبِهِمْ فَمَا هُمْ بِمُعْجِزِينَ

'আযা-বু মিন্ হ্বাইছু লা-ইয়াশ্'উরূন্। ৪৬। আও ইয়া'খুযাহুম্ ফী তাক্বাল্লুবিহিম্ ফামা-হুম্ বিমু'জ্বিযীন্।
আযাব আসবে না যা তাদের ধারণাতীত ? (৪৬) কিংবা চলাফেরার সময় তাদেরকে পাকড়াও করবেন না ? যা তারা ব্যর্থ করতে পারবে না।

﴿٤٧﴾ أَوْ يَأْخُذَهُمْ عَلَىٰ تَخَوُّفٍ فَإِنَّ رَبَّكُمْ لَرَءُوفٌ رَحِيمٌ ﴿٤٨﴾ أَوَلَمْ يَرَوْا

৪৭। আও ইয়া'খুযা হুম্ 'আলা- তাখাওয়্যুফিন্ ; ফাইন্না রাব্বাকুম্ লারাঊফুর্ রাহ্বীম্। ৪৮। আওয়ালাম্ ইয়ারাও
(৪৭) বা তাদেরকে তিনি ভীত-সন্ত্রস্ত অবস্থায় পাকড়াও করবেন না ? আর তোমাদের প্রতিপালক তো স্নেহশীল ও পরম দয়ালু। (৪৮) তারা

إِلَىٰ مَا خَلَقَ اللَّهُ مِنْ شَيْءٍ يَتَفَيَّأُ ظِلَالُهُ عَنِ الْيَمِينِ وَالشَّمَائِلِ سُجَّدًا لِلَّهِ

ইলা- মা-খালাক্বাল্লা-হু মিন্ শাইয়িই ইয়াতাফাইয়্যাউ জিলা-লুহু 'আনিল্ ইয়ামীনি ওয়াশ্শামা—ইলি সুজ্জাদাল লিল্লা-হি
কি আল্লাহর সৃষ্টির প্রতি লক্ষ্য করে না? যার ছায়া আল্লাহ্র প্রতি বিনীত হয়ে সিজদাবনত থেকে ডানে ও বামে

وَهُمْ دَاخِرُونَ ﴿٤٩﴾ وَلِلَّهِ يَسْجُدُ مَا فِي السَّمَاوَاتِ وَمَا فِي الْأَرْضِ مِنْ دَابَّةٍ

ওয়াহুম্ দা-খিরূন্। ৪৯। ওয়া লিল্লা-হি ইয়াসজুদু মা-ফিস্ সামা-ওয়া-তি ওয়ামা- ফিল্ আরদ্বি মিন্ দা—ব্বাতিওঁ
ঝুকে পড়ে ? (৪৯) আকাশ মন্ডলিতে যা কিছু আছে এবং ভূমন্ডলে যত জীবজন্তু আছে সে সব কিছুই আল্লাহ্কে সিজদা করে

وَالْمَلَائِكَةُ وَهُمْ لَا يَسْتَكْبِرُونَ ﴿٥٠﴾ يَخَافُونَ رَبَّهُمْ مِنْ فَوْقِهِمْ وَيَفْعَلُونَ

ওয়াল্ মালা—ইকাতু ওয়া হুম লা-ইয়াসতাক্বিরূন্। ৫০। ইয়াখা-ফূনা রাব্বাহুম্ মিন্ ফাওক্বিহিম্ ওয়া ইয়াফ্'আলূনা
এবং ফেরেশ্তারাও সিজদা করে। আর তারা অহংকার করে না। (৫০) তারা ভয় করে তাদের প্রতিপালককে, যিনি তাদের প্রতি দয়াশীল এবং তাদেরকে যা

مَا يُؤْمَرُونَ ﴿٥١﴾ وَقَالَ اللَّهُ لَا تَتَّخِذُوا إِلَٰهَيْنِ اثْنَيْنِ إِنَّمَا هُوَ إِلَٰهٌ وَاحِدٌ

মা- ইউ'মারূন্। ৫১। ওয়া ক্বা-লাল্লা-হু লা-তাত্তাখিযূ~ইলা-হাই নিছ্নাইনি, ইন্নামা- হুওয়া ইলা- হুওঁ ওয়া-হ্বিদুন,
আদেশ করা হয় তারা তা পালন করে। (৫১) আল্লাহ্ বলেছেন, তোমরা দুই উপাস্য গ্রহণ করো না, ইলাহ তো মাত্র একজনই হয়।

فَإِيَّايَ فَارْهَبُونِ ﴿٥٢﴾ وَلَهُ مَا فِي السَّمَاوَاتِ وَالْأَرْضِ وَلَهُ الدِّينُ وَاصِبًا أَفَغَيْرَ

ফাইয়্যা-ইয়া ফার্হাবূন্। ৫২। ওয়া লাহূ মা- ফিস্ সামা-ওয়া-তি ওয়াল আরদ্বি ওয়া লাহুদ্দীনু ওয়া-ছ্বিবান্ ; আফাগাইরাল্
তাই তোমরা আমাকেই ভয় কর। (৫২) আকাশ ও পৃথিবীতে যা কিছু আছে তা তাঁরই এবং তাঁরই আনুগত্য করা একান্ত কর্তব্য। তোমরা কি তবে আল্লাহ্ ছাড়া অন্যকে ভয়

اللَّهِ تَتَّقُونَ ﴿٥٣﴾ وَمَا بِكُمْ مِنْ نِعْمَةٍ فَمِنَ اللَّهِ ثُمَّ إِذَا مَسَّكُمُ الضُّرُّ فَإِلَيْهِ تَجْأَرُونَ

লা-হি তাত্তাকূন্। ৫৩। ওয়ামা-বিকুম্ মিন নি'মাতিন্ ফামিনাল্লা-হি ছুম্মা ইযা-মাস্সাকুমুদ্ দ্বুর্রু ফাইলাইহি তাজ্আরূন্।
কর ? (৫৩) তোমাদের কাছে যত নেয়ামত আছে তা আল্লাহর পক্ষ থেকেই এসেছে। অতঃপর দুঃখ-দৈন্য যখন তোমাদের স্পর্শ করে তখন তাঁর কাছেই তোমরা ফরিয়াদ কর।

○ টীকা (আঃ ৫২) ঃ অর্থাৎ, উপাস্য যেহেতু একমাত্র আমিই এবং এর আনুষঙ্গিক যাবতীয় গুণাবলী যথা পূর্ণ ক্ষমতার অধিকারী হওয়া প্রভৃতি একমাত্র আমারই জন্য নির্দিষ্ট। অতএব, প্রতিশোধ গ্রহণের এবং শাস্তির জন্য একমাত্র আমাকেই ভয় কর। আর আমার শরীক সাব্যস্ত করো না; করলে অবশ্যই আমি শাস্তি দিব। (বঃ কোঃ) ○ টীকা (আঃ ৫৩) ঃ অর্থাৎ, তোমাদেরকে কোন দুঃখ-কষ্ট স্পর্শ করলে তা দূর করার জন্য একমাত্র আল্লাহ্ তা'আলাকেই ডাক এবং তাঁরই নিকট আবেদন করতে থাক এবং অপর কোন দেবতার স্মরণ করো না। তোমাদের তখনকার অবস্থা দ্বারা বুঝা যায়, একত্ববাদ সত্য এবং একমাত্র আল্লাহ্ তা'আলাই উপাস্য। (বঃ কোঃ)

﴿٥٤﴾ ثُمَّ إِذَا كَشَفَ الضُّرَّ عَنْكُمْ إِذَا فَرِيقٌ مِنْكُمْ بِرَبِّهِمْ يُشْرِكُونَ ﴿٥٥﴾ لِيَكْفُرُوا

৫৪। ছুম্মা ইযা-কাশাফাদ্ব দ্বুর্রা 'আন্কুম্ ইযা- ফারীকুম্ মিন্কুম্ বিরাব্বিহিম্ ইউশ্রিকূন্। ৫৫। লিইয়াকফুরূ
(৫৪) এরপর যখন তিনি তোমাদের থেকে দুঃখ-দৈন্য দূর করে দেন, তখন তোমাদের একদল তাদের প্রভুর সাথে শিরিক করে, (৫৫) তাদেরকে আমি যা

بِمَا آتَيْنَاهُمْ فَتَمَتَّعُوا فَسَوْفَ تَعْلَمُونَ ﴿٥٦﴾ وَيَجْعَلُونَ لِمَا لَا يَعْلَمُونَ نَصِيبًا

বিমা~আ-তাইনা-হুম্ ; ফাতামাত্তা'ঊ ফাসাওফা তা'লামূন্। ৫৬। ওয়া ইয়াজ্'আলূনা লিমা- লা- ইয়া'লামূনা নাছ্বীবাম্
দিয়েছি তা যাতে তারা অস্বীকার করতে পারে! সুতরাং তোমরা সুখ ভোগ করে নাও, অচিরেই তা জানতে পারবে। (৫৬) 'ওদের আমি যে জীবিকা দান করি ওরা তার এক অংশ

مِمَّا رَزَقْنَاهُمْ تَاللَّهِ لَتُسْأَلُنَّ عَمَّا كُنْتُمْ تَفْتَرُونَ ﴿٥٧﴾ وَيَجْعَلُونَ لِلَّهِ الْبَنَاتِ

মিম্মা- রাযাক্বনা-হুম্ ; তাল্লা-হি লাতুস্আলুন্না 'আম্মা-কুন্তুম্ তাফ্তারূন্। ৫৭। ওয়া ইয়াজ্'আলূনা লিল্লা-হিল্ বানা-তি
নির্ধারিত করে, যাদের সম্বন্ধে তারা অজানা তাদের জন্য ; আল্লাহর শপথ, তোমরা যে মিথ্যা রটনা কর তা প্রশ্ন করা হবে। (৫৭) ওরা আল্লাহ্র জন্য কন্যা সন্তান নির্ধারণ করে,

سُبْحَانَهُ وَلَهُمْ مَا يَشْتَهُونَ ﴿٥٨﴾ وَإِذَا بُشِّرَ أَحَدُهُمْ بِالْأُنْثَىٰ ظَلَّ وَجْهُهُ

সুবহ্বা-নাহূ, ওয়া লাহুম্ মা- ইয়াশ্তাহূন্ । ৫৮। ওয়া ইযা- বুশ্শিরা আহ্বাদুহুম্ বিল্উন্ছা- জাল্লা ওয়াজ্হুহূ
তিনি তা হতে পবিত্র, পক্ষান্তরে নিজেদের জন্য নির্দিষ্ট করে পছন্দসই বস্তু। (৫৮) তাদের কাউকেও কন্যা সন্তানের সুসংবাদ দেয়া হলে তাদের চেহারা

مُسْوَدًّا وَهُوَ كَظِيمٌ ﴿٥٩﴾ يَتَوَارَىٰ مِنَ الْقَوْمِ مِنْ سُوءِ مَا بُشِّرَ بِهِ أَيُمْسِكُهُ عَلَىٰ

মুস্ওয়াদ্দাওঁ ওয়া হুওয়া কাজীম্। ৫৯। ইয়াতাওয়া-রা- মিনাল্ ক্বাওমি মিন্ সূ—ই মা-বুশশিরা বিহী ; আইউম্সিকুহূ 'আলা-
কাল হয়ে যায় এবং অসহনীয় মনস্তাপে তারা ক্লিষ্ট হয়। (৫৯) প্রদত্ত সংবাদের লজ্জায় সে নিজ সম্প্রদায় থেকে আত্মগোপন করে থাকে। সে ভাবতে থাকে লাঞ্ছনা

هُونٍ أَمْ يَدُسُّهُ فِي التُّرَابِ أَلَا سَاءَ مَا يَحْكُمُونَ ﴿٦٠﴾ لِلَّذِينَ لَا يُؤْمِنُونَ

হূনিন্ আম্ ইয়াদুস্সুহূ ফিত্ তুরা-বি ; আলা- সা—আ মা-ইয়াহ্বকুমূন্। ৬০। লিল্লাযীনা লা-ইউ'মিনূনা
সয়ে সে তাকে রেখে দেবে, না মাটিতে পুঁতে ফেলবে। জেনে রাখ ! তারা যে ফয়সালা করে তা অত্যন্ত নিকৃষ্ট ! (৬০) যারা ঈমান আনে না

بِالْآخِرَةِ مَثَلُ السَّوْءِ وَلِلَّهِ الْمَثَلُ الْأَعْلَىٰ وَهُوَ الْعَزِيزُ الْحَكِيمُ ﴿٦١﴾ وَلَوْ

বিল্ আ-খিরাতি মাছালুস্ সাওই, ওয়া লিল্লা-হিল্ মাছালুল্ আ'লা-; ওয়া হুওয়াল্ 'আযীযুল্ হ্বাকীম্। ৬১। ওয়া লাও
আখেরাতের প্রতি, তাদের অবস্থা খুবই নিকৃষ্ট। আল্লাহ্র জন্যই মহান গুণাবলি রয়েছে এবং তিনি পরাক্রমশালী ও প্রজ্ঞাময়। (৬১) আল্লাহ্ যদি

يُؤَاخِذُ اللَّهُ النَّاسَ بِظُلْمِهِمْ مَا تَرَكَ عَلَيْهَا مِنْ دَابَّةٍ وَلَٰكِنْ يُؤَخِّرُهُمْ إِلَىٰ

ইউআ-খিযুল্লা-হুন্ না-সা বিজুল্মিহিম্ মা-তারাকা 'আলাইহা- মিন্ দা—ব্বাতিওঁ ওয়ালা-কিঁই ইউআখ্খিরুহুম্ ইলা~
মানবজাতিকে তাদের জুলুমের কারণে পাকড়াও করতেন, তবে পৃথিবীর বিচরণশীল কোন জীব-জন্তুকেই ছেড়ে দিতেন না। কিন্তু তিনি এক নির্দিষ্টকাল

○ টীকা (আঃ ৫৯) ঃ এখানে আল্লাহ্ তা'আলা মুশরিকদের অন্য প্রকারের একটি বোকামির উল্লেখ করেছেন, তারা ফেরেশতাগণকে আল্লাহ্ তা'আলার বেটী বলতো। আর নিজেদের কন্যা হলে ছয় বছর উত্তীর্ণ হওয়া মাত্রই জঙ্গলের মধ্যে গর্ত খনন করে কন্যাকে সঙ্গে নিয়ে সেখানে গিয়ে বলত, এই গর্তের মধ্যে কি আছে দেখ। কন্যা তাতে উকি মারতেই ধাক্কা দিয়ে তাতে ফেলে দিত এবং মাটি চাপা দিয়ে তাকে পুঁতে ফেলত। (বঃ কোঃ) ○ টীকা (আঃ ৬০) ঃ কেননা, প্রথমতঃ খোদার জন্য সন্তান সাব্যস্ত করাই বড় জঘন্য অপরাধ। আবার সেই সন্তানও কেমন; যাকে তারা লজ্জাকর মনে করতো। (বঃ কোঃ)

اجل مسمى فاذا جاء اجلهم لا يستاخرون ساعة ولا يستقدمون

আজ্বালিম্ মুসাম্মান্, ফাইযা- জ্বা—আ আজ্বালুহুম্ লা-ইয়াস্‌তা'খিরূনা সা-'আতাওঁ ওয়ালা-ইয়াস্‌তাক্বদিমূন।
পর্যন্ত তাদেরকে অবকাশ দিচ্ছেন। তারপর যখন তাদের নির্দিষ্ট সময় আসবে, তখন তারা মুহূর্তকালের জন্যও বিলম্ব করতে পারবে না বা ত্বরা করতে পারবে না।

ويجعلون لله ما يكرهون وتصف السنتهم الكذب ان لهم الحسنى

৬২। ওয়া ইয়াজ্ব'আলূনা লিল্লা-হি মা- ইয়াক্‌রাহূনা ওয়া তাছিফু আল্‌সিনাতুহুমুল কাযিবা আন্না লাহুমুল্ হুস্‌না ;
(৬২) তারা নিজেরা যা পছন্দ করে না তাই আল্লাহ্র জন্য সাব্যস্ত করে। আর তাদের মুখে তারা মিথ্যা দাবী করে যে, কল্যাণ তাদের জন্যই।

لا جرم ان لهم النار وانهم مفرطون تالله لقد ارسلنا الى امم من

লা-জ্বারামা আন্না লাহুমুন্ না-রা ওয়া আন্নাহুম্ মুফ্‌রাত্বূন্। ৬৩। তাল্লা-হি লাক্বাদ্ আরসাল্‌না~ইলা~উমামিম্ মিন্
সন্দেহ নেই, তাদের জন্য রয়েছে জাহান্নাম এবং তাতে তাদেরকেই সর্বাগ্রে পাঠানো হবে। (৬৩) শপথ আল্লাহ্র! নিশ্চয় আমি আপনার পূর্বেও বহু জাতির কাছে রাসূল পাঠিয়েছি।

قبلك فزين لهم الشيطن اعمالهم فهو وليهم اليوم ولهم عذاب اليم

ক্বাব্‌লিকা ফাযাইয়্যানা লাহুমুশ্ শাইত্বা-নু আ'মা-লাহুম্ ফাহুওয়া ওয়ালিয়্যুহুমুল্ ইয়াওমা ওয়া লাহুম্ 'আযা-বুন্ আলীম্।
এরপর শয়তান তাদের কৃতকর্ম তাদের দৃষ্টিতে শোভন করে দেখিয়েছে; সুতরাং শয়তানই আজ তাদের অভিভাবক এবং তাদের জন্য রয়েছে যন্ত্রণাদায়ক আযাব।

وما انزلنا عليك الكتب الا لتبين لهم الذى اختلفوا فيه وهدى

৬৪। ওয়ামা~আন্‌যাল্‌না- 'আলাইকাল্ কিতা-বা ইল্লা- লিতুবাইয়্যিনা লাহুমুল্ লাযীখ্ তালাফূ ফীহি, ওয়াহুদাওঁ
(৬৪) আমি তো আপনার প্রতি কিতাব নাযিল করেছি তারা যে বিষয়ে মতভেদ করেছে তা সুস্পষ্টভাবে বুঝিয়ে দেয়ার জন্য এবং

ورحمة لقوم يؤمنون والله انزل من السماء ماء فاحيا به الارض

ওয়া রাহ্‌মাতাল্ লিক্বাওমিই ইউ'মিনূন্। ৬৫। ওয়াল্লা-হু আন্‌যালা মিনাস্ সামা—ই মা—আন্ ফাআহ্‌ইয়া- বিহিল্ আর্‌দ্বা
মু'মিনদের জন্য তা পথ নির্দেশ ও রহমত স্বরূপ। (৬৫) আল্লাহ্ আকাশ থেকে পানি বর্ষণ করেছেন, অতঃপর তা দিয়ে তিনি যমীনকে

بعد موتها ان فى ذلك لاية لقوم يسمعون وان لكم فى الانعام

৮ ع ১৪ রুকূ

বা'দা মাওতিহা ; ইন্না ফী যা-লিকা লাআ-ইয়াতাল্ লিক্বাওমিই ইয়াস্‌মা'উন্। ৬৬। ওয়া ইন্না লাকুম্ ফিল্ আন্'আ-মি
তার মৃত্যুর পর পুনর্জীবিত করেছেন, নিশ্চয় এতে শ্রবনকারীদের জন্য নিদর্শন রয়েছে। (৬৬) নিশ্চয় চতুষ্পদ জন্তুর মধ্যে তোমাদের

لعبرة نسقيكم مما فى بطونه من بين فرث ودم لبنا خالصا سائغا

লা'ইব্‌রাতান্ ; নুস্‌ক্বীকুম্ মিম্মা- ফী বুত্বূনিহী মিম্ বাইনি ফার্‌ছিওঁ ওয়া দামিল লাবানান্ খা-লিছান্ সা—ইগাল
জন্য শিক্ষা রয়েছে। তাদের পেটে যা আছে তা থেকে গোবর এবং রক্ত মিশ্রিত পরিচ্ছন্ন দুগ্ধ তোমাদেরকে পান করাই। যারা পান করে তাদের

للشربين ومن ثمرت النخيل والاعناب تتخذون منه سكرا ورزقا

লিশ্‌শা-রিবীন্। ৬৭। ওয়া মিন্ ছামারা-তিন্ নাখীলি ওয়াল্ আ'না-বি তাত্তাখিযূনা মিনহু সাকারাওঁ ওয়া রিয্‌ক্বান্
জন্য তা সুপেয়। (৬৭) আর খেজুর ও আঙ্গুর থেকে তোমরা শরাব ও উত্তম খাদ্য গ্রহণ করে থাক।

حسنا ان فى ذلك لاية لقوم يعقلون واوحى ربك الى النحل ان

হ্বাসানান্ ; ইন্না ফী যা-লিকা লাআ-ইয়াতাল্ লিক্বাওমিই ইয়া'ক্বিলূন। ৬৮। ওয়া আওহা- রাব্বুকা ইলান্ নাহ্‌লি আনিত্
এতে অবশ্যই জ্ঞানী সম্প্রদায়ের জন্য নিদর্শন রয়েছে। (৬৮) আপনার প্রতিপালক মৌমাছিকে আদেশ করেছেন যে,

اتخذى من الجبال بيوتا ومن الشجر ومما يعرشون ثم كلى من كل

তাখিযী মিনাল্ জ্বিবা-লি বুইউতাওঁ ওয়া মিনাশ্ শাজ্বারি ওয়া মিম্মা- ইয়া'রিশূন্। ৬৯। ছুম্মা কুলী মিন্ কুল্লিছ্
'গৃহ নির্মাণ কর পাহাড়ে, বৃক্ষে ও মানুষ যেখানে গৃহ নির্মাণ করে তাতে। (৬৯) এরপর সব ধরনের ফল থেকে

الثمرت فاسلكى سبل ربك ذللا يخرج من بطونها شراب مختلف

ছামারা-তি ফাস্‌লুকী সুবুলা রাব্বিকি যুলুলান্ ; ইয়াখ্‌রুজু মিম্ বুতূনিহা- শারা-বুম্ মুখ্‌তালিফুন্
ভক্ষণ কর। অতঃপর তোমার প্রতিপালক যে পদ্ধতি সহজ করেছেন তার অনুসরণ কর। তার পেট থেকে বের হয় বিভিন্ন বর্ণের

الوانه فيه شفاء للناس ان فى ذلك لاية لقوم يتفكرون والله

আল্‌ওয়া-নুহূ ফীহি শিফা—উল লিন্না-সি ; ইন্না ফী যা-লিকা লাআ-ইয়াতাল্ লিক্বাওমিই ইয়াতাফাক্কারূন্। ৭০। ওয়াল্লা-হু
পানীয়, যাতে মানুষের জন্য রয়েছে রোগের প্রতিকার। নিশ্চয় এতে জ্ঞানী সম্প্রদায়ের জন্য নিদর্শন রয়েছে। (৭০) আল্লাহ্ই তোমাদেরকে

خلقكم ثم يتوفكم ومنكم من يرد الى ارذل العمر لكى لا يعلم

খালাক্বাকুম্ ছুম্মা ইয়াতাওয়াফ্‌ফা-কুম্, ওয়া মিন্‌কুম্ মাই ইউরাদ্দু ইলা~আর্‌যালিল্ 'উমুরি লিকাই লা-ইয়া'লামা
সৃষ্টি করেছেন। অতঃপর তিনি তোমাদের মৃত্যু ঘটান এবং তোমাদের মধ্যে অনেককে জরাগ্রস্ত বয়সে পৌঁছে দেয়া হয়। ফলে তার জানা

بعد علم شيئا ان الله عليم قدير والله فضل بعضكم على بعض

বা'দা 'ইল্‌মিন্ শাইআন ; ইন্নাল্লা-হা 'আলীমুন্ ক্বাদীর। ৭১। ওয়াল্লা-হু ফাদ্দ্বালা বা'দ্বাকুম্ 'আলা- বা'দ্বিন্
বিষয়ে সে আর সজ্ঞান থাকে না। আল্লাহ্ সর্বজ্ঞ, সর্বশক্তিমান। (৭১) আল্লাহ্ জীবিকা দানে তোমাদের কাউকে কারও উপর শ্রেষ্ঠত্ব

فى الرزق فما الذين فضلوا برادى رزقهم على ما ملكت ايمانهم فهم

ফির্ রিয্‌ক্বি, ফামাল্ লাযীনা ফুদ্দ্বিলূ বিরা—দ্দী রিয্‌ক্বিহিম্ 'আলা- মা- মালাকাত্ আইমা-নুহুম ফাহুম
দিয়েছেন। যাদেরকে শ্রেষ্ঠত্ব দেয়া হয়েছে তারা তাদের অধীনস্থ দাস-দাসীদেরকে নিজেদের রিযিক থেকে এমন কিছু দেয় না- যাতে তারা সবাই সমান

فيه سواء افبنعمة الله يجحدون والله جعل لكم من انفسكم ازواجا

ফীহি সাওয়া—উন্ ; আফাবিনি'মাতিল্লা-হি ইয়াজ্বহাদূন্। ৭২। ওয়াল্লা-হু জ্বা'আলা লাকুম্ মিন্ আন্‌ফুসিকুম্ আয্‌ওয়া-জ্বাওঁ
হয়ে যায়। তবে কি তারা আল্লাহ্র নেয়ামতকে অস্বীকার করে ? (৭২) আল্লাহ্ তোমাদের নিজেদের থেকে তোমাদের সঙ্গীনী সৃষ্টি করেছেন

وجعل لكم من ازواجكم بنين وحفدة ورزقكم من الطيبت

ওয়া জ্বা'আলা লাকুম্ মিন্ আয্‌ওয়া-জ্বিকুম্ বানীনা ওয়া হ্বাফাদাতাওঁ ওয়া রাযাক্বাকুম্ মিনাত্ ত্বাইয়্যিবা-তি ;
এবং তোমাদের সঙ্গীনী থেকে তোমাদের জন্য পুত্র-পৌত্রাদি সৃষ্টি করেছেন এবং তোমাদেরকে উত্তম রিযিক দান করেছেন।

أَفَبِالْبَاطِلِ يُؤْمِنُونَ وَبِنِعْمَتِ اللَّهِ هُمْ يَكْفُرُونَ ﴿٧٢﴾ وَيَعْبُدُونَ مِن دُونِ اللَّهِ

আফাবিল্ বা-ত্বিলি ইউ'মিনূনা ওয়া বিনি'মাতিল্লা-হি হুম্ ইয়াক্ফুরূন্। ৭৩। ওয়া ইয়া'বুদূনা মিন্ দূনিল্লা-হি
তবুও কি তারা ভিত্তিহীন বিষয়ে বিশ্বাস স্থাপন করবে এবং তারা কি আল্লাহর অনুগ্রহ অস্বীকার করবে? (৭৩) তারা আল্লাহ ব্যতীত এমন জিনিসের

مَا لَا يَمْلِكُ لَهُمْ رِزْقًا مِّنَ السَّمَاوَاتِ وَالْأَرْضِ شَيْئًا وَلَا يَسْتَطِيعُونَ ﴿٧٣﴾ فَلَا

মা- লা- ইয়াম্লিকু লাহুম্ রিয্কাম্ মিনাস্ সামা-ওয়া-তি ওয়াল্ আর্দ্বি শাইআওঁ ওয়ালা- ইয়াস্তাত্বী'উন্। ৭৪। ফালা-
পূজা করে যারা আসমান ও যমীন থেকে সামান্য রিযিক দানেরও অধিকার রাখে না এবং কোন শক্তিও রাখে না। (৭৪) তাই তোমরা

تَضْرِبُوا لِلَّهِ الْأَمْثَالَ ۚ إِنَّ اللَّهَ يَعْلَمُ وَأَنتُمْ لَا تَعْلَمُونَ ﴿٧٤﴾ ضَرَبَ اللَّهُ مَثَلًا

তাদ্বরিবূ লিল্লা-হিল্ আম্ছা-লা ; ইন্নাল্ লা-হা ইয়া'লামু ওয়া আন্তুম্ লা-তা'লামূন্। ৭৫। দ্বারাবাল্লা-হু মাছালান্
আল্লাহর কোন সমতুল্য স্থির করো না। নিশ্চয় আল্লাহ জানেন, তোমরা জান না। (৭৫) আল্লাহ একটি উপমা দিচ্ছেন অপরের

عَبْدًا مَّمْلُوكًا لَّا يَقْدِرُ عَلَىٰ شَيْءٍ وَمَن رَّزَقْنَاهُ مِنَّا رِزْقًا حَسَنًا فَهُوَ يُنفِقُ مِنْهُ

'আবদাম্ মাম্লূকাল্ লা- ইয়াক্বদিরু 'আলা- শাইয়িওঁ ওয়া মার্ রাযাক্বনা-হু মিন্না- রিয্কান্ হাসানান্ ফাহুওয়া ইউন্ফিক্বু মিন্হু
অধিকারভুক্ত গোলামের ব্যাপারে, যে কোন বিষয়ের শক্তি রাখে না এবং এমন ব্যক্তির উপমা, যাকে তিনি নিজ থেকে উত্তম রিযিক দিয়েছেন। সে তা

سِرًّا وَجَهْرًا ۖ هَلْ يَسْتَوُونَ ۚ الْحَمْدُ لِلَّهِ ۚ بَلْ أَكْثَرُهُمْ لَا يَعْلَمُونَ ﴿٧٥﴾ وَضَرَبَ اللَّهُ

সিররাওঁ ওয়া জাহ্রান্ ; হাল্ ইয়াস্তাউনা ; আলহামদু লিল্লা-হি ; বাল্ আক্ছারুহুম্ লা-ইয়া'লামূন্। ৭৬। ওয়া দ্বারাবাল্লা-হু
থেকে গোপনে ও প্রকাশ্যে ব্যয় করে। তারা কি সমান? সকল প্রশংসা আল্লাহরই। অথচ তাদের অধিকাংশই জানে না। (৭৬) আল্লাহ আরো

مَثَلًا رَّجُلَيْنِ أَحَدُهُمَا أَبْكَمُ لَا يَقْدِرُ عَلَىٰ شَيْءٍ وَهُوَ كَلٌّ عَلَىٰ مَوْلَاهُ

মাছালার রাজুলাইনি আহাদুহুমা~আবকামু লা-ইয়াক্বদিরু 'আলা- শাইয়িওঁ ওয়া হুওয়া কাল্লুন্ 'আলা- মাওলা-হু,
দুই ব্যক্তির উপমা দিচ্ছেন, তাদের একজন বোবা- সে কোন কিছুরই শক্তি রাখে না, সে তার মালিকের জন্য বোঝা স্বরূপ, তাকে

أَيْنَمَا يُوَجِّههُّ لَا يَأْتِ بِخَيْرٍ ۖ هَلْ يَسْتَوِي هُوَ وَمَن يَأْمُرُ بِالْعَدْلِ ۙ وَهُوَ عَلَىٰ

আইনামা- ইউওয়াজ্জিহ্হু লা-ইয়া'তি বিখাইরিন্ ; হাল্ ইয়াস্তাওয়ী হুওয়া, ওয়া মাই ইয়া'মুরু বিল'আদ্লি, ওয়া হুওয়া 'আলা-
যেখানেই পাঠানো হোক না কেন সে ভাল কিছু করে আসতে পারে না- সে কি সমান হবে ঐ ব্যক্তির, যে ইনসাফের নির্দেশ দেয় এবং

صِرَاطٍ مُّسْتَقِيمٍ ﴿٧٦﴾ وَلِلَّهِ غَيْبُ السَّمَاوَاتِ وَالْأَرْضِ ۚ وَمَا أَمْرُ السَّاعَةِ إِلَّا كَلَمْحِ

ছিরা-ত্বিম্ মুস্তাক্বীম্। ৭৭। ওয়া লিল্লা-হি গাইবুস্ সামা-ওয়া-তি ওয়াল্ আর্দ্বি ; ওয়ামা~আমরুস্ সা-'আতি ইল্লা-কালাম্হিল্
যে আছে সরল পথে? (৭৭) আকাশ ও পৃথিবীর অদৃশ্য বিষয়ের জ্ঞান একমাত্র আল্লাহর জন্যই এবং কিয়ামত তো মুহূর্তের ব্যাপার মাত্র,

১০ ع ১৬ রুকূ

০ টীকা (আঃ ৭৪) ঃ অর্থাৎ আল্লাহ তা'আলাকে দুনিয়ার রাজা-মহারাজার বাদশাহের মত মনে করো না। যেমন মোসাহেব এবং দরবারে নৈকট্যপ্রাপ্ত কর্মচারীদের মধ্যস্থতা ছাড়া দুনিয়ার রাজা-বাদশাহর নিকট কেউ নিজের প্রয়োজন ও প্রার্থনার কথা পৌছাতে পারে না। তেমনি আল্লাহ তাআলা সম্পর্কে তোমরা এই ধারণা করছ যে, তিনি নিজের শাহী প্রাসাদে ফেরেশতা, আওলিয়া ও তাঁর অন্যান্য নৈকট্য-প্রাপ্ত অনুগৃহীতজনদের দ্বারা বেষ্টিত হয়ে বসে আছেন এবং তাদের মধ্যস্থতা ছাড়া কারও কোন কাজই আল্লাহর কাছে পৌছে না। (শাঃ হিঃ)

০ টীকা (আঃ ৭৬) ঃ যখন পৃথিবীর প্রভু এবং ভৃত্য পরস্পর সমান হতে পারে না, তখন প্রকৃত প্রভু এবং সত্যিকারের দাস কিরূপে সমান হবে।

الْبَصَرِ أَوْ هُوَ أَقْرَبُ ۚ إِنَّ اللَّهَ عَلَىٰ كُلِّ شَيْءٍ قَدِيرٌ ﴿٧٧﴾ وَاللَّهُ أَخْرَجَكُم مِّن

বাছারি আও হুওয়া আক্বরাবু ; ইন্নাল্ লা-হা 'আলা- কুল্লি শাইয়িন্ ক্বাদীর। ৭৮। ওয়াল্লা-হু আখরাজাকুম্ মিম্
যেন তা চক্ষুর পলকের ন্যায় কিংবা আরও নিকটবর্তী। আল্লাহ অবশ্যই সর্ববিষয়ে সর্বশক্তিমান। (৭৮) আল্লাহ তোমাদেরকে মাতৃগর্ভ থেকে

بُطُونِ أُمَّهَاتِكُمْ لَا تَعْلَمُونَ شَيْئًا وَجَعَلَ لَكُمُ السَّمْعَ وَالْأَبْصَارَ وَالْأَفْئِدَةَ ۙ

বুত্বূনি উম্মাহা-তিকুম্ লা-তা'লামূনা শাইআওঁ ওয়া জ্বা'আলা লাকুমুস্ সাম্'আ ওয়াল্ আব্ছা-রা ওয়াল্ আফ্ইদাতা,
এমনভাবে বের করেছেন যে, তোমরা কিছুই জানতে না। তিনি তোমাদেরকে দিয়েছেন শ্রবণশক্তি,দৃষ্টিশক্তি এবং হৃদয়। যাতে তোমরা কৃতজ্ঞতা

لَعَلَّكُمْ تَشْكُرُونَ ﴿٧٨﴾ أَلَمْ يَرَوْا إِلَى الطَّيْرِ مُسَخَّرَاتٍ فِي جَوِّ السَّمَاءِ مَا

লা'আল্লাকুম্ তাশ্কুরূন্। ৭৯। আলাম্ ইয়ারাও ইলাত্ব ত্বাইরি মুসাখ্খারা-তিন্ ফী জ্বাওওয়িস্ সামা—ই ; মা-
প্রকাশ করতে পার। (৭৯) তারা কি লক্ষ্য করে না উড়ন্ত পাখির দিকে- যে আকাশের শূন্যগর্ভে নিয়োজিত রয়েছে? আল্লাহ ছাড়া

يُمْسِكُهُنَّ إِلَّا اللَّهُ ۗ إِنَّ فِي ذَٰلِكَ لَآيَاتٍ لِّقَوْمٍ يُؤْمِنُونَ ﴿٧٩﴾ وَاللَّهُ جَعَلَ لَكُم

ইউম্সিকুহুন্না ইল্লাল্লা-হু ; ইন্না ফী যা-লিকা লাআ-য়া-তিল্ লিক্বাওমিই ইউ'মিনূন্। ৮০। ওয়াল্লা-হু জ্বা'আলা লাকুম্
কেউ তাদেরকে স্থির রাখতে পারে না। নিশ্চয় এতে নিদর্শন রয়েছে মুমিনদের জন্য। (৮০) আল্লাহ তোমাদের জন্য তোমাদের গৃহকে তোমাদের

مِّن بُيُوتِكُمْ سَكَنًا وَجَعَلَ لَكُم مِّن جُلُودِ الْأَنْعَامِ بُيُوتًا تَسْتَخِفُّونَهَا يَوْمَ ظَعْنِكُمْ

মিম্ বুইউতিকুম্ সাকানাওঁ ওয়া জ্বা'আলা লাকুম্ মিন্ জুলূদিল্ আন্'আ-মি বুইউতান্ তাস্তাখিফ্ফূনাহা- ইয়াওমা জ্বা'নিকুম্
বাসস্থানের জন্য নির্ধারিত করেছেন এবং তিনি তোমাদের জন্য পশুচর্ম দ্বারা তাঁবুর ব্যবস্থা করেছেন। তোমরা ভ্রমণকালে তা সহজে বহন করতে পার

وَيَوْمَ إِقَامَتِكُمْ ۙ وَمِنْ أَصْوَافِهَا وَأَوْبَارِهَا وَأَشْعَارِهَا أَثَاثًا وَمَتَاعًا إِلَىٰ

ওয়া ইয়াওমা ইক্বা-মাতিকুম্, ওয়া মিন্ আছ্ওয়া-ফিহা- ওয়া আওবা-রিহা- ওয়া আশ্'আ-রিহা~আছা-ছাওঁ ওয়া মাতা'আন ইলা-
এবং অবস্থানকালে সহজে স্থাপন করতে পার এবং তিনি তোমাদের জন্য ব্যবস্থা করেছেন এগুলোর পশম, লোম ও কেশ থেকে নির্দিষ্ট কিছু কালের জন্য

حِينٍ ﴿٨٠﴾ وَاللَّهُ جَعَلَ لَكُم مِّمَّا خَلَقَ ظِلَالًا وَجَعَلَ لَكُم مِّنَ الْجِبَالِ أَكْنَانًا

হ্বীন। ৮১। ওয়াল্লা-হু জ্বা'আলা লাকুম্ মিম্মা- খালাক্বা জিলা-লাওঁ ওয়া জ্বা'আলা লাকুম্ মিনাল্ জ্বিবা-লি আক্না-নাওঁ
ব্যবহার্য সামগ্রী। (৮১) আল্লাহ যা কিছু সৃষ্টি করেছেন তা থেকে তোমাদের জন্য ছায়াদার বস্তু এবং আত্মগোপনের জন্য পর্বতমালা তৈরি করেছেন

وَجَعَلَ لَكُمْ سَرَابِيلَ تَقِيكُمُ الْحَرَّ وَسَرَابِيلَ تَقِيكُم بَأْسَكُمْ ۚ كَذَٰلِكَ

ওয়া জ্বা'আলা লাকুম্ সারা-বীলা তাক্বীকুমুল্ হ্বার্রা ওয়া সারা-বীলা তাক্বীকুম্ বা'সাকুম্ ; কাযা-লিকা
এবং ব্যবস্থা করেছেন পরিধেয় বস্ত্র- যা তোমাদেরকে তাপ থেকে বাঁচায় এবং যুদ্ধে আঘাত থেকে রক্ষা করে। এভাবে তিনি তোমাদের প্রতি তাঁর

০ টীকা (আঃ ৮০) ঃ কেটি ব্যাপারের মধ্যে কয়েকটি প্রমাণের কথা এজন্য বলা হয়েছে যে, পক্ষীকুলকে এরূপ এক বিশেষ গঠনে সৃষ্টি করা, যার ফলে উড়া সম্ভব হচ্ছে এটা একটি প্রমাণ। (আবার শূন্যমণ্ডলকে এমনভাবে সৃষ্টি করা হয়েছে যাতে উড়া সম্ভব হচ্ছে, এটা একটি প্রমাণ।) আবার সেই উড়া কার্যটি বাস্তবরূপ গ্রহণ করা আর একটি প্রমাণ। এতদ্ব্যতীত উড়ার ব্যাপারে যত প্রকার উপাদান রয়েছে, আল্লাহ তা'আলার মহিমা এবং উপাদানের উপর উড়া কার্যটি প্রতিষ্ঠিত করেছেন। অতএব, এই একটি ব্যাপারে আল্লাহ তা'আলার অপার ক্ষমতার বহুবিধ প্রমাণ রয়েছে। (বঃ কোঃ)

يُتِمُّ نِعْمَتَهُ عَلَيْكُمْ لَعَلَّكُمْ تُسْلِمُونَ ﴿٨١﴾ فَإِن تَوَلَّوْا فَإِنَّمَا عَلَيْكَ الْبَلَٰغُ

ইউতিম্মু নি'মাতাহূ 'আলাইকুম্ লা'আল্লাকুম্ তুস্‌লিমূন্ । ৮২ । ফাইন্ তাওয়াল্লাও ফাইন্নামা- 'আলাইকাল্ বালা-গুল্

অনুগ্রহ পূর্ণ করেছেন। যাতে তোমরা আত্মসমর্পণ করতে পার। (৮২) অতঃপর তারা যদি মুখ ফিরিয়ে নেয়, তবে আপনার কর্তব্য তো কেবল সুস্পষ্টভাবে

الْمُبِينُ ﴿٨٢﴾ يَعْرِفُونَ نِعْمَتَ اللَّهِ ثُمَّ يُنكِرُونَهَا وَأَكْثَرُهُمُ الْكَافِرُونَ ﴿٨٣﴾ وَيَوْمَ

মুবীন্ । ৮৩ । ইয়া'রিফূনা নি'মাতাল্লা-হি ছুম্মা ইউন্‌কিরূনাহা- ওয়া আক্‌ছারুহুমুল্ কা-ফিরূন্ । ৮৪ । ওয়া ইয়াওমা

প্রচার করা। (৮৩) তারা আল্লাহ্‌র নেয়ামত চিনে, অতঃপর তা অস্বীকার করে এবং তাদের অধিকাংশই কাফের। (৮৪) যেদিন আমি প্রত্যেক

১১ ع ৯ ১৭ রুকূ

نَبْعَثُ مِن كُلِّ أُمَّةٍ شَهِيدًا ثُمَّ لَا يُؤْذَنُ لِلَّذِينَ كَفَرُوا وَلَا هُمْ يُسْتَعْتَبُونَ

নাব্'আছু মিন্ কুল্লি উম্মাতিন্ শাহীদান্ ছুম্মা লা-ইউ'যানু লিল্লাযীনা কাফারূ ওয়ালা- হুম্ ইউস্‌তা'তাবূন্ ।

কওম থেকে একজন সাক্ষী উত্থিত করব, সেদিন কাফেরদেরকে কোন কিছুর অনুমতি দেয়া হবে না এবং তাদের কোন অজুহাতও শোনা হবে না।

﴿٨٤﴾ وَإِذَا رَأَى الَّذِينَ ظَلَمُوا الْعَذَابَ فَلَا يُخَفَّفُ عَنْهُمْ وَلَا هُمْ يُنظَرُونَ

৮৫ । ওয়া ইযা-রাআল্লাযীনা জালামুল্ 'আযা-বা ফালা- ইউখাফ্‌ফাফু 'আনহুম্ ওয়ালা- হুম্ ইউন্‌জারূন্ ।

(৮৫) যখন জালিমরা আযাব প্রত্যক্ষ করবে, তখন তাদের শাস্তি কমানো হবে না এবং তাদেরকে কোন অবকাশও দেয়া হবে না।

﴿٨٥﴾ وَإِذَا رَأَى الَّذِينَ أَشْرَكُوا شُرَكَاءَهُمْ قَالُوا رَبَّنَا هَٰؤُلَاءِ شُرَكَاؤُنَا الَّذِينَ كُنَّا

৮৬ । ওয়া ইযা- রাআল্লাযীনা আশ্‌রাকূ শুরাকা—আহুম্ ক্বা-লূ রাব্বানা- হা~উলা—ই শুরাকা—উনাল্ লাযীনা কুন্না-

(৮৬) মুশরিকরা যখন তাদের উপাস্যদের দেখবে, তখন বলবে 'হে আমাদের প্রতিপালক ! এরাই তো তারা, যাদেরকে আমরা আপনার শরীক সাব্যস্ত

نَدْعُو مِن دُونِكَ ۖ فَأَلْقَوْا إِلَيْهِمُ الْقَوْلَ إِنَّكُمْ لَكَاذِبُونَ ﴿٨٦﴾ وَأَلْقَوْا إِلَى اللَّهِ

নাদ্'উ মিন্ দূনিকা, ফাআল্‌ক্বাও ইলাইহিমুল্ ক্বাওলা ইন্নাকুম্ লাকা-যিবূন্ । ৮৭ । ওয়া আল্‌ক্বাও ইলাল্লা-হি

করেছিলাম, তাদেরকে আপনার পরিবর্তে ডাকতাম।' তখন তারা তার উত্তরে বলবে, 'তোমরা অবশ্যই মিথ্যাবাদী।' (৮৭) সেদিন তারা আল্লাহ্‌র নিকট

يَوْمَئِذٍ السَّلَمَ ۖ وَضَلَّ عَنْهُم مَّا كَانُوا يَفْتَرُونَ ﴿٨٧﴾ الَّذِينَ كَفَرُوا وَصَدُّوا عَن

ইয়াওমাইযি নিস্ সালামা ওয়াদ্বাল্লা 'আনহুম মা- কা-নূ ইয়াফ্‌তারূন্ । ৮৮ । আল্লাযীনা কাফারূ ওয়াছাদ্দূ 'আন্

আত্মসমর্পণ করবে এবং তারা যে মিথ্যা উদ্ভাবন করত তা তাদের কাছ থেকে উধাও হয়ে যাবে। (৮৮) যারা কুফরী করেছে এবং আল্লাহ্‌র পথে

سَبِيلِ اللَّهِ زِدْنَاهُمْ عَذَابًا فَوْقَ الْعَذَابِ بِمَا كَانُوا يُفْسِدُونَ ﴿٨٨﴾ وَيَوْمَ نَبْعَثُ

সাবীলিল্লা-হি যিদ্‌না-হুম্ 'আযা-বান্ ফাওক্বাল্ 'আযা-বি বিমা- কা-নূ ইউফ্‌সিদূন । ৮৯ । ওয়া ইয়াওমা নাব্'আছু

বাধা প্রদান করেছে আমি তাদের আযাবের পর আযাব বৃদ্ধি করব; কারণ, তারা ফাসাদ সৃষ্টি করত। (৮৯) যেদিন আমি প্রত্যেক সম্প্রদায়ের

فِي كُلِّ أُمَّةٍ شَهِيدًا عَلَيْهِم مِّنْ أَنفُسِهِمْ ۖ وَجِئْنَا بِكَ شَهِيدًا عَلَىٰ هَٰؤُلَاءِ ۚ

ফী কুল্লি উম্মাতিন্ শাহীদান্ 'আলাইহিম্ মিন্ আন্‌ফুসিহিম্ ওয়া জি'না-বিকা শাহীদান্ 'আলা- হা~উলা—ই ;

মধ্য থেকে তাদেরই একজনকে সাক্ষী হিসেবে উপস্থিত করব এবং তাদের বিষয়ে আপনাকে আমি সাক্ষীস্বরূপ উপস্থিত করব।

وَنَزَّلْنَا عَلَيْكَ الْكِتَابَ تِبْيَانًا لِّكُلِّ شَيْءٍ وَهُدًى وَرَحْمَةً وَبُشْرَىٰ لِلْمُسْلِمِينَ

ওয়া নায্‌যাল্‌না 'আলাইকাল্ কিতা-বা তিব্‌ইয়া-নাল্ লিকুল্লি শাইইওঁ ওয়া হুদাও ওয়া রাহ্‌মাতাও ওয়া বুশ্‌রা- লিল্‌মুস্‌লিমীন্ ।

আর আমি মুসলমানদের জন্য প্রত্যেক বস্তুর স্পষ্ট ব্যাখ্যা, পথনির্দেশ, রহমত ও সুসংবাদ স্বরূপ আপনার প্রতি কুরআন নাযিল করেছি।

﴿٨٩﴾ إِنَّ اللَّهَ يَأْمُرُ بِالْعَدْلِ وَالْإِحْسَانِ وَإِيتَاءِ ذِي الْقُرْبَىٰ وَيَنْهَىٰ

৯০ । ইন্নাল্লা-হা ইয়া'মুরু বিল্'আদ্‌লি ওয়াল্ ইহ্‌সা-নি ওয়া ই-তা—ই- যিল্ কুর্‌বা- ওয়া ইয়ানহা-

(৯০) নিশ্চয় আল্লাহ্ ন্যায়পরায়ণতা, সদাচারণ ও আত্মীয়-স্বজনকে দানের নির্দেশ দেন এবং অশ্লীলতা,

عَنِ الْفَحْشَاءِ وَالْمُنكَرِ وَالْبَغْيِ ۚ يَعِظُكُمْ لَعَلَّكُمْ تَذَكَّرُونَ ﴿٩٠﴾ وَأَوْفُوا

'আনিল্ ফাহ্‌শা—ই ওয়াল্ মুনকারি ওয়াল বাগ্‌ই, ইয়া'ইজুকুম্ লা'আল্লাকুম তাযাক্কারূন্ । ৯১ । ওয়া আওফূ

অসৎকর্ম ও সীমালংঘন করতে নিষেধ করেন। তিনি তোমাদেরকে উপদেশ দেন, যাতে তোমরা শিক্ষা গ্রহণ কর। (৯১) তোমরা কখনও

بِعَهْدِ اللَّهِ إِذَا عَاهَدتُّمْ وَلَا تَنقُضُوا الْأَيْمَانَ بَعْدَ تَوْكِيدِهَا وَقَدْ جَعَلْتُمُ اللَّهَ

বি'আহ্‌দিল্লা-হি ইযা-'আ-হাত্‌তুম্ ওয়ালা-তান্‌কুদ্বুল্ আইমা-না বা'দা তাওকীদিহা- ওয়া ক্বাদ্ জা'আল্‌তুমুল্লা-হা

আল্লাহর নামে অঙ্গীকার করলে সে অঙ্গীকার পূর্ণ করবে এবং অঙ্গীকার ভঙ্গ করবে না– শক্তভাবে অঙ্গীকার করে আল্লাহকে

عَلَيْكُمْ كَفِيلًا ۚ إِنَّ اللَّهَ يَعْلَمُ مَا تَفْعَلُونَ ﴿٩١﴾ وَلَا تَكُونُوا كَالَّتِي نَقَضَتْ

'আলাইকুম্ কাফীলান্ ; ইন্নাল্লা-হা ইয়া'লামু মা-তাফ্'আলূন্ । ৯২ । ওয়ালা-তাকূনূ কাল্লাতী নাক্বাদ্বাত্

জামিন করার পর। তোমরা যা কর সে ব্যাপারে আল্লাহ অবশ্যই জানেন। (৯২) তোমরা সেই নারীর মতো হয়ো না– যে সুতা পাকিয়ে মজবুত

غَزْلَهَا مِن بَعْدِ قُوَّةٍ أَنكَاثًا تَتَّخِذُونَ أَيْمَانَكُمْ دَخَلًا بَيْنَكُمْ أَن تَكُونَ

গায্‌লাহা- মিম্ বা'দি ক্বুওয়্যাতিন্ আন্‌কা-ছান্ ; তাত্তাখিযূনা আইমা-নাকুম্ দাখালাম বাইনাকুম্ আন্ তাকূনা

করার পর তা টুকরো টুকরো করে ছিড়ে ফেলে। (তার মতো) তোমরা তো নিজেদের শপথকে বিপর্যয় সৃষ্টির জন্য ব্যবহার কর, যাতে একদল

أُمَّةٌ هِيَ أَرْبَىٰ مِنْ أُمَّةٍ ۚ إِنَّمَا يَبْلُوكُمُ اللَّهُ بِهِ ۚ وَلَيُبَيِّنَنَّ لَكُمْ يَوْمَ الْقِيَامَةِ

উম্মাতুন্ হিয়া আরবা-মিন্ উম্মাতিন ; ইন্নামা- ইয়াব্‌লূ কুমুল্লা-হু বিহী ; ওয়ালা ইউবাইয়্যিনান্না লাকুম্ ইয়াওমাল্ ক্বিয়া-মাতি

অন্যদল থেকে অধিক ক্ষমতাবান হয়ে যায়। আল্লাহ্ তো এর দ্বারা কেবল তোমাদেরকে পরীক্ষাই করেন। তোমরা যে বিষয়ে মতভেদ করছ, আল্লাহ্

مَا كُنتُمْ فِيهِ تَخْتَلِفُونَ ﴿٩٢﴾ وَلَوْ شَاءَ اللَّهُ لَجَعَلَكُمْ أُمَّةً وَاحِدَةً وَلَٰكِن يُضِلُّ

মা- কুন্‌তুম্ ফীহি তাখ্‌তালিফূন্ । ৯৩ । ওয়া লাও শা—আল্লা-হু লাজা'আলাকুম উম্মাতাওঁ ওয়া-হিদাতাওঁ ওয়ালা-কিঁই-ইউদ্বিল্লু

কিয়ামতের দিন তা প্রকাশ করে দেবেন। (৯৩) ইচ্ছা করলে আল্লাহ্ তোমাদের সকলকে এক জাতিতে পরিণত করতে পারতেন; কিন্তু তিনি যাকে

مَن يَشَاءُ وَيَهْدِي مَن يَشَاءُ ۚ وَلَتُسْأَلُنَّ عَمَّا كُنتُمْ تَعْمَلُونَ ﴿٩٣﴾ وَلَا تَتَّخِذُوا

মাঁই ইয়াশা—উ ওয়া ইয়াহ্‌দী মাঁই ইয়াশা—উ ; ওয়ালা তুস্‌আলুন্না 'আম্মা- কুন্‌তুম্ তা'মালূন্ । ৯৪ । ওয়ালা- তাত্তাখিযূ~

ইচ্ছা বিভ্রান্ত করেন এবং যাকে ইচ্ছা সুপথে পরিচালিত করেন। তোমরা যা কর সে বিষয়ে তোমরা অবশ্যই জিজ্ঞাসিত হবে। (৯৪) পরস্পরকে বিপর্যস্ত

أَيْمَانَكُمْ دَخَلًا بَيْنَكُمْ فَتَزِلَّ قَدَمٌ بَعْدَ ثُبُوتِهَا وَتَذُوقُوا السُّوءَ بِمَا صَدَدْتُمْ

আইমা-নাকুম্ দাখালাম্ বাইনাকুম্ ফাতাযিল্লা ক্বাদামুম্ বা'দা ছুবূতিহা- ওয়া তাযূক্বুস্ সূ—আ বিমা- ছ্বাদাত্তুম্
করার জন্য তোমরা তোমাদের শপথকে ব্যবহার করো না। অন্যথায় তোমরা দৃঢ়পদ হওয়ার পর তোমাদের পা পিছলে যাবে এবং আল্লাহ্র পথে বাধা প্রদানের

عَنْ سَبِيلِ اللَّهِ ۚ وَلَكُمْ عَذَابٌ عَظِيمٌ ﴿٩٤﴾ وَلَا تَشْتَرُوا بِعَهْدِ اللَّهِ ثَمَنًا قَلِيلًا ۚ

'আন্ সাবীলিল্লা-হি, ওয়ালাকুম্ 'আযা-বুন্ 'আজীম্। ৯৫। ওয়ালা- তাশ্তারূ বি'আহদিল্লা-হি ছামানান্ ক্বালীলান্ ;
কারণে শাস্তি ভোগ করবে। তোমাদের জন্য রয়েছে মহাশাস্তি। (৯৫) তোমরা আল্লাহ্র অঙ্গীকারকে স্বল্পমূল্যে বিক্রয় করো না।

إِنَّمَا عِنْدَ اللَّهِ هُوَ خَيْرٌ لَكُمْ إِنْ كُنْتُمْ تَعْلَمُونَ ﴿٩٥﴾ مَا عِنْدَكُمْ يَنْفَدُ وَمَا عِنْدَ

ইন্নামা- 'ইন্দাল্ লা-হি হুওয়া খাইরুল্লাকুম্ ইন্ কুন্তুম্ তা'লামূন্। ৯৬। মা- 'ইন্দাকুম্ ইয়ান্ফাদু ওয়ামা- 'ইন্দাল্
আল্লাহ্র নিকট যা আছে তাই তোমাদের জন্য উত্তম। যদি তোমরা তা জানতে। (৯৬) তোমাদের নিকট যা আছে তা নিঃশেষ হয়ে যাবে এবং

اللَّهِ بَاقٍ ۗ وَلَنَجْزِيَنَّ الَّذِينَ صَبَرُوا أَجْرَهُمْ بِأَحْسَنِ مَا كَانُوا يَعْمَلُونَ ۝

লা-হি বা-ক্বিন্ ; ওয়ালা নাজ্যিয়ান্নাল্ লাযীনা ছ্বাবারূ~আজ্রাহুম্ বিআহ্সানি মা- কা-নূ ইয়া'মালূন্।
আল্লাহ্র নিকট যা আছে তা সর্বদাই থাকবে। আর যারা ধৈর্যশীল, আল্লাহ্ নিশ্চয় তাদের কর্মের শ্রেষ্ঠ পুরস্কার তাদেরকে প্রদান করবেন।

﴿٩٦﴾ مَنْ عَمِلَ صَالِحًا مِنْ ذَكَرٍ أَوْ أُنْثَىٰ وَهُوَ مُؤْمِنٌ فَلَنُحْيِيَنَّهُ حَيَاةً طَيِّبَةً ۖ

৯৭। মান্ 'আমিলা ছ্বা-লিহ্বাম্ মিন যাকারিন্ আও উন্ছা- ওয়া হুওয়া মু'মিনুন্ ফালা নুহ্বইয়ান্নাহূ হ্বায়া-তান্ ত্বাইয়্যিবাতান্,
(৯৭) মুমিন পুরুষ ও নারীর মধ্যে যে কেউ সৎকর্ম করবে তাকে আমি নিশ্চয় উত্তম জীবন দান করব এবং প্রতিদানে

وَلَنَجْزِيَنَّهُمْ أَجْرَهُمْ بِأَحْسَنِ مَا كَانُوا يَعْمَلُونَ ﴿٩٧﴾ فَإِذَا قَرَأْتَ الْقُرْآنَ فَاسْتَعِذْ

ওয়া লানাজ্যিয়ান্নাহুম আজ্রাহুম্ বিআহ্সানি মা- কা-নূ ইয়া'মালূন্। ৯৮। ফাইযা- ক্বারা'তাল্ কুরআ-না ফাস্তা'ইয্
তাদের কৃতকর্মের কারণে তাদেরকে শ্রেষ্ঠ পুরস্কার প্রদান করব। (৯৮) যখন আপনি কুরআন পাঠ করবেন, তখন আল্লাহ্র

بِاللَّهِ مِنَ الشَّيْطَانِ الرَّجِيمِ ﴿٩٨﴾ إِنَّهُ لَيْسَ لَهُ سُلْطَانٌ عَلَى الَّذِينَ آمَنُوا وَعَلَىٰ رَبِّهِمْ

বিল্লা-হি মিনাশ্ শাইত্বা-নির্ রাজীম্। ৯৯। ইন্নাহূ লাইসা লাহূ সুলত্বা-নুন্ 'আলাল্লাযীনা আ-মানূ ওয়া 'আলা রাব্বিহিম্
স্মরণ নেবেন অভিশপ্ত শয়তান থেকে। (৯৯) শয়তানের কোন আধিপত্য চলে না তাদের উপর যারা ঈমান আনে ও তাদের প্রতিপালকের প্রতি

يَتَوَكَّلُونَ ﴿٩٩﴾ إِنَّمَا سُلْطَانُهُ عَلَى الَّذِينَ يَتَوَلَّوْنَهُ وَالَّذِينَ هُمْ بِهِ مُشْرِكُونَ ۝

১৩ ع ১৯ রুকূ

ইয়াতাওয়াক্কালূন্ ১০০। ইন্নামা- সুলত্বা-নুহূ 'আলাল্লাযীনা ইয়াতাওয়াল্লাওনাহূ ওয়াল্লাযীনা হুম্ বিহী মুশ্রিকূন্।
ভরসা রাখে। (১০০) তার আধিপত্য তো কেবল তাদেরই উপর চলে। যারা তাকে অভিভাবকরূপে গ্রহণ করে এবং যারা আল্লাহ্র সাথে শিরিক করে।

﴿١٠٠﴾ وَإِذَا بَدَّلْنَا آيَةً مَكَانَ آيَةٍ ۙ وَاللَّهُ أَعْلَمُ بِمَا يُنَزِّلُ قَالُوا إِنَّمَا أَنْتَ مُفْتَرٍ ۚ

১০১। ওয়া ইযা- বাদ্দাল্না~আ-ইয়াতাম্ মাকা-না আ-ইয়াতিঁও ওয়াল্লা-হু 'আলামু বিমা- ইউনায্যিলু ক্বা-লূ~ইন্নামা~আন্তা মুফ্তারিন্ ;
(১০১) আমি যখন এক আয়াতকে অন্য আয়াত দ্বারা পরিবর্তন করি এবং আল্লাহ্ই অধিক জানেন তিনি যা নাযিল করেছেন; তখন তারা বলে, 'আপনি তো কেবল মিথ্যা

بَلْ أَكْثَرُهُمْ لَا يَعْلَمُونَ ﴿١٠١﴾ قُلْ نَزَّلَهُ رُوحُ الْقُدُسِ مِنْ رَبِّكَ بِالْحَقِّ

বাল্ আক্ছারুহুম্ লা-ইয়া'লামূন্। ১০২। ক্বুল্ নায্যালাহূ রূহুল্ ক্বুদুসি মির্ রাব্বিকা বিল্হাক্বক্বি
উদ্ভাবনকারী'। কিন্তু তাদের অধিকাংশই তা জানে না। (১০২) বলুন, 'আপনার প্রভুর পক্ষ থেকে একে জিব্রাঈল সত্যসহ নাযিল করেছে-

لِيُثَبِّتَ الَّذِينَ آمَنُوا وَهُدًى وَبُشْرَىٰ لِلْمُسْلِمِينَ ﴿١٠٢﴾ وَلَقَدْ نَعْلَمُ أَنَّهُمْ يَقُولُونَ

লিইউছাব্বিতাল্ লাযীনা আ-মানূ ওয়া হুদাওঁ ওয়া বুশ্রা- লিল্মুসলিমীন্। ১০৩। ওয়া লাক্বাদ্ না'লামু আন্নাহুম্ ইয়াক্বূলূনা
ঈমানদারদেরকে দৃঢ়ভাবে প্রতিষ্ঠিত করার জন্য, আর মুসলমানদের পথনির্দেশ ও সুসংবাদ স্বরূপ। (১০৩) আমি অবশ্যই জানি যে- তারা বলে,

إِنَّمَا يُعَلِّمُهُ بَشَرٌ ۗ لِسَانُ الَّذِي يُلْحِدُونَ إِلَيْهِ أَعْجَمِيٌّ وَهَٰذَا لِسَانٌ عَرَبِيٌّ

ইন্নামা- ইউ'আল্লিমুহূ বাশারুন্ ; লিসা-নুল্লাযী ইউল্হ্বিদূনা ইলাইহি আ'জামিয়্যুঁও ওয়া হা-যা- লিসা-নুন্ 'আরাবিয়্যুম্
'তাকে [মুহাম্মদ (স)-কে] শিক্ষা দেয় এক জন মানুষ। তারা যার প্রতি ইংগিত করে তার ভাষা তো আরবী নয়; কিন্তু কুরআন তো সুস্পষ্ট আরবী

مُبِينٌ ﴿١٠٣﴾ إِنَّ الَّذِينَ لَا يُؤْمِنُونَ بِآيَاتِ اللَّهِ ۙ لَا يَهْدِيهِمُ اللَّهُ وَلَهُمْ عَذَابٌ أَلِيمٌ ۝

মুবীন্। ১০৪। ইন্নাল্লাযীনা লা-ইউ'মিনূনা বিআ-য়া-তিল্লা-হি, লা-ইয়াহ্দীহিমুল্লা-হু ওয়া লাহুম্ 'আযা-বুন্ আলীম্।
ভাষায় (বর্ণিত)। (১০৪) যারা আল্লাহ্র আয়াতের প্রতি ঈমান আনে না তাদেরকে আল্লাহ্ পথ নির্দেশ করেন না এবং তাদের জন্য রয়েছে যন্ত্রণাদায়ক আযাব।

﴿١٠٤﴾ إِنَّمَا يَفْتَرِي الْكَذِبَ الَّذِينَ لَا يُؤْمِنُونَ بِآيَاتِ اللَّهِ ۖ وَأُولَٰئِكَ هُمُ الْكَاذِبُونَ ۝

১০৫। ইন্নামা- ইয়াফ্তারিল্ কাযিবাল্ লাযীনা লা- ইউ'মিনূনা বিআ-য়া-তিল্লা-হি, ওয়া উলা—ইকা হুমুল্ কা-যিবূন্।
(১০৫) যারা আল্লাহ্র আয়াতের প্রতি ঈমান আনে না তারা তো কেবল মিথ্যা উদ্ভাবন করে এবং তারাই মিথ্যাবাদী।

﴿١٠٥﴾ مَنْ كَفَرَ بِاللَّهِ مِنْ بَعْدِ إِيمَانِهِ إِلَّا مَنْ أُكْرِهَ وَقَلْبُهُ مُطْمَئِنٌّ بِالْإِيمَانِ

১০৬। মান্ কাফারা বিল্লা-হি মিম্ বা'দি ঈমা-নিহী~ইল্লা- মান্ উক্রিহা ওয়া ক্বাল্বুহূ মুত্বমাইন্নুম্ বিল্ঈমা-নি
(১০৬) কেউ আল্লাহ্র প্রতি ঈমান আনার পর তাঁকে অস্বীকার করলে এবং অবিশ্বাসের জন্য হৃদয় উন্মুক্ত করে দিলে তার উপর আল্লাহ্র গজব আপতিত হবে

وَلَٰكِنْ مَنْ شَرَحَ بِالْكُفْرِ صَدْرًا فَعَلَيْهِمْ غَضَبٌ مِنَ اللَّهِ ۖ وَلَهُمْ عَذَابٌ عَظِيمٌ ۝

ওয়ালা-কিম্ মান্ শারাহ্বা বিল্কুফ্রি ছ্বাদ্রান্ ফা'আলাইহিম্ গাদ্বাবুম্ মিনাল্লা-হি ওয়া লাহুম্ 'আযা-বুন্ 'আজীম্।
এবং তার জন্য রয়েছে মহাশাস্তি ; তবে কাউকে কুফরীতে বাধ্য করা হলে এবং তার অন্তর ঈমানের প্রতি অবিচল থাকলে ভিন্ন কথা।

﴿١٠٦﴾ ذَٰلِكَ بِأَنَّهُمُ اسْتَحَبُّوا الْحَيَاةَ الدُّنْيَا عَلَى الْآخِرَةِ ۙ وَأَنَّ اللَّهَ لَا يَهْدِي

১০৭। যা-লিকা বিআন্নাহুমুস্ তাহ্বাব্বুল্ হ্বায়া-তাদ্ দুন্ইয়া- 'আলাল্ আ-খিরাতি ওয়া আন্নাল্লা-হা লা-ইয়াহ্দিল্
(১০৭) এটা এ জন্য যে, তারা পার্থিব জীবনকে পরকালের উপর প্রাধান্য দিয়েছে এবং এজন্য যে, আল্লাহ্ পথনির্দেশ করেন না

✪ বিশ্লেষণ (আঃ ১০৩) ঃ انما يعلمه بشر – তাওরাত ও ইঞ্জিল সম্পর্কে অবগত কতিপয় গোলাম (দাস), যারা প্রথমে খৃষ্টান ও ইহুদী ছিল। পরে মুসলমান হয়েছিল, তাদের ভাষাও আরবী ছিল না। মক্কার মুশরিকরা বলত, অমুক গোলাম (দাস) মুহাম্মদ (স)-কে কুরআন শিখায়। আল্লাহ্ তা'আলা বলেন, যাদের ব্যাপারে তারা (কুরাইশরা) একথা বলে, তারা তো আরবী ভাষা সুন্দরভাবে জানে না। অথচ কুরআন তো স্পষ্ট আরবী ভাষা। (কুঃ কারীম) ✪ টীকা (আঃ ১০৭) ঃ পূর্ব আয়াতটির সারমর্ম এই, যারা ঈমান আনয়নের পর আবার আল্লাহ্ ও রাসূলের সাথে কুফরী করে, তাদের উপর আল্লাহ্ তা'আলার গযব নাযিল হবে এবং কঠোর শাস্তি হবে। কিন্তু কাফেররা যদি কোন মুমিনের প্রতি বল প্রয়োগ করে অর্থাৎ, হত্যার ভয় দেখায়, তার দ্বারা কুফরী বাক্য উচ্চারণ করায় এবং সে ঈমানের উপর দৃঢ় ও অবিচল থেকে কুফরকে অন্তরের সাথে ঘৃণা করে, তবে এরূপ ব্যক্তি প্রাণের ভয়ে কুফরী বাক্য মুখে উচ্চারণ করলে তার প্রতি আল্লাহ্ তা'আলার গযবও হবে না এবং তার শাস্তিও হবে না। (বঃ কোঃ)

الْقَوْمَ الْكٰفِرِيْنَ ﴿١٠٨﴾ أُولٰٓئِكَ الَّذِيْنَ طَبَعَ اللّٰهُ عَلٰى قُلُوْبِهِمْ وَسَمْعِهِمْ وَ

ক্বাওমাল্ কা-ফিরীন্। ১০৮। উলা—ইকাল্লাযীনা ত্বাবা'আল্লা-হু 'আলা- ক্বুলূবিহিম্ ওয়া সাম্'ইহিম্ ওয়া

কাফের সম্প্রদায়কে। (১০৮) এরাই তো তারা, আল্লাহ্ যাদের অন্তর, কর্ণ ও চক্ষুসমূহে মোহর মেরে দিয়েছেন এবং

أَبْصَارِهِمْ ۚ وَأُولٰٓئِكَ هُمُ الْغٰفِلُوْنَ ﴿١٠٩﴾ لَا جَرَمَ أَنَّهُمْ فِي الْاٰخِرَةِ هُمُ الْخٰسِرُوْنَ ○

আবৃছা-রিহিম্, ওয়া উলা—ইকা হুমুল্ গা-ফিলূন্। ১০৯। লা-জ্বারামা আন্নাহুম্ ফিল্ আ-খিরাতি হুমুল্ খা-সিরূন্।

তারাই পরিণাম সম্পর্কে অসচেতন। (১০৯) সন্দেহ নেই, তারা আখেরাতে ক্ষতিগ্রস্ত হবেই।

﴿١١٠﴾ ثُمَّ إِنَّ رَبَّكَ لِلَّذِيْنَ هَاجَرُوْا مِنْ بَعْدِ مَا فُتِنُوْا ثُمَّ جٰهَدُوْا وَصَبَرُوْٓا ۙ إِنَّ

১১০। ছুম্মা ইন্না রাব্বাকা লিল্লাযীনা হা-জ্বারূ মিম্ বা'দি মা- ফুতিনূ ছুম্মা জ্বা-হাদূ ওয়া ছাবারূ~, ইন্না

(১১০) আর যারা নির্যাতিত হওয়ার পর দেশত্যাগ করে, অতঃপর জিহাদ করে এবং ধৈর্যধারণ করে– তবে তাদের প্রতি আপনার

رَبَّكَ مِنْ بَعْدِهَا لَغَفُوْرٌ رَّحِيْمٌ ﴿١١١﴾ يَوْمَ تَأْتِيْ كُلُّ نَفْسٍ تُجَادِلُ عَنْ نَّفْسِهَا

রাব্বাকা মিম্ বা'দিহা- লাগাফূরুর্ রাহ্বীম্। ১১১। ইয়াওমা তা'তী কুল্লু নাফ্সিন্ তুজ্বা-দিলু 'আন্ নাফ্সিহা-

প্রতিপালক অবশ্যই ক্ষমাশীল, পরম দয়ালু। (১১১) যেদিন আত্মপক্ষ সমর্থনে প্রত্যেক ব্যক্তি সওয়াল-জওয়াব করতে করতে

১৪ ২০ রুকূ

وَتُوَفّٰى كُلُّ نَفْسٍ مَّا عَمِلَتْ وَهُمْ لَا يُظْلَمُوْنَ ﴿١١٢﴾ وَضَرَبَ اللّٰهُ مَثَلًا قَرْيَةً

ওয়া তুওয়াফ্ফা- কুল্লু নাফ্সিম্ মা- 'আমিলাত্ ওয়া হুম্ লা- ইউজ্লামূন্। ১১২। ওয়া দ্বারাবাল্লা-হু মাছালান্ ক্বারইয়াতান্

উপস্থিত হবে, সেদিন প্রত্যেককে তার কৃতকর্মের পূর্ণফল দেয়া হবে এবং তাদের প্রতি জুলুম করা হবে না। (১১২) আল্লাহ্ দৃষ্টান্ত দিচ্ছেন এমন এক জনপদের,

كَانَتْ اٰمِنَةً مُّطْمَئِنَّةً يَّأْتِيْهَا رِزْقُهَا رَغَدًا مِّنْ كُلِّ مَكَانٍ فَكَفَرَتْ بِأَنْعُمِ اللّٰهِ

কা-নাত্ আ-মিনাতাম্ মুত্বমাইন্নাতাই ইয়া'তীহা- রিয্ক্বুহা- রাগাদাম্ মিন্ কুল্লি মাকা-নিন্ ফাকাফারাত্ বিআন্'উমিল্লা-হি

যা ছিল অত্যন্ত নিরাপদ ও নিশ্চিন্ত অবস্থায়। যেখানে সব দিক থেকে প্রচুর রিযিক আসত। অতঃপর তারা আল্লাহ্‌র প্রদত্ত অনুগ্রহ অস্বীকার করে বসে।

فَأَذَاقَهَا اللّٰهُ لِبَاسَ الْجُوْعِ وَالْخَوْفِ بِمَا كَانُوْا يَصْنَعُوْنَ ﴿١١٣﴾ وَلَقَدْ جَآءَهُمْ

ফাআযা-ক্বাহাল লা-হু লিবা-সাল জূ'ই ওয়াল্ খাওফি বিমা- কা-নূ ইয়াছ্না'উন। ১১৩। ওয়া লাক্বাদ জ্বা—আহুম্

ফলে তাদের কৃতকর্মের জন্য আল্লাহ্ তাদেরকে ক্ষুধা ও ভীতির স্বাদ আস্বাদ করান। (১১৩) তাদের নিকট অবশ্যই তাদেরই মধ্য থেকে একজন

رَسُوْلٌ مِّنْهُمْ فَكَذَّبُوْهُ فَأَخَذَهُمُ الْعَذَابُ وَهُمْ ظٰلِمُوْنَ ﴿١١٤﴾ فَكُلُوْا مِمَّا

রাসূলুম্ মিন্হুম্ ফাকায্যাবূহু ফাআখাযাহুমুল 'আযা-বু ওয়া হুম্ জা-লিমূন্। ১১৪। ফাকুলূ মিম্মা-

রাসূল এসেছিলেন। তারা তাকে মিথ্যারোপ করেছিল। তাই আযাব তাদেরকে পাকড়াও করল। আর তারা ছিল জালিম। (১১৪) সুতরাং আল্লাহ্ তোমাদেরকে

○ বিশ্লেষণ (আঃ ১১১) ঃ تجادل عن نفسها - অর্থাৎ, গুনাহগার নিজকে নিজে তিরস্কার করবে। গুনাহগাররা বলবে আমরা কেন গুনাহ করেছিলাম। ইবাদাতকারীগণ বলবে আমরা কেন বেশি পরিমাণ ইবাদাত করিনি, অথবা প্রত্যেকে তার নিজকে বাঁচানোর জন্য বাদানুবাদ (ঝগড়া) করবে এবং নফ্‌সী-নফ্‌সী বলবে। (তাঃ কাদেরী) ○ টীকা (আঃ ১১২) ঃ পূর্বকালের বহু জনপদেরই এ দশা হয়েছিল যে, বাহ্যিক নেয়ামত, নিরাপত্তা এবং জীবিকার সুব্যবস্থা ছিল এবং অভ্যন্তরীণ নেয়ামত তথা রাসূলগণের আগমনও হয়েছিল। তা সত্ত্বেও তারা বিধর্মাচরণ করেছিল এবং দণ্ডিত হয়েছিল। সুতরাং মক্কাবাসীগণকে সে জনপদগুলোর অবস্থা শুনাচ্ছে যে, তোমরা যদি সেরূপ কর, তবে তোমাদের অবস্থাও তদ্রূপ হবে। (তুঃ কারীম)

رَزَقَكُمُ اللّٰهُ حَلٰلًا طَيِّبًا ۠ وَّاشْكُرُوْا نِعْمَتَ اللّٰهِ إِنْ كُنْتُمْ إِيَّاهُ تَعْبُدُوْنَ ○

রাযাক্বাকুমুল্লা-হু হ্বালা-লান্ ত্বাইয়্যিবাওঁ, ওয়াশ্‌কুরূ নি'মাতাল্লা-হি ইন্ কুন্তুম্ ইয়্যা-হু তা'বুদূন্।

যে হালাল রিযিক দান করেছেন তা তোমরা ভক্ষণ কর এবং আল্লাহর নিয়ামতের কৃতজ্ঞতা প্রকাশ কর তোমরা যদি কেবল তাঁরই ইবাদত করতে থাক।

﴿١١٥﴾ إِنَّمَا حَرَّمَ عَلَيْكُمُ الْمَيْتَةَ وَالدَّمَ وَلَحْمَ الْخِنْزِيْرِ وَمَآ أُهِلَّ لِغَيْرِ اللّٰهِ بِهٖ ۚ فَمَنِ

১১৫। ইন্নামা- হ্বাররামা 'আলাইকুমুল্ মাইতাতা ওয়াদ্দামা ওয়া লাহ্বমাল্ খিন্‌যীরি ওয়ামা~ উহিল্লা লিগাইরিল্লা-হি বিহী, ফামানিদ্

(১১৫) আল্লাহ্ নিশ্চয় মৃত, রক্ত, শূকর-মাংস এবং যে জন্তুকে আল্লাহ্ ব্যতীত অন্যের নামে জবাই করা হয়েছে তা তোমাদের জন্য হারাম করেছেন। তবে

اضْطُرَّ غَيْرَ بَاغٍ وَّلَا عَادٍ فَإِنَّ اللّٰهَ غَفُوْرٌ رَّحِيْمٌ ﴿١١٦﴾ وَلَا تَقُوْلُوْا لِمَا تَصِفُ أَلْسِنَتُكُمُ

তুর্‌রা গাইরা বা-গিওঁ ওয়ালা- 'আ-দিন্ ফাইন্নাল্লা-হা গাফূরুর্ রাহ্বীম্। ১১৬। ওয়ালা- তাকূলূ লিমা- তাছিফু আল্‌সিনাতুকুমুল্

কেউ একান্ত বাধ্য হলে অন্যায় ও সীমালংঘন না করে তা গ্রহণ করলে আল্লাহ্ তো নিশ্চয় ক্ষমাশীল ও পরম দয়ালু। (১১৬) অন্য সব বিষয়ে তোমরা যেভাবে

الْكَذِبَ هٰذَا حَلٰلٌ وَّهٰذَا حَرَامٌ لِّتَفْتَرُوْا عَلَى اللّٰهِ الْكَذِبَ ۗ إِنَّ الَّذِيْنَ

কাযিবা হা-যা- হ্বালা-লুওঁ ওয়া হা-যা- হ্বারামুল্ লিতাফ্‌তারূ 'আলাল্লা-হিল্ কাযিবা ; ইন্নাল্লাযীনা

মিথ্যা বলে থাক– সেভাবে তোমরা বল না যে, এটা হালাল আর এটা হারাম– আল্লাহর প্রতি মিথ্যা অপবাদ আরোপ করার জন্য। নিশ্চয় যারা আল্লাহর

يَفْتَرُوْنَ عَلَى اللّٰهِ الْكَذِبَ لَا يُفْلِحُوْنَ ﴿١١٧﴾ مَتَاعٌ قَلِيْلٌ ۠ وَّلَهُمْ عَذَابٌ أَلِيْمٌ ○

ইয়াফ্‌তারূনা 'আলাল্লা-হিল্ কাযিবা লা-ইউফ্‌লিহূন্। ১১৭। মাতা-'উন্ ক্বালীলুওঁ, ওয়া লাহুম্ 'আযা-বুন্ আলীম্।

ব্যাপারে মিথ্যারোপ করে তারা সফলকাম হয় না। (১১৭) তাদের সুখ সম্ভোগ অল্প কয়েকদিনের মাত্র এবং তাদের জন্য বেদনাদায়ক আযাব রয়েছে।

﴿١١٨﴾ وَعَلَى الَّذِيْنَ هَادُوْا حَرَّمْنَا مَا قَصَصْنَا عَلَيْكَ مِنْ قَبْلُ ۚ وَمَا ظَلَمْنٰهُمْ وَلٰكِنْ كَانُوْٓا

১১৮। ওয়া 'আলাল্লাযীনা হা-দূ হ্বাররাম্‌না- মা-ক্বাছাছ্‌না- 'আলাইকা মিন্ ক্বাব্‌লু, ওয়ামা- জ্বালাম্‌না-হুম্ ওয়ালা-কিন্ কা-নূ~

(১১৮) আপনার নিকট ইতিপূর্বে যা বর্ণনা করেছি, ইহুদীদের জন্য তো কেবল তাই হারাম করেছিলাম এবং আমি তাদের উপর কোন জুলুম করিনি। কিন্তু

أَنْفُسَهُمْ يَظْلِمُوْنَ ﴿١١٩﴾ ثُمَّ إِنَّ رَبَّكَ لِلَّذِيْنَ عَمِلُوا السُّوْٓءَ بِجَهَالَةٍ ثُمَّ تَابُوْا مِنْ

আন্‌ফুসাহুম্ ইয়াজ্বলিমূন্। ১১৯। ছুম্মা ইন্না রাব্বাকা লিল্লাযীনা 'আমিলুস্ সূ—আ বিজ্বাহা-লাতিন্ ছুম্মা তা-বূ মিম্

তারাই নিজেদের প্রতি জুলুম করে। (১১৯) আর যারা না জেনে মন্দ কাজ করে, অতঃপর তারা তাওবা করলে ও নিজেদের সংশোধন

بَعْدِ ذٰلِكَ وَأَصْلَحُوْٓا ۙ إِنَّ رَبَّكَ مِنْ بَعْدِهَا لَغَفُوْرٌ رَّحِيْمٌ ﴿١٢٠﴾ إِنَّ إِبْرٰهِيْمَ كَانَ

বা'দি যা-লিকা ওয়া আছ্বলাহূ~ইন্না রাব্বাকা মিম্ বা'দিহা- লাগাফূরুর্ রাহ্বীম। ১২০। ইন্না ইব্রা-হীমা কা-না

করলে তাদের জন্য আপনার প্রতিপালক অবশ্যই ক্ষমাশীল ও পরম দয়ালু। (১২০) নিশ্চয় ইব্রাহীম (আ) ছিলেন এক জাতির পথিকৃত।

১৫ ২১ রুকূ

أُمَّةً قَانِتًا لِّلّٰهِ حَنِيْفًا ۗ وَلَمْ يَكُ مِنَ الْمُشْرِكِيْنَ ﴿١٢١﴾ شَاكِرًا لِّأَنْعُمِهٖ ۗ اجْتَبٰىهُ

উম্মাতান্ ক্বা-নিতাল লিল্লা-হি হ্বানীফান্ ; ওয়ালাম্ ইয়াকু মিনাল্ মুশ্‌রিকীন্। ১২১। শা-কিরাল্ লিআন্'উমিহী ; ইজ্‌তাবা-হু

তিনি ছিলেন আল্লাহ্‌র প্রতি একনিষ্ঠ, অনুগত এবং তিনি অংশীবাদীদের অন্তর্ভুক্ত ছিলেন না, (১২১) তিনি আল্লাহ্‌র প্রদত্ত নেয়ামতের শোকর গুজার করেছিলেন।

وَهَدٰىهُ اِلٰى صِرَاطٍ مُّسْتَقِيْمٍ ﴿١٢٢﴾ وَاٰتَيْنٰهُ فِى الدُّنْيَا حَسَنَةً ۗ وَاِنَّهٗ فِى الْاٰخِرَةِ

ওয়াহাদা-হু ইলা- ছ্বিরা-ত্বিম্ মুস্তাক্বীম্ । ১২২ । ওয়া আ-তাইনা-হু ফিদ্ দুন্ইয়া- হ্বাসানাতান্ ; ওয়া ইন্নাহূ ফিল্ আ-খিরাতি

আল্লাহ্ তাকে মনোনীত করেছিলেন এবং সরলপথে চালিত করেছিলেন। (১২২) আমি তাকে পৃথিবীতে মঙ্গল দিয়েছিলাম এবং পরকালেও তিনি

لَمِنَ الصّٰلِحِيْنَ ﴿١٢٣﴾ ثُمَّ اَوْحَيْنَآ اِلَيْكَ اَنِ اتَّبِعْ مِلَّةَ اِبْرٰهِيْمَ حَنِيْفًا ۗ وَمَا

লামিনাছ্ ছ্বা-লিহ্বীন্ । ১২৩ । ছুম্মা আওহ্বাইনা~ইলাইকা আনিত্তাবি' মিল্লাতা ইব্রা-হীমা হ্বানীফান্ ; ওয়ামা-

হবেন সৎলোকদের অন্যতম। (১২৩) অতঃপর আমি আপনার প্রতি ওহী করেছি যে, 'আপনি একনিষ্ঠভাবে ইব্রাহীমের ধর্মাদর্শের অনুসরণ করুন'। তিনি

كَانَ مِنَ الْمُشْرِكِيْنَ ﴿١٢٤﴾ اِنَّمَا جُعِلَ السَّبْتُ عَلَى الَّذِيْنَ اخْتَلَفُوْا فِيْهِ ۗ وَاِنَّ

কা-না মিনাল্ মুশ্রিকীন্। ১২৪ । ইন্নামা- জু'ইলাস্ সাব্তু 'আলাল্লাযীনাখ তালাফূ ফীহি ; ওয়া ইন্না

মুশরিকদের অন্তর্ভুক্ত ছিলেন না। (১২৪) শনিবার পালন তো কেবল তাদের জন্যই নির্ধারণ করা হয়েছিল, যারা এতে মতভেদ করত– আপনার

رَبَّكَ لَيَحْكُمُ بَيْنَهُمْ يَوْمَ الْقِيٰمَةِ فِيْمَا كَانُوْا فِيْهِ يَخْتَلِفُوْنَ ﴿١٢٥﴾ اُدْعُ

রাব্বাকা লাইয়াহ্বকুমু বাইনাহুম্ ইয়াওমাল্ ক্বিয়া-মাতি ফীমা- কা-নূ ফীহি ইয়াখ্তালিফূন্ । ১২৫ । উদ্'উ

প্রতিপালক কিয়ামতের দিন সে বিষয়ের ফয়সালা করে দেবেন– যে বিষয়ে তারা মতভেদ করত। (১২৫) আপনি মানুষকে

اِلٰى سَبِيْلِ رَبِّكَ بِالْحِكْمَةِ وَالْمَوْعِظَةِ الْحَسَنَةِ وَجَادِلْهُمْ بِالَّتِىْ هِىَ اَحْسَنُ ۗ

ইলা- সাবীলি রাব্বিকা বিল্হ্বিক্মাতি ওয়াল মাও'ইজাতিল্ হ্বাসানাতি ওয়া জ্বা-দিল্হুম্ বিল্লাতী হিয়া আহ্বসানু ;

প্রজ্ঞা ও সদুপদেশ দ্বারা আপনার রবের পথে আহ্বান করুন এবং তাদের সাথে সদ্ভাবে আলোচনা করুন।

اِنَّ رَبَّكَ هُوَ اَعْلَمُ بِمَنْ ضَلَّ عَنْ سَبِيْلِهٖ وَهُوَ اَعْلَمُ بِالْمُهْتَدِيْنَ ﴿١٢٦﴾ وَاِنْ

ইন্না রাব্বাকা হুওয়া আ'লামু বিমান্ দ্বাল্লা 'আন্ সাবীলিহী ওয়া হুওয়া আ'লামু বিল্মুহ্তাদীন্ । ১২৬ । ওয়া ইন্

নিশ্চয় আপনার প্রভু তার ব্যাপারে ভাল করে জানেন– যে তাঁর পথ ছেড়ে বিপথগামী হয়। আর যে সৎপথে আছে তার ব্যাপারে তিনি সবিশেষ জানেন। (১২৬) যদি তোমরা শাস্তির

عَاقَبْتُمْ فَعَاقِبُوْا بِمِثْلِ مَا عُوْقِبْتُمْ بِهٖ ۗ وَلَئِنْ صَبَرْتُمْ لَهُوَ خَيْرٌ لِّلصّٰبِرِيْنَ

'আ-ক্বাব্তুম্ ফা'আ-ক্বিবূ বিমিছ্লি মা- 'উক্বিব্তুম্ বিহী ; ওয়া লাইন্ ছ্বাবার্তুম্ লাহুওয়া খাইরুল্ লিছ্ছ্বা-বিরীন্।

প্রতিশোধ নাও, তবে ততটুকুই প্রতিশোধ নেবে, যতখানি কষ্ট তোমাদেরকে দেয়া হয়েছে। তবে তোমরা যদি ধৈর্যধারণ কর, তবে ধৈর্যশীলদের জন্য তা খুবই উত্তম ব্যাপার।

﴿١٢٧﴾ وَاصْبِرْ وَمَا صَبْرُكَ اِلَّا بِاللّٰهِ وَلَا تَحْزَنْ عَلَيْهِمْ وَلَا تَكُ فِىْ ضَيْقٍ

১২৭ । ওয়াছ্বির্ ওয়ামা- ছ্বাব্রুকা ইল্লা- বিল্লা-হি ওয়ালা- তাহ্বযান্ 'আলাইহিম্ ওয়ালা-তাকু ফী দ্বাইক্বিম্

(১২৭) আপনি ধৈর্যধারণ করুন, আপনার ধৈর্যধারণ কেবল আল্লাহর তৌফীকেই হয়। আর তাদের আচরণে আপনি দুঃখ করবেন না এবং তাদের চক্রান্তের

مِّمَّا يَمْكُرُوْنَ ﴿١٢٨﴾ اِنَّ اللّٰهَ مَعَ الَّذِيْنَ اتَّقَوْا وَّالَّذِيْنَ هُمْ مُّحْسِنُوْنَ

মিম্মা- ইয়াম্কুরূন্ । ১২৮ । ইন্নাল্লা-হা মা'আল্লাযী নাত্তাক্বাও ওয়াল্লাযীনা হুম্ মুহ্বসিনূন্।

কারণে আপনি মনক্ষুণ্ন হবেন না। (১২৮) যারা মুত্তাকী এবং যারা সৎকর্মপরায়ণ, আল্লাহ্ অবশ্যই তাদের সঙ্গে আছেন।

১৬ ع ২২ রুকূ

সূরা বনী-ইসরা-ঈল মক্কী

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

বিসমিল্লা-হির রাহ্বমা-নির রাহীম

পরম দাতা ও দয়ালু আল্লাহ্র নামে শুরু করছি

আয়াত ঃ ১১১ রুকূ ঃ ১২

﴿١﴾ سُبْحٰنَ الَّذِىْٓ اَسْرٰى بِعَبْدِهٖ لَيْلًا مِّنَ الْمَسْجِدِ الْحَرَامِ اِلَى الْمَسْجِدِ

১। সুব্হ্বা-নাল্লাযী~আস্রা- বি'আব্দিহী লাইলাম মিনাল মাসজ্বিদিল হ্বারা-মি ইলাল্ মাস্জ্বিদিল

(১) সেই পবিত্র ও সুমহান সত্তা তিনি– যিনি তাঁর বান্দাকে রাত্রিকালে ভ্রমণ করিয়েছিলেন মসজিদুল হারাম থেকে মসজিদুল

الْاَقْصَا الَّذِىْ بٰرَكْنَا حَوْلَهٗ لِنُرِيَهٗ مِنْ اٰيٰتِنَا ۗ اِنَّهٗ هُوَ السَّمِيْعُ الْبَصِيْرُ ﴿٢﴾ وَاٰتَيْنَا

আক্ব্ছ্বাল্লাযী বা-রাক্না- হ্বাওলাহূ লিনুরিয়াহূ মিন আ-য়া-তিনা- ; ইন্নাহূ হুওয়াস্ সামী'উল্ বাছ্বীর্। ২ । ওয়া আ-তাইনা-

আকসায়, যার পরিবেশ আমি করেছিলাম বরকতময়, আমার নিদর্শন দেখানোর জন্য। নিশ্চয় তিনি সর্বশ্রোতা, সর্বদ্রষ্টা। (২) আমি

مُوْسَى الْكِتٰبَ وَجَعَلْنٰهُ هُدًى لِّبَنِىْٓ اِسْرَآءِيْلَ اَلَّا تَتَّخِذُوْا مِنْ دُوْنِىْ

মূসাল্ কিতা-বা ওয়া জ্বা'আলনা-হু হুদাল্ লিবানী~ইস্রা—ঈলা আল্লা- তাত্তাখিযূ মিনদূনী

মূসাকে কিতাব দিয়েছিলাম এবং তা বনী ইস্রাঈলদের জন্য পথনির্দেশক করেছিলাম– যাতে তোমরা আমাকে ছাড়া অন্য কাউকে অভিভাবক

وَكِيْلًا ﴿٣﴾ ذُرِّيَّةَ مَنْ حَمَلْنَا مَعَ نُوْحٍ ۗ اِنَّهٗ كَانَ عَبْدًا شَكُوْرًا ﴿٤﴾ وَقَضَيْنَآ اِلٰى

ওয়াকীলা-। ৩ । যুর্রিয়্যাতা মান হ্বামাল্না- মা'আ নূহ্বিন ; ইন্নাহূ কা-না 'আব্দান শাকূরা-। ৪ । ওয়া ক্বাদ্বাইনা~ইলা-

সাব্যস্ত না কর। (৩) তোমরা তো তাদেরই সন্তান, যাদেরকে আমি নূহের সাথে সওয়ার করিয়েছিলাম। তিনি ছিলেন এক কৃতজ্ঞ বান্দা।' (৪) আর আমি

بَنِىْٓ اِسْرَآءِيْلَ فِى الْكِتٰبِ لَتُفْسِدُنَّ فِى الْاَرْضِ مَرَّتَيْنِ وَلَتَعْلُنَّ عُلُوًّا كَبِيْرًا

বানী~ইস্রা—ঈলা ফিল্ কিতা-বি লাতুফ্সিদুন্না ফিল্ আর্দ্বি মার্রাতাইনি ওয়া লাতা'লুন্না 'উলুওয়্যান্ কাবীরা-।

তাওরাতে ওহী দ্বারা বনী-ইস্রাঈলদেরকে জানিয়ে দিয়েছিলাম, 'নিশ্চয় তোমরা পৃথিবীতে দু'বার ফাসাদ সৃষ্টি করবে এবং তোমরা চরম অবাধ্যতা প্রদর্শন করবে।

﴿٥﴾ فَاِذَا جَآءَ وَعْدُ اُوْلٰىهُمَا بَعَثْنَا عَلَيْكُمْ عِبَادًا لَّنَآ اُولِىْ بَاْسٍ شَدِيْدٍ

৫ । ফাইযা- জ্বা—আ ওয়া'দু উলা-হুমা- বা'আছ্না- 'আলাইকুম্ 'ইবা-দাল্ লানা~উলী বা'সিন্ শাদীদিন্

(৫) অতঃপর এই দুটি সময়ের প্রথমটির নির্ধারিত সময় যখন আসল, তখন আমি তোমাদের বিরুদ্ধে প্রেরণ করেছিলাম আমার এমন কঠোর যোদ্ধা বান্দাদেরকে, যারা

○ বিশ্লেষণ (আঃ ১) ঃ সূরা বনী ইসরাঈল ঃ এ সূরাকে سورة الاسراء (সূরাতুল ইসরা')ও বলা হয়। কারণ, এ সূরায় রাসলুল্লাহ (স) اسراء (রাত্রিকালীন মসজিদে আকসায় গমন)-এর উল্লেখ রয়েছে। اسراء-এর অর্থ রাতে নিয়ে যাওয়া। ليلا এজন্য বলা হয়েছে, যাতে রাতের কম সময় (এক অংশ) বুঝা যায়। ليلا শব্দটি نكرة ব্যবহার করে বুঝানো হয়েছে– রাতের এক অংশ অথবা কিছু অংশ। অর্থাৎ, চল্লিশ রাতের এ দূরত্বের সফর পূর্ণ এক রাতেও নয় বরং এক রাতের কিছু অংশে সফর করানো হয়েছে। ○ বিশ্লেষণ (আঃ ১) ঃ مسجد الاقصى : اقصى অর্থ দূরবর্তী। বাইতুল মুকাদ্দাস মসজিদটি আলকুদ্স শহরের মধ্যে, যা ফিলিস্তিনে অবস্থিত। মক্কা হতে আলকুদস্ পর্যন্ত দূরত্ব ৪০ (চল্লিশ) দিনের। এ কারণে বাইতুল মুকাদ্দাসকে মসজিদে আকসা (দূরের মসজিদ) বলা হয়। (কুঃ কারীম) ○ টীকা (আঃ ১) ঃ বায়তুল মুকাদ্দাস হযরত সুলায়মান (আ) নির্মাণ করেন। বহু নবী এর আশেপাশে সমাহিত থাকাকে ধর্মীয় বরকত এবং তথায় বহু ফলবান বৃক্ষ, নহর এবং শস্য-ক্ষেত্রকে পার্থিব বরকত বলা হয়েছে। আর নিমিষের মধ্যে মক্কা হতে বায়তুল মুকাদ্দাসে চলে যাওয়া, সমস্ত নবী ও ফেরেশতাগণকে নিয়ে নামায পড়া এবং আলোচনা করাকে কুদরতের বিস্ময়কর নিদর্শন বলা হয়েছে। নবুওয়াত প্রাপ্তির দ্বাদশ বর্ষে, রজব মাসের ২৭ তারিখে মে'রাজ অনুষ্ঠিত হয়। উম্মে হানীর ঘর হতে বোরাক যোগে জিবরাঈল (আ) হুযূর (স)-কে বায়তুল মুকাদ্দাস এবং তথা হতে সিদরাতুল মুন্তাহা নিয়ে যান। অতঃপর হুযূর (স) একাকী রফরফ যোগে আল্লাহর দরবারে উপস্থিত হন এবং সেখানেই ৫ ওয়াক্ত নামায এবং রোযা ফরয হয়। ফেরার পথে বেহেশত ও দোযখ ভ্রমণ করেন। (মুঃ কোঃ)

পারা ১৫ মঞ্জিল ৪

وَهَدٰىهُ اِلٰى صِرَاطٍ مُّسْتَقِيْمٍ ۝١٢١ وَاٰتَيْنٰهُ فِى الدُّنْيَا حَسَنَةً ؕ وَاِنَّهٗ فِى الْاٰخِرَةِ

ওয়াহাদা-হু ইলা- ছিরা-ত্বিম্ মুস্‌তাক্বীম্। ১২২। ওয়া আ-তাইনা-হু ফিদ্ দুন্‌ইয়া- হ্বাসানাতান্ ; ওয়া ইন্নাহূ ফিল্ আ-খিরাতি

আল্লাহ্ তাকে মনোনীত করেছিলেন এবং সরলপথে চালিত করেছিলেন। (১২২) আমি তাকে পৃথিবীতে মঙ্গল দিয়েছিলাম এবং পরকালেও তিনি

لَمِنَ الصّٰلِحِيْنَ ۝١٢٢ ثُمَّ اَوْحَيْنَآ اِلَيْكَ اَنِ اتَّبِعْ مِلَّةَ اِبْرٰهِيْمَ حَنِيْفًا ؕ وَمَا

লামিনাছ্ ছ্বা-লিহ্বীন্। ১২৩। ছুম্মা আওহ্বাইনা~ইলাইকা আনিত্তাবি' মিল্লাতা ইব্রা-হীমা হ্বানীফান্ ; ওয়ামা-

হবেন সৎলোকদের অন্যতম। (১২৩) অতঃপর আমি আপনার প্রতি ওহী করেছি যে, 'আপনি একনিষ্ঠভাবে ইব্রাহীমের ধর্মাদর্শের অনুসরণ করুন। তিনি

كَانَ مِنَ الْمُشْرِكِيْنَ ۝١٢٣ اِنَّمَا جُعِلَ السَّبْتُ عَلَى الَّذِيْنَ اخْتَلَفُوْا فِيْهِ ؕ وَاِنَّ

কা-না মিনাল্ মুশ্‌রিকীন্। ১২৪। ইন্নামা- জু'ইলাস্ সাব্‌তু 'আলাল্লাযীনাখ্ তালাফূ ফীহি ; ওয়া ইন্না

মুশরিকদের অন্তর্ভুক্ত ছিলেন না। (১২৪) শনিবার পালন তো কেবল তাদের জন্যই নির্ধারণ করা হয়েছিল, যারা এতে মতভেদ করত– আপনার

رَبَّكَ لَيَحْكُمُ بَيْنَهُمْ يَوْمَ الْقِيٰمَةِ فِيْمَا كَانُوْا فِيْهِ يَخْتَلِفُوْنَ ۝١٢٤ اُدْعُ

রাব্বাকা লাইয়াহ্বকুমু বাইনাহুম্ ইয়াওমাল্ ক্বিয়া-মাতি ফীমা- কা-নূ ফীহি ইয়াখ্‌তালিফূন্। ১২৫। উদ্'উ

প্রতিপালক কিয়ামতের দিন সে বিষয়ের ফয়সালা করে দেবেন– যে বিষয়ে তারা মতভেদ করত। (১২৫) আপনি মানুষকে

اِلٰى سَبِيْلِ رَبِّكَ بِالْحِكْمَةِ وَالْمَوْعِظَةِ الْحَسَنَةِ وَجَادِلْهُمْ بِالَّتِىْ هِىَ اَحْسَنُ ؕ

ইলা- সাবীলি রাব্বিকা বিল্‌হ্বিক্‌মাতি ওয়াল মাও'ইজাতিল্ হ্বাসানাতি ওয়া জ্বা-দিল্‌হুম্ বিল্লাতী হিয়া আহ্বসানু ;

প্রজ্ঞা ও সদুপদেশ দ্বারা আপনার রবের পথে আহ্বান করুন এবং তাদের সাথে সদ্ভাবে আলোচনা করুন।

اِنَّ رَبَّكَ هُوَ اَعْلَمُ بِمَنْ ضَلَّ عَنْ سَبِيْلِهٖ وَهُوَ اَعْلَمُ بِالْمُهْتَدِيْنَ ۝١٢٥ وَاِنْ

ইন্না রাব্বাকা হুওয়া আ'লামু বিমান্ দ্বাল্লা 'আন্ সাবীলিহী ওয়া হুওয়া আ'লামু বিল্‌মুহ্‌তাদীন্। ১২৬। ওয়া ইন্

নিশ্চয় আপনার প্রভু তার ব্যাপারে ভাল করে জানেন– যে তাঁর পথ ছেড়ে বিপথগামী হয়। আর যে সৎপথে আছে তার ব্যাপারে তিনি সবিশেষ জানেন। (১২৬) যদি তোমরা শাস্তির

عَاقَبْتُمْ فَعَاقِبُوْا بِمِثْلِ مَا عُوْقِبْتُمْ بِهٖ ؕ وَلَئِنْ صَبَرْتُمْ لَهُوَ خَيْرٌ لِّلصّٰبِرِيْنَ ۝

'আ-ক্বাব্‌তুম্ ফা'আ-ক্বিবূ বিমিছ্‌লি মা-'উক্বিব্‌তুম্ বিহী ; ওয়া লাইন্ ছ্বাবার্‌তুম্ লাহুওয়া খাইরুল্ লিছ্ছ্বা-বিরীন্।

প্রতিশোধ নাও, তবে ততটুকুই প্রতিশোধ নেবে, যতখানি কষ্ট তোমাদেরকে দেয়া হয়েছে। তবে তোমরা যদি ধৈর্যধারণ কর, তবে ধৈর্যশীলদের জন্য তা খুবই উত্তম ব্যাপার।

۝١٢٦ وَاصْبِرْ وَمَا صَبْرُكَ اِلَّا بِاللّٰهِ وَلَا تَحْزَنْ عَلَيْهِمْ وَلَا تَكُ فِىْ ضَيْقٍ

১২৭। ওয়াছ্বিবির্ ওয়ামা- ছ্বাব্‌রুকা ইল্লা- বিল্লা-হি ওয়ালা- তাহ্বযান্ 'আলাইহিম্ ওয়ালা-তাকু ফী দ্বাইক্বিম্

(১২৭) আপনি ধৈর্যধারণ করুন, আপনার ধৈর্যধারণ কেবল আল্লাহর তৌফীকেই হয়। আর তাদের আচরণে আপনি দুঃখ করবেন না এবং তাদের চক্রান্তের

مِّمَّا يَمْكُرُوْنَ ۝١٢٧ اِنَّ اللّٰهَ مَعَ الَّذِيْنَ اتَّقَوْا وَّالَّذِيْنَ هُمْ مُّحْسِنُوْنَ ۝ ع

মিম্মা- ইয়াম্‌কুরূন্। ১২৮। ইন্নাল্লা-হা মা'আল্লাযী নাত্তাক্বাওঁ ওয়াল্লাযীনা হুম্ মুহ্বসিনূন।

কারণে আপনি মনক্ষুণ্ণ হবেন না। (১২৮) যারা মুত্তাকী এবং যারা সৎকর্মপরায়ণ, আল্লাহ্ অবশ্যই তাদের সঙ্গে আছেন।

১৬ ع ২২ রুকূ

সূরা বনী-ইসরা-ঈল মক্কী

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

বিসমিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম

পরম দাতা ও দয়ালু আল্লাহ্‌র নামে শুরু করছি

আয়াত ঃ ১১১ রুকূ ঃ ১২

سُبْحٰنَ الَّذِىْٓ اَسْرٰى بِعَبْدِهٖ لَيْلًا مِّنَ الْمَسْجِدِ الْحَرَامِ اِلَى الْمَسْجِدِ ۝١

১। সুব্‌হ্বা-নাল্লাযী~আস্‌রা- বি'আব্‌দিহী লাইলাম মিনাল মাসজ্বিদিল হ্বারা-মি ইলাল্ মাস্‌জ্বিদিল

(১) সেই পবিত্র ও সুমহান সত্তা তিনি– যিনি তাঁর বান্দাকে রাত্রিকালে ভ্রমণ করিয়েছিলেন মসজিদুল হারাম থেকে মসজিদুল

الْاَقْصَا الَّذِىْ بٰرَكْنَا حَوْلَهٗ لِنُرِيَهٗ مِنْ اٰيٰتِنَا ؕ اِنَّهٗ هُوَ السَّمِيْعُ الْبَصِيْرُ ۝٢ وَاٰتَيْنَا

আক্বছ্বাল্লাযী বা-রাক্‌না- হ্বাওলাহূ লিনুরিয়াহূ মিন আ-য়া-তিনা- ; ইন্নাহূ হুওয়াস্ সামী'উল্ বাছ্বীর্। ২। ওয়া আ-তাইনা-

আকসায়, যার পরিবেশ আমি করেছিলাম বরকতময়, আমার নিদর্শন দেখানোর জন্য। নিশ্চয় তিনি সর্বশ্রোতা, সর্বদ্রষ্টা। (২) আমি

مُوْسَى الْكِتٰبَ وَجَعَلْنٰهُ هُدًى لِّبَنِىْٓ اِسْرَآءِيْلَ اَلَّا تَتَّخِذُوْا مِنْ دُوْنِىْ

মূসাল্ কিতা-বা ওয়া জ্বা'আলনা-হু হুদাল্ লিবানী~ইস্‌রা—ঈলা আল্লা- তাত্তাখিযূ মিনদূনী

মূসাকে কিতাব দিয়েছিলাম এবং তা বনী ইস্রাঈলদের জন্য পথনির্দেশক করেছিলাম– যাতে তোমরা আমাকে ছাড়া অন্য কাউকে অভিভাবক

وَكِيْلًا ۝٣ ذُرِّيَّةَ مَنْ حَمَلْنَا مَعَ نُوْحٍ ؕ اِنَّهٗ كَانَ عَبْدًا شَكُوْرًا ۝٤ وَقَضَيْنَآ اِلٰى

ওয়াকীলা-। ৩। যুর্‌রিয়্যাতা মান হ্বামাল্‌না- মা'আ নূহ্বিন ; ইন্নাহূ কা-না 'আব্‌দান শাকূরা-। ৪। ওয়া ক্বাদ্বাইনা~ইলা-

সাব্যস্ত না কর। (৩) তোমরা তো তাদেরই সন্তান, যাদেরকে আমি নূহের সাথে সওয়ার করিয়েছিলাম। তিনি ছিলেন এক কৃতজ্ঞ বান্দা।' (৪) আর আমি

بَنِىْٓ اِسْرَآءِيْلَ فِى الْكِتٰبِ لَتُفْسِدُنَّ فِى الْاَرْضِ مَرَّتَيْنِ وَلَتَعْلُنَّ عُلُوًّا كَبِيْرًا

বানী~ইস্‌রা—ঈলা ফিল্ কিতা-বি লাতুফ্‌সিদুন্না ফিল্ আর্‌দ্বি মার্‌রাতাইনি ওয়া লাতা'লুন্না 'উলুওয়্যান্ কাবীরা-।

তাওরাতে ওহী দ্বারা বনী-ইস্রাঈলদেরকে জানিয়ে দিয়েছিলাম, 'নিশ্চয় তোমরা পৃথিবীতে দু'বার ফাসাদ সৃষ্টি করবে এবং তোমরা চরম অবাধ্যতা প্রদর্শন করবে।

۝٥ فَاِذَا جَآءَ وَعْدُ اُوْلٰىهُمَا بَعَثْنَا عَلَيْكُمْ عِبَادًا لَّنَآ اُولِىْ بَاْسٍ شَدِيْدٍ

৫। ফাইযা- জ্বা—আ ওয়া'দু উলা-হুমা- বা'আছ্‌না- 'আলাইকুম্ 'ইবা-দাল্ লানা~উলী বা'সিন্ শাদীদিন্

(৫) অতঃপর এই দুটি সময়ের প্রথমটির নির্ধারিত সময় যখন আসল, তখন আমি তোমাদের বিরুদ্ধে প্রেরণ করেছিলাম আমার এমন কঠোর যোদ্ধা বান্দাদেরকে, যারা

○ বিশ্লেষণ (আঃ ১) ঃ সূরা বনী ইসরাঈল ঃ এ সূরাকে سورة الاسراء (সূরাতুল ইসরা')ও বলা হয়। কারণ, এ সূরায় রাসলুল্লাহ (স) اسراء (রাত্রিকালীন মসজিদে আকসায় গমন)-এর উল্লেখ রয়েছে। اسراء-এর অর্থ রাতে নিয়ে যাওয়া। ليلا এজন্য বলা হয়েছে, যাতে রাতের কম সময় (এক অংশ) বুঝা যায়। ليلا শব্দটি نكرة ব্যবহার করে বুঝানো হয়েছে– রাতের এক অংশ অথবা কিছু অংশ। অর্থাৎ, চল্লিশ রাতের এ দূরত্বের সফর পূর্ণ এক রাতেও নয় বরং এক রাতের কিছু অংশে সফর করানো হয়েছে। ○ বিশ্লেষণ (আঃ ১) ঃ مسجد الاقصى : اقصى অর্থ দূরবর্তী। বাইতুল মুকাদ্দাস মসজিদটি আলকুদ্‌স শহরের মধ্যে, যা ফিলিস্তিনে অবস্থিত ; মক্কা হতে আলকুদস্ পর্যন্ত দূরত্ব ৪০ (চল্লিশ) দিনের। এ কারণে বাইতুল মুকাদ্দাসকে মসজিদে আকসা (দূরের মসজিদ) বলা হয়। (কুঃ কারীম) ○ টীকা (আঃ ১) ঃ বায়তুল মুকাদ্দাস হযরত সুলায়মান (আ) নির্মাণ করেন। বহু নবী এর আশেপাশে সমাহিত থাকাকে ধর্মীয় বরকত এবং তথায় বহু ফলবান বৃক্ষ, নহর এবং শস্য-ক্ষেত্রকে পার্থিব বরকত বলা হয়েছে। আর নিমিষের মধ্যে মক্কা হতে বায়তুল মুকাদ্দাসে চলে যাওয়া, সমস্ত নবী ও ফেরেশতাগণকে নিয়ে নামায পড়া এবং আলোচনা করাকে কুদরতের বিস্ময়কর নিদর্শন বলা হয়েছে। নবুওয়াত প্রাপ্তির দ্বাদশ বর্ষে, রজব মাসের ২৭ তারিখে মে'রাজ অনুষ্ঠিত হয়। উম্মে হানীর ঘর হতে বোরাক যোগে জিবরাঈল (আ) হুযূর (স)-কে বায়তুল মুকাদ্দাস এবং তথা হতে সিদ্‌রাতুল মুনতাহা নিয়ে যান। অতঃপর হুযূর (স) একাকী রফরফ যোগে আল্লাহর দরবারে উপস্থিত হন এবং সেখানেই ৫ ওয়াক্ত নামায এবং রোযা ফরয হয়। ফেরার পথে বেহেশত ও দোযখ ভ্রমণ করেন। (মুঃ কোঃ)

পারা ১৫ মঞ্জিল ৪

فَجَاسُوا خِلَٰلَ الدِّيَارِ ۚ وَكَانَ وَعْدًا مَّفْعُولًا ۞ ثُمَّ رَدَدْنَا لَكُمُ الْكَرَّةَ عَلَيْهِمْ

ফাজ্বা-সূ খিলা-লাদ্ দিয়া-রি ; ওয়া কা-না ওয়া'দাম্ মাফ্'উলা-। ৬। ছুম্মা রাদাদ্না- লাকুমুল্ কার্রাতা 'আলাইহিম

ঘরে ঘরে ঢুকে সবকিছু বিধ্বস্ত করে দিয়েছিল। আর এ ছিল এক প্রতিশ্রুতি, যা কার্যকর হওয়ারই ছিল। (৬) অতঃপর আমি তোমাদেরকে পুনরায় তাদের উপর প্রতিষ্ঠিত

وَأَمْدَدْنَٰكُم بِأَمْوَٰلٍ وَبَنِينَ وَجَعَلْنَٰكُمْ أَكْثَرَ نَفِيرًا ۞ إِنْ أَحْسَنتُمْ أَحْسَنتُمْ

ওয়া আম্দাদ্না-কুম্ বিআম্ওয়া-লিও ওয়া বানীনা ওয়া জ্বা'আলনা-কুম্ আক্ছারা নাফীরা-। ৭। ইন্ আহ্সান্তুম আহ্সানতুম্

করলাম, তোমাদেরকে ধন-সম্পদ ও সন্তান-সন্ততি দ্বারা শক্তিশালী করলাম এবং তোমাদেরকে সংখ্যাগরিষ্ঠ করলাম। (৭) তোমরা সৎকাজ করলে নিজেদেরই জন্যই

لِأَنفُسِكُمْ ۖ وَإِنْ أَسَأْتُمْ فَلَهَا ۚ فَإِذَا جَاءَ وَعْدُ الْآخِرَةِ لِيَسُوءُوا وُجُوهَكُمْ

লিআন্ফুসিকুম্, ওয়া ইন্ আসা'তুম্ ফালাহা-; ফাইযা- জ্বা—আ ওয়া'দুল আ-খিরাতি লিইয়াসূ—উ উজূহাকুম্

তা করবে এবং মন্দ কাজ করলে তাও করবে নিজেদের জন্য। অতঃপর যখন দ্বিতীয় সময়টি আসল, আমি তখন আমার অন্য বান্দাদের পাঠাই, যাতে তারা তোমাদের

وَلِيَدْخُلُوا الْمَسْجِدَ كَمَا دَخَلُوهُ أَوَّلَ مَرَّةٍ وَلِيُتَبِّرُوا مَا عَلَوْا تَتْبِيرًا ۞ عَسَىٰ

ওয়ালিইয়াদ্খুলুল্ মাস্জ্বিদা কামা- দাখালূহু আওয়্যালা মার্রাতিও ওয়া লিইউতাব্বিরূ মা- 'আলাও তাত্বীরা-। ৮। 'আসা-

চেহারা বিকৃত করে দেয়, এবং তাদের মত মসজিদে ঢুকে পড়ে যারা প্রথমবার ঢুকেছিল। আর তারা যা দখল করে নিয়েছিল তা যাতে ধ্বংস করে দেয়। (৮) হয়ত তোমাদের

رَبُّكُمْ أَن يَرْحَمَكُمْ ۚ وَإِنْ عُدتُّمْ عُدْنَا ۘ وَجَعَلْنَا جَهَنَّمَ لِلْكَٰفِرِينَ حَصِيرًا

রাব্বুকুম্ আইঁ ইয়ারহামাকুম, ওয়া ইন্ 'উত্তুম্ 'উদ্না-। ওয়া জ্বা'আলনা- জ্বাহান্নামা লিল্কা-ফিরীনা হাছীরা-।

প্রতিপালক তোমাদের প্রতি দয়া করবেন; কিন্তু তোমরা যদি পুনরায় তাই কর তবে আমিও পুনরায় তাই করব। আর জাহান্নামকে আমি কাফেরদের জন্য কারাগার করেছি।

۞ إِنَّ هَٰذَا الْقُرْءَانَ يَهْدِي لِلَّتِي هِيَ أَقْوَمُ وَيُبَشِّرُ الْمُؤْمِنِينَ الَّذِينَ يَعْمَلُونَ

৯। ইন্না হা-যাল্ ক্বুরআ-না ইয়াহ্দী লিল্লাতী হিয়া আক্বওয়ামু ওয়াইউবাশ্শিরুল্ মু'মিনীনাল্লাযীনা ইয়া'মালূনাছ্

(৯) এই কুরআন নিশ্চয় সুদৃঢ় পথের দিকে হেদায়েত করে এবং সৎকর্মপরায়ণ মুমিনদেরকে সুসংবাদ দেয় যে,

الصَّٰلِحَٰتِ أَنَّ لَهُمْ أَجْرًا كَبِيرًا ۞ وَأَنَّ الَّذِينَ لَا يُؤْمِنُونَ بِالْآخِرَةِ أَعْتَدْنَا

ছ্বা-লিহ্বা-তি আন্না লাহুম্ আজ্বরান্ কাবীরা-। ১০। ওয়া আন্নাল্লাযীনা লা-ইউ'মিনূনা বিল্আ-খিরাতি আ'তাদ্না-

তাদের জন্য মহাপুরস্কার রয়েছে। (১০) আর যারা আখেরাতকে বিশ্বাস করে না তাদের জন্য আমি কঠিন আযাব

لَهُمْ عَذَابًا أَلِيمًا ۞ وَيَدْعُ الْإِنسَٰنُ بِالشَّرِّ دُعَاءَهُ بِالْخَيْرِ ۖ وَكَانَ الْإِنسَٰنُ

লাহুম 'আযা-বান্ আলীমা-। ১১। ওয়া ইয়াদ্'উল্ ইন্সা-নু বিশ্শাররি দু'আ—আহূ বিলখাইরি ; ওয়া কানা—ল ইন্সা-নু

প্রস্তুত করে রেখেছি। (১১) মানুষ যেমন কল্যাণ কামনা করে তেমনি অকল্যাণ কামনা করে। আর মানুষ তো অতি

রুকূ ১

০ বিশ্লেষণ (আঃ ৭) ঃ جاء وعد الآخرة - বনী ইসরাঈল সম্পর্কে তাওরাতে বর্ণিত ছিল– তারা দু'বার পৃথিবীতে বিশৃংখলা সৃষ্টি করবে এবং সেজন্য শাস্তি ভোগ করবে। প্রথমবার অন্যায়ের জন্য ব্যবিলনের অধিপতি 'বুখ্ত নাস্‌র'-এর হাতে ধ্বংস ও লাঞ্ছিত হয়েছিল। দ্বিতীয়বার পুনরায় যখন তারা বিশৃংখলা সৃষ্টি করা শুরু করল, হযরত যাকারিয়া (আ)-কে হত্যা করল, হযরত ঈসা (আ)-কেও হত্যা করার ষড়যন্ত্র করছিল, তার পরিণামে আল্লাহ তা'আলা রোমক সম্রাট তাতসকে তাদের উপর নিযুক্ত করলেন। সে তাদেরকে হত্যা করল। তাদের ধন-সম্পদ লুট করে নিল। (কুঃ কারীম)

عَجُولًا ۞ وَجَعَلْنَا الَّيْلَ وَالنَّهَارَ ءَايَتَيْنِ ۖ فَمَحَوْنَا ءَايَةَ الَّيْلِ وَجَعَلْنَا ءَايَةَ النَّهَارِ

'আজূলা-। ১২। ওয়া জ্বা'আল্নাল্ লাইলা ওয়ান্নাহা-রা আ-য়াতাইনি ফামাহাওনা~আ-য়াতাল্ লাইলি ওয়া জ্বা'আলনা~আ-য়াতান্ না-হারি

ত্বড়িৎ প্রিয়। (১২) আমি রাত ও দিনকে দুটি নিদর্শন করেছি। অতঃপর রাতের নিদর্শনকে আমি করেছি আলোকহীন এবং দিনের নিদর্শনকে করেছি আলোকময়,

مُبْصِرَةً لِّتَبْتَغُوا فَضْلًا مِّن رَّبِّكُمْ وَلِتَعْلَمُوا عَدَدَ السِّنِينَ وَالْحِسَابَ ۚ وَكُلَّ

মুবছ্বিরাতাল্ লিতাব্তাগূ ফাদ্বলাম্ মির্ রাব্বিকুম ওয়ালিতা'লামূ 'আদাদাস্ সিনীনা ওয়াল্ হ্বিসা-বা ; ওয়া কুল্লা

যাতে তোমরা তোমাদের প্রতিপালকের অনুগ্রহ তালাশ করতে পার এবং যাতে তোমরা বর্ষ গণনা ও হিসাব সম্পর্কে জানতে পার। আর আমি

شَيْءٍ فَصَّلْنَٰهُ تَفْصِيلًا ۞ وَكُلَّ إِنسَٰنٍ أَلْزَمْنَٰهُ طَٰٓئِرَهُ فِي عُنُقِهِ ۖ وَنُخْرِجُ لَهُ يَوْمَ

শাইয়িন্ ফাছ্বছ্বাল্না-হু তাফছ্বীলা-। ১৩। ওয়া কুল্লা ইন্সা-নিন্ আল্যাম্না-হু ত্বা—ইরাহূ ফী 'উনুক্বিহী ; অনুখরিজু লাহূ ইয়াওমাল্

সকল বিষয়ই বিশদভাবে বর্ণনা করেছি। (১৩) প্রত্যেক মানুষের কৃতকর্মকে আমি তার কণ্ঠলগ্ন করে দিয়েছি এবং কিয়ামতের দিন প্রত্যেকের সম্মুখে বের

الْقِيَٰمَةِ كِتَٰبًا يَلْقَىٰهُ مَنشُورًا ۞ اقْرَأْ كِتَٰبَكَ كَفَىٰ بِنَفْسِكَ الْيَوْمَ عَلَيْكَ

ক্বিয়া-মাতি কিতা-বাইঁ ইয়াল্ক্বা-হু মান্শূরা-। ১৪। ইক্বরা' কিতা-বাকা ; কাফা- বিনাফ্সিকাল ইয়াওমা 'আলাইকা

করে আনব তার আমলনামা, যা সে পাবে উন্মুক্ত। (১৪) (বলব) পাঠ কর 'তুমি তোমার আমলনামা। আজ তোমার হিসাব-নিকাশের জন্য

حَسِيبًا ۞ مَّنِ اهْتَدَىٰ فَإِنَّمَا يَهْتَدِي لِنَفْسِهِ ۖ وَمَن ضَلَّ فَإِنَّمَا يَضِلُّ عَلَيْهَا ۚ

হ্বাসীবা-। ১৫। মানিহ্তাদা- ফাইন্নামা- ইয়াহ্তাদী লিনাফসিহী, ওয়ামান্ দ্বাল্লা ফাইন্নামা- ইয়াদ্বিল্লু 'আলাইহা- ;

তুমিই যথেষ্ট।' (১৫) যারা সৎপথে চলে তারা তো নিজেদের মঙ্গলের জন্যই সৎপথে চলে এবং যারা পথভ্রষ্ট হয় তারা তো পথভ্রষ্ট হয় নিজেদেরই ধ্বংসের জন্য।

وَلَا تَزِرُ وَازِرَةٌ وِزْرَ أُخْرَىٰ ۗ وَمَا كُنَّا مُعَذِّبِينَ حَتَّىٰ نَبْعَثَ رَسُولًا ۞ وَإِذَا

ওয়ালা-তাযিরু ওয়া-যিরাতুঁও ওয়িয্রা উখ্রা-; ওয়ামা- কুন্না- মু'আয্যিবীনা হ্বাত্তা-নাব্'আছা রাসূলা-। ১৬। ওয়া ইযা~

আর কেউ অন্য কারও তার বহন করবে না। আর আমি কোন রাসূল না পাঠান পর্যন্ত কাউকে আযাব দেই না। (১৬) আমি যখন কোন জনপদ ধ্বংস করতে চাই, তখন সেখানকার

أَرَدْنَا أَن نُّهْلِكَ قَرْيَةً أَمَرْنَا مُتْرَفِيهَا فَفَسَقُوا فِيهَا فَحَقَّ عَلَيْهَا الْقَوْلُ فَدَمَّرْنَٰهَا

আরাদ্না~আন্ নুহ্লিকা ক্বারইয়াতান্ আমার্না- মুত্রাফীহা- ফাফাসাকূ ফীহা- ফাহ্বাক্ক্বা 'আলাইহাল্ ক্বাওলু ফাদাম্মার্না-হা-

সম্পদে সমৃদ্ধশালীদেরকে আদেশ করি সৎকর্মের; কিন্তু তারা অসৎকর্ম করে। ফলে তার উপর শাস্তির দণ্ডাদেশ অবধারিত হয়ে যায় এবং আমি তা সমূলে বিধ্বস্ত

تَدْمِيرًا ۞ وَكَمْ أَهْلَكْنَا مِنَ الْقُرُونِ مِن بَعْدِ نُوحٍ ۗ وَكَفَىٰ بِرَبِّكَ بِذُنُوبِ

তাদ্মীরা-। ১৭। ওয়া কাম্ আহ্লাক্না- মিনাল ক্বুরূনি মিম্ বা'দি নূহ্বিন ; ওয়া কাফা- বিরাব্বিকা বিযুনূবি

করে দেই। (১৭) আমি নূহের পর কত মানবগোষ্ঠীকে ধ্বংস করেছি। আর আপনার প্রতিপালকই তাঁর বান্দাদের পাপসমূহের সংবাদ রাখার

০ বিশ্লেষণ (আঃ ১৩) ঃ طائر - طير অর্থ পাখী, عنق অর্থ গর্দান। ইমাম ইবনে কাসীর বলেন, طائر দ্বারা মানুষের আমল বুঝানো হয়েছে। عنقه-এর অর্থ মানুষের ভাল ও মন্দ আমলগুলো গলার হারের ন্যায় তাদের সাথে থাকবে। অর্থাৎ, তাদের প্রতিটি আমল লেখা হবে এবং আল্লাহ তা'আলার কাছে তা যথাযথভাবে সংরক্ষিত থাকবে। কিয়ামতের দিন সে অনুযায়ী ফয়সালা হবে। (কুঃ কারীম) ০ টীকা (আঃ ১৬) ঃ বিশেষ করে বিলাস জীবন-যাপনকারীদের কথা উল্লেখের তাৎপর্য এই যে, তারা সমাজে প্রতিপত্তিশালী হওয়ার দরুন সমাজের সাধারণ লোকেরা তাদের অনুগত হয়ে পড়ে। এতদ্ব্যতীত এরা সাধারণত অধিকতর অসাবধান, অবাধ্য এবং সাধারণ জ্ঞান বিবর্জিত হয়। (বঃ কোঃ)

عِبَادِهٖ خَبِيْرًا بَصِيْرًا ⑰ مَنْ كَانَ يُرِيْدُ الْعَاجِلَةَ عَجَّلْنَا لَهٗ فِيْهَا مَا نَشَاءُ لِمَنْ

'ইবা-দিহী খাবীরাম্ বাছীরা-। ১৮। মান্ কা-না ইউরীদুল্ 'আ-জ্বিলাতা 'আজ্জ্বাল্না- লাহু ফীহা- মা- নাশা—উ লিমান্

ব্যাপারে ও পর্যবেক্ষণের জন্য যথেষ্ট। (১৮) কেউ পার্থিব সুখ কামনা করলে সে যতই কামনা করবে আমি তাকে দুনিয়াতেই তা দিয়ে দেব।

نُرِيْدُ ثُمَّ جَعَلْنَا لَهٗ جَهَنَّمَ ۚ يَصْلٰهَا مَذْمُوْمًا مَّدْحُوْرًا ⑱ وَمَنْ اَرَادَ الْاٰخِرَةَ

নুরীদু ছুম্মা জ্বা'আল্না- লাহূ জ্বাহান্নামা, ইয়াছ্লা-হা-মায্মূমাম মাদ্হূরা-। ১৯। ওয়া মান্ আরা-দাল্ আ-খিরাতা

অতঃপর তার জন্য আমি জাহান্নাম নির্ধারণ করি। তারা সেখানে নিন্দিত ও বিতাড়িত অবস্থায় প্রবেশ করবে। (১৯) যারা ঈমানদার হয়ে আখেরাত

وَسَعٰى لَهَا سَعْيَهَا وَهُوَ مُؤْمِنٌ فَاُولٰٓئِكَ كَانَ سَعْيُهُمْ مَّشْكُوْرًا ⑲ كُلًّا

ওয়া সা'আ- লাহা-সা'ইয়াহা- ওয়া হুওয়া মু'মিনুন্ ফাউলা—ইকা কা-না সা'ইউহুম্ মাশ্কূরা-। ২০। কুল্লান

কামনা করে এবং তার জন্য যথাযথ চেষ্টা করে, তাদের চেষ্টাই গ্রহণযোগ্য হয়ে থাকে। (২০) এদের এবং

نُّمِدُّ هٰٓؤُلَاءِ وَهٰٓؤُلَاءِ مِنْ عَطَاءِ رَبِّكَ ۚ وَمَا كَانَ عَطَاءُ رَبِّكَ مَحْظُوْرًا ⑳ اُنْظُرْ

নুমিদ্দু হা~উলা—ই ওয়া হা~উলা—ই মিন্ 'আত্বা—ই রাব্বিকা ; ওয়ামা-কা-না 'আত্বা—উ রাব্বিকা মাহ্জূরা-। ২১। উন্জুর

তাদের প্রত্যেককে আমি আপনার প্রতিপালকের দান থেকে সাহায্য করি এবং আপনার পালনকর্তার দান উম্মুক্ত। (২১) লক্ষ্য করুন,

كَيْفَ فَضَّلْنَا بَعْضَهُمْ عَلٰى بَعْضٍ ۚ وَلَلْاٰخِرَةُ اَكْبَرُ دَرَجٰتٍ وَّاَكْبَرُ تَفْضِيْلًا ○

কাইফা ফাদ্দ্বাল্না-বা'দ্বাহুম 'আলা বা'দ্বিন ; ওয়ালাল আ-খিরাতু আক্বারু দারাজ্বা-তিঁও ওয়া আকবারু তাফ্দ্বীলা-।

আমি কিভাবে তাদের একদলকে অন্য দলের উপর শ্রেষ্ঠত্ব দিয়েছিলাম। আর পরকালতো নিশ্চয় মর্যাদায় শ্রেষ্ঠ এবং ফযীলতে শ্রেষ্ঠতর।

২ (৪২) ২ রুকূ

㉑ لَا تَجْعَلْ مَعَ اللّٰهِ اِلٰهًا اٰخَرَ فَتَقْعُدَ مَذْمُوْمًا مَّخْذُوْلًا ㉒ وَقَضٰى رَبُّكَ اَلَّا

২২। লা-তাজ্ব'আল্ মা'আল্লা-হি ইলা-হান্ আ-খারা ফাতাক্ব'উদা মায্মূমাম মাখ্জূলা। ২৩। ওয়া ক্বাদ্বা- রাব্বুকা আল্লা-

(২২) আল্লাহর সাথে অন্য কোন ইলাহ স্থির করো না। করলে নিন্দিত ও সহায়হীন হয়ে পড়বে। (২৩) আপনার প্রভূ তাঁকে ছাড়া অন্য কারও

تَعْبُدُوْٓا اِلَّآ اِيَّاهُ وَبِالْوَالِدَيْنِ اِحْسَانًا ؕ اِمَّا يَبْلُغَنَّ عِنْدَكَ الْكِبَرَ اَحَدُهُمَآ

তা'বুদূ~ইল্লা~ইয়্যা-হু ওয়াবিল্ওয়া-লিদাইনি ইহ্সা-নান্ ; ইম্মা- ইয়াব্লুগান্না 'ইন্দাকাল কিবারা আহ্বাদুহুমা~

উপাসনা না করতে এবং পিতা-মাতার প্রতি সদ্ব্যবহার করতে আদেশ দিয়েছেন। তাদের একজন বা উভয়ই তোমার জীবদ্দশায় বার্ধক্যে উপনীত হলে

اَوْ كِلٰهُمَا فَلَا تَقُلْ لَّهُمَآ اُفٍّ وَّلَا تَنْهَرْهُمَا وَقُلْ لَّهُمَا قَوْلًا كَرِيْمًا ㉓ وَاخْفِضْ

আওকিলা-হুমা-ফালা-তাকুল্লাহুমা~উফফিঁও ওয়ালা- তান্হারহুমা- ওয়া কুল্লাহুমা- ক্বাওলান্ কারীমা-। ২৪। ওয়াখ্ফিদ্ব

তাদেরকে কখনও 'উফ' বলো না এবং তাদেরকে ধমক দিয়োন। আর তাদের সাথে সম্মানসূচক কথা বলিও। (২৪) মমতাভরে তাদের প্রতি বিনয়ের

لَهُمَا جَنَاحَ الذُّلِّ مِنَ الرَّحْمَةِ وَقُلْ رَّبِّ ارْحَمْهُمَا كَمَا رَبَّيٰنِيْ صَغِيْرًا ㉔ رَبُّكُمْ

লাহুমা- জ্বানা-হ্বায্ যুল্লি মিনার রাহ্মাতি ওয়াকুর্ রাব্বির্ হামহুমা- কামা- রাব্বাইয়া-নী ছাগীরা-। ২৫। রাব্বুকুম

পাখা অবনমিত কর এবং বল, হে আমার প্রতিপালক ! তাদের প্রতি রহম করুন যেভাবে শৈশবে তারা আমাকে প্রতিপালন করেছিলেন।' (২৫) তোমাদের প্রতিপালক

اَعْلَمُ بِمَا فِيْ نُفُوْسِكُمْ ؕ اِنْ تَكُوْنُوْا صٰلِحِيْنَ فَاِنَّهٗ كَانَ لِلْاَوَّابِيْنَ غَفُوْرًا ○

আ'লামু বিমা- ফী নুফূসিকুম ; ইন্ তাকূনূ ছা-লিহ্বীনা ফাইন্নাহূ কা-না লিল্ আওয়্যা-বীনা গাফূরা-।

তোমাদের অন্তরে যা আছে তা ভাল করেই জানেন। যদি তোমরা সৎকর্মপরায়ণ হয়ে থাক, তবে তিনি তওবাকারীদের প্রতি অত্যন্ত ক্ষমাশীল।

㉕ وَاٰتِ ذَا الْقُرْبٰى حَقَّهٗ وَالْمِسْكِيْنَ وَابْنَ السَّبِيْلِ وَلَا تُبَذِّرْ تَبْذِيْرًا ○

২৬। ওয়া আ-তি যাল্ ক্বুর্বা- হাক্ব্ক্বাহূ ওয়াল মিসকীনা ওয়াব্নাস্ সাবীলি ওয়ালা- তুবায্যির তাব্যীরা-।

(২৬) আর আত্মীয়-স্বজনকে তার প্রাপ্য আদায় করবে এবং অভাবগ্রস্ত ও পথচারীকেও দিবে। আর কিছুতেই অপব্যয় করবে না।

㉖ اِنَّ الْمُبَذِّرِيْنَ كَانُوْٓا اِخْوَانَ الشَّيٰطِيْنِ ؕ وَكَانَ الشَّيْطٰنُ لِرَبِّهٖ كَفُوْرًا ㉗ وَاِمَّا

২৭। ইন্নাল্ মুবায্যিরীনা কা-নূ~ইখ্ওয়া- নাশ্ শাইয়া-ত্বীনি ; ওয়া কা-নাশ শাইয়া-ত্বীনু লিরাব্বিহী কাফূরা-। ২৮। ওয়া ইম্মা-

(২৭) যারা অপব্যয় করে তারা নিশ্চয় শয়তানের ভাই এবং শয়তান তার পালনকর্তার প্রতি খুবই অকৃতজ্ঞ। (২৮) যারা আপনার প্রভুর

تُعْرِضَنَّ عَنْهُمُ ابْتِغَاءَ رَحْمَةٍ مِّنْ رَّبِّكَ تَرْجُوْهَا فَقُلْ لَّهُمْ قَوْلًا مَّيْسُوْرًا ㉘ وَلَا

তু'রিদ্বান্না 'আন্হুমুব্ তিগা—আ রাহ্মাতিম্ মির্ রাব্বিকা তার্জূহা- ফাকুল লাহুম্ ক্বাওলাম মাইসূরা-। ২৯। ওয়ালা-

অনুগ্রহ লাভের প্রত্যাশা করে, তাদের নিকট থেকে যদি মুখ ফেরাতে হয়, তবে তাদের সাথে নম্রভাবে কথা বলুন। (২৯) আপনি

تَجْعَلْ يَدَكَ مَغْلُوْلَةً اِلٰى عُنُقِكَ وَلَا تَبْسُطْهَا كُلَّ الْبَسْطِ فَتَقْعُدَ مَلُوْمًا

তাজ্ব'আল ইয়াদাকা মাগ্লূলাতান্ ইলা- 'উনুক্বিকা ওয়ালা-তাব্সুত্বহা-কুল্লাল্ বাস্ত্বি ফাতাক্ব'উদা মালূমাম

আপনার হাত একেবারে সংকীর্ণ করবেন না এবং আপনি একেবারে মুক্তহস্তও হবেন না, তাহলে আপনি নিন্দিত ও নিঃস্ব হয়ে

مَّحْسُوْرًا ㉙ اِنَّ رَبَّكَ يَبْسُطُ الرِّزْقَ لِمَنْ يَّشَاءُ وَيَقْدِرُ ؕ اِنَّهٗ كَانَ بِعِبَادِهٖ

মাহ্সূরা-। ৩০। ইন্না রাব্বাকা ইয়াবসুত্বুর্ রিয্ক্বা লিমাই ইয়াশা—উ ওয়া ইয়াক্বদিরু ; ইন্নাহূ কা-না বি'ইবা-দিহী

পড়বেন। (৩০) আপনার প্রভূ যার জন্য ইচ্ছা তার রিযিক বর্ধিত করেন এবং যার জন্য ইচ্ছা তা কমিয়ে দেন। নিশ্চয় তিনি তাঁর বান্দাদের ব্যাপারে ভালভাবেই জানেন ও

৩ (৪৮) ৩ রুকূ

خَبِيْرًا بَصِيْرًا ㉚ وَلَا تَقْتُلُوْٓا اَوْلَادَكُمْ خَشْيَةَ اِمْلَاقٍ ؕ نَحْنُ نَرْزُقُهُمْ وَاِيَّاكُمْ ؕ

খাবীরাম্ বাছীরা-। ৩১। ওয়ালা-তাক্বতুলূ~আওলা-দাকুম্ খাশ্ইয়াতা ইম্লা-ক্বিন ; নাহ্নু নারযুকুহুম্ ওয়া ইয়্যা-কুম ;

তাদেরকে দেখে থাকেন। (৩১) তোমরা হত্যা করো না তোমাদের সন্তানদেরকে দারিদ্রের ভয়ে। তাদেরকে এবং তোমাদেরকে তো আমিই রিযিক

اِنَّ قَتْلَهُمْ كَانَ خِطْاً كَبِيْرًا ㉛ وَلَا تَقْرَبُوا الزِّنٰٓى اِنَّهٗ كَانَ فَاحِشَةً ؕ وَسَاءَ

ইন্না ক্বাতলাহুম কা-না খিত্বআন কাবীরা-। ৩২। ওয়ালা-তাক্বরাবুয্ যিনা~ইন্নাহূ কা-না- ফা-হিশাতান ; ওয়া সা—আ

দিয়ে থাকি। নিশ্চয় তাদেরকে হত্যা করা মহাপাপ। (৩২) তোমরা ব্যভিচারের কাছে ধারেও যেয়োনা। নিশ্চয় তা অশ্লীল ও নিকৃষ্ট

سَبِيْلًا ㉜ وَلَا تَقْتُلُوا النَّفْسَ الَّتِيْ حَرَّمَ اللّٰهُ اِلَّا بِالْحَقِّ ؕ وَمَنْ قُتِلَ مَظْلُوْمًا فَقَدْ

সাবীলা-। ৩৩। ওয়ালা- তাক্বতুলুন্নাফ্সাল্লাতী হ্বাররামাল্লা-হু ইল্লা- বিলহাক্বক্বি ; ওয়া মান্ ক্বুতিলা মাজ্লূমান্ ফাক্বাদ

পথ। (৩৩) আল্লাহ যার হত্যা নিষিদ্ধ করেছেন- যথার্থ কারণ ছাড়া তোমরা তাকে হত্যা করো না। কেউ অন্যায়ভাবে নিহত হলে তার অভিভাবকদেরকে

جعلنا لوليه سلطنا فلا يسرف في القتل ؕ انه كان منصورا ﴿٣٣﴾ ولا تقربوا

জ্বা'আল্না- লিওয়ালিয়্যিহী সুল্ত্বা-নান্ ফালা-ইউসরিফ্ ফিল ক্বাতলি ; ইন্নাহূ কা-না মানছূরা- । ৩৪ । ওয়ালা-তাক্বরাবূ
আমি প্রতিশোধ গ্রহণের অধিকার দিয়েছি, কিন্তু হত্যার ব্যাপারে সে যেন বাড়াবাড়ি না করে। নিশ্চয় সে সাহায্যপ্রাপ্ত হবে। (৩৪) কোন ইয়াতীম

مال اليتيم الا بالتي هي احسن حتى يبلغ اشده ص واوفوا بالعهد ج

মা-লাল ইয়াতীমি ইল্লা- বিল্লাতী হিয়া আহ্সানু হাত্তা- ইয়াব্লুগা আশুদ্দাহূ, ওয়া আওফূ বিল'আহ্দি,
প্রাপ্ত বয়স্ক না হওয়া পর্যন্ত তোমরা তার সম্পত্তির নিকটবর্তী হয়ো না– একমাত্র মঙ্গল কামনা ছাড়া। আর তোমরা প্রতিশ্রুতি পূর্ণ করো।

ان العهد كان مسئولا ﴿٣٤﴾ واوفوا الكيل اذا كلتم وزنوا بالقسطاس

ইন্নাল 'আহ্দা কা-না মাস্উলা। ৩৫। ওয়া আওফুল কাইলা ইযা- কিল্তুম্ ওয়াযিনূ বিল্ক্বিস্ত্বা-সিল
নিশ্চয় প্রতিশ্রুতি সম্পর্কে জিজ্ঞাসাবাদ করা হবে। (৩৫) মেপে দেয়ার সময় মাপে পূর্ণভাবে দেবে এবং সঠিক দাঁড়িপাল্লায়

المستقيم ؕ ذلك خير واحسن تاويلا ﴿٣٥﴾ ولا تقف ما ليس لك به علم ؕ

মুস্তাক্বীমি ; যা-লিকা খাইরুও ওয়া আহ্সানু তা'ওয়ীলা- । ৩৬। ওয়ালা- তাক্বফু মা-লাইসা লাকা বিহী 'ইল্মুন্ ;
ওজন করবে, এটিই উত্তম এবং পরিণামে উৎকৃষ্ট। (৩৬) যে বিষয়ে তোমার কোন জ্ঞান নেই সে বিষয়ের পেছনে পড়ো না।

ان السمع والبصر والفؤاد كل اولئك كان عنه مسئولا ﴿٣٦﴾ ولا تمش

ইন্নাস্ সাম'আ ওয়াল্ বাছারা ওয়াল্ ফুআ-দা কুল্লু উলা—ইকা কা-না 'আনহু মাসউলা- । ৩৭ । ওয়া লা- তাম্শি
নিশ্চয় কর্ণ, চক্ষু, হৃদয়-তাদের প্রত্যেকেই জিজ্ঞাসিত হবে। (৩৭) আর যমীনে অহংকার প্রদর্শন করে

في الارض مرحا ج انك لن تخرق الارض ولن تبلغ الجبال طولا ﴿٣٧﴾

ফিল আর্দ্বি মারাহান, ইন্নাকা লান্ তাখ্রিক্বাল আর্দ্বা ওয়া লান তাব্লুগাল্ জ্বিবা-লা ত্বূলা- ।
চলো না। নিশ্চয় তুমি কখনই পদভারে ভূ-পৃষ্ঠকে বিদীর্ণ করতে পারবে না এবং উচ্চতায় কখনই পর্বতসমান হতে পারবে না।

﴿٣٨﴾ كل ذلك كان سيئه عند ربك مكروها ﴿٣٨﴾ ذلك مما اوحى اليك ربك

৩৮ । কুল্লু যা-লিকা কা-না সাইয়্যিউহূ 'ইন্দা রাব্বিকা মাক্রূহা- । ৩৯ । যা-লিকা মিম্মা~আওহা~ইলাইকা রাব্বুকা
(৩৮) সকল মন্দ কাজই আপনার প্রতিপালকের নিকট ঘৃণ্য। (৩৯) এটা সেই হিকমতের কথা যা আপনার প্রতিপালক ওহীর মাধ্যমে আপনার

من الحكمة ؕ ولا تجعل مع الله الها اخر فتلقى في جهنم ملوما مدحورا ﴿٣٩﴾

মিনাল্ হিক্মাতি ; ওয়ালা-তাজ্ব'আল্ মা'আল্লা-হি ইলা-হান্ আ-খারা ফাতুল্ক্বা- ফী জ্বাহান্নামা মাল্মাম্ মাদ্হূরা- ।
প্রতি দান করেছেন। আল্লাহর সাথে অন্য কোন ইলাহ স্থির করবেন না, করলে আপনি নিন্দিত ও বিতাড়িত হয়ে জাহান্নামে নিক্ষিপ্ত হবেন।

﴿٤٠﴾ افاصفكم ربكم بالبنين واتخذ من الملئكة اناثا ؕ انكم لتقولون

৪০ । আফাআছ্ফা-কুম্ রাব্বুকুম্ বিলবানীনা ওয়াত্তাখাযা মিনাল মালা—ইকাতি ইনা-ছান ; ইন্নাকুম্ লাতাক্বূলূনা
(৪০) তোমাদের প্রতিপালক কি তোমাদের জন্য পুত্র সন্তান নির্ধারিত করেছেন এবং নিজে ফেরেশ্তাদেরকে কন্যারূপে গ্রহন করেছেন? তোমরা তো অত্যন্ত

৪ ع ৫০ ৪ রুকূ

قولا عظيما ﴿٤٠﴾ ولقد صرفنا في هذا القران ليذكروا ؕ وما يزيدهم الا نفورا

ক্বাওলান 'আজীমা- । ৪১ । ওয়া লাক্বাদ ছার্রাফনা-ফী হা-যাল কুরআ-নি লিইয়ায্যাক্কারূ ; ওয়ামা- ইয়াযীদুহুম ইল্লা- নুফূরা- ।
সাংঘাতিক কথা বলছ। (৪১) এই কুরআনে আমি তাদেরকে বিভিন্নভাবে বুঝিয়েছি, যাতে তারা ভাল করে বুঝতে পারে; কিন্তু এতে তাদের বিমুখতাই বৃদ্ধি পায়।

﴿٤١﴾ قل لو كان معه الهة كما يقولون اذا لابتغوا الى ذي العرش سبيلا ○

৪২ । কুল্ লাও কা-না মা'আহূ~আ-লিহাতুন্ কামা-ইয়াক্বূলূনা ইযাল্লাব্তাগাও ইলা- যিল্'আর্শি সাবীলা- ।
(৪২) বলুন, তাদের কথা মত যদি তাঁর সঙ্গে আরও উপাস্য থাকত, তবে তারা আরশের মালিক পর্যন্ত পৌছার উপায় খুজত।

﴿٤٢﴾ سبحنه وتعلى عما يقولون علوا كبيرا ﴿٤٣﴾ تسبح له السموت السبع

৪৩। সুব্হা-নাহূ ওয়া তা'আ-লা- 'আম্মা- ইয়াক্বূলূনা উলুওয়্যান্ কাবীরা- । ৪৪ । তুসাব্বিহু লাহুস্ সামা-ওয়া-তুস্ সাব্'উ
(৪৩) তিনি পবিত্র, মহিমান্বিত এবং তারা যা বলে তা থেকে তিনি অনেক উর্ধ্বে। (৪৪) সপ্তাকাশ, পৃথিবী এবং তাদের অন্তর্বর্তী

والارض ومن فيهن ؕ وان من شيء الا يسبح بحمده ولكن لا تفقهون

ওয়াল আর্দ্বু ওয়া মান্ ফীহিন্না ; ওয়া ইম্ মিন শাইয়িন ইল্লা- ইউসাব্বিহু বিহাম্দিহী ওয়ালা-কিল্ লাতাফ্ক্বাহূনা
সমস্ত কিছুই তাঁর মহিমা ঘোষণা করে এবং এমন কিছু নেই যা তাঁর তাসবীহ পাঠ করে না এবং প্রশংসা করে না; কিন্তু তোমরা তাদের তাসবীহ

تسبيحهم ؕ انه كان حليما غفورا ﴿٤٤﴾ واذا قرات القران جعلنا بينك وبين

তাস্বীহাহুম্ ; ইন্নাহূ কা-না হালীমান গাফূরা- । ৪৫ । ওয়া ইযা-ক্বারা'তাল কুরআ-না জ্বা'আল্না- বাইনাকা ওয়া বাইনাল্
পাঠ বুঝ না। নিশ্চয় তিনি সহনশীল ও ক্ষমাশীল। (৪৫) আপনি যখন কুরআন তেলাওয়াত করেন, তখন যারা আখেরাতে বিশ্বাস করে না

الذين لا يؤمنون بالاخرة حجابا مستورا ﴿٤٥﴾ وجعلنا على قلوبهم اكنة

লাযীনা লা-ইউ'মিনূনা বিল্আ-খিরাতি হিজ্বা-বাম্ মাস্তূরা- । ৪৬ । ওয়া জ্বা'আলনা- 'আলা- ক্বুলূবিহিম্ আকিন্নাতান্
তাদের মধ্যে ও আপনার মধ্যে একটি গোপন পর্দা রেখে দেই। (৪৬) আমি তাদের অন্তরের উপর আবরণ রেখে দেই, যেন তারা তা

ان يفقهوه وفي اذانهم وقرا ؕ واذا ذكرت ربك في القران وحده ولوا

আই ইয়াফ্ক্বাহূহু ওয়া ফী~আ-যা-নিহিম ওয়াক্বরান ; ওয়া ইযা-যাকার্তা রাব্বাকা ফিল কুরআ-নি ওয়াহ্দাহূ ওয়াল্লাও
উপলব্ধি করতে না পারে এবং তাদেরকে বধির করে দেই। আপনি যখন আপনার প্রতিপালকের একত্ববাদের কথা পবিত্র কুরআন থেকে পাঠ করেন,

على ادبارهم نفورا ﴿٤٦﴾ نحن اعلم بما يستمعون به اذ يستمعون اليك

'আলা~আদ্বা-রিহিম্ নুফূরা- । ৪৭ । নাহ্নু আ'লামু বিমা-ইয়াসতামি'উনা বিহী ইয্ ইয়াস্তামি'উনা ইলাইকা
তখন তারা পৃষ্ঠ প্রদর্শন করে সরে পড়ে। (৪৭) যখন তারা কান পেতে আপনার কথা শোনে, তখন তারা কেন কান পেতে শোনে তা আমি ভাল করেই জানি।

واذ هم نجوى اذ يقول الظلمون ان تتبعون الا رجلا مسحورا ﴿٤٧﴾ انظر

ওয়া ইয্হুম্ নাজ্বওয়া~ইয্ ইয়াক্বূলুজ্ জা-লিমূনা ইন্ তাত্তাবি'উনা ইল্লা- রাজুলাম্ মাস্হূরা- । ৪৮ । উন্জুর্
আর তাও জানি– যখন তারা গোপনে আলোচনা করে, তখন জালেমরা বলে, 'তোমরা তো এক যাদুগ্রস্ত ব্যক্তির অনুসরণ করছ। (৪৮) লক্ষ্য করুন,

كَيْفَ ضَرَبُوا لَكَ الْأَمْثَالَ فَضَلُّوا فَلَا يَسْتَطِيعُونَ سَبِيلًا ﴿٤٩﴾ وَقَالُوا أَإِذَا كُنَّا

কাইফা দ্বারাবূ লাকাল আম্ছা-লা ফাদ্বাল্লূ ফালা- ইয়াস্তাত্বী'উনা সাবীলা-। ৪৯। ওয়া ক্বা-লূ~আইযা- কুন্না-
তারা আপনার জন্য কি উপমা দেয়; সুতরাং তারা পথভ্রষ্ট হয়ে গেছে এবং তারা পথ পাবে না। (৪৯) তারা বলে, আমরা যখন

عِظَامًا وَرُفَاتًا أَإِنَّا لَمَبْعُوثُونَ خَلْقًا جَدِيدًا ﴿٥٠﴾ قُلْ كُونُوا حِجَارَةً أَوْ حَدِيدًا

'ইজা-মাওঁ ওয়া রুফা-তান আইন্না- লামাব্'উছূনা খাল্ক্বান জ্বাদীদা-। ৫০। ক্বুল্ কূনূ হ্বিজ্বা-রাতান্ আও হ্বাদীদা-।
হাড়ে পরিণত হব ও চূর্ণবিচূর্ণ হয়ে যাব, তখনও কি নতুন সৃষ্টিরূপে পুনরুত্থিত হব ?' (৫০) বলুন, 'তোমরা হয়ে যাও পাথর অথবা লৌহ,'

﴿٥١﴾ أَوْ خَلْقًا مِمَّا يَكْبُرُ فِي صُدُورِكُمْ ۚ فَسَيَقُولُونَ مَنْ يُعِيدُنَا ۖ قُلِ الَّذِي

৫১। আও খাল্ক্বাম মিম্মা- ইয়াক্বুরু ফী ছুদূরিকুম, ফাসাইয়াকূলূনা মাইঁ ইউ'ঈদুনা- ; ক্বুলিল্লাযী
(৫১) কিংবা এমন কিছু যা তোমাদের ধারণায় খুবই গুরুতর ; তখন তারা বলবে, 'কে আমাদেরকে পুনরায় সৃষ্টি করবে ?' বলুন, 'তিনিই

فَطَرَكُمْ أَوَّلَ مَرَّةٍ ۚ فَسَيُنْغِضُونَ إِلَيْكَ رُءُوسَهُمْ وَيَقُولُونَ مَتَىٰ هُوَ ۖ قُلْ

ফাত্বারাকুম্ আওয়্যালা মার্রাতিন্ ; ফাসাইউন্গিদ্বূনা ইলাইকা রুউসাহুম্ ওয়া ইয়াকূলূনা মাতা- হুওয়া ; ক্বুল
যিনি তোমাদেরকে প্রথমবারে সৃষ্টি করেছেন।' অতঃপর তারা আপনার সামনে মাথা নেড়ে বলবে, 'তা কবে হবে ?' বলুন,

عَسَىٰ أَنْ يَكُونَ قَرِيبًا ﴿٥١﴾ يَوْمَ يَدْعُوكُمْ فَتَسْتَجِيبُونَ بِحَمْدِهِ وَتَظُنُّونَ

'আসা~আইঁ ইয়াকূনা ক্বারীবা-। ৫২। ইয়াওমা ইয়াদ্'উকুম্ ফাতাস্তাজ্বীবূনা বিহ্বাম্দিহী ওয়া তাজুন্নূনা
'সম্ভবতঃ শীঘ্রই তা ঘটবে', (৫২) এটা সেদিন হবে, যেদিন তিনি তোমাদেরকে ডাকবেন। সেদিন তোমরা তাঁর প্রশংসার সাথে তার আহ্বানে সাড়া দেবে এবং তোমরা ভাবে,

إِنْ لَبِثْتُمْ إِلَّا قَلِيلًا ﴿٥٢﴾ وَقُلْ لِعِبَادِي يَقُولُوا الَّتِي هِيَ أَحْسَنُ ۚ إِنَّ الشَّيْطَانَ

ইল্ লাবিছ্তুম্ ইল্লা- ক্বালীলা-। ৫৩। ওয়া কুল্ লি'ইবা-দী ইয়াক্বূলুল্লাতী হিয়া আহ্সানু ; ইন্নাশ্ শাইত্বা-না
'তোমরা অল্পকালই অবস্থান করেছিলে।' (৫৩) আমার বান্দাদেরকে বলে দিন, যা উত্তম তারা যাতে তাই বলে। নিশ্চয় শয়তান

রুকূ

يَنْزَغُ بَيْنَهُمْ ۚ إِنَّ الشَّيْطَانَ كَانَ لِلْإِنْسَانِ عَدُوًّا مُبِينًا ﴿٥٣﴾ رَبُّكُمْ أَعْلَمُ بِكُمْ ۖ

ইয়ানয্বাগু বাইনাহুম্ ; ইন্নাশ শাইত্বা-না কা-না লিল্ইনসা-নি আদুওয়্যাম মুবীনা-। ৫৪। রাব্বুকুম্ আ'লামু বিকুম্ ;
তাদের মধ্যে বিভেদ সৃষ্টির প্ররোচনা দেয়। নিশ্চয় শয়তান মানুষের প্রকাশ্য শত্রু। (৫৪) তোমাদের পালনকর্তা তোমাদের ব্যাপারে ভালভাবেই জানেন।

إِنْ يَشَأْ يَرْحَمْكُمْ أَوْ إِنْ يَشَأْ يُعَذِّبْكُمْ ۚ وَمَا أَرْسَلْنَاكَ عَلَيْهِمْ وَكِيلًا ۝

ইঁইয়াশা' ইয়ারহ্বামকুম্ আও ইঁইয়াশা' ইউ'আয্যিবকুম ; ওয়ামা~আরসালনা-কা 'আলাইহিম্ ওয়াকীলা-।
ইচ্ছা করলে তিনি তোমাদেরকে অনুগ্রহ করতে পারেন অথবা শাস্তিও দিতে পারেন। আমি আপনাকে তাদের অভিভাবক করে পাঠাইনি।

○ টীকা (আঃ ৫০) ঃ অর্থাৎ, তোমরা পাথর, লোহা কিংবা অন্যকিছু হয়ে দেখ জীবিত হও কি-না। আল্লাহ ইচ্ছা করলে তাতেও জীবন সঞ্চার করতে পারেন। এমন কঠিন পদার্থে জীবন সঞ্চার করাও যখন আল্লাহর পক্ষে সম্ভব, তখন অপেক্ষাকৃত কম কঠিন পদার্থে প্রাণ সঞ্চার করা তো আরও সহজ। মানবদেহের বিক্ষিপ্ত অংশগুলোতে প্রাণ সঞ্চার করা যে অপেক্ষাকৃত সহজ তা বলাই বাহুল্য। কেননা, এগুলোর মধ্যে একবার প্রাণ সঞ্চার করা হয়েছে। পক্ষান্তরে লোহা, পাথর ইত্যাদি কঠিন পদার্থের প্রাণীদের ন্যায় প্রাণ তো কখনও আসে নি। (বঃ কোঃ) ○ বিশ্লেষণ (আঃ ৫৩) ঃ هي احسن - দ্বারা ন্যায় (নেক) কাজের নির্দেশ দেয়া ও অন্যায় (গুনাহের) কাজ করতে নিষেধ করাকে বুঝানো হয়েছে। কারো মতে, এর দ্বারা বুঝানো হচ্ছে যে, যদি কোন মুসলমানের সাথে কেউ কর্কশ ও কঠোর ব্যবহার করে তার বিনিময়ে তার সাথে নরম ভাষায় কথা বলবে। কারো মতে, এর দ্বারা কালেমায়ে তাওহীদ ও শাহাদতকে বুঝানো হয়েছে। (তাঃ কাদেরী)

﴿٥٥﴾ وَرَبُّكَ أَعْلَمُ بِمَنْ فِي السَّمَاوَاتِ وَالْأَرْضِ ۗ وَلَقَدْ فَضَّلْنَا بَعْضَ النَّبِيِّينَ عَلَىٰ

৫৫। ওয়া রাব্বুকা আ'লামু বিমান্ ফিস্ সামা-ওয়া-তি ওয়াল্ আরদ্বি ; ওয়ালাক্বাদ ফাদ্বদ্বাল্না-বা'দ্বান্ নাবিয়্যীনা 'আলা-
(৫৫) আসমান ও যমীনে যারা আছে তাদেরকে আপনার প্রভু ভালভাবেই জানেন। আমি তো কতক নবীকে কতক নবীর উপর শ্রেষ্ঠত্ব দিয়েছি।

بَعْضٍ ۖ وَآتَيْنَا دَاوُودَ زَبُورًا ﴿٥٥﴾ قُلِ ادْعُوا الَّذِينَ زَعَمْتُمْ مِنْ دُونِهِ فَلَا يَمْلِكُونَ

বা'দ্বিওঁ ওয়া আ-তাইনা- দা-উদা যাবূরা-। ৫৬। কুলিদ্'উল্ লাযীনা যা'আমতুম্ মিন্ দূনিহী ফালা- ইয়ামলিকূনা
আর দাউদকে আমি যাবুর দিয়েছি। (৫৬) বলুন, 'তোমরা আল্লাহ ব্যতীত যাদেরকে উপাস্য মনে কর তাদেরকে তোমরা ডাক; অথচ তারা

كَشْفَ الضُّرِّ عَنْكُمْ وَلَا تَحْوِيلًا ﴿٥٦﴾ أُولَٰئِكَ الَّذِينَ يَدْعُونَ يَبْتَغُونَ إِلَىٰ

কাশফাদ্ দ্বুররি 'আন্কুম্ ওয়ালা- তাহ্বওয়ীলা-। ৫৭। উলা—ইকাল্ লাযীনা ইয়াদ্'উনা ইয়াব্তাগূনা ইলা-
তোমাদের কষ্ট দূর করা বা পরিবর্তন করার ক্ষমতা রাখে না। (৫৭) তারা যাদেরকে ডাকে তারা তাদের প্রতিপালকের নৈকট্য লাভের উপায়

رَبِّهِمُ الْوَسِيلَةَ أَيُّهُمْ أَقْرَبُ وَيَرْجُونَ رَحْمَتَهُ وَيَخَافُونَ عَذَابَهُ ۚ إِنَّ

রাব্বিহিমুল্ ওয়াসীলাতা আইয়্যুহুম্ আক্বরাবু ওয়া ইয়ারজূনা রাহ্বমাতাহূ ও ইয়াখা-ফূনা 'আযা-বাহু ; ইন্না
সন্ধান করে যে, তাদের মধ্যে কে তাঁর অধিক নিকটবর্তী হতে পারে। তারা তাঁর রহমতের প্রত্যাশা করে ও তাঁর আযাবকে ভয় করে। নিশ্চয়

عَذَابَ رَبِّكَ كَانَ مَحْذُورًا ﴿٥٧﴾ وَإِنْ مِنْ قَرْيَةٍ إِلَّا نَحْنُ مُهْلِكُوهَا قَبْلَ

আযা-বা রাব্বিকা কা-না মাহ্বযূরা। ৫৮। ওয়া ইম্মিন্ ক্বারইয়াতিন্ ইল্লা- নাহ্বনু মুহ্লিকূহা- ক্বাব্লা
আপনার প্রতিপালককের আযাব ভয়াবহ। (৫৮) এমন কোন জনপদ নেই যা আমি কিয়ামতের

يَوْمِ الْقِيَامَةِ أَوْ مُعَذِّبُوهَا عَذَابًا شَدِيدًا ۚ كَانَ ذَٰلِكَ فِي الْكِتَابِ مَسْطُورًا ۝

ইয়াওমিল্ ক্বিয়া-মাতি আও মু'আয্যিবূহা- 'আয়া-বান্ শাদীদান, কা-না যা-লিকা ফিল্ কিতা-বি মাস্তূরা-।
পূর্বে ধ্বংস করব না অথবা যাকে কঠোর শাস্তি দেব না- এ তো কিতাবে (লওহে মাহফুজে) লিখিত আছে।

﴿٥٩﴾ وَمَا مَنَعَنَا أَنْ نُرْسِلَ بِالْآيَاتِ إِلَّا أَنْ كَذَّبَ بِهَا الْأَوَّلُونَ ۚ وَآتَيْنَا ثَمُودَ النَّاقَةَ

৫৯। ওয়ামা- মানা'আনা~আন্ নুরসিলা বিল্আ-য়া-তি ইল্লা~আন্ কায্যাবা বিহাল্ আওয়্যালূনা ; ওয়া আ-তাইনা- ছামূদান না-ক্বাতা
(৫৯) আমি নিদর্শনাবলি প্রেরণ থেকে বিরত থেকেছি তাদের পূর্ববর্তীদের এই নিদর্শন অস্বীকার করার কারণে। আমি স্পষ্ট নিদর্শনরূপে সামুদের নিকট

مُبْصِرَةً فَظَلَمُوا بِهَا ۚ وَمَا نُرْسِلُ بِالْآيَاتِ إِلَّا تَخْوِيفًا ﴿٥٩﴾ وَإِذْ قُلْنَا لَكَ إِنَّ رَبَّكَ

মুব্ছিরাতান্ ফাজালামূ বিহা- ; ওয়ামা- নুরসিলু বিল আ-য়া-তি ইল্লা-তাখওয়ীফা-। ৬০। ওয়া ইয্ কুল্না- লাকা ইন্না রাব্বাকা
উষ্ট্রী পাঠিয়েছিলাম। অতঃপর তারা তার প্রতি জুলুম করেছিল। আমি ভয় প্রদর্শনের জন্যই নিদর্শন পাঠাই। (৬০) (স্মরণ করুন,) আমি যখন আপনাকে

○ শানে নুযূল (আঃ ৫৭) ঃ হাদীস শরীফে বর্ণিত আছে, জাহেলী যুগে কিছু লোক জ্বিনদের পূজা করতো। ইসলাম আগমনের পর সে সমস্ত জ্বিন মুসলমান হয়ে যায়। কিন্তু তারা তাদের মূর্খতা বশতঃ তাদের পূজা চালিয়ে যেতে থাকে। তাদের ব্যাপারেই এ আয়াত নাযিল হয়েছে। কেউ কেউ বলেছেন, যারা জ্বিন, ফেরেশতা, হযরত উযায়ের (আ)-কে পূজা করে তাদের সকলের উদ্দেশ্যেই এ আয়াত নাযিল হয়েছে। আয়াতের অর্থ হলো, তোমরা যাদেরকে মাবুদ মনে করছ, তারা নিজেরাই তাদের প্রতিপালকের প্রতি আনুগত্য প্রদর্শন করে তাঁর রহমতের প্রত্যাশা করে এবং তাঁর আযাবকে ভয় করে। (বুখারী)

أَحَاطَ بِالنَّاسِ ۚ وَمَا جَعَلْنَا الرُّءْيَا الَّتِىْٓ اَرَيْنٰكَ اِلَّا فِتْنَةً لِّلنَّاسِ وَالشَّجَرَةَ

আহ্বা-ত্বা বিন্না-সি ; ওয়ামা-জ্বা'আলনার রু'ইয়াল্ লাতী~আরাইনা-কা ইল্লা-ফিত্নাতাল্ লিন্না-সি ওয়াশ্শাজ্বারাতাল্

বলেছিলাম, তোমার প্রতিপালক মানুষকে পরিবেষ্টন করে আছেন। আর আমি যে দৃশ্য আপনাকে দেখিয়েছি, তা এবং কুরআনে উল্লিখিত অভিশপ্ত বৃক্ষ-

الْمَلْعُوْنَةَ فِى الْقُرْاٰنِ ۚ وَنُخَوِّفُهُمْ ۙ فَمَا يَزِيْدُهُمْ اِلَّا طُغْيَانًا كَبِيْرًا ﴿٦١﴾ وَاِذْ

মাল্'উনাতা ফিল্ কুর্আ-নি ;ওয়া নুখাওয়্যিফুহুম্ ফামা-ইয়াযীদুহুম্ ইল্লা- তুগ্ইয়া-নান কাবীরা-। ৬১। ওয়া ইয্

এতো কেবল মানুষের পরীক্ষার জন্য। আমি তাদের ভীতি প্রদর্শন করি; কিন্তু এতে তাদের তীব্র অবাধ্যতাই বৃদ্ধি করে। (৬১) স্মরণীয় সে সময়, যখন

ع ৬ রুকূ

قُلْنَا لِلْمَلٰٓئِكَةِ اسْجُدُوْا لِاٰدَمَ فَسَجَدُوْٓا اِلَّآ اِبْلِيْسَ ۚ قَالَ ءَاَسْجُدُ لِمَنْ

কুলনা-লিল্ মালা—ইকাতিস্ জুদূ লিআ-দামা ফাসাজ্বাদূ~ইল্লা~ইব্লীসা ; ক্বা-লা আআস্জুদু লিমান

ফেরেশ্তাদেরকে বলেছিলাম, 'আদমকে সিজদা কর। তখন ইবলীস ব্যতীত সবাই সিজদা করল। সে বলেছিল, আমি কি তাকে সিজদা করব যাকে আপনি মাটি

خَلَقْتَ طِيْنًا ﴿٦٢﴾ قَالَ اَرَءَيْتَكَ هٰذَا الَّذِىْ كَرَّمْتَ عَلَىَّ ۫ لَئِنْ اَخَّرْتَنِ اِلٰى

খালাক্বতা ত্বীনা-। ৬২। ক্বা-লা আরাআইতাকা হা-যাল্লাযী কাররাম্তা 'আলাইয়্যা লাইন আখ্খারতানি ইলা-

থেকে সৃষ্টি করেছেন ?' (৬২) সে বলেছিল, দেখুন তো, এতো সেই ব্যক্তি- যাকে আপনি আমার উপর মর্যাদা দিয়েছেন। কিয়ামতের দিন পর্যন্ত যদি আমাকে

يَوْمِ الْقِيٰمَةِ لَاَحْتَنِكَنَّ ذُرِّيَّتَهٗٓ اِلَّا قَلِيْلًا ﴿٦٣﴾ قَالَ اذْهَبْ فَمَنْ تَبِعَكَ مِنْهُمْ

ইয়াওমিল্ ক্বিয়া-মাতি লাআহ্তানিকান্না যুর্রিয়্যাতাহূ~ইল্লা- ক্বালীলা-। ৬৩। ক্বা-লায্হাব্ ফামান্ তাবি'আকা মিন্হুম

অবকাশ দেন, আমি তাদের সামান্য কিছু লোক ছাড়া তার বংশধরদেরকে সমূলে ধ্বংস করে দেব।' (৬৩) আল্লাহ বললেন, তুই যা, তাদের মধ্যে যারা

فَاِنَّ جَهَنَّمَ جَزَآؤُكُمْ جَزَآءً مَّوْفُوْرًا ﴿٦٤﴾ وَاسْتَفْزِزْ مَنِ اسْتَطَعْتَ مِنْهُمْ بِصَوْتِكَ

ফাইন্না জ্বাহান্নামা জ্বাযা—উকুম জ্বাযা—আম মাওফূরা-। ৬৪। ওয়াস্তাফ্যিয্ মানিস্তাত্বা'তা মিন্হুম বিছাওতিকা

তোর অনুসরণ করবে জাহান্নামই হবে তাদের পরিপূর্ণ প্রতিফল।' (৬৪) 'তোর আওয়াজে তাদের মধ্যে যাদেরকে সক্ষম তাদেরকে পথভ্রষ্ট কর, তোর

وَاَجْلِبْ عَلَيْهِمْ بِخَيْلِكَ وَرَجِلِكَ وَشَارِكْهُمْ فِى الْاَمْوَالِ وَالْاَوْلَادِ

ওয়া আজ্বলিব 'আলাইহিম বিখাইলিকা ওয়া রাজ্বিলিকা ওয়া শা-রিক্হুম ফিল আম্ওয়া-লি ওয়াল্ আওলা-দি

অশ্বারোহী ও পদাতিক বাহিনী নিয়ে তাদেরকে আক্রমণ কর এবং তাদের ধনে ও সন্তান-সন্ততিতে তুই মিশে যা, এবং তাদেরকে

وَعِدْهُمْ ۚ وَمَا يَعِدُهُمُ الشَّيْطٰنُ اِلَّا غُرُوْرًا ﴿٦٥﴾ اِنَّ عِبَادِىْ لَيْسَ لَكَ عَلَيْهِمْ

ওয়া'ইদ্হুম ; ওয়ামা- ইয়া'ইদুহুমুশ্ শাইত্বা-নু ইল্লা- গুরূরা-। ৬৫। ইন্না 'ইবা-দী লাইসা লাকা 'আলাইহিম্

প্রতিশ্রুতি দে।' আর শয়তানের প্রতিশ্রুতি প্রতারণা ছাড়া আর কিছুই নয়। (৬৫) 'আমার বিশেষ বান্দাদের উপর তোর কোন ক্ষমতা চলবে না।'

سُلْطٰنٌ ۚ وَكَفٰى بِرَبِّكَ وَكِيْلًا ﴿٦٦﴾ رَبُّكُمُ الَّذِىْ يُزْجِىْ لَكُمُ الْفُلْكَ فِى

সুল্ত্বা-নুন ; ওয়া কাফা- বিরাব্বিকা ওয়াকীলা-। ৬৬। রাব্বুকুমুল্লাযী ইউয্জী লাকুমুল্ ফুলকা ফিল

আর কর্মবিধায়ক হিসাবে আপনার প্রতিপালকই যথেষ্ট। (৬৬) তোমাদের প্রতিপালক তিনিই- যিনি তোমাদের জন্য সমুদ্রে জলযান পরিচালিত করেন,

الْبَحْرِ لِتَبْتَغُوْا مِنْ فَضْلِهٖ ۚ اِنَّهٗ كَانَ بِكُمْ رَحِيْمًا ﴿٦٧﴾ وَاِذَا مَسَّكُمُ الضُّرُّ فِى

বাহ্রি লিতাব্তাগূ মিন্ ফাদ্বলিহী ; ইন্নাহূ কা-না বিকুম রাহ্বীমা-। ৬৭। ওয়া ইযা- মাস্সাকুমুদ্ব দুররু ফিল

যাতে তোমরা তাঁর অনুগ্রহ (রিযিক) তালাশ করতে পার। নিশ্চয় তিনি তোমাদের প্রতি দয়ালু। (৬৭) সমুদ্রে যখন তোমাদেরকে বিপদ স্পর্শ করে, তখন

الْبَحْرِ ضَلَّ مَنْ تَدْعُوْنَ اِلَّآ اِيَّاهُ ۚ فَلَمَّا نَجّٰىكُمْ اِلَى الْبَرِّ اَعْرَضْتُمْ ۚ وَكَانَ

বাহ্রি দ্বাল্লা মান্ তাদ'উনা ইল্লা~ইয়্যা-হু, ফালাম্মা- নাজ্জা-কুম্ ইলাল্ বার্রি আ'রাদ্বতুম ; ওয়া কা-নাল্

আল্লাহ ব্যতীত তোমরা যাদেরকে ডাক তারা সকলেই উধাও হয়ে যায়। অতঃপর তিনি যখন তোমাদেরকে উদ্ধার করে স্থলভাগে নিয়ে আসেন, তখন তোমরা বিমুখ হয়ে যাও।

الْاِنْسَانُ كَفُوْرًا ﴿٦٨﴾ اَفَاَمِنْتُمْ اَنْ يَّخْسِفَ بِكُمْ جَانِبَ الْبَرِّ اَوْ يُرْسِلَ عَلَيْكُمْ

ইন্সা-নু কাফূরা-। ৬৮। আফাআমিন্তুম্ আই ইয়াখ্সিফা বিকুম জ্বা-নিবাল্ বার্রি আও ইউর্সিলা 'আলাইকুম

আর মানুষ বড়ই অকৃতজ্ঞ। (৬৮) তোমরা কি এ বিষয়ে নিশ্চিন্ত হয়ে গেছ যে, তিনি তোমাদেরকে স্থলভাগে কোথাও যমীনসহ ধসিয়ে দিবেন না বা তোমাদের ওপর শিলা

حَاصِبًا ثُمَّ لَا تَجِدُوْا لَكُمْ وَكِيْلًا ﴿٦٩﴾ اَمْ اَمِنْتُمْ اَنْ يُّعِيْدَكُمْ فِيْهِ تَارَةً اُخْرٰى

হ্বা-ছিবান ছুম্মা লা-তাজ্বিদূ লাকুম ওয়াকীলা-। ৬৯। আম্ আমিন্তুম্ আই ইউ'ঈদাকুম্ ফীহি তা-রাতান্ উখ্রা-

বর্ষণকারী ঝড়ো হাওয়া প্রেরণ করবেন না ? তখন তোমরা তোমাদের কোন অভিভাবক পাবে না। (৬৯) বা তোমরা কি এ বিষয়ে নিশ্চিন্ত হয়ে গেছ যে, তিনি তোমাদেরকে

فَيُرْسِلَ عَلَيْكُمْ قَاصِفًا مِّنَ الرِّيْحِ فَيُغْرِقَكُمْ بِمَا كَفَرْتُمْ ۙ ثُمَّ لَا تَجِدُوْا لَكُمْ

ফাইউর্সিলা 'আলাইকুম ক্বা-ছিফাম মিনার্ রীহি ফাইউগ্রিক্বাকুম্ বিমা- কাফারতুম্, ছুম্মা লা-তাজ্বিদূ লাকুম্

পুনরায় সমুদ্রে নিয়ে যাবেন না! অতঃপর প্রচন্ড তুফান প্রেরণ করে তোমাদেরকে তোমাদের অবিশ্বাসের জন্য নিমজ্জিত করবেন না ? তখন তোমরা এ বিষয়ে

عَلَيْنَا بِهٖ تَبِيْعًا ﴿٧٠﴾ وَلَقَدْ كَرَّمْنَا بَنِىْٓ اٰدَمَ وَحَمَلْنٰهُمْ فِى الْبَرِّ وَالْبَحْرِ وَ

'আলাইনা- বিহী তাবী'আ-। ৭০। ওয়ালাক্বাদ কাররাম্না-বানী~আ-দামা ওয়া হ্বামাল্না-হুম ফিল বার্রি ওয়াল বাহ্রি ওয়া

আমার বিরুদ্ধে কোন সাহায্যকারী পাবে না। (৭০) নিশ্চয় আমি আদম সন্তানকে মর্যাদা দান করেছি এবং স্থলে ও জলে তাদেরকে চলাচলের বাহন

رَزَقْنٰهُمْ مِّنَ الطَّيِّبٰتِ وَفَضَّلْنٰهُمْ عَلٰى كَثِيْرٍ مِّمَّنْ خَلَقْنَا تَفْضِيْلًا ﴿٧١﴾ يَوْمَ نَدْعُوْا

রাযাক্বনা-হুম মিনাত্ব ত্বাইয়্যিবা-তি ওয়া ফাদ্বদ্বাল্না-হুম্ 'আলা কাছীরিম্ মিম্মান্ খালাক্বনা-তাফদ্বীলা-। ৭১। ইয়াওমা নাদ্'উ

প্রদান করেছি। আর তাদেরকে উত্তম জীবিকা দান করেছি এবং তাদেরকে অধিকাংশ সৃষ্টির উপর শ্রেষ্ঠত্ব দিয়েছি। (৭১) যেদিন আমি

كُلَّ اُنَاسٍۭ بِاِمَامِهِمْ ۚ فَمَنْ اُوْتِىَ كِتٰبَهٗ بِيَمِيْنِهٖ فَاُولٰٓئِكَ يَقْرَءُوْنَ كِتٰبَهُمْ

কুল্লা উনা-সিম বিইমা-মিহিম, ফামান উতিয়া কিতা-বাহূ বিইয়ামীনিহী ফাউলা—ইকা ইয়াক্বরাউনা কিতা-বাহুম

প্রত্যেক দলকে তাদের নেতাসহ ডাকব। সেদিন ডান হাতে যাদের আমলনামা দেয়া হবে ; তারা তাদের আমলনামা পাঠ করবে এবং তাদের

وَلَا يُظْلَمُوْنَ فَتِيْلًا ﴿٧٢﴾ وَمَنْ كَانَ فِىْ هٰذِهٖٓ اَعْمٰى فَهُوَ فِى الْاٰخِرَةِ اَعْمٰى وَاَضَلُّ

ওয়ালা- ইউজ্লামূনা ফাতীলা-। ৭২। ওয়া মান্ কা-না ফী হা-যিহী~'আমা- ফাহুওয়া ফিল আ-খিরাতি 'আমা- ওয়া আদ্বাললু

প্রতি সামান্য পরিমাণও জুলুম করা হবে না। (৭২) যে দুনিয়াতে (সত্য থেকে) অন্ধ ছিল আখেরাতেও সে অন্ধ থাকবে এবং অধিকতর

سَبِيلًا ﴿٧٢﴾ وَإِنْ كَادُوا لَيَفْتِنُونَكَ عَنِ الَّذِي أَوْحَيْنَا إِلَيْكَ لِتَفْتَرِيَ عَلَيْنَا

সাবীলা-। ৭৩। ওয়া ইন্ কা-দূ লাইয়াফতিনূনাকা 'আনিল্লাযী ~আওহ্বাইনা~ইলাইকা লিতাফতারিয়া 'আলাইনা-
পথভ্রষ্ট হবে। (৭৩) তারা তো আপনাকে সে বিষয়ে প্রায় বিভ্রান্ত করে ফেলেছিল, যা আপনার প্রতি ওহীর মাধ্যমে প্রেরণ করেছিলাম। যাতে আপনি আমার ব্যাপারে এর বিপরীত

غَيْرَهُ وَإِذًا لَاتَّخَذُوكَ خَلِيلًا ﴿٧٣﴾ وَلَوْلَا أَنْ ثَبَّتْنَاكَ لَقَدْ كِدْتَ تَرْكَنُ إِلَيْهِمْ

গাইরাহূ; ওয়া ইযাল্ লাত্তাখাযূকা খালীলা-। ৭৪। ওয়া লাওলা~আন্ ছাব্বাত্না-কা লাক্বাদ্ কিত্তা তারকানু ইলাইহিম
মিথ্যা উদ্ভাবন করতে পারেন। এরূপ করলে তারা আপনাকে বন্ধুরূপে গ্রহন করত। (৭৪) আমি আপনাকে অবিচলিত না রাখলে আপনি তাদের প্রতি কিছুটা

شَيْئًا قَلِيلًا ﴿٧٤﴾ إِذًا لَأَذَقْنَاكَ ضِعْفَ الْحَيَاةِ وَضِعْفَ الْمَمَاتِ ثُمَّ لَا تَجِدُ لَكَ

শাইআন্ ক্বালীলা-। ৭৫। ইযাল্ লাআযাক্বনা-কা দ্বি'ফাল হ্বায়া-তি ওয়া দ্বি'ফাল মামা-তি ছুম্মা লা-তাজ্বিদু লাকা
ঝুঁকেই পড়তেন। (৭৫) আপনি ঝুঁকে পড়লে আপনাকে ইহজীবনে ও পরজীবনে দ্বিগুণ শাস্তির স্বাদ-আস্বাদন করাতাম। তখন আমার বিরুদ্ধে আপনি কোন

عَلَيْنَا نَصِيرًا ﴿٧٥﴾ وَإِنْ كَادُوا لَيَسْتَفِزُّونَكَ مِنَ الْأَرْضِ لِيُخْرِجُوكَ مِنْهَا وَإِذًا

'আলাইনা- নাছ্বীরা-। ৭৬। ওয়াইন্ কা-দূ লাইয়াস তাফিয্যুনাকা মিনাল্ আরদ্বি লিইউখরিজূকা মিন্হা- ওয়া ইযাল্
সাহায্যকারী পেতেন না। (৭৬) তারা আপনাকে এ দেশ থেকে উৎখাত করার চেষ্টা করেছিল- আপনাকে সেখান থেকে বহিষ্কার করার জন্য। এমন করলে

لَا يَلْبَثُونَ خِلَافَكَ إِلَّا قَلِيلًا ﴿٧٦﴾ سُنَّةَ مَنْ قَدْ أَرْسَلْنَا قَبْلَكَ مِنْ رُسُلِنَا وَلَا تَجِدُ

লা-ইয়াল্বাছূনা খিলা-ফাকা ইল্লা- ক্বালীলা-। ৭৭। সুন্নাতা মান্ ক্বাদ আর্সালনা- ক্বাব্লাকা মির রুসুলিনা- ওয়ালা- তাজ্বিদু
তারা আপনার পরে অল্পকালই অবস্থান করতে পারত। (৭৭) আপনার পূর্বে আমি যেসব রাসূল প্রেরণ করেছিলাম তাদের জন্যও ছিল এমন নিয়ম। আর আমার

لِسُنَّتِنَا تَحْوِيلًا ﴿٧٧﴾ أَقِمِ الصَّلَاةَ لِدُلُوكِ الشَّمْسِ إِلَىٰ غَسَقِ اللَّيْلِ وَقُرْآنَ

ع ৮ ৯ ৮ রুকূ

লিসুন্নাতিনা- তাহ্বওয়ীলা-। ৭৮। আক্বিমিছ্ ছ্বালা-তা লিদুলূকিশ্ শাম্সি ইলা- গাসাক্বিল্ লাইলি ওয়া কুরআ-নাল
নিয়মের কোন পরিবর্তন পাবেন না। (৭৮) সূর্য হেলে পড়ার সময় থেকে রাতের ঘন অন্ধকার পর্যন্ত আপনি নামায কায়েম রাখুন এবং ফজরের

الْفَجْرِ إِنَّ قُرْآنَ الْفَجْرِ كَانَ مَشْهُودًا ﴿٧٨﴾ وَمِنَ اللَّيْلِ فَتَهَجَّدْ بِهِ نَافِلَةً لَكَ

ফাজ্বরি ; ইন্না কুরআ-নাল ফাজ্বরি কা-না মাশ্হূদা-। ৭৯। ওয়া মিনাল্ লাইলি ফাতাহাজ্জ্বাদ বিহী না-ফিলাতাল্লাকা-;
নামাযও। নিশ্চয় ফজরের নামায (ফেরেশতাদের) উপস্থিতির সময়। (৭৯) রাতের কিছু অংশে আপনি তাহাজ্জুদের নামায পড়ুন, এটা আপনার জন্য

عَسَىٰ أَنْ يَبْعَثَكَ رَبُّكَ مَقَامًا مَحْمُودًا ﴿٧٩﴾ وَقُلْ رَبِّ أَدْخِلْنِي مُدْخَلَ صِدْقٍ

'আসা~আই ইয়াব্'আছাকা রাব্বুকা মাক্বা-মাম মাহ্বমূদা-। ৮০। ওয়া কুর্ রাব্বি আদ্খিল্নী মুদ্খালা ছ্বিদক্বিওঁ
অতিরিক্ত। আশা করা যায় আপনার প্রভূ আপনাকে মাকামে মাহমুদে পৌছাবেন। (৮০) বলুন, 'হে আমার প্রতিপালক ! আমাকে দাখিল করুন কল্যাণের সাথে

وَأَخْرِجْنِي مُخْرَجَ صِدْقٍ وَاجْعَلْ لِي مِنْ لَدُنْكَ سُلْطَانًا نَصِيرًا ﴿٨٠﴾ وَقُلْ

ওয়া আখরিজ্বনী মুখ্রাজ্বা ছ্বিদ্ক্বিওঁ ওয়াজ্ব'আল্লী মিল্লাদুন্কা সুল্তা-নান নাছ্বীরা-। ৮১। ওয়া কুল
এবং আমাকে বের করুন কল্যাণের সাথে এবং আপনার নিকট থেকে আমাকে সাহায্যকারী শক্তি দান করুন।' (৮১) বলুন,

جَاءَ الْحَقُّ وَزَهَقَ الْبَاطِلُ إِنَّ الْبَاطِلَ كَانَ زَهُوقًا ﴿٨١﴾ وَنُنَزِّلُ مِنَ الْقُرْآنِ مَا

জ্বা—আল্ হ্বাক্বকু ওয়া যাহাক্বাল বা-ত্বিলু ; ইন্নাল বা-ত্বিলা কা-না যাহূক্বা-। ৮২। ওয়া নুনায্যিলু মিনাল্ কুরআ-নি মা-
'সত্য এসে গেছে আর মিথ্যা বিলুপ্ত হয়েছে,' নিশ্চয় মিথ্যা বিলুপ্ত হবেই। (৮২) আমি কুরআনে এমন

هُوَ شِفَاءٌ وَرَحْمَةٌ لِلْمُؤْمِنِينَ وَلَا يَزِيدُ الظَّالِمِينَ إِلَّا خَسَارًا ﴿٨٢﴾ وَإِذَا أَنْعَمْنَا

হুওয়া শিফা—উওঁ ওয়া রাহ্বমাতুল্ লিলমু'মিনীনা, ওয়ালা- ইয়াযীদুজ্ জা-লিমীনা ইল্লা- খাসা-রা-। ৮৩। ওয়া ইযা~আন'আম্না-
বিষয় নাযিল করি যা মুমিনদের জন্য সুচিকিৎসা ও রহমত স্বরূপ। আর তা জালিমদের তো ক্ষতিই বৃদ্ধি করে। (৮৩) যখন আমি মানুষের প্রতি অনুগ্রহ করি,

عَلَى الْإِنْسَانِ أَعْرَضَ وَنَأَىٰ بِجَانِبِهِ وَإِذَا مَسَّهُ الشَّرُّ كَانَ يَئُوسًا ﴿٨٣﴾ قُلْ كُلٌّ

'আলাল্ ইন্সা-নি আ'রাদ্বা ওয়া নাআ-বিজ্বা-নিবিহী, ওয়া ইযা- মাস্সাহুশ্ শাররু কা-না ইয়াউসা-। ৮৪। কুল্ কুল্লুই
তখন সে মুখ ফিরিয়ে নেয় ও অহংকারে দূরে সরে যায়। আর যখন তাকে অনিষ্ট স্পর্শ করে, তখন সে একেবারে নিরাশ হয়ে পড়ে। (৮৪) বলুন, প্রত্যেকেই

يَعْمَلُ عَلَىٰ شَاكِلَتِهِ فَرَبُّكُمْ أَعْلَمُ بِمَنْ هُوَ أَهْدَىٰ سَبِيلًا ﴿٨٤﴾ وَيَسْأَلُونَكَ

ইয়া'মালু 'আলা- শা-কিলাতিহী ; ফারাব্বুকুম্ আ'লামু বিমান্ হুওয়া আহদা- সাবীলা-। ৮৫। ইয়াস্আলূনাকা
নিজ রীতি অনুযায়ী কাজ করে থাকে; সুতরাং চলার পথে কে সর্বাপেক্ষা নির্ভুল পথে চলে, আপনার প্রভূ তা ভাল করেই জানেন। (৮৫) তারা আপনাকে

عَنِ الرُّوحِ قُلِ الرُّوحُ مِنْ أَمْرِ رَبِّي وَمَا أُوتِيتُمْ مِنَ الْعِلْمِ إِلَّا قَلِيلًا ﴿٨٥﴾ وَلَئِنْ

'আনির্ রূহ্বি ; কুলির্ রূহু মিন্ আম্রি রাব্বী ওয়ামা~উতীতুম্ মিনাল্ 'ইল্মি ইল্লা- ক্বালীলা-। ৮৬। ওয়া লাইন্
রূহ্ সম্পর্কে প্রশ্ন করে। বলুন, রূহ্, আমার প্রভূর আদেশে ঘটিত। এ বিষয়ে তোমাদেরকে খুব সামান্য জ্ঞানই দেয়া হয়েছে। (৮৬) আমি চাইলে

شِئْنَا لَنَذْهَبَنَّ بِالَّذِي أَوْحَيْنَا إِلَيْكَ ثُمَّ لَا تَجِدُ لَكَ بِهِ عَلَيْنَا وَكِيلًا ﴿٨٦﴾ إِلَّا

শি'না- লানায্হাবান্না বিল্লাযী~আওহ্বাইনা~ইলাইকা ছুম্মা লা-তাজ্বিদু লাকা বিহী 'আলাইনা- ওয়াকীলা-। ৮৭। ইল্লা-
আপনার প্রতি যা ওহী করেছি তা অবশ্যই প্রত্যাহার করে নিতে পারতাম, তাহলে আমার বিরুদ্ধে আপনি কোন কর্মবিধায়ক পেতেন না। (৮৭) এভাবে

رَحْمَةً مِنْ رَبِّكَ إِنَّ فَضْلَهُ كَانَ عَلَيْكَ كَبِيرًا ﴿٨٧﴾ قُلْ لَئِنِ اجْتَمَعَتِ الْإِنْسُ

রাহ্বমাতাম্ মির্ রাব্বিকা ; ইন্না ফাদ্বলাহূ কা-না 'আলাইকা কাবীরা-। ৮৮। কুল লাইনিজ্ব তামা'আতিল্ ইন্সু
প্রত্যাহার না করা আপনার প্রভূর অনুগ্রহ। নিশ্চয় আপনার প্রতি তাঁর মহা-অনুগ্রহ রয়েছে। (৮৮) বলুন, যদি সমস্ত মানুষও

وَالْجِنُّ عَلَىٰ أَنْ يَأْتُوا بِمِثْلِ هَٰذَا الْقُرْآنِ لَا يَأْتُونَ بِمِثْلِهِ وَلَوْ كَانَ بَعْضُهُمْ

ওয়াল্ জ্বিন্নু 'আলা~আই ইয়া'তূ বিমিছ্লি হা-যাল কুরআ-নি লা-ইয়া'তূনা বিমিছ্লিহী ওয়ালাও কা-না বা'দ্বুহুম্
জ্বিন সমবেত হয়- এ কুরআনের অনুরূপ আরেকটি কুরআন রচনার জন্য- তবুও তারা এর অনুরূপ কুরআন কখনও রচনা করতে পারবে না,

لِبَعْضٍ ظَهِيرًا ﴿٨٨﴾ وَلَقَدْ صَرَّفْنَا لِلنَّاسِ فِي هَٰذَا الْقُرْآنِ مِنْ كُلِّ مَثَلٍ فَأَبَىٰ

লিবা'দ্বিন্ জাহীরা-। ৮৯। ওয়া লাক্বাদ্ ছ্বার্রাফ্না- লিন্না-সি ফী হা-যাল্ কুরআ-নি মিন্ কুল্লি মাছালিন্, ফাআবা~
যদিও তারা পরস্পরের সাহায্যকারী হয়। (৮৯) আমি মানুষের জন্য এ-কুরআনে বিভিন্ন উপমা বর্ণনা করেছি; কিন্তু অধিকাংশ মানুষই তা

اَكْثَرُ النَّاسِ اِلَّا كُفُوْرًا ﴿٨٩﴾ وَقَالُوْا لَنْ نُّؤْمِنَ لَكَ حَتّٰى تَفْجُرَ لَنَا مِنَ الْاَرْضِ

আক্‌ছারুন্‌ না-সি ইল্লা- কুফূরা-। ৯০। ওয়া ক্বা-লূ লান্‌ নু'মিনা লাকা হ্বাত্তা-তাফ্‌জুরা লানা- মিনাল্‌ আর্‌দ্বি
অমান্য না করে ক্ষান্ত হল না। (৯০) আর তারা বলে, 'কখনই আমরা আপনার প্রতি ঈমান আনব না, যতক্ষণ না আপনি আমাদের জন্য যমীন থেকে এক প্রস্রবণ উৎসারিত

يَنْۢبُوْعًا ﴿٩٠﴾ اَوْ تَكُوْنَ لَكَ جَنَّةٌ مِّنْ نَّخِيْلٍ وَّعِنَبٍ فَتُفَجِّرَ الْاَنْهٰرَ خِلٰلَهَا تَفْجِيْرًا

ইয়াম্‌বূ'আ-। ৯১। আও তাকূনা লাকা জান্নাতুম্‌ মিন্‌ নাখীলিঁও ওয়া 'ইনাবিন্‌ ফাতুফাজ্জিরাল্‌ আন্‌হা-রা খিলা-লাহা- তাফ্‌জীরা-।
করে দেবেন।' (৯১) 'অথবা আপনার জন্য খেজুরের বা আঙ্গুরের এক বাগান হবে। যার ফাঁকে ফাঁকে আপনি অজস্রধারায় নদী নালা প্রবাহিত করে দেবেন।

﴿٩١﴾ اَوْ تُسْقِطَ السَّمَآءَ كَمَا زَعَمْتَ عَلَيْنَا كِسَفًا اَوْ تَاْتِيَ بِاللّٰهِ وَالْمَلٰۤئِكَةِ قَبِيْلًا ۟

৯২। আও তুস্‌ক্বিত্বাস্‌ সামা—আ কামা- যা'আম্‌তা 'আলাইনা- কিসাফান্‌ আও তা'তিয়া বিল্লা-হি ওয়াল্‌ মালা—ইকাতি ক্বাবীলা-।
(৯২) বা আপনি যেমন বলে থাকেন অনুরূপ আকাশকে খণ্ড-বিখণ্ড করে আমাদের উপর ফেলে দেবেন, বা আল্লাহ্ও ফেরেশ্‌তাদেরকে আমাদের সম্মুখে উপস্থিত করবেন।'

﴿٩٢﴾ اَوْ يَكُوْنَ لَكَ بَيْتٌ مِّنْ زُخْرُفٍ اَوْ تَرْقٰى فِي السَّمَآءِ ؕ وَلَنْ نُّؤْمِنَ لِرُقِيِّكَ

৯৩। আও ইয়াকূনা লাকা বাইতুম্‌ মিন্‌ যুখ্‌রুফিন্‌ আও তার্‌ক্বা- ফিস্‌ সামা—ই ; ওয়ালান্‌ নু'মিনা লিরুক্বিয়্যিকা
(৯৩) বা আপনার জন্য একটি স্বর্ণ নির্মিত ঘর হবে, বা' আপনি আকাশে আরোহণ করবেন; কিন্তু আপনার আকাশে আরোহণও আমরা বিশ্বাস করব না, যতক্ষণ না আপনি

حَتّٰى تُنَزِّلَ عَلَيْنَا كِتٰبًا نَّقْرَؤُهٗ ؕ قُلْ سُبْحَانَ رَبِّيْ هَلْ كُنْتُ اِلَّا بَشَرًا رَّسُوْلًا ۟

হ্বাত্তা- তুনায্‌যিলা 'আলাইনা- কিতা-বান্‌ নাক্বরাউহূ ; কুল্‌ সুব্‌হ্বা-না রাব্বী হাল্‌ কুনতু ইল্লা-বাশারার্‌ রাসূলা-।
আমাদের প্রতি এমন কিতাব নাযিল না করবেন যা আমরা পাঠ করব।' বলুন, 'পবিত্র, মহান আমার প্রতিপালক! আমি তো কেবল একজন মানুষ- একজন রাসূল মাত্র।'

১০ ع ১০ রুকূ

﴿٩٣﴾ وَمَا مَنَعَ النَّاسَ اَنْ يُّؤْمِنُوْا اِذْ جَآءَهُمُ الْهُدٰۤى اِلَّاۤ اَنْ قَالُوْۤا اَبَعَثَ اللّٰهُ

৯৪। ওয়ামা- মানা'আন্না-সা আইঁ ইউ'মিনূ~ইয্‌ জ্বা—আহুমুল্‌ হুদা~ইল্লা~আন্‌ ক্বা-লূ~আবা'আছাল্লা-হু
(৯৪) 'আল্লাহ্ কি মানুষকে রাসূল করে পাঠিয়েছেন'?– তাদের এ উক্তিই মানুষকে ঈমান গ্রহণ থেকে বিরত রাখে– যখন তাদের নিকট

بَشَرًا رَّسُوْلًا ﴿٩٤﴾ قُلْ لَّوْ كَانَ فِي الْاَرْضِ مَلٰۤئِكَةٌ يَّمْشُوْنَ مُطْمَئِنِّيْنَ لَنَزَّلْنَا

বাশারার্‌ রাসূলা-। ৯৫। কুল্‌ লাও কা-না ফিল্‌ আর্‌দ্বি মালা—ইকাতুইঁ ইয়াম্‌শূনা মুত্বমাইন্নীনা লানায্‌যাল্‌না-
হেদায়েত আসে। (৯৫) বলুন, 'ফেরেশ্‌তারা যদি নিশ্চিন্ত হয়ে পৃথিবীতে বিচরণ করত, তবে আমি আকাশ থেকে ফেরেশতাকেই

عَلَيْهِمْ مِّنَ السَّمَآءِ مَلَكًا رَّسُوْلًا ﴿٩٥﴾ قُلْ كَفٰى بِاللّٰهِ شَهِيْدًا بَيْنِيْ وَبَيْنَكُمْ ؕ اِنَّهٗ

'আলাইহিম্‌ মিনাস্‌ সামা—ই মালাকার্‌ রাসূলা-। ৯৬। কুল্‌ কাফা-বিল্লা-হি শাহীদাম বাইনী ওয়া বাইনাকুম্‌ ; ইন্নাহূ
তাদের নিকট রসূল করে পাঠাতাম।' (৯৬) বলুন, 'আমার ও তোমাদের মধ্যে সাক্ষী হিসেবে আল্লাহ্ই যথেষ্ট, নিশ্চয় তিনি তাঁর

○ শানে নুযূল (আঃ ৯১) ঃ একদিন আবু জেহেলসহ প্রমুখ কতিপয় কুরাইশ সর্দার হুযূর (স)-এর খেদমতে এসে বলল, যদি টাকা পয়সার লোভে কিংবা সর্দারী লাভের লালসায় এই নূতন ধর্ম আবিষ্কার করে থাক, তবে আমরা চাঁদা আদায় করে টাকা সংগ্রহ করছি এবং তোমাকে কাওমের সর্দারী প্রদান করছি। আর যদি তোমার মস্তিষ্কে কোন দোষ ঘটে থাকে, বল চিকিৎসার ব্যবস্থা করে দেই। হুযূর (স) বললেন, এর কোনটিই নয়; বরং আমি আল্লাহর প্রেরিত রাসূল। তাঁরই আদেশ প্রচার করছি। গ্রহণ করলে তোমাদেরই মঙ্গল, অন্যথায় তোমাদের ভাল-মন্দ তোমরাই জান। তারা জেদ করে বলল, তুমি সত্য নবী হলে এই মক্কা ভূমিতে ফলের বাগান রচনা করে দাও ইত্যাদি। (ইবনে জারীর)

كَانَ بِعِبَادِهٖ خَبِيْرًاۢ بَصِيْرًا ﴿٩٦﴾ وَمَنْ يَّهْدِ اللّٰهُ فَهُوَ الْمُهْتَدِ ۚ وَمَنْ يُّضْلِلْ فَلَنْ تَجِدَ

কা-না বি'ইবা-দিহী খাবীরাম্‌ বাছীরা-। ৯৭। ওয়া মাইঁ ইয়াহ্‌দিল্লা-হু ফাহুওয়াল্‌ মুহ্‌তাদি, ওয়ামাইঁ ইউদ্বলিল্‌ ফালান তাজিদা
বান্দাদের ব্যাপারে সবিশেষ অবহিত ও সম্যক দ্রষ্টা।' (৯৭) আল্লাহ্ যাকে হেদায়েত করেন সে হেদায়েত প্রাপ্ত এবং যাকে তিনি পথভ্রষ্ট করেন, আপনি কখনও তাকে ছাড়া অন্য

لَهُمْ اَوْلِيَآءَ مِنْ دُوْنِهٖ ؕ وَنَحْشُرُهُمْ يَوْمَ الْقِيٰمَةِ عَلٰى وُجُوْهِهِمْ عُمْيًا وَّبُكْمًا

লাহুম্‌ আওলিয়া—আ মিন্‌ দূনিহী ; ওয়ানাহ্বশুরুহুম্‌ ইয়াওমাল ক্বিয়া-মাতি 'আলা-উজূহিহিম্‌ 'উম্‌ইয়াওঁ ওয়া বুক্‌মাওঁ
কাউকেও তার জন্য অভিভাবক পাবেন না। কিয়ামতের দিন আমি অন্ধ, মূক, বধির ও মুখে ভর দিয়ে চলা অবস্থায় তাদেরকে একত্রিত

وَّصُمًّا ؕ مَاْوٰىهُمْ جَهَنَّمُ ؕ كُلَّمَا خَبَتْ زِدْنٰهُمْ سَعِيْرًا ﴿٩٧﴾ ذٰلِكَ جَزَآؤُهُمْ بِاَنَّهُمْ كَفَرُوْا

ওয়া ছুম্মা ; মা'ওয়া-হুম্‌ জ্বাহান্নামু ; কুল্লামা- খাবাত্‌ যিদ্‌না-হুম্‌ সা'ঈরা-। ৯৮। যা-লিকা জ্বাযা—উহুম্‌ বিআন্নাহুম্‌ কাফারূ
করব। তাদের আবাসস্থল জাহান্নাম, যখনই তা প্রায় স্তিমিত হয়ে যাবে, তখনই আমি তাদের জন্য অগ্নি বৃদ্ধি করে দেব। (৯৮) এটিই তাদের প্রতিফল, কারণ, তারা

بِاٰيٰتِنَا وَقَالُوْۤا ءَاِذَا كُنَّا عِظَامًا وَّرُفَاتًا ءَاِنَّا لَمَبْعُوْثُوْنَ خَلْقًا جَدِيْدًا ﴿٩٨﴾ اَوَلَمْ يَرَوْا

বিআ-য়া-তিনা- ওয়াক্বা-লূ~আইযা- কুন্না-'ইজা-মাওঁ ওয়া রুফা-তান্‌ আইন্না- লামাব্‌'উছূনা খাল্‌ক্বান্‌ জ্বাদীদা-। ৯৯। আওয়া লাম্‌ ইয়ারাও
আমার আয়াতসমূহ অস্বীকার করেছিল ও বলেছিল, আমরা অস্থিতে পরিণত হলে ও চূর্ণ-বিচূর্ণ হলেও কি নতুন সৃষ্টিরূপে পুনরুত্থিত হব?' (৯৯) তারা কি লক্ষ্য করে না,

اَنَّ اللّٰهَ الَّذِيْ خَلَقَ السَّمٰوٰتِ وَالْاَرْضَ قَادِرٌ عَلٰۤى اَنْ يَّخْلُقَ مِثْلَهُمْ وَجَعَلَ

আন্নাল্লা-হাল্লাযী খালাক্বাস্‌ সামা-ওয়া-তি ওয়াল্‌ আর্‌দ্বা ক্বা-দিরুন্‌ 'আলা~আইঁ ইয়াখ্‌লুক্বা মিছ্‌লাহুম্‌ ওয়া জ্বা'আলা
যে আল্লাহ্ আকাশ ও পৃথিবী সৃষ্টি করেছেন, তিনি তাদের অনুরূপ সৃষ্টি করতে সক্ষম? তিনি তাদের জন্য এক নির্দিষ্ট কাল স্থির করেছেন,

لَهُمْ اَجَلًا لَّا رَيْبَ فِيْهِ ؕ فَاَبَى الظّٰلِمُوْنَ اِلَّا كُفُوْرًا ﴿٩٩﴾ قُلْ لَّوْ اَنْتُمْ تَمْلِكُوْنَ

লাহুম্‌ আজ্বালাল্‌ লা- রাইবা ফীহি ; ফাআবায্‌ জা-লিমূনা ইল্লা- কুফূরা-। ১০০। কুল্‌ লাও আন্‌তুম্‌ তাম্‌লিকূনা
যাতে কোন সন্দেহ নেই। এরপরও জালিমরা কুফরী করেই যাচ্ছে। (১০০) বলুন, 'যদি তোমরা আমার প্রতিপালকের রহমতের

خَزَآئِنَ رَحْمَةِ رَبِّيْۤ اِذًا لَّاَمْسَكْتُمْ خَشْيَةَ الْاِنْفَاقِ ؕ وَكَانَ الْاِنْسَانُ قَتُوْرًا ۟

খাযা—ইনা রাহ্বমাতি রাব্বী~ইযাল্‌ লাআম্‌সাক্‌তুম্‌ খাশ্‌ইয়াতাল্‌ ইন্‌ফা-ক্বি ; ওয়া কা-নাল্‌ ইন্‌সা-নু ক্বাতূরা-।
ভাণ্ডারের মালিক হতে, তবুও তোমরা ব্যয় হয়ে যাওয়ার আশংকায় তা ধরে রাখতে।' মানুষ আসলেই কৃপণমনা হয়ে থাকে।

১১ ع ১১ রুকূ

﴿١٠٠﴾ وَلَقَدْ اٰتَيْنَا مُوْسٰى تِسْعَ اٰيٰتٍۭ بَيِّنٰتٍ فَسْئَلْ بَنِيْۤ اِسْرَآءِيْلَ اِذْ جَآءَهُمْ فَقَالَ

১০১। ওয়া লাক্বাদ্‌ আ-তাইনা- মূসা- তিস'আ আ-য়া-তিম বাইয়্যিনা-তিন্‌ ফাস্‌আল্‌ বানী~ইস্‌রা—ঈলা ইয্‌ জ্বা—আহুম্‌ ফাক্বা-লা
(১০১) আপনি বনী ইস্রাঈলদেরকে জিজ্ঞাসা করে দেখুন, আমি মূসাকে নয়টি সুস্পষ্ট নিদর্শন দিয়েছিলাম। যখন তিনি তাদের নিকট এসেছিলেন, তখন

لَهٗ فِرْعَوْنُ اِنِّيْ لَاَظُنُّكَ يٰمُوْسٰى مَسْحُوْرًا ﴿١٠١﴾ قَالَ لَقَدْ عَلِمْتَ مَاۤ اَنْزَلَ هٰۤؤُلَآءِ

লাহূ ফির্‌'আওনু ইন্নী লাআজুন্নুকা ইয়া-মূসা- মাস্‌হূরা-। ১০২। ক্বা-লা লাক্বাদ্‌ 'আলিমতা মা~আন্‌যালা হা~উলা—ই
ফেরাউন তাকে বলেছিল, 'হে মূসা! আমি তো মনে করি তুমি জাদুগ্রস্ত।' (১০২) মূসা বলেছিলেন, 'তুমি তো জান, আকাশ ও

إِلَّا رَبُّ السَّمٰوٰتِ وَالْأَرْضِ بَصَائِرَ ۚ وَإِنِّي لَأَظُنُّكَ يٰفِرْعَوْنُ مَثْبُورًا ﴿١٠٢﴾ فَأَرَادَ

ইল্লা- রাব্বুস্ সামা-ওয়া-তি ওয়াল্ আরদ্বি বাছ্বা—ইরা, ওয়া ইন্নী লাআজুন্নুকা ইয়া-ফির'আওনু মাছ্বূরা-। ১০৩। ফাআরা-দা

পৃথিবীর পালনকর্তাই এ সমস্ত স্পষ্ট নিদর্শন প্রত্যক্ষ প্রমাণস্বরূপ নাযিল করেছেন। হে ফেরাউন ! আমি তো মনে করি তুমি অবশ্যই ধ্বংস হতে চলেছ।' (১০৩) অতঃপর

أَنْ يَّسْتَفِزَّهُمْ مِّنَ الْأَرْضِ فَأَغْرَقْنٰهُ وَمَنْ مَّعَهٗ جَمِيعًا ﴿١٠٣﴾ وَّقُلْنَا مِنْ بَعْدِهٖ لِبَنِيٓ

আই ইয়াস্তাফিয্যাহুম্ মিনাল্ আরদ্বি ফাআগ্রাক্বনা-হু ওয়া মাম্ মা'আহূ জ্বামী'আ-। ১০৪। ওয়া ক্বুল্না- মিম্ বা'দিহী লিবানী~

ফেরাউন তাদেরকে দেশ থেকে উচ্ছেদ করতে চাইল, তখন আমি তাকে তার সঙ্গীদেরকে নিমজ্জিত করলাম। (১০৪) এর পর আমি বনীইস্রাঈলদেরকে

إِسْرَائِيلَ اسْكُنُوا الْأَرْضَ فَإِذَا جَآءَ وَعْدُ الْاٰخِرَةِ جِئْنَا بِكُمْ لَفِيفًا ﴿١٠٤﴾ وَبِالْحَقِّ

ইস্রা—ঈলাস্ কুনুল্ আরদ্বা ফাইযা- জ্বা—আ ওয়া'দুল্ আ-খিরাতি জ্বি'না- বিকুম্ লাফীফা-। ১০৫। ওয়া বিল্হাক্বক্বি

বললাম, 'তোমরা এ দেশে বসবাস কর এবং যখন আখেরাতের ওয়াদা এসে যাবে, তখন তোমাদেরকে একত্রিত করে সমবেত করব।' (১০৫) আমি সত্যসহ

أَنْزَلْنٰهُ وَبِالْحَقِّ نَزَلَ ۗ وَمَآ أَرْسَلْنٰكَ إِلَّا مُبَشِّرًا وَّنَذِيرًا ﴿١٠٥﴾ وَقُرْاٰنًا فَرَقْنٰهُ

আন্যাল্না-হু ওয়া বিলহাক্বক্বি নায্যালা ; ওয়ামা~আর্সাল্না-কা ইল্লা- মুবাশ্শিরাওঁ ওয়া নাযীরা-। ১০৬। ওয়া ক্বুরআ-নান্ ফারাক্বনা-হু

কুরআন নাযিল করেছি এবং তা সত্যসহই নাযিল হয়েছে। আমি তো আপনাকে সুসংবাদদাতা ও সতর্ককারীরূপেই পাঠিয়েছি। (১০৬) আমি খণ্ড খণ্ডভাবে কুরআন নাযিল

لِتَقْرَأَهٗ عَلَى النَّاسِ عَلٰى مُكْثٍ وَّنَزَّلْنٰهُ تَنْزِيلًا ﴿١٠٦﴾ قُلْ اٰمِنُوا بِهٖٓ أَوْ لَا تُؤْمِنُوا ۚ

লিতাক্বরাআহূ 'আলান্ না-সি 'আলা- মুক্ছিওঁ ওয়া নায্যাল্না-হু তান্যীলা-। ১০৭। কুল আ-মিনূ বিহী~আও লা- তু'মিনূ ;

করেছি, যাতে আপনি মানুষের নিকট থেমে থেমে তা পাঠ করতে পারেন এবং আমি তা যথাযথভাবেই নাযিল করেছি। (১০৭) বলুন, 'তোমরা এর প্রতি

إِنَّ الَّذِينَ أُوتُوا الْعِلْمَ مِنْ قَبْلِهٖٓ إِذَا يُتْلٰى عَلَيْهِمْ يَخِرُّونَ لِلْأَذْقَانِ

ইন্নাল্লাযীনা উতুল 'ইল্মা মিন্ ক্বাব্লিহী~ইযা- ইউত্লা- 'আলাইহিম্ ইয়াখিররূনা লিল্ আয্ক্ব-নি

ঈমান আন বা নাই আন, যাদেরকে কুরআনের পূর্বে জ্ঞান দেওয়া হয়েছিল, তাদের নিকট যখন তা পাঠ করা হয়, তখন তারা লুটিয়ে পড়ে

سُجَّدًا ﴿١٠٧﴾ وَّيَقُولُونَ سُبْحٰنَ رَبِّنَآ إِنْ كَانَ وَعْدُ رَبِّنَا لَمَفْعُولًا ﴿١٠٨﴾ وَيَخِرُّونَ

সুজ্জ্বাদা-। ১০৮। ওয়া ইয়াকূলূনা সুব্হা-না রাব্বিনা~ইন্ কা-না ওয়া'দু রাব্বিনা লামাফ'উলা-। ১০৯। ওয়া ইয়াখিররূনা

সিজদায়।' (১০৮) আর বলে, 'আমাদের প্রতিপালক পবিত্র, সুমহান। অবশ্যই আমাদের প্রভুর ওয়াদা বাস্তবায়িত হয়ে থাকে।' (১০৯) তারা বিনয়াবনত হয়ে কাঁদতে কাঁদতে

সিজদাহ্

لِلْأَذْقَانِ يَبْكُونَ وَيَزِيدُهُمْ خُشُوعًا ﴿١٠٩﴾ قُلِ ادْعُوا اللّٰهَ أَوِ ادْعُوا الرَّحْمٰنَ ۖ

লিল্আয্ক্বা-নি ইয়াব্কূনা ওয়া ইয়াযীদুহুম্ খুশূ'আ-। ১১০। কুলিদ্'উল্লা-হা আওয়িদ্'উর রাহ্মা-না ;

ভূমিতে লুটিয়ে পড়ে এবং এ কুরআন তাদের বিনয় আরও বৃদ্ধি করে দেয়।' (১১০) বলুন, 'তোমরা 'আল্লাহ্' নামে আহ্বান কর বা 'রাহমান' নামে আহ্বান কর,

أَيًّا مَّا تَدْعُوا فَلَهُ الْأَسْمَآءُ الْحُسْنٰى ۚ وَلَا تَجْهَرْ بِصَلَاتِكَ وَلَا تُخَافِتْ بِهَا

আ ইয়্যাম্ মা-তাদ্'উ ফালাহুল্ আস্মা—উল্ হুস্না-, ওয়ালা- তাজ্হার্ বিছ্বালা-তিকা ওয়ালা-তুখাফিত্ বিহা-

তোমরা যে নামেই আহ্বান কর না কেন– তাঁর সকল নামই তো সুন্দর। আর নামাযে আপনি উচ্চস্বরে পড়বেন না এবং অতিশয় ক্ষীণ স্বরেও পড়বেন না ;

সিজদাহ্ ঃ ৪

وَابْتَغِ بَيْنَ ذٰلِكَ سَبِيلًا ﴿١١٠﴾ وَقُلِ الْحَمْدُ لِلّٰهِ الَّذِي لَمْ يَتَّخِذْ وَلَدًا وَّلَمْ

ওয়াব্তাগি বাইনা যা-লিকা সাবীলা-। ১১১। ওয়া কুলিল হাম্দু লিল্লা-হিল্লাযী লাম্ ইয়াত্তাখিয্ ওয়ালাদাওঁ ওয়ালাম্

এ দুয়ের মধ্যপথ অবলম্বন করুন।' (১১১) বলুন, 'সকল প্রশংসা আল্লাহ্রই, যিনি কোন সন্তান গ্রহণ করেন নি, তাঁর সার্বভৌমত্বে কোন অংশীদার

يَكُنْ لَّهٗ شَرِيكٌ فِي الْمُلْكِ وَلَمْ يَكُنْ لَّهٗ وَلِيٌّ مِّنَ الذُّلِّ وَكَبِّرْهُ تَكْبِيرًا ﴿١١١﴾

ইয়াকুল্ লাহূ শারীকুন্ ফিল্ মুল্কি ওয়া লাম ইয়াকুল্ লাহূ ওয়ালিয়্যুম্ মিনায্ যুল্লি ওয়া কাব্বির্হু তাক্বীরা-।

নেই এবং তিনি দুর্দশাগ্রস্ত হন না– যে কারণে তাঁর অভিভাবকের প্রয়োজন হতে পারে; সুতরাং সমহিমায় তাঁর মাহাত্ম্য ঘোষণা করুন।'

১২ রুকূ

সূরা কাহফ মক্কী	بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيمِ বিসমিল্লা-হির রাহ্মা-নির রাহীম পরম দাতা ও দয়ালু আল্লাহ্র নামে শুরু করছি	আয়াত ঃ ১১০ রুকূ ঃ ১২

الْحَمْدُ لِلّٰهِ الَّذِيٓ أَنْزَلَ عَلٰى عَبْدِهِ الْكِتٰبَ وَلَمْ يَجْعَلْ لَّهٗ عِوَجًا ﴿١﴾ قَيِّمًا لِّيُنْذِرَ

১। আল্হাম্দু লিল্লা-হিল্লাযী~আন্যালা 'আলা- 'আবদিহিল কিতা-বা ওয়ালাম্ ইয়াজ্'আল লাহূ 'ইওয়াজ্বা-। ২। ক্বাইয়্যিমাল্ লিইউন্যিরা

(১) সকল প্রশংসা আল্লাহ্রই, যিনি তাঁর বান্দার প্রতি এ কিতাব নাযিল করেছেন এবং এতে তিনি কোন অসঙ্গতি রাখেননি। (২) একে তাঁর ভয়াবহ শাস্তি

بَأْسًا شَدِيدًا مِّنْ لَّدُنْهُ وَيُبَشِّرَ الْمُؤْمِنِينَ الَّذِينَ يَعْمَلُونَ الصّٰلِحٰتِ أَنَّ لَهُمْ

বা'সান্ শাদীদাম্ মিল্লাদুন্হু ওয়া ইউবাশ্শিরাল্ মু'মিনীনাল্ লাযীনা ইয়া'মালুনাছ্ ছ্বা-লিহ্বা-তি আন্না লাহুম্

সম্পর্কে সতর্ক করার জন্য সুপ্রতিষ্ঠিত করেছেন এবং মুমিনদের মধ্যে যারা সৎকাজ করে তাদেরকে এ সুসংবাদ দেয়ার জন্য যে, তাদের

أَجْرًا حَسَنًا ﴿٢﴾ مّٰكِثِينَ فِيهِ أَبَدًا ﴿٣﴾ وَّيُنْذِرَ الَّذِينَ قَالُوا اتَّخَذَ اللّٰهُ وَلَدًا ﴿٤﴾

আজ্বরান্ হ্বাসানা-। ৩। মা-কিছীনা ফীহি আবাদা-। ৪। ওয়া ইউন্যিরাল্লাযীনা ক্বা-লুত্তাখাযাল্লা-হু ওয়ালাদা-।

জন্য রয়েছে উত্তম পুরস্কার। (৩) সেখানে তারা চিরকাল থাকবে ; (৪) এবং তাদেরকে ভীতি প্রদর্শনের জন্য, যারা বলে, আল্লাহ্ সন্তান গ্রহণ করেছেন।

مَا لَهُمْ بِهٖ مِنْ عِلْمٍ وَّلَا لِاٰبَآئِهِمْ ۗ كَبُرَتْ كَلِمَةً تَخْرُجُ مِنْ أَفْوَاهِهِمْ ۚ

৫। মা- লাহুম্ বিহী মিন্ 'ইল্মিওঁ ওয়ালা- লিআ-বা—ইহিম্, কাবুরাত্ কালিমাতান্ তাখরুজু মিন্ আফওয়া-হিহিম্ ;

(৫) এ বিষয়ে তাদের কোন জ্ঞান নেই এবং তাদের পিতৃপুরুষদেরও কোন জ্ঞান ছিল না, তাদের মুখনিঃসৃত বাক্য কি সাংঘাতিক !

إِنْ يَّقُولُونَ إِلَّا كَذِبًا ﴿٥﴾ فَلَعَلَّكَ بَاخِعٌ نَّفْسَكَ عَلٰىٓ اٰثَارِهِمْ إِنْ لَّمْ يُؤْمِنُوا

ই ইয়াক্বূলূনা ইল্লা-কাযিবা-। ৬। ফালা'আল্লাকা বা-খি'উন্নাফ্সাকা 'আলা~আ-ছা-রিহিম্ ইল্ লাম ইউ'মিনূ

তারা কেবল মিথ্যাই বলে। (৬) সম্ভবতঃ আপনি অনুতাপ করতে করতে নিজের প্রাণ ধ্বংস করে দেবেন– যদি তারা এই কুরআনের বিষয় বস্তুর

بِهٰذَا الْحَدِيثِ أَسَفًا ﴿٦﴾ إِنَّا جَعَلْنَا مَا عَلَى الْأَرْضِ زِينَةً لَّهَا لِنَبْلُوَهُمْ أَيُّهُمْ

বিহা-যাল্ হ্বাদীছি আসাফা-। ৭। ইন্না- জ্বা'আল্না- মা- 'আলাল্ আরদ্বি যীনাতাল্লাহা- লিনাব্লুওয়াহুম্ আইয়্যুহুম্

প্রতি ঈমান না আনে। (৭) পৃথিবীতে যা কিছু আছে আমি সেগুলোকে এর জন্য শোভা করেছি– মানুষকে এমর্মে পরীক্ষা করার জন্য যে, তাদের মধ্যে

أَحْسَنُ عَمَلًا ۝ وَإِنَّا لَجٰعِلُونَ مَا عَلَيْهَا صَعِيدًا جُرُزًا ۝ أَمْ حَسِبْتَ أَنَّ أَصْحٰبَ

আহ্সানু 'আমালা-। ৮। ওয়া ইন্না- লাজ্বা-'ইলূনা মা-'আলাইহা- ছ্বা'ঈদান্ জুরুযা-। ৯। আম্ হাসিব্তা আন্না আছ্হা-বাল
কে বেশি সৎকর্ম করে। (৮) তার উপর যা কিছু আছে, তা আমি অবশ্যই শূন্য এক মাঠে পরিণত করব। (৯) আপনি কি মনে করেন যে,

الْكَهْفِ وَالرَّقِيمِ كَانُوا مِنْ اٰيٰتِنَا عَجَبًا ۝ إِذْ أَوَى الْفِتْيَةُ إِلَى الْكَهْفِ

কাহ্ফি ওয়ার রাক্বীমি, কা-নূ মিন্ আ-য়া-তিনা- 'আজ্বাবা-। ১০। ইয্ আওয়াল্ ফিত্ইয়াতু ইলাল্ কাহ্ফি
গুহা ও গর্তের অধিবাসীরা আমার নিদর্শনাবলির মধ্যে বিস্ময়কর ছিল ? (১০) যখন যুবকেরা গুহায় আশ্রয় নেয়, তখন তারা বলে,

فَقَالُوا رَبَّنَا اٰتِنَا مِنْ لَّدُنْكَ رَحْمَةً وَّهَيِّئْ لَنَا مِنْ أَمْرِنَا رَشَدًا ۝ فَضَرَبْنَا عَلٰٓى

ফাক্বা-লূ রাব্বানা~আ-তিনা- মিল্লাদুন্কা রাহ্মাতাওঁ ওয়া হায়্যি' লানা- মিন্ আম্রিনা- রাশাদা-। ১১। ফাদ্বারাব্না- 'আলা~
'হে আমাদের প্রতিপালক ! আপনি আপনার নিজের পক্ষ থেকে আমাদেরকে অনুগ্রহ দান করুন এবং আমাদের জন্য আমাদের কাজ সহজে পরিপূর্ণ করে দিন। (১১) তখন আমি

اٰذَانِهِمْ فِي الْكَهْفِ سِنِينَ عَدَدًا ۝ ثُمَّ بَعَثْنٰهُمْ لِنَعْلَمَ أَيُّ الْحِزْبَيْنِ أَحْصٰى

لَّمْ نَجْعَلْ لَّهُمْ مِّنْ دُوْنِهَا سِتْرًا ﴿٩٠﴾ كَذٰلِكَ ۗ وَقَدْ اَحَطْنَا بِمَا لَدَيْهِ خُبْرًا ○

লাম্ নাজ্'আল্লাহুম্ মিন দূনিহা- সিত্রা- । ৯১ । কাযা-লিক; ওয়া ক্বাদ্ আহাত্না- বিমা- লাদাইহি খুব্রা- ।

যাদেরকে সূর্য-তাপ থেকে আত্মরক্ষার কোন উপকরণ আমি দেইনি । (৯১) প্রকৃত ঘটনা এমনিই, আর যুলকারনাইনের বৃত্তান্ত সম্বন্ধে আমি সম্যক অবগত আছি ।

﴿٩١﴾ ثُمَّ اَتْبَعَ سَبَبًا ﴿٩٢﴾ حَتّٰىٓ اِذَا بَلَغَ بَيْنَ السَّدَّيْنِ وَجَدَ مِنْ دُوْنِهِمَا قَوْمًا ۙ

৯২ । ছুম্মা আত্বা'আ সাবাবা- । ৯৩ । হাত্তা~ইয়া-বালাগা বাইনাস্ সাদ্দাইনি ওয়াজ্বাদা মিন্ দূনিহিমা- ক্বাওমাল

(৯২) অতঃপর তিনি এক উপায় অবলম্বন করলেন, (৯৩) চলতে চলতে যখন পর্বত-প্রাচীরের মধ্যবর্তী স্থানে পৌছলেন, তখন সেখানে তিনি এমন এক সম্প্রদায়কে

لَّا يَكَادُوْنَ يَفْقَهُوْنَ قَوْلًا ﴿٩٣﴾ قَالُوْا يٰذَا الْقَرْنَيْنِ اِنَّ يَاْجُوْجَ وَمَاْجُوْجَ

লা-ইয়াকা-দূনা ইয়াফকাহূনা ক্বাওলা- ৯৪ । ক্বা-লূ ইয়া- যাল্ক্বারনাইনি ইন্না ইয়া'জূজ্বা ওয়া মা'জূজ্বা

পেলেন, যারা তার কথা মোটেই বুঝতে পারছিল না । (৯৪) তারা বলল, 'হে যুলকারনাইন! ইয়াজুজ ও মাজুজ পৃথিবীতে অশান্তি সৃষ্টি

مُفْسِدُوْنَ فِى الْاَرْضِ فَهَلْ نَجْعَلُ لَكَ خَرْجًا عَلٰٓى اَنْ تَجْعَلَ بَيْنَنَا وَبَيْنَهُمْ

মুফ্সিদূনা ফিল্ আরদ্বি ফাহাল্ নাজ্'আলু লাকা খারজ্বান্ 'আলা~আন্ তাজ্'আলা বাইনানা- ওয়া বাইনাহুম্

করছে । সুতরাং আমরা কি আপনার জন্য এই শর্তে কিছু চাঁদা সংগ্রহ করব যে, আপনি আমাদের ও তাদের মধ্যে এক প্রাচীর নির্মাণ করে

سَدًّا ﴿٩٤﴾ قَالَ مَا مَكَّنِّىْ فِيْهِ رَبِّىْ خَيْرٌ فَاَعِيْنُوْنِىْ بِقُوَّةٍ اَجْعَلْ بَيْنَكُمْ

সাদ্দা- । ৯৫ । ক্বা-লা মা- মাক্কান্নী ফীহি রাব্বী খাইরুন্ ফাআ'ঈনূনী বিকুওওয়াতিন্ আজ্'আল্ বাইনাকুম

দেবেন ? (৯৫) তিনি বললেন, আমার প্রভু আমাকে যে সামর্থ দিয়েছেন তাই উৎকৃষ্ট; তাই তোমরা আমাকে তোমাদের শ্রম দ্বারা সাহায্য কর । আমি তোমাদের এবং

وَبَيْنَهُمْ رَدْمًا ﴿٩٥﴾ اٰتُوْنِىْ زُبَرَ الْحَدِيْدِ ۗ حَتّٰىٓ اِذَا سَاوٰى بَيْنَ الصَّدَفَيْنِ

ওয়া বাইনাহুম রাদ্মা- । ৯৬ । আ-তূনী যুবারাল্ হাদীদ; হাত্তা~ইযা- সা-ওয়া- বাইনাস্স্বাদাফাইনি

তাদের মাঝে এক শক্ত প্রাচীর নির্মাণ করে দেব ।' (৯৬) 'তোমরা আমাকে লোহার পাতসমূহ এনে দাও । অতঃপর যখন পর্বতের মধ্যবর্তী খালি জায়গাটুকু পূর্ণ হয়ে

○ টীকা (আঃ ৯৪) ঃ ইয়াজুজ মাজুজ হচ্ছে এশিয়ার উত্তর-পূর্ব অঞ্চলের সেই জাতিগুলো, যারা প্রাচীনকাল থেকে সভ্য দেশগুলোর উপর ধ্বংসাত্মক বর্বর হামলা চালিয়ে এসেছে এবং মাঝে মাঝে প্লাবনের মত উত্থিত হয়ে এশিয়া ও ইউরোপ উভয় দিকেই মোড় নিতে থাকে । হিযকিয়েলের কিতাবে (৩৮-৩৯ অধ্যায়) রুশ ও তোবল (বর্তমান তোবলস্ক) এবং মসককে (বর্তমানে মস্কো) এদের এলাকা বলে উল্লেখ করা হয়েছে । ইসরাঈলী ঐতিহাসিক ইউসিফুস ইয়াজুজ মাজুজ অর্থে সিথিয়ান কওম বুঝেছেন । যাদের এলাকা ছিল কৃষ্ণসাগরের উত্তর পূর্বে অবস্থিত । জিরুমের বর্ণনা মতে মাজুজ ককেশিয়ার উত্তরে কাস্পিয়ান সাগরের নিকট বসবাস করতো ।

قَالَ انْفُخُوْا ؕ حَتّٰۤى اِذَا جَعَلَهٗ نَارًا ۙ قَالَ اٰتُوْنِىْۤ اُفْرِغْ عَلَيْهِ قِطْرًا ؕ

ক্বা-লান্ ফুখূ; হাত্তা~ইযা-জ্বা'আলাহূ না-রান্ ক্বা-লা আতূনী~উফরিগ্ 'আলাইহি ক্বিত্বরা-।
গেল, তখন তিনি বললেন, এতে তোমরা ফুক দিতে থাক।' তা উত্তপ্ত হতেই তিনি বললেন, 'তোমরা গলিত তামা নিয়ে এস। আমি তা এর ওপর ঢেলে দেই।'

۝ فَمَا اسْطَاعُوْۤا اَنْ يَّظْهَرُوْهُ وَمَا اسْتَطَاعُوْا لَهٗ نَقْبًا ۝ قَالَ هٰذَا رَحْمَةٌ

৯৭। ফামাস্ত্বা-'উ~আঁই ইয়ায্হারূহু ওয়া মাস্ তাত্বা'উ- লাহূ নাক্ববা-। ৯৮। ক্বা-লা হা-যা- রাহ্মাতুম্
(৯৭) তারা এর উপর আরোহণ করতে পারল না, এবং তা ভেদ করতেও পারল না। (৯৮) তিনি বললেন, 'এ আমার প্রতিপালকের

مِّنْ رَّبِّىْ ۚ فَاِذَا جَآءَ وَعْدُ رَبِّىْ جَعَلَهٗ دَكَّآءَ ۚ وَكَانَ وَعْدُ رَبِّىْ حَقًّا ؕ

মির্ রাব্বী, ফাইযা- জ্বা— আ ওয়া'দু রাব্বী জ্বা'আলাহূ দাক্কা— আ, ওয়াকা-না ওয়া'দু রাব্বী হ্বাক্ব্ক্বা-।
অনুগ্রহ। যখন আমার পালনকর্তার ওয়াদা পূর্ণ হবে, তখন তিনি একে চূর্ণ-বিচূর্ণ করে দেবেন এবং আমার পালনকর্তার ওয়াদা সত্য।'

۝ وَتَرَكْنَا بَعْضَهُمْ يَوْمَئِذٍ يَّمُوْجُ فِىْ بَعْضٍ وَّنُفِخَ فِى الصُّوْرِ فَجَمَعْنٰهُمْ

৯৯। ওয়া তারাক্না- আ'দ্বাহুম্ ইয়াওমাইযিঁই ইয়ামূজু ফী বা'দ্বিওঁ ওয়া নুফিখা ফী স্বূরি ফাজ্বামা'না-হুম
(৯৯) যেদিন আমি তাদেরকে দলে দলে তরঙ্গাকারে ছেড়ে দেব এবং শিঙ্গায় ফুৎকার দেয়া হবে তখন আমি তাদের সকলকেই একত্রিত

جَمْعًا ۝ وَّعَرَضْنَا جَهَنَّمَ يَوْمَئِذٍ لِّلْكٰفِرِيْنَ عَرْضًا ۝ الَّذِيْنَ كَانَتْ اَعْيُنُهُمْ

জ্বাম্'আওঁ ১০০। ওয়া 'আরাদ্বনা- জ্বাহান্নামা ইয়াওমাইযিল লিল্ কা-ফিরীনা 'আরদ্বা- ১০১। নিল্লাযীনা কা-নাত আ'ইউনুহুম্
করব। (১০০) সেদিন আমি জাহান্নামকে প্রত্যক্ষভাবে উপস্থিত করব কাফেরদের সামনে- (১০১) যাদের চক্ষুর

فِىْ غِطَآءٍ عَنْ ذِكْرِىْ وَكَانُوْا لَا يَسْتَطِيْعُوْنَ سَمْعًا ۝ اَفَحَسِبَ الَّذِيْنَ

১১
ع
২
রুকূ

ফী গিত্বা—ইন্ 'আন্ যিকরী ওয়া কা-নূ লা- ইয়াস্তাত্বী'উনা সাম্'আ। ১০২। আফাহ্বাসিবাল্লাযীনা
উপর আমার স্মরনের ব্যাপারে আবরণ পড়েছিল এবং যারা শুনতেও অপারগ ছিল। (১০২) কাফেররা কি মনে করে,

كَفَرُوْۤا اَنْ يَّتَّخِذُوْا عِبَادِىْ مِنْ دُوْنِىْۤ اَوْلِيَآءَ ؕ اِنَّاۤ اَعْتَدْنَا جَهَنَّمَ

কাফারু~আইঁ ইয়াত্তাখিযূ 'ইবা-দী মিন্দূনী- আওলিয়া— আ; ইন্না~আ'তাদনা- জ্বাহান্নামা
তারা আমার পরিবর্তে আমার বান্দাদেরকে অভিভাবকরূপে গ্রহণ করবে? আমি জাহান্নাম প্রস্তুত রেখেছি কাফেরদের

لِلْكٰفِرِيْنَ نُزُلًا ۝ قُلْ هَلْ نُنَبِّئُكُمْ بِالْاَخْسَرِيْنَ اَعْمَالًا ۝ الَّذِيْنَ ضَلَّ سَعْيُهُمْ

লিল্ কা-ফিরীনা নুযুলা-। ১০৩। কুল হাল্ নুনাব্বিউকুম্ বিল্ আখ্সারীনা আ'মা-লা-। ১০৪। আল্লাযীনা দ্বাল্লা সা'ইউহুম
অভ্যর্থনার জন্য। (১০৩) বলুন, 'তোমাদেরকে কি তাদের সংবাদ দেব যারা কর্মে বিশেষভাবে ক্ষতিগ্রস্ত ? (১০৪) তারাই সেই লোক,

○ টীকা (আঃ ৯৮) ঃ জুল্কারনাইনের প্রতি আল্লাহর এই অনুগ্রহ ছিল যে, তিনি তাঁকে প্রাচীর তৈরী করার ক্ষমতা দিয়েছিলেন, আর লোকদের প্রতি আল্লাহর এই অনুগ্রহ ছিল যে, ইয়াজুজ মাজুজের জুলুম হতে তাদের আশ্রয় মিলে ছিল।

○ টীকা (আঃ ৯৯) ঃ মর্ম এই যে, বর্তমান সময়ে 'জুলকারনাইনের প্রাচীর আমাদের মত এদিকের বাসিন্দাগণের ইয়াজুজ মাজুজ কওমের মধ্যস্থলে আড় হয়ে রয়েছে কিন্তু কেয়ামতের কাছাকাছি সময়ে ইয়াজুজ-মা-জুজ ঐ প্রাচীরকে ভেঙ্গে এদিকের বাসিন্দাগণের প্রতি আক্রমণ চালাবে,,ফলে সমস্তই বিশৃঙ্খল হয়ে যাবে।

فِى الْحَيٰوةِ الدُّنْيَا وَهُمْ يَحْسَبُوْنَ اَنَّهُمْ يُحْسِنُوْنَ صُنْعًا ۝ اُولٰٓئِكَ الَّذِيْنَ

ফিল হ্বায়া-তিদদুন্ইয়া- ওয়াহুম্ ইয়াহ্বসাবূনা আন্নাহুম ইউহ্সিনূনা- স্বুন'আ-। ১০৫। উলা—ইকাল্লাযীনা
পার্থিব জীবনে যাদের সকল প্রচেষ্টা পন্ড হয়ে যায়,- অথচ তারা মনে করে যে, তারা সৎকর্ম করছে। (১০৫) 'এরাই অস্বীকার করে

كَفَرُوْا بِاٰيٰتِ رَبِّهِمْ وَلِقَآئِهٖ فَحَبِطَتْ اَعْمَالُهُمْ فَلَا نُقِيْمُ لَهُمْ يَوْمَ الْقِيٰمَةِ

কাফারূ বিআ-য়া-তি রাব্বিহিম ওয়া লিক্বা—ইহী ফাহ্বাবিত্বাত্ আ'মা-লুহুম্ ফালা- নুক্বীমু লাহুম ইয়াওমাল্ ক্বিয়া-মাতি
তাদের রবের আয়াতকে ও তাঁর সাথে সাক্ষাতের বিষয়কে, ফলে তাদের কর্ম নিষ্ফল হয়ে যায়। তাই কিয়ামতের দিন আমি তাদের আমলের কোন তাৎপর্য স্থির

وَزْنًا ۝ ذٰلِكَ جَزَآؤُهُمْ جَهَنَّمُ بِمَا كَفَرُوْا وَاتَّخَذُوْۤا اٰيٰتِىْ وَرُسُلِىْ هُزُوًا ؕ

ওয়ায্না। ১০৬। যা-লিকা জ্বাযা— উহুম জ্বাহান্নামু বিমা- কাফারূ ওয়াত্তাখাযূ~আ-ইয়া-তী ওয়া রুসুলী হুযুওয়া-।
করব না। (১০৬) জাহান্নামই তাদের প্রতিফল তাদের কুফরীর বিনিময়ে এবং আমার নিদর্শনাবলি ও রাসূলগণকে বিদ্রুপের পাত্র বানিয়েছে বলে।

۝ اِنَّ الَّذِيْنَ اٰمَنُوْا وَعَمِلُوا الصّٰلِحٰتِ كَانَتْ لَهُمْ جَنّٰتُ الْفِرْدَوْسِ نُزُلًا ؕ

১০৭। ইন্নাল্লাযীনা আ-মানূ ওয়া 'আমিলুস্ব স্বা-লিহ্বাতি কা-নাত্ লাহুম্ জ্বান্না-তুল ফিরদাওসি নুযুলা-।
(১০৭) যারা ঈমান এনেছে ও সৎকর্ম করেছে তাদের অভ্যর্থনার জন্য রয়েছে জান্নাতুল ফিরদাউস।

۝ خٰلِدِيْنَ فِيْهَا لَا يَبْغُوْنَ عَنْهَا حِوَلًا ۝ قُلْ لَّوْ كَانَ الْبَحْرُ مِدَادًا

১০৮। খা-লিদীনা ফীহা- লা- ইয়াব্গূনা 'আন্হা- হ্বিওয়ালা-। ১০৯। কুল্ লাও কা-নাল্ বাহ্বরু মিদা-দাল
(১০৮) সেখানে তারা অনন্তকাল থাকবে ; এর পরিবর্তে অন্য কোন স্থান চাইবে না। (১০৯) বলুন, 'আমার রবের কথা লিপিবদ্ধ করার

لِّكَلِمٰتِ رَبِّىْ لَنَفِدَ الْبَحْرُ قَبْلَ اَنْ تَنْفَدَ كَلِمٰتُ رَبِّىْ وَلَوْ جِئْنَا بِمِثْلِهٖ

লিকালিমা-তি রাব্বী লানাফিদাল্ বাহ্বরু ক্বাব্লা আন্ তান্ফাদা কালিমা-তু রাব্বী ওয়ালাও জ্বি'না- বিমিছ্লিহী
জন্য সমুদ্র যদি কালি হয়ে যায়, তবে আমার রবের কথা শেষ হওয়ার পূর্বেই সমুদ্রের পানি নিঃশেষ হয়ে যাবে- এর সাহায্যার্থে অনুরূপ আরেকটি সমুদ্র

مَدَدًا ۝ قُلْ اِنَّمَاۤ اَنَا بَشَرٌ مِّثْلُكُمْ يُوْحٰۤى اِلَىَّ اَنَّمَاۤ اِلٰهُكُمْ اِلٰهٌ وَّاحِدٌ ۚ فَمَنْ

মাদাদা-। ১১০। কূল্ ইন্নামা~আনা বাশারুম মিছ্লুকুম ইউহ্বা~ইলাইয়্যা আন্নামা~ইলা-হুকুম ইলা-হুওঁ ওয়া-হ্বিদ্' ফামান্
আনলেও।' (১১০) বলুন, 'আমি তো তোমাদের মতই একজন মানুষ। আমার প্রতি ওহী হয়েছে যে, তোমাদের ইলাহই একমাত্র

كَانَ يَرْجُوْا لِقَآءَ رَبِّهٖ فَلْيَعْمَلْ عَمَلًا صَالِحًا وَّلَا يُشْرِكْ بِعِبَادَةِ رَبِّهٖۤ اَحَدًا ؕ

কা-না ইয়ারজু লিক্বা— আ রাব্বিহী ফাল্ ইয়া'মাল্ 'আমালান্ স্বা-লিহ্বাওঁ ওয়ালা- ইউশরিক বি'ইবা-দাতি রাব্বিহী~ আহ্বাদা-।
ইলাহ্। তাই যে তার রবের সাক্ষাৎ কামনা করে, সে যেন সৎকর্ম করে ও তার রবের ইবাদতে কাউকেও শরীক না করে।

○ বিশ্লেষণ (আঃ ১০৭) ঃ جنت الفردوس - (জান্নাতুল ফেরদাউস) জান্নাতের সবচেয়ে শ্রেষ্ঠতম স্থান। রাসূলুল্লাহ (সা) বলেন, 'যখনই তোমরা আল্লাহর কাছে জান্নাতের জন্য দোয়া করবে তখনই 'ফেরদাউস' পাওয়ার জন্য দোয়া কর। কেননা, এটি জান্নাতের শ্রেষ্ঠতম অংশ এবং সেখান থেকেই নহরসমূহ প্রবাহিত হয়।' (কুঃ কারীম) ○ টীকা (আঃ ১০৯) ঃ সূরার প্রথমে বলা হয়েছে, তোমাদের জ্ঞান অতি ক্ষুদ্র ও সসীম। শেষাংশে বলা হচ্ছে আল্লাহর জ্ঞান ও হেকমত অসীম, অনন্ত। তোমাদের জ্ঞানোপযোগী বিষয় যা আল্লাহ বর্ণনা করে থাকেন, তা আল্লাহর জ্ঞানের তুলনায় সমুদ্রের বারি বিন্দুবতও নয়। যদি কোনও সমুদ্রের সম্পূর্ণ পানি কালি হয়ে যায় এবং আল্লাহর জ্ঞান ও মহিমা লিপিবদ্ধ হতে থাকে, এমনকি যাবতীয় সমুদ্র ও তার সাথে মিলে যায়, তবুও সমুদ্র নিঃশেষ হয়ে যাবে কিন্তু জ্ঞান ও মহিমা বর্ণনা শেষ হবে না। কেননা, সমুদ্রের পানি যতই অধিক হোক না কেন তা সীমাবদ্ধ অথচ আল্লাহর জ্ঞান অসীম। (বঃ কোঃ)

সূরা মারইয়াম
মক্কী

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ
বিসমিল্লা-হির রাহ্মা-নির রাহীম
পরম দাতা ও দয়ালু আল্লাহ্‌র নামে শুরু করছি

আয়াত ঃ ৯৮
রুকূ ঃ ৬

(١) كٓهيعٓصٓ (٢) ذِكْرُ رَحْمَتِ رَبِّكَ عَبْدَهُ زَكَرِيَّا (٣) إِذْ نَادَىٰ رَبَّهُ نِدَاءً

১। কা— ফ্ হা- ইয়া- 'আই—ন্ স্বা—দ্। ২। যিক্‌রু রাহ্‌মাতি রাব্‌বিকা 'আবদাহূ যাকারিয়্যা-। ৩। ইয্ না-দা- রাব্‌বাহূ নিদা—আন্
(১) কাফ্-হা- ইয়া-'আঈন ছোয়াদ। (২) এটা আপনার প্রভুর অনুগ্রহের বিবরণ তাঁর বান্দা যাকারিয়ার প্রতি, (৩) যখন তিনি তার রবকে

خَفِيًّا (٤) قَالَ رَبِّ إِنِّي وَهَنَ الْعَظْمُ مِنِّي وَاشْتَعَلَ الرَّأْسُ شَيْبًا وَلَمْ أَكُنْ

খাফিয়্যা-। ৪। ক্বা-লা রাব্‌বি ইন্নী ওয়াহানাল্ 'আয্‌মু মিন্নী ওয়াশ্ তা'আলার রা'সু শাইবাওঁ ওয়া লাম্ আকুম্
নির্জনে ডেকেছিলেন, (৪) তিনি বলেছিলেন, হে আমার রব। আমার হাড় দুর্বল হয়ে গেছে, বার্ধক্যে আমার মাথা সাদা হয়ে গেছে।

بِدُعَائِكَ رَبِّ شَقِيًّا (٥) وَإِنِّي خِفْتُ الْمَوَالِيَ مِنْ وَرَائِي وَكَانَتِ امْرَأَتِي

বিদু'আ— ইকা রাব্‌বি শাক্বিয়্যা-। ৫। ওয়া ইন্নী খিফ্‌তুল্ মাওয়া-লিয়া মিওঁ ওয়ারা— ই ওয়া কা-নাতিম রাআতী
হে আমার রব! আপনাকে ডেকে আমি কখনও ব্যর্থ হইনি।' (৫) আমি আশংকা করছি আমার পর আমার স্বগোত্রকে। আর আমার স্ত্রী

عَاقِرًا فَهَبْ لِي مِنْ لَدُنْكَ وَلِيًّا (٦) يَرِثُنِي وَيَرِثُ مِنْ آلِ يَعْقُوبَ وَاجْعَلْهُ

'আ-ক্বিরান্ ফাহাব্‌লী মিল্‌লাদুন্‌কা ওয়ালিয়্যা- ৬। ইয়ারিছুনী ওয়া ইয়ারিছু মিন আ-লি ইয়া'ক্বূব ওয়াজ্'আল্‌হু
বন্ধ্যা, তাই আপনার পক্ষ থেকে আমাকে উত্তরাধিকার দান করুন, (৬) যে আমার এবং ইয়াকুবের বংশের উত্তরসূরী হবে। হে আমার

رَبِّ رَضِيًّا (٧) يَا زَكَرِيَّا إِنَّا نُبَشِّرُكَ بِغُلَامٍ اسْمُهُ يَحْيَىٰ لَمْ نَجْعَلْ لَهُ مِنْ قَبْلُ

রাব্‌বি রাদ্বিয়্যা-। ৭। ইয়া- যাকারিয়্যা~ইন্না— নুবাশ্‌শিরুকা বিগুলা-মিনিস্‌মুহূ ইয়াহ্‌ইয়া-; লাম্ নাজ্'আল্‌লাহূ মিন্ ক্বাব্‌লু
রব! তাকে আপনার সন্তোষভাজন করুন।' (৭) হে যাকারিয়া! আমি আপনাকে এক পুত্রের সুসংবাদ দিচ্ছি, তার নাম হবে ইয়াহ্‌ইয়া। পূর্বে আমি কারও জন্য এই

سَمِيًّا (٨) قَالَ رَبِّ أَنَّىٰ يَكُونُ لِي غُلَامٌ وَكَانَتِ امْرَأَتِي عَاقِرًا وَقَدْ بَلَغْتُ

সামিয়্যা-। ৮। ক্বা-লা রাব্‌বি আন্না- ইয়াকূনু লী গুলা-মুওঁ ওয়া কা-নাতিম্ রাআতী 'আ-ক্বিরাওঁ ওয়া ক্বাদ্ বালাগ্‌তু
নামকরণ করিনি।' (৮) তিনি বললেন, ' হে আমার রব! কেমন করে আমার পুত্র হবে– যখন আমার স্ত্রী বন্ধ্যা ও আমি বার্ধক্যের

مِنَ الْكِبَرِ عِتِيًّا (٩) قَالَ كَذَٰلِكَ قَالَ رَبُّكَ هُوَ عَلَيَّ هَيِّنٌ وَقَدْ خَلَقْتُكَ مِنْ

মিনাল্ কিবারি 'ইতিয়্যা। ৯। ক্বা-লা কাযা-লিকা- ক্বা-লা রাব্‌বুকা হুওয়া 'আলাইয়্যা হাইয়্যিনুওঁ ওয়া ক্বাদ্ খালাক্বতুকা মিন্
শেষ সীমায় উপনীত হয়েছি?' (৯) তিনি বললেন, 'এভাবেই হবে।' আপনার রব বলেছেন, এটা আমার জন্য সহজ; আমি তো আপনাকে সৃষ্টি করেছি যখন

সূরা মারইয়ামের শানে নুযূল ঃ হাবশার বাদশাহ নাজ্জাশী এবং তার সাথীদের সামনে যখন হযরত জাফর বিন আবু তালিব (রা) সূরা মারইয়ামের প্রথমাংশ পাঠ করে শুনালেন, তখন তাদের দাড়ি অশ্রুতে ভিজে গেল এবং নাজ্জাশী বললেন, এ কুরআন এবং হযরত ঈসা (আ) যা নিয়ে এসেছেন এ উভয়াই একই নূরের রশ্মি। (ফতহুল কাদির) ✪ বিশ্লেষণ (আঃ ৫) ঃ وانى خفت - (আমি আশংকা করি) অর্থাৎ- ভাই, বন্ধু ও আত্মীয়-স্বজনদের সঠিক (সত্য) পথ থেকে বিচ্যুত হওয়ার এবং তাদের থেকে দ্বীনের খেদমত না হওয়ার আশংকা করা। ✪ টীকা (আঃ ৭) ঃ অর্থাৎ, তোমার প্রার্থিত জ্ঞান ও কর্মশক্তি তো তাকে অবশ্যই দেয়া হবে। এতদুপরি আল্লাহ্ তা'আলার তরফ থেকে বিশেষ শ্রেণীর আন্তরিক কোমলতা ইত্যাদিরূপ কোন কোন বিশেষ গুণাবলীতেও তাকে ভূষিত করা হবে। যা অপর কাকেও দান করা হয় নি। (বঃ কোঃ)

قَبْلُ وَلَمْ تَكُ شَيْئًا (١٠) قَالَ رَبِّ اجْعَلْ لِي آيَةً قَالَ آيَتُكَ أَلَّا تُكَلِّمَ النَّاسَ

ক্বাব্‌লু ওয়া লাম্ তাকু শাইআ-। ১০। ক্বা-লা রাব্‌বিজ্'আল্‌লী- আ-ইয়াহ্; ক্বালা আ-ইয়াতুকা আল্লা- তুকাল্লিমান্‌না-সা
আপনি কিছুই ছিলেন না।' (১০) তিনি বললেন, 'হে আমার রব! আমার জন্য একটি নিদর্শন নির্ধারণ করে দিন।' তিনি বললেন, 'আপনার নিদর্শন হল আপনি

ثَلَاثَ لَيَالٍ سَوِيًّا (١١) فَخَرَجَ عَلَىٰ قَوْمِهِ مِنَ الْمِحْرَابِ فَأَوْحَىٰ إِلَيْهِمْ أَنْ

ছালা-ছা লায়া-লিন সাওয়িয়্যা-। ১১। ফাখারাজ্বা 'আলা- ক্বাওমিহী মিনাল্ মিহ্‌রা-বি ফাআওহা~ইলাইহিম আন্
সুস্থাবস্থায় কোন মানুষের সাথে তিনরাত কথা বলবেন না।' (১১) অতঃপর তিনি কক্ষ থেকে বেরিয়ে তার সম্প্রদায়ের কাছে এসে ইঙ্গিতে তাদেরকে সকাল- সন্ধ্যায়

سَبِّحُوا بُكْرَةً وَعَشِيًّا (١٢) يَا يَحْيَىٰ خُذِ الْكِتَابَ بِقُوَّةٍ وَآتَيْنَاهُ الْحُكْمَ صَبِيًّا

সাব্‌বিহূ বুক্‌রাতাওঁ ওয়া 'আশিয়্যা-। ১২। ইয়া- ইয়াহ্‌ইয়া- খুযিল্ কিতা-বা বিক্বুওওয়াহ্; ওয়া আ-তাইনা-হুল্ হুক্‌মা স্বাবিয়্যাওঁ
আল্লাহ্‌কে স্মরণ করতে বললেন। (১২) 'হে ইয়াহ্‌ইয়া! এ কিতাব দৃঢ়তার সঙ্গে ধারণ করুন।' আমি তাকে শৈশবেই দিয়েছিলাম জ্ঞান,

(١٣) وَحَنَانًا مِنْ لَدُنَّا وَزَكَاةً وَكَانَ تَقِيًّا (١٤) وَبَرًّا بِوَالِدَيْهِ وَلَمْ يَكُنْ جَبَّارًا عَصِيًّا

১৩। ওয়া হ্বানা-নাম্‌মিল লাদুন্না- ওয়া যাকা-হ্; ওয়া কা-না তাক্বীয়্যাওঁ ১৪। ওয়া বাররাম্ বিওয়া-লিদাইহি ওয়ালাম্ ইয়াকুন্ জ্বাব্‌বারান্ 'আস্বীয়্যা-।
(১৩) এবং আমার পক্ষ থেকে কোমলতা ও পবিত্রতা দিয়েছিলাম। তিনি ছিলেন তাকওয়া অবলম্বনকারী। (১৪) তিনি পিতামাতার অনুগত ছিলেন এবং তিনি উদ্ধত ও অবাধ্য ছিলেন না।

(١٥) وَسَلَامٌ عَلَيْهِ يَوْمَ وُلِدَ وَيَوْمَ يَمُوتُ وَيَوْمَ يُبْعَثُ حَيًّا (١٦) وَاذْكُرْ فِي الْكِتَابِ

১৫। ওয়া সালা-মুন 'আলাইহি ইয়াওমা ওলিদা ওয়া ইয়াওমা ইয়ামূতু ওয়া ইয়াওমা ইউব্'আছু হ্বাইয়্যা। ১৬। ওয়াযকুর্ ফিল্ কিতা-বি
(১৫) তার প্রতি ছিল শান্তি যেদিন তিনি জন্ম গ্রহণ করেন এবং যেদিন মৃত্যুবরণ করবেন এবং শান্তি থাকবে যেদিন তিনি পুনরুত্থিত হবে জীবিত অবস্থায়। (১৬) এ কিতাবে

مَرْيَمَ إِذِ انْتَبَذَتْ مِنْ أَهْلِهَا مَكَانًا شَرْقِيًّا (١٧) فَاتَّخَذَتْ مِنْ دُونِهِمْ حِجَابًا

মারইয়াম। ইযিন্‌তাবাযাত্ মিন্ আহলিহা- মাকা-নান্ শারক্বিয়্যা-। ১৭। ফাত্তাখাযাত্ মিন্ দূনিহিম হিজ্বা-বা-
মরিয়মের কথা বর্ণনা করুন, যখন সে পরিবারবর্গ থেকে পৃথক হয়ে পূর্ব দিকে একস্থানে আশ্রয় নিয়েছিল, (১৭) অতঃপর তাদের থেকে সে নিজেকে আড়াল করার জন্য পর্দা করল।

فَأَرْسَلْنَا إِلَيْهَا رُوحَنَا فَتَمَثَّلَ لَهَا بَشَرًا سَوِيًّا (١٨) قَالَتْ إِنِّي أَعُوذُ بِالرَّحْمَٰنِ

ফাআরসালনা~ইলাইহা- রূহানা- ফাতামাছছালা লাহা- বাশারান্ সাবিয়্যা-। ১৮। ক্বা-লাত্ ইন্নী আ'উযু বিররাহ্‌মা-নি
অতঃপর আমি তার নিকট আমার ফেরেশতা জিব্রাইলকে পাঠালাম। তিনি তার নিকট মানবাকৃতিতে আত্মপ্রকাশ করলেন। (১৮) মরিয়ম বলল, আমি তোমার কাছ থেকে

مِنْكَ إِنْ كُنْتَ تَقِيًّا (١٩) قَالَ إِنَّمَا أَنَا رَسُولُ رَبِّكِ لِأَهَبَ لَكِ غُلَامًا زَكِيًّا

মিন্‌কা ইন্ কুন্‌তা তাক্বিয়্যা-। ১৯। ক্বা-লা ইন্নামা~আনা রাসূলু রাব্‌বিক, লিআহাবা লাকি গুলা-মান্ যাকিয়্যা-।
দয়াময়ের আশ্রয় প্রার্থনা করছি, 'যদি তুমি মুত্তাকী হও।' (১৯) তিনি বললেন,' আমি তো তোমার প্রভুর প্রেরিত রাসূল। যাতে তোমাকে এক পবিত্র পুত্র দান করে যেতে পারি।'

✪ টীকা (আঃ ১২) ঃ অর্থাৎ হে ইয়াহ্‌ইয়াহ্ তুমি ও তোমার উম্মত, তওরাতের উপর আমল করাকে অবশ্য কর্তব্য মনে করো। আর এটা এ জন্য যে হযরত ইয়াহ্‌ইয়া নিজে শরিয়াত বিশিষ্ট ছিলেন না। অর্থাৎ, তাঁর নিজের কোন পৃথক শরিয়ত ছিল না। তাঁর আমল হযরত মূসার শরিয়তের উপর ছিল। ✪ টীকা (আঃ ১৭) ঃ হযরত মারইয়ামকে তার মাতা বায়তুল মোকাদ্দাছের সেবার জন্য বিশেষ করে হযরত জাকারিয়াকে সঁপে দিয়েছিলেন। হযরত জাকারিয়া হযরত মারইয়ামের জন্য মসজিদের একদিকে একটি স্থান নির্দিষ্ট করালেন। এখানে সেই স্থানের উল্লেখ করা হয়েছে।

قَالَتْ اَنّٰى يَكُوْنُ لِيْ غُلٰمٌ وَّلَمْ يَمْسَسْنِيْ بَشَرٌ وَّلَمْ اَكُ بَغِيًّا ﴿٢٠﴾ قَالَ كَذٰلِكِ

২০। ক্বা-লাত্ আন্না- ইয়াকূনু লী গুলামুঁও ওয়া লাম ইয়াম্সাস্নী বাশারুঁও ওয়া-লাম আকু বাগিয়্যা-। ২১। ক্বা-লা কাযা-লিক,
(২০) মরিয়ম বলল, 'কিভাবে আমার পুত্র সন্তান হবে, যখন আমাকে কোন পুরুষ স্পর্শ করেনি এবং আমি ব্যভিচারিণীও নই?' (২১) তিনি বললেন, 'এভাবেই হবে।'

قَالَ رَبُّكِ هُوَ عَلَيَّ هَيِّنٌ ۚ وَلِنَجْعَلَهٗۤ اٰيَةً لِّلنَّاسِ وَرَحْمَةً مِّنَّا ۚ وَكَانَ اَمْرًا مَّقْضِيًّا

ক্বা-লা রাব্বুকি হুওয়া 'আলাইয়্যা হাইয়্যিইন ওয়া লিনাজ্'আলাহূ~আ-য়াতাল্লিন্না-সি ওয়া রাহ্মাতাম্মিন্না, ওয়া ক্বা-না আমরাম মাক্বদ্বিয়্যা-।
তোমার রব বলেছেন, এটা আমার জন্য সহজ, এবং আমি তাকে করব মানুষের জন্য এক নিদর্শন ও আমার রহমত স্বরূপ। আর এ তো এক ফয়সালাকৃত বিষয়।'

فَحَمَلَتْهُ فَانْتَبَذَتْ بِهٖ مَكَانًا قَصِيًّا ﴿٢٢﴾ فَاَجَآءَهَا الْمَخَاضُ اِلٰى جِذْعِ النَّخْلَةِ

২২। ফাহামালাত্হু ফান্তাবাযাত্ বিহী মাকা-নান্ ক্বাসিয়্যা-। ২৩। ফাআজা~আহাল্ মাখাদ্ব ইলা- জ্বিয্'ইন নাখ্লাহ;
(২২) অতঃপর সে তার গর্ভে সন্তান ধারণ করল এবং গর্ভসহ সে এক দূরবর্তী স্থানে চলে গেল। (২৩) অতঃপর প্রসব-বেদনা তাকে এক খেজুর-বৃক্ষের নিচে

قَالَتْ يٰلَيْتَنِيْ مِتُّ قَبْلَ هٰذَا وَكُنْتُ نَسْيًا مَّنْسِيًّا ﴿٢٣﴾ فَنَادٰىهَا مِنْ تَحْتِهَاۤ

ক্বা-লাত্ ইয়া- লাইতানী মিত্তু ক্বাব্লা হা-যা- ওয়া কুন্তু নাস্ইয়াম্মান্সিয়্যা-। ২৪। ফানা- দা-হা- মিন্ তাহ্তিহা~
আশ্রয় নিতে বাধ্য করল। সে বলল, 'হায়, এর পূর্বে আমি যদি মরে যেতাম এবং মানুষের স্মরণ থেকে মুছে যেতাম।' (২৪) এরপর তার নিম্ন দিক থেকে

اَلَّا تَحْزَنِيْ قَدْ جَعَلَ رَبُّكِ تَحْتَكِ سَرِيًّا ﴿٢٤﴾ وَهُزِّيْۤ اِلَيْكِ بِجِذْعِ

আল্লা- তাহ্যানী ক্বাদ্ জ্বা'আলা রাব্বুকি তাহ্তাকি সারিয়্যা-। ২৫। ওয়া হুয্যী~ইলাইকি বিজ্বিয্'ইন
ফেরেশ্তা তাকে ডাকলেন, 'তুমি দুঃখ করো না। আমার প্রভু তোমার নীচ দিয়ে এক নহর প্রবহমান করে দেবেন। (২৫) 'তুমি নিজের দিকে

النَّخْلَةِ تُسٰقِطْ عَلَيْكِ رُطَبًا جَنِيًّا ﴿٢٥﴾ فَكُلِيْ وَاشْرَبِيْ وَقَرِّيْ عَيْنًا ۚ فَاِمَّا تَرَيِنَّ

নাখ্লাতি তুসা-ক্বিত্ব 'আলাইকি রুত্বাবান্ জ্বানিয়্যা-। ২৬। ফাকুলী ওয়াশ্রাবী ওয়া ক্বাররী 'আইনা; ফাইম্মা- তারায়িন্না
খেজুর বৃক্ষের কান্ডে নাড়া দাও, তা থেকে তোমার উপর তর তাজা খেজুর ঝড়ে পড়বে।' (২৬) অতঃপর আহার কর, পান কর ও চক্ষু শীতল কর।

مِنَ الْبَشَرِ اَحَدًا ۙ فَقُوْلِيْۤ اِنِّيْ نَذَرْتُ لِلرَّحْمٰنِ صَوْمًا فَلَنْ اُكَلِّمَ الْيَوْمَ اِنْسِيًّا ۚ

মিনাল্ বাশা-রি আহ্যাদান্ ফাকূলী~ইন্নী নাযার্তু লির্রাহ্মা-নি স্বাওমান্ ফালান্ উকাল্লিমাল্ ইয়াওমা ইন্সিয়্যা-।
মানুষের মধ্যে কাউকেও দেখলে বলবে, 'আমি আল্লাহর উদ্দেশ্যে মৌনতাবলম্বনের মানত করেছি। তাই আজ আমি কোন মানুষের সঙ্গে কথা বলব না।'

فَاَتَتْ بِهٖ قَوْمَهَا تَحْمِلُهٗ ؕ قَالُوْا يٰمَرْيَمُ لَقَدْ جِئْتِ شَيْـًٔا فَرِيًّا ﴿٢٧﴾ يٰۤاُخْتَ

২৭। ফাআতাত্ বিহী ক্বাওমাহা- তাহ্মিলুহ; ক্বা-লূ ইয়া- মারইয়ামু লাক্বাদ জ্বি'তি শাইয়্যান ফারিয়্যা-। ২৮। ইয়া~উখ্তা
(২৭) অতঃপর সে তার সম্প্রদায়ের কাছে সন্তানকে নিয়ে হাজির হল। তারা বলল, 'হে মরিয়ম! তুমি তো এক সাংঘাতিক কান্ড ঘটিয়েছ।' (২৮) 'হে

هٰرُوْنَ مَا كَانَ اَبُوْكِ امْرَاَ سَوْءٍ وَّمَا كَانَتْ اُمُّكِ بَغِيًّا ﴿٢٨﴾ فَاَشَارَتْ اِلَيْهِ ؕ

হা-রূনা মা- কা-না আবূকিমরাআ সাওয়িঁও ওয়া মা- কা-নাত্ উম্মুকি বাগিয়্যা-। ২৯। ফাআশা-রাত ইলাইহ;
হারুন- ভগিনী! তোমার পিতা তো অসৎ ব্যক্তি ছিলেন না এবং তোমার মাতাও ছিলেন না ব্যভিচারিণী। (২৯) তখন মরিয়ম ইঙ্গিতে

قَالُوْا كَيْفَ نُكَلِّمُ مَنْ كَانَ فِي الْمَهْدِ صَبِيًّا ﴿٢٩﴾ قَالَ اِنِّيْ عَبْدُ اللّٰهِ ۟ؕ اٰتٰىنِيَ

ক্বা-লূ কাইফা নুকাল্লিমু মান্ কা-না ফিল মাহ্দি স্বাবিয়্যা-। ৩০। ক্বা-লা ইন্নী 'আব্দুল্লা-হ; আ-তা-নিয়াল্
সন্তানকে দেখাল। তারা বলল, 'যে কোলের শিশু তার সঙ্গে আমরা কি উপায়ে কথা বলব?' (৩০) সন্তান তখন বলে উঠলেন, 'আমি নিশ্চয় এক আল্লাহর বান্দা।

الْكِتٰبَ وَجَعَلَنِيْ نَبِيًّا ﴿٣٠﴾ وَّجَعَلَنِيْ مُبٰرَكًا اَيْنَ مَا كُنْتُ ۪ وَاَوْصٰنِيْ بِالصَّلٰوةِ

কিতা-বা ওয়া জ্বা'আলানী নাবিয়্যাওঁ ৩১। ওয়া জ্বা'আলানী মুবা-রাকান্ আইনা মা- কুন্তু ওয়া আওস্বা-নী বিস্ব স্বালা-তি
তিনি আমাকে কিতাব দিয়েছেন ও নবী বানিয়েছেন,' (৩১) 'যেখানেই আমি থাকি না কেন তিনি আমাকে বরকতময় করেছেন, এবং নির্দেশ দিয়েছেন যতদিন জীবিত

وَالزَّكٰوةِ مَا دُمْتُ حَيًّا ﴿٣١﴾ وَّبَرًّا بِوَالِدَتِيْ ۫ وَلَمْ يَجْعَلْنِيْ جَبَّارًا شَقِيًّا ﴿٣٢﴾

ওয়াযযাকা-তি মা- দুমতু হাইয়্যা- ৩২। ওয়া বাররাম্ বিওয়া-লিদাতী ওয়া লাম্ ইয়াজ্ব'আল্নী জ্বাব্বা-রান্ শাকিয়্যা-।
থাকি ততদিন যেন আমি নামায ও যাকাত আদায় করি।' (৩২) আর আমার মায়ের অনুগত থাকি এবং আমাকে তিনি উদ্ধত ও হতভাগ্য করেননি,

وَالسَّلٰمُ عَلَيَّ يَوْمَ وُلِدْتُّ وَيَوْمَ اَمُوْتُ وَيَوْمَ اُبْعَثُ حَيًّا ﴿٣٣﴾ ذٰلِكَ

৩৩। ওয়াস্সালা-মু 'আলাইয়্যা ইয়াওমা উলিত্তু ওয়া ইয়াওমা আমূতু ওয়া ইয়াওমা উব্'আছু হাইয়্যা-। ৩৪। যা-লিকা
(৩৩) 'আমার প্রতি শান্তি ছিল যেদিন আমি জন্মেছি ও শান্তি থাকবে আমার মৃত্যুকালে এবং যেদিন জীবিত অবস্থায় পুনরুত্থিত হব।' (৩৪) এ হলো

عِيْسَى ابْنُ مَرْيَمَ ۚ قَوْلَ الْحَقِّ الَّذِيْ فِيْهِ يَمْتَرُوْنَ ﴿٣٤﴾ مَا كَانَ لِلّٰهِ اَنْ يَّتَّخِذَ

'ঈসাবনু মারইয়াম, ক্বাওলাল্ হাক্কিল লাযী ফীহি ইয়ামতারূন। ৩৫। মা- কা-না লিল্লা-হি আইঁ ইয়াত্তাখিযা
মরিয়ম-তনয় ঈসা। এ সত্য বিষয়, যে বিষয়ে লোকেরা বিতর্ক করে। (৩৫) সন্তান গ্রহণ করা আল্লাহর কাজ নয়,

مِنْ وَّلَدٍ ۙ سُبْحٰنَهٗ ؕ اِذَا قَضٰۤى اَمْرًا فَاِنَّمَا يَقُوْلُ لَهٗ كُنْ فَيَكُوْنُ ﴿٣٥﴾ وَاِنَّ اللّٰهَ

মিওঁ ওয়ালাদিন সুব্হা-নাহ; ইযা- ক্বাদ্বা~আম্রান্ ফাইন্নামা- ইয়াকূলু লাহূ কুন্ ফাইয়াকূন্। ৩৬। ওয়া ইন্নাল্লা-হা
তিনি পবিত্র, মহিমাময়। তিনি যখন কোন কিছু স্থির করেন, তখন বলেন, 'হও', তখন তা হয়ে যায়। (৩৬) আল্লাহই আমার

رَبِّيْ وَرَبُّكُمْ فَاعْبُدُوْهُ ؕ هٰذَا صِرَاطٌ مُّسْتَقِيْمٌ ﴿٣٦﴾ فَاخْتَلَفَ الْاَحْزَابُ مِنْۢ بَيْنِهِمْ ۚ

রাব্বী ওয়া রাব্বুকুম্ ফা'বুদূহ; হা-যা- স্বিরা-তুম মুস্তাক্বীম। ৩৭। ফাখ্তালাফাল্ আহ্যা-বু মিম্ বাইনিহিম;
রব ও তোমাদের রব। সুতরাং তোমরা তাঁরই ইবাদত কর, এটিই সরল পথ। (৩৭) অতঃপর দলগুলি নিজেদের মধ্যে মতানৈক্য সৃষ্টি করল।

فَوَيْلٌ لِّلَّذِيْنَ كَفَرُوْا مِنْ مَّشْهَدِ يَوْمٍ عَظِيْمٍ ﴿٣٧﴾ اَسْمِعْ بِهِمْ وَاَبْصِرْ ۙ يَوْمَ يَاْتُوْنَنَا

ফাওয়াইলুল লিল্লাযীনা কাফারূ মিম্মাশ্হাদি ইয়াওমিন 'আয্বীম। ৩৮। আস্মি' বিহিম ওয়া আবস্বির ইয়াওমা ইয়া'তূনানা-
সুতরাং কাফেরদের দুর্ভোগ হোক মহাদিবস আগমনকালে। (৩৮) তারা যেদিন আমার নিকট আসবে, সেদিন তারা কত স্পষ্ট শুনবে

لٰكِنِ الظّٰلِمُوْنَ الْيَوْمَ فِيْ ضَلٰلٍ مُّبِيْنٍ ﴿٣٨﴾ وَاَنْذِرْهُمْ يَوْمَ الْحَسْرَةِ اِذْ قُضِيَ الْاَمْرُ ۘ

লা-কিনিয্ যালিমূনাল ইয়াওমা ফী দ্বালা-লিমমুবীন। ৩৯। ওয়া আনযির্হুম্ ইয়াওমাল্ হাস্রাতি ইয্ কুদ্বিয়াল আমর।
ও দেখবে। কিন্তু জালিমরা আজ স্পষ্ট বিভ্রান্তিতে আছে। (৩৯) তাদেরকে আপনি পরিতাপের দিনের ব্যাপারে সতর্ক করে দিন, যখন সকল ব্যাপারে ফয়সালা হয়ে

وَهُمْ فِىْ غَفْلَةٍ وَّهُمْ لَا يُؤْمِنُوْنَ ﴿٣٩﴾ اِنَّا نَحْنُ نَرِثُ الْاَرْضَ وَمَنْ عَلَيْهَا

ওয়াহুম ফী গাফ্লাতিওঁ ওয়া হুম্ লা-ইউ'মিনূন। ৪০। ইন্না- নাহ্নু নারিছুল্ আরদ্বা ওয়া মান 'আলাইহা-

যাবে। অথচ তারা অসচেতন এবং তারা ঈমান আনছে না। (৪০) পৃথিবী এবং এর উপর যা আছে সবকিছুর চূড়ান্ত মালিক হব আমি,

وَاِلَيْنَا يُرْجَعُوْنَ ﴿٤٠﴾ وَاذْكُرْ فِى الْكِتٰبِ اِبْرٰهِيْمَ ۬ؕ اِنَّهٗ كَانَ صِدِّيْقًا نَّبِيًّا ۝

ওয়া ইলাইনা- ইউরজা'উন। ৪১। ওয়াযকুর্ ফিল্ কিতা-বি ইব্রা-হীম; ইন্নাহূ কা-না স্বিদ্দীক্বান্ নাবিয়্যা-।

এবং তারা আমারই নিকট প্রত্যাবর্তিত হবে। (৪১) আপনি বর্ণনা করুন, এই কিতাবে উল্লিখিত ইব্রাহীমের কথা; তিনি ছিলেন সত্যবাদী ও একজন নবী।

ع ২৫ ৫ রুকূ

اِذْ قَالَ لِاَبِيْهِ يٰۤاَبَتِ لِمَ تَعْبُدُ مَا لَا يَسْمَعُ وَلَا يُبْصِرُ وَلَا يُغْنِىْ عَنْكَ شَيْـًٔا ﴿٤٢﴾

৪২। ইয্ ক্বা-লা লিআবীহি ইয়া- আবাতি লিমা তা'বুদু মা- লা- ইয়াস্মা'উ ওয়ালা- ইউব্স্বিরু ওয়ালা- ইউগ্নী 'আন্কা শাইআ-।

(৪২) স্মরণীয় সে সময়, যখন ইব্রাহীম তার পিতাকে বললেন, 'হে আমার পিতা! যে শোনে না, দেখে না এবং তোমার কোন কাজে আসে না তুমি তার উপাসনা কর কেন?

يٰۤاَبَتِ اِنِّىْ قَدْ جَآءَنِىْ مِنَ الْعِلْمِ مَا لَمْ يَاْتِكَ فَاتَّبِعْنِىْۤ اَهْدِكَ صِرَاطًا سَوِيًّا ﴿٤٣﴾

৪৩। ইয়া~আবাতি ইন্নী ক্বাদ্ জ্বা— আনী মিনাল্ 'ইলমি মা- লাম্ ইয়া'তিকা ফাত্তাবি'নী~আহ্দিকা স্বিরাত্বান্ সাওয়ীয়্যা-।

(৪৩) 'হে আমার পিতা! আমার কাছে এমন জ্ঞান এসেছে যা তোমার কাছে আসেনি, তাই তুমি আমার অনুসরণ কর, আমি তোমাকে সঠিক পথে পরিচালিত করব।'

يٰۤاَبَتِ لَا تَعْبُدِ الشَّيْطٰنَ ؕ اِنَّ الشَّيْطٰنَ كَانَ لِلرَّحْمٰنِ عَصِيًّا ﴿٤٤﴾ يٰۤاَبَتِ اِنِّىْۤ

৪৪। ইয়া- আবা-তি লা আ'বুদিশ্ শাইত্বা-না; ইন্নাশ্ শাইত্বা-না কা-না লির্রাহ্মা-নি আ'সীয়্যা-। ৪৫। ইয়া- আবাতি ইন্নী~

(৪৪) 'হে আমার পিতা! শয়তানের উপাসনা করো না। নিশ্চয় শয়তান দয়াময়ের অবাধ্য।'(৪৫) 'হে আমার পিতা! আমি আশংকা

اَخَافُ اَنْ يَّمَسَّكَ عَذَابٌ مِّنَ الرَّحْمٰنِ فَتَكُوْنَ لِلشَّيْطٰنِ وَلِيًّا ﴿٤٥﴾ قَالَ اَرَاغِبٌ

আখা-ফু আই ইয়ামাস্সাকা 'আযা-বুম্ মিনার্ রাহ্মা-নি ফাতাকূনা লিশ্শাইত্বা-নি ওয়ালিয়্যা-। ৪৬। ক্বা-লা আরা-গিবুন্

করি, তোমাকে দয়াময়ের আযাব পাকড়াও করবে এবং তুমি শয়তানের সঙ্গী হয়ে যাবে।' (৪৬) পিতা বলল, হে ইবরাহীম! 'তুমি

اَنْتَ عَنْ اٰلِهَتِىْ يٰۤاِبْرٰهِيْمُ ۚ لَئِنْ لَّمْ تَنْتَهِ لَاَرْجُمَنَّكَ وَاهْجُرْنِىْ مَلِيًّا ۝

আন্তা 'আন্ আ-লিহাতী ইয়া~ইব্রা-হীম, লাইললাম তান্তাহি লাআরজুমান্নাকা ওয়াহ্জুরনী মালিয়্যা-।

কি আমার উপাস্যদের থেকে বিমুখ হচ্ছ? যদি তুমি নিবৃত্ত না হও, তবে তোমাকে প্রস্তরাঘাতে অবশ্যই হত্যা করব। তুমি চিরকালের জন্য আমার কাছ থেকে দূরে সরে যাও।'

قَالَ سَلٰمٌ عَلَيْكَ ۚ سَاَسْتَغْفِرُ لَكَ رَبِّىْ ؕ اِنَّهٗ كَانَ بِىْ حَفِيًّا ﴿٤٧﴾ وَاَعْتَزِلُكُمْ

৪৭। ক্বালা সালামুন 'আলাইক, সাআস্তাগ্ফিরু লাকা রাব্বী; ইন্নাহূ কা-না বী হ্বাফিয়্যা-। ৪৮। ওয়া আ'তাযিলুকুম

(৪৭) তিনি বললেন, 'তোমার উপর শান্তি বর্ষিত হোক। আমি আমার প্রভুর কাছে তোমার জন্য ক্ষমা চাইব, তিনি আমার প্রতি অত্যন্ত মেহেরবান।' (৪৮) আমি তোমাদেরকে

وَمَا تَدْعُوْنَ مِنْ دُوْنِ اللّٰهِ وَاَدْعُوْا رَبِّىْ ۖ عَسٰۤى اَلَّاۤ اَكُوْنَ بِدُعَآءِ رَبِّىْ شَقِيًّا

ওয়া মা- তাদ্'উনা মিন্ দূনিল্লা-হি ওয়া আদ্'উ রাব্বী, 'আসা~আল্লা~আকূনা বিদু'আ-ই রাব্বী শাক্বিয়্যা-।

এবং তোমরা আল্লাহ্ ব্যতীত যাদের উপাসনা কর তাদেরকে পরিত্যাগ করছি; আমি আমার রবেরই ইবাদত করব। আশা করি আমার রবের ইবাদত করে আমি বঞ্চিত হব না।'

فَلَمَّا اعْتَزَلَهُمْ وَمَا يَعْبُدُوْنَ مِنْ دُوْنِ اللّٰهِ ۙ وَهَبْنَا لَهٗۤ اِسْحٰقَ وَيَعْقُوْبَ ؕ ﴿٤٩﴾

৪৯। ফালাম্মা' তাযালাহুম্ ওয়া মা- ইয়া'বুদূনা মিন্ দূনিল্লা-হি ওয়াহাব্না- লাহূ~ইসহ্বা-ক্বা ওয়া ইয়া'কূব;

(৪৯) অতঃপর তিনি তাদের ও আল্লাহ্ ছাড়া তারা যাদের উপাসনা করত তাদের থেকে যখন পৃথক হয়ে গেলেন তখন আমি তাকে ইসহাক ও ইয়াকুবকে দান

وَكُلًّا جَعَلْنَا نَبِيًّا ﴿٤٩﴾ وَوَهَبْنَا لَهُمْ مِّنْ رَّحْمَتِنَا وَجَعَلْنَا لَهُمْ لِسَانَ صِدْقٍ عَلِيًّا ۝ ع

ওয়া কুল্লান্ জ্বা'আল্না- নাবিয়্যা-। ৫০। ওয়া ওয়াহাব্না- লাহুম্ মির্রাহ্মাতিনা- ওয়া জ্বা'আল্না- লাহুম্ লিসা-না স্বিদ্ক্বিন 'আলিয়্যা-।

করলাম এবং প্রত্যেককে নবী করলাম। (৫০) আর তাদেরকে আমি আমার অনুগ্রহ দান করলাম এবং তাদের নাম কল্যাণময় ও সুমহান করলাম।

وَاذْكُرْ فِى الْكِتٰبِ مُوْسٰۤى ۫ اِنَّهٗ كَانَ مُخْلَصًا وَّكَانَ رَسُوْلًا نَّبِيًّا ﴿٥١﴾ وَنَادَيْنٰهُ

৫১। ওয়াযকুর্ ফিল্ কিতাবি মূসা~ইন্নাহূ কা-না মুখ্লাস্বাওঁ ওয়া কা-না রাসূলান্নাবীয়্যা-। ৫২। ওয়ানা-দাইনা-হু

(৫১) এই কিতাবে মূসার কথা আলোচনা করুন। তিনি ছিলেন মনোনীত এবং তিনি ছিলেন রাসূল ও নবী। (৫২) তাকে আমি তূর

مِنْ جَانِبِ الطُّوْرِ الْاَيْمَنِ وَقَرَّبْنٰهُ نَجِيًّا ﴿٥٢﴾ وَوَهَبْنَا لَهٗ مِنْ رَّحْمَتِنَاۤ اَخَاهُ هٰرُوْنَ

মিন্ জ্বা-নিবিত্ব ত্বূরিল্ আইমানি ওয়া ক্বার্রাব্না-হু নাজ্বিয়্যা-। ৫৩। ওয়া ওয়াহাব্না- লাহূ মির্ রাহ্মাতিনা- আখা-হু হা-রূনা

পর্বতের ডান দিক থেকে ডাকলাম এবং গোপনতত্ত্ব বর্ণনার জন্য তাকে নিকটবর্তী করলাম। (৫৩) আমি নিজ অনুগ্রহে তার ভাই হারুনকে নবীরূপে তাকে

نَبِيًّا ﴿٥٣﴾ وَاذْكُرْ فِى الْكِتٰبِ اِسْمٰعِيْلَ ۫ اِنَّهٗ كَانَ صَادِقَ الْوَعْدِ وَكَانَ رَسُوْلًا

নাবিয়্যা-। ৫৪। ওয়ায্কুর্ ফিল্ কিতা-বি ইস্মা-ঈলা ইন্নাহূ কা-না স্বা-দিক্বাল্ ওয়া'দি ওয়া কা-না রাসূলান

দান করলাম। (৫৪) এ কিতাবে উল্লিখিত ইসমাঈলের কথা বর্ণনা করুন, তিনি ছিলেন ওয়াদা পালনে বড় সত্যবাদী এবং তিনি ছিলেন রাসূল

نَّبِيًّا ﴿٥٤﴾ وَكَانَ يَاْمُرُ اَهْلَهٗ بِالصَّلٰوةِ وَالزَّكٰوةِ ۠ وَكَانَ عِنْدَ رَبِّهٖ مَرْضِيًّا ﴿٥٥﴾ وَاذْكُرْ

নাবিয়্যা-। ৫৫। ওয়া কা-না ইয়া'মুরু আহ্লাহূ বিস্ব্স্বালা-তি ওয়ায্ যাকা-তি ওয়া কা-না 'ইন্দা রাব্বিহী মারদ্বিয়্যা-। ৫৬। ওয়ায্কুর্

ও নবী; (৫৫) তিনি তার পরিবারবর্গকে নামায ও যাকাত আদায়ের নির্দেশ দিতেন এবং তিনি ছিলেন তার পালনকর্তার সন্তোষভাজন। (৫৬) এ কিতাবে

فِى الْكِتٰبِ اِدْرِيْسَ ۫ اِنَّهٗ كَانَ صِدِّيْقًا نَّبِيًّا ﴿٥٦﴾ وَّرَفَعْنٰهُ مَكَانًا عَلِيًّا ﴿٥٧﴾ اُولٰٓئِكَ

ফিল্ কিতা-বি ইদ্রীস; ইন্নাহূ কা-না স্বিদ্দীক্বান নাবিয়্যা- ৫৭। ওয়া রাফা'না-হু মাকা-নান্ 'আলিয়্যা-। ৫৮। উলা—ইকাল্

উল্লিখিত ইদ্রীসের কথা বর্ণনা করুন। তিনি ছিলেন সত্যবাদী ও একজন নবী; (৫৭) আমি তাকে সুউচ্চ মর্যাদা দান করেছিলাম। (৫৮) নবীদের মধ্যে যাদেরকে

الَّذِيْنَ اَنْعَمَ اللّٰهُ عَلَيْهِمْ مِّنَ النَّبِيّٖنَ مِنْ ذُرِّيَّةِ اٰدَمَ ۗ وَمِمَّنْ حَمَلْنَا مَعَ

লাযীনা আন্ 'আমাল্লা-হু 'আলাইহিম্ মিনান্ নাবিয়্যীনা মিন্ যুর্রিয়্যাতি আ-দামা ওয়া মিম্মান হ্বামাল্না- মা'আ

আল্লাহ্ অনুগৃত করেছিলেন, তারা আদমেরই বংশধর এবং যাদেরকে তিনি নূহের সাথে নৌকায় আরোহণ করিয়েছিলেন তাদের

✪ বিশ্লেষণ (আঃ ৪৯) ঃ وهبنا له اسحق ويعقوب - যখন ইবরাহীম (আ) তাওহীদের স্বার্থে পিতাকে ত্যাগ করে স্বীয় ভূমি ছেড়ে চলে গেলেন, তখন আল্লাহ্ তাঁকে ইসহাক (আ) ও ইয়াকুব (আ)-কে দান করলেন। যাতে তাদের স্নেহ মমতা, পিতার বিচ্ছিন্নতার বেদনা দূর করে দেয়। ইয়াকুব (আ) ছিলেন ইসহাক (আ)-এর ছেলে। অর্থাৎ হযরত ইবরাহীম (আ)-এর নাতী। ✪ বিশ্লেষণ (আঃ ৫০) ঃ رحمتنا - নবুওয়াত ব্যতীত আরও রহমত তাঁকে দান করেছেন। যথা- ধনসম্পদ, অধিক সন্তানাদি, যার মাধ্যমে বহু কাল পর্যন্ত নবুওয়াতের পরম্পরা চালু ছিল। এ জন্যই ইবরাহীম (আ)-কে আবুল আম্বীয়া (নবীদের পিতা) বলা হয়। لسان صدق (অর্থ সুখ্যাতি, সুন্দর আলোচনা), মানুষের মুখে যার প্রশংসা থাকে সে প্রকৃতই তার যোগ্য। সুতরাং ধর্ম ও কিতাবের অনুসারীগণ, এমনকি মুশরিকরাও হযরত ইবরাহীম (আ)-এর এবং তাঁর বংশধরদের স্মরণ বা কথা, অতি সুন্দর ভাষায় এবং সম্মানের সাথে করেন। (কুঃ কাঃ)

نُوحٍ ز وَمِن ذُرِّيَّةِ إِبْرٰهِيمَ وَإِسْرَآءِيلَ ز وَمِمَّنْ هَدَيْنَا وَاجْتَبَيْنَآ ط

নূহিঁও ওয়া মিন্ যুররিয়্যাতি ইব্রা-হীমা ওয়া ইস্রা-ঈলা ওয়া মিম্মান হাদাইনা- ওয়াজ্তাবাইনা-;
বংশধর, ইব্রাহীম ও ইস্রাঈলের বংশধর এবং যাদেরকে তিনি হেদায়াত দিয়েছিলেন ও মনোনীত করেছিলেন তাদের অন্তর্ভুক্ত।

إِذَا تُتْلٰى عَلَيْهِمْ اٰيٰتُ الرَّحْمٰنِ خَرُّوا سُجَّدًا وَبُكِيًّا ۩ ﴿٥٨﴾ فَخَلَفَ مِنْ بَعْدِهِمْ

ইযা- তুত্লা- 'আলাইহিম আ-ইয়া-তুর্ রাহ্মা-নি খাররূ সুজ্জাদাওঁ ওয়া বুকিয়্যা-। ৫৯। ফাখালাফা মিম্ বা'দিহিম
তাদের কাছে করুনাময়ের আয়াত আবৃত্ত হলে কাঁদতে কাঁদতে তারা সিজদায় লুটিয়ে পড়তেন। (৫৯) তাদের পরে এল অপদার্থ

خَلْفٌ أَضَاعُوا الصَّلٰوةَ وَاتَّبَعُوا الشَّهَوٰتِ فَسَوْفَ يَلْقَوْنَ غَيًّا ﴿٥٩﴾ إِلَّا مَنْ تَابَ

খালফুন্ আদ্বা'উস্ব্ স্বালা-তা ওয়াত্তাবা'উশ্ শাহাওয়া-তি ফাসাওফা ইয়াল্ক্বাওনা গাইয়্যা-। ৬০। ইল্লা- মান তা-বা
উত্তরসূরীরা, তারা নামায নষ্ট করল এবং কুপ্রবৃত্তির অনুগামী হল। তাই তারা অচিরেই মন্দ পরিণাম প্রত্যক্ষ করবে। (৬০) কিন্তু তারা

وَاٰمَنَ وَعَمِلَ صٰلِحًا فَأُولٰٓئِكَ يَدْخُلُونَ الْجَنَّةَ وَلَا يُظْلَمُونَ شَيْـًٔا ﴿٦٠﴾ جَنّٰتِ

ওয়া আ-মানা ওয়া 'আমিলা স্বা-লিহান ফাউলা—ইকা ইয়াদ্খুলূনাল্ জান্নাতা ওয়া লা- ইউয্বলামূনা শাইয়্যা-। ৬১। জান্না-তি
ব্যতীত, যারা তওবা করেছে এবং ঈমান এনেছে ও সৎকাজ করেছে, তারাই তো জান্নাতে প্রবেশ করবে। তাদের প্রতি সামান্য জুলুমও করা হবে না। (৬১) তারা

عَدْنِ الَّتِي وَعَدَ الرَّحْمٰنُ عِبَادَهُ بِالْغَيْبِ ط إِنَّهُ كَانَ وَعْدُهُ مَأْتِيًّا ﴿٦١﴾

'আদ্নি নিল্লাতী ওয়া'আদার্ রাহ্মা-নু 'ইবাদাহূ বিল্ গাইব্; ইন্নাহূ কা-না ওয়া'দুহূ মা'তিয়্যা-।
চিরস্থায়ী জান্নাতে থাকবে, যার প্রতিশ্রুতি দয়াময় তাঁর বান্দাদেরকে অদৃশ্যভাবে দিয়েছেন। তাঁর প্রতিশ্রুত বিষয় অবশ্যই সমাগত হবে।

لَا يَسْمَعُونَ فِيهَا لَغْوًا إِلَّا سَلٰمًا ط وَلَهُمْ رِزْقُهُمْ فِيهَا بُكْرَةً وَعَشِيًّا ﴿٦٢﴾ تِلْكَ

৬২। লা- ইয়াস্মা'উনা ফীহা- লাগ্ওয়ান ইল্লা- সালা-মা-; ওয়ালাহুম্ রিয্ক্বুহুম ফীহা- বুক্রাতাওঁ ওয়া 'আশিয়্যা-। ৬৩। তিল্কাল্
(৬২) সেখানে তারা শান্তি ছাড়া কোন অসার বাক্য শুনবে না এবং সেখানে সকাল-সন্ধ্যা তাদের জন্য থাকবে জীবনোপকরণ। (৬৩) এটা

الْجَنَّةُ الَّتِي نُورِثُ مِنْ عِبَادِنَا مَنْ كَانَ تَقِيًّا ﴿٦٣﴾ وَمَا نَتَنَزَّلُ إِلَّا بِأَمْرِ رَبِّكَ ج

জান্নাতুললাতী নূরিছু মিন্ 'ইবা-দিনা- মান্ কা-না তাক্বিয়্যা-। ৬৪। ওয়া মা-নাতানায্যালু ইল্লা- বিআমরি রাব্বিক,
সেই জান্নাত, আমার বান্দাদের মধ্যে যার অধিকারী করব মুত্তাকীদেরকে। (৬৪) জিব্রাঈল বললেন, 'আমি আপনার রবের আদেশ ব্যতীত নাযিল হই না; যা

لَهُ مَا بَيْنَ أَيْدِينَا وَمَا خَلْفَنَا وَمَا بَيْنَ ذٰلِكَ ج وَمَا كَانَ رَبُّكَ نَسِيًّا ﴿٦٤﴾ رَبُّ

লাহূ মা- বাইনা আইদীনা- ওয়া মা- খাল্ফানা- ওয়া মা- বাইনা যা-লিক' ওয়া মা- কা-না রাব্বুকা নাসিয়্যা-। ৬৫। রাব্বুস্
আমাদের সম্মুখে ও পশ্চাতে আছে এবং যা এই দুই-এর মধ্যস্থলে আছে, তার সবই তার এবং আপনার রব কখনো বিস্মৃত হওয়ার নন।' (৬৫) তিনি আকাশ,

○ বিশ্লেষণ (আঃ ৬২) ঃ سلما - ফেরেশতাগণও তাদেরকে সালাম করতে থাকবেন এবং জান্নাতবাসীগণও পরস্পর পরস্পরে অধিক পরিমাণে সালাম দিবেন। بكرة وعشيا - (সকাল-সন্ধ্যা) এখানে সকাল-সন্ধ্যা দ্বারা জান্নাতের সকাল-সন্ধ্যা বুঝানো হয়েছে। সেখানে পৃথিবীর ন্যায় সূর্য উদয়-অস্ত হবে না, যার দ্বারা রাত-দিন নির্ধারণ করা যায়। বরং বিশেষ ধরনের আলো থাকবে, যার দ্বারা সকাল-সন্ধ্যা নির্ধারণ করা হবে। সে অনুযায়ী সকাল-সন্ধ্যায় জান্নাতের খাদ্য পৌঁছবে। (তাঃ উসমানী) ○ শানে নুযূল (আঃ ৬৪) ঃ وما نتنزل - রাসূলুল্লাহ (সা) একবার জিবরাঈল (আ)-এর সাথে বেশি বেশি ও বার বার দেখা পাওয়ার ইচ্ছা প্রকাশ করেছিলেন। সে প্রেক্ষিতে এ আয়াত অবতীর্ণ হয়। (আল কুরআনুল কারীম)

السَّمٰوٰتِ وَالْأَرْضِ وَمَا بَيْنَهُمَا فَاعْبُدْهُ وَاصْطَبِرْ لِعِبَادَتِهِ ط هَلْ تَعْلَمُ لَهُ سَمِيًّا ﴿٦٥﴾

সামা-ওয়া-তি ওয়াল আরদ্বি ওয়া মা- বাইনাহুমা- ফা'বুদ্হু ওয়াস্ত্বাবির লি'ইবা-দাতিহ্; হাল্ তা'লামু লাহূ সামিয়্যা-।
পৃথিবী এবং এর মধ্যে যা কিছু আছে সব কিছুরই পালনকর্তা। সুতরাং তাঁরই ইবাদত কর এবং তার ইবাদতে দৃঢ়পদ হও। তুমি কি তার সমগুণসম্পন্ন কারও ব্যাপারে জান?

وَيَقُولُ الْإِنْسَانُ أَءِذَا مَا مِتُّ لَسَوْفَ أُخْرَجُ حَيًّا ﴿٦٦﴾ أَوَلَا يَذْكُرُ الْإِنْسَانُ

৬৫। ওয়া ইয়াকূলুল্ ইনসা-নু আইযা- মা- মিত্তু লাসাওফা উখ্রাজু হ্বাইয়্যা-। ৬৭। আওয়ালা- ইয়ায্কুরুল্ ইন্সা-নু
(৬৬) লোকে বলে,– 'যখন আমার মৃত্যু হবে, তখন কি আমাকে জীবিত অবস্থায় বের করা হবে?' (৬৭) মানুষ কি স্মরণ করে না যে,

أَنَّا خَلَقْنٰهُ مِنْ قَبْلُ وَلَمْ يَكُ شَيْـًٔا ﴿٦٧﴾ فَوَرَبِّكَ لَنَحْشُرَنَّهُمْ وَالشَّيٰطِينَ ثُمَّ

আন্না- খালাক্বনা-হু মিন্ ক্বাব্লু ওয়া লাম্ ইয়াকু শাইআ-। ৬৮। ফাওয়া রাব্বিকা লানাহ্শুরান্নাহুম ওয়াশ্ শায়া-ত্বীনা ছুম্মা-
আমি তাকে ইতিপূর্বে সৃষ্টি করেছি– যখন সে কিছুই ছিল না? (৬৮) তাই আপনার রবের শপথ! তাদেরকে এবং তাদের শয়তানদেরকে সমবেত করবই।

لَنُحْضِرَنَّهُمْ حَوْلَ جَهَنَّمَ جِثِيًّا ﴿٦٨﴾ ثُمَّ لَنَنْزِعَنَّ مِنْ كُلِّ شِيعَةٍ أَيُّهُمْ أَشَدُّ عَلَى

লানুহ্দ্বিরান্নাহুম হ্বাওলা জ্বাহান্নামা জ্বিছিয়্যা-। ৬৯। ছুম্মা- লানান্যি'আন্না মিন কুল্লি শী'আতিন আইয়্যুহুম আশাদ্দু 'আলার্
অতঃপর নতজানু অবস্থায় তাদেরকে জাহান্নামের চতুর্দিকে উপস্থিত করবই। (৬৯) অতঃপর প্রত্যেক দলের মধ্যে যে দয়াময়ের প্রতি অধিক অবাধ্য আমি

الرَّحْمٰنِ عِتِيًّا ﴿٦٩﴾ ثُمَّ لَنَحْنُ أَعْلَمُ بِالَّذِينَ هُمْ أَوْلٰى بِهَا صِلِيًّا ﴿٧٠﴾ وَإِنْ مِنْكُمْ

রাহ্মা-নি 'ইতিয়্যা-। ৭০। ছুম্মা লানাহ্নু আ'লামু বিল্লাযীনা হুম আওলা- বিহা- স্বিলিয়্যা-। ৭১। ওয়া ইম্মিন্কুম
তাকে অবশ্যই টেনে বের করব। (৭০) তাদের মধ্যে যারা জাহান্নামে প্রবেশের অধিক যোগ্য, আমি তো তাদের বিষয়ে ভাল করেই জানি। (৭১) তোমাদের মধ্যে এমন কেউ

إِلَّا وَارِدُهَا ج كَانَ عَلٰى رَبِّكَ حَتْمًا مَقْضِيًّا ﴿٧١﴾ ثُمَّ نُنَجِّي الَّذِينَ اتَّقَوْا وَنَذَرُ

ইল্লা- ওয়া-রিদুহা-, কা-না 'আলা- রাব্বিকা হ্বাত্মাম্মাক্বদ্বিয়্যা-। ৭২। ছুম্মা- নুনাজ্জীললাযীনাত্ তাক্বাওঁ ওয়া 'নাযা-রুয্
নেই যে, তার (দোজখের) উপর দিয়ে পথ অতিক্রম করবে না। এ আপনার রবের সিদ্ধান্ত। (৭২) অতঃপর আমি মুত্তাকীদেরকে উদ্ধার করব এবং জালিমদেরকে

الظّٰلِمِينَ فِيهَا جِثِيًّا ﴿٧٢﴾ وَإِذَا تُتْلٰى عَلَيْهِمْ اٰيٰتُنَا بَيِّنٰتٍ قَالَ الَّذِينَ كَفَرُوا لِلَّذِينَ

যা-লিমীনা ফীহা- জ্বিছিয়্যা-। ৭৩। ওয়া ইযা- তুত্লা- 'আলাইহিম আ-ইয়া-তুনা- বাইয়্যিনা-তিন ক্বা-লাল্ লাযীনা কাফারূ লিল্লাযিনা
সেখানে নতজানু অবস্থায় ছেড়ে দেব। (৭৩) তাদের কাছে যখন আমার সুস্পষ্ট আয়াত পাঠ করা হয়, তখন কাফেররা মুমিনদেরকে বলে,

اٰمَنُوٓا أَيُّ الْفَرِيقَيْنِ خَيْرٌ مَقَامًا وَأَحْسَنُ نَدِيًّا ﴿٧٣﴾ وَكَمْ أَهْلَكْنَا قَبْلَهُمْ مِنْ قَرْنٍ هُمْ

আ-মানূ~ অইয়্যুল ফারীক্বাইনি খাইরুম্মাক্বা-মাওঁ ওয়া আহ্সানু নাদিয়্যা-। ৭৪। ওয়া কাম্ আহ্লাক্না- ক্বাব্লাহুম্ মিন্ ক্বারনিন হুম
'দু দলের মধ্যে কোন্‌টি মর্যাদায় শ্রেষ্ঠতর এবং কোন মজলিসটি উত্তম?'(৭৪) তাদের পূর্বে কত মানবগোষ্ঠীকে ধ্বংস করেছি– যারা

○ বিশ্লেষণ (আঃ ৭১) ঃ واردها - হাদীস শরীফে এর ব্যাখ্যা এভাবে বর্ণিত হয়েছে, জাহান্নামের উপর পুল বানানো হবে, যার উপর থেকে সকল মুমিন ও কাফিরদের অতিক্রম করতে হবে। মুমিনগণ তাঁর আমলের কারণে দ্রুত তা অতিক্রম করে চলে যাবে। কেউ বিজলীর ন্যায়, কেউ বায়ুর বেগে, কেউ পাখির ন্যায়, কেউ সুন্দর ঘোড়া এবং অন্যান্য সওয়ারীর ন্যায় অতিক্রম করবে। কেউ জখমসহ অতিক্রম করবে। কিন্তু কাফির সে পুল অতিক্রম করতে ব্যর্থ হবে এবং জাহান্নামে পতিত হবে। (কুঃ কারীম)

أَحْسَنُ أَثَاثًا وَّرِءْيًا ﴿٧٤﴾ قُلْ مَنْ كَانَ فِي الضَّلٰلَةِ فَلْيَمْدُدْ لَهُ الرَّحْمٰنُ مَدًّا ۚ

আহ্সানু আছা-ছাওঁ ওয়ারি'ইয়া-। ৭৫। কুল্ মান্ কা-না ফিদ্বদ্বালা-লাতি ফাল্ ইয়াম্দুদ্ লাহুর্ রাহ্মা-নু মাদ্দা-,
তাদের চেয়ে সম্পদে ও বাহ্যদৃষ্টিতে শ্রেষ্ঠ ছিল। (৭৫) বলুন, 'যারা বিভ্রান্তিতে আছে, দয়াময় তাদেরকে অনেক অবকাশ দেন,

حَتّٰى إِذَا رَأَوْا مَا يُوعَدُونَ إِمَّا الْعَذَابَ وَإِمَّا السَّاعَةَ ۖ فَسَيَعْلَمُونَ مَنْ هُوَ

হাত্তা~ইযা- রাআও মা- ইউ'আদূনা ইম্মাল্ 'আযা-বা ওয়া ইম্মাস্সা-'আহ; ফাসাইয়া'লামূনা মান হুওয়া
যতক্ষণ না তারা সেটি দেখবে– যে বিষয়ে তাদেরকে ওয়াদা দেয়া হচ্ছে, তা আযাব হোক বা কিয়ামতই হোক। এরপর তারা জানতে

شَرٌّ مَّكَانًا وَّأَضْعَفُ جُنْدًا ﴿٧٥﴾ وَيَزِيدُ اللّٰهُ الَّذِينَ اهْتَدَوْا هُدًى ۗ وَالْبٰقِيٰتُ

শার্রুম মাকা-নাওঁ ওয়া আদ্ব'আফু জুন্দা-। ৭৬। ওয়া ইয়াযীদুল্লা-হুল লাযীনাহ্ তাদাওঁ হুদা-; ওয়াল্ বা-ক্বিয়াতুস্
পারবে, কে মর্যাদায় নিকৃষ্ট এবং দলবলে দুর্বল। (৭৬) আর যারা সৎপথে চলে আল্লাহ্ তাদের হেদায়াতপ্রাপ্তি আরো বৃদ্ধি করে দেন। আর সৎকর্ম আপনার

الصّٰلِحٰتُ خَيْرٌ عِنْدَ رَبِّكَ ثَوَابًا وَّخَيْرٌ مَّرَدًّا ﴿٧٦﴾ أَفَرَءَيْتَ الَّذِي كَفَرَ بِاٰيٰتِنَا

স্বালিহ্বাতু খাইরুন্ 'ইন্দা রাব্বিকা ছাওয়া-বাওঁ ওয়া খাইরুম্ মারাদ্দা-। ৭৭। আফারাআইতাল্ লাযী কাফারা বিআ-ইয়া-তিনা-
রবের কাছে পুরস্কারপ্রাপ্তির দিক দিয়ে শ্রেষ্ঠ এবং প্রতিদান হিসাবেও শ্রেষ্ঠ।'(৭৭) আপনি কি দেখেছেন তাকে, যে আমার আয়াতসমূহ প্রত্যাখান করে বলে,

وَقَالَ لَأُوتَيَنَّ مَالًا وَّوَلَدًا ﴿٧٧﴾ أَطَّلَعَ الْغَيْبَ أَمِ اتَّخَذَ عِنْدَ الرَّحْمٰنِ عَهْدًا ﴿٧٨﴾

ওয়া ক্বা-লা লাউতায়ান্না মা-লাওঁ ওয়া ওয়ালাদা-। ৭৮। আত্ত্বালা'আল গাইবা আমিত্তাখাযা 'ইন্দার্ রাহ্মা-নি 'আহ্দা-।
'আমাকে সম্পদ ও সন্তান সন্ততি অবশ্যই দেয়া হবে। (৭৮) সে কি অদৃশ্য বিষয়ে অবহিত হয়ে গেছে কিংবা দয়াময়ের প্রতিশ্রুতি লাভ করেছে?

﴿٧٩﴾ كَلَّا ۚ سَنَكْتُبُ مَا يَقُولُ وَنَمُدُّ لَهُ مِنَ الْعَذَابِ مَدًّا ﴿٨٠﴾ وَّنَرِثُهُ مَا يَقُولُ

৭৯। কাল্লা; সানাক্তুবু মা-ইয়াক্বূলু ওয়া নামুদ্দু লাহূ মিনাল্ 'আযা-বি মাদ্দাওঁ ৮০। ওয়া নারিছুহূ মা-ইয়াক্বূলু
(৭৯) কখনও নয়, তারা যা বলে আমি তা লিখে রাখছি এবং তার আযাব দীর্ঘায়িত করতে থাকব। (৮০) সে যা বলে তা আমার অধিকারে থাকবে এবং সে

وَيَأْتِينَا فَرْدًا ﴿٨١﴾ وَاتَّخَذُوا مِنْ دُونِ اللّٰهِ اٰلِهَةً لِّيَكُونُوا لَهُمْ عِزًّا ﴿٨٢﴾ كَلَّا ۚ

ওয়াইয়া'তীনা- ফার্দা-। ৮১। ওয়াত্তাখাযূ মিন্ দূনিল্লা-হি আ-লিহাতাল লিইয়াকূনূ লাহুম 'ইয্যা-। ৮২। কাল্লা;
আমার কাছে একাকী আসবে। (৮১) তারা আল্লাহ্ ছাড়া অন্য উপাস্য গ্রহণ করেছে, যাতে তারা তাদের জন্য মর্যাদার কারণ হয়। (৮২) কখনও নয়,

سَيَكْفُرُونَ بِعِبَادَتِهِمْ وَيَكُونُونَ عَلَيْهِمْ ضِدًّا ﴿٨٣﴾ أَلَمْ تَرَ أَنَّا أَرْسَلْنَا الشَّيٰطِينَ

ع ৫ ৭ ৮ রুকূ

সাইয়াক্ফুরূনা বি'ইবা-দাতিহিম ওয়া ইয়াকূনূনা 'আলাইহিম দ্বিদ্দা-। ৮৩। আলাম্ তারা আন্না~আরসাল্নাশ্ শাইয়া-ত্বীনা
তারা তাদের কৃত উপাসনা অস্বীকার করবে এবং তাদের বিরুদ্ধে চলে যাবে। (৮৩) আপনি কি দেখেন না, আমি কাফেরদের কাছে তাদেরকে মন্দ কাজে উৎসাহিত

عَلَى الْكٰفِرِينَ تَؤُزُّهُمْ أَزًّا ﴿٨٣﴾ فَلَا تَعْجَلْ عَلَيْهِمْ ۖ إِنَّمَا نَعُدُّ لَهُمْ عَدًّا ﴿٨٤﴾ يَوْمَ

'আলাল কা-ফিরীনা তাউয্যুহুম আয্যা-। ৮৪। ফালা- তা'জাল্ 'আলাইহিম; ইন্নামা- নাউদ্দুলাহুম 'আদ্দা-। ৮৫। ইয়াওমা
করার জন্য শয়তান পাঠিয়েছি। (৮৪) সুতরাং তাদের বিষয়ে তাড়া হুড়া করবেন না। আমি তাদের কথা নিশ্চয় গুনে রাখছি। (৮৫) সেদিন দয়াময়ের নিকট

نَحْشُرُ الْمُتَّقِينَ إِلَى الرَّحْمٰنِ وَفْدًا ﴿٨٥﴾ وَّنَسُوقُ الْمُجْرِمِينَ إِلٰى جَهَنَّمَ وِرْدًا ﴿٨٦﴾

নাহ্শুরুল্ মুত্তাক্বীনা ইলার রাহ্মা-নি ওয়াফ্দাওঁ ৮৬। ওয়া নাসূকুল্ মুজ্রিমীনা ইলা- জ্বাহান্নামা ওয়্রিদা-।
মুত্তাকীদেরকে মেহমান হিসেবে সমবেত করব, (৮৬) আর অপরাধীদেরকে তৃষ্ণার্ত অবস্থায় জাহান্নামের দিকে তাড়িয়ে নিয়ে যাব।

﴿٨٧﴾ لَا يَمْلِكُونَ الشَّفَاعَةَ إِلَّا مَنِ اتَّخَذَ عِنْدَ الرَّحْمٰنِ عَهْدًا ﴿٨٨﴾ وَقَالُوا اتَّخَذَ

৮৭। লা- ইয়াম্লিকূনাশ্ শাফা-'আতা ইল্লা- মানিত্তাখাযা 'ইন্দার্ রাহ্মা-নি 'আহ্দা-। ৮৮। ওয়া ক্বা-লূত তাখাযার
(৮৭) যে দয়াময় থেকে প্রতিশ্রুতি গ্রহণ করেছে সে ছাড়া অন্য কারও সুপারিশ করার ক্ষমতা থাকবে না। (৮৮) আর তারা বলে, 'আল্লাহ্

الرَّحْمٰنُ وَلَدًا ﴿٨٩﴾ لَقَدْ جِئْتُمْ شَيْئًا إِدًّا ﴿٩٠﴾ تَكَادُ السَّمٰوٰتُ يَتَفَطَّرْنَ مِنْهُ وَتَنْشَقُّ

রাহ্মা-নু ওয়ালাদা-। ৮৯। লাক্বাদ্ জ্বি'তুম্ শাইআন ইদ্দা-। ৯০। তাকাদুস্ সামা-ওয়া-তু ইয়াতা ফাত্বত্বারনা মিন্হু ওয়া তান্শাক্কুল্
সন্তান গ্রহণ করেছেন।' (৮৯) তোমরা তো মূলতঃ সাংঘাতিক এক উক্তি নিয়ে এসেছ। (৯০) এ কারণেই হয়তো আকাশ বিদীর্ণ হয়ে যাবে, পৃথিবী টুকরো টুকরো

الْأَرْضُ وَتَخِرُّ الْجِبَالُ هَدًّا ﴿٩١﴾ أَنْ دَعَوْا لِلرَّحْمٰنِ وَلَدًا ﴿٩٢﴾ وَمَا يَنْبَغِي

আরদ্বু ওয়া তাখির্রুল্ জ্বিবা-লু হাদ্দা-। ৯১। আন দা'আও লির্রাহ্মা-নি ওয়ালাদা-। ৯২। ওয়া মা- ইয়াম্বাগী
হয়ে যাবে এবং পর্বতমালা ফেটে চূর্ণ-বিচূর্ণ হয়ে যাবে, (৯১) তারা দয়াময়ের প্রতি সন্তান আরোপ করে। (৯২) অথচ সন্তান গ্রহণ

لِلرَّحْمٰنِ أَنْ يَتَّخِذَ وَلَدًا ﴿٩٣﴾ إِنْ كُلُّ مَنْ فِي السَّمٰوٰتِ وَالْأَرْضِ إِلَّا اٰتِي

লির্রাহ্মা-নি আইঁ ইয়াত্তাখিযা ওয়ালাদা-। ৯৩। ইন্কুল্লু মান ফিসসামা-ওয়া-তি ওয়াল আরদ্বি ইল্লা- আ-তির্
করা দয়াময়ের জন্য শোভনীয় নয়! (৯৩) আকাশমন্ডলে ও ভূমন্ডলে এমন কেউ নেই, যে দয়াময়ের কাছে গোলাম হয়ে

الرَّحْمٰنِ عَبْدًا ﴿٩٤﴾ لَقَدْ أَحْصٰهُمْ وَعَدَّهُمْ عَدًّا ﴿٩٥﴾ وَكُلُّهُمْ اٰتِيهِ يَوْمَ الْقِيٰمَةِ

রাহ্মা-নি 'আবদা-। ৯৪। লাক্বাদ্ আহ্স্বা-হুম 'আদ্দা-। ৯৫। ওয়া কুল্লুহুম আ-তীহি ইয়াওমাল ক্বিয়া-মাতি
উপস্থিত হবে না। (৯৪) তিনি তাদের সকলকে ঘিরে রেখেছেন এবং সকলকে গণনা করেছেন, (৯৫) কিয়ামতের দিন তাদের সকলেই তাঁর কাছে একাকী অবস্থায়

فَرْدًا ﴿٩٦﴾ إِنَّ الَّذِينَ اٰمَنُوا وَعَمِلُوا الصّٰلِحٰتِ سَيَجْعَلُ لَهُمُ الرَّحْمٰنُ وُدًّا ﴿٩٧﴾

ফারদা-। ৯৬। ইন্নাল্লাযীনা আ-মানূ ওয়া 'আ-মিলুস্বস্বা-লিহ্বা-তি সাইয়াজ্ব'আলু লাহুমুর্রাহ্মা-নু উদ্দা-।
আসবে। (৯৬) যারা ঈমান এনেছে ও সৎকর্ম করেছে, দয়াময় তাদের জন্য ভালবাসা সৃষ্টি করে দেবেন।

﴿٩٧﴾ فَإِنَّمَا يَسَّرْنٰهُ بِلِسَانِكَ لِتُبَشِّرَ بِهِ الْمُتَّقِينَ وَتُنْذِرَ بِهِ قَوْمًا لُّدًّا ﴿٩٨﴾ وَكَمْ

৯৭। ফাইন্নামা- ইয়াস্সার্না-হু বিলিসা-নিকা লিতুবাশ্শিরা বিহিল্ মুত্তাক্বীনা ওয়া তুন্যিরা বিহী ক্বাওমাল্ লুদ্দা-। ৯৮। ওয়া কাম্
(৯৭) আমি তো আপনার ভাষায় কুরআনকে সহজ করে দিয়েছি, যাতে আপনি তা দ্বারা মুত্তাকীদের সুসংবাদ দিতে পারেন এবং ঝগড়াটে লোকদেরকে সতর্ক করতে পারেন। (৯৮) তাদের

✪ বিশ্লেষণ (আঃ ৯৬) ঃ لهم الرحمن ودا - অর্থাৎ তাঁদেরকে তাঁর ভালবাসা দিবেন। অথবা, নিজে তাঁদেরকে ভালবাসবেন। অথবা সৃষ্টির প্রত্যেকের অন্তরে তাঁর প্রতি ভালবাসা সৃষ্টি করে দিবেন। হাদীস শরীফে বর্ণিত, যখন আল্লাহতায়ালা কোন বান্দাকে ভালবাসেন, তখন তা হযরত জিবরাঈলকে (আ) জানিয়ে দেন যে, আমি অমুককে ভালবাসি, তুমিও ভালবাস। তিনি আকাশে তা প্রচার করে দেন, আকাশ থেকে প্রেরিত তাঁর ভালবাসা পৃথিবীতে পৌছে যায়। ফলে পৃথিবীর অধিবাসীদের কাছে তিনি গ্রহণযোগ্য হন, তারা নিঃস্বার্থভাবে তাঁকে ভালবাসতে থাকেন। (তাঃ উসমানী)

أهلكنا قبلهم من قرن هل تحس منهم من أحد أو تسمع لهم ركزا

আহ্‌লাক্‌না- ক্বাব্‌লাহুম মিন্‌ ক্বারন; হাল তুহিস্‌সু মিন্‌হুম্‌ মিন আহ্বাদিন্‌ আও তাস্‌মা'উ লাহুম রিক্‌যা-।

পূর্বে আমি কত মানব গোষ্ঠিকে ধ্বংস করেছি! আপনি কি তাদের মধ্যে কারও সাড়াশব্দ শুনতে পান কিংবা কারও ক্ষীণতম শব্দ শুনতে পান?

সূরা ত্বোহা মক্কী

بسم الله الرحمن الرحيم

বিসমিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম

পরম দাতা ও দয়ালু আল্লাহ্‌র নামে শুরু করছি

আয়াত ঃ ১৩৫ রুকূ ঃ ৮

١ طه ٢ ما أنزلنا عليك القرآن لتشقى ٣ إلا تذكرة لمن يخشى

১। ত্বা-হা- ২। মা- আন্‌যালনা- 'আলাইকাল্‌ কুরআ-না লিতাশ্‌ক্বা ~ ৩। ইল্লা- তায্‌কিরাতাললিমাইঁ ইয়াখ্‌শা-।

(১) ত্বা-হা, (২) আপনাকে কষ্ট দেয়ার জন্য আমি আপনার প্রতি কুরআন নাযিল করিনি। (৩) বরং যারা ভয় করে তাদের উপদেশ দেয়ার জন্য।

٤ تنزيلا ممن خلق الأرض والسموت العلى ٥ الرحمن على العرش

৪। তান্‌যীলাম মিম্মান্‌ খালাক্বাল্‌ আরদ্বা ওয়াস্‌ সামা-ওয়া-তিল্‌ 'উলা-। ৫। আর্‌রাহ্‌মা-নু 'আলাল্‌ 'আরশিস্‌

(৪) যিনি সুউচ্চ আকাশ ও পৃথিবী সৃষ্টি করেছেন- এটা তার কাছ থেকে নাযিলকৃত। (৫) পরম দয়াময় আরশে সমাসীন

استوى ٦ له ما في السموت وما في الأرض وما بينهما وما تحت الثرى

তাওয়া-। ৬। লাহূ মা- ফিস্‌ সামা-ওয়া-তি ওয়া মা- ফিল্‌ আর্‌দ্বি ওয়া মা- বাইনাহুমা- ওয়া মা- তাহ্‌তাছ্‌ছারা-।

হয়েছেন। (৬) আকাশমন্ডলিতে, পৃথিবীতে, এর মধ্যবর্তী স্থানে এবং সিক্ত ভূগর্ভে যা আছে তা তাঁরই।

٧ وإن تجهر بالقول فإنه يعلم السر وأخفى ٨ الله لا إله إلا هو

৭। ওয়া ইন্‌ তাজ্‌হার্‌ বিল্‌ ক্বাওলি ফাইন্নাহূ ইয়া'লামুস্‌ সির্‌রা ওয়া আখ্‌ফা-। ৮। আল্লা-হু লা~ইলা-হা ইল্লা- হুওয়া;

(৭) আপনি উচ্চকণ্ঠে যাই বলুন না কেন যা অপ্রকাশ্য এবং যা আরও অধিক গোপনীয় তা তিনি জানেন। (৮) আল্লাহ্ ছাড়া অন্য কোন ইলাহ নেই,

له الأسماء الحسنى ٩ وهل أتاك حديث موسى ١٠ إذ رأى نارا فقال لأهله

লাহুল্‌ আস্‌মা— উল্‌ হুস্‌না-। ৯। ওয়া হাল্‌ আতা-কা হ্বাদীছু মূসা-। ১০। ইয্‌ রাআ না-রান ফাক্বা-লা লিআহ্‌লিহিম্‌

সমস্ত উত্তম নাম তাঁরই, (৯) মূসার বৃত্তান্ত আপনার নিকট কি পৌঁছেছে? (১০) তিনি যখন আগুন দেখলেন, তখন তার পরিবারবর্গকে বললেন, 'তোমরা এখানে

امكثوا إني آنست نارا لعلي آتيكم منها بقبس أو أجد على النار هدى

কুছূ~ইন্নী- আ-নাস্‌তু না-রাল লা'আল্লী~আ-তিকুম্‌মিন্‌হা- বিক্বাবাসিন্‌ আও আজ্বিদু 'আলান্‌না-রি হুদা-।

অবস্থান কর, আমি আগুন দেখতে পাচ্ছি। হয়তো তোমাদের জন্য তা থেকে আগুনের অঙ্গার নিয়ে আসতে পারব বা তার কাছে পৌঁছে পথের সন্ধান পেয়ে যাব।

○ ঘটনা (আঃ ১০) ঃ إذ رأى نارا - যখন মূসা (আ) মাদইয়ান থেকে নিজ স্ত্রীসহ নিজ মায়ের কাছে যেতেছিলেন, তখন অন্ধকার রাত ছিল এবং রাস্তাও ভুলে গিয়েছিলেন। কোন তফসীরকারের বর্ণনা মতে, স্ত্রীর সন্তান প্রসবের সময় অতি নিকটবর্তী ছিল এবং গরমের প্রয়োজন ছিল, অথবা ঠাণ্ডার কারণে গরমের প্রয়োজনীয়তা অনুভব করলেন। এর মধ্যে দূর থেকে আগুনের শিখা প্রজ্বলিত হতে দেখলেন। স্ত্রীকে বললেন (কারো মতে, সাথে সেবিকা ও সন্তানও ছিল এজন্য শব্দটি বহুবচন হিসেবে ব্যবহৃত হয়েছে) তুমি এখানে অপেক্ষা কর। সম্ভবতঃ আমি ওখান থেকে আগুনের একটি অংগার নিয়ে আসতে পারব। অথবা তা না হলেও সেখান থেকে রাস্তার তথ্য নিয়ে আসতে পারব। (কুঃ কারীম)

١١ فلما أتاها نودي يموسى ١٢ إني أنا ربك فاخلع نعليك إنك بالواد

১১। ফালাম্মা- আতা-হা- নূদিয়া ইয়া- মূসা-। ১২। ইন্নী~আনা রাব্বুকা ফাখ্‌লা' না'লাইক, ইন্নাকা বিল্‌ ওয়া-দিল্‌

(১১) তিনি আগুনের কাছে আসলে আওয়াজ হল, 'হে মূসা! (১২) নিশ্চয় আমি আপনার রব, তাই আপনার জুতো খুলে ফেলুন। কারণ আপনি পবিত্র

المقدس طوى ١٣ وأنا اخترتك فاستمع لما يوحى ١٤ إنني أنا الله لا إله

মুক্বাদ্দাসি তুওয়া-। ১৩। ওয়া আনাখ্‌তার্‌তুকা ফাস্তামি' লিমা- ইউহ্বা-। ১৪। ইন্নানী~আনাল্লা-হু লা ~ইলা-হা

'তোয়া' উপত্যকায় রয়েছেন।' (১৩) 'আপনাকে আমি মনোনীত করেছি। তাই যা ওহী করছি তা শুনুন।'(১৪) 'আমিই আল্লাহ্। আমি ছাড়া কোন ইলাহ নেই।

إلا أنا فاعبدني وأقم الصلوة لذكري ١٥ إن الساعة آتية أكاد أخفيها

ইল্লা~আনা ফা'বুদ্‌নী ওয়া আক্বিমিস্বস্বালা-তা লিযিক্‌রী। ১৫। ইন্নাস্‌ সা-'আতা আ-তিয়াতুন্‌ আকা-দু উখ্‌ফীহা-

তাই আমার ইবাদত করুন এবং আমাকে স্মরণ করার জন্য নামায পড়ুন।' (১৫) 'কিয়ামত অবশ্যই আসবে। আমি তা গোপন রাখতে চাই, যাতে প্রত্যেকেই

لتجزى كل نفس بما تسعى ١٦ فلا يصدنك عنها من لا يؤمن بها واتبع

লিতুজ্‌যা- কুল্লু'নাফ্‌সিম বিমা- তাস্‌'আ। ১৬। ফালা- ইয়াস্বুদ্দান্নাকা 'আনহা- মাল্‌লা- ইউ'মিনু বিহা- ওয়াত তাবা'আ

নিজ কর্মের প্রতিফল পেতে পারে।' (১৬) তাই তাতে যে বিশ্বাস করে না ও স্বীয় প্রবৃত্তির অনুসরণ করে, সে যেন আপনাকে তা থেকে নিবৃত্ত না করে, তবে

هوىه فتردى ١٧ وما تلك بيمينك يموسى ١٨ قال هي عصاي أتوكؤا عليها

হাওয়া-হু ফাতারদা-। ১৭। ওয়ামা- তিল্‌কা বিইয়ামীনিকা ইয়া- মূসা-। ১৮। ক্বা-লা হিয়া 'আস্বা-ইয়া, আতাওয়াক্কাউ 'আলাইহা-

আপনি ধ্বংস হয়ে যাবেন।' (১৭) 'হে মূসা! আপনার ডান হাতে এটি কি?' (১৮) তিনি বললেন, 'এটি আমার লাঠি, আমি এতে ভর দেই

وأهش بها على غنمي ولي فيها مآرب أخرى ١٩ قال ألقها يموسى

ওয়া আহুশ্‌শু বিহা- 'আলা- গানামী ওয়া লিয়া ফীহা- মাআ-রিবু উখ্‌রা-। ১৯। ক্বা-লা আল্‌ক্বিহা- ইয়া-মূসা-।

এবং আমার মেষপালের জন্য পাতা পেড়ে থাকি এবং এ আমার অন্যান্য কাজেও লাগে।' (১৯) আল্লাহ্ বললেন, 'হে মূসা! এটা নিক্ষেপ করুন।

٢٠ فألقها فإذا هي حية تسعى ٢١ قال خذها ولا تخف سنعيدها

২০। ফাআল্‌ক্বা-হা- ফাইযা- হিয়া হ্বাইয়্যাতুন্‌ তাস্‌'আ- ২১। ক্বা-লা খুয্‌হা- ওয়ালা- তাখাফ্‌, সানু'ঈদুহা-

(২০) তিনি সেটি নিক্ষেপ করলেন, তখন তা সাপ হয়ে ছুটতে লাগল, (২১) তিনি বললেন, 'একে আপনি ধরুন, ভয় পাবেন না, আমি

سيرتها الأولى ٢٢ واضمم يدك إلى جناحك تخرج بيضاء من غير سوء آية

সীরাতাহাল্‌ ঊলা-। ২২। ওয়াদ্বমুম ইয়াদাকা ইলা- জ্বানা-হ্বিকা তাখ্‌রুজ্ব বাইদ্বা—আ মিন্‌ গাইরি সূ—ইন্‌ আ-ইয়াতান

একে পূর্বাবস্থায় ফিরিয়ে দিচ্ছি।' (২২) আর আপনার হাত আপনার কালে রাখুন, নির্মল উজ্জ্বল আলো হয়ে তা আরেকটি নিদর্শন হয়ে বেরিয়ে

أخرى ٢٣ لنريك من آياتنا الكبرى ٢٤ اذهب إلى فرعون إنه طغى

উখ্‌রা-। ২৩। লিনুরিয়াকা মিন্‌ আ-ইয়া-তিনাল কুব্‌রা-। ২৪। ইয্‌হাব্‌ ইলা- ফির্‌আওনা ইন্নাহূ ত্বাগা-।

আসবে। (২৩) এগুলো এজন্য যে, আমার বড় বড় নিদর্শনগুলির কিছু যাতে আপনাকে দেখাতে পারি। (২৪) আপনি ফেরাউনের কাছে যান, সে সীমালংঘন করেছে।

﴿٢٥﴾ قَالَ رَبِّ اشْرَحْ لِي صَدْرِي ﴿٢٦﴾ وَيَسِّرْ لِي أَمْرِي ﴿٢٧﴾ وَاحْلُلْ عُقْدَةً مِّن

২৫। ক্বা-লা রাব্বিশ রাহ্‌লী স্বাদরী। ২৬। ওয়া ইয়াস্‌সির লী~আমরী। ২৭। ওয়াহ্‌লুল্ 'উক্বদাতাম মিল্

(২৫) মূসা বললেন, 'হে আমার প্রতিপালক! আমার বক্ষ প্রশস্ত করে দিন।' (২৬) 'আমার কাজ সহজ করে দিন।' (২৭) 'আমার জিহ্বার জড়তা দূর করে

لِّسَانِي ﴿٢٨﴾ يَفْقَهُوا قَوْلِي ﴿٢٩﴾ وَاجْعَل لِّي وَزِيرًا مِّنْ أَهْلِي ﴿٣٠﴾ هَارُونَ أَخِي

লিসা-নী। ২৮। ইয়াফ্‌ক্বাহূ ক্বাওলী। ২৯। ওয়াজ্'আল্লী ওয়াযীরাম্‌মিন্ আহ্‌লী। ৩০। হা-রূনা আখিশ

দিন।' (২৮) 'যাতে তারা আমার কথা বুঝতে পারে।' (২৯) 'আমার পরিবারবর্গ থেকে একজন সাহায্যকারী আমাকে প্রদান করুন- (৩০) আমার ভাই হারুণকে।

﴿٣١﴾ اشْدُدْ بِهِ أَزْرِي ﴿٣٢﴾ وَأَشْرِكْهُ فِي أَمْرِي ﴿٣٣﴾ كَيْ نُسَبِّحَكَ كَثِيرًا ﴿٣٤﴾ وَنَذْكُرَكَ

৩১। দুদ্ বিহী ~আযরী। ৩২। ওয়া আশ্‌রিক্‌হু ফী~আমরী। ৩৩। কাই নুসাব্বিহাকা কাছীরাওঁ ৩৪। ওয়ানাযকুরাকা

(৩১) তার দ্বারা আমার শক্তি বৃদ্ধি করুন।' (৩২) তাকে আমার কাজে শরীক করে দিন।' (৩৩) 'যাতে অধিক পরিমাণে আপনার মহিমা ঘোষণা করতে পারি' (৩৪) এবং আপনাকে

كَثِيرًا ﴿٣٥﴾ إِنَّكَ كُنتَ بِنَا بَصِيرًا ﴿٣٦﴾ قَالَ قَدْ أُوتِيتَ سُؤْلَكَ يَا مُوسَىٰ ﴿٣٧﴾ وَلَقَدْ

কাছীরা-। ৩৫। ইন্নাকা কুন্‌তা বিনা- বাস্বীরা-। ৩৬। ক্বা-লা ক্বাদ্ উতীতা সু'লাকা ইয়া- মূসা-। ৩৭। ওয়া লাক্বাদ্

অধিক স্মরণ করতে পারি।'(৩৫) আপনি তো আমাদের সব কিছুই দেখছেন।' (৩৬) তিনি বললেন, 'হে মূসা! আপনি যা চেয়েছেন তা আপনাকে দেয়া হল।' (৩৭) আপনার

مَنَنَّا عَلَيْكَ مَرَّةً أُخْرَىٰ ﴿٣٨﴾ إِذْ أَوْحَيْنَا إِلَىٰ أُمِّكَ مَا يُوحَىٰ ﴿٣٩﴾ أَنِ اقْذِفِيهِ

মানান্না- 'আলাইকা মার্‌রাতান উখ্‌রা~। ৩৮। ইয্ আওহাইনা~ইলা- উম্মিকা মা- ইউহা~ ।৩৯। আনিক্বযি ফীহি

প্রতি আর একবার আমি অনুগ্রহ করেছিলাম। (৩৮) তখন আপনার মাতাকে যা নির্দেশ করার ছিল তা করেছিলাম, (৩৯) এ মর্মে যে,

فِي التَّابُوتِ فَاقْذِفِيهِ فِي الْيَمِّ فَلْيُلْقِهِ الْيَمُّ بِالسَّاحِلِ يَأْخُذْهُ عَدُوٌّ لِّي

ফিত্তা-বূতি ফাক্বযি ফীহি ফিল্ ইয়াম্মি ফাল্‌ইউল্‌ক্বিহিল্ ইয়াম্মু বিসসা-হিলি ইয়া'খুয্‌হু 'আদুওউল্লী

তুমি মূসাকে সিন্দুকে রাখ, তারপর তা সাগরে ভাসিয়ে দাও, অতঃপর সাগর তাকে তীরে ঠেলে নিয়ে যাবে, তাকে আমার এবং তার শত্রু উঠিয়ে নিবে। আমি আপনার

وَعَدُوٌّ لَّهُ ۚ وَأَلْقَيْتُ عَلَيْكَ مَحَبَّةً مِّنِّي وَلِتُصْنَعَ عَلَىٰ عَيْنِي ﴿٤٠﴾ إِذْ تَمْشِي

ওয়া 'আদুওউল্লাহ; ওয়া আলক্বাইতু 'আলাইকা মাহাব্বাতামমিন্নী; ওয়া 'তুস্বনা'আ 'আলা- 'আইনী। ৪০। ইয্‌তাম্‌শী-

প্রতি ভালবাসা সঞ্চারিত করে দিয়েছিলাম আমার নিজের পক্ষ থেকে, যাতে আপনি আমার তত্ত্বাবধানে প্রতিপালিত হতে পারেন। (৪০) যখন আপনার

أُخْتُكَ فَتَقُولُ هَلْ أَدُلُّكُمْ عَلَىٰ مَن يَكْفُلُهُ ۖ فَرَجَعْنَاكَ إِلَىٰ أُمِّكَ كَيْ تَقَرَّ

উখ্‌তুকা ফাতাকূলু হাল আদুল্লুকুম 'আলা- মাঁই ইয়াক্ ফুলুহ; ফারাজা'না-কা ইলা~উম্মিকা কাই তাক্বার্‌রা

বোন এসে বলল, 'আমি কি তোমাদেরকে তার সন্ধান দেব যে তাকে লালন -পালন করতে পারবে?' অতঃপর আপনাকে আপনার মায়ের কাছে ফিরিয়ে দিলাম, যাতে তার চক্ষু

০ বিশ্লেষণ (আঃ ৩৯) ঃ عليك محبة - অর্থাৎ ফিরআউনের অন্তরে ভালবাসা সৃষ্টি করে দেয়া অথবা সাধারণ মানুষের মধ্যে তাঁর ভালবাসা সৃষ্টি করে দেয়া।

০ বিশ্লেষণ (আঃ ৪০) ঃ على قدر - অর্থাৎ এমন সময় তুমি এসেছ, যখন আমি তোমার নবুওয়াত ও আমার সাথে আলোচনার জন্য ফয়সালা করে রেখেছিলাম। অথবা قدر দ্বারা বয়স বুঝানো হয়েছে। অর্থাৎ বয়সের এমন সময়ে এসেছ যে সময়টি নবুওয়াত প্রাপ্তির জন্য উপযোগী। অর্থাৎ চল্লিশ বছর বয়সের সময়। (কুঃ কারীম)

عَيْنُهَا وَلَا تَحْزَنَ ۚ وَقَتَلْتَ نَفْسًا فَنَجَّيْنَاكَ مِنَ الْغَمِّ وَفَتَنَّاكَ فُتُونًا ۚ

'আইনুহা- ওয়ালা- তাহ্‌যান্; ওয়া ক্বাতাল্‌তা নাফ্‌সান্ ফানাজ্জাইনা-কা মিনাল্ গাম্মি ওয়া ফাতান্না-কা ফুতূনা-।

জুড়ায়, সে দুঃখ না পায়। আর আপনি এক ব্যক্তিকে হত্যা করেছিলেন। অতঃপর আমি আপনাকে দুশ্চিন্তা থেকে মুক্তি দেই এবং আপনাকে বহু পরীক্ষায় ফেলেছিলাম।

فَلَبِثْتَ سِنِينَ فِي أَهْلِ مَدْيَنَ ثُمَّ جِئْتَ عَلَىٰ قَدَرٍ يَا مُوسَىٰ ﴿٤١﴾ وَاصْطَنَعْتُكَ

ফালাবিছতা সিনীনা ফী~আহলি মাদ্‌ইয়ানা ছুম্মা- জি'তা 'আলা- ক্বাদারিই ইয়া-মূসা-। ৪১। ওয়াস্ব্‌ত্বানা'তুকা

পরে আপনি কয়েক বছর মাদয়ানবাসীদের মধ্যে অবস্থান করেছিলেন। 'হে মূসা! অতঃপর এক নির্ধারিত সময়ে আপনি এখানে এসেছেন। (৪১) আপনাকে আমার

لِنَفْسِي ﴿٤٢﴾ اذْهَبْ أَنتَ وَأَخُوكَ بِآيَاتِي وَلَا تَنِيَا فِي ذِكْرِي ﴿٤٣﴾ اذْهَبَا إِلَىٰ

লিনাফ্‌সী। ৪২। ইয্‌হাব্ আন্‌তা ওয়া আখূকা বিআ-ইয়া-তী ওয়ালা- তানিয়া- ফী যিক্‌রী। ৪৩। ইযহাবা~ইলা-

জন্য মনোনীত করেছি। (৪২) আপনি এবং আপনার ভাই আমার নিদর্শনসহ যান এবং আমার স্মরণে শৈথিল্য করবেন না। (৪৩) আপনারা উভয়ে ফেরাউনের

فِرْعَوْنَ إِنَّهُ طَغَىٰ ﴿٤٤﴾ فَقُولَا لَهُ قَوْلًا لَّيِّنًا لَّعَلَّهُ يَتَذَكَّرُ أَوْ يَخْشَىٰ ﴿٤٥﴾ قَالَا رَبَّنَا

ফির'আওনা ইন্নাহূ ত্বাগা-। ৪৪। ফাকূলা- লাহূ ক্বাওলান লাইয়্যিনাল্ লা'আল্লাহূ ইয়াতাযাক্কারু আও ইয়াখ্‌শা-। ৪৫। ক্বা-লা- রাব্বানা~

কাছে যান, সে অবাধ্য হয়ে গেছে। (৪৪) তার সাথে নম্রভাবে কথা বলবেন। হয়তো সে উপদেশ গ্রহণ করবে বা ভয় করবে। (৪৫) তারা বললেন, 'হে আমাদের প্রভূ!

إِنَّنَا نَخَافُ أَن يَفْرُطَ عَلَيْنَا أَوْ أَن يَطْغَىٰ ﴿٤٦﴾ قَالَ لَا تَخَافَا ۖ إِنَّنِي مَعَكُمَا

ইন্নানা- নাখা-ফু আঁই ইয়াফরুত্বা 'আলাইনা~আও আঁই ইয়াত্বগা-। ৪৬। ক্বা-লা লা তাখা-ফা~ইন্নানী মা'আকুমা-

আমরা আশঙ্কা করছি সে আমাদের প্রতি জোর জবরদস্তি করবে অথবা সীমালঙ্ঘন করবে। (৪৬) তিনি বললেন, আপনারা ভয় করবেন না, আমি তো আপনাদের সঙ্গেই

أَسْمَعُ وَأَرَىٰ ﴿٤٧﴾ فَأْتِيَاهُ فَقُولَا إِنَّا رَسُولَا رَبِّكَ فَأَرْسِلْ مَعَنَا بَنِي إِسْرَائِيلَ

তাসমা'উ ওয়া আরা-। ৪৭। ফা'তিয়া-হু ফাকূলা~ইন্না রাসূলা- রাব্বিকা ফাআর্‌সিল মা'আনা- বানী~ইস্‌রা—ঈলা

আছি এবং আমি শুনছি ও দেখছি।' (৪৭) তাই আপনারা তার কাছে যান এবং বলুন, 'আমরা তোমার রবের প্রেরিত রাসূল, তাই আমাদের সাথে বনী ইস্রাঈলদেরকে

وَلَا تُعَذِّبْهُمْ ۖ قَدْ جِئْنَاكَ بِآيَةٍ مِّن رَّبِّكَ ۖ وَالسَّلَامُ عَلَىٰ مَنِ اتَّبَعَ الْهُدَىٰ

ওয়ালা- তু'আযযিব্‌হুম; ক্বাদ্ জি'না-কা বিআ-ইয়াতিম মির্‌রাব্বিক; ওয়াস্ সালা-মু 'আলা- মানিত্তাবা'আল্ হুদা-।

যেতে দাও এবং তাদেরকে শাস্তি দিয়ো না। আমরা নিশ্চয় তোমার রবের কাছ থেকে নিদর্শন নিয়ে এসেছি এবং সৎপথের অনুসারীদের জন্য এনেছি শান্তি।'

﴿٤٨﴾ إِنَّا قَدْ أُوحِيَ إِلَيْنَا أَنَّ الْعَذَابَ عَلَىٰ مَن كَذَّبَ وَتَوَلَّىٰ ﴿٤٩﴾ قَالَ فَمَن

৪৮। ইন্না- ক্বাদ্ উহিয়া ইলাইনা- আন্নাল্ 'আযা-বা 'আলা- মান্ কায্‌যাবা ওয়া তাওয়াল্লা-। ৪৯। ক্বা-লা ফামার

(৪৮) 'আমাদের প্রতি এমর্মে ওহী হয়েছে যে, যে ব্যক্তি মিথ্যা প্রতিপন্ন করেছে ও মুখ ফিরিয়ে নিয়েছে তার জন্য রয়েছে শাস্তি। (৪৯) ফেরাউন বলল 'হে মূসা!

رَّبُّكُمَا يَا مُوسَىٰ ﴿٥٠﴾ قَالَ رَبُّنَا الَّذِي أَعْطَىٰ كُلَّ شَيْءٍ خَلْقَهُ ثُمَّ هَدَىٰ ﴿٥١﴾ قَالَ فَمَا

রাব্বুকুমা- ইয়া- মূসা-। ৫০। ক্বা-লা রাব্বুনাল লাযী~আ'ত্বা-কুল্লা শাইয়িন খাল্‌ক্বাহূ ছুম্মা হাদা-। ৫১। ক্বা-লা ফামা-

কে তোমাদের রব' (৫০) মূসা বললেন, আমাদের রব তিনি, যিনি প্রত্যেক বস্তুর যোগ্য আকৃতি দান করেছেন। অতঃপর সুপথ দেখিয়েছেন।' (৫১) ফেরাউন বলল,

بَالُ الْقُرُوْنِ الْاُوْلٰى ﴿٥١﴾ قَالَ عِلْمُهَا عِنْدَ رَبِّىْ فِىْ كِتٰبٍ ۚ لَا يَضِلُّ رَبِّىْ

বা-লুল্ কুরূনিল্ উলা-। ৫২। ক্বা-লা 'ইল্মুহা- 'ইনদা রাব্বী ফী কিতা-ব; লা-ইয়াদ্বিল্লু রাব্বী
'তবে পূর্ববর্তী লোকদের অবস্থা কি ছিল?' (৫২) তিনি বললেন, 'এর খবর আমার রবের কাছে এক কিতাবে সংরক্ষিত আছে, আমার প্রভু ভুল করেন না

وَلَا يَنْسَى ﴿٥٢﴾ الَّذِىْ جَعَلَ لَكُمُ الْاَرْضَ مَهْدًا وَّسَلَكَ لَكُمْ فِيْهَا سُبُلًا

ওয়ালা- ইয়ানসাল ৫৩। লাযী জ্বা'আলা লাকুমুল্ আরদ্বা মাহ্দাওঁ ওয়া সালাকা লাকুম ফীহা- সুবুলাওঁ
এবং বিস্মিত হন না। (৫৩) 'তিনি তোমাদের জন্য পৃথিবীকে শয্যা করেছেন এবং তাতে তোমাদের জন্য চলার পথ করে দিয়েছেন।

وَّاَنْزَلَ مِنَ السَّمَآءِ مَآءً ۗ فَاَخْرَجْنَا بِهٖۤ اَزْوَاجًا مِّنْ نَّبَاتٍ شَتّٰى ﴿٥٣﴾ كُلُوْا

ওয়া আন্যালা মিনাস্ সামা—ই মা—আ; ফাআখ্রাজ্না- বিহী~আয্ওয়াজ্বাম মিন্নাবা-তিন্ শাত্তা-। ৫৪। কুলূ
আর তিনি আকাশ থেকে বারি বর্ষণ করেছেন এবং তা দিয়ে নানা ধরণের উদ্ভিদ উৎপন্ন করেছেন।' (৫৪) তোমরা

وَارْعَوْا اَنْعَامَكُمْ ۗ اِنَّ فِىْ ذٰلِكَ لَاٰيٰتٍ لِّاُولِى النُّهٰى ﴿٥٤﴾ مِنْهَا خَلَقْنٰكُمْ

ওয়ার্'আও আন্'আমাকুম; ইন্না ফী যা-লিকা লাআ-ইয়া-তিল লিউলিন্নুহা-। ৫৫। মিন্হা- খালাক্বনা-কুম্
নিজেরা তা আহার কর ও তোমাদের পশু চরাও; নিশ্চয় এতে বুদ্ধিমানদের জন্য নিদর্শন রয়েছে। (৫৫) এ মাটি থেকেই তোমাদেরকে সৃষ্টি করেছি এবং তাতেই

২ ع ১১ রুকূ

وَفِيْهَا نُعِيْدُكُمْ وَمِنْهَا نُخْرِجُكُمْ تَارَةً اُخْرٰى ﴿٥٥﴾ وَلَقَدْ اَرَيْنٰهُ اٰيٰتِنَا كُلَّهَا فَكَذَّبَ

ওয়া ফীহা- নু'ঈদুকুম ওয়া মিন্হা- নুখ্রিজুকুম তা-রাতান্ উখ্রা-। ৫৬। ওয়ালাক্বাদ্ আরাইনা-হু আ-ইয়া-তিনা- কুল্লাহা- ফাকায্যাবা
তোমাদেরকে ফিরিয়ে নিয়ে যাব এবং আবার তা থেকেই পুনরায় বের করব। (৫৬) আমি ফেরাউনকে আমার সমস্ত নিদর্শন দেখিয়েছি। অতঃপর সে মিথ্যাপ্রতিপন্ন

وَاَبٰى ﴿٥٦﴾ قَالَ اَجِئْتَنَا لِتُخْرِجَنَا مِنْ اَرْضِنَا بِسِحْرِكَ يٰمُوْسٰى ﴿٥٧﴾ فَلَنَاْتِيَنَّكَ

ওয়া আবা-। ৫৭। ক্বা-লা আজ্বি'তানা- লিতুখ্রিজ্বানা- মিন্ আরদ্বিনা- বিসিহ্রিকা ইয়া-মূসা-। ৫৮। ফালানা'তিয়ান্নাকা
করেছে এবং অমান্য করেছে। (৫৭) সে বলল, 'হে মূসা! তুমি কি জাদুর জোরে আমাদেরকে দেশ থেকে বের করে দেয়ার জন্য এসেছ?' (৫৮) 'আমরাও তোমার

بِسِحْرٍ مِّثْلِهٖ فَاجْعَلْ بَيْنَنَا وَبَيْنَكَ مَوْعِدًا لَّا نُخْلِفُهٗ نَحْنُ وَلَاۤ اَنْتَ

বিসিহ্রিম্মিছলিহী ফাজ্ব'আল্ বাইনানা- ওয়া বাইনাকা মাও'ইদাল্লা- নুখ্লিফুহূ নাহ্নু ওয়ালা~আন্তা
কাছে অনুরূপ জাদু উপস্থিত করব, তাই আমাদের মধ্যে ও তোমার মধ্যে একটি প্রতিশ্রুতির দিন এবং সমতল ভূমি ঠিক কর। যার খেলাপ আমরাও করব না,

مَكَانًا سُوًى ﴿٥٨﴾ قَالَ مَوْعِدُكُمْ يَوْمُ الزِّيْنَةِ وَاَنْ يُّحْشَرَ النَّاسُ ضُحًى ○

মাকা-নান্ সুওয়া। ৫৯। ক্বা-লা মাও'ই দুকুম ইয়াওমুয যীনাতি ওয়া আইঁ ইউহ্শারান না-সু দ্বুহা।
তুমিও করবে না। (৫৯) মূসা বললেন, 'তোমাদের প্রতিশ্রুত দিন উৎসবের দিন এবং পূর্বাহ্নেই সেদিন জনগণ সমবেত হবে।'

○ বিশ্লেষণ (আঃ ৫৮) ঃ مكانا سوى - অর্থ সমান, সমতল স্থান। যেখানে সকলে সকলকে স্পষ্টভাবে দেখতে পারে। অথবা এমন সমতল স্থান যেখানে উভয় দল সহজভাবেই পৌছতে পারে। (কুঃ কারীম)

○ বিশ্লেষণ (আঃ ৫৯) ঃ يوم الزينة - (আনন্দমেলার দিন)-এর দ্বারা বছরের পয়লা তারিখ, নববর্ষ অথবা কোন বাৎসরিক মেলা অথবা আনন্দমেলা বা কোন উৎসবের দিনকে বুঝানো হয়েছে।

সূরা ত্বোহা ঃ ২০ নূরানী বাংলা উচ্চারণ ক্বোরআন শরীফ ক্বা-লা আলাম্ ঃ ১৬

﴿٥٩﴾ فَتَوَلّٰى فِرْعَوْنُ فَجَمَعَ كَيْدَهٗ ثُمَّ اَتٰى ﴿٦٠﴾ قَالَ لَهُمْ مُّوْسٰى وَيْلَكُمْ

৬০। ফাতাওয়াল্লা- ফির'আওনু ফাজ্বামা'আ কাইদাহূ ছুম্মা আতা। ৬১। ক্বা-লা লাহুম্মূসা- ওয়াইলাকুম
(৬০) এরপর ফেরাউন উঠে গেল এবং তার জাদু- করদেরকে সমবেত করে তারা সেখানে আসল। (৬১) মূসা তাদেরকে বললেন, 'দুর্ভোগ তোমাদের!

لَا تَفْتَرُوْا عَلَى اللّٰهِ كَذِبًا فَيُسْحِتَكُمْ بِعَذَابٍ ۚ وَقَدْ خَابَ مَنِ افْتَرٰى ○

লা- তাফ্তারূ 'আলাল্লা-হি কাযিবান ফাইউস্হিতাকুম বি'আযা-ব; ওয়াক্বাদ খা-বা মানিফ্তারা-।
আল্লাহ্‌র প্রতি মিথ্যারোপ করো না, করলে তিনি তোমাদেরকে তার আযাব দ্বারা সমূলে ধ্বংস করবেন। যে মিথ্যা উদ্ভাবন করে সে পরিণামে ব্যর্থ হয়।'

﴿٦١﴾ فَتَنَازَعُوْۤا اَمْرَهُمْ بَيْنَهُمْ وَاَسَرُّوا النَّجْوٰى ﴿٦٢﴾ قَالُوْۤا اِنْ هٰذٰنِ لَسٰحِرٰنِ

৬২। ফাতানা-যা'উ~আমরাহুম বাইনাহুম ওয়া আসাররুন নাজ্বওয়া-। ৬৩। ক্বা-লূ~ইন্ হা-যা-নি লাসা-হ্বিরা-নি
(৬২) অতঃপর তারা নিজেদের মধ্যে বিতর্ক শুরু করে দিল এবং গোপনে পরামর্শ করল। (৬৩) তারা বলল, 'এ দু'জন নিশ্চিত জাদুকর,

يُرِيْدٰنِ اَنْ يُّخْرِجٰكُمْ مِّنْ اَرْضِكُمْ بِسِحْرِهِمَا وَيَذْهَبَا بِطَرِيْقَتِكُمُ الْمُثْلٰى ○

ইউরীদা-নি আইঁ ইউখ্ রিজ্বা-কুম্ মিন্ আরদ্বিকুম বিসিহ্রিহিমা- ওয়া ইয়ায্হাবা- বিত্বারীক্বাতিকুমুল্ মুছ্লা-।
তারা তাদের জাদু দ্বারা তোমাদের দেশ থেকে তোমাদেরকে বের করে দিতে চায় এবং তোমাদের উত্তম জীবনব্যবস্থা ধ্বংস করে দিতে চায়।'

﴿٦٣﴾ فَاَجْمِعُوْا كَيْدَكُمْ ثُمَّ ائْتُوْا صَفًّا ۚ وَقَدْ اَفْلَحَ الْيَوْمَ مَنِ اسْتَعْلٰى ﴿٦٤﴾ قَالُوْا

৬৪। ফাআজ্‌মি'উ কাইদাকুম ছুম্মা'তূ স্বাফ্ফা-; ওয়াক্বাদ্ আফ্লাহ্বাল ইওয়ামা মানিস্তা'লা। ৬৫। ক্বা-লূ
(৬৪) তাই তোমাদের কলাকৌশল সমবেত কর, তারপর সারিবদ্ধ হয়ে এস। আজ যে জয়ী হবে সে-ই সফলকাম হবে।' (৬৫) তারা বলল,

يٰمُوْسٰۤى اِمَّاۤ اَنْ تُلْقِىَ وَاِمَّاۤ اَنْ نَّكُوْنَ اَوَّلَ مَنْ اَلْقٰى ﴿٦٥﴾ قَالَ بَلْ اَلْقُوْا ۚ

ইয়া-মূসা~ইম্মা~আন তুল্‌ক্বিয়া ওয়া ইম্মা~আন্নাকূনা- আওওয়ালা মান্ আল্‌ক্বা-। ৬৬। ক্বা-লা বাল্ আল্‌ক্বূ;
'হে মূসা,- তুমি নিক্ষেপ করবে, না প্রথমে আমরাই নিক্ষেপ করব।' (৬৬) মূসা বললেন, বরং তোমরাই নিক্ষেপ কর।'

فَاِذَا حِبَالُهُمْ وَعِصِيُّهُمْ يُخَيَّلُ اِلَيْهِ مِنْ سِحْرِهِمْ اَنَّهَا تَسْعٰى ﴿٦٦﴾ فَاَوْجَسَ

ফাইযা- হ্বিবা-লুহুম ওয়া 'ইস্বিয়্যুহুম ইয়ুখাইয়্যালু ইলাইহি মিন্ সিহ্বরিহিম আন্নাহা- তাস্'আ-। ৬৭। ফাআওজ্বাসা
তাদের নজর বন্দীর প্রভাবে হঠাৎ তার মনে হল, তাদের রশি ও লাঠিগুলো ছুটাছুটি করছে। (৬৭) অতঃপর মূসা তার

فِىْ نَفْسِهٖ خِيْفَةً مُّوْسٰى ﴿٦٧﴾ قُلْنَا لَا تَخَفْ اِنَّكَ اَنْتَ الْاَعْلٰى ﴿٦٨﴾ وَاَلْقِ مَا فِىْ

ফী নাফ্সিহী খীফাতাম্মূসা-। ৬৮। কুল্না- লা- তাখাফ্ ইন্নাকা আন্তাল্ আ'লা-। ৬৯। ওয়া আল্‌ক্বি মা- ফী
মনে খানিকটা ভীতি অনুভব করলেন। (৬৮) আমি বললাম, 'ভয় করবেন না, আপনিই বিজয়ী হবেন।' (৬৯) 'আপনার ডান হাতে

يَمِيْنِكَ تَلْقَفْ مَا صَنَعُوْا ۗ اِنَّمَا صَنَعُوْا كَيْدُ سٰحِرٍ ۗ وَلَا يُفْلِحُ السّٰحِرُ حَيْثُ اَتٰى ○

ইয়ামীনিকা তাল্‌ক্বাফ্ মা-স্বানা'উ, ইন্নামা- স্বানা'উ কাইদু সা-হ্বির; ওয়ালা- ইউফ্লিহুস্‌স্বা-হ্বিরু হ্বাইছু আতা-।
যা আছে তা নিক্ষেপ করুন, তারা যা করেছে এটা তা গিলে ফেলবে। নিশ্চয় তারা যা করেছে তা জাদুকরের কৌশল মাত্র। জাদুকর যেখানেই যাক, সফল হবে না।'

﴿٦٩﴾ فَأُلْقِيَ السَّحَرَةُ سُجَّدًا قَالُوا آمَنَّا بِرَبِّ هَارُونَ وَمُوسَىٰ ﴿٧٠﴾ قَالَ آمَنتُمْ

৭০। ফাউলক্বিয়াস্ সাহ্বারাতু সুজ্জাদান ক্বা-লূ~আ-মান্না- বিরাব্বি হা-রূনা ওয়া মূসা-। ৭১। ক্বা-লা আ-মান্তুম

(৭০) অতঃপর জাদুকরেরা সিজদাবনত হয়ে বলল, আমরা 'হারুন ও মূসার রবের প্রতি ঈমান আনলাম। (৭১) ফেরাউন বলল, আমি

لَهُ قَبْلَ أَنْ آذَنَ لَكُمْ ۖ إِنَّهُ لَكَبِيرُكُمُ الَّذِي عَلَّمَكُمُ السِّحْرَ ۖ فَلَأُقَطِّعَنَّ

লাহূ ক্বাব্লা আন্ আ-যানা লাকুম; ইন্নাহূ লাকাবীরুকুমুল্লাযী 'আল্লামাকুমুস্ সিহ্বর; ফালা উক্বাত্ত্বি'আন্না

তোমাদেরকে অনুমতি দেয়ার পূর্বেই মূসার প্রতি ঈমান আনলে? মনে হচ্ছে, সেই তোমাদের প্রধান, সেই তোমাদেরকে জাদু শিক্ষা দিয়েছে।

أَيْدِيَكُمْ وَأَرْجُلَكُم مِّنْ خِلَافٍ وَلَأُصَلِّبَنَّكُمْ فِي جُذُوعِ النَّخْلِ

আইদিয়াকুম ওয়া আরজুলাকুম্মিন খিলাফিঁও ওয়া লাউস্বাল্লিবান্নাকুম ফী জুযূইন্ নাখ্লি

তাই তোমাদের হাত পা বিপরীত দিক থেকে আমি অবশ্যই কেটে ফেলব এবং তোমাদেরকে খেজুর গাছের ডালে শূলিবিদ্ধ করব।

وَلَتَعْلَمُنَّ أَيُّنَا أَشَدُّ عَذَابًا وَأَبْقَىٰ ﴿٧١﴾ قَالُوا لَن نُّؤْثِرَكَ عَلَىٰ مَا جَاءَنَا مِنَ

ওয়ালা তা'লামুন্না আইয়ুনা~আশাদ্দু 'আযা-বাঁও ওয়া আবক্বা-। ৭২। ক্বা-লূ লান্নু' ছিরাকা 'আলা- মা-জ্বা—আনা- মিনাল

তবেই জানতে পারবে, আমাদের মধ্যে কার শাস্তি কঠোর ও অধিক স্থায়ী।' (৭২) জাদুকরেরা বলল, আমাদের কাছে যে স্পষ্ট প্রমাণ এসেছে তার উপর এবং যিনি

الْبَيِّنَاتِ وَالَّذِي فَطَرَنَا ۖ فَاقْضِ مَا أَنتَ قَاضٍ ۖ إِنَّمَا تَقْضِي هَٰذِهِ الْحَيَاةَ

বাইয়্যিনা-তি ওয়াল্লাযী ফাত্বারানা- ফাক্বদ্বি মা- আন্তা ক্বা-দ্ব; ইন্নামা- তাক্বদ্বী হা-যিহিল্ হ্বায়া-তাদ

আমাদেরকে সৃষ্টি করেছেন তাঁর উপর আমরা তোমাকে কখনও প্রাধান্য দেব না, তাই যা ফয়সালা করার করে ফেল। তুমি তো কেবল এ পার্থিব জীবনেই ফয়সালা

الدُّنْيَا ﴿٧٢﴾ إِنَّا آمَنَّا بِرَبِّنَا لِيَغْفِرَ لَنَا خَطَايَانَا وَمَا أَكْرَهْتَنَا عَلَيْهِ مِنَ السِّحْرِ ۗ

দুন্ইয়া-। ৭৩। ইন্না~আ-মান্না- বিরাব্বিনা- লিইয়াগ্ ফিরা লানা- খাত্বা-ইয়া-না- ওয়া মা~আকরাহ্তানা- 'আলাইহি মিনাস্ সিহ্বর;

করতে পারবে। (৭৩) 'আমরা আমাদের রবকে বিশ্বাস করেছি, যাতে তিনি আমাদের অপরাধ এবং তুমি আমাদেরকে যে জাদু করতে বাধ্য করেছ তা ক্ষমা করে দেন।

وَاللَّهُ خَيْرٌ وَأَبْقَىٰ ﴿٧٣﴾ إِنَّهُ مَن يَأْتِ رَبَّهُ مُجْرِمًا فَإِنَّ لَهُ جَهَنَّمَ لَا يَمُوتُ

ওয়াল্লা-হু খাইরুঁও ওয়া আব্ক্বা-। ৭৪। ইন্নাহূ মাই ইয়া'তি রাব্বাহূ মুজ্রিমান ফাইন্না লাহূ জ্বাহান্নাম; লা- ইয়ামূতু

আল্লাহ্ই শ্রেষ্ঠ ও চিরস্থায়ী।' (৭৪) যে তার রবের নিকট অপরাধী হয়ে উপস্থিত হবে, তার জন্য নিশ্চয় জাহান্নাম রয়েছে। সেখানে সে না

তিন চতুর্থাংশ

فِيهَا وَلَا يَحْيَىٰ ﴿٧٤﴾ وَمَن يَأْتِهِ مُؤْمِنًا قَدْ عَمِلَ الصَّالِحَاتِ فَأُولَٰئِكَ لَهُمُ

ফীহা-ওয়ালা- ইয়াহ্বইয়া-। ৭৫। ওয়া মাই ইয়া'তিহী মু'মিনান ক্বাদ্ 'আমিলাস্ব্স্বা-লিহ্বা-তি ফাউলা— ইকা লাহুমুদ

মরতে পারবে, না বাঁচতে পারবে (৭৫) যারা তাঁর কাছে ঈমানদার হয়ে ও সৎকাজ করে উপস্থিত হবে, তাদের জন্য রয়েছে

الدَّرَجَاتُ الْعُلَىٰ ﴿٧٥﴾ جَنَّاتُ عَدْنٍ تَجْرِي مِن تَحْتِهَا الْأَنْهَارُ خَالِدِينَ فِيهَا ۚ

দারাজ্বা-তুল্ 'উলা-। ৭৬। জ্বান্না-তু 'আদনিন্ তাজ্বরী মিন্ তাহ্বতিহাল্ আন্হা-রু খা-লিদীনা ফীহা-;

সুউচ্চ মর্যাদা, (৭৬) চিরস্থায়ী জান্নাত, যার পাদদেশে নদী প্রবাহিত হয়, সেখানে তারা চিরকাল থাকবে এবং এ পুরস্কার তাদেরই

রুকূ ১২ ৩

وَذَٰلِكَ جَزَاءُ مَن تَزَكَّىٰ ﴿٧٦﴾ وَلَقَدْ أَوْحَيْنَا إِلَىٰ مُوسَىٰ أَنْ أَسْرِ بِعِبَادِي

ওয়া যা-লিকা জ্বাযা—উ মান তাযাক্কা-। ৭৭। ওয়ালাক্বাদ্ আওহ্বাইনা~ইলা- মূসা~আন্ আস্রি বি'ইবা-দী

জন্য যারা পরিশুদ্ধি লাভ করেছে। (৭৭) আমি এমর্মে আদেশ দিলাম মূসাকে যে, আমার বান্দাদেরকে নিয়ে রাতের বেলা চলে যান এবং তাদের জন্য সমুদ্রে

فَاضْرِبْ لَهُمْ طَرِيقًا فِي الْبَحْرِ يَبَسًا لَّا تَخَافُ دَرَكًا وَلَا تَخْشَىٰ ﴿٧٧﴾ فَأَتْبَعَهُمْ

ফাদ্বরিব্ লাহুম ত্বারীক্বান ফিল্ বাহ্বরি ইয়াবাসাল্লা-তাখা-ফু দারাকাওঁ ওয়ালা- তাখ্শা-। ৭৮। ফাআত্ বা'আহুম

মধ্যে (লাঠি দ্বারা) এক শুষ্ক পথ নির্মাণ করুন। পিছন থেকে এসে আপনাদেরকে কেউ ধরবে এ আশংকা করবেন না এবং ভয়ও করবেন না। (৭৮) অতঃপর

فِرْعَوْنُ بِجُنُودِهِ فَغَشِيَهُم مِّنَ الْيَمِّ مَا غَشِيَهُمْ ﴿٧٨﴾ وَأَضَلَّ فِرْعَوْنُ قَوْمَهُ

ফির'আওনু বিজুনূদিহী ফাগাশিয়াহুম্মিনাল্ ইয়াম্মি মা- গাশিয়াহুম। ৭৯। ওয়া আদ্বাল্লা ফির্আওনু ক্বাওমাহূ

ফেরাউন তার সৈন্যবাহিনীসহ তাদের পশ্চাদ্ধাবন করলে সমুদ্র তাদেরকে সম্পূর্ণভাবে নিমজ্জিত করে ফেলল। (৭৯) ফেরাউন তার কাওমকে পথভ্রষ্ট করেছিল,

وَمَا هَدَىٰ ﴿٧٩﴾ يَا بَنِي إِسْرَائِيلَ قَدْ أَنجَيْنَاكُم مِّنْ عَدُوِّكُمْ وَوَاعَدْنَاكُمْ جَانِبَ

ওয়া মা- হাদা-। ৮০। ইয়া-বানী~ইস্রা—ঈলা ক্বাদ্ আন্জ্বাইনা-কুম্ মিন 'আদুওয়্যিকুম ওয়া ওয়া-'আদ্না-কুম জ্বা-নিবাত্ব

সৎপথ দেখায়নি। (৮০) হে বনী ইস্রাঈল! আমি তোমাদেরকে তোমাদের শত্রুদের থেকে উদ্ধার করেছি, এবং আমি তূর পর্বতের দক্ষিণ পার্শ্বে তাওরাত দানের

الطُّورِ الْأَيْمَنَ وَنَزَّلْنَا عَلَيْكُمُ الْمَنَّ وَالسَّلْوَىٰ ﴿٨٠﴾ كُلُوا مِن طَيِّبَاتِ مَا رَزَقْنَاكُمْ

তূরিল্ আইমানা ওয়া নায্যাল্না- 'আলাইকুমুল্ মান্না ওয়াস্সাল্ওয়া-। ৮১। কুলূ মিন্ ত্বাইয়্যিবা-তি মা- রাযাক্বনা-কুম

ওয়াদা করেছি এবং তোমাদের প্রতি 'মান্না ও সালওয়া' প্রেরণ করেছি। (৮১) তোমাদেরকে যে রিযিক দান করেছি তা থেকে তোমরা

وَلَا تَطْغَوْا فِيهِ فَيَحِلَّ عَلَيْكُمْ غَضَبِي ۖ وَمَن يَحْلِلْ عَلَيْهِ غَضَبِي فَقَدْ هَوَىٰ

ওয়ালা- তাত্বগাও ফীহি ফাইয়াহ্বিল্লা 'আলাইকুম গাদ্বাবী, ওয়া মাই ইয়াহ্বলিল্ 'আলাইহি গাদ্বাবী ফাক্বাদ্ হাওয়া-।

ভক্ষণ কর। এতে সীমালংঘন করো না। করলে তোমাদের উপর আমার গজব আপতিত হবে, যার উপর আমার গজব আসবে সে তো অবশ্যই ধ্বংস হবে।'

﴿٨١﴾ وَإِنِّي لَغَفَّارٌ لِّمَن تَابَ وَآمَنَ وَعَمِلَ صَالِحًا ثُمَّ اهْتَدَىٰ ﴿٨٢﴾ وَمَا أَعْجَلَكَ

৮২। ওয়া ইন্নী লাগাফ্ফা-রুল লিমান্ তা-বা ওয়া আ-মানা ওয়া 'আমিলা স্বা-লিহ্বান্ ছুম্মাহ্তাদা-। ৮৩। ওয়া মা- আ'জ্বালাকা

(৮২) 'আমি তার প্রতি ক্ষমাশীল যে তওবা করেছে, ঈমান এনেছে, সৎকাজ করেছে, অতঃপর সৎপথেই প্রতিষ্ঠিত রয়েছে।' (৮৩) 'হে মূসা! আপনার কওমকে

عَن قَوْمِكَ يَا مُوسَىٰ ﴿٨٣﴾ قَالَ هُمْ أُولَاءِ عَلَىٰ أَثَرِي وَعَجِلْتُ إِلَيْكَ رَبِّ

'আন ক্বাওমিকা ইয়া- মূসা-। ৮৪। ক্বা-লা হুম উলা—ই 'আলা- আছারী ওয়া 'আজ্বিল্তু ইলাইকা রাব্বি

পেছনে ফেলে আপনি তাড়াহুড়া করলেন কেন?' (৮৪) তিনি বললেন, 'ঐ তো তারা আমার পেছনেই আসছে এবং হে আমার রব। আমি তাড়াতাড়ি এসেছি আপনার

لِتَرْضَىٰ ﴿٨٤﴾ قَالَ فَإِنَّا قَدْ فَتَنَّا قَوْمَكَ مِن بَعْدِكَ وَأَضَلَّهُمُ السَّامِرِيُّ ﴿٨٥﴾

লিতার্দ্বা-। ৮৫। ক্বা-লা ফাইন্না- ক্বাদ্ ফাতান্না- ক্বাওমাকা মিম্ বা'দিকা ওয়া আদ্বাল্লাহুমুস্ সা-মিরিয়্যু।

সন্তুষ্টির জন্য।' (৮৫) তিনি বললেন, আপনার আসার পর আপনার কওমকে পরীক্ষায় ফেলেছি এবং সামেরী তাদেরকে পথভ্রষ্ট করেছে।'

﴿٨٥﴾ فرجع موسى الى قومه غضبان اسفا ۚ قال يقوم الم يعدكم ربكم

৮৬। ফারাজ্বা'আ মূসা~ইলা- ক্বাওমিহী গাদ্ববা-না আসিফা-, ক্বা-লা ইয়া-ক্বাওমি আলাম্ ইয়া'ইদ্কুম রাব্বুকুম

(৮৬) অতঃপর মূসা তার কওমের নিকট ক্রুদ্ধ ও ক্ষুব্ধ হয়ে ফিরে গেলেন। তিনি বললেন, 'হে আমার কওম! তোমাদের রব কি তোমাদের সাথে এক উত্তম ওয়াদা

وعدا حسنا ۚ افطال عليكم العهد ام اردتم ان يحل عليكم غضب

ওয়া'দান হ্বাসানা-; আফাত্বা-লা 'আলাইকুমুল্ 'আহদু আম আরাত্তুম আইঁ ইয়াহ্বিল্লা 'আলাইকুম গাদ্বাবুম

করেননি? তবে কি ওয়াদার সময়কাল তোমাদের কাছে সুদীর্ঘ মনে হয়েছে, না তোমরা চেয়েছ, তোমাদের প্রতি আপতিত হোক তোমাদের রবের আযাব, যে কারণে

من ربكم فاخلفتم موعدي ﴿٨٦﴾ قالوا ما اخلفنا موعدك بملكنا ولكنا

মির্ রাব্বিকুম ফাআখ্লাফ্তুম্মা-ও'ইদী। ৮৭। ক্বা-লূ মা~আখ্লাফ্না- মাও'ইদাকা বিমাল্কিনা- ওয়ালা- কিন্না-

আমার সাথে কৃত ওয়াদা তোমরা ভঙ্গ করেছ?' (৮৭) তারা বলল, আপনার সাথে কৃত ওয়াদা 'আমরা স্বেচ্ছায় ভঙ্গ করিনি। বরং আমাদের উপর কিবতী জাতির

حملنا اوزارا من زينة القوم فقذفنها فكذلك القى السامري ﴿٨٧﴾ فاخرج

হুম্মিল্না~আওযা-রাম্মিন্ যীনাতিল্ ক্বাওমি ফাক্বাযাফ্না-হা- ফাকাযা- লিকা আলক্বাস্ সা-মিরিয়্যু। ৮৮। ফাআখ্রাজ্বা

অলংকারের বোঝা চাপিয়ে দেয়া হয়েছিল, অতঃপর তা আমরা আগুনে নিক্ষেপ করেছি। এভাবে সামেরীও নিক্ষেপ করেছে। (৮৮) এরপর সামেরী তাদের জন্য

لهم عجلا جسدا له خوار فقالوا هذا الهكم واله موسى ۚ فنسي ﴿٨٨﴾ افلا

লাহুম 'ইজ্বলান্ জ্বাসাদাল্লাহূ খুওয়া-রুন ফাক্বা-লূ হা-যা~ইলাহুকুম ওয়া ইলা-হু মূসা- ফানাসিয়া।৮৯। আফালা-

এক গো-বৎস বানিয়ে বের করে- যা গরুর মত দেহ বিশিষ্ট ছিল ও হাম্বা হাম্বা করত। তারা বলল, 'এ তোমাদের ও মূসার উপাস্য। কিন্তু মূসা তা ভুলে গেছে।'(৮৯) তারা

يرون الا يرجع اليهم قولا ۙ ولا يملك لهم ضرا ولا نفعا ﴿٨٩﴾ ولقد

ইয়ারাওনা আল্লা- ইয়ারজ্বি'উ ইলাইহিম ক্বাওলাওঁ ওয়ালা- ইয়ামলিকু লাহুম দ্বার্রাওঁ ওয়ালা- নাফ্'আ-। ৯০। ওয়া লাক্বাদ্

কি লক্ষ করল না যে, তা তাদের কথায় সাড়া দেয় না এবং ক্ষমতা রাখে না তাদের কোন ক্ষতি বা উপকারের ? (৯০) হারুন

৪ ع ১৩ রুকূ

قال لهم هرون من قبل يقوم انما فتنتم به ۚ وان ربكم الرحمن

ক্বা-লা লাহুম হা-রূনু মিন্ ক্বাবলু ইয়া- ক্বাওমি ইন্নামা- ফুতিন্তুম বিহ, ওয়াইন্না রাব্বাকুমুর রাহ্বমা-নু

তাদেরকে পূর্বেই বলেছিলেন, 'হে আমার কওম! এর দ্বারা তো তোমরা গোমরাহীতে ফেঁসে গেছ। তোমাদের রব নিশ্চয় দয়াময়, তাই তোমরা আমার অনুসরণ

فاتبعوني واطيعوا امري ﴿٩٠﴾ قالوا لن نبرح عليه عكفين حتى يرجع

ফাত্তাবি'উনী ওয়া আত্বী'উ~আমরী। ৯১। ক্বা-লূ লান্নাব্রাহ্বা 'আলাইহি আ-কিফীনা হ্বাত্তা- ইয়ারজ্বি'আ

কর এবং আমার আদেশ মান্য কর।' (৯১) তারা বলল,আমরা এর পূজা থেকে বিরত হব না, মূসা (আ) আমাদের কাছে ফিরে

الينا موسى ﴿٩١﴾ قال يهرون ما منعك اذ رايتهم ضلوا ﴿٩٢﴾ الا تتبعن ۖ

ইলাইনা- মূসা-। ৯২। ক্বা-লা ইয়া- হা-রূনু মা- মানা'আকা ইয্ রাআইতাহুম দ্বাল্লূ~ ৯৩। আল্লা- তাত্তাবি'আন;

না আসা পর্যন্ত।' (৯২) মূসা বললেন, ' হে হারুন! তাদের পথভ্রষ্টতা দেখার পর কিসে আপনাকে বারণ করল- (৯৩) আমার অনুসরণ করা থেকে? তবে কি

افعصيت امري ﴿٩٣﴾ قال يبنؤم لا تاخذ بلحيتي ولا براسي ۚ اني

আফা'আস্বাইতা আমরী। ৯৪। ক্বা-লা ইয়াব্নাউম্মা লা তা'খুয্ বিলিহ্বইয়াতী ওয়ালা- বিরা'সী; ইন্নী

আপনি আমার আদেশ অমান্য করেছেন?' (৯৪) হারুন বললেন, 'হে আমার সহোদর! আমার দাড়ি ও চুল ধরে টানবেন না; আমি শংকিত ছিলাম যে, আপনি

خشيت ان تقول فرقت بين بني اسراءيل ولم ترقب قولي ﴿٩٤﴾ قال

খাশীতু আন তাকূলা ফার্রাক্বতা বাইনা বানী~ইস্রা—ঈলা ওয়ালাম তারক্বুব্ ক্বাওলী। ৯৫। ক্বা-লা

বলবেন, আপনি বনী-ইস্রাঈলদের মধ্যে বিভেদ সৃষ্টি করেছেন এবং আপনি আমার নির্দেশের অপেক্ষা করেননি।' (৯৫) মূসা বললেন,

فما خطبك يسامري ﴿٩٥﴾ قال بصرت بما لم يبصروا به فقبضت قبضة من

ফামা- খাত্ববুকা ইয়া- সা-মিরিয়্যু। ৯৬। ক্বা-লা বাস্বুর্তু বিমা- লাম ইয়াবস্বুরূ বিহী ফাক্বাবাদ্বতু ক্বাব্দাতাম্মিন্

'তোমার ব্যাপার কি হে সামেরী?' (৯৬) সে বলল, 'আমি যা দেখেছি তারা তা দেখেনি। অতঃপর আমি প্রেরিত ব্যক্তির পদচিহ্ন থেকে এক মুষ্টি ধূলো নিয়েছি

اثر الرسول فنبذتها وكذلك سولت لي نفسي ﴿٩٦﴾ قال فاذهب

আছারির রাসূলি ফানাবাযতুহা- ওয়া কাযা-লিকা সাওওয়ালাত্ লী নাফ্সী। ৯৭। ক্বা-লা ফায্হাব্

এবং তা (গো বৎসের মধ্যে) নিক্ষেপ করেছি। আর আমার মন আমার জন্য এটাই শোভন করে দেখিয়েছে। (৯৭) মূসা বললেন, তুই

فان لك في الحيوة ان تقول لا مساس ۖ وان لك موعدا لن تخلفه ۚ

ফাইন্না লাকা ফিল্ হ্বাইয়া-তি আন্ তাকূলা লা- মিসা-স, ওয়া ইন্না লাকা মাও'ইদাল্লান তুখ্লাফাহ,

'দূর হয়ে যা, ইহজীবনে তোর শাস্তি হলো, তুই শুধু বলবি, 'আমাকে কেউ স্পর্শ করো না' এবং তোর জন্য একটি নির্দিষ্ট ওয়াদা আছে, যার বর খেলাপ হবে না।

وانظر الى الهك الذي ظلت عليه عاكفا ۖ لنحرقنه ثم لننسفنه

ওয়ানযুর ইলা~ইলাহিকাল্লাযী যাল্তা 'আলাইহি আ-কিফা-; লানুহ্বার্রিক্বান্নাহূ ছুম্মা লানান্ সিফান্নাহূ

আর তুই তোর সেই উপাস্যের প্রতি লক্ষ্য কর, যাকে তোরা পরিবেষ্টন করেছিলি, আমরা তাকে জ্বালিয়ে দিচ্ছি, অতঃপর তাকে লন্ড-ভন্ড

في اليم نسفا ﴿٩٧﴾ انما الهكم الله الذي لا اله الا هو ۚ وسع كل شيء علما ﴿٩٨﴾

ফিল্ ইয়াম্মি নাস্ফা-। ৯৮। ইন্নামা~ইলা-হুকুমুল্লা-হুল্ লাযী লা- ইলা-হা ইল্লা- হুওয়া; ওয়াসি'আ কুল্লা শাইয়িন 'ইল্মা-।

করে সাগরে উড়িয়ে দেব।' (৯৮) তোমাদের প্রকৃত ইলাহ একমাত্র আল্লাহই, তিনি ব্যতীত অন্য কোন ইলাহ নেই। সর্ববিষয়ে তার জ্ঞানপরিব্যপ্ত।

كذلك نقص عليك من انباء ما قد سبق ۚ وقد اتينك من لدنا ذكرا ﴿٩٩﴾

৯৯। কাযা-লিকা নাকুস্বস্বু 'আলাইকা মিন আম্বা—ই মা- ক্বাদ্ সাবাক্ব ওয়া ক্বাদ আ-তাইনা-কা মিল্লাদুন্না- যিক্রা-।

(৯৯) পূর্বে যা ঘটেছে তার সংবাদ আমি আপনার কাছে এভাবেই বিবৃত করি এবং আমার পক্ষ থেকে আপনাকে দান করেছি এক নসীহতনামা।

﴿١٠٠﴾ من اعرض عنه فانه يحمل يوم القيمة وزرا ﴿١٠١﴾ خلدين فيه ۖ وساء

১০০। মান আ'রাদ্বা 'আনহু ফাইন্নাহূ ইয়াহ্বমিলু ইয়াওমাল্ ক্বিয়া-মাতি ওয়িয্রা-। ১০১। খা-লিদীনা ফীহ; ওয়া সা—আ

(১০০) এ থেকে যে বিমুখ হবে, সে কিয়ামতের দিনে পাপ-ভার বহন করবে। (১০১) তারা তাতে চিরকাল থাকবে এবং কিয়ামতের

لَهُمْ يَوْمَ الْقِيٰمَةِ حِمْلًا ﴿١٠١﴾ يَوْمَ يُنْفَخُ فِي الصُّوْرِ وَنَحْشُرُ الْمُجْرِمِيْنَ يَوْمَئِذٍ

লাহুম ইয়াওমাল্ ক্বিয়া-মা-তি হিম্‌লাই ১০২। ইয়াওমা ইউন্‌ফাখু ফিস্‌স্বূরি ওয়া নাহ্‌শুরুল্ মুজ্‌রিমীনা ইয়াওমাইযিন

দিন এই বোঝা তাদের জন্য কতইনা মন্দ হবে! (১০২) যেদিন শিঙ্গায় ফুক দেয়া হবে, সেদিন অপরাধীদেরকে নীলচক্ষু বিশিষ্ট করে সমবেত

زُرْقًا ﴿١٠٢﴾ يَّتَخَافَتُوْنَ بَيْنَهُمْ اِنْ لَّبِثْتُمْ اِلَّا عَشْرًا ﴿١٠٣﴾ نَحْنُ اَعْلَمُ بِمَا يَقُوْلُوْنَ

যুরক্বা। ১০৩। ইয়া তাখা-ফাতূনা বাইনাহুম ইন লাবিছ্‌তুম্ ইল্লা- 'আশ্‌রা-। ১০৪। নাহ্‌নু আ'লামু বিমা- ইয়াক্বূলূনা

করব। (১০৩) তারা চুপিচুপি বলাবলি করবে ' তোমরা পৃথিবীতে মাত্র দশ দিন অবস্থান করেছিলে।' (১০৪) তারা কি বলবে আমি তা ভাল করেই জানি। তাদের

اِذْ يَقُوْلُ اَمْثَلُهُمْ طَرِيْقَةً اِنْ لَّبِثْتُمْ اِلَّا يَوْمًا ﴿١٠٤﴾ وَيَسْئَلُوْنَكَ عَنِ الْجِبَالِ

ইয্ ইয়াক্বূলু আমছালুহুম ত্বারীক্বাতান ইল্‌লাবিছ্‌তুম ইল্লা- ইয়াওমা-। ১০৫। ওয়া ইয়াস্‌আলূনাকা 'আনিল্ জ্বিবা-লি

মধ্যে যে তাদের চেয়ে কিছুটা সৎপথে ছিল– সে বলবে ' তোমরা মাত্র একদিন অবস্থান করেছিলে।'(১০৫) তারা আপনাকে পর্বত সম্পর্কে জিজ্ঞেস করে।

ع ১৫ ১৪ রুকূ

فَقُلْ يَنْسِفُهَا رَبِّيْ نَسْفًا ﴿١٠٥﴾ فَيَذَرُهَا قَاعًا صَفْصَفًا ﴿١٠٦﴾ لَّا تَرٰى فِيْهَا عِوَجًا وَّلَا

ফাক্বুল্ ইয়ান্‌সিফুহা- রাব্বী নাসফা-। ১০৬। ফাইয়াযারুহা- ক্বা- 'আন স্বাফ্‌স্বাফা- ১০৭। লা- তারা ফীহা- 'ইওয়াজ্বাওঁ ওয়ালা-

বলুন, 'আমার রব তা বিক্ষিপ্ত করে সম্পূর্ণরূপে উড়িয়ে দেবেন।' (১০৬) অতঃপর যমীনকে সমতল-মসৃণ ভূমি করে ছাড়বেন। (১০৭) যাতে তুমি বক্রতা এবং

اَمْتًا ﴿١٠٧﴾ يَوْمَئِذٍ يَّتَّبِعُوْنَ الدَّاعِيَ لَا عِوَجَ لَهٗ ۚ وَخَشَعَتِ الْاَصْوَاتُ لِلرَّحْمٰنِ

আম্‌তা-। ১০৮। ইয়াওমাইযিঁই ইয়াত্তাবি'ঊনাদ দা-'ইয়া লা-'ইওয়াজ্বা লাহ, ওয়া খাশা'আতিল আস্বওয়া-তু লির্‌রাহ্‌মা-নি

উঁচু-নীচু দেখবে না। (১০৮) সেদিন তারা এক আহ্বানকারীর অনুসরণ করবে, এক্ষেত্রে তারা এদিক-ওদিক করতে পারবে না। করুণাময়ের সামনে সকল শব্দ স্তব্ধ হয়ে যাবে।

فَلَا تَسْمَعُ اِلَّا هَمْسًا ﴿١٠٨﴾ يَوْمَئِذٍ لَّا تَنْفَعُ الشَّفَاعَةُ اِلَّا مَنْ اَذِنَ لَهُ الرَّحْمٰنُ وَرَضِيَ

ফালা- তাস্‌মা'উ ইল্লা- হাম্‌সা-। ১০৯। ইয়াওমা-ইযিল লা-তান্‌ফা'উশ্ শাফা- 'আতু ইল্লা- মান আযিনা লাহুর রাহ্‌মা-নু ওয়া রাদ্বিয়া

মৃদু গুঞ্জন ব্যতীত তুমি তখন কিছুই শুনবে না। (১০৯) দয়াময় যাকে অনুমতি দেবেন ও যার কথায় তিনি সন্তুষ্ট হবেন সে ব্যতীত কারও সুপারিশ সেদিন কোন কাজে

لَهٗ قَوْلًا ﴿١٠٩﴾ يَعْلَمُ مَا بَيْنَ اَيْدِيْهِمْ وَمَا خَلْفَهُمْ وَلَا يُحِيْطُوْنَ بِهٖ عِلْمًا ○

লাহূ ক্বাওলা-। ১১০। ইয়া'লামু মা- বাইনা- আইদীহিম্ ওয়া মা- খাল্‌ফাহুম ওয়ালা- ইউহীতূনা বিহী 'ইল্‌মা-।

আসবে না। (১১০) তাদের সম্মুখে ও পশ্চাতে যা কিছু আছে তা তিনি জানেন। কিন্তু তারা জ্ঞান দ্বারা তাকে পরিবেষ্টন করতে পারে না।

﴿١١٠﴾ وَعَنَتِ الْوُجُوْهُ لِلْحَيِّ الْقَيُّوْمِ ؕ وَقَدْ خَابَ مَنْ حَمَلَ ظُلْمًا ﴿١١١﴾ وَمَنْ يَّعْمَلْ مِنَ

১১১। ওয়া 'আনাতিল উজূহু লিল্‌হাইয়্যিল্ ক্বাইয়্যুম; ওয়া ক্বাদ্ খা-বা মান হামালা জুল্‌মা-। ১১২। ওয়া মাই ইয়া'মাল্ মিনাস্

(১১১) চিরঞ্জীব ও সবকিছুর ধারক যিনি, তার সামনে সেদিন সব মুখ মণ্ডল অবনমিত হয়ে যাবে এবং সেই ব্যর্থ হবে যে জুলুমের ভার বহন করবে। (১১২) আর যে

الصّٰلِحٰتِ وَهُوَ مُؤْمِنٌ فَلَا يَخٰفُ ظُلْمًا وَّلَا هَضْمًا ﴿١١٢﴾ وَكَذٰلِكَ اَنْزَلْنٰهُ قُرْاٰنًا

স্বা-লিহা-তি ওয়া হুওয়া মু'মিনুন ফালা- ইয়াখা-ফু জুল্‌মাওঁ ওয়ালা- হাদ্বমা-। ১১৩। ওয়া কাযা-লিকা আন্‌যালনা-হু কুর্‌আ-নান

ঈমানদার সৎকাজ করে সে কোন অবিচার ও ক্ষতির আশংকা করবে না। (১১৩) এভাবেই আমি আরবী ভাষায় কুরআন নাযিল

عَرَبِيًّا وَّصَرَّفْنَا فِيْهِ مِنَ الْوَعِيْدِ لَعَلَّهُمْ يَتَّقُوْنَ اَوْ يُحْدِثُ لَهُمْ ذِكْرًا ○

'আরাবিয়্যাওঁ ওয়া'স্বার্‌রাফ্‌না- ফীহি মিনাল্ ওয়া'ঈদি লা'আল্লাহুম ইয়াত্তাকূনা আও ইউহ্‌দিছু লাহুম যিক্‌রা-।

করেছি এবং তাতে বিশদভাবে সতর্কবাণী বিবৃত করেছি। যাতে তারা মুত্তাকী হয় এবং তাদের জন্য কোন উপলব্ধি সৃষ্টি করে দেয়।

﴿١١٣﴾ فَتَعٰلَى اللّٰهُ الْمَلِكُ الْحَقُّ ۚ وَلَا تَعْجَلْ بِالْقُرْاٰنِ مِنْ قَبْلِ اَنْ يُّقْضٰٓى

১১৪। ফাতা'আলাল্লা-হুল্ মালিকুল হাক্বক্বু, ওয়ালা-তা'জ্বাল্ বিল্ কুরআ-নি মিন্ ক্বাব্‌লি আই ইউক্বদ্বা~

(১১৪) আল্লাহ্ তাআলাই অতি মহান, প্রকৃত অধিপতি। আপনার প্রতি তার ওহী পরিপূর্ণ হওয়ার পূর্বে কুরআন পাঠে আপনি তাড়াহুড়া

اِلَيْكَ وَحْيُهٗ ۫ وَقُلْ رَّبِّ زِدْنِيْ عِلْمًا ﴿١١٤﴾ وَلَقَدْ عَهِدْنَآ اِلٰٓى اٰدَمَ مِنْ قَبْلُ

ইলাইকা ওয়াহ্‌ইউহূ ওয়া কুর্‌রাব্বি যিদ্‌নী 'ইলমা-। ১১৫। ওয়ালাক্বাদ 'আহিদ্‌না~ইলা~আ-দামা মিন্ ক্বাব্‌লু

করবেন না এবং বলুন, ' হে আমার রব! আমার জ্ঞান বৃদ্ধি করে দিন।' (১১৫) আমি অবশ্যই ইতিপূর্বে আদমকে নির্দেশ দিয়েছিলাম।

فَنَسِيَ وَلَمْ نَجِدْ لَهٗ عَزْمًا ﴿١١٥﴾ وَاِذْ قُلْنَا لِلْمَلٰٓئِكَةِ اسْجُدُوْا لِاٰدَمَ فَسَجَدُوْٓا

ফানাসিয়া ওয়ালাম্ নাজ্বিদ্ লাহু 'আয্‌মা-। ১১৬। ওয়া ইয্ কুল্‌না- লিল মালা—ইকাতিসজুদূ লিআ-দামা ফাসাজ্বাদু~

কিন্তু তিনি ভুলে গিয়েছিলেন, আমি তাকে সঙ্কল্পে দৃঢ় পাইনি। (১১৬) স্মরণ করুন, যখন ফেরেশতাদেরকে বললাম, 'আদমকে সিজদা কর, তখন ইব্‌লীস ব্যতীত

اِلَّآ اِبْلِيْسَ ؕ اَبٰى ﴿١١٦﴾ فَقُلْنَا يٰٓاٰدَمُ اِنَّ هٰذَا عَدُوٌّ لَّكَ وَلِزَوْجِكَ فَلَا يُخْرِجَنَّكُمَا

ইল্লা ইব্‌লীস; আবা-। ১১৭। ফাকুল্‌না- ইয়া~আদাম্ ইন্না হা-যা- 'আদুওওল্‌লাকা ওয়া লিযাওজ্বিকা ফালা- ইয়ুখ্‌রিজান্নাকুমা-

সকলেই সিজদা করল। সে অমান্য করল।(১১৭) আমি বললাম, হে আদম এ আপনার ও আপনার স্ত্রীর শত্রু। তাই সে যেন জান্নাত থেকে আপনাদেরকে বের করে

مِنَ الْجَنَّةِ فَتَشْقٰى ﴿١١٧﴾ اِنَّ لَكَ اَلَّا تَجُوْعَ فِيْهَا وَلَا تَعْرٰى ﴿١١٨﴾ وَاَنَّكَ لَا تَظْمَؤُا

মিনাল্ জ্বান্নাতি ফাতাশ্‌ক্বা-। ১১৮। ইন্না লাকা আল্লা- তাজ্বূ'আ ফীহা-ওয়ালা- তা'রা-। ১১৯। ওয়া আন্নাকা লা-তাযমাউ

না দেয়। অন্যথায় আপনি বিপদগ্রস্ত হয়ে পড়বেন। (১১৮) 'আপনার জন্য এটিই রইল যে, আপনি জান্নাতে ক্ষুধার্ত ও উলঙ্গ হবেন না; (১১৯) এবং সেখানে পিপাসার্ত

فِيْهَا وَلَا تَضْحٰى ﴿١١٩﴾ فَوَسْوَسَ اِلَيْهِ الشَّيْطٰنُ قَالَ يٰٓاٰدَمُ هَلْ اَدُلُّكَ عَلٰى شَجَرَةِ

ফীহা- ওয়ালা- তাদ্বহা-। ১২০। ফাওয়াস্‌ওয়াসা ইলাইহিশ্ শাইত্বা-নু ক্বা-লা ইয়া~আদামু হাল্ আদুল্লুকা 'আলা- শাজ্বারাতিল্

ও রৌদ্র ক্লিষ্টও হবেন না। (১২০) অতঃপর তাকে কুমন্ত্রণা দিল শয়তান। সে বলল, ' হে আদম! আমি কি তোমাকে অনন্ত কাল জীবিত থাকার বৃক্ষের কথা ও

الْخُلْدِ وَمُلْكٍ لَّا يَبْلٰى ﴿١٢٠﴾ فَاَكَلَا مِنْهَا فَبَدَتْ لَهُمَا سَوْاٰتُهُمَا وَطَفِقَا يَخْصِفٰنِ

খুল্‌দি ওয়া মুলকিল্‌লা- ইয়াব্‌লা-। ১২১। ফাআকালা- মিনহা- ফাবাদাত্ লাহুমা- সাওআ-তুহুমা- ওয়া ত্বাফিক্বা- ইয়াখ্‌স্বিফা-নি

অবিনশ্বর রাজত্বের কথা বলে দেব?' (১২১) অতঃপর তারা উভয়ে তার ফল খেলেন, তখন তাদের সামনে তাদের লজ্জাস্থান উন্মুক্ত হয়ে গেল। এতে তারা জান্নাতের বৃক্ষপত্র দ্বারা

✪ শানে নুযূল (আঃ ১১৪) ঃ রাসূল (স)-এর কাছে যখন জিবরাঈল (আ) ওহী নিয়ে নাযিল হতেন, তখন তিনি যাতে কুরআনের কোন আয়াত বা শব্দ ভুলে না যান, তাই জিবরাঈল (আ)-এর সাথে সাথে তিনি কুরআন পড়তে শুরু করতেন। তাই আল্লাহ তাআলা প্রথমে সূরা "কিয়ামার" একটি আয়াত নাযিল করে তা নিষেধ করে দেন। এরপর আবার এই আয়াত নাযিল করে এমন তাড়াহুড়া করতে নিষেধ করে দেন। (আবুসসাউদ) হযরত শাব্বীর আহমদ উসমানী (রহ) বলেন, এ আয়াতে আল্লাহ তাআলা রাসূল (সা)-কে সতর্ক করে দিয়েছেন যে, হযরত আদম (আ) এক ব্যাপারে তাড়াহুড়া করে অত্যন্ত বিপদগ্রস্ত হয়ে পড়েছিলেন। তাই আপনি কুরআনের ব্যাপারে তাড়াহুড়া করবেন না। (শায়খুল হিন্দ)

عَلَيْهِمَا مِنْ وَّرَقِ الْجَنَّةِ ز وَعَصٰۤى اٰدَمُ رَبَّهٗ فَغَوٰى ﴿١٢١﴾ ثُمَّ اجْتَبٰهُ رَبُّهٗ فَتَابَ عَلَيْهِ

'আলাইহিমা- মিওঁ ওয়ারাক্বিল জ্বান্নাতি ওয়া 'আস্বা~আ-দামু রাব্বাহূ ফাগাওয়া-। ১২২। ছুম্মাজ্তাবা-হু রাব্বুহূ ফাতা-বা 'আলাইহি
নিজেদেরকে ঢাকতে লাগলেন। আদম তার রবের হুকুম অমান্য করলেন, ফলে তিনি ভুলের মধ্যে পড়ে গেলেন। (১২২) অতঃপর তার রব তাকে মনোনীত করলেন এবং তার প্রতি

وَهَدٰى ﴿١٢٢﴾ قَالَ اهْبِطَا مِنْهَا جَمِيْعًا بَعْضُكُمْ لِبَعْضٍ عَدُوٌّ ج فَاِمَّا يَاْتِيَنَّكُمْ مِّنِّىْ

ওয়া হাদা-। ১২৩। ক্বা-লাহ্বিত্বা- মিন্হা- জ্বামী'আম্ বা'দ্বুকুম্ লিবা'দ্বিন্ আদুওউন, ফাইম্মা- ইয়া'তিয়ান্নাকুম মিন্নী
মনোযোগী হলেন ও তাকে পথ দেখালেন। (১২৩) তিনি বললেন 'আপনারা পরস্পরের শত্রুরূপে সকলে জান্নাত থেকে নেমে যান। এরপর আমার পক্ষ থেকে আপনার কাছে

هُدًى ۙ فَمَنِ اتَّبَعَ هُدَاىَ فَلَا يَضِلُّ وَلَا يَشْقٰى ﴿١٢٣﴾ وَمَنْ اَعْرَضَ عَنْ ذِكْرِىْ

হুদান ফামানিত্তাবা'আ হুদা-ইয়া ফালা- ইয়াদ্বিল্লু ওয়ালা- ইয়াশ্ক্বা-। ১২৪। ওয়ামান আ'রাদ্বা 'আন্ যিক্রী
হেদায়েত আসলে যে আমার হেদায়াতের অনুসরণ করবে সে পথ ভ্রষ্ট হবে না এবং দুর্ভাগা হবে না। (১২৪) 'আর যে আমার স্মরণে বিমুখ হবে, তার জীবনযাত্রা

فَاِنَّ لَهٗ مَعِيْشَةً ضَنْكًا وَّنَحْشُرُهٗ يَوْمَ الْقِيٰمَةِ اَعْمٰى ﴿١٢٤﴾ قَالَ رَبِّ لِمَ حَشَرْتَنِىْۤ

ফাইন্না লাহূ মা'ঈশাতান্ দ্বান্কাওঁ ওয়া নাহ্শুরুহূ ইয়াওমাল ক্বিয়া-মাতি আ'মা-। ১২৫। ক্বা-লা রাব্বি লিমা হ্বাশার্তানী~
সংকুচিত হয়ে পড়বে এবং কিয়ামতের দিন অন্ধ অবস্থায় তাকে উপস্থিত করব।' (১২৫) সে বলবে, 'হে আমার রব! কেন আমাকে অন্ধ অবস্থায় উঠালেন?

اَعْمٰى وَقَدْ كُنْتُ بَصِيْرًا ﴿١٢٥﴾ قَالَ كَذٰلِكَ اَتَتْكَ اٰيٰتُنَا فَنَسِيْتَهَا ج وَكَذٰلِكَ

আ'মা- ওয়া ক্বাদ্ কুন্তু বাস্বীরা-। ১২৬। ক্বা-লা কাযা-লিকা আতাত্কা আ-ইয়া-তুনা- ফানাসীতাহা-; ওয়া কাযা-লিকাল্
আমি তো চক্ষুষ্মান ছিলাম।' (১২৬) তিনি বলবেন 'তুমি এমনই ছিলে। আমার আয়াত তোমার কাছে এসেছিল, তুমি তা ভুলে গিয়েছিলে। এভাবেই আজ তোমাকে

الْيَوْمَ تُنْسٰى ﴿١٢٦﴾ وَكَذٰلِكَ نَجْزِىْ مَنْ اَسْرَفَ وَلَمْ يُؤْمِنْۢ بِاٰيٰتِ رَبِّهٖ ط

ইয়াওমা তুন্সা-। ১২৭। ওয়া কাযা-লিকা নাজ্বযী মান্ আসরাফা ওয়ালাম ইউ'মিন বিআ-ইয়া-তি রাব্বিহ্;
আমি ভুলে যাব।' (১২৭) 'এভাবেই তাকে আমি প্রতিফল দেব, যে সীমালংঘন করেছে ও তার রবের নিদর্শনে ঈমান আনেনি।

وَلَعَذَابُ الْاٰخِرَةِ اَشَدُّ وَاَبْقٰى ﴿١٢٧﴾ اَفَلَمْ يَهْدِ لَهُمْ كَمْ اَهْلَكْنَا قَبْلَهُمْ مِّنَ

ওয়া লা'আযা-বুল আ-খিরাতি আশাদ্দু ওয়া আব্ক্বা-। ১২৮। আফালাম্ ইয়াহ্দি লাহুম কাম আহ্লাক্না- ক্বাবলাহুম্মিনাল্
আর পরকালের আযাব খুবই কঠিন ও অধিক স্থায়ী হবে।' (১২৮) আমি তাদের পূর্বে ধ্বংস করেছি কত মানবগোষ্ঠীকে,

الْقُرُوْنِ يَمْشُوْنَ فِىْ مَسٰكِنِهِمْ ط اِنَّ فِىْ ذٰلِكَ لَاٰيٰتٍ لِّاُولِى النُّهٰى ع

৭ ع ১৬ রুকূ

ক্বুরূনি ইয়াম্শূনা ফী মাসা-কীনিহিম; ইন্না ফী যা-লিকা লাআ-ইয়া-তিল লিউলিন্নুহা-।
যাদের বাসভূমিতে তারা বিচরণ করে, তা কি তাদের সৎপথ দেখায় না? এতে জ্ঞানীদের জন্য অবশ্যই নিদর্শন রয়েছে।

﴿١٢٨﴾ وَلَوْلَا كَلِمَةٌ سَبَقَتْ مِنْ رَّبِّكَ لَكَانَ لِزَامًا وَّاَجَلٌ مُّسَمًّى ﴿١٢٩﴾ فَاصْبِرْ عَلٰى

১২৯। ওয়া লাও লা- কালিমাতুন সাবাক্বাত্ মির্ রাব্বিকা লাকা-না লিযা-মাওঁ ওয়া আজ্বালুম মুসাম্মা-। ১৩০। ফাস্বির 'আলা-
(১২৯) আপনার রবের পূর্ব ঘোষণা না থাকলে এবং একটি নির্ধারিত কাল না থাকলে আশু শাস্তি অবশ্যই এসে পড়ত। (১৩০) সুতরাং তারা

مَا يَقُوْلُوْنَ وَسَبِّحْ بِحَمْدِ رَبِّكَ قَبْلَ طُلُوْعِ الشَّمْسِ وَقَبْلَ غُرُوْبِهَا ج

মা- ইয়াক্বূলূনা ওয়া সাব্বিহ্ বিহ্বাম্দি রাব্বিকা ক্বাব্লা ত্বুলূ'ইশ্ শাম্সি ওয়া ক্বাব্লা গুরূবিহা,
যা বলে সে বিষয়ে আপনি ধৈর্য ধারণ করুন এবং সূর্যোদয়ের পূর্বে ও সূর্যাস্তের পূর্বে আপনার রবের সপ্রশংস পবিত্রতা ও মহিমা ঘোষণা করুন

وَمِنْ اٰنَآئِ الَّيْلِ فَسَبِّحْ وَاَطْرَافَ النَّهَارِ لَعَلَّكَ تَرْضٰى ﴿١٣٠﴾ وَلَا تَمُدَّنَّ

ওয়া মিন্ আ-না—ইল লাইলি ফাসাব্বিহ্ ওয়া আত্বরা-ফান নাহা-রি লা'আল্লাকা তারদ্বা-। ১৩১। ওয়ালা- তামুদ্দান্না
এবং রাত্রিকালে ও দিবাভাগেও তার পবিত্রতা ও মহিমা ঘোষণা করুন। সম্ভবতঃ আপনি সন্তুষ্ট হয়ে যাবেন। (১৩১) আমি কাফেরদের

عَيْنَيْكَ اِلٰى مَا مَتَّعْنَا بِهٖۤ اَزْوَاجًا مِّنْهُمْ زَهْرَةَ الْحَيٰوةِ الدُّنْيَا ۙ لِنَفْتِنَهُمْ

'আইনাইকা ইলা- মা- মাত্তা'না- বিহী~আয্ ওয়াজ্বাম্ মিন্হুম যাহ্রাতাল হ্বা-য়া-তিদদুন্ইয়া- লিনাফ্তিনাহুম
কতককে তাদের পরীক্ষা করার জন্য পার্থিব জীবনের সৌন্দর্যস্বরূপ ভোগ-বিলাসের যে উপকরণ দিয়েছি, তার প্রতি আপনি কখনও দৃষ্টি দিবেন না।

فِيْهِ ط وَرِزْقُ رَبِّكَ خَيْرٌ وَّاَبْقٰى ﴿١٣١﴾ وَاْمُرْ اَهْلَكَ بِالصَّلٰوةِ وَاصْطَبِرْ عَلَيْهَا ط

ফীহ্; ওয়া রিয্ক্বু রাব্বিকা খাইরুওঁ ওয়া আব্ক্বা-। ১৩২। ওয়া'মুর আহ্লাকা বিস্স্বা-লাতি ওয়াস্ত্বাবির 'আলাইহা-;
আপনার রবের প্রদত্ত রিযিকই উৎকৃষ্ট ও অধিক স্থায়ী। (১৩২) আর আপনি আপনার পরিবারবর্গকে নামাযের নির্দেশ দিন এবং আপনিও এতে অবিচলিত থাকুন।

لَا نَسْئَلُكَ رِزْقًا ط نَحْنُ نَرْزُقُكَ ط وَالْعَاقِبَةُ لِلتَّقْوٰى ﴿١٣٢﴾ وَقَالُوْا لَوْلَا يَاْتِيْنَا

লা- নাস্আলুকা রিয্ক্বা-; নাহ্নু নারযুকুকা; ওয়াল্ আ-ক্বিবাতু লিত্তাক্বওয়া-। ১৩৩। ওয়া ক্বা-লূ লাওলা- ইয়া'তীনা-
আমি আপনার নিকট কোন রিযিক চাই না; আমিই আপনাকে রিযিক দিয়ে থাকি। আর মুত্তাকীদের জন্যই তো শুভ পরিণাম। (১৩৩) তারা বলে, 'সে তার

بِاٰيَةٍ مِّنْ رَّبِّهٖ ط اَوَلَمْ تَاْتِهِمْ بَيِّنَةُ مَا فِى الصُّحُفِ الْاُوْلٰى ﴿١٣٣﴾ وَلَوْ اَنَّاۤ

বিআ-ইয়াতিম মির্ রাব্বিহ্; আওয়ালাম তা'তিহিম বাইয়্যিনাতু মা- ফিস্ব্ স্বুহুফিল উলা-। ১৩৪। ওয়া লাও আন্না~
রবের কোন নিদর্শন নিয়ে আসে না কেন? তাদের কাছে কি সুস্পষ্ট কোন নিদর্শন আসেনি- যা রয়েছে পূর্ববর্তী গ্রন্থসমূহে? (১৩৪) যদি আমি তাদেরকে ইতিপূর্বে

اَهْلَكْنٰهُمْ بِعَذَابٍ مِّنْ قَبْلِهٖ لَقَالُوْا رَبَّنَا لَوْلَاۤ اَرْسَلْتَ اِلَيْنَا رَسُوْلًا

আহ্লাক্না-হুম বি'আযা-বিম মিন ক্বাব্লিহী লাক্বা-লূ রাব্বানা লাওলা~আরসাল্তা ইলাইনা- রাসূলান
আযাব দ্বারা ধ্বংস করে দিতাম তবে তারা বলত, 'হে আমাদের প্রভু! আপনি আমাদের নিকট একজন রাসূল পাঠাননি কেন?

فَنَتَّبِعَ اٰيٰتِكَ مِنْ قَبْلِ اَنْ نَّذِلَّ وَنَخْزٰى ﴿١٣٤﴾ قُلْ كُلٌّ مُّتَرَبِّصٌ فَتَرَبَّصُوْا ج

ফানাত্তাবি'আ আ-ইয়া-তিকা মিন্ ক্বাব্লি আন্নাযিল্লা ওয়া নাখ্যা-। ১৩৫। কুল্ কুল্লুম্মুতারাব্বিস্বুন্ ফাতারাব্বাস্বূ,
পাঠালে আমরা লাঞ্ছিত ও অপদস্থ হওয়ার পূর্বে আপনার হুকুমের অনুসরণ করতাম।' (১৩৫) বলুন, প্রত্যেকেই প্রতীক্ষা করছে,

فَسَتَعْلَمُوْنَ مَنْ اَصْحٰبُ الصِّرَاطِ السَّوِىِّ وَمَنِ اهْتَدٰى ﴿١٣٥﴾ ع

ফাসাতা'লামূনা মান্ আস্বহা-বুস্ব্ স্বিরা-ত্বিস্ সাওয়্যি ওয়া মানিহ্তাদা-।
তাই তোমরাও প্রতীক্ষা কর। অতঃপর তোমরা জানতে পারবে, কারা সরল পথের অধিকারী এবং কারা সৎপথ প্রাপ্ত হয়েছে।

সূরা আম্বিয়া
মক্কী

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ
বিসমিল্লা-হির রাহ্মা-নির রাহীম
পরম দাতা ও দয়ালু আল্লাহ্র নামে শুরু করছি

আয়াত ঃ ১১
রুকূ ঃ ১

পারা ১৭

(১) اِقْتَرَبَ لِلنَّاسِ حِسَابُهُمْ وَهُمْ فِىْ غَفْلَةٍ مُّعْرِضُوْنَ (২) مَا يَاْتِيْهِمْ مِّنْ ذِكْرٍ

১। ইক্বতারাবা লিন্না-সি হ্বিসা-বুহুম ওয়াহুম ফী গাফ্লাতিম্‌মু'রিদ্বূন। ২। মা- ইয়া'তীহিম্‌মিন্ যিক্‌রিম্
(১) মানুষের হিসাব-নিকাশের সময় অতি নিকটে এসে গেছে; অথচ তারা অমনোযোগী হয়ে (ঈমান থেকে) মুখ ফিরিয়ে রয়েছে। (২) যখনই তাদের কাছে

مِّنْ رَّبِّهِمْ مُّحْدَثٍ اِلَّا اسْتَمَعُوْهُ وَهُمْ يَلْعَبُوْنَ (৩) لَاهِيَةً قُلُوْبُهُمْ ۚ وَاَسَرُّوا

মির্‌রাব্‌বিহিম মুহ্বদাছিন ইল্লাস্তামা'উ'-হু ওয়া হুম ইয়াল্'আবূন। ৩। লা-হিয়াতান কুলূবুহুম্; ওয়া আসার্‌রুন্
তাদের প্রতিপালকের পক্ষ থেকে নতুন যে কোন উপদেশ আসে, তা তারা খেল-তামাশা হিসেবে শোনে, (৩) তাদের অন্তর অন্যমনস্ক।

النَّجْوَى ۖ الَّذِيْنَ ظَلَمُوْا ۖ هَلْ هٰذَا اِلَّا بَشَرٌ مِّثْلُكُمْ ۚ اَفَتَاْتُوْنَ السِّحْرَ

নাজ্ওয়াল্ লাযীনা য্বালামূ হাল হা-যা- ইল্লা- বাশারুম্ মিছ্‌লুকুম, আফাতা'তূনাস্ সিহ্বরা
জালিমরা চুপে চুপে পরামর্শ করে বলে, এতো তোমাদের মতই একজন মানুষ। এর পরেও কি তোমরা দেখেশুনে যাদুর

وَاَنْتُمْ تُبْصِرُوْنَ (৪) قٰلَ رَبِّىْ يَعْلَمُ الْقَوْلَ فِى السَّمَآءِ وَالْاَرْضِ ۖ وَهُوَ

ওয়া আন্‌তুম তুব্‌স্বিরূন। ৪। ক্বা-লা রাব্‌বী ইয়া'লামুল্ ক্বাওলা ফিস্ সামা—ই ওয়াল্‌ আরদ্বি ওয়া হুওয়াস্
মধ্যে ফেঁসে যাবে? (৪) তিনি (রাসূল) বল্‌ল, আমার প্রতিপালক আকাশ ও যমীনের সব কথাই জানেন এবং তিনি সর্বশ্রোতা ও

السَّمِيْعُ الْعَلِيْمُ (৫) بَلْ قَالُوْٓا اَضْغَاثُ اَحْلَامٍۭ بَلِ افْتَرٰىهُ بَلْ هُوَ شَاعِرٌ ۚ

সামী'উল 'আলীম। ৫। বাল্ ক্বা-লূ আদ্বগা-ছু আহ্বলা-মিম্ বালিফ্‌তারা-হু বাল্ হুওয়া শা-'ইর,
মহাজ্ঞানী। (৫) তারা (আরও) বলে, (এ কুরআন) অলীক স্বপ্ন। বরং হয় তিনি তা মিথ্যা বলিয়ে নিয়েছেন, না হয় তিনি একজন কাব্য রচয়িতা। নতুবা তিনি আমাদের

فَلْيَاْتِنَا بِاٰيَةٍ كَمَآ اُرْسِلَ الْاَوَّلُوْنَ (৬) مَآ اٰمَنَتْ قَبْلَهُمْ مِّنْ قَرْيَةٍ اَهْلَكْنٰهَا ۚ

ফাল্‌ইয়া'তিনা- বিআয়া-তিন কামা~উরসিলাল্ আওয়্যালূন। ৬। মা~আ-মানাত্ ক্বাব্‌লাহুম্‌মিন ক্বারইয়াতিন আহ্লাক্‌না-হা-;
সামনে এমন কোন নিদর্শন নিয়ে আসুক, যেরূপ পূর্বের রাসূলদের উপর প্রেরিত হয়েছিল। (৬) তাদের পূর্বে যত জনপদই আমি ধ্বংস করেছি, তাদের অধিবাসিরা ঈমান আনেনি।

اَفَهُمْ يُؤْمِنُوْنَ (৭) وَمَآ اَرْسَلْنَا قَبْلَكَ اِلَّا رِجَالًا نُّوْحِىْٓ اِلَيْهِمْ فَسْئَلُوْٓا اَهْلَ

আফাহুম ইউ'মিনূন। ৭। ওয়া মা~আরসাল্‌না- ক্বাব্‌লাকা ইল্লা- রিজ্বা-লান্নূহ্বী ~ইলাইহিম ফাস্‌আলূ~আহ্‌লায্
তবে কি তারা ঈমান আনবে? (৭) আপনার পূর্বেও যত রাসূল আমি প্রেরণ করেছি সবই ছিল পুরুষ যাদের কাছে আমি ওহী পাঠিয়েছিলাম।

○ টীকা (আঃ ৩) ঃ কাফিররা রাসূল (সা)-এর নসীহত শুনতে শুনতে বিরক্ত হয়ে কয়েকজন মিলে গোপনে পরামর্শ সভায় একত্রিত হয়। সেখানে তারা রাসূল (সা)-এর সম্পর্কে বলে, 'ইনিতো আমাদের মতই একজন মানুষ। এতো কোন ফেরেশতা নয় এবং তার আলাদা কোন বৈশিষ্ট্যও নেই। তবে তার একটি বৈশিষ্ট্য হলো সে জাদু জানে। তিনি যে কালাম পড়ে শোনান তা তো জাদুরই কালাম। আর তোমাদের কি কোন কাণ্ডজ্ঞান নেই যে, তোমরা তার কাছে যাও? তোমরা তার ধারে কাছেও যাবে না।' তাদের এসব ষড়যন্ত্রের কথাই এ আয়াতে বলা হয়েছে। (শাঃ হিঃ)

الذِّكْرِ اِنْ كُنْتُمْ لَا تَعْلَمُوْنَ (৮) وَمَا جَعَلْنٰهُمْ جَسَدًا لَّا يَاْكُلُوْنَ الطَّعَامَ وَمَا

যিক্‌রি ইন্ কুন্‌তুম লা- তা'লামূন। ৮। ওয়া মা- জ্বা'আল্‌না-হুম জ্বাসাদাল লা- ইয়া'কুলূনাত্ব ত্বা'আ-মা ওয়া মা-
তোমরা জ্ঞানবানদের কাছে জিজ্ঞাসা কর, যদি তোমরা না জান। (৮) আমি তাদের এমন দেহবিশিষ্ট করে তৈরি করিনি যে তারা খাদ্য দ্রব্য খেতনা এবং তারা চিরঞ্জীবী

كَانُوْا خٰلِدِيْنَ (৯) ثُمَّ صَدَقْنٰهُمُ الْوَعْدَ فَاَنْجَيْنٰهُمْ وَمَنْ نَّشَآءُ

কা-নূ খা-লিদীন। ৯। ছুম্মা স্বাদাক্বনা-হুমুল্ ওয়া'দা ফাআন্ জ্বাইনা-হুম ওয়ামান্‌নাশা—উ
ছিল না। (৯) অতঃপর আমি তাদের প্রতি আমার কৃতপ্রতিশ্রুতি সত্যে পরিণত করলাম। অতঃপর আমি তাদেরকে এবং যাদেরকে ইচ্ছা নাজাত দিয়েছিলাম এবং

وَاَهْلَكْنَا الْمُسْرِفِيْنَ (১০) لَقَدْ اَنْزَلْنَآ اِلَيْكُمْ كِتٰبًا فِيْهِ ذِكْرُكُمْ ۖ اَفَلَا

ওয়া আহ্লাক্‌নাল্ মুসরিফীন। ১০। লাক্বাদ্ আন্‌যাল্‌না~ইলাইকুম্ কিতা-বান ফীহি যিক্‌রুকুম; আফালা-
সীমালংঘনকারীদেরকে ধ্বংস করে দিয়েছি। (১০) নিশ্চয়ই আমি তোমাদের কাছে কিতাব অবতীর্ণ করেছি, যাতে তোমাদের জন্য রয়েছে উপদেশ, এর পরেও কি তোমরা

تَعْقِلُوْنَ (১১) وَكَمْ قَصَمْنَا مِنْ قَرْيَةٍ كَانَتْ ظَالِمَةً وَّاَنْشَاْنَا بَعْدَهَا قَوْمًا اٰخَرِيْنَ

তা'ক্বিলূন। ১১। ওয়া কাম্ ক্বাস্বাম্‌না- মিন্ ক্বারইয়াতিন কা-নাত্ জ্বা-লিমাতাওঁ ওয়া আন্ শা'না- বা'দাহা- ক্বাওমান আ-খারীন্।
বুঝতে পারছনা। (১১) আমি বহু জনপদ ধ্বংস করে দিয়েছিলাম। যার অধিবাসীরা ছিল অত্যাচারী এবং তাদের পরে আমি অন্য জাতি সৃষ্টি করেছি।

(১২) فَلَمَّآ اَحَسُّوْا بَاْسَنَآ اِذَا هُمْ مِّنْهَا يَرْكُضُوْنَ (১৩) لَا تَرْكُضُوْا وَارْجِعُوْٓا اِلٰى مَآ

১২। ফালাম্মা~আহ্বাস্‌সূ বা'সানা~ইযা- হুম্‌মিন্‌হা- ইয়ারকুদ্বূন। ১৩। লা- তারকুদ্বূ ওয়ারজ্বি'উ~ইলা- মা~
(১২) অতঃপর যখন তারা আমার শাস্তির কথা উপলব্ধি করল, তখনই তারা জনপদ থেকে পালাতে লাগল। (১৩) তখন বলা হয়েছিল তোমরা পলায়ন কর না এবং তোমরা ফিরে এস সে দিকে; যেখানে তোমরা বিলাস

اُتْرِفْتُمْ فِيْهِ وَمَسٰكِنِكُمْ لَعَلَّكُمْ تُسْئَلُوْنَ (১৪) قَالُوْا يٰوَيْلَنَآ اِنَّا كُنَّا ظٰلِمِيْنَ

উত্‌রিফ্‌তুম ফীহি ওয়া মাসা-কিনিকুম লা'আল্লাকুম তুস্‌আলূন। ১৪। ক্বা-লূ ইয়া ওয়াইলানা~ইন্না কুন্না-জ্বা-লিমীন।
জীবন-যাপন করতে এবং তোমাদের বাসগৃহে, হয়তঃ তোমাদের কেউ জিজ্ঞাসা করবে। (১৪) তারা বলতে লাগল, হায় আমাদের দুর্ভাগ্য! নিশ্চয়ই আমরা ছিলাম অত্যাচারী।

(১৫) فَمَا زَالَتْ تِّلْكَ دَعْوٰىهُمْ حَتّٰى جَعَلْنٰهُمْ حَصِيْدًا خٰمِدِيْنَ (১৬) وَمَا خَلَقْنَا

১৫। ফামা- যা-লাত্ তিল্‌কা দা'ওয়া-হুম হ্বাত্তা- জা 'আল্‌না-হুম হ্বাস্বীদান খা-মিদীন। ১৬। ওয়া মা- খালাক্বনাস্
(১৫) অতঃপর সর্বদাই চলতে থাকে তাদের সে (আর্তনাদ) কথা, যতক্ষণ না আমি তাদেরকে কর্তিত শস্য এবং নিভে যাওয়া অগ্নি সদৃশ না করি। (১৬) আমি সৃষ্টি করিনি

السَّمَآءَ وَالْاَرْضَ وَمَا بَيْنَهُمَا لٰعِبِيْنَ (১৭) لَوْ اَرَدْنَآ اَنْ نَّتَّخِذَ لَهْوًا لَّاتَّخَذْنٰهُ

সামা—আ ওয়াল্ আরদ্বা ওয়া মা-বাইনাহুমা- লা-'ইবীন। ১৭। লাও আরাদ্‌না~আননাত্তাখিযা লাহওয়াল লাত্তাখায্‌না-হু
আকাশ ও পৃথিবী এবং তার মধ্যস্থিত সব কিছু খেলার ছলে। (১৭) যদি আমি ইচ্ছা করতাম যে, খেল-তামাশার কিছু বস্তু বানাব, তবে তা আমার নিকট থেকেই

○ টীকা (আঃ ১২) ঃ কথিত আছে যে, ইয়ামান দেশের কোন এক শহরে একজন নবী প্রেরিত হয়েছিলেন। তথাকার অধিবাসীরা তাঁকে নানা প্রকার যন্ত্রণা দিয়া পরিশেষে মেরেই ফেলল। এই হত্যার প্রতিশোধের জন্য আল্লাহ্ তথায় বিখ্যাত অত্যাচারী রাজা 'বোখতে নাছছার'কে পাঠালেন। সে তাদেরকে একাধারে হত্যা করতে লাগল। গায়েব হতে আওয়ায আসল, হে পয়গম্বরদের হত্যা কারীরা! আস, এখন প্রতিশোধ গ্রহণের সময়, তখন তারা তওবা করতে লাগল, কিন্তু কোনই ফল হল না, সকলকেই ধ্বংস করে দেয়া হল। আয়াতগুলোতে আল্লাহ্ তাদের বিষয় বর্ণনা করেছেন। (মুঃ কোঃ)

مِنْ لَّدُنَّا ۖ إِنْ كُنَّا فٰعِلِيْنَ ﴿١٧﴾ بَلْ نَقْذِفُ بِالْحَقِّ عَلَى الْبَاطِلِ فَيَدْمَغُهٗ

মিল্লাদুন্না~ইন্কুন্না- ফা-'ইলীন। ১৮। বাল্ নাক্বযিফু বিল্ হাক্কি 'আলাল্ বা-ত্বিলি ফাইয়াদমাগুহূ

বানিয়ে নিতাম, যদি আমার করার-ই হত। (১৮) বরং আমি সত্যকে মিথ্যার উপর নিক্ষেপ করি। অতঃপর মিথ্যাকে সে চূর্ণ বিচূর্ণ করে দেয়

فَإِذَا هُوَ زَاهِقٌ ۚ وَلَكُمُ الْوَيْلُ مِمَّا تَصِفُوْنَ ﴿١٨﴾ وَلَهٗ مَنْ فِي السَّمٰوٰتِ

ফাইযা- হুওয়া যা-হিক্ব; ওয়া লাকুমুল্ ওয়াইলু মিম্মা- তাস্বিফূন। ১৯। ওয়া লাহূ মান্ ফিস্ সামা-ওয়া-তি

এবং তখনই সে (মিথ্যা) বিলুপ্ত হয়ে যায়। আর তোমাদের জন্য সর্বনাশ, তোমরা যে কথা (বানিয়ে) বলছ, তার জন্য। (১৯) আকাশ

وَالْأَرْضِ ۚ وَمَنْ عِنْدَهٗ لَا يَسْتَكْبِرُوْنَ عَنْ عِبَادَتِهٖ وَلَا يَسْتَحْسِرُوْنَ

ওয়াল আরদ্বি; ওয়া মান 'ইন্দাহূ লা- ইয়াস্তাক্বিরূনা 'আন্ 'ইবা-দাতিহী ওয়ালা- ইয়াস্তাহ্সিরূন।

ও যমীনে যা কিছু আছে তারা সবই আল্লাহর এবং যারা তাঁর নিকটে আছে তারা তাঁর ইবাদাতে অহংকার করে না এবং ক্লান্তও হয় না।

﴿١٩﴾ يُسَبِّحُوْنَ الَّيْلَ وَالنَّهَارَ لَا يَفْتُرُوْنَ ﴿٢٠﴾ أَمِ اتَّخَذُوْٓا اٰلِهَةً مِّنَ الْأَرْضِ

২০। ইউসাব্বিহূনাল লাইলা ওয়ান্ নাহা-রা লা- ইয়াফ্তুরূন। ২১। আমিত্তাখাযূ~আ-লিহাতাম্মিনাল্ আর্দ্বি

(২০) তারা দিন রাত (আল্লাহর) তাসবীহ বর্ণনা করে এবং তাঁরা অলসতা করে না। (২১) তারা পৃথিবীতে (মাটির তৈরী) যাকে উপাস্য বানিয়েছে, সেগুলো কি

هُمْ يُنْشِرُوْنَ ﴿٢١﴾ لَوْ كَانَ فِيْهِمَآ اٰلِهَةٌ إِلَّا اللّٰهُ لَفَسَدَتَا ۚ فَسُبْحٰنَ اللّٰهِ رَبِّ

হুম্ ইউন্শিরূন। ২২। লাও কা-না ফীহিমা~আ-লিহাতুন ইল্লাল্লা-হু লাফাসাদাতা-। ফাসুব্হানাল্লা-হি রাব্বিল্

জীবন দান করতে পারে? (২২) যদি আকাশ ও যমীনে আল্লাহ ব্যতীত অন্য উপাস্য থাকতো, তবে এ দুটোই ধ্বংস হয়ে যেত। আরশের অধিপতি আল্লাহ, পবিত্র

الْعَرْشِ عَمَّا يَصِفُوْنَ ﴿٢٢﴾ لَا يُسْـَٔلُ عَمَّا يَفْعَلُ وَهُمْ يُسْـَٔلُوْنَ ﴿٢٣﴾ أَمِ اتَّخَذُوْا

'আরশি 'আম্মা- ইয়াস্বিফূন। ২৩। লা- ইউস্'আলু আম্মা ইয়াফ্'আলু ওয়াহুম ইউস্আলুন। ২৪। আমিত্ তাখাযূ

তার থেকে, যা মুশরিকরা বলে। (২৩) তিনি যা করেন সে বিষয় তাঁকে জিজ্ঞাসা করা হবে না, কিন্তু তাদেরকেই জিজ্ঞাসা করা হবে। (২৪) তারা কি আল্লাহ ব্যতীত

مِنْ دُوْنِهٖٓ اٰلِهَةً ۚ قُلْ هَاتُوْا بُرْهَانَكُمْ ۚ هٰذَا ذِكْرُ مَنْ مَّعِيَ وَذِكْرُ مَنْ قَبْلِيْ ۗ

মিন্ দূনিহী~আ-লিহা-হ; কুল্ হা-তূ বুর্হা-নাকুম হা-যা- যিক্রু মাম্মা'ইয়া ওয়া যিক্রু মান্ ক্বাব্লী;

অন্য মাবুদ গ্রহণ করেছে? (তাদেরকে) বলুন, তোমাদের প্রমাণ উপস্থিত কর। এটাই তাদের উপদেশ যারা আমার সাথে আছে এবং এটাই (তাদের) উপদেশ যারা আমার

بَلْ أَكْثَرُهُمْ لَا يَعْلَمُوْنَ ۙ الْحَقَّ فَهُمْ مُّعْرِضُوْنَ ﴿٢٤﴾ وَمَآ أَرْسَلْنَا مِنْ قَبْلِكَ

বাল্ আক্ছারুহুম লা- ইয়া'লামূনাল্ হাক্বা ফাহুম্মু'রিদ্বূন। ২৫। ওয়া মা~আরসালনা- মিন্ ক্বাব্লিকা

পূর্বে ছিল, তাদের মধ্যে অধিকাংশই প্রকৃত সত্য (বিষয়) জানত না, এ কারণে তারা মুখ ফিরিয়ে থাকে। (২৫) আপনার পূর্বে আমি যে রাসূল প্রেরণ করেছি

مِنْ رَّسُوْلٍ إِلَّا نُوْحِيْٓ إِلَيْهِ أَنَّهٗ لَآ إِلٰهَ إِلَّآ أَنَا فَاعْبُدُوْنِ ﴿٢٥﴾ وَقَالُوا

মির রাসূলিন্ ইল্লা- নূহী- ইলাইহি আন্নাহূ লা~ইলা-হা ইল্লা~আনা ফা'বুদূন। ২৬। ওয়া ক্বালূত্

তাঁর প্রতি এই ওহী পাঠিয়েছি যে, আমি ব্যতীত অন্য কোন মা'বুদ নেই। সুতরাং তোমরা আমার ইবাদাত কর। (২৬) (মুশরিকরা) বলে,

اتَّخَذَ الرَّحْمٰنُ وَلَدًا سُبْحٰنَهٗ ۚ بَلْ عِبَادٌ مُّكْرَمُوْنَ ﴿٢٦﴾ لَا يَسْبِقُوْنَهٗ بِالْقَوْلِ

তাখাযার্ রাহ্মা-নু ওয়ালাদান সুব্হা-নাহ; বাল্ 'ইবা-দুম মুক্রামূন। ২৭। লা-ইয়াস্বিক্বূনাহূ বিল্ কাওলি

আল্লাহ সন্তান গ্রহণ করেছেন, তিনি (আল্লাহ) এর থেকে পবিত্র। বরং তারা সবই তাঁর সম্মানিত বান্দা। (২৭) তারা কোন কথায় তাঁর

وَهُمْ بِأَمْرِهٖ يَعْمَلُوْنَ ﴿٢٧﴾ يَعْلَمُ مَا بَيْنَ أَيْدِيْهِمْ وَمَا خَلْفَهُمْ وَلَا يَشْفَعُوْنَ ۙ

ওয়াহুম বিআমরিহী ইয়া'মালূন। ২৮। ইয়া'লামু মা- বাইনা আইদীহিম ওয়া মা- খাল্ফাহুম ওয়া লা- ইয়াশ্ফা'ঊনা

আগে বাড়ে না বরং তার নির্দেশ অনুযায়ী কাজ করে। (২৮) তিনি (আল্লাহ) তাদের আগে-পিছে যা কিছু আছে সব বিষয় সম্পর্কে জানেন। যাদের প্রতি আল্লাহ সন্তুষ্ট,

إِلَّا لِمَنِ ارْتَضٰى وَهُمْ مِّنْ خَشْيَتِهٖ مُشْفِقُوْنَ ﴿٢٨﴾ وَمَنْ يَّقُلْ مِنْهُمْ إِنِّيْٓ

ইল্লা- লিমানির তাদ্বা- ওয়া হুম্মিন খাশ্ইয়াতিহী মুশ্ফিকূন্। ২৯। ওয়া মাই ইয়াকুল্ মিনহুম ইন্নী~

তারা শুধু তাদেরই জন্য সুপারিশ করবে এবং তারা তাঁর ভয়ে ভীত থাকে। (২৯) তাদের মধ্যে যদি কেউ বলে যে, আল্লাহ ব্যতীত

إِلٰهٌ مِّنْ دُوْنِهٖ فَذٰلِكَ نَجْزِيْهِ جَهَنَّمَ ۚ كَذٰلِكَ نَجْزِي الظّٰلِمِيْنَ ﴿٢٩﴾ أَوَلَمْ

ইলাহুম্ মিন দূনিহী ফাযা-লিকা নাজ্যীহি জাহান্নাম; কাযা-লিকা নাজ্যীয্ যা-লিমীন। ৩০। আওয়া লাম

আমিই ইবাদাতের যোগ্য। আমি তাকে প্রতিফল দিব জাহান্নাম। আমি এভাবেই পাপীদেরকে শাস্তি দিয়ে থাকি, (৩০) কাফিররা

يَرَ الَّذِيْنَ كَفَرُوْٓا أَنَّ السَّمٰوٰتِ وَالْأَرْضَ كَانَتَا رَتْقًا فَفَتَقْنٰهُمَا ۚ وَجَعَلْنَا

ইয়ারাল্ লাযীনা কাফারূ~আন্নাস্ সামা-ওয়া-তি ওয়াল্ আরদ্বা কা-নাতা- রাতক্বান্ ফাফাতাক্ব না-হুমা-; ওয়াজা'আল্না-

কি এটা দেখে না যে, আকাশ ও পৃথিবী পরস্পর মিলিত ছিল, অতঃপর আমি উভয়কে পৃথক করে দিলাম এবং আমি প্রত্যেক প্রাণী

مِنَ الْمَآءِ كُلَّ شَيْءٍ حَيٍّ ۚ أَفَلَا يُؤْمِنُوْنَ ﴿٣٠﴾ وَجَعَلْنَا فِي الْأَرْضِ رَوَاسِيَ

মিনাল্ মা— ই কুল্লা শাইয়িন হাইয়্য; আফালা- ইউ' মিনূন। ৩১। ওয়া জ্বা'আল্না- ফিল্ আরদ্বি রাওয়া-সিয়া

কে পানি দ্বারা সৃষ্টি করলাম। তার পরেও কি তারা ঈমান আনবে না? (৩১) আমি পৃথিবীতে অনড় পাহাড় বানিয়েছি, যাতে সে (পৃথিবী) সৃষ্টিকে

أَنْ تَمِيْدَ بِهِمْ ۖ وَجَعَلْنَا فِيْهَا فِجَاجًا سُبُلًا لَّعَلَّهُمْ يَهْتَدُوْنَ ﴿٣١﴾ وَجَعَلْنَا

আন তামীদা বিহিম; ওয়া জ্বা'আলনা- ফীহা- ফিজ্বা-জ্বান সুবুলাল্ লা'আল্লাহুম ইয়াহ্তাদূন। ৩২। ওয়া জ্বা'আল্নাস

হেলাতে না পারে, এবং আমি তার মধ্যে প্রশস্ত রাস্তা বানিয়েছি, যাতে তারা গন্তব্যস্থলে পৌছতে পারে। (৩২) এবং আমি

السَّمَآءَ سَقْفًا مَّحْفُوْظًا ۚ وَهُمْ عَنْ اٰيٰتِهَا مُعْرِضُوْنَ ﴿٣٢﴾ وَهُوَ الَّذِيْ خَلَقَ الَّيْلَ

সামা— আ সাক্বফাম্ মাহ্ফূজ্বাও ওয়াহুম 'আন আ-ইয়া-তিহা- মু'রিদ্বূন। ৩৩। ওয়া হুওয়াল্ লাযী খালাক্বাল লাইলা

আকাশকে নিরাপদ ছাদ রূপে বানিয়েছি, কিন্তু তারা আকাশের নিদর্শনসমূহের (ধ্যান) থেকে বিমুখ হয়ে চলছে। (৩৩) তিনিই এমন, যিনি রাত ও

✪ বিশ্লেষণ (আঃ ৩০) ঃ ...كانتا رتقا - رتق, অর্থ- বন্ধ। فتق অর্থ- খোলা, পৃথক করে দেয়া। অর্থাৎ আকাশ ও পৃথিবী সর্ব প্রথমে পরস্পরে মিলিত ছিল। আমি উভয়কে আলাদা করে দিলাম। আকাশকে উপরে নিয়ে গেলাম যার থেকে বৃষ্টি বর্ষিত হয় এবং পৃথিবীকে যথাস্থানে রেখে দিলাম। যাতে তাতে উদ্ভিদ উৎপন্ন হয়।

✪ টীকা (আঃ ৩০) ঃ যদিও তওহীদের প্রমাণ সম্বন্ধীয় উপরোক্ত আয়াতসমূহে মুশরিকদের পূজিত মূর্তিসমূহে যে সমস্ত গুণ নেই বলে উল্লেখ হয়েছে, তা মূর্তির মধ্যে আছে বলে মুশরিকরাও বিশ্বাস করে না, কিন্তু উদ্দেশ্য এই যে, উপাস্য হতে হলে এসমস্ত গুণ থাকতে হবে। মূর্তিগুলো যেহেতু এসমস্ত গুণের অধিকারী নয়, কাজেই উপাস্য হওয়ার যোগ্যও নয়। (বঃ কোঃ) ✪ বিশ্লেষণ (আঃ ৩১) ঃ يهتدون - অর্থাৎ এক দেশ থেকে অন্য দেশে যাবার পথ মিলে যায়। যাতায়াতের সুন্দর ব্যবস্থা হয়। আর এক অর্থ হতে পারে, এ কুদরতের মাধ্যমে আল্লাহর নিদর্শন দেখে মানুষ আল্লাহর পথ পেয়ে যেতে পারে। (তাঃ উসমানী)

وَالنَّهَارَ وَالشَّمْسَ وَالْقَمَرَ ۖ كُلٌّ فِي فَلَكٍ يَسْبَحُونَ ۝ وَمَا جَعَلْنَا لِبَشَرٍ مِنْ

ওয়ান্‌নাহা-রা ওয়াশ্‌ শাম্‌সা ওয়াল ক্বামার; কুল্লুন ফী ফালাকিঁই ইয়াস্‌বাহুন। ৩৪। ওয়া মা- জ্বা'আল্‌না- লিবাশারিম্‌মিন
দিন, সূর্য এবং চন্দ্রকে সৃষ্টি করেছেন এবং প্রত্যেকেই নিজ নিজ কক্ষ পথে সাঁতরিয়ে চলছে। (৩৪) আমি আপনার পূর্বে কোন মানুষকেও

قَبْلِكَ الْخُلْدَ ۖ أَفَإِنْ مِتَّ فَهُمُ الْخَالِدُونَ ۝ كُلُّ نَفْسٍ ذَائِقَةُ الْمَوْتِ ۗ

ক্বাবলিকাল্‌ খুলদ; আফাইম্‌মিত্তা ফাহুমুল খা-লিদূন। ৩৫। কুল্লু নাফ্‌সিন যা—ইক্বাতুল্‌ মাওত'
চিরজীবী করি নি। সুতরাং যদি আপনি মৃত্যুবরণ করেন, তবে কি তারা চিরদিন বেঁচে থাকবে? (৩৫) প্রত্যেক প্রাণীই মৃত্যুর স্বাদ গ্রহণ করবে। আমি তোমাদেরকে

وَنَبْلُوكُمْ بِالشَّرِّ وَالْخَيْرِ فِتْنَةً ۖ وَإِلَيْنَا تُرْجَعُونَ ۝ وَإِذَا رَآكَ

ওয়া নাবলুকুম বিশ্‌ শার্‌রি ওয়াল্‌ খাইরি ফিত্‌নাহ; ওয়া ইলাইনা- তুরজ্বা'উন। ৩৬। ওয়া ইযা- রাআ-কাল
পরীক্ষা করি আর তোমাদের প্রত্যেককে মঙ্গল ও অমঙ্গলের মধ্যে লিপ্ত করে এবং তোমরা সকলেই আমার কাছে ফিরে আসবে। (৩৬) যখন আপনাকে

الَّذِينَ كَفَرُوا إِنْ يَتَّخِذُونَكَ إِلَّا هُزُوًا ۖ أَهَٰذَا الَّذِي يَذْكُرُ آلِهَتَكُمْ

লাযীনা কাফারু~ইঁই ইয়াত্তাখিযূনাকা ইল্লা- হুযুওয়া-; আহা-যাল্‌লাযী ইয়াযকুরু আ-লিহাতাকুম;
কাফিরেরা, দেখে তখন আপনাকে শুধু ঠাট্টা-বিদ্রূপ করে, (আর বলে) এ কি সেই (ব্যক্তি), যে তোমাদের উপাস্যদের সমালোচনা করে?

وَهُمْ بِذِكْرِ الرَّحْمَٰنِ هُمْ كَافِرُونَ ۝ خُلِقَ الْإِنْسَانُ مِنْ عَجَلٍ ۚ سَأُرِيكُمْ

ওয়াহুম বিযিক্‌রির্‌ রাহ্‌মা-নি হুম কা-ফিরূন। ৩৭। খুলিক্বাল্‌ ইনসা-নু মিন্‌ আজ্বাল; সাউরীকুম
অথচ তারাই রহমানের স্মরণকে অস্বীকার করে। (৩৭) মানুষকে ব্যস্ততার চরিত্র দিয়েই সৃষ্টি করা হয়েছে। আমি তোমাদেরকে নিদর্শনাবলী

آيَاتِي فَلَا تَسْتَعْجِلُونِ ۝ وَيَقُولُونَ مَتَىٰ هَٰذَا الْوَعْدُ إِنْ كُنْتُمْ صَادِقِينَ

আ-ইয়া-তী ফালা- তাস্তা'জ্বিলূন। ৩৮। ওয়া ইয়াক্বূলূনা মাতা- হা-যাল্‌ ওয়া'দু ইন্‌ কুন্‌তুম স্বা-দিক্বীন।
অতি শীঘ্রই দেখাব, সুতরাং তোমরা দ্রুত করতে বল না। (৩৮) তারা বলে, যদি তোমরা সত্যবাদী হও তবে (বল) এ প্রতিশ্রুতি কবে (বাস্তবায়িত) হবে?

۝ لَوْ يَعْلَمُ الَّذِينَ كَفَرُوا حِينَ لَا يَكُفُّونَ عَنْ وُجُوهِهِمُ النَّارَ وَلَا عَنْ

৩৯। লাও ইয়া'লামুল্‌ লাযীনা কাফারূ হীনা লা- ইয়াকুফ্‌ফূনা 'আওঁ উজুহিহিমুন্না-রা ওয়ালা- 'আন
(৩৯) হায়! যদি কাফিরেরা জানত যে, সে সময় তারা আগুনকে তাদের সম্মুখ দিক হতেও নিবৃত্ত করতে পারবে না, এবং তাদের

ظُهُورِهِمْ وَلَا هُمْ يُنْصَرُونَ ۝ بَلْ تَأْتِيهِمْ بَغْتَةً فَتَبْهَتُهُمْ فَلَا يَسْتَطِيعُونَ

জুহূরিহিম ওয়ালা- হুম ইউন্‌স্বারূন। ৪০। বাল্‌ তা'তীহিম বাগ্‌তাতান্‌ ফাতাবহাতুহুম ফালা- ইয়াস্তাত্বী'উনা
পৃষ্ঠ দেশ হতেও না এবং তাদের সাহায্যও করা হবেনা। (৪০) বরং সে (সময়) টি তাদের কাছে অকস্মাৎ এসে যাবে, অতঃপর তাদেরকে হতভম্ব করে দিবে, তারা তা ফিরাবার

○ টীকা (আঃ ৩৬) ঃ অর্থাৎ তাদের অভিযোগ এই যে, আপনি তাদের দেবতাগণকে অবিশ্বাস করেন, অথচ তারা আল্লাহর সাথে কুফরী করে। তাদের নিজ অবস্থার প্রতি উপহাস করা উচিত। (বঃ কোঃ)

○ টীকা (আঃ ৩৭) ঃ আর কাফিররা শাস্তির কথা শ্রবণ করে অবিশ্বাস হেতু এর জন্য তাগাদা করে। এই তাগাদা মানুষের স্বভাবসুলভ বিশেষত্ব এবং এরা এমন ভাবে তাদের স্বভাবজাত হয়েছে যেন মানুষ জলদি স্বভাব দিয়েই সৃষ্ট হয়েছে। (বঃ কোঃ) অর্থাৎ, সে শাস্তি সম্বন্ধে এরা অজ্ঞ বলেই এরূপ নির্বিকার মনের কথা বলেছে। (বঃ কোঃ)।

رَدَّهَا وَلَا هُمْ يُنْظَرُونَ ۝ وَلَقَدِ اسْتُهْزِئَ بِرُسُلٍ مِنْ قَبْلِكَ فَحَاقَ

রাদ্দাহা- ওয়ালা- হুম ইউনযারূন। ৪১। ওয়ালাক্বাদিস্‌ তুহ্‌যিয়া বিরুসুলিম্‌মিন ক্বাব্‌লিকা ফাহ্বা-ক্বা
শক্তি ও রাখবে না এবং তাদেরকে কোন অবকাশও দেয়া হবে না। (৪১) আপনার পূর্বেও রাসূলগণের সাথে ঠাট্টা-বিদ্রূপ করা হয়েছিল,

بِالَّذِينَ سَخِرُوا مِنْهُمْ مَا كَانُوا بِهِ يَسْتَهْزِئُونَ ۝ قُلْ مَنْ يَكْلَؤُكُمْ

বিল্‌লাযীনা সাখিরূ মিন্‌হুম্‌মা- কা-নূ বিহী ইয়াস্তাহ্‌যিউন। ৪২। কুল্‌ মাই ইয়াক্‌লাউকুম
অতঃপর ঠাট্টা-বিদ্রূপকারীদেরকে সে বস্তুই ঘিরে নিয়েছিল যা নিয়ে তারা ঠাট্টা-বিদ্রূপ করেছিল। (৪২) বলুন, রহমান হতে,

بِاللَّيْلِ وَالنَّهَارِ مِنَ الرَّحْمَٰنِ ۗ بَلْ هُمْ عَنْ ذِكْرِ رَبِّهِمْ مُعْرِضُونَ ۝ أَمْ لَهُمْ

বিল্‌লাইলি ওয়ান্‌নাহা-রি মিনার্‌ রাহ্‌মা-ন; বাল্‌ হুম 'আন্‌ যিক্‌রি রাব্‌বিহিম্‌মু'রিদূন। ৪৩। আম লাহুম
দিন ও রাতে তোমাদেরকে কে রক্ষা করতে পারবে? তবুও তারা তাদের প্রতিপালকের স্মরণ থেকে বিমুখ থাকে। (৪৩) তবে কি আমি ছাড়া তাদের অন্য কোন

آلِهَةٌ تَمْنَعُهُمْ مِنْ دُونِنَا ۚ لَا يَسْتَطِيعُونَ نَصْرَ أَنْفُسِهِمْ وَلَا هُمْ مِنَّا يُصْحَبُونَ

আ-লিহাতুন তাম্‌না'উ হুম্‌মিন দূনিনা-; লা- ইয়াস্তাত্বী'উনা নাস্ব্‌রা আনফুসিহিম ওয়া লা- হুম্‌মিন্না- ইউস্বহাবূন।
উপাস্য আছে, যারা তাদের (বিপদ থেকে) রক্ষা করবে? বরং তারা তো তাদের নিজেদেরই সাহায্য করার ক্ষমতা রাখে না এবং আমার মোকাবিলায় তারা কারো সাহায্য পাবে না।

পাকড়াও করেছিলাম। তখন আমাকে অস্বীকার করার শাস্তি কেমন ছিল। (৪৫) বহু জনপদ আমি ধ্বংস করে দিয়েছি, কারণ সেখানের অধিবাসীরা ছিল জালিম। অতঃপর

فَهِيَ خَاوِيَةٌ عَلٰى عُرُوْشِهَا وَبِئْرٍ مُّعَطَّلَةٍ وَّقَصْرٍ مَّشِيْدٍ ﴿٤٥﴾ أَفَلَمْ يَسِيْرُوْا فِي

ফাহিয়া খা-ওয়াবীয়াতুন 'আলা- 'উরূশিহা- ওয়া বি'রিম্‌মু'আত্ত্বালাতিওঁ ওয়া ক্বাস্বরিম মাশীদ। ৪৬। আফালাম্ ইয়াসীরূ ফিল্

সেটা নিজ ছাদের উপর পতিত হয়েছিল এবং অনেক কূপ ব্যবহারের অযোগ্য হয়েছিল, এবং অনেক পাকা সুউচ্চ প্রাসাদও (বেকার পড়ে রয়েছিল)। (৪৬) তারা কি পৃথিবীতে

الْأَرْضِ فَتَكُوْنَ لَهُمْ قُلُوْبٌ يَّعْقِلُوْنَ بِهَآ أَوْ اٰذَانٌ يَّسْمَعُوْنَ بِهَا ۚ فَإِنَّهَا

আরদ্বি ফাতাকূনা লাহুম কুলূবুইঁ ইয়া'ক্বিলূনা বিহা~আও আ-যানুইঁ ইয়াস্ মা'উনা বিহা, ফাইন্নাহা-

ভ্রমণ করেনি? তবে তাদের অন্তর এমন হতো, যার দ্বারা তারা বুঝতে পারত, অথবা তাদের শ্রবণ শক্তি এমন হত, যার দ্বারা তারা শোনতে পারত। মূলতঃ

لَا تَعْمَى الْأَبْصَارُ وَلٰكِنْ تَعْمَى الْقُلُوْبُ الَّتِيْ فِي الصُّدُوْرِ ﴿٤٦﴾ وَيَسْتَعْجِلُوْنَكَ

লা-তা'মাল্ আবস্বা-রু ওয়া লা-কিন্ তা'মাল্ কুলূবুল্‌লাতী ফিস্বস্বুদূর। ৪৭। ওয়া ইয়াস্তা'জ্বিলূনাকা

চক্ষুতো অন্ধ থাকে না; বরং অন্ধ থাকে অন্তর যা বক্ষের মধ্যে (অবস্থিত) (৪৭) এবং তারা আপনার কাছে দ্রুত আযাব কামনা করে।

بِالْعَذَابِ وَلَنْ يُّخْلِفَ اللّٰهُ وَعْدَهٗ ۗ وَإِنَّ يَوْمًا عِنْدَ رَبِّكَ كَأَلْفِ سَنَةٍ مِّمَّا

বিল 'আযা-বি ওয়া লাইঁ ইউখ্‌লিফাল্লা-হু ওয়া'দাহ; ওয়া ইন্না ইয়াওমান ইন্দা রাব্‌বিকা কাআল্‌ফি সানাতিম্ মিম্মা

অথচ আল্লাহ কখনও তাঁর ওয়াদা ভংগ করেন না। তোমার প্রতিপালকের নিকট একদিন, তোমাদের গণনার হিসাবে এক হাজার

تَعُدُّوْنَ ﴿٤٨﴾ وَكَاَيِّنْ مِّنْ قَرْيَةٍ اَمْلَيْتُ لَهَا وَهِيَ ظَالِمَةٌ ثُمَّ اَخَذْتُهَا ۚ وَاِلَيَّ

তা'উদ্দূন। ৪৮। ওয়া কাআইয়্যিম মিন্ ক্বারইয়াতিন্ আমলাইতু লাহা- ওয়া হিয়া য্বা-লিমাতুন ছুম্মা আখাযতুহা- ওয়া ইলাইয়্যাল
বছর। (৪৮) অনেক জনপদবাসী এমনও আছে যাদেরকে আমি অবকাশ দিয়েছি এবং তারা ছিল অত্যাচারী। অবশেষে তাদেরকে আমি পাকড়াও করেছি এবং আমার কাছেই হবে

الْمَصِيْرُ ﴿٤٩﴾ قُلْ يٰٓاَيُّهَا النَّاسُ اِنَّمَآ اَنَا لَكُمْ نَذِيْرٌ مُّبِيْنٌ ﴿٥٠﴾ فَالَّذِيْنَ اٰمَنُوْا

মাস্বীর। ৪৯। কুল্ ইয়া~আইয়্যুহান্না-সু ইন্নামা~আনা লাকুম নাযীরুম মুবীন। ৫০। ফাল্লাযীনা আ-মানূ
(সবার) প্রত্যাবর্তন। (৪৯) বলুন, হে মানব সকল! আমি তোমাদের জন্য প্রকাশ্য ভীতি প্রদর্শনকারী। (৫০) সুতরাং যারা ঈমান আনে

৬ ع ১৩ রুকূ

وَعَمِلُوا الصّٰلِحٰتِ لَهُمْ مَّغْفِرَةٌ وَّرِزْقٌ كَرِيْمٌ ﴿٥١﴾ وَالَّذِيْنَ سَعَوْا فِيْٓ اٰيٰتِنَا

ওয়া 'আমিলুস্ব স্বা-লিহ্বা-তি লাহুম মাগ্ফিরাতুঁও ওয়া রিয্ক্বুন্ কারীম। ৫১। ওয়াল্লাযীনা সা'আও ফী~আ-ইয়া-তিনা-
ও সৎ কাজ করে তাদের জন্য রয়েছে ক্ষমা ও সম্মানজনক জীবিকা। (৫১) আর যারা আমার আয়াতকে

مُعٰجِزِيْنَ اُولٰٓئِكَ اَصْحٰبُ الْجَحِيْمِ ﴿٥٢﴾ وَمَآ اَرْسَلْنَا مِنْ قَبْلِكَ مِنْ رَّسُوْلٍ

মু'আ- জ্বিযীনা উলা—ইকা আস্বহ্বাবুল্ জ্বাহ্বীম। ৫২। ওয়া মা~আর্সাল্না- মিন্ ক্বাব্লিকা মির্রাসূলিওঁ
পরাভূত করার চেষ্টা করে, তারাই জাহান্নামের অধিবাসী। (৫২) আমি আপনার পূর্বে যে সমস্ত রাসূল

وَّلَا نَبِيٍّ اِلَّآ اِذَا تَمَنّٰٓى اَلْقَى الشَّيْطٰنُ فِيْٓ اُمْنِيَّتِهٖ ۚ فَيَنْسَخُ اللّٰهُ مَا يُلْقِي

ওয়া লা- নাবিয়্যিন ইল্লা~ইযা-তামান্না~আলক্বাশ্ শাইত্বা-নু ফী~উমনিয়্যাতিহ, ফাইয়ান্সাখুল্লা-হু মা- ইউল্ক্বিশ্
নবী প্রেরণ করেছি, যখনই তাদের কেউ (ওহীপ্রাপ্ত বাণী) আবৃত্তি করেছে, শয়তান তাঁর আবৃত্তির সাথে কিছু মিলিয়ে দিয়েছে। কিন্তু শয়তানের মিলানোটুকু

الشَّيْطٰنُ ثُمَّ يُحْكِمُ اللّٰهُ اٰيٰتِهٖ ۗ وَاللّٰهُ عَلِيْمٌ حَكِيْمٌ ﴿٥٣﴾ لِّيَجْعَلَ مَا يُلْقِي

শাইত্বা-নু ছুম্মা ইউহ্বকিমুল্লা-হু আ-য়া-তিহ; ওয়াল্লা-হু 'আলিমুন হ্বাকীম ৫৩। লিইয়াজ্ব'আলা মা- ইউল্ক্বিশ্
আল্লাহ বিদূরীত করেন। অতঃপর আল্লাহ তাঁর আয়াতসমূহকে সুদৃঢ় করে দেন এবং আল্লাহ মহাজ্ঞানী ও প্রজ্ঞাময়। (৫৩) এটা এজন্য যে, শয়তানের মিলানো বিষয়কে

الشَّيْطٰنُ فِتْنَةً لِّلَّذِيْنَ فِيْ قُلُوْبِهِمْ مَّرَضٌ وَّالْقَاسِيَةِ قُلُوْبُهُمْ ۗ وَاِنَّ

শাইত্বা-নু ফিত্নাতাল লিল্লাযীনা ফীকুলূবিহিম্ মারাদ্বুঁও ওয়াল্ ক্বা-সিয়াতি কুলূবুহুম; ওয়া ইন্নায্
আল্লাহ তাদের জন্য পরীক্ষা স্বরূপ করেছিলেন, যাদের অন্তরে ব্যাধি রয়েছে এবং যাদের অন্তর কঠিন। নিশ্চয় অন্যায়কারীরা

الظّٰلِمِيْنَ لَفِيْ شِقَاقٍۭ بَعِيْدٍ ﴿٥٤﴾ وَّلِيَعْلَمَ الَّذِيْنَ اُوْتُوا الْعِلْمَ اَنَّهُ الْحَقُّ مِنْ

য্বা-লিমীনা লাফী শিক্বা-ক্বিম্ বা'ঈদ। ৫৪। ওয়া লিইয়া'লামাল্ লাযীনা উতুল্ 'ইল্মা আন্নাহুল্ হ্বাক্কু মির্
তীব্র মতানৈক্যের মধ্যে রয়েছে। (৫৪) আর এ জন্যও যে, যাদেরকে জ্ঞান দান করা হয়েছে, তারা যেন জানতে পারে যে, এটা আপনার প্রতিপালকের পক্ষ থেকে প্রেরিত সত্য।

○ বিশ্লেষণ (আঃ ৪৯) ঃ نذير - কাফির ও মুশরিকদের দ্রুত শাস্তি কামনার প্রেক্ষিতে বলা হয়েছে যে, আমার কাজ শুধু ভয় প্রদর্শন করা বা ভয়ের কথা শোনান। কিন্তু শাস্তি প্রেরণ করা একমাত্র আল্লাহর কাজ। তা দ্রুত আসবে না দেরীতে আসবে এসব কিছুর জ্ঞান একমাত্র আল্লাহরই আছে। (কুঃ কারীম)

○ টীকা (আঃ ৫২) ঃ যখনই কোন নবী বা রাসূল কোন কথা বলেন বা আয়াত পড়ে শুনান, তখনই শয়তান ঐ কথায় বা আয়াতে নানা প্রকারের সন্দেহ উদ্ভব করে, যেমন মৃত ভক্ষণ হারাম" নাযিল হলে শয়তানের ওয়াস্ওয়াসায় কাফেররা বলে ছিল, বেশ তো, নিজেরা মেরে খাওয়া যায়, আর আল্লাহ মারলে তা হারাম হল ইত্যাদি। এরকম সন্দেহ ভঞ্জনে আল্লাহ্ যথযুক্ত আয়াত নাযিল করে থাকেন যাতে উক্ত সন্দেহ সৃষ্টি না হয়। (তাঃ উসমানী)

رَبِّكَ فَيُؤْمِنُوْا بِهٖ فَتُخْبِتَ لَهٗ قُلُوْبُهُمْ ۗ وَاِنَّ اللّٰهَ لَهَادِ الَّذِيْنَ اٰمَنُوْٓا

রাব্বিকা ফাইউ'মিনূ বিহী ফাতুখবিতা লাহূ কুলূবহুম; ওয়া ইন্নাল্ লা-হা লাহা-দিল্লাযীনা আ-মানূ~
অতঃপর তারা যেন তাতে ঈমান আনে এবং তাদের অন্তর যেন তার প্রতি ঝুঁকে যায়। নিশ্চয় আল্লাহ মুমিনগণকে.

اِلٰى صِرَاطٍ مُّسْتَقِيْمٍ ﴿٥٥﴾ وَلَا يَزَالُ الَّذِيْنَ كَفَرُوْا فِيْ مِرْيَةٍ مِّنْهُ حَتّٰى

ইলা- স্বিরা-ত্বিম্মুস্তাক্বীম। ৫৫। ওয়া লা- ইয়াযা-লু ল্লাযীনা কাফারূ ফী মির্ইয়াতিম্মিন্হু হ্বাত্তা-
সরল (সত্য) পথে পরিচালনা করেন। (৫৫) কাফিররা সর্বদাই এর মধ্যে সন্দেহ করবে থাকবে যতক্ষণ না

تَاْتِيَهُمُ السَّاعَةُ بَغْتَةً اَوْ يَاْتِيَهُمْ عَذَابُ يَوْمٍ عَقِيْمٍ ﴿٥٦﴾ اَلْمُلْكُ يَوْمَئِذٍ لِّلّٰهِ ۗ

তা'তিয়াহুমুস্ সা-'আতু বাগ্তাতান্ আও ইয়া'তিয়াহুম 'আযা-বু ইয়াওমিন 'আক্বীম। ৫৬। আল্ মুল্কু ইয়াওমাইযিল লিল্লা-হ;
তাদের উপর হঠাৎ কিয়ামত এসে পড়বে। অথবা, তাদের কাছে এসে যাবে অশুভ দিনের আযাব। (৫৬) সে দিন কর্তৃত্ব হবে একমাত্র আল্লাহরই।

يَحْكُمُ بَيْنَهُمْ ۗ فَالَّذِيْنَ اٰمَنُوْا وَعَمِلُوا الصّٰلِحٰتِ فِيْ جَنّٰتِ النَّعِيْمِ ○

ইয়াহ্বকুমু বাইনাহুম; ফাল্লাযীনা আ-মানূ ওয়া 'আমিলুস্ব স্বা-লিহ্বা-তি ফী জ্বান্না-তিন্ না'ঈম।
তিনিই তাদের মধ্যে ফয়সালা করবেন। সুতরাং যারা ঈমান এনেছে ও সৎকাজ করেছে, তারা নেয়ামতে পরিপূর্ণ জান্নাতে অবস্থান করবে।

﴿٥٧﴾ وَالَّذِيْنَ كَفَرُوْا وَكَذَّبُوْا بِاٰيٰتِنَا فَاُولٰٓئِكَ لَهُمْ عَذَابٌ مُّهِيْنٌ ﴿٥٨﴾ وَالَّذِيْنَ

৫৭। ওয়াল্লাযীনা কাফারূ ওয়া কায্যাবূ বিআ-ইয়া-তিনা- ফাউলা— ইকা লাহুম 'আযা-বুম মুহীন। ৫৮। ওয়াল্লাযীনা
(৫৭) আর যারা কুফরী করেছে এবং আমার আয়াতসমূহ অস্বীকার করেছে, তাদের জন্য রয়েছে অসম্মানজনক শাস্তি। (৫৮) যারা আল্লাহর

৭ ع ১৪ রুকূ

هَاجَرُوْا فِيْ سَبِيْلِ اللّٰهِ ثُمَّ قُتِلُوْٓا اَوْ مَاتُوْا لَيَرْزُقَنَّهُمُ اللّٰهُ رِزْقًا حَسَنًا ۗ وَاِنَّ اللّٰهَ

হা-জ্বারূ ফী সাবীলিল্লা-হি ছুম্মা- কুতিলূ- আও মা-তূ লাইয়ারযুক্বান্নাহুমুল্লা-হু রিয্ক্বান হ্বাসানা-; ওয়া ইন্নাল্
পথে দেশ ত্যাগ করেছে অতঃপর নিহত হয়েছে, অথবা মৃত্যুবরণ করেছে, আল্লাহ তাদেরকে উত্তম রিযিক (খাদ্য) দান করবেন। আল্লাহই সর্বোত্তম

لَهُوَ خَيْرُ الرّٰزِقِيْنَ ﴿٥٩﴾ لَيُدْخِلَنَّهُمْ مُّدْخَلًا يَّرْضَوْنَهٗ ۗ وَاِنَّ اللّٰهَ لَعَلِيْمٌ حَلِيْمٌ ○

লা-হ্য লাহুওয়া খাইরুর্ রা-যিক্বীন। ৫৯। লাইউদ্খিলান্নাহুম্মুদ্খালাই ইয়ার্দ্বাওনাহ; ওয়া ইন্নাল্লা-হা লা'আলীমুন্হ্বালীম।
রিযিক (খাদ্য) দাতা। (৫৯) আল্লাহ তাঁদেরকে এমন স্থানে প্রবেশ করাবেন যা তাঁরা পছন্দ করবেন। নিশ্চয় আল্লাহ সর্বজ্ঞাত, সহিষ্ণু।

﴿٦٠﴾ ذٰلِكَ ۚ وَمَنْ عَاقَبَ بِمِثْلِ مَا عُوْقِبَ بِهٖ ثُمَّ بُغِيَ عَلَيْهِ لَيَنْصُرَنَّهُ اللّٰهُ ۗ

৬০। যা-লিকা, ওয়া মান 'আ-ক্বাবা বিমিছ্লি মা- 'উক্বিবা বিহী ছুম্মা বুগিয়া 'আলাইহি লাইয়ান্সুরান্নাহু ল্ল-হ;
(৬০) এটাতো গেল; আর যে ব্যক্তি প্রতিশোধ নিয়েছে এতটুকু পরিমাণ যতটুকু তার সাথে করেছে, অতঃপর যদি তার উপর বাড়াবাড়ি করে, তবে আল্লাহ তাকে সাহায্য করবেন।

اِنَّ اللّٰهَ لَعَفُوٌّ غَفُوْرٌ ﴿٦١﴾ ذٰلِكَ بِاَنَّ اللّٰهَ يُوْلِجُ الَّيْلَ فِي النَّهَارِ وَيُوْلِجُ النَّهَارَ

ইন্নাল্লা-হা লা 'আফুওউন গাফূর। ৬১। যা-লিকা বিআন্নাল্লা-হা ইউলিজ্বুল লাইলা ফিন নাহা-রি ওয়া ইউলিজ্বুন না-হা-রা
নিশ্চয় আল্লাহ মার্জনাকারী, ক্ষমাশীল। (৬১) এটা এজন্য যে, আল্লাহ রাতকে দিনের মধ্যে প্রবেশ করান এবং দিনকে

فِي الَّيْلِ وَاَنَّ اللّٰهَ سَمِيْعٌ بَصِيْرٌ ﴿٦١﴾ ذٰلِكَ بِاَنَّ اللّٰهَ هُوَ الْحَقُّ وَاَنَّ مَا يَدْعُوْنَ

ফিল্লাইলি ওয়া আন্নাল্লা-হা সামী'উম বাস্বীর। ৬২। যা-লিকা বিআন্নাল্লা-হা হুওয়াল্ হাক্কু ওয়া আন্না মা- ইয়াদ্'উনা
রাতের মধ্যে প্রবেশ করান। নিশ্চয় আল্লাহ খুব শ্রবণকারী, দৃষ্টিসম্পন্ন। (৬২) এজন্যও যে, আল্লাহই সত্য এবং তাঁকে ব্যতীত

مِنْ دُوْنِهٖ هُوَ الْبَاطِلُ وَاَنَّ اللّٰهَ هُوَ الْعَلِيُّ الْكَبِيْرُ ﴿٦٢﴾ اَلَمْ تَرَ اَنَّ اللّٰهَ

মিন্ দূনিহী হুওয়াল্ বা-ত্বিলু ওয়া আন্নাল্লা-হা হুওয়াল্ 'আলিয়্যুল্ কাবীর। ৬৩। আলাম তারা আন্নাল্লা-হা
তারা যাকেই ডাকে তা সব বাতিল (মিথ্যা)। নিশ্চয় আল্লাহই সবচেয়ে বড়, সুমহান। (৬৩) আপনি কি দেখেননি যে, আল্লাহ

اَنْزَلَ مِنَ السَّمَآءِ مَآءً فَتُصْبِحُ الْاَرْضُ مُخْضَرَّةً ۭ اِنَّ اللّٰهَ لَطِيْفٌ خَبِيْرٌ ۚ

আন্‌যালা মিনাস্ সামা—ই মা—আন; ফাতুস্ববিহুল্ আরদ্বু মুখ্‌দ্বার্‌রাহ; ইন্নাল্লা-হা লাত্বীফুন খাবীর।
আকাশ থেকে পানি (বৃষ্টি) বর্ষণ করেন, অতঃপর যমীন সবুজ হয়ে উঠে। নিশ্চয়, আল্লাহ অতি দয়ালু, সর্বজ্ঞ।

﴿٦٣﴾ لَهٗ مَا فِي السَّمٰوٰتِ وَمَا فِي الْاَرْضِ ۭ وَاِنَّ اللّٰهَ لَهُوَ الْغَنِيُّ الْحَمِيْدُ ۚ

ع ৮ ১৫ রুকূ

৬৪। লাহূ মা- ফিস্ সামা-ওয়া-তি ওয়া মা- ফিল্ আরদ্ব; ওয়া ইন্নাল্লা-হা লাহুওয়াল্ গানিয়্যুল হামীদ।
(৬৪) আকাশ ও ভূমণ্ডলে যা কিছু আছে সব তাঁরই এবং নিশ্চয় আল্লাহ, এমনই মহান সত্তা, যিনি অমুখাপেক্ষী, প্রশংসিত।

﴿٦٤﴾ اَلَمْ تَرَ اَنَّ اللّٰهَ سَخَّرَ لَكُمْ مَّا فِي الْاَرْضِ وَالْفُلْكَ تَجْرِيْ فِي الْبَحْرِ

৬৫। আলাম্ তারা আন্নাল্লা-হা সাখ্‌খারা লাকুম্‌মা ফিল্ আরদ্বি ওয়াল্ ফুল্‌কা তাজ্‌রী ফিল্ বাহ্‌রি
(৬৫) হে মানুষ! তুমি কি দেখনা যে, আল্লাহ পৃথিবীর সবকিছু তোমাদের জন্য অনুগত করে দিয়েছেন এবং সমুদ্রে প্রবাহিত জলযানসমূহও তাঁর নির্দেশেই

بِاَمْرِهٖ ۭ وَيُمْسِكُ السَّمَآءَ اَنْ تَقَعَ عَلَى الْاَرْضِ اِلَّا بِاِذْنِهٖ ۭ اِنَّ اللّٰهَ بِالنَّاسِ

বিআমরিহ; ওয়া ইউমসিকুস্ সামা—আ আন্ তাক্বা'আ 'আলাল্ আরদ্বি ইল্লা- বিইয্‌নিহ, ইন্নাল্লা-হা বিন্না-সি
প্রবাহিত হচ্ছে। তিনিই আকাশকে স্থির রেখেছেন, যাতে তাঁর অনুমতি ব্যতীত পৃথিবীতে (তা) পতিত না হয়। নিশ্চয় আল্লাহ মানুষের উপর

لَرَءُوْفٌ رَّحِيْمٌ ﴿٦٥﴾ وَهُوَ الَّذِيْٓ اَحْيَاكُمْ ۡ ثُمَّ يُمِيْتُكُمْ ثُمَّ يُحْيِيْكُمْ ۭ اِنَّ الْاِنْسَانَ

লারাউফুর রাহীম। ৬৬। ওয়া হুওয়াল্লাযী ~আহ্‌ইয়া-কুম ছুম্মা ইউমীতুকুম্ ছুম্মা ইউহ্ঈকুম্; ইন্নাল্ ইনসা-না
মেহেরবান, অতি দয়ালু। (৬৬) তিনিই আল্লাহ তোমাদেরকে জীবন দিয়েছেন। অতঃপর তোমাদের মৃত্যু ঘটাবেন। অতঃপর (পুনরায়) তোমাদের জীবিত করবেন; নিশ্চয়

لَكَفُوْرٌ ﴿٦٦﴾ لِكُلِّ اُمَّةٍ جَعَلْنَا مَنْسَكًا هُمْ نَاسِكُوْهُ فَلَا يُنَازِعُنَّكَ

লাকাফূর। ৬৭। লিকুল্লি উম্মাতিন জ্বা'আল্‌না- মান্‌সাকান্ হুম না-সিকূহু ফালা- ইউনা-যি'উ ন্নাকা
মানুষ অকৃতজ্ঞ। (৬৭) প্রত্যেক উম্মতের জন্য আমি ইবাদাতের একটি নিয়ম নির্ধারিত করে দিয়েছি। তারা সেভাবেই (নিয়ম পালন) করে। সুতরাং তারা যেন সে ব্যাপারে

فِي الْاَمْرِ وَادْعُ اِلٰى رَبِّكَ ۭ اِنَّكَ لَعَلٰى هُدًى مُّسْتَقِيْمٍ ﴿٦٧﴾ وَاِنْ جٰدَلُوْكَ

ফিল্ আম্‌রি ওয়াদ্'উ ইলা- রাব্বিক; ইন্নাকা লা'আলা- হুদাম মুস্তাক্বীম। ৬৮। ওয়া ইন্ জ্বা-দালূকা
আপনার সাথে এ নিয়ে বিতর্ক না করে। আপনি আপনার প্রতিপালকের দিকে (মানুষদেরকে) ডাকুন। আপনি সঠিক হেদায়াতের উপরই আছেন। (৬৮) এরপরও যদি তারা

فَقُلِ اللّٰهُ اَعْلَمُ بِمَا تَعْمَلُوْنَ ﴿٦٨﴾ اَللّٰهُ يَحْكُمُ بَيْنَكُمْ يَوْمَ الْقِيٰمَةِ فِيْمَا كُنْتُمْ

ফাকুলিল্লা-হু আ'লামু বিমা- তা'মালূন। ৬৯। আল্লা-হু ইয়াহ্‌কুমু বাইনাকুম্ ইয়াওমাল্ ক্বিয়া-মাতি ফীমা- কুন্‌তুম্
আপনার সাথে তর্ক করে তবে আপনি বলে দিন যে, তোমাদের কর্মসমূহ আল্লাহ ভালভাবেই জানেন। (৬৯) আল্লাহ কিয়ামতের দিন তোমাদের মাঝে ফয়সালা করবেন,

فِيْهِ تَخْتَلِفُوْنَ ﴿٦٩﴾ اَلَمْ تَعْلَمْ اَنَّ اللّٰهَ يَعْلَمُ مَا فِي السَّمَآءِ وَالْاَرْضِ ۭ اِنَّ ذٰلِكَ

ফীহি তাখ্‌তালিফূন। ৭০। আলাম্ তা'লাম্ আন্নাল্লা-হা ইয়া'লামু মা- ফিস্ সামা—ই ওয়াল্ আরদ্ব; ইন্না যা-লিকা
যে ব্যাপারে তোমরা পরস্পরে মতভেদ করছ। (৭০) হে মানুষ! তুমি কি জান না যে, আকাশ ও পৃথিবীর সব কিছুই আল্লাহ জানেন? এসব কিছুই

فِيْ كِتٰبٍ ۭ اِنَّ ذٰلِكَ عَلَى اللّٰهِ يَسِيْرٌ ﴿٧٠﴾ وَيَعْبُدُوْنَ مِنْ دُوْنِ اللّٰهِ مَا لَمْ

ফী কিতা-ব, ইন্না যা-লিকা 'আলাল্লা-হি ইয়াসীর। ৭১। ওয়া ইয়া'বুদূনা মিন্ দূনিল্লা-হি মা- লাম্
কিতাবে লিখিত (রক্ষিত) আছে। আল্লাহর নিকট এ কাজ অতি সহজ। (৭১) তারা আল্লাহ ব্যতীত এমন কিছুর ইবাদাত করে, যার ব্যাপারে আল্লাহ

يُنَزِّلْ بِهٖ سُلْطٰنًا وَّمَا لَيْسَ لَهُمْ بِهٖ عِلْمٌ ۭ وَمَا لِلظّٰلِمِيْنَ مِنْ نَّصِيْرٍ ﴿٧١﴾ وَاِذَا

ইয়ুনায্‌যিল্ বিহী সুলত্বা-নাওঁ ওয়া মা- লাইসা লাহুম বিহী 'ইল্‌ম; ওয়া মা- লিয্‌যা-লিমীনা মিন্‌নাস্বীর। ৭২। ওয়া ইযা-
কোন (প্রকার) সনদ অবতীর্ণ করেন নি এবং না তারা সে ব্যাপারে কোন জ্ঞান রাখে। বস্তুতঃ অন্যায়কারীদের কোনই সাহায্যকারী নেই। (৭২) যখন

تُتْلٰى عَلَيْهِمْ اٰيٰتُنَا بَيِّنٰتٍ تَعْرِفُ فِيْ وُجُوْهِ الَّذِيْنَ كَفَرُوا الْمُنْكَرَ ۭ

তুত্‌লা- 'আলাইহিম্ আ-ইয়া-তুনা- বাইয়্যিনা-তিন্ তা'রিফু ফী উজূহিল্‌লাযীনা কাফারুল্ মুন্‌কার;
তাদের সামনে আমার সুস্পষ্ট আয়াতসমূহ পাঠ করা হয়, তখন আপনি কাফিরদের চেহারায় অসন্তুষ্টির চিহ্ন দেখতে পাবেন।

يَكَادُوْنَ يَسْطُوْنَ بِالَّذِيْنَ يَتْلُوْنَ عَلَيْهِمْ اٰيٰتِنَا ۭ قُلْ اَفَاُنَبِّئُكُمْ بِشَرٍّ مِّنْ

ইয়া কা-দূনা ইয়াস্‌ত্বূনা বিল্লাযীনা ইয়াত্‌লূনা 'আলাইহিম আ-ইয়া-তিনা; কুল্ আফা উনাব্বিউকুম বিশার্‌রিম্‌মিন্
তখন তারা আমার আয়াতসমূহ পাঠকারীদের উপর হামলা করতে উদ্যত হয়। আপনি বলুন, আমি কি তোমাদেরকে এর চেয়েও মন্দ কোন বিষয়ের

ذٰلِكُمْ ۭ اَلنَّارُ ۭ وَعَدَهَا اللّٰهُ الَّذِيْنَ كَفَرُوْا ۭ وَبِئْسَ الْمَصِيْرُ ﴿٧٢﴾ يٰٓاَيُّهَا

ع ৯ ১৬ রুকূ

যা-লিকুম্; আন্না-রু; ওয়া'আদাহাল্লা-হুল্লাযীনা কাফারূ; ওয়া বি'সাল্ মাস্বীর। ৭৩। ইয়া~আইয়্যুহান
সংবাদ দিব? সেটা হচ্ছে সে আগুন, যার প্রতিশ্রুতি আল্লাহ কাফিরদের সাথে করেছেন এবং তা খুবই নিকৃষ্ট গন্তব্যস্থল। (৭৩) হে

النَّاسُ ضُرِبَ مَثَلٌ فَاسْتَمِعُوْا لَهٗ ۭ اِنَّ الَّذِيْنَ تَدْعُوْنَ مِنْ دُوْنِ اللّٰهِ

নাসু দ্বুরিবা মাছালূন্ ফাস্তামি'উ লাহ; ইন্নাল্লাযীনা তাদ্'উনা মিন্ দূনিল্লা-হি
মানুষ! একটি দৃষ্টান্ত বর্ণনা করা হচ্ছে একাগ্রতার সাথে তা শ্রবণ কর, আল্লাহকে ব্যতীত তোমরা যাদেরকে

لَنْ يَّخْلُقُوْا ذُبَابًا وَّلَوِ اجْتَمَعُوْا لَهٗ ۭ وَاِنْ يَّسْلُبْهُمُ الذُّبَابُ شَيْـًٔا لَّا

লাই ইয়াখ্‌লুকূ যুবা-বাওঁ ওয়া লাওয়িজ্‌তামা'উ লাহ; ওয়া ইইঁইয়াস্‌লুব হুমুয্‌যুবা-বু শাইয়াল্‌লা-
ডাকছ, তারা কখনই একটি মাছিও সৃষ্টি করতে পারবে না। যদি তারা সব মিলে একত্রও হয়। বরং যদি মাছি তাদের থেকে কিছু ছিনিয়ে নিয়ে যায়, তবে তারা

يَسْتَنْقِذُوهُ مِنْهُ ۚ ضَعُفَ الطَّالِبُ وَالْمَطْلُوبُ ﴿٧٤﴾ مَا قَدَرُوا اللَّهَ حَقَّ

ইয়াস্তানক্বিযূহু মিন্‌হ; দ্বা'উফাত্ব ত্বা-লিবু ওয়াল্ মাত্বলূব। ৭৪। মা- ক্বাদারুল্লা-হা হাক্ব্ক্বা
তার কাছ থেকে তারা তা ছাড়া নিতে পারবে না। উপসনাকারী এবং উপাস্য উভয়ই অক্ষম। (৭৪) তারা আল্লাহকে যথোচিৎ সম্মান

قَدْرِهِ ۚ إِنَّ اللَّهَ لَقَوِيٌّ عَزِيزٌ ﴿٧٥﴾ اللَّهُ يَصْطَفِي مِنَ الْمَلَائِكَةِ رُسُلًا وَمِنَ

ক্বাদ্‌রিহ; ইন্নাল্লা-হা লাক্বাওয়িয়্যুন 'আযিয। ৭৫। আল্লা-হু ইয়াস্ত্বাফী মিনাল্ মালা~ইকা-তি রুসুলাওঁ ওয়া মিনান্
করে না। নিশ্চয় আল্লাহ অধিক ক্ষমতাবান, পরাক্রমশালী। (৭৫) ফিরিশতাদের মধ্য হতে এবং মানুষদের মধ্য হতে আল্লাহই রাসূল মনোনীত

النَّاسِ ۚ إِنَّ اللَّهَ سَمِيعٌ بَصِيرٌ ﴿٧٦﴾ يَعْلَمُ مَا بَيْنَ أَيْدِيهِمْ وَمَا خَلْفَهُمْ ۚ

না-স; ইন্নাল্লা-হা সামী'উম্ বাস্বীর। ৭৬। ইয়া'লামু মা- বাইনা আইদীহিম্ ওয়া মা- খাল্‌ফাহুম;
করেন। নিশ্চয় আল্লাহ সর্বশ্রোতা, সর্বদ্রষ্টা। (৭৬) তাদের সম্মুখে এবং পশ্চাতে যা কিছু আছে তা তিনি (আল্লাহ) ভালভাবেই জানেন,

وَإِلَى اللَّهِ تُرْجَعُ الْأُمُورُ ﴿٧٧﴾ يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا ارْكَعُوا وَاسْجُدُوا

ওয়া ইলাল্লা-হি তুরজা'উল্ উমূর। ৭৭। ইয়া~আইয়্যুহাল লাযীনা আ-মানুরকা'উওয়াস্‌জুদূ
এবং আল্লাহর নিকটই সব কাজ প্রত্যাবর্তিত হবে। (৭৭) হে মুমিনগণ! তোমরা রুকূ' কর, সিজদা কর এবং তোমাদের

সিজদাহ্‌

وَاعْبُدُوا رَبَّكُمْ وَافْعَلُوا الْخَيْرَ لَعَلَّكُمْ تُفْلِحُونَ ۩ ﴿٧٨﴾ وَجَاهِدُوا فِي اللَّهِ

ওয়া'বুদূ রাব্বাকুম্ ওয়াফ্'আলূল্ খাইরা লা'আল্লাকুম তুফ্‌লিহূন। ৭৮। ওয়া জ্বা-হিদূ ফিল্লা-হি
প্রতিপালকের ইবাদাত কর এবং সৎকাজ কর, যাতে তোমরা কৃতকার্য হতে পার। (৭৮) এবং আল্লাহর পথে এভাবে মেহনত কর যেভাবে

حَقَّ جِهَادِهِ ۚ هُوَ اجْتَبَاكُمْ وَمَا جَعَلَ عَلَيْكُمْ فِي الدِّينِ مِنْ حَرَجٍ ۚ مِلَّةَ

হাক্ব্ক্বা জ্বিহা-দিহ; হুওয়াজ্‌তাবা-কুম ওয়া মা- জ্বা'আলা 'আলাইকুম ফিদ্ দীন মিন্ হারাজ্ব মিল্লাতা
মেহনত করা উচিত। তিনিই তোমাদেরকে মনোনীত করেছেন এবং তোমাদের প্রতি দ্বীনের ব্যাপারে কোন প্রকার সংকীর্ণতা (জটিলতা) করেননি। তোমরা তোমাদের

أَبِيكُمْ إِبْرَاهِيمَ ۚ هُوَ سَمَّاكُمُ الْمُسْلِمِينَ مِنْ قَبْلُ وَفِي هَٰذَا لِيَكُونَ

আবীকুম্ ইব্‌রা-হীম; হুওয়া সাম্মা-কুমুল্ মুস্‌লিমীন মিন্ ক্বাব্‌লু ওয়া ফী হা-যা- লিইয়াকূনার্
পিতা ইবরাহীমের ধর্মের উপর কায়েম থাকে। তিনি (আল্লাহ) তোমাদের নাম মুসলমান রেখেছেন এ কুরআনের পূর্বে এবং এ কুরআনের মধ্যেও, যাতে

الرَّسُولُ شَهِيدًا عَلَيْكُمْ وَتَكُونُوا شُهَدَاءَ عَلَى النَّاسِ ۚ فَأَقِيمُوا الصَّلَاةَ

রাসূলু শাহীদান 'আলাইকুম ওয়া তাকূনূ শুহাদা—আ 'আলান্‌না-স। ফাআক্বীমুস্ব স্বালা-তা
রাসূল তোমাদের উপর সাক্ষী হয়ে যান এবং তোমরাও সব মানুষের উপর সাক্ষী হয়ে যাও। সুতরাং তোমরা নামায কায়েম কর

وَآتُوا الزَّكَاةَ وَاعْتَصِمُوا بِاللَّهِ هُوَ مَوْلَاكُمْ ۖ فَنِعْمَ الْمَوْلَىٰ وَنِعْمَ النَّصِيرُ ۝

ওয়া আ-তুযযাকা-তা ওয়া'তাস্বিমূ বিল্লা-হ; হুওয়া মাওলা-কুম, ফানি'মাল মাওলা- ওয়া নি'মান্‌নাস্বীর।
এবং যাকাত আদায় কর এবং আল্লাহকে মজবুতভাবে ধারণ কর। তিনিই তোমাদের অভিভাবক, কতই উত্তম অভিভাবক এবং কতই উত্তম সাহায্যকারী।

১০ ع ৬ ১৭ রুকূ

সূরা মু'মিনূন
মক্কী

بِسْمِ اللَّهِ الرَّحْمَٰنِ الرَّحِيمِ
বিসমিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম
পরম দাতা ও দয়ালু আল্লাহর নামে শুরু করছি

আয়াত ঃ ১১৮
রুকূ ঃ ৬

﴿١﴾ قَدْ أَفْلَحَ الْمُؤْمِنُونَ ﴿٢﴾ الَّذِينَ هُمْ فِي صَلَاتِهِمْ خَاشِعُونَ ﴿٣﴾ وَالَّذِينَ هُمْ

১। ক্বাদ্ আফ্‌লাহ্বাল্ মু'মিনূন ২। আল্লাযীনা হুম ফী স্বালা-তিহিম্ খা-শি'উন। ৩। ওয়াল্লাযীনা হুম্
(১) মুমিনরা অবশ্যই সফলকাম হয়েছে, (২) যারা নিজেদের নামাযে বিনয়-বিনম্র, (৩) যারা অনর্থক

عَنِ اللَّغْوِ مُعْرِضُونَ ﴿٤﴾ وَالَّذِينَ هُمْ لِلزَّكَاةِ فَاعِلُونَ ﴿٥﴾ وَالَّذِينَ هُمْ لِفُرُوجِهِمْ

'আনিল লাগ্‌ওয়ি মু'রিদ্বূন। ৪। ওয়াল্লাযীনা হুম্ লিয্‌যাকা-তি ফা-'ইলূন। ৫। ওয়াল্লাযীনা হুম্ লিফুরূজ্বিহিম্
কথা-বার্তা থেকে বিরত থাকে। (৪) যারা যাকাত প্রদানে সক্রিয়, (৫) যারা নিজেদের যৌনাঙ্গকে হেফাজত

حَافِظُونَ ﴿٦﴾ إِلَّا عَلَىٰ أَزْوَاجِهِمْ أَوْ مَا مَلَكَتْ أَيْمَانُهُمْ فَإِنَّهُمْ غَيْرُ مَلُومِينَ ۝

হ্বা-ফিযূনা। ৬। ইল্লা- 'আলা~আযওয়া-জ্বিহিম্ আও মা- মালাকাত্ আইমা-নুহুম্ ফাইন্নাহুম গাইরু মালূমীন।
করে, (৬) তবে তাদের স্ত্রী অথবা অধিকারভুক্ত দাসীদের ক্ষেত্রে তারা সংযত না থাকলে ভিন্ন কথা। তখন তারা নিন্দনীয় হবে না;

﴿٧﴾ فَمَنِ ابْتَغَىٰ وَرَاءَ ذَٰلِكَ فَأُولَٰئِكَ هُمُ الْعَادُونَ ﴿٨﴾ وَالَّذِينَ هُمْ لِأَمَانَاتِهِمْ وَ

৭। ফামানিব্ তাগা- ওয়ারা-আ যা—লিকা ফাউলা—য়িকা হুমুল্ 'আ-দূন। ৮। ওয়াল্লাযীনা হুম্ লিআমা-না-তিহিম ওয়া
(৭) সুতরাং কেউ এদেরকে ছাড়া অন্যকে কামনা করলে তারাই সীমালংঘনকারী হবে; (৮) এবং যারা সংরক্ষিত আমানত ও

عَهْدِهِمْ رَاعُونَ ﴿٩﴾ وَالَّذِينَ هُمْ عَلَىٰ صَلَوَاتِهِمْ يُحَافِظُونَ ﴿١٠﴾ أُولَٰئِكَ هُمُ

'আহ্‌দিহিম্ রা-'উন। ৯। ওয়াল্লাযীনা হুম্ 'আলা- স্বালাওয়া-তিহিম্ ইউহ্বা-ফিযূন। ১০। উলা—য়িকা হুমুল্
প্রতিশ্রুতি রক্ষা করে, (৯) যারা নিজেদের নামাযে যত্নবান থাকে, (১০) তারাই পাবে

الْوَارِثُونَ ﴿١١﴾ الَّذِينَ يَرِثُونَ الْفِرْدَوْسَ هُمْ فِيهَا خَالِدُونَ ﴿١٢﴾ وَلَقَدْ خَلَقْنَا

ওয়া-রিছূন ১১। আল্লাযীনা ইয়ারিছূনাল্ ফির্‌দাওস ; হুম্ ফীহা- খা-লিদূন। ১২। ওয়া লাক্বাদ্ খালাক্বনাল্
উত্তরাধিকারী, (১১) তারা উত্তরাধিকারী হবে জান্নাতুল ফিরদাউসের, যাতে তারা চিরস্থায়ী থাকবে। (১২) আমি তো মানুষকে

الْإِنْسَانَ مِنْ سُلَالَةٍ مِنْ طِينٍ ﴿١٣﴾ ثُمَّ جَعَلْنَاهُ نُطْفَةً فِي قَرَارٍ مَكِينٍ ﴿١٤﴾ ثُمَّ خَلَقْنَا

ইনসা-না মিন সুলা-লাতিমমিন ত্বীন। ১৩। ছুম্মা জ্বা'আল্‌না-হু নুত্বফাতান ফী ক্বারা-রিম মাকীন। ১৪। ছুম্মা খালাক্বনান্
মাটির নির্যাস থেকে সৃষ্টি করেছি, (১৩) অতঃপর আমি তাকে শুক্রবিন্দু রূপে এক নির্ধারিত আধারে স্থাপন করেছি। (১৪) অতঃপর

○ বিশ্লেষণ (আঃ ২) ঃ خشعون - অর্থ- অন্তর এবং শরীরের একাগ্রতা ও নিবিষ্টতা। অন্তরে একাগ্রতা হল, নামায পড়া অবস্থায় সকল প্রকার পার্থিব চিন্তা ও কুমন্ত্রণা থেকে অন্তরকে মুক্ত রাখা এবং আল্লাহ্ তায়ালার ভয়-ভীতি অন্তরে সৃষ্টি করা এবং শরীরের নিবিষ্টতা হল নামাযের মধ্যে এদিক ওদিক না তাকান ও কাপড়-চোপড় ঠিক না করা বরং বিনয়ের সাথে এমনভাবে দাঁড়ান, যেমনিভাবে দুনিয়ার বাদশাহ্ অথবা কোন বিশেষ ব্যক্তির সামনে দাঁড়ান হয়। (কুঃ কারীম) ○ বিশ্লেষণ (আঃ ৮) ঃ لامنتهم - আমানত রক্ষা করা অর্থ- তাদের উপর অর্পিত দায়িত্ব যথাযথভাবে আদায় করে, গোপন কথা ফাঁস করে না, আমানতকৃত মাল যথাযথভাবে হেফাজত করে। আর ওয়াদাসমূহ রক্ষার মধ্যে আল্লাহর সাথে কৃত ওয়াদা এবং মানুষের সাথে কৃত ওয়াদা উভয়ই অন্তর্ভুক্ত। (কুঃ কারীম)

يَسْتَنْقِذُوْهُ مِنْهُ ۭ ضَعُفَ الطَّالِبُ وَالْمَطْلُوْبُ ﴿٧٣﴾ مَا قَدَرُوا اللّٰهَ حَقَّ

ইয়াস্তানক্বিযূহু মিন্হু; দ্বা'উফাত্ব ত্বা-লিবু ওয়াল্ মাত্বলূব। ৭৪। মা- ক্বাদারুল্লা-হা হ্বাক্ক্বা

তার কাছ থেকে তারা তা ছাড়া নিতে পারবে না। উপসনাকারী এবং উপাস্য উভয়ই অক্ষম। (৭৪) তারা আল্লাহকে যথোচিৎ সম্মান

قَدْرِهٖ ۭ اِنَّ اللّٰهَ لَقَوِيٌّ عَزِيْزٌ ﴿٧٤﴾ اَللّٰهُ يَصْطَفِيْ مِنَ الْمَلٰٓئِكَةِ رُسُلًا وَّمِنَ

ক্বাদ্‌রিহ্; ইন্নাল্লা-হা লাক্বাওয়িয়্যুন 'আযিয। ৭৫। আল্লা-হু ইয়াস্ত্বাফী মিনাল্ মালা~ইকা-তি রুসুলাওঁ ওয়া মিনান্

করে না। নিশ্চয় আল্লাহ অধিক ক্ষমতাবান, পরাক্রমশালী। (৭৫) ফিরিশতাদের মধ্য হতে এবং মানুষদের মধ্য হতে আল্লাহই রাসূল মনোনীত

النَّاسِ ۭ اِنَّ اللّٰهَ سَمِيْعٌۢ بَصِيْرٌ ﴿٧٥﴾ يَعْلَمُ مَا بَيْنَ اَيْدِيْهِمْ وَمَا خَلْفَهُمْ ۭ

না-স; ইন্নাল্লা-হা সামী'উম্ বাস্বীর। ৭৬। ইয়া'লামু মা- বাইনা আইদীহিম্ ওয়া মা- খাল্ফাহুম;

করেন। নিশ্চয় আল্লাহ সর্বশ্রোতা, সর্বদ্রষ্টা। (৭৬) তাদের সম্মুখে এবং পশ্চাতে যা কিছু আছে তা তিনি (আল্লাহ) ভালভাবেই জানেন,

وَاِلَى اللّٰهِ تُرْجَعُ الْاُمُوْرُ ﴿٧٦﴾ يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوا ارْكَعُوْا وَاسْجُدُوْا

ওয়া ইলাল্লা-হি তুরজা'উল্ উমূর। ৭৭। ইয়া~আইয়্যুহাল লাযীনা আ-মানুরকা'উওয়াস্‌জুদূ

এবং আল্লাহর নিকটই সব কাজ প্রত্যাবর্তিত হবে। (৭৭) হে মুমিনগণ! তোমরা রুকূ' কর, সিজদা কর এবং তোমাদের

সিজদাহ্

وَاعْبُدُوْا رَبَّكُمْ وَافْعَلُوا الْخَيْرَ لَعَلَّكُمْ تُفْلِحُوْنَ ﴿٧٧﴾ وَجَاهِدُوْا فِي اللّٰهِ

ওয়া'বুদূ রাব্বাকুম্ ওয়াফ্'আলুল্ খাইরা লা'আল্লাকুম তুফ্লিহূন। ৭৮। ওয়া জ্বা-হিদূ ফিল্লা-হি

প্রতিপালকের ইবাদাত কর এবং সৎকাজ কর, যাতে তোমরা কৃতকার্য হতে পার। (৭৮) এবং আল্লাহর পথে এভাবে মেহনত কর যেভাবে

حَقَّ جِهَادِهٖ ۭ هُوَ اجْتَبٰىكُمْ وَمَا جَعَلَ عَلَيْكُمْ فِي الدِّيْنِ مِنْ حَرَجٍ ۭ مِلَّةَ

হ্বাক্ক্বা জ্বিহা-দিহ; হুওয়াজ্‌তাবা-কুম ওয়া মা- জ্বা'আলা 'আলাইকুম ফিদ্ দীন মিন্ হ্বারাজ্ব মিল্লাতা

মেহনত করা উচিত। তিনিই তোমাদেরকে মনোনীত করেছেন এবং তোমাদের প্রতি দ্বীনের ব্যাপারে কোন প্রকার সংকীর্ণতা (জটিলতা) করেননি। তোমরা তোমাদের

اَبِيْكُمْ اِبْرٰهِيْمَ ۭ هُوَ سَمّٰىكُمُ الْمُسْلِمِيْنَ ۙ مِنْ قَبْلُ وَفِيْ هٰذَا لِيَكُوْنَ

আবীকুম্ ইব্‌রা-হীম; হুওয়া সাম্মা-কুমুল্ মুস্বলিমীন মিন্ ক্বাব্‌লু ওয়া ফী হা-যা- লিইয়াকূনার্

পিতা ইবরাহীমের ধর্মের উপর কায়েম থাকে। তিনি (আল্লাহ) তোমাদের নাম মুসলমান রেখেছেন এ কুরআনের পূর্বে এবং এ কুরআনের মধ্যেও, যাতে

الرَّسُوْلُ شَهِيْدًا عَلَيْكُمْ وَتَكُوْنُوْا شُهَدَاۤءَ عَلَى النَّاسِ ۚ فَاَقِيْمُوا الصَّلٰوةَ

রাসূলু শাহীদান 'আলাইকুম ওয়া তাকূনূ শুহাদা—আ 'আলান্না-স। ফাআক্বীমুস্ব স্বালা-তা

রাসূল তোমাদের উপর সাক্ষী হয়ে যান এবং তোমরাও সব মানুষের উপর সাক্ষী হয়ে যাও। সুতরাং তোমরা নামায কায়েম কর

وَاٰتُوا الزَّكٰوةَ وَاعْتَصِمُوْا بِاللّٰهِ ۭ هُوَ مَوْلٰىكُمْ ۚ فَنِعْمَ الْمَوْلٰى وَنِعْمَ النَّصِيْرُ ﴿٧٨﴾

ওয়া আ-তুযযাকা-তা ওয়া'তাস্বিমূ বিল্লা-হ; হুওয়া মাওলা-কুম, ফানি'মাল মাওলা- ওয়া নি'মান্নাস্বীর।

এবং যাকাত আদায় কর এবং আল্লাহকে মজবুতভাবে ধারণ কর। তিনিই তোমাদের অভিভাবক, কতই উত্তম অভিভাবক এবং কতই উত্তম সাহায্যকারী।

১০ ع ৬ ১৭ রুকূ

সূরা মু'মিনূন
মক্কী

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

বিসমিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম

পরম দাতা ও দয়ালু আল্লাহ্‌র নামে শুরু করছি

আয়াত ঃ ১১৮
রুকূ ঃ ৬

পারা ১৮

قَدْ اَفْلَحَ الْمُؤْمِنُوْنَ ﴿١﴾ الَّذِيْنَ هُمْ فِيْ صَلَاتِهِمْ خٰشِعُوْنَ ﴿٢﴾ وَالَّذِيْنَ هُمْ

১। ক্বাদ্ আফ্লাহ্বাল্ মু'মিনূন ২। আল্লাযীনা হুম ফী স্বালা-তিহিম্ খা-শি'ঊন। ৩। ওয়াল্লাযীনা হুম্

(১) মুমিনরা অবশ্যই সফলকাম হয়েছে, (২) যারা নিজেদের নামাযে বিনয়-বিনম্র, (৩) যারা অনর্থক

عَنِ اللَّغْوِ مُعْرِضُوْنَ ﴿٣﴾ وَالَّذِيْنَ هُمْ لِلزَّكٰوةِ فٰعِلُوْنَ ﴿٤﴾ وَالَّذِيْنَ هُمْ لِفُرُوْجِهِمْ

'আনিল লাগ্‌ওয়ি মু'রিদ্বূন। ৪। ওয়াল্লাযীনা হুম্ লিয্‌যাকা-তি ফা-'ইলূন। ৫। ওয়াল্লাযীনা হুম্ লিফুরূজ্বিহিম্

কথা-বার্তা থেকে বিরত থাকে। (৪) যারা যাকাত প্রদানে সক্রিয়, (৫) যারা নিজেদের যৌনাঙ্গকে হেফাজত

حٰفِظُوْنَ ﴿٥﴾ اِلَّا عَلٰٓى اَزْوَاجِهِمْ اَوْ مَا مَلَكَتْ اَيْمَانُهُمْ فَاِنَّهُمْ غَيْرُ مَلُوْمِيْنَ ﴿٦﴾

হ্বা-ফিযূনা। ৬। ইল্লা- 'আলা~আযওয়া-জিহিম্ আও মা- মালাকাত্ আইমা-নুহুম্ ফাইন্নাহুম গাইরু মালূমীন।

করে, (৬) তবে তাদের স্ত্রী অথবা অধিকারভুক্ত দাসীদের ক্ষেত্রে তারা সংযত না থাকলে ভিন্ন কথা। তখন তারা নিন্দনীয় হবে না;

فَمَنِ ابْتَغٰى وَرَآءَ ذٰلِكَ فَاُولٰٓئِكَ هُمُ الْعٰدُوْنَ ﴿٧﴾ وَالَّذِيْنَ هُمْ لِاَمٰنٰتِهِمْ وَ

৭। ফামানিব্ তাগা- ওয়ারা-আ যা—লিকা ফাউলা—য়িকা হুমুল্ 'আ-দূন। ৮। ওয়াল্লাযীনা হুম্ লিআমা-না-তিহিম ওয়া

(৭) সুতরাং কেউ এদেরকে ছাড়া অন্যকে কামনা করলে তারাই সীমালংঘনকারী হবে; (৮) এবং যারা সংরক্ষিত আমানত ও

عَهْدِهِمْ رٰعُوْنَ ﴿٨﴾ وَالَّذِيْنَ هُمْ عَلٰى صَلَوٰتِهِمْ يُحَافِظُوْنَ ﴿٩﴾ اُولٰٓئِكَ هُمُ

'আহ্‌দিহিম্ রা-'ঊন। ৯। ওয়াল্লাযীনা হুম্ 'আলা- স্বালাওয়া-তিহিম্ ইউহ্বা-ফিযূন। ১০। উলা—য়িকা হুমুল্

প্রতিশ্রুতি রক্ষা করে, (৯) যারা নিজেদের নামাযে যত্নবান থাকে, (১০) তারাই পাবে

الْوٰرِثُوْنَ ﴿١٠﴾ الَّذِيْنَ يَرِثُوْنَ الْفِرْدَوْسَ ۭ هُمْ فِيْهَا خٰلِدُوْنَ ﴿١١﴾ وَلَقَدْ خَلَقْنَا

ওয়া-রিছূন ১১। আল্লাযীনা ইয়ারিছূনাল্ ফির্‌দাওস ; হুম্ ফীহা- খা-লিদূন। ১২। ওয়া লাক্বাদ্ খালাক্বনাল্

উত্তরাধিকারী, (১১) তারা উত্তরাধিকারী হবে জান্নাতুল ফিরদাউসের, যাতে তারা চিরস্থায়ী থাকবে। (১২) আমি তো মানুষকে

الْاِنْسَانَ مِنْ سُلٰلَةٍ مِّنْ طِيْنٍ ﴿١٢﴾ ثُمَّ جَعَلْنٰهُ نُطْفَةً فِيْ قَرَارٍ مَّكِيْنٍ ﴿١٣﴾ ثُمَّ خَلَقْنَا

ইনসা-না মিন সুলা-লাতিমমিন ত্বীন। ১৩। ছুম্মা জ্বা'আল্‌না-হু নুত্বফাতান ফী ক্বারা-রিম মাকীন। ১৪। ছুম্মা খালাক্বনান্

মাটির নির্যাস থেকে সৃষ্টি করেছি, (১৩) অতঃপর আমি তাকে শুক্রবিন্দু রূপে এক নির্ধারিত আধারে স্থাপন করেছি। (১৪) অতঃপর

✪ বিশ্লেষণ (আঃ ২) ঃ خٰشِعُوْنَ - অর্থ– অন্তর এবং শরীরের একাগ্রতা ও নিবিষ্টতা। অন্তরে একাগ্রতা হল, নামায পড়া অবস্থায় সকল প্রকার পার্থিব চিন্তা ও কুমন্ত্রণা থেকে অন্তরকে মুক্ত রাখা এবং আল্লাহ্ তায়ালার ভয়-ভীতি অন্তরে সৃষ্টি করা এবং শরীরের নিবিষ্টতা হল নামাযের মধ্যে এদিক ওদিক না তাকান ও কাপড়-চোপড় ঠিক না করা বরং বিনয়ের সাথে এমনভাবে দাঁড়ান, যেমনিভাবে দুনিয়ার বাদশাহ অথবা কোন বিশেষ ব্যক্তির সামনে দাঁড়ান হয়। (কুঃ কারীম) ✪ বিশ্লেষণ (আঃ ৮) ঃ لِاَمٰنٰتِهِمْ - আমানত রক্ষা করা অর্থ– তাদের উপর অর্পিত দায়িত্ব যথাযথভাবে আদায় করে, গোপন কথা ফাঁস করে না, আমানতকৃত মাল যথাযথভাবে হেফাজত করে। আর ওয়াদাসমূহ রক্ষার মধ্যে আল্লাহর সাথে কৃত ওয়াদা এবং মানুষের সাথে কৃত ওয়াদা উভয়ই অন্তর্ভুক্ত। (কুঃ কারীম)

النُّطْفَةَ عَلَقَةً فَخَلَقْنَا الْعَلَقَةَ مُضْغَةً فَخَلَقْنَا الْمُضْغَةَ عِظٰمًا فَكَسَوْنَا الْعِظٰمَ

নুত্বফাতা 'আলাক্বাতান ফাখালাক্বনাল 'আলাক্বাতা মুদ্বগাতান ফাখালাক্বনাল মুদ্বগাতা- 'ইযা-মান ফাকাসাওয়নাল্ 'ইযা-মা

আমি শুক্রবিন্দুকে পরিণত করেছি জমাট রক্তে, অতঃপর জমাট রক্তকে পরিণত করেছি মাংস পিণ্ডে এবং মাংস পিণ্ডকে পরিণত করেছি হাড়ে, অতঃপর

لَحْمًا ثُمَّ أَنْشَأْنٰهُ خَلْقًا اٰخَرَ ط فَتَبٰرَكَ اللّٰهُ أَحْسَنُ الْخٰلِقِينَ ⑭ ثُمَّ إِنَّكُمْ بَعْدَ

লাহ্বমান, ছুম্মা আনশা'না-হু খালক্বান আ-খার, ফাতাবা-রাকাল্লা-হু আহ্বসানুল্ খা-লিক্বীন। ১৫। ছুম্মা ইন্নাকুম বা'দা

হাড়কে মাংস দ্বারা ঢেকে দিয়েছি, অবশেষে তাকে অন্য এক সৃষ্টি রূপে উপস্থাপন করেছি। সুমহান আল্লাহ্, কত সুনিপুণ সৃষ্টিকর্তা! (১৫) এরপর তোমাদের

ذٰلِكَ لَمَيِّتُونَ ⑮ ثُمَّ إِنَّكُمْ يَوْمَ الْقِيٰمَةِ تُبْعَثُونَ ⑯ وَلَقَدْ خَلَقْنَا فَوْقَكُمْ سَبْعَ

যা-লিকা লামাইয়্যিতূন। ১৬। ছুম্মা ইন্নাকুম ইয়াওমাল ক্বিয়া-মাতি তুব'আছূন। ১৭। ওয়া লাক্বাদ্ খালাক্বনা- ফাওক্বাকুম্ সাব্'আ

অবশ্যই মৃত্যু হবে। (১৬) অতঃপর কিয়ামতের দিন তোমাদেরকে পুনরুত্থিত করা হবে। (১৭) আমিই তো তোমাদের ঊর্ধ্বে সৃষ্টি

طَرَآئِقَ ق وَمَا كُنَّا عَنِ الْخَلْقِ غٰفِلِينَ ⑰ وَأَنْزَلْنَا مِنَ السَّمَآءِ مَآءً بِقَدَرٍ فَأَسْكَنّٰهُ

ত্বরা—য়িক্ব; ওয়া মা- কুন্না- 'আনিল্ খাল্ক্বি গা-ফিলীন। ১৮। ওয়া আন্যাল্না- মিনাস্ সামা—য়ি মা— আম্ বিক্বাদারিন ফাআস্কান্না-হু

করেছি সপ্তাকাশ এবং আমি সৃষ্টির ব্যাপারে অসচেতন নই। (১৮) আমি আকাশ থেকে পরিমিতভাবে পানি বর্ষণ করি, অতঃপর

فِي الْأَرْضِ ق وَإِنَّا عَلٰى ذَهَابٍ بِهٖ لَقٰدِرُونَ ⑱ فَأَنْشَأْنَا لَكُمْ بِهٖ جَنّٰتٍ مِّنْ

ফিল্ আরদ্বি ওয়া ইন্না- 'আলা- যাহা-বিম্‌বিহী লাক্বা-দিরূন। ১৯। ফাআনশা'না- লাকুম্ বিহী জ্বান্না-তিম মিন

আমি তা যমীনে সংরক্ষিত রাখি; আমি এই পানি অপসারন করতেও সক্ষম। (১৯) অতঃপর আমি তা দ্বারা তোমাদের জন্য খেজুর ও

نَّخِيلٍ وَأَعْنٰبٍ م لَكُمْ فِيهَا فَوٰكِهُ كَثِيرَةٌ وَمِنْهَا تَأْكُلُونَ ⑲ وَشَجَرَةً

নাখীলিওঁ ওয়া 'আনা-ব। লাকুম ফীহা- ফাওয়া-কিহু কাছীরাতুওঁ ওয়া মিন্‌হা- তা'কুলূন। ২০। ওয়া শাজ্বারাতান

আঙুরের বাগান সৃষ্টি করি ; এতে তোমাদের জন্য প্রচুর ফল হয়। আর তা থেকে তোমরা খেয়ে থাক। (২০) এবং সৃষ্টি করি

تَخْرُجُ مِنْ طُورِ سَيْنَآءَ تَنْۢبُتُ بِالدُّهْنِ وَصِبْغٍ لِّلْاٰكِلِينَ ⑳ وَإِنَّ لَكُمْ فِي

তাখ্‌রুজু মিন্ তূরি সাইনা— আ তানবুতু বিদ্দুহ্‌নি ওয়া স্বিবগিল্ আ-কিলীন ২১। ওয়া ইন্না লাকুম ফিল্

(যায়তুন) বৃক্ষ, যা সিনাই পর্বতে জন্মায়, এর দ্বারা ভক্ষণকারীদের জন্য তৈল ও ব্যঞ্জন উৎপন্ন হয়। (২১) আর চতুষ্পদ জন্তুতে তোমাদের জন্য

الْأَنْعٰمِ لَعِبْرَةً ط نُسْقِيكُمْ مِّمَّا فِي بُطُونِهَا وَلَكُمْ فِيهَا مَنٰفِعُ كَثِيرَةٌ وَمِنْهَا

আন'আ-মি লা'ইবরাহ; নুসক্বীকুম মিম্মা- ফী বুতূনিহা- ওয়ালাকুম্ ফীহা- মানা-ফি'উ কাছীরাতুওঁ ওয়া মিন্‌হা-

শিক্ষণীয় বিষয় রয়েছে; তোমাদেরকে আমি তাদের পেটে যা আছে তা পান করাই এবং তাতে তোমাদের জন্য প্রচুর উপকারিতা রয়েছে। আর তোমরা তার কিছু

○ বিশ্লেষণ (আঃ ১৭) ঃ سبع طرائق - طرائق অর্থ- তাফসীরকারদের কাছে স্তর, অর্থাৎ আকাশের সাতটি স্তর, উপর নীচ করে বানিয়েছেন। কেউ বলেন طرائق অর্থ- রাস্তা ; অর্থাৎ সপ্ত আকাশ বানিয়েছেন, সেখানে ফিরিশতাদের যাতায়াত হয়ে থাকে। (তাঃ ওসমানী) ○ টীকা (আঃ ১৮) ঃ অর্থাৎ, আমি পানিকে বায়ুর সহিত মিশাইয়া দিতে পারি, কিংবা যমীনের এত নীচে নামাইয়া দিতে পারি, যাহাতে তোমরা যন্ত্র দ্বারাও বাহির করিতে পারিবে না। কিন্তু আমি তা করি নি। (বঃ কোঃ) ○ বিশ্লেষণ (আঃ ২১) ঃ وشجرة - এ বৃক্ষ দ্বারা যায়তুন বৃক্ষ বুঝানো হয়েছে। যার দ্বারা তৈল উৎপন্ন হয়। বহু মানুষ তার ফল তরকারী হিসেবে ব্যবহার করে থাকে। এ বৃক্ষটি বহু উপকারী বিধায়, বিশেষভাবে এ বৃক্ষটির কথা উল্লেখ করা হয়েছে। (তাঃ ওসমানী)

১ ع ২২ ১ রুকূ

تَأْكُلُونَ ㉑ وَعَلَيْهَا وَعَلَى الْفُلْكِ تُحْمَلُونَ ㉒ وَلَقَدْ أَرْسَلْنَا نُوحًا إِلٰى قَوْمِهٖ

তা'কুলূন। ২২। ওয়া 'আলাইহা- ওয়া 'আলাল ফুলকি তুহ্বমালূন। ২৩। ওয়া লাক্বাদ আরসালনা- নূহ্বান ইলা- ক্বাওমিহী

আহার করে থাক। (২২) তোমরা উটে ও জলযানে আরোহণ করে থাক। (২৩) আমি নূহকে তার সম্প্রদায়ের কাছে পাঠিয়েছিলাম।

فَقَالَ يٰقَوْمِ اعْبُدُوا اللّٰهَ مَا لَكُمْ مِّنْ إِلٰهٍ غَيْرُهٗ ط أَفَلَا تَتَّقُونَ ㉓ فَقَالَ الْمَلَؤُا

ফাক্বা-লা ইয়া-ক্বাওমি'বুদুল্লা-হা মা- লাকুম্ মিন্ ইলা-হিন গাইরুহু; আফালা- তাত্তাক্বূন। ২৪। ফাক্বালাল্ মালাউল

তিনি বলেছিলেন, 'হে আমার কওম! আল্লাহ্র ইবাদত কর। তিনি ব্যতীত তোমাদের কোন ইলাহ নেই। তোমরা কি ভয় কর না!' (২৪) তখন তার

الَّذِينَ كَفَرُوا مِنْ قَوْمِهٖ مَا هٰذَآ إِلَّا بَشَرٌ مِّثْلُكُمْ لا يُرِيدُ أَنْ يَتَفَضَّلَ عَلَيْكُمْ ط

লাযীনা কাফারূ মিন্ ক্বাওমিহী মা- হা-যা~ইল্লা- বাশারুম মিছ্‌লুকুম্ ইউরীদু আইঁ ইয়াতাফাদ্বদ্বালা 'আলাইকুম্;

সম্প্রদায়ের কাফের প্রধানরা বলল, 'এ তো তোমাদের মতই একজন মানুষ। যে তোমাদের উপর শ্রেষ্ঠত্ব পেতে চায়।

وَلَوْ شَآءَ اللّٰهُ لَأَنْزَلَ مَلٰٓئِكَةً ج مَّا سَمِعْنَا بِهٰذَا فِي اٰبَآئِنَا الْأَوَّلِينَ ㉔ إِنْ هُوَ إِلَّا

ওয়া লাও শা—আল্লা-হু লাআন্‌যালা মালা—য়িকাতাম্; মা- সামি'না- বিহা-যা- ফী~আ-বা— য়িনাল আওওয়ালীন। ২৫। ইন্ হুওয়া ইল্লা-

আল্লাহ্ (রাসূল পাঠানোর) ইচ্ছা করলে ফেরেশ্‌তাই পাঠাতেন। আমরা তো আমাদের পূর্বপুরুষদের মধ্যে এরূপ কথা শুনিনি।' (২৫) 'সে-তো একজন উন্মাদ,

رَجُلٌ بِهٖ جِنَّةٌ فَتَرَبَّصُوا بِهٖ حَتّٰى حِينٍ ㉕ قَالَ رَبِّ انْصُرْنِي بِمَا كَذَّبُونِ ㉖

রাজ্বুলুম বিহী জ্বিন্নাতুন ফাতারাব্বাস্বূ বিহী হ্বাত্তা- হ্বীন। ২৬। ক্বা-লা রাব্‌বিন্ স্বুর্‌নী বিমা- কায্‌যাবূন।

তাই এর বিষয়ে নির্দিষ্ট সময় পর্যন্ত অপেক্ষা কর।' (২৬) নূহ বললেন, হে আমার প্রতিপালক! আমাকে সাহায্য করুন, আমাকে তারা মিথ্যাবাদী বলছে।'

فَأَوْحَيْنَآ إِلَيْهِ أَنِ اصْنَعِ الْفُلْكَ بِأَعْيُنِنَا وَوَحْيِنَا فَإِذَا جَآءَ أَمْرُنَا وَفَارَ التَّنُّورُ لا

২৭। ফাআওহ্বাইনা ~ইলাইহি আনিস্‌না'ইল্ ফুল্‌কা বি'আউনিনা- ওয়া ওয়াহ্বয়িনা- ফাইযা- জ্বা- আ আমরুনা- ওয়া ফা-রাত্‌তান্নূরু,

(২৭) অতঃপর আমি তার কাছে অহী পাঠালাম, 'আপনি আমার তত্ত্বাবধানে ও আমার নির্দেশে নৌকা তৈরী করুন। এরপর যখন আমার আদেশ আসবে ও যমীন

فَاسْلُكْ فِيهَا مِنْ كُلٍّ زَوْجَيْنِ اثْنَيْنِ وَأَهْلَكَ إِلَّا مَنْ سَبَقَ عَلَيْهِ الْقَوْلُ مِنْهُمْ ج

ফাস্‌লুক্ ফীহা- মিন্ কুল্লি যাওজ্বাইনিছ্‌নাইনি ওয়া আহ্‌লাকা ইল্লা- মান্ সাবাক্বা 'আলাইহিল্ ক্বাওলু মিন্‌হুম,

প্লাবিত হবে, তখন উঠিয়ে নিবেন প্রতিটি প্রাণী এক জোড়া করে এবং আপনার পরিবার বর্গকে। তাদের মধ্যে যাদের বিরুদ্ধে পূর্ব সিদ্ধান্ত হয়েছে তাদেরকে ছাড়া।

وَلَا تُخَاطِبْنِي فِي الَّذِينَ ظَلَمُوا ج إِنَّهُمْ مُّغْرَقُونَ ㉗ فَإِذَا اسْتَوَيْتَ أَنْتَ

ওয়ালা- তুখা-ত্বিব্‌নী ফিল্লাযীনা যালামূ' ইন্নাহুম মুগ্‌রাক্বূন। ২৮। ফাইযাস তাওয়াইতা আন্‌তা

আর জালিমদের সম্পর্কে আপনি আমাকে কিছু বলবেন না, তারা নিমজ্জিত হবেই। (২৮) যখন আপনি ও আপনার সঙ্গীরা

○ টীকা (আঃ ২৬) ঃ এ জন্যাবস্থায় বিপরীত কথা আওড়াইতেছে, যেমন "আমি রাসূল, আর মা'বূদ একা" এস্থলে প্রশ্ন এই যে, পাগলের ইচ্ছাশক্তি থাকে না, সে প্রাধান্য লাভের ইচ্ছা কিরূপে করবে? কাফেররা এমন পরস্পর বিরোধী উক্তি কেমন করে করল? উত্তর ঃ পাগলামীর প্রথম স্তরে ইচ্ছাশক্তি বিলুপ্ত হয় না, তখন প্রাধান্য লাভের ইচ্ছা হইতে পারে। আর যদি বদ্ধ পাগলই উদ্দেশ্য হয়, তবে তো পরস্পর বিরোধী উক্তির দরুন কাফেররাই পাগল সাব্যস্ত হল। ○ বিশ্লেষণ (আঃ ২৬) ঃ رب انصرني - সাড়ে নয়শ' বছর ধরে দ্বীনের প্রচার করার পরেও যখন নূহের (আ) সব প্রচেষ্টা ব্যর্থ হল তখন তিনি আল্লাহর কাছে দোয়া করলেন যে, আমাকে তাদের মোকাবেলায় সাহায্য করুন ; কেননা, ওরা আমাকে প্রকাশ্যে মিথ্যাবাদী বলে। আমার দ্বীন প্রচারের পথে ওরা প্রতিবন্ধী। (তাঃ ওসমানী)

ومن معك على الفلك فقل الحمد لله الذى نجىنا من القوم الظلمين ○

ওয়া মাম্ মা'আকা 'আলালফুল্কি ফাকুলি লহ্বাম্দু লিল্লা-হিললাযী নাজ্জা-না মিনাল ক্বাওমিয় য্বা-লিমীন।
জলযানে আরোহণ করবেন, তখন বলবেন, সমস্ত প্রশংসা আল্লাহ্রই, যিনি আমাদেরকে জালিম সম্প্রদায় থেকে উদ্ধার করেছেন।

وقل رب انزلنى منزلا مبركا وانت خير المنزلين ﴿٢٩﴾ ان فى ذلك

২৯। ওয়া কুর্ রাব্বি আন্যিলনী মুন্যালাম মুবা-রাকাওঁ ওয়া আন্তা খাইরুল্ মুন্যিলীন। ৩০। ইন্না-ফী যা-লিকা
(২৯) আরও বলবেন-'হে আমার প্রতিপালক! আমাকে কল্যাণের সাথে নামিয়ে দিন; আপনিই তো শ্রেষ্ঠ অবতরণকারী।' (৩০) এতে অবশ্যই নিদর্শন

لايت وان كنا لمبتلين ﴿٣٠﴾ ثم انشانا من بعدهم قرنا اخرين ﴿٣١﴾ فارسلنا

লাআ-ইয়া-তিওঁ ওয়া ইন্ কুন্না- লামুব্তালীন। ৩১। ছুম্মা আন্শা'না- মিম্ বা'দিহিম ক্বারনান্ আ-খারীন। ৩২। ফাআরসাল্না-
রয়েছে। আর আমি মানুষকে নিশ্চয় পরীক্ষা করে থাকি। (৩১) অতঃপর অন্য এক জাতিকে তাদের পরে সৃষ্টি করেছিলাম। (৩২) তাদের মধ্যে একজন

فيهم رسولا منهم ان اعبدوا الله ما لكم من اله غيره ط افلا تتقون ○ ع

ফীহিম রাসূলাম্মিন্হুম আনি'বুদুল্লা-হা মা- লাকুমমিন ইলা-হিন্ গাইরুহ; আফালা- তাত্তাকূন।
রসূলকে এমর্মে পাঠিয়েছিলাম যে, 'তোমরা আল্লাহ্র ইবাদত কর, তিনি ব্যতীত তোমাদের কোন ইলাহ নেই, তবুও কি তোমরা তাকওয়া অবলম্বন করবে না?'

২ রুকূ

وقال الملا من قومه الذين كفروا وكذبوا بلقاء الاخرة واترفنهم فى ﴿٣٢﴾

৩৩। ওয়া ক্বা-লাল মালাউ মিন্ ক্বাওমিহিল লাযীনা কাফারূ ওয়া কাযযাবূ বিলিক্বা—য়িল্ আ-খিরাতি ওয়া আতরাফ্না-হুম ফিল্
(৩৩) তার সম্প্রদায়ের কাফের প্রধানরা– যারা পরকালের সাক্ষাৎকে মিথ্যা প্রতিপন্ন করত এবং যাদেরকে আমি পার্থিব জীবনে ভোগ

الحيوة الدنيا ما هذا الا بشر مثلكم يأكل مما تأكلون منه ويشرب

হ্বায়া-তিদ দুন্ইয়া-, মা- হা-যা ~ইল্লা- বাশারুম মিছ্লুকুম্, ইয়া'কুলু মিম্মা- তা'কুলূনা মিন্হু ওয়া ইয়াশ্রাবু
সম্ভার দিয়েছিলাম তারা বলেছিল, 'এতো তোমাদেরই মত একজন মানুষ; তোমরা যা খাও সেও তাই খায় এবং তোমরা যা পান কর সেও

مما تشربون ﴿٣٣﴾ ولئن اطعتم بشرا مثلكم انكم اذا لخسرون ﴿٣٤﴾ ايعدكم

মিম্মা- তাশরাবূন। ৩৪। ওয়া লাইন আত্বা'তুম্ বাশারাম মিছ্লাকুম্ ইন্নাকুম ইযাল লাখা-সিরূন। ৩৫। আইয়া'ইদুকুম্
তাই পান করে।'(৩৪) 'যদি তোমরা তোমাদেরই মত একজন মানুষের অনুগত হও, তবে তোমরা অবশ্যই ক্ষতিগ্রস্ত হবে;' (৩৫) 'সে কি তোমাদেরকে এ

انكم اذا متم وكنتم ترابا وعظاما انكم مخرجون ﴿٣٥﴾ هيهات هيهات

আন্নাকুম্ ইযা- মিত্তুম ওয়া কুন্তুম্ তুরা-বাওঁ ওয়া 'ইযা-মান আন্নাকুম্ মুখ্রাজুন। ৩৬। হাইহা-তা হাইহা-তা
ওয়াদাই দেয় যে, তোমরা মরে গিয়ে মাটি ও অস্থিতে পরিণত হলে তোমাদেরকে পুনরায় বের করা হবে।' (৩৬) 'তোমাদেরকে যে ওয়াদা দেয়া হয়েছে তা অনেক

○ টীকা (আঃ ২৯) ঃ এস্থলে অবতরণ অর্থ মেয্বানি। হযরত নূহ (আ)-এর উদ্দেশ্য এই ছিল যে, হে খোদা, জমীন আপনারই, আমার যখন নামিব, তখন আপনারই মেহমান হব। আর আপনি হবেন মেযবান। অতএব আপনি আমাদের মেহ্মানী উত্তমরূপে করবেন, অর্থাৎ স্বচ্ছলভাবে পান-আহার দিবেন। এমনই তো অন্য লোকও মেহ্মানী করে থাকে; কিন্তু আপনি তাদের সকলের অপেক্ষা উত্তম এবং যথাযথ মেযবানী আদায় করে থাকেন। অর্থাৎ আপনিই রুজিদাতা। ○ বিশ্লেষণ (আঃ ৩১) ঃ قرنا اخرين - এর দ্বারা আ'দ ও সামূদ সম্প্রদায়কে বুঝানো হয়েছে। ○ বিশ্লেষণ (আঃ ৩২) ঃ رسولا منهم - হযরত হুদ অথবা হযরত সালেহ (আ)। (তাঃ ওসমানী)

لما توعدون ﴿٣٦﴾ ان هى الا حياتنا الدنيا نموت ونحيا وما نحن

লিমা- তূ'আদূন। ৩৭। ইন্ হিয়া ইল্লা- হ্বায়া-তুনাদদুন্ইয়া- নামূতু ওয়া নাহ্বইয়া- ওয়ামা- নাহ্নু
দূরের কথা, অনেক দূরের!' (৩৭) 'একমাত্র পার্থিব জীবনই আমাদের জীবন। আমাদের বাঁচা-মরা সব এখানেই। আর আমরা পুনরুত্থিত

بمبعوثين ﴿٣٧﴾ ان هو الا رجل افترى على الله كذبا وما نحن له

বিমাব্'উছীন। ৩৮। ইন্ হুওয়া ইল্লা- রাজুলু নিফতারা- 'আলাল্লা-হি কাযিবাওঁ ওয়া মা- নাহ্নু লাহূ
হবো না!' (৩৮) 'সে এমন এক ব্যক্তি যে আল্লাহ্ সম্বন্ধে মিথ্যা উদ্ভাবন করেছে এবং আমরা তার প্রতি বিশ্বাস স্থাপনকারী

بمؤمنين ﴿٣٨﴾ قال رب انصرنى بما كذبون ﴿٣٩﴾ قال عما قليل ليصبحن

বিমু'মিনীন। ৩৯। ক্বা-লা রাব্বিন্ স্বুরনী- বিমা- কাযযাবূন। ৪০। ক্বা-লা 'আম্মা- ক্বালীলিল লাইউস্বিহুন্না
নই।' (৩৯) তিনি বললেন, 'হে আমার প্রতিপালক! আমাকে সাহায্য করুন; তারা আমাকে মিথ্যাবাদী সাব্যস্ত করছে।' (৪০) আল্লাহ্ বললেন,'অচিরেই তারা অনুতপ্ত

ندمين ﴿٤٠﴾ فاخذتهم الصيحة بالحق فجعلنهم غثاء ج فبعدا للقوم

না-দিমীন। ৪১। ফাআখাযাত্ হুমুস্ব স্বাইহ্বাতু বিল হ্বাক্কি ফাজ্বা'আলনা-হুম্ গুছা—আ, ফাবু'দাল লিল ক্বাওমিয্
হবে।' (৪১) অতঃপর ওয়াদা অনুযায়ী এক মহাগর্জন তাদেরকে পাকড়াও করল। আমি তাদেরকে চূর্ণ বিচূর্ণ করে আবর্জনা সদৃশ করে দিলাম; সুতরাং ধ্বংস হোক

الظلمين ﴿٤١﴾ ثم انشانا من بعدهم قرونا اخرين ﴿٤٢﴾ ما تسبق من امة اجلها

য্বা-লিমীন। ৪২। ছুম্মা- আনশা'না- মিম বা'দিহিম্ কুরূনান আ-খারীন। ৪৩। মা- তাস্বিক্ব মিন্ উম্মাতিন আজ্বালাহা-
জালিম সম্প্রদায়। (৪২) অতঃপর আমি তাদের পর বহু জাতি সৃষ্টি করেছি। (৪৩) কোন জাতিই তার নির্ধারিত সময়ের আগে যেতে পারে না,

وما يستاخرون ﴿٤٣﴾ ثم ارسلنا رسلنا تترا كلما جاء امة رسولها كذبوه

ওয়া মা- ইয়াস্তা'খিরূন। ৪৪। ছুম্মা আরসাল্না- রুসুলানা- তাত্রা-; কুল্লামা- জ্বা—আ উম্মাতার্ রাসূলুহা- কায্যাবূহ্
পিছনেও থাকতে পারে না। (৪৪) পরে আমি একাধিক্রমে রাসূল পাঠিয়েছি। যখনই কোন জাতির কাছে রাসূল এসেছে, তখনই তারা তাকে মিথ্যাবাদী বলেছে।

فاتبعنا بعضهم بعضا وجعلنهم احاديث ج فبعدا لقوم لا يؤمنون ﴿٤٤﴾ ثم

ফাআত্বা'না- বা'দ্বাহুম্ বা'দ্বাওঁ ওয়া জ্বা'আলনা-হুম আহ্বা-দীস, ফাবু'দাললিক্বাওমিল্লা- ইউ'মিনূন। ৪৫। ছুম্মা
অতঃপর তাদের একের পর একেক ধ্বংস করে দিলাম। আর তাদেরকে আমি কাহিনীর বিষয়ে পরিণত করেছি। সুতরাং অবিশ্বাসীরা ধ্বংসহোক! (৪৫) অতঃপর

ارسلنا موسى واخاه هرون بايتنا وسلطن مبين ﴿٤٥﴾ الى فرعون وملائه

আরসাল্না- মূসা- ওয়া আখা-হু হা-রূনা; বিআ-ইয়া-তিনা- ওয়া সুল্ত্বা-নিম মুবীন। ৪৬। ইলা- ফির'আওনা ওয়া মালায়িহী
আমি মূসা ও তার ভাই হারুনকে আমার নিদর্শন ও সুস্পষ্ট প্রমাণাদিসহ পাঠালাম (৪৬) ফেরাউন ও তার পরিষদবর্গের নিকট;

○ টীকা (আঃ ৪১) ঃ এক অর্থ এও হতে পারে যে, তাদেরক যথাযোগ্যভাবে কঠিন শব্দ এসে ধরেছিল। অর্থাৎ এই ধরা তাদের প্রতি অপরিহার্য ছিল, আর তারা যোগ্যও ছিল। ○ বিশ্লেষণ (আঃ ৪৪) ঃ فاتبعنا بعضهم - যেমনিভাবে একের পর এক রাসূল এসেছেন, তেমনিভাবে নবুওয়াতের অস্বীকার করার কারণে এ সম্প্রদায় একের পর এক শাস্তি ও ধ্বংসের মধ্যে লেগেই রয়েছে। (কুঃ কারীম)
○ টীকা (আঃ ৪৫) ঃ নিদর্শনাবলী অর্থাৎ মো'জিযাহ্গুলি সমস্ত মিলে সেগুলোই সুস্পষ্ট দলীল ছিল, কিম্বা "মোজিযাতে মুস্তাযী"র মধ্যে লাঠি প্রধান মো'জিযাহ্ ছিল। এটিকে অন্যান্য মো'জিযাহ হইতে পৃথক করে সুস্পষ্ট বলেছেন, কিম্বা সুস্পষ্ট দলীল বলতে সে দলীলগুলি যা হযরত মূসা (আ) ফেরাউনের সাথে তর্কালোচনা করার সময় বর্ণনা করতেন।

فاستكبروا وكانوا قوما عالين ﴿٤٦﴾ فقالوا انؤمن لبشرين مثلنا وقومهما

ফাস্তাক্বারূ ওয়া কা-নূ ক্বাওমান 'আ-লীন। ৪৭। ফাক্বা-লূ~আনু'মিনু লিবাশারাইনি মিছলিনা- ওয়া ক্বাওমুহুমা-
কিন্তু তারা অহঙ্কার করল। তারা ছিল এক উদ্ধত সম্প্রদায়। (৪৭) তারা বলল, 'আমাদেরই মত দুজন মানুষকে বিশ্বাস করব ? অথচ তাদের কওম আমাদের

لنا عبدون ﴿٤٧﴾ فكذبوهما فكانوا من المهلكين ﴿٤٨﴾ ولقد اتينا موسى الكتب

লানা- 'আ-বিদূন। ৪৮। ফাকায্যাবূ হুমা- ফাকা-নূ মিনাল্ মুহ্লাকীন। ৪৯। ওয়া লাক্বাদ্ আ-তাইনা- মূসাল্ কিতা-বা
দাসত্ব করে।' (৪৮) অতঃপর তারা তাদের মিথ্যা প্রতিপন্ন করল, ফলে তারা ধ্বংসপ্রাপ্ত হল। (৪৯) আমি মূসাকে গ্রন্থ দিয়েছিলাম,

لعلهم يهتدون ﴿٤٩﴾ وجعلنا ابن مريم وامه اية واوينهما الى ربوة

লা'আল্লাহুম্ ইয়াহ্তাদূন। ৫০। ওয়া জ্বা'আল্নাব্না মারইয়ামা ওয়া উম্মাহূ~আ-ইয়াতাওঁ ওয়া আ-ওয়াইনা-হুমা- ইলা- রাব্ওয়াতিন্
যাতে তারা সৎপথপ্রাপ্ত হয়। (৫০) আমি মরিয়ম-তনয় ও তার জননীকে নিদর্শন স্বরূপ করেছি। তাদেরকে এক নিরাপদ ও প্রস্রবণ

ذات قرار ومعين ﴿٥٠﴾ يايها الرسل كلوا من الطيبت واعملوا صالحا انى

রুকূ ৩

যা-তি ক্বারা-রিওঁ ওয়া মা'ঈন। ৫১। ইয়া~আইয়্যুহার্ রুসুলু কুলূ মিনাত্ব ত্বাইয়্যিবা-তি- ওয়া'মালূ স্বা-লিহ্বা' ইন্নী
বিশিষ্ট টিলায় আশ্রয় দিয়েছিলাম। (৫১) বলেছিলাম 'হে রাসূলগণ! পবিত্র বস্তু আহার করুন এবং সৎকাজ করুন; আপনাদের কৃতকর্ম

بما تعملون عليم ﴿٥١﴾ وان هذه امتكم امة واحدة وانا ربكم فاتقون ۝

বিমা তা'মালূনা 'আলীম। ৫২। ওয়া ইন্না হা-যিহী~উম্মাতুকুম্ উম্মাতাওঁ ওয়া- হ্বিদাতাওঁ ওয়া আনা রাব্বুকুম ফাত্তাক্বূন।
সম্পর্কে আমি অবহিত। (৫২) তোমাদের এই জাতি তো একই জাতি। আর আমিই তোমাদের প্রতিপালক! তাই আমাকেই ভয় কর।

﴿٥٢﴾ فتقطعوا امرهم بينهم زبرا كل حزب بما لديهم فرحون ﴿٥٣﴾ فذرهم فى

৫৩। ফাতাক্বাত্বত্বা'উ~আম্রাহুম বাইনাহুম্ যুবুরা; কুল্লু হ্বিয্বিম্ বিমা- লাদাইহিম্ ফারিহূন। ৫৪। ফাযার্হুম ফী
(৫৩) কিন্তু তারা নিজেদের ধর্মপন্থাকে বহু বিভক্ত করেছে। প্রত্যেক দলই স্ব স্ব মতবাদ নিয়ে সন্তুষ্ট। (৫৪) তাই তাদেরকে কিছুকালের

غمرتهم حتى حين ﴿٥٤﴾ ايحسبون انما نمدهم به من مال وبنين ﴿٥٥﴾ نسارع

গাম্রাতিহিম্ হ্বাত্তা- হ্বীন। ৫৫। আইয়াহ্বসাবূনা আন্নামা- নুমিদ্দুহুম বিহী- মিম্মা-লিওঁ ওয়া বানীন। ৫৬। নুসা-রি'উ
জন্য তাদের মূর্খতায় থাকতে দিন। (৫৫) তারা কি ধারণা করে, আমি তাদেরকে যে ধনৈশ্বর্য ও সন্তানাদি দিয়ে থাকি– (৫৬) তাতে করে

لهم فى الخيرت بل لا يشعرون ﴿٥٦﴾ ان الذين هم من خشية ربهم

লাহুম্ ফিল্ খাইরা-ত; বাল্লা- ইয়াশ্'উরূন। ৫৭। ইন্নাললাযীনা হুম্ মিন্ খাশ্ইয়াতি রাব্বিহিম
তাদেরকে দ্রুত মঙ্গলের দিকে নিয়ে যাব ? বরং তারা বোঝে না। (৫৭) যারা তাদের প্রতিপালকের ভয়ে

○ বিশ্লেষণ (আঃ ৪৯) ঃ ولقد اتينا - ইমাম ইবনে কাসীর (র) বলেন, ফিরআউন এবং তার দল ডুবে যাবার পর হযরত মূসা (আ)-কে তাওরাত দেয়া হয়েছিল এবং তাওরাত অবতীর্ণের পরে আল্লাহ কোন সম্প্রদায়কে সাধারণভাবে শাস্তি (গযব) দ্বারা ধ্বংস করেন নি। কিন্তু মুমিনগণকে এ হুকুম দেয়া হয়েছে যে, কাফিরদের সাথে জিহাদ কর। (কুঃ কারীম) ○ বিশ্লেষণ (আঃ ৫২) ঃ امة واحدة - এখানে প্রথম- امتكم দ্বারা সমকালিন নবীর উম্মতগণকে এবং পরবর্তী امة দ্বারা দ্বীনকে বুঝানো হয়েছে এবং এক হবার অর্থ হচ্ছে যে, সব নবীদের (আ) দাওয়াত একই। তাঁরা প্রত্যেকেই এক আল্লাহর ইবাদাত করার জন্য দাওয়াত দিয়েছেন। কিন্তু মানুষ আল্লাহর দ্বীন ছেড়ে দিয়ে আলাদা আলাদা দলে বিভক্ত হয়ে গেছে এবং প্রত্যেক দলই তাদের আকীদা ও আমলের উপর খুশী। তারা সত্য পথ থেকে কতই না দূরে। (কুঃ কারীম)

مشفقون ﴿٥٧﴾ والذين هم بايت ربهم يؤمنون ﴿٥٨﴾ والذين هم بربهم لا

মুশ্ফিক্বূন। ৫৮। ওয়াল্ লাযীনা হুম্ বিআ-ইয়া-তি রাব্বিহিম ইউ'মিনূন। ৫৯। ওয়াল্ লাযীনা হুম্ বিরাব্বিহিম্ লা-
ভীত-সন্ত্রস্ত, (৫৮) যারা তাদের প্রতিপালকের নিদর্শনাবলির প্রতি ঈমান আনে। (৫৯) যারা তাদের প্রতিপালকের সাথে কাউকে

يشركون ﴿٥٩﴾ والذين يؤتون ما اتوا وقلوبهم وجلة انهم الى ربهم

ইউশ্রিকূন। ৬০। ওয়াল্লাযীনা ইউ'তূনা মা~আ-তাওঁ ওয়া কুলূবুহুম্ ওয়াজ্বিলাতুন আন্নাহুম্ ইলা- রাব্বিহিম্
শরীক করে না। (৬০) যারা তাদের প্রতিপালকের কাছে ফিরে যাবে– এ বিশ্বাসে তারা যা দান করার তা ভীত-কম্পিত হৃদয়ে

رجعون ﴿٦٠﴾ اولئك يسرعون فى الخيرت وهم لها سبقون ﴿٦١﴾ ولا نكلف نفسا

রা-জ্বি'উন। ৬১। উলা— য়িকা ইউসা-রি'উনা ফিল্ খাইরা-তি ওয়া হুম্ লাহা- সা-বিক্বূন। ৬২। ওয়া লা- নুকাল্লিফু নাফ্সান
দান করে, (৬১) তারাই দ্রুত কল্যাণকর কাজে অগ্রসর হয় এবং তারা তাতে অগ্রগামী হয়। (৬২) আমি কাউকেও তার সাধ্যাতীত দায়িত্ব অর্পণ করি না।

الا وسعها ولدينا كتب ينطق بالحق وهم لا يظلمون ﴿٦٢﴾ بل قلوبهم فى

ইল্লা- উস'আহা- ওয়া লাদাইনা- কিতা-বুঁই ইয়ান্ত্বিক্বু বিল্ হ্বাক্বক্বি ওয়া হুম্ লা- ইউয্লামূন। ৬৩। বাল্ কুলূবুহুম্ ফী
আর আমার নিকট এমন এক কিতাব আছে, যা সত্যের সাথে অবস্থা বর্ণনা করে। আর তাদের প্রতি জুলুম করা হবে না; (৬৩) বরং এ বিষয়ে তাদের

غمرة من هذا ولهم اعمال من دون ذلك هم لها عملون ﴿٦٣﴾ حتى اذا اخذنا

গামরাতিম্মিন হা-যা- ওয়া লাহুম্ 'আমা-লুম্মিন দূনি যা-লিকা হুম্ লাহা- 'আ-মিলূন। ৬৪। হ্বাত্তা~ইযা~আখাযনা-
অন্তর অজ্ঞানতায় আচ্ছন্ন, এছাড়া আরও মন্দ কাজ আছে, যা তারা করে থাকে। (৬৪) এমন কি আমি যখন তাদের স্বচ্ছল ব্যক্তিদেরকে

مترفيهم بالعذاب اذا هم يجئرون ﴿٦٤﴾ لا تجئروا اليوم انكم منا لا

মুত্রাফীহিম্ বিল্'আযা-বি ইযা-হুম্ ইয়াজ্বআরূন। ৬৫। লা- তাজ্বআরুল ইয়াওমা ইন্নাকুম মিন্না- লা-
আযাব দ্বারা পাকড়াও করব তখনই তারা আর্তনাদ করে ওঠবে। (৬৫) তাদেরকে বলা হবে, আজ আর্তনাদ করো না। তোমরা আমার কাছ থেকে কোন সাহায্য

تنصرون ﴿٦٥﴾ قد كانت ايتى تتلى عليكم فكنتم على اعقابكم تنكصون ۝

তুনস্বারূন। ৬৬। ক্বাদ্ কা-নাত্ আ-ইয়া-তী তুত্লা- 'আলাইকুম্ ফাকুন্তুম্ 'আলা~'আ'কা-বিকুম তান্কিস্বূন।
পাবে না।' (৬৬) আমার আয়াত তো তোমাদের নিকট আবৃত্তি করা হত, তখন তোমরা উল্টো পায়ে পালাতে–

﴿٦٦﴾ مستكبرين به سمرا تهجرون ﴿٦٧﴾ افلم يدبروا القول ام جاءهم ما لم يات

৬৭। মুস্তাক্বিরীনা বিহী সা-মিরান তাহ্জুরূন। ৬৮। আফালাম্ ইয়াদ্দাব্বারুল্ ক্বাওলা আম্ জ্বা—আহুম্ মা- লাম্ ইয়া'তি
(৬৭) অহংকার প্রদর্শন করে কুরআনের ব্যাপারে অর্থহীন গল্পগুজব করতে করতে।' (৬৮) তবে কি তারা এই কালামের ব্যাপারে চিন্তাভাবনা করে না? না তাদের নিকট এমন

○ টীকা (আঃ ৬১) ঃ মু'মেনদের পক্ষেও যেমন আল্লাহ্ তাআলার নিদর্শনসমূহের প্রতি বিশ্বাস স্থাপন করা ব্যতীত আরও নেক কাজসমূহ রয়েছে। অনুরূপভাবে তারাও শিরক-এর সঙ্গে সঙ্গে আরও বহু অসৎ কার্যে সর্বদা অভ্যস্ত থাকে। (বঃ কোঃ)
○ বিশ্লেষণ (আঃ ৬৭) ঃ به سمرا - به এর সম্বোধন অধিকাংশ তফসীরকারদের মতে البيت العتيق (কাবাগৃহ) অথবা হেরেম শরীফ। অর্থাৎ কা'বাগৃহের দায়িত্ব ও রক্ষণাবেক্ষণের ভার যে তাদের উপর ছিল তার অহংকারে তারা আল্লাহর আয়াতকে উপহাস করে বা অস্বীকার করে সেখান (পাঠের স্থান) থেকে চলে যেত। কেউ কেউ তার সম্বোধন কুরআনের দিকেও বলেছেন। (কুঃ কারীম)

اٰبَآءَهُمُ الْاَوَّلِيْنَ ﴿٦٩﴾ اَمْ لَمْ يَعْرِفُوْا رَسُوْلَهُمْ فَهُمْ لَهٗ مُنْكِرُوْنَ ﴿٧٠﴾ اَمْ يَقُوْلُوْنَ

আ-বা—আহুমুল্ আওওয়ালীন। ৬৯। আম্ লাম্ ইয়া'রিফূ রাসূলাহুম্ ফাহুম্ লাহূ মুন্‌কিরূন। ৭০। আম্ ইয়াকূলূনা

কিছু এসেছে যা তাদের পূর্বপুরুষদের নিকট আসেনি ? (৬৯) নাকি তারা তাদের রাসূলকে চেনে না বলে তাকে অস্বীকার করে? (৭০) নাকি তারা বলে,

بِهٖ جِنَّةٌ ؕ بَلْ جَآءَهُمْ بِالْحَقِّ وَاَكْثَرُهُمْ لِلْحَقِّ كٰرِهُوْنَ ﴿٧١﴾ وَلَوِ اتَّبَعَ الْحَقُّ اَهْوَآءَهُمْ

বিহী জিন্নাহ্, বাল জ্বা—আহুম্ বিল্ হাক্বক্বি ওয়া আক্‌ছারুহুম্ লিল্ হাক্বক্বি কা-রিহূন। ৭১। ওয়া লাওয়িত তাবা'আল হাক্বক্বু আহ্ওয়া—আহুম্

তিনি পাগল; বরং তিনি তাদের নিকট সত্য নিয়ে এসেছেন এবং তাদের অধিকাংশই সত্যকে অপছন্দ করে। (৭১) দীনে হক যদি তাদের কামনা-বাসনার

لَفَسَدَتِ السَّمٰوٰتُ وَالْاَرْضُ وَمَنْ فِيْهِنَّ ؕ بَلْ اَتَيْنٰهُمْ بِذِكْرِهِمْ فَهُمْ عَنْ ذِكْرِهِمْ

লাফাসাদাতিস সামা-ওয়া-তু ওয়াল্ আরদ্বু ওয়া মান্ ফীহিন্না ; বাল্ আতাইনা-হুম্ বিযিক্‌রিহিম্ ফাহুম্ 'আন যিক্‌রিহিম্

অনুগামী হত, তবে আসমান, যমীন এবং তার মধ্যবর্তী সব কিছুই বিপর্যস্ত হয়ে পড়ত; বরং তাদেরকে আমি উপদেশ দিয়েছি; কিন্তু তারা উপদেশ থেকে

مُّعْرِضُوْنَ ﴿٧٢﴾ اَمْ تَسْـَٔلُهُمْ خَرْجًا فَخَرَاجُ رَبِّكَ خَيْرٌ ۖ وَّهُوَ خَيْرُ الرّٰزِقِيْنَ ﴿٧٣﴾ وَاِنَّكَ

মু'রিদ্বূন। ৭২। আম্ তাস্‌আলুহুম খারজ্বান ফাখারা-জু রাব্বিকা খাইরুওঁ, ওয়াহুয়া খাইরুর রা-যিক্বীন। ৭৩। ওয়া ইন্নাকা

মুখ ফিরে রয়েছে। (৭২) আপনি কি তাদের কাছে কোন প্রতিদান চান? আপনার প্রতিপালকের প্রতিদানই শ্রেষ্ঠ এবং তিনিই শ্রেষ্ঠ রিযিকদাতা (৭৩) আপনি তো

لَتَدْعُوْهُمْ اِلٰى صِرَاطٍ مُّسْتَقِيْمٍ ﴿٧٤﴾ وَاِنَّ الَّذِيْنَ لَا يُؤْمِنُوْنَ بِالْاٰخِرَةِ عَنِ

লাতাদ্'উহুম্ ইলা- স্বিরা-ত্বিম মুস্তাক্বীম। ৭৪। ওয়া ইন্নাল্ লাযীনা লা- ইউ'মিনূনা বিল্ আ-খিরাতি 'আনিস্ব

অবশ্যই তাদেরকে সরল পথে ডাকছেন। (৭৪) নিশ্চয় যারা আখেরাতের প্রতি ঈমান আনে না, তারা তো সরল পথ থেকে

الصِّرَاطِ لَنٰكِبُوْنَ ﴿٧٥﴾ وَلَوْ رَحِمْنٰهُمْ وَكَشَفْنَا مَا بِهِمْ مِّنْ ضُرٍّ لَّلَجُّوْا فِيْ طُغْيَانِهِمْ

স্বিরা-ত্বি লানা-কিবূন। ৭৫। ওয়া লাও রাহিম্‌না-হুম্ ওয়া কাশাফ্‌না- মা- বিহিম্ মিন দ্বুররিল্লাজ্বজ্বু ফী ত্বুগ্‌ইয়া-নিহিম্

সরে পড়েছে। (৭৫) আমি তাদেরকে দয়া করলেও এবং তাদের দুঃখ- দুর্দশা দূর করলেও তারা বার বার অবাধ্যতায় বিভ্রান্ত হয়ে

يَعْمَهُوْنَ ﴿٧٦﴾ وَلَقَدْ اَخَذْنٰهُمْ بِالْعَذَابِ فَمَا اسْتَكَانُوْا لِرَبِّهِمْ وَمَا يَتَضَرَّعُوْنَ ۝

ইয়া'মাহূন। ৭৬। ওয়া লাক্বাদ্ আখাযানা-হুম্ বিল্ 'আযা-বি ফামাস তাকা-নূ লিরাব্বিহিম ওয়া মা- ইয়াতাদ্বাররা'উন।

ঘুরতে থাকবে। (৭৬) আমি তাদেরকে আযাব দ্বারা পাকড়াও করেছিলাম, কিন্তু তারা তাদের প্রতিপালকের প্রতি বিনীত হল না এবং কাতর হয়ে প্রার্থনাও করল না।

حَتّٰۤى اِذَا فَتَحْنَا عَلَيْهِمْ بَابًا ذَا عَذَابٍ شَدِيْدٍ اِذَا هُمْ فِيْهِ مُبْلِسُوْنَ ﴿٧٧﴾ ﴿٧٨﴾ وَهُوَ

৭৭। হাত্তা~ইযা- ফাতাহ্‌না- 'আলাইহিম্ বা-বান যা- 'আযা-বিন শাদীদিন ইযা-হুম্ ফীহি মুবলিসূন। ৭৮। ওয়া হুওয়াল

(৭৭) এমনকি যখন আমি তাদের জন্য কঠিন আযাবের দুয়ার খুলে দেই, তখনই তারা এতে হতাশ হয়ে পড়ে। (৭৮) তিনিই

৪ ع ২৭ ৪ রুকূ

○ টীকা (আঃ ৭১) ঃ কেননা, সত্য ধর্মকে তাদের ইচ্ছার বশীভূত করে দিলে জগতে বিধর্মাচরণ ও অংশীবাদ ছড়াইয়া পড়ত। ফলে আল্লাহ তা'আলার গযব এসে তার প্রতিক্রিয়াস্বরূপ সমস্ত আসমান, যমীন এবং তন্মধ্যস্থিত সবকিছু ধ্বংস হয়ে যেত। কিয়ামতের পূর্বক্ষণে বিধর্মাচরণ ব্যাপক হওয়ায় কিয়ামত কায়েম হয়ে সবকিছু ধ্বংস হবে। (বঃ কোঃ) ○ শানে নুযূল (আঃ ৭৭) ঃ মক্কার কাফেরদের অবাধ্যাচরণের দরুন রাসূল (স) বদ-দো'আ করলে মক্কায় ভীষণ দুর্ভিক্ষ দেখা দিল। আবু সুফইয়ান হুযূর (স)-কে বলল, আপনি জগতের জন্য রহমত। কুরাইশরা আপনারই আত্মীয়। দো'আ করুন, যাতে দুর্ভিক্ষ দূর হয়। রাসূল (স) দো'আ করলে দুর্ভিক্ষ দূর হয়ে গেল, কিন্তু কুরাইশরা পুনরায় সে অবাধ্যাচরণ শুরু করল। এ সম্বন্ধে এ আয়াতগুলি নাযিল হয়। (কুঃ কাঃ)

الَّذِيْۤ اَنْشَاَ لَكُمُ السَّمْعَ وَالْاَبْصَارَ وَالْاَفْـِٕدَةَ ؕ قَلِيْلًا مَّا تَشْكُرُوْنَ ﴿٧٩﴾ وَهُوَ

লাযী~আনশাআ লাকুমুস সাম্'আ ওয়াল্ আব্স্বা-রা ওয়াল্ আফ্‌য়িদাহ্; ক্বালীলামমা- তাশ্‌কুরূন। ৭৯। ওয়া হুওয়াল্

তোমাদের জন্য কর্ণ, চক্ষু ও অন্তঃকরণ সৃষ্টি করেছেন। তোমরা অল্পই কৃতজ্ঞতা প্রকাশ করে থাক। (৭৯) তিনিই তোমাদেরকে

الَّذِيْ ذَرَاَكُمْ فِي الْاَرْضِ وَاِلَيْهِ تُحْشَرُوْنَ ﴿٨٠﴾ وَهُوَ الَّذِيْ يُحْيٖ وَيُمِيْتُ

লাযী যারাআকুম ফিল্ আরদ্বি ওয়া ইলাইহি তুহ্‌শারূন। ৮০। ওয়া হুওয়াল্লাযী ইউহ্য়ী ওয়া ইউমীতু

পৃথিবীতে বিস্তার করেছেন এবং তাঁরই নিকট তোমাদেরকে সমবেত করা হবে (৮০) তিনিই জীবন দান করেন এবং মৃত্যু ঘটান

وَلَهُ اخْتِلَافُ الَّيْلِ وَالنَّهَارِ ؕ اَفَلَا تَعْقِلُوْنَ ﴿٨١﴾ بَلْ قَالُوْا مِثْلَ مَا قَالَ

ওয়া লাহুখ্ তিলা-ফুল্ লাইলি ওয়ান্নাহা-র, আফালা- তা'ক্বিলূন। ৮১। বাল্ ক্বা-লূ মিছ্‌লা মা- ক্বা-লাল্

এবং তাঁরই বিধানে রাত ও দিন পরিবর্তিত হয়। তবুও কি তোমরা বুঝবে না? (৮১) তারপরও তারা তাদের পূর্ববর্তীদের মতই

الْاَوَّلُوْنَ ﴿٨٢﴾ قَالُوْۤا ءَاِذَا مِتْنَا وَكُنَّا تُرَابًا وَّعِظَامًا ءَاِنَّا لَمَبْعُوْثُوْنَ ﴿٨٣﴾ لَقَدْ وُعِدْنَا

আওওয়ালূন। ৮২। ক্বা-লূ~আ ইযা- মিত্‌না- ওয়া কুন্না- তুরা-বাওঁ ওয়া 'ইযা-মান আইন্না- লামাব্'উছূন। ৮৩। লাক্বাদ্ উ'য়িদ্‌না-

কথা বলে, (৮২) তারা বলে, 'আমাদের মৃত্যু ঘটলে এবং আমরা মাটি ও অস্থিতে পরিণত হলেও কি পুনরুত্থিত হব?' (৮৩) ইতিপূর্বে

نَحْنُ وَاٰبَآؤُنَا هٰذَا مِنْ قَبْلُ اِنْ هٰذَاۤ اِلَّاۤ اَسَاطِيْرُ الْاَوَّلِيْنَ ﴿٨٤﴾ قُلْ لِّمَنِ الْاَرْضُ

নাহ্নু ওয়া আ-বা— উনা- হা-যা- মিন্ ক্বাবলু ইন্ হা-যা~ইল্লা~আসা-ত্বীরুল আওওয়ালীন। ৮৪। কুল্ লিমানিল্ আরদ্বু

আমাদেরকে এবং আমাদের পূর্বপুরুষদেরকেও এ ওয়াদা দেয়া হয়েছে। এ তো সেকালের উপকথা ছাড়া অন্য কিছু নয়।' (৮৪) বলুন, যদি তোমরা জান তবে বল,

وَمَنْ فِيْهَاۤ اِنْ كُنْتُمْ تَعْلَمُوْنَ ﴿٨٥﴾ سَيَقُوْلُوْنَ لِلّٰهِ ؕ قُلْ اَفَلَا تَذَكَّرُوْنَ ﴿٨٦﴾ قُلْ مَنْ

ওয়া মান্ ফীহা~ইন্ কুন্‌তুম্ তা'লামূন। ৮৫। সাইয়াকূলূনা লিল্লা-হ; কুল্ আফালা- তাযাক্কারূন। ৮৬। কুল মার্

'পৃথিবী ও তার মধ্যে যা কিছু আছে তা কার? (৮৫) তারা বলবে, 'আল্লাহ্‌র।' বলুন, তবুও কি তোমরা উপদেশ গ্রহণ করবে না?' (৮৬) বলুন,

رَّبُّ السَّمٰوٰتِ السَّبْعِ وَرَبُّ الْعَرْشِ الْعَظِيْمِ ﴿٨٧﴾ سَيَقُوْلُوْنَ لِلّٰهِ ؕ قُلْ اَفَلَا تَتَّقُوْنَ ۝

রাব্বুস্ সামা-ওয়া-তিস সাব্'য়ি ওয়া রাব্বুল্ 'আরশিল্ 'আযীম। ৮৭। সাইয়াকূলূনা লিল্লা-হ, কুল আফালা- তাত্তাকূন।

'কে সপ্তাকাশ এবং মহাআরশের অধিপতি ? (৮৭) তখন তারা বলবে, 'আল্লাহ।' বলুন, 'তবুও কি তোমরা সাবধান হবে না?'

﴿٨٨﴾ قُلْ مَنْۢ بِيَدِهٖ مَلَكُوْتُ كُلِّ شَيْءٍ وَّهُوَ يُجِيْرُ وَلَا يُجَارُ عَلَيْهِ اِنْ كُنْتُمْ تَعْلَمُوْنَ ۝

আন্‌ফুসিকুম্ আন্ তা'কুলূ মিন্ বুয়ূতিকুম্ আও বুয়ূতি আ-বা—য়িকুম্ আও বুয়ূতি উম্মাহা-তিকুম্

তোমাদের সন্তানদের গৃহে, অথবা তোমাদের পিতৃগৃহে, মাতৃগৃহে,

اَوْ بُيُوْتِ اِخْوَانِكُمْ اَوْ بُيُوْتِ اَخَوٰتِكُمْ اَوْ بُيُوْتِ اَعْمَامِكُمْ اَوْ بُيُوْتِ عَمّٰتِكُمْ

আও বুয়ূতি ইখ্‌ওয়া-নিকুম্ আও বুয়ূতি আখাওয়া-তিকুম্ আও বুয়ূতি 'আমা-মিকুম্ আও বুয়ূতি 'আম্মা-তিকুম্

ভ্রাতৃগৃহে, ভগিনীগৃহে, পিতৃব্যদের গৃহে, ফুফুদের গৃহে,

اَوْ بُيُوْتِ اَخْوَالِكُمْ اَوْ بُيُوْتِ خٰلٰتِكُمْ اَوْ مَا مَلَكْتُمْ مَّفَاتِحَهٗٓ اَوْ صَدِيْقِكُمْ ۗ

আও বুয়ূতি আখ্‌ওয়া-লিকুম্ আও বুয়ূতি খালা-তিকুম্ আও মা- মালাক্‌তুম মা-ফা-তিহ্বাহূ~আও স্বাদীক্বিকুম্;

মামাদের গৃহে,খালাদের গৃহে অথবা সে সব গৃহে যার চাবি তোমাদের হাতে আছে অথবা তোমাদের বন্ধুদের গৃহে;

لَيْسَ عَلَيْكُمْ جُنَاحٌ اَنْ تَاْكُلُوْا جَمِيْعًا اَوْ اَشْتَاتًا ۗ فَاِذَا دَخَلْتُمْ بُيُوْتًا فَسَلِّمُوْا

লাইসা 'আলাইকুম্ জুনা-হুন আন্ তা'কুলূ জামী'আন আও আশ্‌তা-তা-; ফাইযা- দাখাল্‌তুম্ বুয়ূতান ফাসাল্লিমূ

তোমরা একসঙ্গে আহার কর অথবা পৃথকভাবে আহার কর- তাতে তোমাদের কোন অপরাধ নেই। তবে যখন তোমরা গৃহে প্রবেশ করবে, তখন তোমাদের

عَلٰٓى اَنْفُسِكُمْ تَحِيَّةً مِّنْ عِنْدِ اللّٰهِ مُبٰرَكَةً طَيِّبَةً ۗ كَذٰلِكَ يُبَيِّنُ اللّٰهُ لَكُمُ الْاٰيٰتِ

'আলা- আনফুসিকুম্ তাহ্বিয়্যাতাম্‌মিন্ 'ইনদিল্লা-হি মুবা-রাকাতান ত্বাইয়্যিবাহ; কাযা-লিকা ইউবাইয়্যিনুল্লা-হু লাকুমুল্ আ-ইয়া-তি

স্বজনদের প্রতি সালাম করবে- এ হবে আল্লাহ্র পক্ষ থেকে কল্যাণকর ও পবিত্র সম্ভাষণ। এভাবে আল্লাহ্ তোমাদের জন্য তার নির্দেশ স্পষ্টভাবে বিবৃত করেন,

○ টীকা (আঃ ৬০) ঃ কেননা, ইহা বেগানা পুরুষের সম্মুখে মুক্ত করা একেবারেই নিষিদ্ধ। অতএব, শুধু মুখমণ্ডল ও দু'হাতের এবং পায়ের পাতা খোলা রাখা জায়েয। যুবতী স্ত্রীলোক ঢাকিয়া রাখিবে। (বঃ কোঃ) ○ বিশ্লেষণ (আঃ ৬০) ঃ ان يضعن ثيابهن - হযরত শাহ্ সাহেব (র) বলেন, বৃদ্ধা মহিলা গৃহে যদি অল্প পোশাকে থাকে তা বৈধ। আর যদি পূর্ণ পর্দাসহ থাকে তা সর্বোত্তম এবং গৃহ হতে বের হবার সময়ও যদি অতিরিক্ত পোশাক যেমন বোরকা ইত্যাদি খুলে রাখে তাতে অপরাধ নেই। তবে তার সে অলংকারাদি কোনভাবেই প্রকাশ হতে পারবে না যা গোপন রাখার জন্য নির্দেশ দেয়া হয়েছে। (তাঃ ওসমানী) ○ টীকা (আঃ ৬১) ঃ অর্থাৎ, যদি তুমি কোন অন্ধ, খঞ্জ, রুগ্ন কিংবা অভাবগ্রস্ত ব্যক্তি সঙ্গে নিয়ে তোমার কোন স্বজনের গৃহে গিয়ে গৃহস্বামীর সম্মতিক্রমে কিছু পানাহার কর, তবে কোন ক্ষতি নেই। (বঃ কোঃ)

لعلكم تعقلون ﴿٦١﴾ انما المؤمنون الذين امنوا بالله ورسوله واذا كانوا معه

লা'আল্লাকুম্ তা'ক্বিলূন। ৬২। ইন্নামাল মু'মিনূনাল্ লাযীনা আ-মানূ বিল্লা-হি ওয়া রাসূলিহী ওয়া ইযা- কা-নূ মা'আহূ
যাতে তোমরা বুঝতে পার। (৬২) তারাই মুমিন, যারা আল্লাহ্ এবং তাঁর রাসূলের প্রতি ঈমান আনে এবং রাসূলের সঙ্গে সমষ্টিগত

على امر جامع لم يذهبوا حتى يستاذنوه ان الذين يستاذنونك اولئك

'আলা- আমরিন জ্বা-মি'য়িল্লাম্ ইয়াযহাবূ হাত্তা- ইয়াস্তা'যিনূহ; ইন্নাল্ লাযীনা ইয়াস্তা'যিনূনাকা উলা—য়িকাল্
কোন কাজে একত্রিত হলে তার অনুমতি ব্যতীত সরে না পড়ে। যারা আপনার অনুমতি প্রার্থনা করে তারাই আল্লাহ্

الذين يؤمنون بالله ورسوله فاذا استاذنوك لبعض شانهم فاذن لمن

লাযীনা ইউ'মিনূনা বিল্লা-হি ওয়া রাসূলিহ, ফাইযাস্ তা'যানূকা লিবা'দ্বি শা'নিহিম্ ফা'যাল লিমান্
এবং তার রাসূলের প্রতি বিশ্বাসী। সুতরাং তারা তাদের কোন কাজে আপনার অনুমতি চাইলে তাদের মধ্য থেকে যাকে ইচ্ছা তাকে অনুমতি দিয়ে দিন এবং

شئت منهم واستغفر لهم الله ان الله غفور رحيم ﴿٦٢﴾ لا تجعلوا دعاء

শি'তা মিন্হুম্ ওয়াস্তাগ্ফির লাহুমুল্লা-হ; ইন্নাল্লা-হা গাফূরুর রাহীম। ৬৩। লা- তাজ্ব'আলূ দু'আ—
তাদের জন্য আল্লাহ্র কাছে ক্ষমা প্রার্থনা করুন। নিশ্চয় আল্লাহ্ ক্ষমাশীল ও পরম দয়ালু। (৬৩) রাসূলের আহ্বানকে তোমরা

الرسول بينكم كدعاء بعضكم بعضا قد يعلم الله الذين يتسللون منكم

আর্ রাসূলি বাইনাকুম্ কাদু'আ—য়ি বা'দ্বিকুম্ বা'দ্বা; ক্বাদ্ ইয়া'লামুল্লা-হুল্ লাযীনা ইয়াতাসাল্লালূনা মিন্‌কুম্
তোমাদের একে অপরের সাধারণ আহ্বানের মত মনে করো না। তোমাদের মধ্যে যারা তোমাদের দৃষ্টি ফাঁকি দিয়ে চুপি চুপি সরে

لواذا فليحذر الذين يخالفون عن امره ان تصيبهم فتنة او يصيبهم

লিওয়া-যা-, ফাল্ ইয়াহ্যারিল্ লাযীনা ইউখা-লিফূনা 'আন্ আমরিহী~আন্ তুস্বীবাহুম্ ফিত্‌নাতুন আও ইউস্বীবাহুম্
পড়ে, আল্লাহ্ তাদেরকে জানেন; সুতরাং যারা তাঁর আদেশের বিরুদ্ধাচারণ করে তারা যেন সতর্ক হয় যে, বিপর্যয় বা কঠিন আযাব

عذاب اليم ﴿٦٣﴾ الا ان لله ما في السموت والارض قد يعلم ما انتم

'আযা-বুন আলীম। ৬৪। আলা~ইন্না লিল্লা-হি মা- ফিস্ সামা-ওয়া-তি ওয়াল্ আরদ্ব; ক্বাদ্ ইয়া'লামু মা~আন্‌তুম্
তাদেরকে গ্রাস করবেই। (৬৪) জেনে রেখ, আকাশ ও পৃথিবীতে যা কিছু আছে তা আল্লাহ্রই। তোমরা যা কিছু কর আল্লাহ্ তা

○ শানে নুযূল (আঃ ৬২) ঃ পরিখার যুদ্ধে ক্লান্ত মুসলমানগণ মদীনায় যাওয়ার প্রয়োজন হলে হুযূর (স)-এর অনুমতি নিয়ে যেতেন। অনুরূপভাবে জুমুআ ও অন্যান্য ধর্মীয় সমাবেশ হতে কোন কোন মুসলমান বিশেষ প্রয়োজনে হুযূর (স)-এর অনুমতি নিয়ে বাইরে যেতেন। এই সুযোগে এদের আড়ালে মুনাফেকরাও বিনা প্রয়োজনে গোপনে সরে পড়ত। (বঃ কোঃ) ○ শানে নুযূল (আঃ ৬২) ঃ ليس على الاعمى - জিহাদে যাবার সময় সাহাবাগণ (রা) এ আয়াতের প্রেক্ষিতে, অক্ষম ব্যক্তিদের কাছে তাদের ঘরের চাবি রেখে যেতেন এবং তাদেরকে ঘরের খাদ্যদ্রব্য খাবার জন্য অনুমতি দিয়ে যেতেন। কিন্তু অক্ষম সাহাবাগণ (রা) অনুমতি পাবার পরেও মালিকের অনুপস্থিতিতে সে গৃহে খাওয়া-দাওয়া করা বৈধ মনে করতেন না। আল্লাহ আয়াত অবতীর্ণ করেন যে, "আত্মীয়-স্বজন এবং যে গৃহের চাবি তার কাছে আছে সেখানে খেতে কোন গুনাহ নেই।" (কুঃ কারীম)

○ বিশ্লেষণ (আঃ ৬৩) ঃ لا تجعلو دعاء - অর্থাৎ যেমনিভাবে তোমরা একে অন্যকে নাম ধরে ডাক, রাসূলুল্লাহকে (স) সেভাবে নাম ধরে ডেক না। যেমন- হে মুহাম্মদ (স)। তবে ইয়া রাসূলাল্লাহ অথবা ইয়া নবীয়াল্লাহ ইত্যাদি বলে ডাক। (কুঃ কারীম) ○ টীকা (আঃ ৬৪) ঃ একথার উদ্দেশ্য এই নয় যে, তারা হয় ইহলোকে না হয় পরলোকে শাস্তি ভোগ করিবে; বরং উভয় কালেই তাদের শাস্তি ভোগের সম্ভাবনা রয়েছে। কেননা, আল্লাহ্ তা'আলার আদেশ লঙ্ঘনে তাঁর ক্রোধ হওয়া স্বাভাবিক এবং এই আদেশ লঙ্ঘন তাঁর অজ্ঞাতও নয়। সুতরাং তাদের শাস্তি অনিবার্য। (বঃ কোঃ)

عليه ويوم يرجعون اليه فينبئهم بما عملوا والله بكل شيء عليم ﴿٦٤﴾

'আলাইহ; ওয়া ইয়াওমা ইউর্‌জ্বা'উনা ইলাইহি ফাইউনাব্বিউহুম্ বিমা- 'আমিলূ; ওয়াল্লা-হু বিকুল্লি শাইয়িন 'আলীম।
জানেন। যেদিন তারা তাঁর কাছে প্রত্যাবর্তিত হবে সেদিন তারা যা করত তিনি তা জানিয়ে দেবেন। আল্লাহ্ সর্ববিষয়ে জানেন।

সূরা ফুরক্বা-ন

মক্কী

আয়াত ঃ ৭৭ রুকূ ঃ ৬

بسم الله الرحمن الرحيم

বিসমিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম

পরম দাতা ও দয়ালু আল্লাহ্র নামে শুরু করছি

﴿١﴾ تبرك الذي نزل الفرقان على عبده ليكون للعلمين نذيرا ﴿٢﴾ الذي له

১। তারা-রাকাল্লাযী নায্‌যালাল্ ফুর্‌ক্বা-না 'আলা- 'আব্‌দিহী লিইয়াকূনা লিল্ 'আ-লামীনা নাযীরা। ২। নিল্লাযী লাহূ
(১) কত মহান তিনি, যিনি তাঁর বান্দার প্রতি কুরআন নাযিল করেছেন, যাতে তিনি বিশ্ববাসীর জন্য সতর্ককারী হতে পারেন। (২) আকাশমন্ডলি

ملك السموت والارض ولم يتخذ ولدا ولم يكن له شريك في الملك

মুলকুস্ সামা-ওয়া-তি ওয়াল্ আরদ্বি ওয়ালাম্ ইয়াত্তাখিয ওয়ালাদাওঁ ওয়ালাম্ ইয়াকুল্লাহূ শারীকুন্ ফিল্ মুল্‌কি
ও ভূমন্ডলির সার্বভৌমত্ব তো তারই। তিনি কোন সন্তান গ্রহণ করেননি; সার্বভৌমত্বেও তার কোন শরিক নেই। তিনিই সমস্ত

وخلق كل شيء فقدره تقديرا ﴿٣﴾ واتخذوا من دونه الهة لا يخلقون

ওয়া খালাক্বা কুল্লা শাইয়িন ফাক্বাদ্দারাহূ তাক্বদীরা-। ৩। ওয়াত্তাখাযূ মিন্ দূনিহী আ-লিহাতাল লা- ইয়াখ্‌লুক্বূনা
কিছু সৃষ্টি করেছেন এবং পরিমিতভাবে প্রতিপালন করছেন। (৩) তারা তাঁর পরিবর্তে অন্য উপাস্য গ্রহণ করেছে,

شيئا وهم يخلقون ولا يملكون لانفسهم ضرا ولا نفعا ولا يملكون موتا

শাইয়াওঁ ওয়া হুম্ ইউখ্‌লাক্বূনা ওয়া লা- ইয়াম্‌লিকূনা লিআন্‌ফুসিহিম্ দ্বার্‌রাওঁ ওয়া লা- নাফ্'আওঁ ওয়ালা- ইয়াম্‌লিকূনা মাওতাওঁ
যারা কিছুই সৃষ্টি করে না; বরং তারা নিজেরাই সৃষ্ট। যারা নিজেদের ভাল ও মন্দের মালিক নয়। আর যারা জীবন ও মৃত্যু

ولا حيوة ولا نشورا ﴿٤﴾ وقال الذين كفروا ان هذا الا افك افترىه واعانه

ওয়ালা- হ্বায়া-তাওঁ ওয়ালা- নুশূরা-। ৪। ওয়া ক্বা-লাল্ লাযীনা কাফারূ~ইন্ হা-যা- ইল্লা~ইফ্‌কুনিফ্ তারা-হু ওয়া আ'আ-নাহূ
এবং পুনরুত্থানের মালিক নয়। (৪) কাফেররা বলে, 'এ মিথ্যা ব্যতীত কিছুই নয়; তিনিই [রাসূল (স)] তা উদ্ভাবন করেছেন এবং অন্য

عليه قوم اخرون فقد جاءو ظلما وزورا ﴿٥﴾ وقالوا اساطير الاولين

'আলাইহি ক্বাওমুন আ-খারূন; ফাক্বাদ্ জ্বা—উ যুল্‌মাওঁ ওয়াযূরা-। ৫। ওয়া ক্বা-লূ~আসা-ত্বীরুল আওওয়ালীনাক্
এক সম্প্রদায় তাকে এ ব্যাপারে সাহায্য করেছে।' তারা অবশ্যই সীমালংঘনে ও মিথ্যায় লিপ্ত। (৫) আর তারা বলে, 'এগুলি তো সেকালের

○ বিশ্লেষণ (আঃ ১) ঃ الفرقان - অর্থ সত্য-মিথ্যা, তাওহীদ-শিরক, ন্যায়-অন্যায় এর মধ্যে পার্থক্যকারী। এ কুরআন সুস্পষ্টভাবে এর পার্থক্যকারী। এজন্য এ কুরআনকে ফুরকান বলা হয়েছে। (কুঃ কারীম)

○ টীকা (আঃ ৪) ঃ 'অন্যান্য লোকেরা' বলতে ঐসকল ইহুদী নাছারাকেই উদ্দেশ্য করা হয়েছে, যাহারা তখন ইসলাম গ্রহণ করেছিল। কিংবা যে সমস্ত ইহুদী ও নাছারা এমনি তাঁর দরবারে সময় সময় আসা-যাওয়া করত। (বঃ কোঃ)

اكْتَتَبَهَا فَهِيَ تُمْلَىٰ عَلَيْهِ بُكْرَةً وَأَصِيلًا ۝٥ قُلْ أَنزَلَهُ الَّذِي يَعْلَمُ السِّرَّ فِي

তাতাবাহা- ফাহিয়া তুম্লা- 'আলাইহি বুক্রাতাওঁ ওয়া আস্বীলা-। ৬। ক্বুল্ আন্যালাহুল্লাযী ইয়া'লামুস্ সির্‌রা ফিস্
উপকথা, যা তিনি লিখে নিয়েছেন। এগুলি সকাল-সন্ধ্যা তার নিকট পাঠ করা হয়।' (৬) বলুন, 'এটি তিনিই নাযিল করেছেন যিনি

السَّمٰوٰتِ وَالْأَرْضِ ۚ إِنَّهُ كَانَ غَفُورًا رَّحِيمًا ۝٦ وَقَالُوا مَالِ هٰذَا الرَّسُولِ

সামা- ওয়া-তি ওয়াল্ আর্‌দ্ব; ইন্নাহূ কা-না গাফূরার রাহীমা-। ৭। ওয়া ক্বা-লূ মা-লি হা-যার রাসূলি
আকাশ ও পৃথিবীর সকল গোপন বিষয় জানেন। নিশ্চয় তিনি ক্ষমাশীল ও পরম দয়ালু। (৭) তারা বলে, ' এ কেমন রাসূল যে

يَأْكُلُ الطَّعَامَ وَيَمْشِي فِي الْأَسْوَاقِ ۙ لَوْلَا أُنزِلَ إِلَيْهِ مَلَكٌ فَيَكُونَ مَعَهُ

ইয়া'কুলুত্ব ত্বা'আ-মা ওয়া ইয়াম্‌শী ফিল আস্‌ওয়া-ক্ব; লাওলা~উন্‌যিলা ইলাইহি মালাকুন ফাইয়াকূনা মা'আহূ
আহার করে এবং হাটে-বাজারে চলাফেরা করে। তার নিকট কেন কোন ফেরেশ্‌তা নাযিল করা হল না, যে তার সাথে সতর্ককারীরূপে

نَذِيرًا ۝٧ أَوْ يُلْقَىٰ إِلَيْهِ كَنزٌ أَوْ تَكُونُ لَهُ جَنَّةٌ يَأْكُلُ مِنْهَا ۚ وَقَالَ الظَّالِمُونَ

নাযীরা-। ৮। আও ইউল্‌ক্বা~ইলাইহি কান্‌যুন আও তাকূনু লাহূ জ্বান্নাতুন ইয়া'কুলু মিন্‌হা-; ওয়া ক্বা-লায্ যা-লিমূনা
থাকত?' (৮) অথবা 'তাকে কোন ধনভাণ্ডার দেয়া হয় না কেন অথবা তার একটি বাগান নেই কেন যা থেকে তিনি আহার করতে পারেন ?' জালিমরা আরও বলে,

إِن تَتَّبِعُونَ إِلَّا رَجُلًا مَّسْحُورًا ۝٨ انظُرْ كَيْفَ ضَرَبُوا لَكَ الْأَمْثَالَ فَضَلُّوا فَلَا

ইন্ তাত্তাবি'উনা ইল্লা- রাজুলাম্ মাস্‌হূরা। ৯। উন্‌যুর কাইফা দ্বারাবূ লাকাল্ আম্‌ছা-লা ফাদ্বাল্লু ফালা-
'তোমরা এক যাদুগ্রস্ত ব্যক্তিরই অনুসরণ করছ।' (৯) লক্ষ করুন, তারা আপনার কি উপমা দেয়; সুতরাং তারা পথভ্রষ্ট হয়েছে

يَسْتَطِيعُونَ سَبِيلًا ۝٩ تَبَارَكَ الَّذِي إِن شَاءَ جَعَلَ لَكَ خَيْرًا مِّن ذٰلِكَ جَنَّاتٍ

ইয়াস্তাত্বী'উনা সাবীলা-। ১০। তাবা-রাকাল লাযী ~ইন্ শা—আ জ্বা'আলা লাকা খাইরাম্‌মিন যা-লিকা জ্বান্নাতিন
এবং তারা পথ পাবে না। (১০) কত মহান তিনি, যিনি ইচ্ছা করলে আপনাকে এর চেয়ে উৎকৃষ্টতর বস্তু দিতে পারেন– যেমন

ع ১ ১৬ রুকূ

تَجْرِي مِن تَحْتِهَا الْأَنْهَارُ وَيَجْعَل لَّكَ قُصُورًا ۝١٠ بَلْ كَذَّبُوا بِالسَّاعَةِ ۖ

তাজ্বরী মিন্ তাহ্‌তিহাল্ আন্‌হা-রু, ওয়া ইয়াজ্ব'আল্ লাকা ক্বুস্বূরা-। ১১। বাল্ কায্‌যাবূ বিস্ সা-'আতি
উদ্যানসমূহ, যার নিম্নদেশে নদীনালা প্রবাহিত হয় এবং তিনি আপনার জন্য বানাতে পারেন প্রাসাদ সমূহ। (১১) কিন্তু তারা কিয়ামতকে মিথ্যা প্রতিপন্ন করে।

وَأَعْتَدْنَا لِمَن كَذَّبَ بِالسَّاعَةِ سَعِيرًا ۝١١ إِذَا رَأَتْهُم مِّن مَّكَانٍ بَعِيدٍ سَمِعُوا لَهَا

ওয়া আ'তাদ্‌না- লিমান্ কায্‌যাবা বিস্ সা-'আতি সা'ঈরা-। ১২। ইযা- রাআত্‌হুম মিম্ মাকানিম্ বা'ঈদিন সামি'ঊ লাহা-
যারা কিয়ামতকে মিথ্যা প্রতিপন্ন করে, তাদের জন্য আমি অগ্নিশিখা প্রস্তুত করে রেখেছি। (১২) দূর থেকে অগ্নি যখন তাদেরকে দেখবে, তখন তারা এর বিক্ষুব্ধ

تَغَيُّظًا وَزَفِيرًا ۝١٢ وَإِذَا أُلْقُوا مِنْهَا مَكَانًا ضَيِّقًا مُّقَرَّنِينَ دَعَوْا هُنَالِكَ ثُبُورًا ۝

তাগাইয়্যুযাওঁ ওয়া যাফীরা। ১৩। ওয়া ইযা- উল্‌ক্বূ মিন্‌হা- মাকা-নান্ দ্বাইয়্যিক্বাম মুক্বার্‌রানীনা দা'আও হুনা-লিকা ছুবূরা-।
গর্জন ও হুংকার শুনতে পাবে; (১৩) যখন তারা শিকলে বাঁধা অবস্থায় সেখানে কোন সংকীর্ণ স্থানে নিক্ষিপ্ত হবে, তখন তারা সেখানে 'মৃত্যু' 'মৃত্যু' বলে ডাকবে।

۝١٣ لَّا تَدْعُوا الْيَوْمَ ثُبُورًا وَاحِدًا وَادْعُوا ثُبُورًا كَثِيرًا ۝١٤ قُلْ أَذٰلِكَ خَيْرٌ أَمْ جَنَّةُ

১৪। লা- তাদ্‌'উল্ ইয়াওমা ছুবূরাওঁ ওয়াহ্বিদাওঁ ওয়াদ্‌'ঊ ছুবূরান্ কাছীরা-। ১৫। ক্বুল্ আযা-লিকা খাইরুন্ আম্ জ্বান্নাতুল্
(১৪) বলা হবে, 'আজ তোমরা এক মৃত্যুকে ডেকো না, বরং অসংখ্য মৃত্যুকে ডাকো।'(১৫) বলুন, এটিই উত্তম, না স্থায়ী জান্নাত–

الْخُلْدِ الَّتِي وُعِدَ الْمُتَّقُونَ ۚ كَانَتْ لَهُمْ جَزَاءً وَمَصِيرًا ۝١٥ لَّهُمْ فِيهَا مَا يَشَاءُونَ

খুল্‌দিল্‌লাতী উ'ইদাল্ মুত্তাক্বূন; কা-নাত্ লাহুম্ জ্বাযা—আওঁ ওয়া মাস্বীরা-। ১৬। লাহুম্ ফীহা- মা- ইয়াশা—উনা
যার ওয়াদা দেয়া হয়েছে মুত্তাকীদেরকে ? এটাই তো তাদের পুরস্কার ও বাসস্থান। (১৬) সেখানে তারা যা কামনা করবে তাই পাবে এবং

خَالِدِينَ ۚ كَانَ عَلَىٰ رَبِّكَ وَعْدًا مَّسْئُولًا ۝١٦ وَيَوْمَ يَحْشُرُهُمْ وَمَا يَعْبُدُونَ

খা-লিদীন্; কা-না 'আলা- রব্বিকা ওয়া'দাম্‌মাস্‌ঊলা-। ১৭। ওয়া ইয়াওমা ইয়াহ্‌শুরুহুম্ ওয়ামা- ইয়া'বুদূনা
তা স্থায়ী হবে। এপ্রতিশ্রুতি পূরণ আপনার প্রতিপালকেরই দায়িত্ব। (১৭) যেদিন তিনি তাদেরকে এবং আল্লাহ ব্যতীত তারা যাদের উপাসনা

مِن دُونِ اللَّهِ فَيَقُولُ أَأَنتُمْ أَضْلَلْتُمْ عِبَادِي هٰؤُلَاءِ أَمْ هُمْ ضَلُّوا السَّبِيلَ ۝

মিন্ দূনিল্লা-হি ফাইয়াক্বূলু আ আন্‌তুম্ আদ্বলাল্‌তুম্ 'ইবা-দী হা—উলা—য়ি আম্ হুম্ দ্বাল্লুস্ সাবীল্।
করত তাদেরকে একত্রিত করে বলবেন, আমার এই বান্দাদেরকে তোমরাই কি পথভ্রষ্ট করেছিলে না তারা নিজেরাই পথভ্রষ্ট হয়েছিল।

۝١٧ قَالُوا سُبْحَانَكَ مَا كَانَ يَنبَغِي لَنَا أَن نَّتَّخِذَ مِن دُونِكَ مِنْ أَوْلِيَاءَ وَلَٰكِن

১৮। ক্বা-লূ সুবহ্বা-নাকা মা- কা-না ইয়ামবাগী লানা~আন্ নাত্তাখিযা মিন্ দূনিকা আওলিইয়া—আ ওয়ালা- কিম
(১৮) তারা বলবে, 'পবিত্র ও মহান স্বত্ত্বা আপনি! আপনার পরিবর্তে অন্যকে বন্ধুরূপে গ্রহণ করা আমাদের জন্য সমীচীন নয়। আপনিই তো তাদেরকে এবং তাদের

مَّتَّعْتَهُمْ وَآبَاءَهُمْ حَتَّىٰ نَسُوا الذِّكْرَ وَكَانُوا قَوْمًا بُورًا ۝١٨ فَقَدْ كَذَّبُوكُم بِمَا

মাত্তা'তাহুম্ ওয়া আ-বা—আহুম্ হাত্তা- নাসুয যিক্‌র, ওয়া কা-নূ ক্বাওমাম্ বূরা-। ১৯। ফাক্বাদ্ কায্‌যাবূকুম্ বিমা-
পিতৃপুরুষদেরকে জীবনোপকরণ দিয়েছিলেন। পরিণামে তারা আপনাকে ভুলে গিয়েছিল এবং এক ধ্বংসপ্রাপ্ত জাতিতে পরিণত হয়েছিল। (১৯) (দেখ) 'তোমাদের উপাস্যরাই

تَقُولُونَ ۙ فَمَا تَسْتَطِيعُونَ صَرْفًا وَلَا نَصْرًا ۚ وَمَن يَظْلِم مِّنكُمْ نُذِقْهُ عَذَابًا

তাক্বূলূনা ফামা- তাস্‌তাত্বী'ঊনা স্বার্‌ফাওঁ ওয়ালা- নাস্‌রা-, ওয়া মাই ইয়ায্বলিম মিন্‌কুম্ নুযিক্বহু 'আযা-বান্
তোমাদেরকে মিথ্যা সাব্যস্ত করেছে; সুতরাং তোমরা শাস্তি প্রতিহত করতে পারবে না, সাহায্যও কামনা করতে পারবে না। যে কেউ সীমালংঘন করবে আমি তাকে মহাআযাব

كَبِيرًا ۝١٩ وَمَا أَرْسَلْنَا قَبْلَكَ مِنَ الْمُرْسَلِينَ إِلَّا إِنَّهُمْ لَيَأْكُلُونَ الطَّعَامَ وَيَمْشُونَ فِي

কাবীরা। ২০। ওয়ামা- আর্‌সাল্‌না- ক্বাব্‌লাকা মিনাল্ মুর্‌সালীনা ইল্লা~ইন্নাহুম্ লাইয়া'কুলূনাত্ব ত্বা'আ-মা ওয়া ইয়াম্‌শূনা ফিল
আস্বাদন করাবই।' (২০) আপনার পূর্বে আমি যে সব রসূল প্রেরণ করেছি তারা সকলেই তো খাবার গ্রহণ করতেন ও হাটে-বাজারে যাতায়াত করতেন।

২ ع ১৭ রুকূ

الْأَسْوَاقِ ۗ وَجَعَلْنَا بَعْضَكُمْ لِبَعْضٍ فِتْنَةً أَتَصْبِرُونَ ۗ وَكَانَ رَبُّكَ بَصِيرًا ۝

আস্‌ওয়া-ক্ব; ওয়াজ্বা'আল্‌না- বা'দ্বাকুম্ লিবা'দ্বিন্ ফিত্‌নাহ্; আতাস্ববিরূন, ওয়া কা-না রাব্বুকা বাস্বীরা-।
হে মানব জাতি! আমি তোমাদের মধ্যে একক অপরের জন্য পরীক্ষাস্বরূপ করেছি। তোমরা কি ধৈর্যধারণ করবে না ? তোমার প্রতিপালক সমস্ত কিছুই দেখে থাকেন।

وَقَالَ الَّذِينَ لَا يَرْجُونَ لِقَاءَنَا لَوْلَا أُنْزِلَ عَلَيْنَا الْمَلَائِكَةُ أَوْ نَرَىٰ رَبَّنَا ﴿٢١﴾

২১। ওয়া ক্বা-লাল্ লাযীনা লা-ইয়ারজূনা লিক্বা—আনা- লাওলা~ উন্‌যিলা 'আলাইনাল মালা—ইকাতু আও নারা- রাব্বানা- ;
(২১) এবং যারা আমার সাক্ষাতের আশা করে না, তারা বলে, আমাদের কাছে ফিরিশতা কেন অবতীর্ণ করা হয়না? অথবা আমরা আমাদের প্রতিপালককে কেন দেখি না?

لَقَدِ اسْتَكْبَرُوا فِي أَنْفُسِهِمْ وَعَتَوْا عُتُوًّا كَبِيرًا ﴿٢٢﴾ يَوْمَ يَرَوْنَ الْمَلَائِكَةَ لَا بُشْرَىٰ

লাক্বাদিস্ তাক্‌বারূ ফী~আন্‌ফুসিহিম ওয়া'আতাও 'উতুওওয়ান্ কাবীরা-। ২২। ইয়াওমা ইয়ারাওনাল মালা—ইকাতা লা- বুশরা-
তারা তাদের অন্তরে নিজদেরকে অনেক বড় মনে করে এবং তারা খুবই অবাধ্য হয়েছে। (২২) যেদিন তারা ফিরিশতাগণকে দেখবে, সেদিন সে পাপীদের

يَوْمَئِذٍ لِلْمُجْرِمِينَ وَيَقُولُونَ حِجْرًا مَحْجُورًا ﴿٢٣﴾ وَقَدِمْنَا إِلَىٰ مَا عَمِلُوا مِنْ

ইয়াওমাইযিল্ লিল্‌মুজ্‌রিমীনা ওয়া ইয়াক্বূলূনা হিজ্‌রাম্ মাহ্‌জূরা-। ২৩। ওয়া ক্বাদিম্‌না~ইলা- মা-'আমিলূ মিন্
জন্য কোন সুসংবাদ থাকবে না এবং তারা (আযাব দেখে) বলবে, (রক্ষা কর, রক্ষা কর!)। (২৩) এবং আমি তাদেরকৃতগুলোর দিকে

عَمَلٍ فَجَعَلْنَاهُ هَبَاءً مَنْثُورًا ﴿٢٤﴾ أَصْحَابُ الْجَنَّةِ يَوْمَئِذٍ خَيْرٌ مُسْتَقَرًّا وَأَحْسَنُ

'আমালিন্ ফাজ্বা'আল্‌না-হু হাবা—আম্ মান্‌ছূরা-। ২৪। আস্‌হা-বুল্ জ্বান্নাতি ইয়াওমাইযিন্ খাইরুম্ মুস্তাক্বাররাও ওয়া আহ্‌সানু
দৃষ্টি নিক্ষেপ করব। অতঃপর সেগুলোকে আমি ছড়ানো ধূলিকণার মত করে দেব। (২৪) সেদিন জান্নাতীগণের বাসস্থান উৎকৃষ্ট এবং বিশ্রামস্থল অতি

مَقِيلًا ﴿٢٥﴾ وَيَوْمَ تَشَقَّقُ السَّمَاءُ بِالْغَمَامِ وَنُزِّلَ الْمَلَائِكَةُ تَنْزِيلًا ﴿٢٦﴾ الْمُلْكُ يَوْمَئِذٍ

মাক্বীলা-। ২৫। ওয়া ইয়াওমা তাশাক্কাক্বুস্ সামা—উ বিলগামা-মি ওয়া নুয্‌যিলাল মালা—ইকাতু তান্‌যীলা-। ২৬। আল্‌মুলকু ইয়াওমাইযিনিল্
মনোরম হবে। (২৫) যেদিন আকাশ মেঘ মালাসহ বিদীর্ণ হবে এবং ফিরিশতাগণ পরপর প্রেরিত হবে, (২৬) সেদিন প্রকৃত কর্তৃত্ব হবে একমাত্র

الْحَقُّ لِلرَّحْمَٰنِ ۚ وَكَانَ يَوْمًا عَلَى الْكَافِرِينَ عَسِيرًا ﴿٢٧﴾ وَيَوْمَ يَعَضُّ الظَّالِمُ عَلَىٰ

হাক্কু লির্‌রাহ্‌মা-ন ; ওয়া কা-না ইয়াওমান 'আলাল্ কা-ফিরীনা 'আসীরা-। ২৭। ওয়া ইয়াওমা ইয়া'আদ্দুয্ যা-লিমু 'আলা-
রহমানের এবং সেদিন টি কাফিরদের উপর অতি কঠিন হবে। (২৭) সেদিন জালিম ব্যক্তি নিজ হস্তদ্বয় কামড়াতে কামড়াতে বলবে,

يَدَيْهِ يَقُولُ يَا لَيْتَنِي اتَّخَذْتُ مَعَ الرَّسُولِ سَبِيلًا ﴿٢٨﴾ يَا وَيْلَتَىٰ لَيْتَنِي لَمْ أَتَّخِذْ

ইয়াদাইহি ইয়াক্বূলু ইয়া-লাইতানিত্ তাখাযতু মা'আর্ রাসূলি সাবীলা-। ২৮। ইয়া- ওয়াইলাতা- লাইতানী লাম আত্তাখিয্
হায়! যদি আমি রাসূলের সাথে (তাঁর) সরলপথ গ্রহণ করতাম! (২৮) 'হায় আফসোস! যদি আমি অমুককে বন্ধু হিসেবে গ্রহণ না

فُلَانًا خَلِيلًا ﴿٢٩﴾ لَقَدْ أَضَلَّنِي عَنِ الذِّكْرِ بَعْدَ إِذْ جَاءَنِي ۗ وَكَانَ الشَّيْطَانُ لِلْإِنْسَانِ

ফুলা-নান্ খালীলা-। ২৯। লাক্বাদ্ আদ্বাল্লানী 'আনিয্ যিক্‌রি বা'দা ইয্ জ্বা—আনী ; ওয়া কা-নাশ্ শাইত্বা-নু লিল'ইন্‌সা-নি
করতাম'। (২৯) সে তো আমাকে পথভ্রষ্ট করেছে, (রাসূলের) উপদেশ হতে। যখন তা আমার কাছে এসে পৌঁছেছে তারপর শয়তানতো মানুষকে

○ টিপ্পনী (আঃ ২২) ঃ يوم يرون - এ দিন দ্বারা মৃত্যুর দিনকে বুঝান হয়েছে। কারো মতে, এর দ্বারা কিয়ামতের দিনকে বুঝান হয়েছে। ইমাম ইবনে কাসীর (রহ) বলেন, উভয়টিই সঠিক। এজন্য যে, এ দুটি দিনেই ফিরিশতা মুমিন ও কাফিরদের সামনে হাজির হয়ে মুমিনদের সুসংবাদ এবং কাফিরদেরকে ধ্বংসের দুঃসংবাদ দিবেন। (কুঃ কারীম) ○ টীকা (আঃ ২৮) ঃ উক্‌বা ইবনে আবি মুঈত রাসূল (সা)-কে দাওয়াত করলে রাসূল (সা) তার ঈমান আনয়নের শর্তে কবুল করেন এবং সে কালেমা উচ্চারণ করার পর রাসূল (স) দাওয়াতে গেলেন। এরই উল্লেখ এই আয়াতে রয়েছে। অতঃপর উবাই ইবনে খলফ তাকে ভর্ৎসনা করলে সে বলল যে, কোন উদ্দেশ্য সিদ্ধার্থে বাহ্যিকভাবে কালেমা পড়েছি, অন্তরে আস্থা স্থাপন করি নি। বাস্তবে সে কাফেরই রয়ে গেল। (বঃ কোঃ)

خَذُولًا ﴿٢٩﴾ وَقَالَ الرَّسُولُ يَا رَبِّ إِنَّ قَوْمِي اتَّخَذُوا هَٰذَا الْقُرْآنَ مَهْجُورًا ﴿٣٠﴾

খাযূলা-। ৩০। ওয়া ক্বা-লার্ রাসূলু ইয়া- রাব্বি ইন্না ক্বাওমিত্ তাখাযূ হা-যাল্ কুরআ-না মাহ্‌জূরা-।
ধোঁকা প্রদানকারী। (৩০) এবং রাসূল বললেন, হে আমার প্রতিপালক! আমার সম্প্রদায় এ কুরআনকে বর্জনীয় মনে করেছে।

وَكَذَٰلِكَ جَعَلْنَا لِكُلِّ نَبِيٍّ عَدُوًّا مِنَ الْمُجْرِمِينَ ۗ وَكَفَىٰ بِرَبِّكَ هَادِيًا ﴿٣١﴾

৩১। ওয়া কাযা-লিকা জ্বা'আল্‌না- লিকুল্লি নাবিইয়্যিন 'আদুওওয়্যাম্ মিনাল্ মুজ্‌রিমীন ;ওয়া কাফা- বিরাব্বিকা হা-দিয়াওঁ
(৩১) এভাবেই আমি কতিপয় অপরাধীদেরকে প্রত্যেক নবীর জন্য দুশমন বানিয়েছিলাম এবং আপনার প্রতিপালকই সঠিক পথ প্রদর্শনকারী এবং সাহায্যকারী

وَنَصِيرًا ﴿٣١﴾ وَقَالَ الَّذِينَ كَفَرُوا لَوْلَا نُزِّلَ عَلَيْهِ الْقُرْآنُ جُمْلَةً وَاحِدَةً ۚ كَذَٰلِكَ

ওয়া নাস্বীরা-। ৩২। ওয়া ক্বা-লাল্ লাযীনা কাফারূ লাওলা- নুয্‌যিলা 'আলাইহিল কুরআ-নু জুম্‌লাতাওঁ ওয়া-হিদাহ্, কাযা-লিকা,
হিসেবে যথেষ্ট। (৩২) কাফেররা বলল, সমুদয় কুরআন তার উপর একত্রে অবতীর্ণ হল না কেন? এভাবেই আমি অবতীর্ণ করেছি, এবং আমি তা থেমে থেমে

لِنُثَبِّتَ بِهِ فُؤَادَكَ ۖ وَرَتَّلْنَاهُ تَرْتِيلًا ﴿٣٢﴾ وَلَا يَأْتُونَكَ بِمَثَلٍ إِلَّا جِئْنَاكَ بِالْحَقِّ

লিনুছাব্বিতা বিহী ফুআ-দাকা ওয়া রাত্তাল্‌না-হু তার্‌তীলা-। ৩৩। ওয়ালা- ইয়া'তূনাকা বিমাছালিন ইল্লা-জ্বি'না-কা বিলহাক্কি
পাঠ করেছি। যাতে, এর দ্বারা আপনার অন্তর সুদৃঢ় হয় (৩৩) তারা আপনার কাছে যত জটিল বিষয় উপস্থিত নিয়ে যায় তার সঠিক উত্তর

وَأَحْسَنَ تَفْسِيرًا ﴿٣٣﴾ الَّذِينَ يُحْشَرُونَ عَلَىٰ وُجُوهِهِمْ إِلَىٰ جَهَنَّمَ أُولَٰئِكَ

ওয়া আহ্‌সানা তাফ্‌সীরা-। ৩৪। আল্লাযীনা ইউহ্‌শারূনা 'আলা- উজ্বূহিহিম ইলা- জ্বাহান্নামা, উলা—ইকা
এবং সুন্দর বিশ্লেষণ আমি আপনাকে বলে দেই ; (৩৪) এরা তারা যাদেরকে মুখ উপুড় অবস্থায় জাহান্নামের দিকে নিয়ে যাওয়া হবে, তারা

شَرٌّ مَكَانًا وَأَضَلُّ سَبِيلًا ﴿٣٤﴾ وَلَقَدْ آتَيْنَا مُوسَى الْكِتَابَ وَجَعَلْنَا مَعَهُ أَخَاهُ

শার্‌রুম্ মাকা-নাওঁ ওয়া আদ্বাল্লু সাবীলা-। ৩৫। ওয়া লাক্বাদ্ আ-তাইনা- মূসাল্ কিতা-বা ওয়া জ্বা'আল্‌না- মা'আহূ~আখা-হু
স্থানের দিক দিয়েও অতি নিকৃষ্ট এবং চলার দিক দিয়েও পথভ্রান্ত। (৩৫) আমি মূসাকে কিতাব দিয়েছিলাম এবং তাঁর সাথে তাঁর ভাই হারুনকে সাহায্যকারী

هَارُونَ وَزِيرًا ﴿٣٥﴾ فَقُلْنَا اذْهَبَا إِلَى الْقَوْمِ الَّذِينَ كَذَّبُوا بِآيَاتِنَا فَدَمَّرْنَاهُمْ تَدْمِيرًا ﴿٣٦﴾

হা-রূনা ওয়াযীরা-। ৩৬। ফাক্বুল্‌নায্ হাবা~ইলাল্ ক্বাওমিল্ লাযীনা কায্‌যাবূ বিআ-ইয়া-তিনা-; ফাদাম্মারনা-হুম তাদ্‌মীরা-।
করেছিলাম, (৩৬) অতঃপর বলেছিলাম যে, আপনারা এমন জাতির কাছে যান, যারা আমার আয়াতসমূহকে অস্বীকার করেছে, ফলে আমি তাদেরকে একেবারে ধ্বংস করে দিয়েছিলাম।

وَقَوْمَ نُوحٍ لَمَّا كَذَّبُوا الرُّسُلَ أَغْرَقْنَاهُمْ وَجَعَلْنَاهُمْ لِلنَّاسِ آيَةً ۖ وَأَعْتَدْنَا لِلظَّالِمِينَ ﴿٣٧﴾

৩৭। ওয়া ক্বাওমা নূহিন্ লাম্মা- কায্‌যাবুর্ রুসূলা আগ্‌রাক্বনা-হুম ওয়া জ্বা'আল্‌না-হুম লিন্না-সি আ-য়াহ ; ওয়া আ'তাদ্‌না- লিয্‌যা-লিমীনা
(৩৭) এবং নূহের সম্প্রদায়কেও যখন তারা রাসূলগণকে মিথ্যারোপ করেছিল, তখন আমি তাদেরকে ডুবিয়ে দিয়েছিলাম এবং মানুষদের জন্য, তাদেরকে দৃষ্টান্ত স্বরূপ করে দিলাম। আর আমি

○ টীকা (আঃ ৩১) ঃ আপনার চিন্তার দুটি কারণ হতে পারে। তাদের পথভ্রষ্ট থাকার এবং তারা আপনাকে উৎপীড়ন করার আশংকার। অতএব, আল্লাহ পাকই তাদের হেদায়াতের জন্য এবং তাদের উৎপীড়ন দমনের জন্য যথেষ্ট। আপনি কোন চিন্তা করবেন না। (বঃ কোঃ)
○ টীকা (আঃ ৩২) ঃ এই প্রশ্নের উদ্দেশ্য এই যে, কোরআন আল্লাহর কালাম হলে ক্রমান্বয়ে নাযিল করার কি প্রয়োজন ছিল? এতে সন্দেহ হয় যে, মোহাম্মদ (দ) স্বয়ং চিন্তা করে কিছু কিছু রচনা করতেছেন। উত্তর পরবর্তী আয়াতে আসতেছে। (বঃ কোঃ)
○ টীকা (আঃ ৩৪) ঃ এখানে 'বাসস্থান' বলতে দোযখ, আর পন্থা বলতে ধর্মনীতি ও মতবাদ উদ্দেশ্য। আর মুখে ভর দিয়ে বিপরীতভাবে হাটানোর শাস্তি তাদের উপযোগী এই জন্য যে, তাদের প্রশ্নগুলিও বিপরীত বুদ্ধিপ্রসূত। কাজেই শাস্তিও তাদের বিপরীত দিক হতে হবে। (বঃ কোঃ)

عَذَابًا اَلِيْمًا ﴿٣٧﴾ وَّعَادًا وَّثَمُوْدَا۠ وَاَصْحٰبَ الرَّسِّ وَقُرُوْنًا بَيْنَ ذٰلِكَ كَثِيْرًا

'আযা-বান্ আলীমা-। ৩৮। ওয়া 'আ-দাওঁ ওয়া ছামূদা ওয়া আস্হা-বার্ রাস্সি ওয়া ক্বুরূনাম্ বাইনা যা-লিকা কাছীরা-।

জালিমদের জন্য যন্ত্রণাময় শাস্তি প্রস্তুত করে রেখেছি, । (৩৮) আমি আদ, সামূদ এবং কূপবাসী এবং তাদের মধ্যবর্তী বহু সম্প্রদায়কে (ধ্বংস করেছিলাম)।

﴿٣٨﴾ وَكُلًّا ضَرَبْنَا لَهُ الْاَمْثَالَ ؗ وَكُلًّا تَبَّرْنَا تَتْبِيْرًا ﴿٣٩﴾ وَلَقَدْ اَتَوْا عَلَى الْقَرْيَةِ الَّتِيْٓ

৩৯। ওয়া কুল্লান্ দ্বারাব্না- লাহুল্ 'আম্ছা-লা, ওয়া কুল্লান্ তাব্বার্না- তাত্বীরা-। ৪০। ওয়া লাক্বাদ্ আতাও 'আলাল্ ক্বার্ইয়াতিল্লাতী~

(৩৯) এবং আমি তাদের সবার জন্য দৃষ্টান্ত বর্ণনা করেছিলাম, আর আমি তাদের প্রত্যেককেই ধ্বংস করে দিয়েছিলাম। (৪০) তারাতো সে জনপদের পার্শ্ব দিয়ে

اُمْطِرَتْ مَطَرَ السَّوْءِ ؕ اَفَلَمْ يَكُوْنُوْا يَرَوْنَهَا ۚ بَلْ كَانُوْا لَا يَرْجُوْنَ نُشُوْرًا ﴿٤٠﴾ وَاِذَا

উম্ত্বিরাত্ মাত্বারাস্ সাওই ; আফালাম ইয়াকূনূ ইয়ারাওনাহা-, বাল্ কা-নূ লা- ইয়ারজূনা নুশূরা-। ৪১। ওয়া ইযা-

আসা যাওয়া করে, যার উপর বর্ষিত হয়েছিল প্রস্তর বৃষ্টি এরপরও কি তারা তা দেখে না? প্রকৃত পক্ষে তারা পুনর্জীবিত হবার আশা করে না। (৪১) যখন তারা

رَاَوْكَ اِنْ يَّتَّخِذُوْنَكَ اِلَّا هُزُوًا ؕ اَهٰذَا الَّذِيْ بَعَثَ اللّٰهُ رَسُوْلًا ﴿٤١﴾ اِنْ كَادَ

রাআওকা ইয ইয়াত্তাখিযূনাকা ইল্লা- হুযুওয়ান ; আহা-যাল্লাযী বা'আছাল্লা-হু রাসূলা-। ৪২। ইন্ কা-দা

আপনাকে দেখে তখন তারা আপনাকে নিয়ে উপহাস করতে থাকে যে, ইনিই কি সে ব্যক্তি যাকে আল্লাহ্ রাসূল হিসেবে প্রেরণ করেছেন? (৪২) সেতো

لَيُضِلُّنَا عَنْ اٰلِهَتِنَا لَوْلَآ اَنْ صَبَرْنَا عَلَيْهَا ؕ وَسَوْفَ يَعْلَمُوْنَ حِيْنَ يَرَوْنَ الْعَذَابَ

লাইউদ্বিল্লুনা- 'আন্ আ-লিহাতিনা- লাওলা ~আন্ স্বাবার্না- 'আলাইহা-; ওয়া সাওফা ইয়া'লামূনা হ্বীনা ইয়ারাওনাল্ 'আযা-বা

আমাদেরকে আমাদের মা'বূদ হতে দূরে সরিয়ে দিত, যদি না আমরা তাদের উপর মজবুত থাকতাম। যখন তারা শাস্তি দেখবে, তখন তারা স্পষ্ট জানতে

مَنْ اَضَلُّ سَبِيْلًا ﴿٤٢﴾ اَرَءَيْتَ مَنِ اتَّخَذَ اِلٰهَهٗ هَوٰىهُ ؕ اَفَاَنْتَ تَكُوْنُ عَلَيْهِ وَكِيْلًا

মান্ আদ্বাল্লু সাবীলা-। ৪৩। আরাআইতা মানিত্তাখাযা ইলা-হাহূ হাওয়া-হু ; আফাআন্তা তাকূনু 'আলাইহি ওয়াকীলা-।

পারবে যে, কে অধিক পথভ্রষ্ট। (৪৩) আপনি কি তাকে দেখেন না, যে নিজ প্রবৃত্তিকে উপাস্য হিসেবে গ্রহণ করেছে, অতএব আপনি কি কখনো তার ব্যবস্থাপক হতে পারেন?

﴿٤٣﴾ اَمْ تَحْسَبُ اَنَّ اَكْثَرَهُمْ يَسْمَعُوْنَ اَوْ يَعْقِلُوْنَ ؕ اِنْ هُمْ اِلَّا كَالْاَنْعَامِ بَلْ هُمْ

৪৪। আম্ তাহ্সাবু আন্না আক্ছারাহুম ইয়াস্মা'উনা আও ইয়া'ক্বিলূন; ইন্ হুম ইল্লা- কাল্ আন্'আ-মি বাল্ হুম

(৪৪) অথবা আপনি কি এ ধারণা করে যে, তাদের মধ্যে অনেকেই শোনে অথবা বুঝে? তারা তো নিছক চতুষ্পদ জন্তুর মত বরং তারা এর চেয়ে অধিক

اَضَلُّ سَبِيْلًا ﴿٤٤﴾ اَلَمْ تَرَ اِلٰى رَبِّكَ كَيْفَ مَدَّ الظِّلَّ ۚ وَلَوْ شَآءَ لَجَعَلَهٗ سَاكِنًا ۚ

৪ ع ৫০ ২ রুকূ

আদ্বাল্লু সাবীলা-। ৪৫। আলাম্ তারা ইলা-রাব্বিকা কাইফা মাদ্দায্ যিল্লা, ওয়ালাও শা—আ লাজা'আলাহূ সা-কিনান-,

পথভ্রষ্ট। (৪৫) আপনি কি দেখেন না যে, আপনার প্রতিপালক ছায়াকে কিভাবে বিস্তৃত করেন? যদি তিনি ইচ্ছা করতেন, তবে সেটাকে স্থির রাখতে পারতেন; অতঃপর

○ বিশ্লেষণ (আঃ ৩৮) ঃ اصحب الرس - (কূয়াবাসী) কে ছিল? এ ব্যাপারে মতভেদ রয়েছে। তফসীরগুলোতে এ ব্যাপারে অনেক আলোচনা করা হয়েছে। মোট কথা তারা এমন সম্প্রদায় ছিল যে, যারা তাদের পয়গম্বরদের অস্বীকার করার কারণে ধ্বংস হয়ে গিয়েছিল। হযরত শাহ ছাহেব (রহ) বলেন, তারা এক রাসূলের উম্মত যারা তাদের রাসূলকে কূয়ায় বন্ধ করে রেখেছিল। অতঃপর তাদের উপর যখন শাস্তি আসল, তখন সে রাসূল তা থেকে নিষ্কৃতি পেলেন। (তাঃ ওসমানী) কূপের নিকট বাস করত বলে তাদেরকে আসহাবে রাস্‌স, নামকরণ করা হয়েছে। ○ বিশ্লেষণ (আঃ ৪০) ঃ ولقد اتوا على القرية, - জনপদ দ্বারা লূতের (আ) সম্প্রদায়কে বুঝান হয়েছে এবং অমংগলের বৃষ্টি দ্বারা পাথরের বৃষ্টি বুঝান হয়েছে। এ জনপদকে উলট-পালট করে তার উপর পাথরের বৃষ্টি বর্ষণ করা হয়েছিল। এ জনপদটি শাম ও ফিলিস্তিনে যাতায়াতের পথে পড়ে, সেখান হয়ে মক্কাবাসী যাতায়াত করে থাকে। (কুঃ কারীম)

ثُمَّ جَعَلْنَا الشَّمْسَ عَلَيْهِ دَلِيْلًا ﴿٤٥﴾ ثُمَّ قَبَضْنٰهُ اِلَيْنَا قَبْضًا يَّسِيْرًا ﴿٤٦﴾ وَهُوَ الَّذِيْ

ছুম্মা জ্বা'আলনাশ্ শামসা 'আলাইহি দালীলা-। ৪৬। ছুম্মা ক্বাবাদ্বনা-হু ইলাইনা- ক্বাব্দ্বাই ইয়াসীরা-। ৪৭। ওয়া হুওয়াল্লাযী

আমি সূর্যকে তার প্রমাণ হিসেবে নির্ধারণ করেছি। (৪৬) অতঃপর আমি একেক্রমান্বয়ে আস্তে নিজের দিকে টেনে আনি। (৪৭) আর তিনি (আল্লাহ) যিনি

جَعَلَ لَكُمُ الَّيْلَ لِبَاسًا وَّالنَّوْمَ سُبَاتًا وَّجَعَلَ النَّهَارَ نُشُوْرًا ﴿٤٧﴾ وَهُوَ الَّذِيْٓ اَرْسَلَ

জ্বা'আলা লাকুমুল্ লাইলা লিবা-সাওঁ ওয়ান্ নাওমা সুবা-তাওঁ ওয়া জ্বা'আলান্ নাহা-রা নুশূরা-। ৪৮। ওয়া হুওয়াললাযী~আরসালার্

রাতকে তোমার জন্য বানিয়েছেন আবরণস্বরূপ এবং নিদ্রাকে বানিয়েছেন আরামদায়ক এবং দিনকে করেছেন (নিদ্রা থেকে) ওঠার সময়। (৪৮) এবং তিনি (আল্লাহ)

الرِّيٰحَ بُشْرًا ۢ بَيْنَ يَدَيْ رَحْمَتِهٖ ۚ وَاَنْزَلْنَا مِنَ السَّمَآءِ مَآءً طَهُوْرًا ﴿٤٨﴾ لِّنُحْيِۦَ بِهٖ

রিইয়া-হ্বা বুশরাম্ বাইনা ইয়াদাই রাহ্মাতিহ্, ওয়া আন্যাল্না- মিনাস্ সামা—ই মা—আন্ ত্বাহূরা-। ৪৯। লিনুহ্ইইয়া বিহী

তার রহমত (বৃষ্টি) বর্ষণের পূর্বে সুসংবাদ প্রদানকারী হিসেবে বায়ু প্রেরণ করেন এবং আমি বর্ষণ করি আকাশ থেকে বিশুদ্ধ পানি, যাতে এর দ্বারা (৪৯) আমি মৃত জনপদকে

بَلْدَةً مَّيْتًا وَّنُسْقِيَهٗ مِمَّا خَلَقْنَآ اَنْعَامًا وَّاَنَاسِيَّ كَثِيْرًا ﴿٤٩﴾ وَلَقَدْ صَرَّفْنٰهُ بَيْنَهُمْ

বালদাতাম্ মাইতাওঁ ওয়া নুসক্বিয়াহূ মিম্মা- খালাক্বনা ~আন্'আ-মাওঁ ওয়া আনা-সিইয়্যা কাছীরা-। ৫০। ওয়া লাক্বাদ্ স্বার্রাফ্না-হু বাইনাহুম

সতেজ করি এবং আমি আমার সৃষ্টির মধ্য হতে বহু চতুষ্পদ জন্তু এবং মানুষদেরকে তা (পানি) পান করাই। (৫০) এবং আমি তা (বৃষ্টি) তাদের মধ্যে পরিমাণ মত বর্ষণ

لِيَذَّكَّرُوْا ۖ فَاَبٰٓى اَكْثَرُ النَّاسِ اِلَّا كُفُوْرًا ﴿٥٠﴾ وَلَوْ شِئْنَا لَبَعَثْنَا فِيْ كُلِّ قَرْيَةٍ

লিইয়ায্যাক্কারূ, ফাআবা~আক্ছারুন্না-সি ইল্লা- কুফূরা-। ৫১। ওয়ালাও শি'না- লাবা'আছ্না-ফী কুল্লি ক্বার্ইয়াতিন্

করি, যাতে তারা উপদেশ গ্রহণ করে, কিন্তু তাদের অধিকাংশই অকৃতজ্ঞতা প্রকাশ করে। (৫১) যদি আমি ইচ্ছা করতাম, অবশ্যই প্রতিটি জনপদে একজন ভীতি প্রদর্শনকারী

نَّذِيْرًا ﴿٥١﴾ ۖ فَلَا تُطِعِ الْكٰفِرِيْنَ وَجَاهِدْهُمْ بِهٖ جِهَادًا كَبِيْرًا ﴿٥٢﴾ وَهُوَ الَّذِيْ مَرَجَ

নাযীরা-। ৫২। ফালা- তুত্বি'ইল কা-ফিরীনা ওয়া জ্বা-হিদ্হুম্ বিহী জ্বিহা-দান্ কাবীরা-। ৫৩। ওয়া হুওয়াললাযী মারাজ্বাল

পাঠাতাম। (৫২) সুতরাং আপনি কাফিরদের অনুসরণ করবেন না এবং কুরআন দ্বারা তাদের মোকাবেলা করুন। (৫৩) আর তিনি (আল্লাহ), এমন যিনি দুটি সমুদ্রকে

الْبَحْرَيْنِ هٰذَا عَذْبٌ فُرَاتٌ وَّهٰذَا مِلْحٌ اُجَاجٌ ۚ وَجَعَلَ بَيْنَهُمَا بَرْزَخًا وَّحِجْرًا

বাহ্রাইনি হা-যা- 'আয্বুন ফুরা-তুওঁ ওয়া হা-যা- মিল্হুন উজ্বা-জু, ওয়া জ্বা'আলা বাইনাহুমা- বারযাখাওঁ ওয়া হিজ্বরাম্

পরস্পরে মিলিয়ে রেখেছেন, একটি তো সুমিষ্ট সুস্বাদু এবং অন্যটি লবণাক্ত, তিক্ত পানি; এবং এ উভয়ের মাঝে একটি শক্তিশালী প্রতিবন্ধকতা এবং (পার্থক্যকারী) পর্দা সৃষ্টি

مَّحْجُوْرًا ﴿٥٣﴾ وَهُوَ الَّذِيْ خَلَقَ مِنَ الْمَآءِ بَشَرًا فَجَعَلَهٗ نَسَبًا وَّصِهْرًا ؕ وَكَانَ رَبُّكَ

মাহ্জুরা-। ৫৪। ওয়া হুওয়াল্লাযী খালাক্বা মিনাল্ মা—ই বাশারান্ ফাজ্বা'আলাহূ নাসাবাওঁ ওয়া স্বিহ্রা-, ওয়া কা-না রাব্বুকা

করেছেন। (৫৪) আর তিনি (আল্লাহ) এমন যিনি পানি হতে মানুষকে সৃষ্টি করেছেন; এবং তিনি তার জন্য নির্ধারণ করেছেন বংশগত এবং বৈবাহিক সম্পর্ক। আপনার রব

○ টীকা (আঃ ৪৬) ঃ যেহেতু সূর্যের ছায়া ক্রমশঃ সংকুচিত হয়ে পরিশেষে একেবারে বিলীন হয়ে যাওয়া সম্পূর্ণরূপে আল্লাহ্ তা'আলার ক্ষমতাধীন। আর বাহ্যিকরূপে অদৃশ্য হয়ে গেলেও আল্লাহ্ পাকের জ্ঞান হতে অদৃশ্য হতে পারে না। তাই "নিজের দিকে সংকুচিত করি" বলেছেন। (বঃ কোঃ)

○ বিশ্লেষণ (আঃ ৫০) ঃ ولقد صرفنه, - বৃষ্টি ঘুরায়ে ঘুরায়ে বর্ষণ করি। অর্থাৎ কখনো এক এলাকায় কখনো অন্য এলাকায়, যার ফলে কখনো এক শহরে বৃষ্টি হয় অন্য শহরে হয় না, আবার কখনো অন্য শহরে বৃষ্টি হয়, কিন্তু পূর্বের জায়গায় বৃষ্টি হয় না। এটা আল্লাহ তায়ালার ইচ্ছা। (কুঃ কারীম)

○ টীকা (আঃ ৫৪) ঃ অর্থ এই তত্ত্বের কারণেই বিবাহ সম্পর্ক ও বংশের সৃষ্টি হয়েছে। জন্মগ্রহণ করা মাত্রই পিতা-পিতামহের সাথে বংশগত এবং শ্বশুর-শাশুড়ীর সাথে বিবাহগত সম্পর্ক স্থাপিত হয়। (বঃ কোঃ)

قَدِيرًا ﴿٥٤﴾ وَيَعْبُدُونَ مِن دُونِ اللَّهِ مَا لَا يَنفَعُهُمْ وَلَا يَضُرُّهُمْ ۗ وَكَانَ الْكَافِرُ

ক্বাদীরা-। ৫৫। ওয়া ইয়া'বুদূনা মিন্ দূনিল্লা-হি মা-লা- ইয়ান্ফা'উহুম ওয়ালা- ইয়াদ্বুর্রুহুম ; ওয়া কা-নাল কা-ফিরু

বড়ই ক্ষমতাবান। (৫৫) তারা আল্লাহকে ছেড়ে ঐ পদার্থের ইবাদাত করে, যে না তাদের কোন উপকার করতে পারে এবং না তাদের কোন ক্ষতি করতে পারে। কাফিররাতো নিজ

عَلَىٰ رَبِّهِ ظَهِيرًا ﴿٥٥﴾ وَمَا أَرْسَلْنَاكَ إِلَّا مُبَشِّرًا وَنَذِيرًا ﴿٥٦﴾ قُلْ مَا أَسْأَلُكُمْ عَلَيْهِ

'আলা- রাব্বিহী জ্বাহীরা-। ৫৬। ওয়া মা~আর্সাল্না-কা ইল্লা- মুবাশ্শিরাওঁ ওয়া নাযীরা-। ৫৭। কুল্ মা~আস্আলুকুম 'আলাইহি

প্রতিপালকের বিপক্ষে (শয়তানের) সাহায্যকারী। (৫৬) আমি তো আপনাকে শুধু সুসংবাদদাতা এবং ভীতি প্রদর্শনকারী করে প্রেরণ করেছি। (৫৭) বলুন, আমি আল্লাহর নির্দেশ

مِنْ أَجْرٍ إِلَّا مَن شَاءَ أَن يَتَّخِذَ إِلَىٰ رَبِّهِ سَبِيلًا ﴿٥٧﴾ وَتَوَكَّلْ عَلَى الْحَيِّ الَّذِي

মিন্ আজ্বরিন ইল্লা- মান্ শা—আ আইঁ ইয়াত্তাখিযা ইলা- রাব্বিহী সাবীলা-। ৫৮। ওয়া তাওয়াক্কাল 'আলাল্ হ্বাইয়িল্লাযী

পৌঁছানোর জন্য তোমাদের কাছে কোন বিনিময় চাই না। কিন্তু কেবল এই চাই যে, যে চায়, সে তার রবের পথ গ্রহণ করুক। (৫৮) আপনি চিরঞ্জীব আল্লাহর উপর ভরসা

لَا يَمُوتُ وَسَبِّحْ بِحَمْدِهِ ۚ وَكَفَىٰ بِهِ بِذُنُوبِ عِبَادِهِ خَبِيرًا ﴿٥٨﴾ الَّذِي خَلَقَ

লা- ইয়ামূতু ওয়া সাব্বিহ্ বিহ্বাম্দিহ ; ওয়া কাফা- বিহী বিযুনূবি 'ইবা-দিহী খাবীরা- ৫৯। নিল্লাযী খালাক্বাস্

করুন, যাঁর কোন মৃত্যু নেই এবং তাঁর প্রশংসা ও পবিত্রতা বর্ণনা করুন। তিনি (আল্লাহ) তাঁর বান্দাদের গুনাহ সম্পর্কে পূর্ণ অবহিত। (৫৯) তিনি (আল্লাহ) সৃষ্টি করেছেন

السَّمَاوَاتِ وَالْأَرْضَ وَمَا بَيْنَهُمَا فِي سِتَّةِ أَيَّامٍ ثُمَّ اسْتَوَىٰ عَلَى الْعَرْشِ ۚ الرَّحْمَٰنُ

সামা-ওয়া-তি ওয়াল্ আরদ্বা ওয়া মা- বাইনাহুমা- ফী সিত্তাতি আইয়্যা-মিন্ ছুম্মাস্তাওয়া- 'আলাল্ 'আরশ, আর্ রাহ্মা-নু

আকাশ ও পৃথিবী এবং তার মধ্যবর্তী সব কিছু ছয় দিনে এবং তিনি আরশে সমাসীন হলেন, তিনি রহমান, সুতরাং কোন অভিজ্ঞ ব্যক্তির ব্যাপারে তার কাছেই

فَاسْأَلْ بِهِ خَبِيرًا ﴿٥٩﴾ وَإِذَا قِيلَ لَهُمُ اسْجُدُوا لِلرَّحْمَٰنِ قَالُوا وَمَا الرَّحْمَٰنُ

ফাস্আল বিহী খাবীরা-। ৬০। ওয়া ইযা- ক্বীলা লাহুমুস্ জুদূ লির্রাহ্মা-নি ক্বা-লূ ওয়া মার্রাহ্মা-ন,

জিজ্ঞেস করুন। (৬০) যখন তাদেরকে বলা হয় যে, রহমানকে সিজদা কর, তখন তারা বলে, রহমান (আবার) কে? আমরাকি তাকেই সিজদা করব, যাকে

أَنَسْجُدُ لِمَا تَأْمُرُنَا وَزَادَهُمْ نُفُورًا ۩ ﴿٦٠﴾ تَبَارَكَ الَّذِي جَعَلَ فِي السَّمَاءِ بُرُوجًا

আনাস্জুদু লিমা- তা'মুরুনা-ওয়া যা-দাহুম নুফূরা-। ৬১। তাবা-রাকাল্ লাযী জ্বা'আলা ফিস্ সামা—ই বুরূজ্বাওঁ

সিজদা করার জন্য তুমি আমাদেরকে বলবে? এতে তাদের (দ্বীনের প্রতি) অবজ্ঞা (আরও) বেড়ে যায়। (৬১) মহিমান্বিত তিনি (আল্লাহ), যিনি আকাশে বুরুজ

وَجَعَلَ فِيهَا سِرَاجًا وَقَمَرًا مُّنِيرًا ﴿٦١﴾ وَهُوَ الَّذِي جَعَلَ اللَّيْلَ وَالنَّهَارَ خِلْفَةً لِّمَنْ

ওয়া জ্বা'আলা ফীহা- সিরা-জ্বাওঁ ওয়া ক্বামারাম্ মুনীরা-। ৬২। ওয়া হুওয়াল্লাযী জ্বা'আলাল্ লাইলা ওয়ান্ নাহা-রা খিল্ফাতাল্ লিমান্

সৃষ্টি করেছেন এবং যার মধ্যে সৃষ্টি করেছেন সূর্য এবং চন্দ্র, যা আলোকময়। (৬২) এবং তিনি (আল্লাহ) এমন সত্ত্বা যিনি রাত এবং দিনকে একে অন্যের পশ্চাদগামী বানিয়েছেন

○ টীকা (আঃ ৬০) ঃ কেননা, 'রহ্মান' শব্দটির প্রচলন তাদের মধ্যে কম ছিল। বস্তুতঃ ইসলামী শিক্ষার প্রতি তাদের এত ঘৃণা ছিল যে, ইসলামী শব্দগুলোর প্রতিও বিরোধিতা পোষণ করত। কোরআন শরীফের মধ্যে এই শব্দটি অধিক ব্যবহৃত হয়েছে বলেই তারা শব্দটির বিরোধী হয়েছে। ○ বিশ্লেষণ (আঃ ৬১) ঃ بروجا - বুরুজ অর্থ বড় বড় তারকা। অথবা আকাশের দুর্গ যেখানে ফিরিশতা পাহারা দেন। অথবা সম্ভবত, সূর্যের বারটি মঞ্জিলকে বুঝান হয়েছে। যা জ্যোতি বিজ্ঞানীগণ বর্ণনা করেছেন। হযরত শাহ ছাহেব (রহ) বলেন, আকাশের বারটি অংশের নাম برج (বুরুজ) (তাঃ ওসমানী)

أَرَادَ أَن يَذَّكَّرَ أَوْ أَرَادَ شُكُورًا ﴿٦٢﴾ وَعِبَادُ الرَّحْمَٰنِ الَّذِينَ يَمْشُونَ عَلَى الْأَرْضِ

আরা-দা আইঁ ইয়ায্যাক্কারা আও আরা-দা শুকূরা-। ৬৩। ওয়া 'ইবা-দুর্ রাহ্মা-নিল্ লাযীনা ইয়াম্শূনা 'আলাল্ আর্দ্বি

সে ব্যক্তির জন্য, যে উপদেশ গ্রহণ এবং কৃতজ্ঞ স্বীকার করার ইচ্ছা রাখে। (৬৩) রহমানের (সত্যিকার) বান্দা তারাই, যারা পৃথিবীতে বিনয়ের সাথে চলে

هَوْنًا وَإِذَا خَاطَبَهُمُ الْجَاهِلُونَ قَالُوا سَلَامًا ﴿٦٣﴾ وَالَّذِينَ يَبِيتُونَ لِرَبِّهِمْ سُجَّدًا

হাওনাওঁ ওয়া ইযা- খা-ত্বাবাহুমুল্ জ্বা-হিলূনা ক্বা-লূ সালা-মা-। ৬৪। ওয়াল্লাযীনা ইয়াবীতূনা লিরাব্বিহিম সুজ্জাদাওঁ

এবং যখন মূর্খ লোকেরা তাদের সাথে কথাবার্তা বলে, তখন তারা বলে যে, সালাম! (৬৪) তারা তাদের প্রতিপালকের সামনে সিজদাবনত এবং কিয়াম (দণ্ডায়মান)

وَقِيَامًا ﴿٦٤﴾ وَالَّذِينَ يَقُولُونَ رَبَّنَا اصْرِفْ عَنَّا عَذَابَ جَهَنَّمَ ۖ إِنَّ عَذَابَهَا كَانَ

ওয়া ক্বিইয়া-মা-। ৬৫। ওয়াল্লাযীনা ইয়াকূলূনা রাব্বানাস্বরিফ 'আন্না-'আযা-বা জ্বাহান্নাম; ইন্না 'আযা-বাহা- কা-না

অবস্থায় রাত কাটিয়ে দেয় (৬৫) এবং তারা বলে যে, হে আমাদের প্রতিপালক! আমাদের থেকে সরিয়ে দিন জাহান্নামের শাস্তি, কেননা, তার শাস্তি একেবারে

غَرَامًا ﴿٦٥﴾ إِنَّهَا سَاءَتْ مُسْتَقَرًّا وَمُقَامًا ﴿٦٦﴾ وَالَّذِينَ إِذَا أَنفَقُوا لَمْ يُسْرِفُوا وَلَمْ

গারা-মা-। ৬৬। ইন্নাহা- সা—আত্ মুস্তাক্বার্রাওঁ ওয়া মুক্বা-মা-। ৬৭। ওয়াল্লাযীনা ইযা~আন্ফাকূ লাম্ ইউস্রিফূ ওয়া লাম্

সর্বনাশকারী। (৬৬) নিশ্চয় সেটা (জাহান্নাম) বাসস্থান এবং অবস্থানস্থল হিসেবে খুবই নিকৃষ্ট। (৬৭) এবং তারা যখন ব্যয় করে, তখন অপব্যয় করে না এবং কৃপণতাও

يَقْتُرُوا وَكَانَ بَيْنَ ذَٰلِكَ قَوَامًا ﴿٦٧﴾ وَالَّذِينَ لَا يَدْعُونَ مَعَ اللَّهِ إِلَٰهًا آخَرَ وَلَا

ইয়াক্বতুরূ ওয়া কা-না বাইনা যা-লিকা ক্বাওয়া-মা-। ৬৮। ওয়াল্লাযীনা লা-ইয়াদ্'উনা মা'আল্লা-হি ইলা-হান আ-খারা ওয়ালা-

করে না বরং তারা এ উভয়ের মাঝে মধ্যবর্তী পন্থা অবলম্বন করে। (৬৮) এবং তারা আল্লাহর সাথে অন্য কোন মা'বুদকে ডাকেনা এবং যাকে

يَقْتُلُونَ النَّفْسَ الَّتِي حَرَّمَ اللَّهُ إِلَّا بِالْحَقِّ وَلَا يَزْنُونَ ۚ وَمَن يَفْعَلْ ذَٰلِكَ يَلْقَ

ইয়াক্বতুলূনান্ নাফ্সাল্লাতী হ্বার্রামাল্লা-হু ইল্লা- বিল্হ্বাক্বি ওয়ালা- ইয়ায্নূন, ওয়া মাইঁ ইয়াফ'আল্ যা-লিকা ইয়াল্ক্বা

আল্লাহ হত্যা করতে নিষেধ করেছেন, ন্যায় সংগত কারণ ব্যতীত তাকে হত্যা করে না। তারা ব্যভিচার করে না। যে এ কাজগুলো করে সে শাস্তির

أَثَامًا ﴿٦٨﴾ يُضَاعَفْ لَهُ الْعَذَابُ يَوْمَ الْقِيَامَةِ وَيَخْلُدْ فِيهِ مُهَانًا ﴿٦٩﴾ إِلَّا مَن تَابَ

আছা-মা-। ৬৯। ইউদ্বা-'আফ্ লাহুল্ 'আযা-বু ইয়াওমাল্ ক্বিইয়া-মাতি ওয়া ইয়াখ্লুদ ফীহী মুহা-না-। ৭০। ইল্লা- মান্ তা-বা

সম্মুখিন হবে। (৬৯) কিয়ামতের দিন তার শাস্তি দ্বিগুণ করা হবে এবং সে লাঞ্ছনা অবমাননার সাথে সেখানে সর্বদা থাকবে। (৭০) কিন্তু তাদের ব্যতীত,

وَآمَنَ وَعَمِلَ عَمَلًا صَالِحًا فَأُولَٰئِكَ يُبَدِّلُ اللَّهُ سَيِّئَاتِهِمْ حَسَنَاتٍ ۗ وَكَانَ اللَّهُ غَفُورًا

ওয়া আ-মানা ওয়া 'আমিলা 'আমালান্ স্বা-লিহ্বান্ ফাউলা—ইকা ইউবাদ্দিলুল্লা-হু সাইয়্যিআ-তিহিম হ্বাসানা-ত ; ওয়া কা-নাল্লা-হু গাফূরার

যারা তওবা করে এবং ঈমান আনে এবং নেক কাজ করে; এসব ব্যক্তিদের গুনাহসমূহ আল্লাহ নেক দ্বারা বদলিয়ে দিবেন। আল্লাহ পাপ মার্জনাকারী এবং

○ টীকা (আঃ ৬৭) ঃ কোন মোবাহ্ কাজে অনাবশ্যক সামর্থ্যের বাইরে ব্যয় করা কিংবা এবাদতে অনাবশ্যক ব্যয় করা যার পরিণামে অধৈর্য, লোভ এবং অসদুদ্দেশ্য এসে পড়ে তা অপব্যয় বলে গণ্য। কেননা, পাপের সহায়কও পাপ বলেই গণ্য হয়। অনুরূপভাবে এবাদতে আবশ্যকীয় ব্যয় না করা কার্পণ্যের মধ্যে গণ্য। কেননা, এস্থলে ব্যয় সংকোচ জায়েয নয়। (বঃ কোঃ)

○ বিশ্লেষণ (আঃ ৬৮) ঃ الا بالحق - (কিন্তু ন্যায়-ভাবে) ন্যায়ভাবে হত্যার তিনটি পদ্ধতি ঃ ১. ইচ্ছাপূর্বক হত্যার বিনিময় হত্যা করা, ২. বিবাহিত ব্যভিচারীকে প্রস্তরাঘাতে হত্যা করা, ৩. যে ব্যক্তি দ্বীন ত্যাগ করে দল থেকে আলাদা হয়ে যায় তাকে হত্যা করা। (তাঃ ওসমানী)

رحيما ﴿٧١﴾ ومن تاب وعمل صالحا فانه يتوب الى الله متابا ﴿٧٢﴾ والذين لا

রাহীমা-। ৭১। ওয়া মান্ তা-বা ওয়া 'আমিলা স্বা-লিহ্বান্ ফাইন্নাহূ ইয়াতূবু ইলাল্লা-হি মাতা-বা-। ৭২। ওয়াল্লাযীনা লা-
পরম দয়ালু। (৭১) যে ব্যক্তি তওবা করে এবং নেক কাজ করে, সে তো আল্লাহর দিকেই সত্যিকারভাবে প্রত্যাবর্তন করে। (৭২) এবং যারা মিথ্যা কথায়

يشهدون الزور واذا مروا باللغو مروا كراما ﴿٧٣﴾ والذين اذا ذكروا بايت

ইয়াশ্হাদূনায্ যূরা, ওয়া ইযা- মার্রূ বিল্ লাগ্ওয়ি মার্রূ কিরা-মা-। ৭৩। ওয়াল্লাযীনা- ইযা- যুক্কিরূ বিআ-ইয়া-তি
সাক্ষ্য দেয় না এবং যখন অনর্থক কার্যকলাপের সম্মুখিন হয় তখন মর্যাদা রক্ষার্থে (তা এড়িয়ে) চলে। (৭৩) এবং যখন তাদেরকে প্রতিপালকের আয়াতসমূহ

ربهم لم يخروا عليها صما وعميانا ﴿٧٤﴾ والذين يقولون ربنا هب لنا من ازواجنا

রাব্বিহিম্ লাম্ ইয়াখির্রূ 'আলাইহা- ছুম্মাওঁ ওয়া 'উম্ইয়া-না-। ৭৪। ওয়াল্লাযীনা ইয়াক্বূলূনা রাব্বানা- হাব্ লানা- মিন্ আয্ওয়া-জিনা-
দ্বারা উপদেশ দেয়া হয়, তখন তারা তার উপর অন্ধ ও বধিরের মত হয় না। (৭৪) এবং তারা এ বলে যে, হে আমাদের প্রতিপালক! আপনি আমাদেরকে

وذريتنا قرة اعين واجعلنا للمتقين اماما ﴿٧٥﴾ اولئك يجزون الغرفة بما

ওয়া যুর্রিইয়্যা-তিনা- ক্বুর্রাতা আ'ইউনিওঁ ওয়াজ্'আল্না- লিলমুত্তাক্বীনা ইমা-মা-। ৭৫। উলা-ইকা ইউজ্যাওনাল্ গুর্ফাতা বিমা-
আমাদের স্ত্রী এবং সন্তানদের থেকে চোখের শীতলতা দান করুন এবং আমাদেরকে পরহেজগারদের পথ প্রদর্শক বানিয়ে দিন। (৭৫) তাদেরকে প্রতিদান দেয়া হবে

صبروا ويلقون فيها تحية وسلما ﴿٧٦﴾ خلدين فيها حسنت مستقرا ومقاما

স্বাবার্ ওয়া ইউলাক্ক্বাওনা ফীহা- তাহিইয়্যাতাওঁ ওয়া সালা-মা-। ৭৬। খা-লিদীনা ফীহা-; হ্বাসুনাত্ মুস্তাক্বার্রাওঁ ওয়া মুক্বা-মা-।
জান্নাতের কক্ষ, এজন্য যে, তারা ধৈর্য ধারণ করেছে, সেখানে তারা অভিবাদন ও সালাম পাবে। ৭৬। সেখানে তারা অনন্তকাল থাকবে, সেটা খুবই উৎকৃষ্ট স্থান।

﴿٧٧﴾ قل ما يعبؤا بكم ربي لولا دعاؤكم فقد كذبتم فسوف يكون لزاما ۝

৭৭। ক্বুল মা- ইয়া'বাউ বিকুম রাব্বী লাওলা- দু'আ—উকুম, ফাক্বাদ্ কায্যাবতুম ফাসাওফা ইয়াকূনু লিযা-মা-।
(৭৭) বলুন, যদি তোমরা আমার প্রতিপালককে না ডাক, তবে আমার প্রতিপালক মোটেও এর পরোয়া করেন না। তোমরা মিথ্যা প্রতিপন্ন করেছ, অচিরেই তার প্রতিফল অবশ্যম্ভাবী।

রুকূ ৪ / ৬

সূরা শু'আরা
মক্কী

بسم الله الرحمن الرحيم
বিসমিল্লা-হির রাহ্মা-নির রাহীম
পরম দাতা ও দয়ালু আল্লাহর নামে শুরু করছি

আয়াত ঃ ২২৭
রুকূ ঃ ১১

﴿١﴾ طسم ﴿٢﴾ تلك ايت الكتب المبين ﴿٣﴾ لعلك باخع نفسك الا يكونوا

১। ত্বা-সী—ন মী—ম। ২। তিল্কা আ-ইয়া-তুল্ কিতা-বিল মুবীন। ৩। লা'আল্লাকা বা-খি'উন্ নাফ্সাকা আল্লা- ইয়াকূনূ
(১) ত্বা-সী-ন মী-ম (২) এ আয়াতসমূহ স্পষ্ট বর্ণনাকারী কিতাবের। (৩) তাদের ঈমান না আনার কারণে হয়তো আপনি দুঃখে আত্মহননকারী

০ টীকা (আঃ ৭৭) ঃ মর্ম এই যে, পয়গাম্বরগণের প্রেরণ এবং কিতাবগুলো নাযিল করণের মধ্যে আল্লাহর কোন নিজস্ব উদ্দেশ্য নেই, বরং বান্দা মছীবতে পড়লে তাকে ডেকে থাকে, তখন তিনি বান্দার অবস্থার প্রতি রহম করেন এবং ইচ্ছা করেন যেন বান্দা দোযখে না পড়ে। অতএব যারা আল্লাহর আয়াতগুলোকে মিথ্যা জানে, তারা নিজেরাই তো মছীবতে পড়লে তাকে ডেকে থাকে, আর তারা নিজেরাই তা হতে "মোড় ঘুরে" থাকে, এজন্যই তারা আজাবের যোগ্যপাত্র। আর তা অর্থাৎ আজাব এদের মাথা হতে কোন প্রকারেই টলতে পারে না।

মঞ্জিল ৫

مؤمنين ﴿٤﴾ ان نشا ننزل عليهم من السماء اية فظلت اعناقهم لها خضعين ۝

মু'মিনীন। ৪। ইন্ নাশা' নুনায্যিল্ 'আলাইহিম্ মিনাস্ সামা—ই আ-ইয়াতান্ ফাযাল্লাত আ'না-ক্বুহুম্ লাহা- খা-দ্বি'ঈন।
হয়ে পড়বেন। (৪) যদি আমি ইচ্ছা করতাম তবে আকাশ হতে এমন কোন নিদর্শন প্রেরণ করতাম, যার প্রতি তাদের গর্দান অবনত হয়ে পড়ত।

﴿٥﴾ وما ياتيهم من ذكر من الرحمن محدث الا كانوا عنه معرضين ﴿٦﴾ فقد

৫। ওয়া মা- ইয়া'তীহিম মিন যিক্রিম্ মিনার্ রাহ্মা-নি মুহ্দাছিন ইল্লা- কা-নূ 'আন্হু মু'রিদ্বীন। ৬। ফাক্বাদ্
(৫) এবং যখনই তাদের কাছে রহমানের পক্ষ থেকে, কোন নতুন উপদেশ আসে, তখনই তারা তার থেকে মুখ ফিরিয়ে নেয়। (৬) তারাতো অবিশ্বাস করেছে।

كذبوا فسياتيهم انبؤا ما كانوا به يستهزءون ﴿٧﴾ اولم يروا الى الارض

কায্যাবূ ফাসাইয়া'তীহিম আম্বা—উ মা- কা-নূ বিহী ইয়াস্তাহ্যিউন। ৭। আওয়ালাম ইয়ারাও ইলাল্ আরদ্বি
সুতরাং অতিশীঘ্রই তাদের কাছে আসবে সে বিষয়ের প্রকৃত তথ্য, যে বিষয় তারা ঠাট্টা করছিল। (৭) তারা কি পৃথিবীর দিকে লক্ষ্য করে না?

كم انبتنا فيها من كل زوج كريم ﴿٨﴾ ان في ذلك لاية وما كان اكثرهم

কাম্ আম্বাত্না- ফীহা-মিন্ কুল্লি যাওজিন্ কারীম। ৮। ইন্না ফী যা-লিকা লাআ-ইয়াহ্; ওয়া মা- কা-না আকছারুহুম্
আমি তাতে প্রত্যেক প্রকারের উৎকৃষ্ট উদ্ভিদ উৎপন্ন করেছি। (৮) নিশ্চয়ই তার মধ্যে রয়েছে নিদর্শন; কিন্তু তাদের অধিকাংশই

مؤمنين ﴿٩﴾ وان ربك لهو العزيز الرحيم ﴿١٠﴾ واذ نادى ربك موسى ان ائت

মু'মিনীন। ৯। ওয়া ইন্না রাব্বাকা লাহুওয়াল্ 'আযীযুর্ রাহীম। ১০। ওয়া ইয্ না-দা- রাব্বুকা মূসা~আনি'তিল
মুমিন নয়। (৯) নিশ্চয়ই আপনার প্রতিপালক মহা প্রভাবশালী পরম দয়ালু। (১০) যখন আপনার প্রতিপালক মূসাকে ডেকে বললেন, আপনি অত্যাচারী সম্প্রদায়ের

১ ع ৫ রুকূ

القوم الظلمين ﴿١١﴾ قوم فرعون الا يتقون ﴿١٢﴾ قال رب اني اخاف ان

ক্বাওমায্ যা-লিমীন। ১১। ক্বাওমা ফির'আওন; আলা- ইয়াত্তাকূন। ১২। কা-লা রাব্বি ইন্নী~আখা-ফু আইঁ
নিকট যান, (১১) ফিরআউন সম্প্রদায়ের কাছে, তারা কি ভয় করে না? (১২) তিনি (মূসা) বললেন, হে আমার রব! আমার তো এ ভয় হচ্ছে যে, তারা আমাকে মিথ্যাপ্রতিপন্ন

يكذبون ﴿١٣﴾ ويضيق صدري ولا ينطلق لساني فارسل الى هرون ﴿١٤﴾ ولهم على

ইউকায্যিবূন। ১৩। ওয়া ইয়াদ্বীকু স্বাদ্রী ওয়ালা- ইয়ান্ত্বালিকু লিসা-নী ফাআর্সিল ইলা- হা-রূন। ১৪। ওয়া লাহুম 'আলাইয়্যা
করবে (১৩) এবং আমার অন্তর সংকীর্ণ হয়ে পড়েছে এবং আমার জিহ্বা তো স্পষ্ট নয়। অতএব আপনি হারুনের প্রতি (ওহী) প্রেরণ করুন। (১৪) আমার প্রতি তাদের

ذنب فاخاف ان يقتلون ﴿١٥﴾ قال كلا فاذهبا بايتنا انا معكم مستمعون ۝

যাম্বুন্ ফাআখা-ফু আই ইয়াক্বতুলূন। ১৫। ক্বা-লা কাল্লা-, ফায্হাবা- বিআ-ইয়া-তিনা~ইন্না- মা'আকুম্ মুস্তামি'উন।
অভিযোগও রয়েছে, আমি ভয় করছি যে, তারা আমাকে হত্যা করবে। (১৫) আল্লাহ বললেন, কখনও এটা হবে না। আপনারা দু'জনই আমার নিদর্শনসহ যান, নিশ্চয়ই আমি আপনাদের সাথে আছি, (আপনাদের কথা) শ্রবণকারী।

০ টীকা (আঃ ৪) ঃ এবং তারা ঈমান আনতে বাধ্য হয়। কিন্তু এরূপ করলে পরীক্ষার সুযোগ অবশিষ্ট থাকবে না, কাজেই সেরূপ করা হয় না। আর তাদের ইচ্ছার উপর ছেড়ে দেয়ার কারণে বিষয়টি 'জাব্রিয়া' এবং 'ক্বাদ্রিয়া' নামক দু' বাতেল মতবাদের মাঝামাঝি হয়। মোটকথা, ইচ্ছাশক্তি বান্দার হাতে, কাজ সম্পন্ন করার ক্ষমতা আল্লাহ্ নিজের হাতে রেখেছেন।

০ বিশ্লেষণ (আঃ ১৪) ঃ ولهم علي ذنب - এ গুনাহের দ্বারা কিবতী হত্যাকে বুঝান হয়েছে। যা হযরত মূসা (আ) কর্তৃক সংঘটিত হয়েছিল। কিবতী যেহেতু ফেরআউনের সম্প্রদায়ের ছিল এজন্য সে তার পরিবর্তে হযরত মূসাকে হত্যা করতে চেয়েছিল।

﴿١٦﴾ فَأْتِيَا فِرْعَوْنَ فَقُوْلَآ اِنَّا رَسُوْلُ رَبِّ الْعٰلَمِيْنَ ﴿١٧﴾ اَنْ اَرْسِلْ مَعَنَا بَنِيْٓ اِسْرَآءِيْلَ

১৬। ফা'তিইয়া- ফির্'আওনা ফাকূলা~ইন্না- রাসূলু রাব্বিল 'আ-লামীন। ১৭। আন্ আর্সিল্ মা'আনা- বানী~ইস্রা—ঈল।
(১৬) আপনারা দু'জন ফিরআউনের কাছে যান এবং বলেন, আমরা বিশ্বজগতের প্রতিপালকের প্রেরিত (রাসূল)। (১৭) যেন তুমি আমাদের সাথে বনী ইসরাঈলকে প্রেরণ কর।

﴿١٨﴾ قَالَ اَلَمْ نُرَبِّكَ فِيْنَا وَلِيْدًا وَّلَبِثْتَ فِيْنَا مِنْ عُمُرِكَ سِنِيْنَ ﴿١٩﴾ وَفَعَلْتَ

১৮। ক্বা-লা আলাম্ নুরাব্বিকা ফীনা- ওয়ালীদাওঁ ওয়ালাবিছ্তা ফীনা- মিন্ 'উমুরিকা সিনীন। ১৯। ওয়া ফা'আল্তা
(১৮) সে বলল, আমরা কি তোমাকে শৈশবকালে আমাদের মাঝে প্রতিপালন করিনি? এবং তুমি জীবনের অনেক সময় আমাদের মধ্যেই অতিবাহিত করেছ। (১৯) তুমি তো

فَعْلَتَكَ الَّتِيْ فَعَلْتَ وَاَنْتَ مِنَ الْكٰفِرِيْنَ ﴿٢٠﴾ قَالَ فَعَلْتُهَآ اِذًا وَّاَنَا مِنَ الضَّآلِّيْنَ

ফা'লাতাকাল্ লাতী ফা'আল্তা ওয়া আন্তা মিনাল কা-ফিরীন। ২০। ক্বা-লা ফা'আল্তুহা~ইযাওঁ ওয়া আনা মিনাদ্ব দ্বা—ল্লীন।
সে কাণ্ড করে গেছ, যা তুমি করেছিলে এবং তুমি অকৃতজ্ঞদের অন্তর্ভুক্ত। (২০) মূসা বললেন, আমিতো সে কাজ সে সময় করেছিলাম, যখন আমি এ ব্যাপারে অসতর্ক ছিলাম।

﴿٢١﴾ فَفَرَرْتُ مِنْكُمْ لَمَّا خِفْتُكُمْ فَوَهَبَ لِيْ رَبِّيْ حُكْمًا وَّجَعَلَنِيْ مِنَ الْمُرْسَلِيْنَ

২১। ফাফারার্তু মিন্কুম লাম্মা- খিফ্তুকুম ফাওয়াহাবা লী রাব্বী হুক্মাওঁ ওয়া জ্বা'আলানী মিনাল মুরসালীন।
(২১) অতঃপর যখন তোমাদের ভয় হল আমি তোমাদের থেকে পালিয়ে গিয়েছিলাম, তখন আমাকে আমার রবের জ্ঞান দান করলেন এবং আমাকে রাসূলদের অন্তর্ভুক্ত করলেন।

﴿٢٢﴾ وَتِلْكَ نِعْمَةٌ تَمُنُّهَا عَلَيَّ اَنْ عَبَّدْتَّ بَنِيْٓ اِسْرَآءِيْلَ ﴿٢٣﴾ قَالَ فِرْعَوْنُ وَمَا رَبُّ

২২। ওয়া তিল্কা নি'মাতুন্ তামুন্নুহা- 'আলাইয়্যা আন্ 'আব্বাত্তা বানী~ইস্রা—ঈল। ২৩। ক্বা-লা ফির্'আওনু ওয়ামা- রাব্বুল
(২২) আমার প্রতি তোমার যে অনুগ্রহের কথা বলছ, তা হল তুমি বনী ঈসরাঈলদেরকে গোলাম বানিয়ে রেখেছ। (২৩) ফিরআউন বলল, বিশ্বজগতের

الْعٰلَمِيْنَ ﴿٢٤﴾ قَالَ رَبُّ السَّمٰوٰتِ وَالْاَرْضِ وَمَا بَيْنَهُمَا اِنْ كُنْتُمْ مُّوْقِنِيْنَ

'আ-লামীন। ২৪। ক্বা-লা রাব্বুস্ সামা-ওয়া-তি ওয়াল্ আরদ্বি ওয়ামা- বাইনাহুমা-; ইন্ কুন্তুম্ মূক্বিনীন।
প্রতিপালক আবার কে? (২৪) মূসা বললেন, তিনি আকাশ, ও যমীনে এবং তার মধ্যস্থ সব কিছুর প্রতিপালক, যদি তোমরা বিশ্বাসী হও।

﴿٢٥﴾ قَالَ لِمَنْ حَوْلَهٗٓ اَلَا تَسْتَمِعُوْنَ ﴿٢٦﴾ قَالَ رَبُّكُمْ وَرَبُّ اٰبَآئِكُمُ الْاَوَّلِيْنَ ﴿٢٧﴾ قَالَ

২৫। ক্বা-লা লিমান্ হাওলাহূ~আলা- তাস্তামি'উন। ২৬। ক্বা-লা রাব্বুকুম ওয়া রাব্বু আ-বা—ইকুমুল আওওয়ালীন। ২৭। ক্বা-লা
(২৫) সে তার চারপাশের লোকদেরকে বলল, তোমরা কি শোনছ না? (২৬) মূসা বললেন, তিনি তোমাদের এবং তোমাদের পূর্বের পিতৃপুরুষদের প্রতিপালক। (২৭) ফিরআউন

اِنَّ رَسُوْلَكُمُ الَّذِيْٓ اُرْسِلَ اِلَيْكُمْ لَمَجْنُوْنٌ ﴿٢٨﴾ قَالَ رَبُّ الْمَشْرِقِ وَالْمَغْرِبِ

ইন্না রাসূলাকুমুল্ লাযী~উর্সিলা ইলাইকুম লামাজ্নূন। ২৮। ক্বা-লা রাব্বুল্ মাশ্রিক্বি ওয়াল্ মাগ্রিবি
বলল, তোমাদের এ রাসূল, যাকে তোমাদের প্রতি প্রেরণ করা হয়েছে, সে তো অবশ্যই পাগল। (২৮) মূসা বললেন, তিনি (আল্লাহ), পূর্ব, পশ্চিম এবং তাদের মধ্যস্থ

◎ বিশ্লেষণ (আঃ ১৮) ঃ فينا من عمرك - কেউ বলেন, ১৮ বছর মূসা (আ) ফিরআউনের ঘরে কাটিয়েছেন। কারো মতে, ১৩০ এবং কারো মতে ৪০ বছর। অর্থাৎ এত বছর আমাদের মাঝে থেকে মাত্র কিছুদিন এদিক ওদিক থেকেই নবুওয়াতের দাবী করেছে। (কুঃ কারীম)

○ টীকা (আঃ ২৫) ঃ ফেরাউন খোদা হওয়ার দলীল তলব করতেন- সাক্ষ্য দ্বারা হযরত মূসা ফেরাউন এবং তার দলবলকে জ্ঞানের সাক্ষ্য দ্বারা গায়েল করতেন, অর্থাৎ সৃষ্টি দ্বারা সৃষ্টিকর্তা হওয়ার প্রতি 'এসতেদলাল' করতেন এবং সঙ্গে সঙ্গে এটাও বলতেন যে, "অর্থাৎ যদি তোমাদের জ্ঞান থাকে এবং জ্ঞানের সাক্ষ্য যদি তোমাদের বিশ্বাস দেয়াতে পারে, তবে এইটাই আল্লাহ হওয়ার দলীল। আর যদি আদৌ তোমাদের জ্ঞানই না থাকে, কিম্বা জ্ঞানের সাক্ষ্যদানের বিশ্বাসই না থাকে, তবে ইহা তর্ক মাত্র।

وَمَا بَيْنَهُمَا اِنْ كُنْتُمْ تَعْقِلُوْنَ ﴿٢٩﴾ قَالَ لَئِنِ اتَّخَذْتَ اِلٰهًا غَيْرِيْ لَاَجْعَلَنَّكَ

ওয়ামা- বাইনাহুমা- ; ইন্ কুন্তুম তা'ক্বিলূন। ২৯। ক্বা-লা লাইনিত্ তাখায্তা ইলা-হান্ গাইরী লাআজ্'আলান্নাকা
সব কিছুর প্রতিপালক; যদি তোমরা বোঝ। (২৯) ফিরআউন বলল, যদি তুমি আমাকে ছাড়া অন্য কাউকে মা'বুদ হিসেবে গ্রহণ কর, তবে অবশ্যই আমি তোমাকে

مِنَ الْمَسْجُوْنِيْنَ ﴿٣٠﴾ قَالَ اَوَلَوْ جِئْتُكَ بِشَيْءٍ مُّبِيْنٍ ﴿٣١﴾ قَالَ فَاْتِ بِهٖٓ اِنْ كُنْتَ

মিনাল্ মাস্জূনীন। ৩০। ক্বা-লা আওয়ালাও জ্বি'তুকা বিশাইইম্ মুবীন। ৩১। ক্বা-লা ফা'তি বিহী~ইন্ কুন্তা
কারাবন্দী করব। (৩০) মূসা বললেন, আমি যদি তোমার কাছে কোন স্পষ্ট মু'জেযা উপস্থিত করি? (৩১) ফিরআউন বলল, যদি তুমি সত্যবাদী হও তবে তা (মু'জেযা)

مِنَ الصّٰدِقِيْنَ ﴿٣٢﴾ فَاَلْقٰى عَصَاهُ فَاِذَا هِيَ ثُعْبَانٌ مُّبِيْنٌ ﴿٣٣﴾ وَّنَزَعَ يَدَهٗ فَاِذَا هِيَ

মিনাছ্ ছা-দিক্বীন। ৩২। ফাআলক্বা- 'আস্বা-হু ফাইযা- হিইয়া ছু'বা-নুম মুবীন। ৩৩। ওয়া নাযা'আ ইয়াদাহূ ফাইযা- হিইয়া
উপস্থিত কর। (৩২) মূসা (তখন) তার লাঠি (যমীনে) ফেলে দিলেন, যেটি (হঠাৎ) সুস্পষ্ট অজগর হয়ে গেল। (৩৩) এবং মূসা নিজের হাত বের করলেন, সেটাও

২ রুকু ৬ ২৪

بَيْضَآءُ لِلنّٰظِرِيْنَ ﴿٣٤﴾ قَالَ لِلْمَلَاِ حَوْلَهٗٓ اِنَّ هٰذَا لَسٰحِرٌ عَلِيْمٌ ﴿٣٥﴾ يُّرِيْدُ اَنْ يُّخْرِجَكُمْ

বাইদ্বা—উ লিন্না-জিরীন। ৩৪। ক্বা-লা লিল্মালাই হাওলাহূ~ইন্না হা-যা- লাসা-হিরুন 'আলীম। ৩৫। ইউরীদু আই ইউখ্রিজ্বাকুম্
সে মুহূর্তে দর্শকদের কাছে সাদা চকচকে দেখা গেল। (৩৪) ফেরআউন তার চার পাশে অবস্থান রত সভাসদ বৃন্দকে বলল, এতো এক অভিজ্ঞ যাদুকর। (৩৫) এতো চায় যে,

مِّنْ اَرْضِكُمْ بِسِحْرِهٖ ۖ فَمَاذَا تَاْمُرُوْنَ ﴿٣٦﴾ قَالُوْٓا اَرْجِهْ وَاَخَاهُ وَابْعَثْ فِي

মিন্ আর্দ্বিকুম্ বিসিহ্রিহি ; ফামা-যা- তা'মুরূন। ৩৬। ক্বা-লূ~আর্জ্বিহ্ ওয়া আখা-হু ওয়াব্'আছ্ ফিল
তার যাদুর প্রভাবে তোমাদেরকে দেশ থেকে বের করে দিবে, বল, তোমরা (এ ব্যাপারে) কি ফয়সালা দিবে? (৩৬) তারা বলল, তাকে ও তার ভাইকে অবকাশ দিন,

الْمَدَآئِنِ حٰشِرِيْنَ ﴿٣٧﴾ يَاْتُوْكَ بِكُلِّ سَحَّارٍ عَلِيْمٍ ﴿٣٨﴾ فَجُمِعَ السَّحَرَةُ لِمِيْقَاتِ

মাদা—ইনি হা-শিরীন। ৩৭। ইয়া'তূকা বিকুল্লি সাহ্হা-রিন 'আলীম। ৩৮। ফাজুমি'আস্ সাহারাতু লিমীক্বা-তি
আর শহরগুলোতে আহ্বানকারীদের পাঠান। (৩৭) যাতে তারা আপনার কাছে অভিজ্ঞ যাদুকরদেরকে নিয়ে আসে। (৩৮) অতঃপর যাদুকরদেরকে নির্দিষ্ট সময়ে

يَوْمٍ مَّعْلُوْمٍ ﴿٣٩﴾ وَّقِيْلَ لِلنَّاسِ هَلْ اَنْتُمْ مُّجْتَمِعُوْنَ ﴿٤٠﴾ لَعَلَّنَا نَتَّبِعُ السَّحَرَةَ

ইয়াওমিম্ মা'লূম। ৩৯। ওয়া ক্বীলা লিন্না-সি হাল্ আন্তুম্ মুজ্তামি'উন। ৪০। লা'আল্লানা- নাত্তাবি'উস্ সাহারাতা
নির্ধারিত দিনে একত্রিত করা হল (৩৯) এবং মানুষদেরকে বলা হল, তোমরাও (সমবেত স্থলে) একত্র হচ্ছ কি? (৪০) যাতে আমরা যাদুকরের অনুসরণ করতে পারি

○ টীকা (আঃ ৩৬) ঃ "হাশেরীনা" শব্দের শাব্দিক অর্থ হচ্ছে- একত্রকারী। মর্ম হচ্ছে সে লোক- যারা শহরে শহরে গমন করে, এবং যাদুকরদেরকে একত্রিত করে নিয়ে এসেছে। আমি (অনুবাদক) আহ্বানকারী তরজমা গ্রহণ করেছি, কিন্তু এর সাথে "যাদুকরদিগের একত্র করা" আরো বাড়িয়ে দিয়েছি।

○ টীকা (আঃ ৪০) ঃ ফেরাউনের হযরত মূসা সম্বন্ধে শুরু হতেই যাদুকর হওয়ার বিশ্বাস ছিল এবং সঙ্গে সঙ্গে ফেরাউনের এটাও বিশ্বাস ছিল যে, নিজের যাদুকর দ্বারা মূসাকে পরাজিত করবে। ফেরাউন রহস্যভাবে এ ঘোষণা করেছিল। এর আসল উদ্দেশ্য ছিল- লোক জড় করা। অতএব এ অবস্থায় যাদুকর বলতে হযরত মূসা, হযরত হারুন এবং তাদের সঙ্গী বনী-ইসরাইল। কিম্বা যাদুকর বলতে সে যাদুকর- যাদেরকে ফেরাউন জড় করেছিল। অতএব ঘোষণাকারীর এই মর্ম দাঁড়াবে যে, যদি আমরা (যাদুকররা) বিজয়ী হই তবে আমরা তাদের ধর্ম গ্রহণ করব, কিন্তু ফেরাউনের এরূপ বলাও রহস্যভাবে ছিল। কারণ, তার যাদুকর পয়গাম্বরীর দাবীদার ছিল না, আর তারা তাদের দ্বীনের দাওয়াতও কাউকে করত না। বরং তাদেরকে ফেরাউনের প্রজার মধ্যে গণ্য করা হতো।

اِنْ كَانُوْا هُمُ الْغٰلِبِيْنَ ﴿٤٠﴾ فَلَمَّا جَآءَ السَّحَرَةُ قَالُوْا لِفِرْعَوْنَ اَئِنَّ لَنَا لَاَجْرًا اِنْ كُنَّا

ইন্ কা-নূ হুমুল্ গা-লিবীন। ৪১। ফালাম্মা- জ্বা—আস্ সাহ্বারাতু ক্বা-লূ লিফির'আওনা আইন্না লানা- লাআজ্বরান ইন্ কুন্না-

যদি তারা বিজয়ী হয়। (৪১) যাদুকরেরা উপস্থিত হয়ে ফিরআউনকে বলল, আমাদেরকে কি পুরস্কার দেয়া হবে যদি আমরা

نَحْنُ الْغٰلِبِيْنَ ﴿٤١﴾ قَالَ نَعَمْ وَاِنَّكُمْ اِذًا لَّمِنَ الْمُقَرَّبِيْنَ ﴿٤٢﴾ قَالَ لَهُمْ مُّوْسٰى اَلْقُوْا مَا

নাহ্নুল গা-বিলীন। ৪২। ক্বা-লা না'আম ওয়া ইন্নাকুম ইযাল্ লামিনাল্ মুক্বাররাবীন, ৪৩। ক্বা-লা লাহুম্ মূসা~আলকূ মা~

বিজয়ী হই? (৪২) ফিরআউন বলল, হ্যাঁ, এমন হলে তোমরা, আমার নিকটতম ব্যক্তিদের অন্তর্ভুক্ত হয়ে যাবে। (৪৩) মূসা যাদুকরদেরকে বললেন,

اَنْتُمْ مُّلْقُوْنَ ﴿٤٣﴾ فَاَلْقَوْا حِبَالَهُمْ وَعِصِيَّهُمْ وَقَالُوْا بِعِزَّةِ فِرْعَوْنَ اِنَّا لَنَحْنُ

আন্তুম্ মুল্কূন। ৪৪। ফাআল্ক্বাও হ্বিবা-লাহুম ওয়া 'ইছিয়্যাহুম ওয়া ক্বা-লূ বি'ইয্যাতি ফির'আওনা ইন্না- লানাহ্নুল

তোমাদের যা ফেলার তোমরা ফেল। (৪৪) তারা তাদের রশিগুলো ও লাঠিগুলো (মাটিতে) ফেলেদিল এবং বলতে লাগল, ফিরআউনের সম্মানের শপথ, আমরা

الْغٰلِبُوْنَ ﴿٤٤﴾ فَاَلْقٰى مُوْسٰى عَصَاهُ فَاِذَا هِيَ تَلْقَفُ مَا يَاْفِكُوْنَ ﴿٤٥﴾ فَاُلْقِيَ السَّحَرَةُ

গা-লিবূন। ৪৫। ফাআল্ক্বা- মূসা- 'আছা-হু ফাইযা- হিইয়া তাল্ক্বাফু মা- ইয়া'ফিকূন। ৪৬। ফাউল্কিয়াস্ সাহ্বারাতু

জয়ী হবই। (৪৫) এরপরে মূসা স্বীয় লাঠি ফেললেন, সাথে সাথে সেটি (সাপ হয়ে) তাদের অলীক জিনিসগুলোকে গিলে ফেলতে লাগল। (৪৬) এটা দেখে যাদুকরেরা

سٰجِدِيْنَ ﴿٤٦﴾ قَالُوْٓا اٰمَنَّا بِرَبِّ الْعٰلَمِيْنَ ﴿٤٧﴾ رَبِّ مُوْسٰى وَهٰرُوْنَ ﴿٤٨﴾ قَالَ اٰمَنْتُمْ لَهٗ

সা-জ্বিদীন। ৪৭। ক্বা-লূ~আ-মান্না- বিরাব্বিল 'আ-লামীন। ৪৮। রাব্বি মূসা- ওয়া- হা-রূন। ৪৯। ক্বা-লা আ-মান্তুম লাহূ

সিজদায় পড়ল। (৪৭) তারা বলল, আমরা জাহানের রবের প্রতি ঈমান আনলাম। (৪৮) যিনি মূসা ও হারুনের প্রতিপালক। (৪৯) ফিরআউন বলল, আমার অনুমতির

قَبْلَ اَنْ اٰذَنَ لَكُمْ ۚ اِنَّهٗ لَكَبِيْرُكُمُ الَّذِيْ عَلَّمَكُمُ السِّحْرَ ۚ فَلَسَوْفَ تَعْلَمُوْنَ ۬

ক্বাব্লা আন আ-যানা লাকুম, ইন্নাহূ লাকাবীরু কুমুল্লাযী 'আল্লামাকুমুস্ সিহ্র, ফালাছাওফা তা'লামূন ;

পূর্বেই তার প্রতি ঈমান আনলে? নিশ্চয়ই সে (মূসা) তোমাদের বড় নেতা, যে তোমাদেরকে যাদু শিক্ষা দিয়েছে। সুতরাং অতিশীঘ্রই তোমরা জেনে নিবে (আমার শাস্তিসমূহ)।

لَاُقَطِّعَنَّ اَيْدِيَكُمْ وَاَرْجُلَكُمْ مِّنْ خِلَافٍ وَّلَاُصَلِّبَنَّكُمْ اَجْمَعِيْنَ ﴿٤٩﴾ قَالُوْا لَا ضَيْرَ ۫

লাউক্বাত্তি'আন্না আইদিইয়াকুম ওয়া আরজুলাকুম্ মিন্ খিলা-ফিও ওয়ালা উস্বাল্লিবান্নাকুম আজ্মা'ঈন। ৫০। ক্বা-লূ লা-দ্বাইরা

আমি অবশ্যই তোমাদের এ পার্শ্বের হাত এবং বিপরীত দিকের পা কর্তন করব এবং তোমাদেরকে শূলে চড়াব। (৫০) তারা (উত্তরে) বলল, কোন অসুবিধা নেই,

اِنَّآ اِلٰى رَبِّنَا مُنْقَلِبُوْنَ ﴿٥٠﴾ اِنَّا نَطْمَعُ اَنْ يَّغْفِرَ لَنَا رَبُّنَا خَطٰيٰنَآ اَنْ كُنَّآ اَوَّلَ الْمُؤْمِنِيْنَ ۠

ইন্না~ইলা- রাব্বিনা মুন্ক্বালিবূন। ৫১। ইন্না- নাত্বমা'উ আঁই ইয়াগ্ফিরালানা- রাব্বুনা- খাত্বা-য়া-না~আন্ কুন্না~আওয়্যালাল মু'মিনীন।

নিশ্চয়ই আমরা রবের দিকে প্রত্যাবর্তনকারী। (৫১) আমরা আশা করি, আমাদের রব আমাদের সব গুনাহ ক্ষমা করে দিবেন; যেহেতু আমরা সর্ব প্রথম ঈমান গ্রহণকারী।

ع ৩ ১৮ ৭ রুকু

○ টীকা (আঃ ৪৯) ঃ অর্থাৎ, যাদুকরগণকে ঈমান আনয়ন করতে দেখে ফেরআউন অত্যন্ত ভীত হয়ে পড়ল, ভাবল, পাছে সমস্ত প্রজাই মুসলমান হয়ে না পড়ে। তখন একটি বিষয় মনে মনে চিন্তা করে যাদুকরগণকে বলল ......। (বঃ কোঃ) ○ টীকা (আঃ ৪৯) ঃ এবং তোমরা সকলে তার শিষ্য, কাজেই তোমরা পরস্পর গোপনে ষড়যন্ত্র করেছ যে, "তুমি এরূপ করবে, এবং এরূপে জয়-পরাজয়ের অভিনয় করবে। যার ফলে কিব্তী সম্প্রদায় হতে রাজত্ব ছিনিয়ে নিয়ে আনন্দিত মনে নেতৃত্ব করতে পারবে। (বঃ কোঃ)
○ টীকা (আঃ ৫০) ঃ কেননা, তুমি হত্যা করলে আমরা আমাদের প্রভুর সমীপে গিয়ে পৌছব। সেখানে আমাদের জন্য সর্বপ্রকারের নিরাপত্তা রয়েছে এবং আমরা তথায় মহা শান্তিতে থাকতে পারব। সুতরাং এরূপ মৃত্যুতে কোনই ক্ষতি নেই। (বঃ কোঃ) ○ বিশ্লেষণ (আঃ ৫১) ঃ اول المؤمنين - সর্বপ্রথম ইসলাম গ্রহণকারী এ কারণে বলা হয়েছে যে, ফিরআউনের সম্প্রদায় মুসলমান ছিল না। ঈমান গ্রহণের ব্যাপারে তারাই সর্বাগ্রে ছিল। (কুঃ করীম)

وَاَوْحَيْنَآ اِلٰى مُوْسٰٓى اَنْ اَسْرِ بِعِبَادِيْٓ اِنَّكُمْ مُّتَّبَعُوْنَ ﴿٥٢﴾ فَاَرْسَلَ فِرْعَوْنُ فِي

৫২। ওয়া আওহ্বাইনা~ইলা- মূসা~আন্ আস্রি বি'ইবা-দী~ইন্নাকুম্ মুত্তাবা'উন। ৫৩। ফাআরসালা ফির'আওনু ফিল্

(৫২) আমি মূসাকে হুকুম দিয়েছিলাম যে, রাতারাতি আমার বান্দা (বনী ঈসরাইল)দেরকে নিয়ে বেরিয়ে যান, আপনাদের পশ্চাদ্ধাবন করা হবে। (৫৩) ফিরআউন শহরগুলোতে

الْمَدَآئِنِ حٰشِرِيْنَ ﴿٥٣﴾ اِنَّ هٰٓؤُلَآءِ لَشِرْذِمَةٌ قَلِيْلُوْنَ ﴿٥٤﴾ وَاِنَّهُمْ لَنَا لَغَآئِظُوْنَ ○

মাদা—ইনি হ্বা-শিরীন। ৫৪। ইন্না হা~উলা—ই লাশিরযিমাতুন্ ক্বালীলূন। ৫৫। ওয়া ইন্নাহুম লানা- লাগা—ইযূন

তার লোক সংগ্রহকদেরকে পাঠিয়ে দিল এবং বলে দিল, (৫৪) নিশ্চয়ই তারা (বনী ঈসরাইল) অল্প সংখ্যক একটি দল, (৫৫) তারা আমাদের (অন্তরে) ক্রোধ সৃষ্টি করেছে।

وَاِنَّا لَجَمِيْعٌ حٰذِرُوْنَ ﴿٥٦﴾ فَاَخْرَجْنٰهُمْ مِّنْ جَنّٰتٍ وَّعُيُوْنٍ ﴿٥٧﴾ وَّكُنُوْزٍ وَّمَقَامٍ كَرِيْمٍ ○

৫৬। ওয়া ইন্না- লাজ্বামী'উন হ্বা-যিরূন। ৫৭। ফাআখ্রাজ্বনা-হুম্ মিন জ্বান্না-তিঁও ওয়া 'উয়ূন। ৫৮। ওয়া কুনূযিঁও ওয়া মাক্বা-মিন কারীম।

(৫৬) আমরাতো (তাদের থেকে) সদা শঙ্কিত। (৫৭) অবশেষে আমি ফিরআউনের বাহিনীকে বের করে দিলাম বাগান ও ঝরণাসমূহ, (৫৮) এবং ধন-ভান্ডার ও উৎকৃষ্ট স্থানসমূহ হতে।

كَذٰلِكَ ۭ وَاَوْرَثْنٰهَا بَنِيْٓ اِسْرَآءِيْلَ ﴿٥٩﴾ فَاَتْبَعُوْهُمْ مُّشْرِقِيْنَ ﴿٦٠﴾ فَلَمَّا تَرَآءَ الْجَمْعٰنِ

৫৯। কাযা-লিকা ; ওয়া আওরাছ্না-হা-বানী~ইসরা—ঈল। ৬০। ফাআত্বা'উহুম মুশরিক্বীন। ৬১। ফালাম্মা- তারা—আল্ জ্বাম্'আ-নি

(৫৯) এভাবেই হয়েছিল, এবং বনী ইসরাঈলদেরকে এসব কিছুর উত্তরাধিকারী করেছিলাম। (৬০) তারা সূর্য উদয়ের সময় তাদের পেছনে এসে পৌঁছল। (৬১) অতঃপর যখন উভয় দল একে

قَالَ اَصْحٰبُ مُوْسٰٓى اِنَّا لَمُدْرَكُوْنَ ﴿٦١﴾ قَالَ كَلَّا ۚ اِنَّ مَعِيَ رَبِّيْ سَيَهْدِيْنِ ○

ক্বা-লা আস্বহ্বা-বু মূসা~ইন্না-লামুদ্রাকূন। ৬২। ক্বা-লা কাল্লা-, ইন্না মা'ইয়া রাব্বী সাইয়াহ্দীন।

অপরকে দেখল, তখন মূসার সাথীরা বলল, নিশ্চয়ই আমরা তো নাগাল প্রাপ্ত। (৬২) মূসা বললেন, কখনই নয়, আছেন আমার রব আমার সাথে যিনি আমাকে পথ প্রদর্শন করবেন।

فَاَوْحَيْنَآ اِلٰى مُوْسٰٓى اَنِ اضْرِبْ بِّعَصَاكَ الْبَحْرَ ۭ فَانْفَلَقَ فَكَانَ كُلُّ فِرْقٍ

৬৩। ফাআওহ্বাইনা~ইলা- মূসা~আনিদ্বরিব্ বি'আছা-কাল্ বাহ্র ; ফান্ফালাক্বা ফাকা-না কুল্লু ফিরক্বিন্

(৬৩) অতঃপর আমি মূসাকে হুকুম দিলাম যে, আপনার লাঠি দ্বারা সমুদ্রের উপর আঘাত করুন; ফলে সমুদ্র বিদীর্ণ হয়ে গেল এবং প্রত্যেকটি ভাগ বৃহৎ

كَالطَّوْدِ الْعَظِيْمِ ﴿٦٣﴾ وَاَزْلَفْنَا ثَمَّ الْاٰخَرِيْنَ ﴿٦٤﴾ وَاَنْجَيْنَا مُوْسٰى وَمَنْ مَّعَهٗٓ اَجْمَعِيْنَ ○

কাত্ত্বাওদিল্ 'আজীম। ৬৪। ওয়া আয্লাফ্না- ছাম্মাল আ-খারীন। ৬৫। ওয়া আন্জ্বাইনা- মূসা- ওয়ামাম্ মা'আহূ~আজ্মা'ঈন।

পাহাড়ের মত হয়ে গেল। (৬৪) আর আমি সে স্থানে অন্য দলটিকেও অগ্রসর করালাম। (৬৫) এবং মূসা এবং আমি তার সব সাথীদেরকে রক্ষা করলাম।

ثُمَّ اَغْرَقْنَا الْاٰخَرِيْنَ ﴿٦٦﴾ اِنَّ فِيْ ذٰلِكَ لَاٰيَةً ۭ وَمَا كَانَ اَكْثَرُهُمْ مُّؤْمِنِيْنَ ﴿٦٧﴾ وَاِنَّ

৬৬। ছুম্মা আগরাক্বনাল্ আ-খারীন। ৬৭। ইন্না ফী যা-লিকা লাআ-ইয়াহ ; ওয়া মা- কা-না আকছারুহুম্ মু'মিনীন। ৬৮। ওয়া ইন্না

(৬৬) অতঃপর অপর দলটিকে ডুবিয়ে দিলাম, (৬৭) নিশ্চয় এর মধ্যে রয়েছে নিদর্শন; কিন্তু তাদের অধিকাংশ লোকই মুমিন নয়। (৬৮) আপনার প্রতিপালক

○ বিশ্লেষণ (আঃ ৫৪) ঃ قليلون – বনী ইসরাঈলের সংখ্যা ১২ লক্ষের চেয়েও কিছু বেশী ছিল। কিন্তু ফিরআউন তাদেরকে নিজেদের মোকাবেলায় অল্প সংখ্যক ধারণা করেছিল। (তাঃ কাদেরী) ○ বিশ্লেষণ (আঃ ৬৩) ঃ فانفلق فكان – অর্থাৎ পানির অংশ বড় পাহাড়ের মত দাঁড়িয়ে গেল এবং পথ হয়ে গেল, মূসা (আ) ও তার সাথীরা রক্ষা পেল। ○ বিশ্লেষণ (আঃ ৬৪) ঃ وازلفنا – অর্থাৎ ফিরআউনের সৈন্য বাহিনীও (সমুদ্রের) নিকটে এসে পৌছল এবং সমুদ্রের মধ্যে রাস্তা দেখে বনী ইসরাঈলের পরে তারা সে পথে প্রবেশ করল। ফিরআউনের সব বাহিনী সমুদ্রের মধ্যস্থ পথে প্রবেশ করার সাথে সাথেই আল্লাহর নির্দেশে পানির পাহাড় পরস্পরে মিলে গেল। (তাঃ ওসমানী)

ربك لهو العزيز الرحيم ﴿٦٩﴾ واتل عليهم نبا ابرهيم ﴿٧٠﴾ اذ قال لابيه وقومه ما

রাব্বাকা লাহুওয়াল্ 'আযীযুর্ রাহীম। ৬৯। ওয়াত্লু 'আলাইহিম নাবাআ ইব্রা-হীম। ৭০। ইয্ ক্বা-লা লিআবীহি ওয়া ক্বাওমিহী মা-

পরাক্রমশালী, অসীম দয়ালু। (৬৯) আর আপনি তাদের কাছে ইবরাহীমের ঘটনা বর্ণনা করুন। (৭০) যখন তিনি পিতা এবং তার সম্প্রদায়কে বলেছিলেন যে, তোমরা কার

تعبدون ﴿٧١﴾ قالوا نعبد اصناما فنظل لها عكفين ﴿٧٢﴾ قال هل يسمعونكم اذ

তা'বুদূন। ৭১। ক্বা-লূ না'বুদু আস্বনা-মান্ ফানাযাল্লু লাহা- 'আ-কিফীন। ৭২। ক্বা-লা হাল্ ইয়াস্মা'ঊনাকুম ইয্

ইবাদত করছ? (৭১) তারা বলল, আমরা মূর্তিসমূহের ইবাদত করছি এবং আমরা সর্বদা তাদের জন্যই নিবেদিত। (৭২) তিনি বললেন, যখন তোমরা তাকে ডাক, তোমাদের

تدعون ﴿٧٣﴾ او ينفعونكم او يضرون ﴿٧٤﴾ قالوا بل وجدنا اباءنا كذلك يفعلون

তাদ্'ঊন। ৭৩। আও ইয়ান্ফা'ঊনাকুম আও ইয়াদ্বুর্রূন। ৭৪। ক্বা-লূ বাল্ ওয়াজ্বাদ্না~আ-বা—আনা- কাযা-লিকা ইয়াফ্'আলূন।

সে ডাক কি তারা শোনে? (৭৩) বা তারা কি তোমাদের উপকার বা ক্ষতি করতে পারে? (৭৪) তারা বলল, বরং আমরাতো আমাদের পিতৃপুরুষদেরকে এভাবে করতে পেয়েছি।

﴿٧٥﴾ قال افرءيتم ما كنتم تعبدون ﴿٧٦﴾ انتم واباؤكم الاقدمون ﴿٧٧﴾ فانهم عدو لي

৭৫। ক্বা-লা আফারাআইতুম্ মা- কুন্তুম তা'বুদূন। ৭৬। আন্তুম ওয়া আ-বা—উকুমুল আক্বদামূন। ৭৭। ফাইন্নাহুম 'আদুওউল্লী~

(৭৫) তিনি বললেন, তাদের সম্পর্কে কি খবর রাখছ, যার উপাসনা করছ? (৭৬) তোমরা এবং তোমাদের আগের পিতৃ পুরুষরা? (৭৭) বস্তুতঃ তারা সব-ই আমার দুশমন,

الا رب العلمين ﴿٧٨﴾ الذي خلقني فهو يهدين ﴿٧٩﴾ والذي هو يطعمني و

ইল্লা- রাব্বাল 'আ-লামীন। ৭৮। আল্লাযী খালাক্বানী ফাহুওয়া ইয়াহ্দীন। ৭৯। ওয়াল্লাযী হুওয়া ইউত্ব'ইমুনী ওয়া

সারা জাহানের রব ব্যতীত। (৭৮) যিনি আমাকে সৃষ্টি করেছেন, অনন্তর তিনিই আমাকে সঠিক পথ প্রদর্শন করেন। (৭৯) তিনিই (আল্লাহ), আমাকে আহার ও পানীয় প্রদান

يسقين ﴿٨٠﴾ واذا مرضت فهو يشفين ﴿٨١﴾ والذي يميتني ثم يحيين ﴿٨٢﴾ والذي

ইয়াস্ক্বীন। ৮০। ওয়া ইযা- মারিদ্বতু ফাহুওয়া ইয়াশ্ফীন। ৮১। ওয়াল্লাযী ইউমীতুনী ছুম্মা ইউহ্ঈন। ৮২। ওয়াল্লাযী ~

করেন। (৮০) আর যখন আমি রোগাক্রান্ত হই, তখন তিনিই আমাকে সুস্থতা দান করেন। (৮১) তিনিই আমার মৃত্যু ঘটাবেন, অতঃপর আমাকে জীবিত করবেন। (৮২) তিনি

اطمع ان يغفر لي خطيئتي يوم الدين ﴿٨٣﴾ رب هب لي حكما والحقني

আত্বমা'উ আঁই ইয়াগ্ফিরালী খাত্বী—আতী ইয়াওমাদ্ দীন। ৮৩। রাব্বি হাব্লী হুক্মাও ওয়া আল্হিক্বনী

এমন যাঁর কাছে আমি (এ) আশা করছি যে, তিনি বিচার দিবসের দিন আমার ত্রুটিগুলো ক্ষমা করে দিবেন। (৮৩) হে আমার প্রতিপালক! আমাকে হিক্মত দান করুন

بالصلحين ﴿٨٤﴾ واجعل لي لسان صدق في الاخرين ﴿٨٥﴾ واجعلني من ورثة جنة

বিস্বস্বা-লিহ্বীন। ৮৪। ওয়াজ্'আল্লী লিসা-না স্বিদ্ক্বিন্ ফিল্ আ-খিরীন। ৮৫। ওয়াজ্'আল্নী মিঁও ওয়ারাছাতি জান্নাতিন্

এবং পূন্যবানদের অন্তর্ভুক্ত করুন। (৮৪) (আমার) পরবর্তীদের মধ্যে আমার (সম্পর্কে) ভাল আলোচনা জারী রাখুন। (৮৫) আমাকে সুখময় জান্নাতের উত্তরাধিকারীদের

○ বিশ্লেষণ (আঃ ৮৩) ঃ حكما - 'হিকমত' দ্বারা জ্ঞান, বুঝ, অথবা নবুওয়াত ও রেসালাত বুঝানো হয়েছে। ○ টীকা (আঃ ৮৪) ঃ হযরত ইবরাহীম (আ) সেই উচ্চস্তরের মর্যাদা এবং বিশেষ নৈকট্যই প্রার্থনা করেছিলেন, যা প্রথম শ্রেণীর পয়গাম্বরদের জন্য নির্দিষ্ট। কেননা, সাধারণ নেককার লোকদের তুলনায় তিনি অনেক উর্ধ্বে ছিলেন। (বঃ কোঃ) ○ বিশ্লেষণ (আঃ ৮৪) ঃ اجعل لى لسان - অর্থাৎ এমন নেক আমল করার তাওফীক দাও, পরবর্তী বংশধরেরা যেন সর্বদা আমার সম্পর্কে সুধারণা রাখে এবং আমার পথে চলার আগ্রহ সৃষ্টি হয়। অথবা এ অর্থও হতে পারে যে, পরবর্তীকালে আমার পরিবার-পরিজনদের মধ্যে যেন নবী ও উম্মত হন এবং তারা আমার দ্বীন জারী রাখে। (তাঃ ওসমানী)

النعيم ﴿٨٦﴾ واغفر لابي انه كان من الضالين ﴿٨٧﴾ ولا تخزني يوم يبعثون

না'ঈম। ৮৬। ওয়াগ্ফির্ লিআবী ~ইন্নাহূ কা-না মিনাদ্ব দ্বা—ল্লীন, ৮৭। ওয়ালা- তুখ্যিনী ইয়াওমা ইউব্'আছূন।

অন্তর্ভুক্ত করুন। (৮৬) এবং আমার পিতাকে ক্ষমা করুন, নিশ্চয়ই সে পথভ্রষ্টদের অন্তর্ভুক্ত ছিল। (৮৭) এবং পুনরুত্থান দিবসে আমাকে অপমানিত করবেন না।

﴿٨٨﴾ يوم لا ينفع مال ولا بنون ﴿٨٩﴾ الا من اتى الله بقلب سليم ﴿٩٠﴾ وازلفت الجنة

৮৮। ইয়াওমা লা- ইয়ানফা'উ মা-লুঁও ওয়ালা- বানূন। ৮৯। ইল্লা- মান্ আতাল্লা-হা বিক্বাল্বিন্ সালীম। ৯০। ওয়া উয্লিফাতিল জ্বান্নাতু

(৮৮) যে দিন সম্পদ ও সন্তানাদি কোনই উপকারে আসবেনা। (৮৯) শুধু যে পরিশুদ্ধ আত্মা নিয়ে আল্লাহর কাছে উপস্থিত হবে। (৯০) এবং পরহেজগারদের জন্য জান্নাত

للمتقين ﴿٩١﴾ وبرزت الجحيم للغوين ﴿٩٢﴾ وقيل لهم اينما كنتم تعبدون

লিল্মুত্তাক্বীন। ৯১। ওয়া বুর্রিযাতিল জ্বাহীমু লিল্গা-ওয়ীন। ৯২। ওয়া ক্বীলা লাহুম আইনামা- কুন্তুম তা'বুদূন।

একেবারে নিকটবর্তী করা হবে। (৯১) এবং পথভ্রষ্টদের জাহান্নাম প্রদর্শন করা হবে। (৯২) এবং তাদেরকে বলা হবে যে, তারা কোথায় গেল, যাদের তোমরা ইবাদত করতে

﴿٩٣﴾ من دون الله هل ينصرونكم او ينتصرون ﴿٩٤﴾ فكبكبوا فيها هم والغاون

৯৩। মিন্ দূনিল্লা-হি ; হাল্ ইয়ানস্বুরূনাকুম আও ইয়ান্তাস্বিরূন। ৯৪। ফাকুব্কিবূ ফীহা- হুম ওয়াল্গা-উন।

(৯৩) আল্লাহকে ছাড়া তারা কি তোমাদের কোন সাহায্য করতে পারে? বা নিজেদেরকে (শাস্তি হতে) বাঁচাতে পারে? (৯৪) অতঃপর তাদেরকে এবং পথভ্রষ্টদেরকে মুখ উপুড় করে জাহান্নামে ফেলে দেয়া হবে।

﴿٩٥﴾ وجنود ابليس اجمعون ﴿٩٦﴾ قالوا وهم فيها يختصمون ﴿٩٧﴾ تالله ان كنا لفي

৯৫। ওয়া জ্বুনূদু ইবলীসা আজ্বমা'ঊন। ৯৬। ক্বা-লূ ওয়া হুম ফীহা-ইয়াখ্তাস্বিমূন। ৯৭। তাল্লা-হি ইন্ কুন্না- লাফী

(৯৫) এবং ইবলীসের সকল সৈন্য বাহিনীদেরকেও। (৯৬) তারা সেখানে (বসে) একে অপরের সাথে ঝগড়া করে বলবে, (৯৭) আল্লাহর শপথ! নিশ্চয়ই আমরা স্পষ্ট

ضلل مبين ﴿٩٨﴾ اذ نسويكم برب العلمين ﴿٩٩﴾ وما اضلنا الا المجرمون

দ্বালা-লিম্ মুবীন। ৯৮। ইয্ নুসাওয়্যীকুম বিরাব্বিল্ 'আ-লামীন। ৯৯। ওয়া মা~আদ্বাল্লানা~ইল্লাল্ মুজ্বরিমূন।

বিভ্রান্তির মধ্যেই ছিলাম, (৯৮) যখন আমরা তোমাদেরকে সারা জাহানের প্রতিপালক-এর সমতুল্য মনে করতাম। (৯৯) এবং আমাদেরকে শুধু পাপীরাই পথভ্রষ্ট করেছিল।

﴿١٠٠﴾ فما لنا من شافعين ﴿١٠١﴾ ولا صديق حميم ﴿١٠٢﴾ فلو ان لنا كرة فنكون من المؤمنين

১০০। ফামা- লানা- মিন্ শা-ফি'ঈন। ১০১। ওয়ালা- স্বাদীক্বিন্ হ্বামীম। ১০২। ফালাও আন্না লানা- কার্রাতান্ ফানাকূনা মিনাল মু'মিনীন।

(১০০) এখন আমাদের কোনই সুপারিশকারী নেই, (১০১) এবং কোন অন্তরঙ্গ বন্ধুও নেই। (১০২) হায়! যদি আমাদের আবার পুনরায় (পৃথিবীতে) যাবার সুযোগ হত, তবে আমরা মুমিন হয়ে যেতাম।

﴿١٠٣﴾ ان في ذلك لاية وما كان اكثرهم مؤمنين ﴿١٠٤﴾ وان ربك لهو العزيز الرحيم

১০৩। ইন্না ফী যা-লিকা লাআ-ইয়াহ ; ওয়া মা- কা-না আক্ছারুহুম মু'মিনীন। ১০৪। ওয়া ইন্না রাব্বাকা লাহুওয়াল 'আযীযুর্ রাহীম।

(১০৩) নিশ্চয়ই এতে নিদর্শন রয়েছে; অথচ তাদের অধিকাংশ লোকই মুমিন নয়। (১০৪) নিশ্চয়ই আপনার প্রতিপালক মহা পরাক্রমশালী, অসীম দয়ালু।

○ টীকা (আঃ ৮৬) ঃ হযরত ইবরাহীম (আ) কাফের পিতার জন্য ক্ষমা প্রার্থনা নিষ্ফল হওয়া সম্বন্ধে ভালরূপেই অবগত ছিলেন। অতএব, তিনি যে দো'আ করেছিলেন, 'আমার পিতাকে ক্ষমা করুন, এর অর্থ তাকে ক্ষমার যোগ্য করুন' অর্থাৎ, তার মনে ঈমান আনয়নের আগ্রহ সৃষ্টি করে দিন। যেন ঈমান এনে ক্ষমার যোগ্য হতে পারে। (বঃ কোঃ) ○ টীকা (আঃ ৯৩) ঃ অতএব, এই মূর্তিসমূহ নিজদিগকেও রক্ষা করতে পারল না এবং উপাসাবৃন্দকেও না। এরূপ শয়তান কাউকেও সাহায্য ও আত্মরক্ষা করতে পারবে না। (বঃ কোঃ)

﴿١٠٤﴾ كَذَّبَتْ قَوْمُ نُوحٍ الْمُرْسَلِينَ ﴿١٠٥﴾ إِذْ قَالَ لَهُمْ أَخُوهُمْ نُوحٌ أَلَا تَتَّقُونَ ﴿١٠٦﴾ إِنِّي

১০৫। কায্যাবাত ক্বাওমু নূহিনিল মুরসালীন। ১০৬। ইয্ ক্বা-লা লাহুম আখূহুম নূহুন আলা- তাত্তাকূন। ১০৭। ইন্নী

(১০৫) নূহের সম্প্রদায়ও রাসূলগণকে মিথ্যারোপ করেছিল। (১০৬) যখন তাদের ভাই নূহ তাদেরকে বললেন, তোমাদের কি আল্লাহর ভয় নেই? (১০৭) (শোন!) নিশ্চয়ই আমি

لَكُمْ رَسُولٌ أَمِينٌ ﴿١٠٧﴾ فَاتَّقُوا اللَّهَ وَأَطِيعُونِ ﴿١٠٨﴾ وَمَا أَسْأَلُكُمْ عَلَيْهِ مِنْ أَجْرٍ ۖ إِنْ

লাকুম রাসূলুন আমীন। ১০৮। ফাত্তাকুল্লা-হা ওয়া আত্বী'উন। ১০৯। ওয়া মা~আস্আলুকুম 'আলাইহি মিন আজ্বরিন, ইন্

তোমাদের জন্য বিশ্বস্ত রাসূল; (১০৮) অতএব তোমরা আল্লাহকে ভয় কর এবং আমার অনুগত হও। (১০৯) আমি তোমাদের কাছে এ (জন্য) কোন মজুরী চাই না,

أَجْرِيَ إِلَّا عَلَىٰ رَبِّ الْعَالَمِينَ ﴿١٠٩﴾ فَاتَّقُوا اللَّهَ وَأَطِيعُونِ ﴿١١٠﴾ قَالُوا أَنُؤْمِنُ لَكَ وَاتَّبَعَكَ

আজ্বরিইয়া ইল্লা- 'আলা- রাব্বিল 'আ-লামীন। ১১০। ফাত্তাকুল্লা-হা ওয়া আত্বী'উন। ১১১। ক্বা-লূ~আনু'মিনু লাকা ওয়াত্তাবা'আকাল্

আমার বিনিময় তো সারা জাহানের রবের কাছে। (১১০) সুতরাং আল্লাহকে ভয় কর এবং আমার অনুসরণ কর। (১১১) তারা বলল, আমরা কি তোমার প্রতি ঈমান আনব, অথচ

الْأَرْذَلُونَ ﴿١١١﴾ قَالَ وَمَا عِلْمِي بِمَا كَانُوا يَعْمَلُونَ ﴿١١٢﴾ إِنْ حِسَابُهُمْ إِلَّا عَلَىٰ رَبِّي ۖ لَوْ

আর্যালূন। ১১২। ক্বা-লা ওয়া মা- 'ইলমী বিমা- কা-নূ ইয়া'মালূন। ১১৩। ইন্ হিসা-বুহুম ইল্লা- 'আলা- রাব্বী লাও

নিকৃষ্ট লোকেরা তোমার অনুসরণ করছে? (১১২) নূহ বললেন, তারা কি কাজ করছে আমার জানার দরকার নেই, (১১৩) তাদের হিসাব তো একমাত্র আমার প্রতিপালকের কাছে,

تَشْعُرُونَ ﴿١١٣﴾ وَمَا أَنَا بِطَارِدِ الْمُؤْمِنِينَ ﴿١١٤﴾ إِنْ أَنَا إِلَّا نَذِيرٌ مُبِينٌ ﴿١١٥﴾ قَالُوا لَئِنْ لَمْ

তাশ'উরূন। ১১৪। ওয়া মা~আনা- বিত্বা রিদিল মু'মিনীন। ১১৫। ইন্ আনা ইল্লা- নাযীরুম্ মুবীন। ১১৬। ক্বা-লূ লাইল্ লাম্

যদি তোমরা বুঝতে! (১১৪) আর আমি মুমিনগণকে বহিষ্কারকারী নই। (১১৫) আমিতো শুধু মাত্র একজন সুস্পষ্ট সাবধানকারী। (১১৬) তারা বলল, হে নূহ! তুমি যদি

تَنْتَهِ يَا نُوحُ لَتَكُونَنَّ مِنَ الْمَرْجُومِينَ ﴿١١٦﴾ قَالَ رَبِّ إِنَّ قَوْمِي كَذَّبُونِ

তান্তাহি ইয়া-নূহু লাতাকূনান্না মিনাল্ মারজূমীন। ১১৭। ক্বা-লা রাব্বি ইন্না ক্বাওমী ক্বায্যাবূন।

বিরত না হও, (তবে) তোমাকে অবশ্যই প্রস্তরাঘাতে হত্যা করা হবে। (১১৭) নূহ বললেন, হে আমার প্রতিপালক! আমার সম্প্রদায় আমাকে মিথ্যাবাদী সাব্যস্ত করতেছে?

﴿١١٧﴾ فَافْتَحْ بَيْنِي وَبَيْنَهُمْ فَتْحًا وَنَجِّنِي وَمَنْ مَعِيَ مِنَ الْمُؤْمِنِينَ ﴿١١٨﴾ فَأَنْجَيْنَاهُ

১১৮। ফাফ্তাহ্ বাইনী ওয়া বাইনাহুম ফাত্হাওঁ ওয়া নাজ্জিনী ওয়া মাম্ মা'ইয়া মিনাল্ মু'মিনীন। ১১৯। ফাআন্জাইনা-হু

(১১৮) সুতরাং আমার মধ্যে ও তাদের মধ্যে স্পষ্ট ফয়সালা করে দিন এবং আমাকে এবং আমার মুমিন সাথীগণকে রক্ষা করুন। (১১৯) অতঃপর আমি তাকে

وَمَنْ مَعَهُ فِي الْفُلْكِ الْمَشْحُونِ ﴿١١٩﴾ ثُمَّ أَغْرَقْنَا بَعْدُ الْبَاقِينَ ﴿١٢٠﴾ إِنَّ فِي ذَٰلِكَ

ওয়া মাম্ মা'আহূ ফিল্ ফুল্কিল্ মাশ্হূন। ১২০। ছুম্মা আগ্রাক্বনা- বা'দুল বা-ক্বীন। ১২১। ইন্না ফী যা-লিকা

ও তার সাথীগণকে রক্ষা করলাম নৌকায়, যেটি ছিল বোঝাইকৃত। (১২০) অতঃপর বাকী সবগুলোকে আমি ডুবিয়ে দিলাম। (১২১) নিশ্চয়ই এর মধ্যে রয়েছে

○ টীকা (আঃ ১০৭) ঃ যেহেতু রাসূলের একদিকে আল্লাহর সাথে সম্বন্ধ থাকে, আর অন্য দিকে উম্মতের সাথে। কাজেই কখনো তাঁকে আল্লাহর রাসূল বলা হয়, কারণ আল্লাহ তাঁকে প্রেরণ করেছেন। আর কখনো তাঁকে উম্মতের রাসূল বলা হয়, কারণ তাঁকে উম্মতের দিকে পাঠানো হয়েছে। আমানতদারেরও দু'টি দিক হতে পারে। এক এই যে, আল্লাহ অহীর উপর রাসূলকে বিশ্বাস করেছেন যে, রাসূল ঠিকভাবে নির্দেশ বান্দাকে পৌছাবেন। কিম্বা এই যে, রাসূল লোকের মধ্যে বিশ্বাসী বলে মনে করা যেত যে, রাসূল মিথ্যা বলতেন না। এ অবস্থায় যেখানে যেখানে "লাকুম রাসূলুন আমিন"-এর শব্দ এসেছে, সেখানে সেখানে এ অর্থই বুঝতে হবে।

৬ ১০ রুকূ

لَآيَةً ۖ وَمَا كَانَ أَكْثَرُهُمْ مُؤْمِنِينَ ﴿١٢١﴾ وَإِنَّ رَبَّكَ لَهُوَ الْعَزِيزُ الرَّحِيمُ ﴿١٢٢﴾ كَذَّبَتْ

লাআ-ইয়াহ ; ওয়া মা- কা-না আক্ছারুহুম্ মু'মিনীন। ১২২। ওয়া ইন্না রাব্বাকা লাহুওয়াল 'আযীযুর রাহীম। ১২৩। কায্যাবাত

দৃষ্টান্ত; কিন্তু তাদের অধিকাংশ লোকই মুমিন নহে। (১২২) নিশ্চয়ই আপনার প্রতিপালক মহা পরাক্রমশালী, পরম দয়ালু। (১২৩) আদ (সম্প্রদায়)ও রাসূলগণকে

عَادٌ الْمُرْسَلِينَ ﴿١٢٣﴾ إِذْ قَالَ لَهُمْ أَخُوهُمْ هُودٌ أَلَا تَتَّقُونَ ﴿١٢٤﴾ إِنِّي لَكُمْ رَسُولٌ أَمِينٌ

'আ-দুনিল মুরসালীন। ১২৪। ইয্ ক্বা-লা লাহুম আখূহুম হূদুন আলা- তাত্তাকূন। ১২৫। ইন্নী লাকুম রাসূলুন আমীন।

প্রত্যাখ্যান করেছিল। (১২৪) যখন তাদের কাছে তাদের ভাই হূদ বলেছিলেন, তোমরা কি (আল্লাহকে) ভয় করবে না? (১২৫) আমি তোমাদের জন্য নিশ্চয়ই একজন বিশ্বস্ত রাসূল।

﴿١٢٥﴾ فَاتَّقُوا اللَّهَ وَأَطِيعُونِ ﴿١٢٦﴾ وَمَا أَسْأَلُكُمْ عَلَيْهِ مِنْ أَجْرٍ ۖ إِنْ أَجْرِيَ إِلَّا عَلَىٰ رَبِّ

১২৬। ফাত্তাকুল্লা-হা ওয়া আত্বী'উন। ১২৭। ওয়ামা~আস্আলুকুম 'আলাইহি মিন্ আজ্বর, ইন্ আজ্বরিয়া ইল্লা- 'আলা- রাব্বিল

(১২৬) সুতরাং আল্লাহকে ভয় কর এবং আমার কথা শোন। (১২৭) আমি এ (দাওয়াতের) ব্যাপারে তোমাদের কাছে পারিশ্রমিক চাইনা, আমার পারিশ্রমিক শুধু সারা জাহানের

الْعَالَمِينَ ﴿١٢٧﴾ أَتَبْنُونَ بِكُلِّ رِيعٍ آيَةً تَعْبَثُونَ ﴿١٢٨﴾ وَتَتَّخِذُونَ مَصَانِعَ لَعَلَّكُمْ تَخْلُدُونَ

'আ-লামীন। ১২৮। আতাব্নূনা বিকুল্লি রী'ইন আ-ইয়াতান তা'বাছূন। ১২৯। ওয়া তাত্তাখিযূনা মাস্বা-নি'আ লা'আল্লাকুম তাখ্লুদূন।

প্রতিপালকের কাছেই। (১২৮) তোমরা কি প্রতিটি উঁচু স্থানে খেলার ছলে স্মৃতি (প্রাসাদ) তৈরী করছ? (১২৯) এবং তোমরা বড় বড় প্রাসাদ তৈরী করছ, মনে হয় যেন তোমরা চিরস্থায়ীভাবে তাতে বসবাস করবে।

﴿١٢٩﴾ وَإِذَا بَطَشْتُمْ بَطَشْتُمْ جَبَّارِينَ ﴿١٣٠﴾ فَاتَّقُوا اللَّهَ وَأَطِيعُونِ ﴿١٣١﴾ وَاتَّقُوا الَّذِي أَمَدَّكُمْ

১৩০। ওয়া ইযা- বাত্বাশ্তুম বাত্বাশ্তুম জ্বাব্বা-রীন। ১৩১। ফাত্তাকুল্লা-হা ওয়া আত্বী'উন। ১৩২। ওয়াত্তাকুল্ লাযী~আমাদ্দাকুম

(১৩০) যখন তোমরা (কারো প্রতি) আক্রমণ কর, তখন আক্রমণ কর কঠোরভাবে, (১৩১) তোমরা আল্লাহকে ভয় কর এবং আমার অনুগত হও। (১৩২) এবং তোমরা তাঁকে ভয় কর, যিনি তোমাদেরকে সে সব বস্তু দিয়ে সাহায্য করেছেন,

بِمَا تَعْلَمُونَ ﴿١٣٢﴾ أَمَدَّكُمْ بِأَنْعَامٍ وَبَنِينَ ﴿١٣٣﴾ وَجَنَّاتٍ وَعُيُونٍ ﴿١٣٤﴾ إِنِّي أَخَافُ عَلَيْكُمْ

বিমা- তা'লামূন। ১৩৩। আমাদ্দাকুম বিআন'আ-মিওঁ ওয়া বানীন। ১৩৪। ওয়া জ্বান্না-তিওঁ ওয়া 'উইউন। ১৩৫। ইন্নী~আখা-ফু 'আলাইকুম

যা তোমরা জান! (১৩৩) তিনি (আল্লাহ) তোমাদেরকে সাহায্য করেছেন চতুষ্পদ জন্তু ও সন্তানাদি দ্বারা (১৩৪) এবং বাগান ও ঝরণা দ্বারা। (১৩৫) আমি তোমাদের

عَذَابَ يَوْمٍ عَظِيمٍ ﴿١٣٥﴾ قَالُوا سَوَاءٌ عَلَيْنَا أَوَعَظْتَ أَمْ لَمْ تَكُنْ مِنَ الْوَاعِظِينَ ﴿١٣٦﴾ إِنْ

'আযা-বা ইয়াওমিন 'আযীম। ১৩৬। ক্বা-লূ সাওয়া—উন 'আলাইনা~আওয়া 'আয্তা আম্ লাম্ তাকুম্ মিনাল্ ওয়া-'ইযীন। ১৩৭। ইন্

ব্যাপারে ভয় করছি, কঠিন দিনের (পরকালের) শাস্তির। (১৩৬) তারা বলল, তুমি উপদেশ দাও অথবা না দাও, উভয়ই আমাদের কাছে সমান। (১৩৭) এটাতো

○ টীকা (আঃ ১২৯) ঃ 'আদ সম্প্রদায় ভাস্কর কার্যে অর্থাৎ প্রস্তর শিল্পে নিপুণ ছিল, এমনকি তারা যা অনাবশ্যক তাতে সময় নষ্ট করত। পর্বত খোদিত করে তারা বিভিন্ন প্রকার বাসস্থান ও স্মৃতিস্তম্ভ প্রস্তুত করত। অধুনা যেমন আমাদের দেশের খ্যাতনামা ব্যক্তিদের স্মৃতিস্তম্ভ প্রস্তুত করে প্রকাশ্য স্থানে স্থাপন করা হয়। উদ্দেশ্য এই থাকে যাতে তাদের স্মৃতিচিহ্ন বিদ্যমান থাকে। কিন্তু লক্ষ্য করে দেখলে এটা বুঝতে পারা যায় যে, তাতে কোন সার্থকতা নেই। কারণ চিরকাল স্থায়িত্বের পরিচয় আমরা কোরআন পাকের كل من عليها فان অর্থাৎ "চিরঞ্জীব আল্লাহ ব্যতীত সবই ধ্বংসে পরিণত হবে।" এ সত্য বাণীতে বেশ বুঝতে পারি। আমরা আরো দেখতে পাই যে, 'স্মৃতিস্তম্ভ', 'মাজার' ও দুর্গ প্রভৃতি নির্মাণে লোক লক্ষ লক্ষ অর্থ ব্যয় করে থাকে। অথচ কিছুদিন পরে তার নির্মাণকারীর কোন সন্ধানই পাওয়া যায় না। স্মৃতিস্তম্ভ, পিরামিড প্রভৃতি নির্মাণের দিক দিয়ে মিসরই জগতের মধ্যে প্রাচীন ও সুবিখ্যাত। তথায় যেরূপ মনোরম ও মজবুত পিরামিড ইত্যাদি দেখতে পাওয়া যায় তা জগতে দুর্লভ। কোনও কোনটিতে খোদিত লেখাও পরিদৃষ্ট হয়। কিন্তু কোথায় তার নির্মাণকারী? তার এখন প্রকৃত অবস্থা কি দাঁড়িয়েছে। ফলকথা, "নিত্য আল্লাহ পাকের নামই থাকবে" এ ভাবধারা মুসলমানের থাকা উচিত। এতদ্ব্যতীত সব কিছুই ধ্বংসশীল, সুতরাং নির্বোধ মানুষই অনর্থক কার্যে লিপ্ত হয়।

هٰذَآ اِلَّا خُلُقُ الْاَوَّلِيْنَ ﴿١٣٧﴾ وَمَا نَحْنُ بِمُعَذَّبِيْنَ ﴿١٣٨﴾ فَكَذَّبُوْهُ فَاَهْلَكْنٰهُمْ ؕ اِنَّ فِيْ

হা-যা~ইল্লা- খুলুকুল আওওয়ালীন। ১৩৮। ওয়া মা- নাহ্নু বিমু'আয্যাবীন। ১৩৯। ফাকায্যাবূহু ফাআহ্লাক্না- হুম; ইন্না ফী
আগেকার (লোক)দেরই চরিত্র। (১৩৮) আমরা কখনও শাস্তি প্রাপ্ত হব না। (১৩৯) অতঃপর তারা (আদ জাতি) তাকে প্রত্যাখান করল, তখন আমি তাদেরকে ধ্বংস করেছিলাম।

ذٰلِكَ لَاٰيَةً ؕ وَمَا كَانَ اَكْثَرُهُمْ مُّؤْمِنِيْنَ ﴿١٣٩﴾ وَاِنَّ رَبَّكَ لَهُوَ الْعَزِيْزُ الرَّحِيْمُ ﴿١٤٠﴾

যা-লিকা লাআ-ইয়াহ; ওয়া মা- কা-না আক্ছারুহুম্ মু'মিনীন। ১৪০। ওয়া ইন্না রাব্বাকা লাহুওয়াল 'আযীযুর রাহীম।
নিশ্চয়ই এর মধ্যে রয়েছে বিরাট উপদেশ এবং তাদের অধিকাংশই বিশ্বাসী নয়। (১৪০) নিশ্চয়ই আপনার প্রতিপালকই মহা পরাক্রমশালী, পরম দয়ালু।

৭ রুকূ ১১

كَذَّبَتْ ثَمُوْدُ الْمُرْسَلِيْنَ ﴿١٤١﴾ اِذْ قَالَ لَهُمْ اَخُوْهُمْ صٰلِحٌ اَلَا تَتَّقُوْنَ ﴿١٤٢﴾ اِنِّيْ لَكُمْ

১৪১। কায্যাবাত ছামূদুল মুরসালীন। ১৪২। ইয্ ক্বা-লা লাহুম আখূহুম স্বা-লিহুন 'আলা- তাত্তাকূন। ১৪৩। ইন্নী লাকুম
(১৪১) সামূদ (জাতি)ও রাসূলগণকে প্রত্যাখ্যান করেছিল। (১৪২) যখন তাদের ভাই সালেহ তাদেরকে বলল যে, তোমরা কি (আল্লাহকে) ভয় করবে না? (১৪৩) নিশ্চয়ই আমি

رَسُوْلٌ اَمِيْنٌ ﴿١٤٣﴾ فَاتَّقُوا اللّٰهَ وَاَطِيْعُوْنِ ﴿١٤٤﴾ وَمَآ اَسْـَٔلُكُمْ عَلَيْهِ مِنْ اَجْرٍ ۚ اِنْ اَجْرِيَ

রাসূলুন আমীন। ১৪৪। ফাত্তাক্বুল্লা-হা ওয়া আত্বী'উন। ১৪৫। ওয়া মা~আস্আলুকুম 'আলাইহি মিন আজ্র, ইন্ আজ্রিয়া
তোমাদের জন্য একজন বিশ্বস্ত রাসূল। (১৪৪) সুতরাং আল্লাকে ভয় কর এবং আমার অনুগত হও। (১৪৫) আমি তোমাদের কাছে এজন্য পারিশ্রমিক চাইনা, আমার পারিশ্রমিক

اِلَّا عَلٰى رَبِّ الْعٰلَمِيْنَ ﴿١٤٥﴾ اَتُتْرَكُوْنَ فِيْ مَا هٰهُنَآ اٰمِنِيْنَ ﴿١٤٦﴾ فِيْ جَنّٰتٍ وَّ

ইল্লা-'আলা- রাব্বিল 'আ-লামীন। ১৪৬। আতুত্রাকূনা ফী মা- হা-হুনা~আ-মিনীন। ১৪৭। ফী জান্না-তিওঁ ওয়া
একমাত্র সারা জাহানের প্রতিপালকের কাছেই রয়েছে। (১৪৬) তোমাদেরকে কি নিরাপদে ছেড়ে রাখা হবে যা এখানে আছে তার মধ্যে, (১৪৭) (অর্থাৎ) বাগানে ও

عُيُوْنٍ ﴿١٤٧﴾ وَّزُرُوْعٍ وَّنَخْلٍ طَلْعُهَا هَضِيْمٌ ﴿١٤٨﴾ وَتَنْحِتُوْنَ مِنَ الْجِبَالِ بُيُوْتًا فٰرِهِيْنَ ﴿١٤٩﴾

'উইউন। ১৪৮। ওয়া যুরূ'ইওঁ ওয়া নাখ্লিন্ ত্বাল্'উহা- হাদ্বীম। ১৪৯। ওয়া তান্হিতূনা মিনাল্ জিবা-লি বুইউতান্ ফা-রিহীন।
ঝরণায় (১৪৮) এবং শস্য ক্ষেত্র এবং খেজুরের বাগানে যার কলি খুবই ঘন। (১৪৯) এবং তোমরা সগর্বে পাহাড় কেটে কেটে ঘর নির্মাণ করছ?

فَاتَّقُوا اللّٰهَ وَاَطِيْعُوْنِ ﴿١٥٠﴾ وَلَا تُطِيْعُوْٓا اَمْرَ الْمُسْرِفِيْنَ ﴿١٥١﴾ الَّذِيْنَ يُفْسِدُوْنَ فِي

১৫০। ফাত্তাক্বুল্লা-হা ওয়া আত্বী'উন। ১৫১। ওয়ালা- তুত্বী'উ~আমরাল মুস্রিফীন। ১৫২। আল্লাযীনা ইউফ্সিদূনা ফিল
(১৫০) তোমরা আল্লাহকে ভয় কর এবং আমার অনুগত হও। (১৫১) এবং সীমালংঘনকারী (কাফির)দের নির্দেশকে মেনো না, (১৫২) যারা পৃথিবীতে বিশৃংখলা সৃষ্টি করে

الْاَرْضِ وَلَا يُصْلِحُوْنَ ﴿١٥٢﴾ قَالُوْٓا اِنَّمَآ اَنْتَ مِنَ الْمُسَحَّرِيْنَ ﴿١٥٣﴾ مَآ اَنْتَ اِلَّا بَشَرٌ

আরদ্বি ওয়ালা- ইউস্বলিহূন। ১৫৩। ক্বা-লূ~ইন্নামা~আন্তা মিনাল মুসাহ্হারীন। ১৫৪। মা~আন্তা ইল্লা- বাশারুম্
এবং (নিজ চরিত্রকে) সংশোধন করে না। (১৫৩) তারা বলল, নিশ্চয়ই তুমি তো যাদুগ্রস্তদের অন্তর্ভুক্ত। (১৫৪) তুমিতো আমাদের মতই একজন মানুষ,

مِّثْلُنَا ۚ فَاْتِ بِاٰيَةٍ اِنْ كُنْتَ مِنَ الصّٰدِقِيْنَ ﴿١٥٤﴾ قَالَ هٰذِهٖ نَاقَةٌ لَّهَا شِرْبٌ وَّلَكُمْ

মিছ্লুনা-, ফা'তি বিআইয়া-তিন ইন কুন্তা মিনাস্ব স্বা-দিক্বীন। ১৫৫। ক্বা-লা হা-যিহী না-ক্বাতুল্ লাহা- শির্বুওঁ ওয়া লাকুম
তুমি কোন নিদর্শন নিয়ে এস, যদি তুমি সত্যবাদী হও। (১৫৫) সালেহ বললেন, এ উষ্ট্রী, এর জন্য রয়েছে পানি পান করার একটি সময় এবং তোমাদের জন্য রয়েছে

شِرْبُ يَوْمٍ مَّعْلُوْمٍ ﴿١٥٥﴾ وَلَا تَمَسُّوْهَا بِسُوْٓءٍ فَيَاْخُذَكُمْ عَذَابُ يَوْمٍ عَظِيْمٍ ﴿١٥٦﴾

শির্বু ইয়াওমিম্ মা'লূম। ১৫৬। ওয়ালা- তামাস্সূহা- বিসূ—ইন ফাইয়া'খুযাকুম 'আযা-বু ইয়াওমিন্ 'আজীম।
পানি পান করার নির্ধারিত এক একটি দিন। (১৫৬) তাকে (মেরে ফেলার জন্য) স্পর্শ কর না। (যদি এটা কর) তবে তোমাদেরকে (পরকালের) শাস্তি পাকড়াও করবে।

فَعَقَرُوْهَا فَاَصْبَحُوْا نٰدِمِيْنَ ﴿١٥٧﴾ فَاَخَذَهُمُ الْعَذَابُ ؕ اِنَّ فِيْ ذٰلِكَ لَاٰيَةً ؕ وَمَا

১৫৭। ফা'আক্বারূহা- ফা'আস্বাহূ না-দিমীন। ১৫৮। ফাআখাযাহুমুল 'আযা-ব; ইন্না ফী যা-লিকা লাআ-ইয়াহ; ওয়া মা-
(১৫৭) অতঃপর তারা সেটিকে হত্যা করল, এরপর তারা অনুতপ্ত হল। (১৫৮) অতঃপর তাদেরকে শাস্তি পাকড়াও করল, নিশ্চয়ই এর মধ্যে রয়েছে উপদেশ এবং তাদের

৮ রুকূ ১২

كَانَ اَكْثَرُهُمْ مُّؤْمِنِيْنَ ﴿١٥٨﴾ وَاِنَّ رَبَّكَ لَهُوَ الْعَزِيْزُ الرَّحِيْمُ ﴿١٥٩﴾ كَذَّبَتْ قَوْمُ لُوْطِ ۣ

কা-না আক্ছারুহুম্ মু'মিনীন। ১৫৯। ওয়া ইন্না রাব্বাকা লাহুওয়াল্ 'আযীযুর রাহীম। ১৬০। কায্যাবাত ক্বাওমু লূত্বিনিল্
অধিকাংশেই ঈমানদার নয়। (১৫৯) নিশ্চয় আপনার প্রতিপালক মহা পরাক্রমশালী, পরম দয়ালু। (১৬০) লূত (আ)-এর সম্প্রদায়ও রাসূলগণকে অবিশ্বাস

الْمُرْسَلِيْنَ ﴿١٦٠﴾ اِذْ قَالَ لَهُمْ اَخُوْهُمْ لُوْطٌ اَلَا تَتَّقُوْنَ ﴿١٦١﴾ اِنِّيْ لَكُمْ رَسُوْلٌ اَمِيْنٌ ﴿١٦٢﴾

মুরসালীন। ১৬১। ইয্ ক্বা-লা লাহুম আখূহুম লূত্বুন্ আলা- তাত্তাকূন। ১৬২। ইন্নী লাকুম রাসূলুন আমীন।
করেছিল। (১৬১) যখন তাদের কাছে তাদের ভাই (লূত) বলেছিলেন, তোমরা কি (আল্লাহকে) ভয় করবে না? (১৬২) নিশ্চয় আমি তোমাদের জন্য একজন বিশ্বস্ত রাসূল।

فَاتَّقُوا اللّٰهَ وَاَطِيْعُوْنِ ﴿١٦٣﴾ وَمَآ اَسْـَٔلُكُمْ عَلَيْهِ مِنْ اَجْرٍ ۚ اِنْ اَجْرِيَ اِلَّا عَلٰى رَبِّ

১৬৩। ফাত্তাক্বুল্লা-হা ওয়া আত্বী'উন। ১৬৪। ওয়া মা~আস্আলুকুম 'আলাইহি মিন্ আজ্র, ইন্ আজ্রিয়া ইল্লা- 'আলা- রাব্বিল
(১৬৩) সুতরাং তোমরা আল্লাহকে ভয় কর এবং আমার অনুগত হও। (১৬৪) আমি এর বিনিময়ে তোমাদের কাছে কোন পারিশ্রমিক চাইনা, আমার পারিশ্রমিক একমাত্র সারা

الْعٰلَمِيْنَ ﴿١٦٤﴾ اَتَاْتُوْنَ الذُّكْرَانَ مِنَ الْعٰلَمِيْنَ ﴿١٦٥﴾ وَتَذَرُوْنَ مَا خَلَقَ لَكُمْ رَبُّكُمْ مِّنْ

'আ-লামীন। ১৬৫। আতা'তূনায্ যুক্রা-না মিনাল্ 'আ-লামীন। ১৬৬। ওয়া তাযারূনা মা- খালাক্বা লাকুম রাব্বুকুম্ মিন্
জাহানের প্রতিপালকের কাছে। (১৬৫) তোমরা কি পৃথিবীতে শুধু পুরুষদের সাথেই কুকর্ম কর, (১৬৬) অথচ তোমরা বর্জন করছ, যা তোমাদের প্রতিপালক সৃষ্টি করেছেন

اَزْوَاجِكُمْ ؕ بَلْ اَنْتُمْ قَوْمٌ عٰدُوْنَ ﴿١٦٦﴾ قَالُوْا لَئِنْ لَّمْ تَنْتَهِ يٰلُوْطُ لَتَكُوْنَنَّ مِنَ

আয্ওয়া-জিকুম; বাল্ আন্তুম ক্বাওমুন 'আ-দূন। ১৬৭। ক্বা-লূ লাইল্লাম তান্তাহি ইয়া-লূত্বু লাতাকূনান্না মিনাল
তোমাদের স্ত্রীদের মধ্য হতে, তোমরা তো সীমালঙ্ঘনকারী সম্প্রদায়। (১৬৭) তারা বলল, হে লূত! যদি তুমি বিরত না হও, তবে অবশ্যই তোমাকে (দেশ থেকে) বের করে

الْمُخْرَجِيْنَ ﴿١٦٧﴾ قَالَ اِنِّيْ لِعَمَلِكُمْ مِّنَ الْقَالِيْنَ ﴿١٦٨﴾ رَبِّ نَجِّنِيْ وَاَهْلِيْ مِمَّا يَعْمَلُوْنَ ﴿١٦٩﴾

মুখ্রাজীন। ১৬৮। ক্বা-লা ইন্নী লি'আমালিকুম্ মিনাল ক্বা-লীন। ১৬৯। রাব্বি নাজ্জিনী ওয়া আহ্লী মিম্মা- ইয়া'মালূন।
দেয়া হবে। (১৬৮) লূত বললেন, আমি (এ) কাজকে অপছন্দ করি। (১৬৯) হে আমার রব! আমাকে এবং আমার পরিবার-পরিজনকে সে কাজ থেকে রক্ষা করুন, যা তারা করে।

○ টীকা (আঃ ১৫৬) ঃ পানি পান করার পালা এরূপ ছিল যে, একদিন ছালেহ্ (আ)-এর উষ্ট্রীর জন্য এবং একদিন সামূদ সম্প্রদায়ের পশুগুলোর জন্য নির্দিষ্ট ছিল। উষ্ট্রীটি স্বীয় পালার দিন কূপের সম্পূর্ণ পানি নিঃশেষ করে পান করত। ফলে সেদিন অবশিষ্ট থাকত না। এই ব্যাপারটি তাদের অসহ্য হওয়ায় তারা উষ্ট্রীটির শত্রু হয়ে দাঁড়াল। (বঃ কোঃ) ○ বিশ্লেষণ (আঃ ১৫৭) ঃ فعقروها - উষ্ট্রিটি আল্লাহ তায়ালার কুদরতের নিশানা এবং নবীর নবুওয়াতের সত্যতার দলীল ছিল। সামূদ সম্প্রদায় ঈমান গ্রহণ না করে কুফর, শিরকে চরম ভাবে লিপ্ত হল। শেষ পর্যন্ত তারা জীবিত উষ্ট্রিটির পায়ের গোড়ালি কেটে জখম করে সেটিকে হত্যা করল। ফলে তিনদিন পরে তাদের উপর শাস্তির নিদর্শন আসা শুরু করল। তারা তাদের কৃতকার্যে লজ্জিত হল। কিন্তু শাস্তি আসার পরে তাদের তওবা ও লজ্জিত হওয়া কোনই কাজে আসল না।

فَنَجَّيْنٰهُ وَاَهْلَهٗۤ اَجْمَعِيْنَ ﴿١٧٠﴾ اِلَّا عَجُوْزًا فِى الْغٰبِرِيْنَ ﴿١٧١﴾ ثُمَّ دَمَّرْنَا الْاٰخَرِيْنَ ﴿١٧٢﴾

১৭০। ফানাজ্জাইনা-হু ওয়া আহ্লাহূ~আজ্মা'ঈন। ১৭১। ইল্লা- 'আজূযান্ ফিল গা-বিরীন। ১৭২। ছুম্মা দাম্মারনাল্ আ-খারীন।
(১৭০) সুতরাং আমি তাকে এবং তার পরিবার-পরিজনকে রক্ষা করলাম। (১৭১) কিন্তু এক বৃদ্ধা ব্যতীত, সে ছিল পশ্চাদবর্তীদের মধ্যে। (১৭২) অতঃপর অন্য সবাইকেই ধ্বংস করলাম।

وَاَمْطَرْنَا عَلَيْهِمْ مَّطَرًا ۚ فَسَآءَ مَطَرُ الْمُنْذَرِيْنَ ﴿١٧٣﴾ اِنَّ فِىْ ذٰلِكَ لَاٰيَةً ؕ وَمَا كَانَ

১৭৩। ওয়া আম্ত্বারনা- 'আলাইহিম্ মাত্বারা-, ফাসা—আ মাত্বারুল্ মুন্যারীন। ১৭৪। ইন্না ফী যা-লিকা লাআ-ইয়াহ ; ওয়া মা- কা-না
(১৭৩) তাদের উপর (পাথরের) বৃষ্টি বর্ষণ করেছিলাম, কতই খারাপ ছিল ভীতিপ্রদত্তদের উপর বর্ষিত বৃষ্টি। (১৭৪) নিশ্চয় এর মধ্যে রয়েছে নিদর্শন, কিন্তু তাদের অধিকাংশই

اَكْثَرُهُمْ مُّؤْمِنِيْنَ ﴿١٧٤﴾ وَاِنَّ رَبَّكَ لَهُوَ الْعَزِيْزُ الرَّحِيْمُ ﴿١٧٥﴾ كَذَّبَ اَصْحٰبُ لْئَيْكَةِ

আক্ছারুহুম্ মু'মিনীন। ১৭৫। ওয়া ইন্না রাব্বাকা লাহুওয়াল 'আযীযুর রাহীম। ১৭৬। কায্যাবা আস্বহা-বুল আইকাতিল
মুমিন নয়। (১৭৫) নিশ্চয়ই আপনার প্রতিপালক, পরাক্রমশালী, পরম দয়ালু। (১৭৬) আইকা (জংগল) বাসীরাও রাসূলগণকে অস্বীকার

৯ রুকূ' ১৩ রুকূ

الْمُرْسَلِيْنَ ﴿١٧٦﴾ اِذْ قَالَ لَهُمْ شُعَيْبٌ اَلَا تَتَّقُوْنَ ﴿١٧٧﴾ اِنِّىْ لَكُمْ رَسُوْلٌ اَمِيْنٌ ﴿١٧٨﴾

মুর্সালীন। ১৭৭। ইয্ ক্বা-লা লাহুম শু'আইবুন আলা- তাত্তাকূন। ১৭৮। ইন্নী লাকুম রাসূলুন আমীন।
করেছিল, (১৭৭) যখন তাদের কাছে শোয়াইব বললেন, তোমরা কি (আল্লাহকে) ভয় করবে না? (১৭৮) নিশ্চয় আমি তোমাদের জন্য একজন বিশ্বস্ত রাসূল।

فَاتَّقُوا اللّٰهَ وَاَطِيْعُوْنِ ﴿١٧٩﴾ وَمَآ اَسْئَلُكُمْ عَلَيْهِ مِنْ اَجْرٍ ۚ اِنْ اَجْرِىَ اِلَّا عَلٰى رَبِّ

১৭৯। ফাত্তাকুল্লা-হা ওয়া আত্বী'উন। ১৮০। ওয়া মা~আস্আলুকুম 'আলাইহি মিন্ আজ্র, ইন্ আজ্রিয়া ইল্লা- 'আলা- রাব্বিল
(১৭৯) সুতরাং তোমরা আল্লাহকে ভয় কর এবং আমার অনুগত হও। (১৮০) আমি এজন্য তোমাদের কাছে কোন পারিশ্রমিক চাই না, আমার পারিশ্রমিক একমাত্র সারা

الْعٰلَمِيْنَ ﴿١٨٠﴾ اَوْفُوا الْكَيْلَ وَلَا تَكُوْنُوْا مِنَ الْمُخْسِرِيْنَ ﴿١٨١﴾ وَزِنُوْا بِالْقِسْطَاسِ

'আ-লামীন। ১৮১। আওফুল কাইলা ওয়ালা- তাকূনূ মিনাল্ মুখ্সিরীন। ১৮২। ওয়াযিনূ বিলক্বিস্ত্বা-সিল্
জাহানের প্রতিপালকের কাছে। (১৮১) তোমরা মাপ পূর্ণভাবে দিবে, মাপে কম করো না যারা মাপে কম দেয় তাদের অন্তর্ভুক্ত হয়ো না। (১৮২) এবং সঠিকভাবে

الْمُسْتَقِيْمِ ﴿١٨٢﴾ وَلَا تَبْخَسُوا النَّاسَ اَشْيَآءَهُمْ وَلَا تَعْثَوْا فِى الْاَرْضِ مُفْسِدِيْنَ ﴿١٨٣﴾

মুস্তাক্বীম। ১৮৩। ওয়ালা- তাব্খাসুন্ না-সা আশ্ইয়া—আহুম ওয়ালা- 'তাছাও ফিল্ আর্দ্বি মুফ্সিদীন।
ওযন কর। (১৮৩) এবং লোকদেরকে (মাপের সময়) তাদের (প্রাপ্য) দ্রব্যাদিসমূহ কম দিবে না এবং পৃথিবীতে বিশৃংখলা ছড়াবে না।

وَاتَّقُوا الَّذِىْ خَلَقَكُمْ وَالْجِبِلَّةَ الْاَوَّلِيْنَ ﴿١٨٤﴾ قَالُوْۤا اِنَّمَاۤ اَنْتَ مِنَ الْمُسَحَّرِيْنَ ﴿١٨٥﴾

১৮৪। ওয়াত্তাকুল্লাযী খালাক্বাকুম ওয়াল জ্বিবিল্লাতাল্ আওয়্যালীন। ১৮৫। ক্বা-লূ~ইন্নামা~আন্তা মিনাল্ মুসাহ্হারীন।
(১৮৪) এবং ভয় কর তাঁকে, যিনি সৃষ্টি করেছেন তোমাদেরকে এবং পূর্বের সকল সৃষ্টিকে। (১৮৫) তারা বলল, নিশ্চয় তুমি যাদুগ্রস্তদের অন্তর্ভুক্ত।

○ বিশ্লেষণ (আঃ ১৭১) ঃ الا عجوزا - বৃদ্ধা দ্বারা হযরত লূতের (আ) বৃদ্ধা স্ত্রীকে বুঝান হয়েছে। যে ঈমান গ্রহণ করছিল না। ফলে সেও তার সম্প্রদায়ের সাথেই ধ্বংস হয়েছিল। ○ টীকা (আঃ ১৭৩) ঃ হযরত লূত (আ)-এর এ স্ত্রী কাফের ছিল। অতএব, রাত্রে সে হযরত লূত (আ)-এর সাথে গ্রাম হতে বের হয় নি। সুতরাং সে আযাবের উপযোগী লোকদের মধ্যে রয়ে গেল। আর লূত (আ)-কে যে, তার সম্প্রদায়ের লোকদের সামাজিক ভ্রাতা বলা হয়েছে, মতান্তরে তিনি স্বস্তর বাড়ীর দিক হতে কাওমের ভাই হয়ে থাকবেন। কেননা, তিনি সঙ্গীবিহীন অবস্থায় হিজরত করে এদেশে এসেছিলেন। (বঃ কোঃ) ○ বিশ্লেষণ (আঃ ১৭৬) ঃ اصحب لئيكة - ইবনে কাসীর (রহ) বলেন, "আসহাবে আইকা" মাদায়েন সম্প্রদায়কে বলা হয়। ايكة (আইকা) একটি বৃক্ষের নাম, যাকে তারা পূজা করত। এ কারণে তাদেরকে اصحب لئيكة (আইকাবাসী) বলা হয়।

وَمَاۤ اَنْتَ اِلَّا بَشَرٌ مِّثْلُنَا وَاِنْ نَّظُنُّكَ لَمِنَ الْكٰذِبِيْنَ ﴿١٨٦﴾ فَاَسْقِطْ عَلَيْنَا كِسَفًا مِّنَ

১৮৬। ওয়া মা~আন্তা ইল্লা- বাশারুম্ মিছ্লুনা- ওয়া ইন্ নাজুন্নুকা লামিনাল কা-যিবীন। ১৮৭। ফাআস্ক্বিত্ব 'আলাইনা- কিসাফাম্ মিনাস্
(১৮৬) তুমিতো আমাদের মতই একজন মানুষ, আমরা তোমাকে অবশ্যই মিথ্যাবাদীদের অন্তর্ভুক্ত বলে মনে করি। (১৮৭) তুমি নিক্ষেপ কর আমাদের উপর

السَّمَآءِ اِنْ كُنْتَ مِنَ الصّٰدِقِيْنَ ﴿١٨٧﴾ قَالَ رَبِّىْۤ اَعْلَمُ بِمَا تَعْمَلُوْنَ ﴿١٨٨﴾ فَكَذَّبُوْهُ

সামা—ই ইন্ কুন্তা মিনাস্ব স্বা-দিক্বীন। ১৮৮। ক্বা-লা রাব্বী ~আ'লামু বিমা- তা'মালূন। ১৮৯। ফাকায্যাবূহ
আকাশের একটা টুকরা, যদি তুমি সত্যবাদী হও। (১৮৮) তিনি বললেন, তোমরা যা কর সে সম্পর্কে আমার প্রতিপালক খুবই অবগত। (১৮৯) অতঃপর তারা তাঁকে

فَاَخَذَهُمْ عَذَابُ يَوْمِ الظُّلَّةِ ؕ اِنَّهٗ كَانَ عَذَابَ يَوْمٍ عَظِيْمٍ ﴿١٨٩﴾ اِنَّ فِىْ ذٰلِكَ لَاٰيَةً ؕ

ফাআখাযাহুম 'আযা-বু ইয়াওমিয্ যুল্লাহ ; ইন্নাহূ কা-না 'আযা-বা ইয়াওমিন 'আযীম। ১৯০। ইন্না ফী যা-লিকা লাআ-ইয়াহ ;
অস্বীকার করল, ফলে তাদেরকে মেঘাচ্ছন্ন দিনের শাস্তি পাকড়াও করল। নিশ্চয়ই সেটা ছিল মহা দিবসের শাস্তি। (১৯০) নিশ্চয়ই এর মধ্যে রয়েছে বড় নিদর্শন,

১০ রুকূ' ১৪ রুকূ

وَمَا كَانَ اَكْثَرُهُمْ مُّؤْمِنِيْنَ ﴿١٩٠﴾ وَاِنَّ رَبَّكَ لَهُوَ الْعَزِيْزُ الرَّحِيْمُ ﴿١٩١﴾ وَاِنَّهٗ لَتَنْزِيْلُ

ওয়া মা- কা-না আক্ছারুহুম্ মু'মিনীন। ১৯১। ওয়া ইন্না রাব্বাকা লাহুওয়াল 'আযীযুর রাহীম। ১৯২। ওয়া ইন্নাহূ লাতান্যীলু
কিন্তু তাদের অধিকাংশই মু'মিন নয়। (১৯১) এবং নিশ্চয়ই তোমার প্রতিপালক, মহা পরাক্রমশালী, পরম দয়ালু। (১৯২) নিশ্চয় এ কুরআন সারা জাহানের

رَبِّ الْعٰلَمِيْنَ ﴿١٩٢﴾ نَزَلَ بِهِ الرُّوْحُ الْاَمِيْنُ ﴿١٩٣﴾ عَلٰى قَلْبِكَ لِتَكُوْنَ مِنَ الْمُنْذِرِيْنَ ﴿١٩٤﴾

রাব্বিল্ 'আ-লামীন। ১৯৩। নাযালা বিহির্ রূহুল আমীন। ১৯৪। 'আলা- ক্বাল্বিকা লিতাকূনা মিনাল্ মুন্যিরীন।
প্রতিপালকের থেকে অবতীর্ণ। (১৯৩) যা নিয়ে বিশ্বস্ত ফিরিশতা (জীবরাঈল) অবতরণ করেছে (১৯৪) আপনার অন্তরে, যাতে আপনি ভীতি প্রদর্শকারী হতে পারেন।

بِلِسَانٍ عَرَبِىٍّ مُّبِيْنٍ ﴿١٩٥﴾ وَاِنَّهٗ لَفِىْ زُبُرِ الْاَوَّلِيْنَ ﴿١٩٦﴾ اَوَلَمْ يَكُنْ لَّهُمْ

১৯৫। বিলিসা-নিন্ 'আরাবিয়্যিম্ মুবীন। ১৯৬। ওয়া ইন্নাহূ লাফী যুবুরিল্ আওয়্যালীন। ১৯৭। আওয়ালাম ইয়াকুল্ লাহুম
(১৯৫) সুস্পষ্ট আরবী ভাষায়। (১৯৬) পূর্ববর্তী কিতাবসমূহেও এ কুরআনের কথা অবশ্যই উল্লেখ রয়েছে। (১৯৭) এটা কি তাদের জন্য নিদর্শন হিসেবে যথেষ্ট নয়

اٰيَةً اَنْ يَّعْلَمَهٗ عُلَمٰٓؤُا بَنِىْۤ اِسْرَآءِيْلَ ﴿١٩٧﴾ وَلَوْ نَزَّلْنٰهُ عَلٰى بَعْضِ الْاَعْجَمِيْنَ ﴿١٩٨﴾

আ-ইয়াতান্ আই ইয়া'লামাহূ 'উলামা—উ বানী~ইস্রা—ঈল। ১৯৮। ওয়ালাও নায্যাল্না-হু 'আলা- বা'দ্বিল আ'জ্বামীন।
যে, কুরআনকে বনী ইসরাঈলের আলিমগণও জানে। (১৯৮) আর যদি আমি তা (কুরআন) কোন অনারব ব্যক্তির উপর নাযিল করতাম,

فَقَرَاَهٗ عَلَيْهِمْ مَّا كَانُوْا بِهٖ مُؤْمِنِيْنَ ﴿١٩٩﴾ كَذٰلِكَ سَلَكْنٰهُ فِىْ قُلُوْبِ الْمُجْرِمِيْنَ ﴿٢٠٠﴾

১৯৯। ফাক্বারাআহূ 'আলাইহিম্ মা- কা-নূ বিহী মু'মিনীন। ২০০। কাযা-লিকা সালাক্না-হু ফী কুলূবিল মুজ্রিমীন।
(১৯৯) এবং সে তা তাদের সামনে পাঠ করত, তবেও তারা তার প্রতি বিশ্বাস আনত না। (২০০) এভাবেই আমি পাপীদের অন্তরসমূহে তা (অবিশ্বাস) গেঁথে দিয়েছি,

لَا يُؤْمِنُوْنَ بِهٖ حَتّٰى يَرَوُا الْعَذَابَ الْاَلِيْمَ ﴿٢٠١﴾ فَيَاْتِيَهُمْ بَغْتَةً وَّهُمْ لَا يَشْعُرُوْنَ ﴿٢٠٢﴾

২০১। লা- ইউ'মিনূনা বিহী হাত্তা- ইয়ারাউল 'আযা-বাল্ আলীম। ২০২। ফাইয়া'তিইয়াহুম্ বাগ্তাতাওঁ ওয়া হুম লা-ইয়াশ্'উরূন।
(২০১) তারা যতক্ষণ যন্ত্রণাময় শাস্তি প্রত্যক্ষ না করবে, ততক্ষণ ঈমান আনবে না। (২০২) অতঃপর সে শাস্তি তাদের উপর অকস্মাৎ এসে যাবে, অথচ তাদের খবরও থাকবে না।

فَيَقُولُوا هَلْ نَحْنُ مُنْظَرُونَ ﴿٢٠٣﴾ أَفَبِعَذَابِنَا يَسْتَعْجِلُونَ ﴿٢٠٤﴾ أَفَرَءَيْتَ إِنْ مَتَّعْنٰهُمْ

২০৩। ফাইয়াক্বূলূ হাল্ নাহ্নু মুনযারূন। ২০৪। আফাবি'আযা-বিনা- ইয়াস্তা'জিলূন। ২০৫। আফারাআইতা ইম্‌মাত তা'না-হুম

(২০৩) তখন তারা বলবে, আমাদেরকে কি সুযোগ দেয়া হবে? (২০৪) তারা কি আমার শাস্তি দ্রুত কামনা করে? (২০৫) আচ্ছা, আমি যদি তাদেরকে কয়েক বছরও উপভোগের জন্য

سِنِينَ ﴿٢٠٥﴾ ثُمَّ جَاءَهُمْ مَا كَانُوا يُوعَدُونَ ﴿٢٠٦﴾ مَا أَغْنٰى عَنْهُمْ مَا كَانُوا يُمَتَّعُونَ ﴿٢٠٧﴾ وَمَا

সিনীন। ২০৬। ছুম্মা জ্বা—আহুম মা- কা-নূ ইউ'আদূন। ২০৭। মা~আগনা-'আন্হুম মা- কা-নূ ইউমাত্তা'উন। ২০৮। ওয়া মা~

দেই, (২০৬) অতঃপর তাদের উপর এসে পড়ে, যে বিষয়ের প্রতিশ্রুতি তাদের দেয়া হয়েছিল তা। (২০৭) তখন তা তাদের কোনই কাজে আসবে না, যা তারা ভোগ করছিল। (২০৮) আমি

أَهْلَكْنَا مِنْ قَرْيَةٍ إِلَّا لَهَا مُنْذِرُونَ ﴿٢٠٨﴾ ذِكْرٰى قف وَمَا كُنَّا ظٰلِمِينَ ﴿٢٠٩﴾ وَمَا تَنَزَّلَتْ بِهِ

আহ্লাক্না- মিন্ ক্বার্‌ইয়াতিন ইল্লা- লাহা- মুন্‌যিরূন। ২০৯। যিক্‌রা-, ওয়া মা- কুন্না-যা-লিমীন। ২১০। ওয়া মা- তানায্‌যালাত্ বিহিশ্

এমন কোন জনপদকে ধ্বংস করিনি যার জন্য ভীতি প্রদর্শনকারী ছিল না, (২০৯) এতো উপদেশ এবং আমি জালিম নই। (২১০) শয়তানরা এ কুরআন নিয়ে

الشَّيٰطِينُ ﴿٢١٠﴾ وَمَا يَنْبَغِي لَهُمْ وَمَا يَسْتَطِيعُونَ ﴿٢١١﴾ إِنَّهُمْ عَنِ السَّمْعِ لَمَعْزُولُونَ ﴿٢١٢﴾ فَلَا

শাইয়া-ত্বীন। ২১১। ওয়া মা- ইয়াম্বাগী লাহুম ওয়ামা- ইয়াস্তাত্বী'উন। ২১২। ইন্নাহুম 'আনিস্ সাম্'ই লামা'যূলূন। ২১৩। ফালা-

আসেনি। (২১১) এবং এটা তাদের উপযোগীও নয় এবং তারা এর সামর্থ্যও রাখে না। (২১২) বরং তাদেরকে শ্রবণ করা হতেও দূরে রাখা হয়েছে। (২১৩) সুতরাং

تَدْعُ مَعَ اللّٰهِ إِلٰهًا اٰخَرَ فَتَكُونَ مِنَ الْمُعَذَّبِينَ ﴿٢١٣﴾ وَأَنْذِرْ عَشِيرَتَكَ الْأَقْرَبِينَ ﴿٢١٤﴾

তাদ্'উ মা'আল্লা-হি ইলা-হান আ-খারা ফাতাকূনা মিনাল্ মু'আয্‌যাবীন। ২১৪। ওয়া আন্‌যির 'আশীরাতাকাল আক্বরাবীন।

আপনি আল্লাহর সাথে অন্য কোন মা'বূদকে ডাকবেন না, (যদি ডাকেন) শাস্তি প্রাপ্তদের অন্তর্ভুক্ত হবেন। (২১৪) এবং সাবধান করুন নিকটতম আত্মীয়-স্বজনদেরকে।

وَاخْفِضْ جَنَاحَكَ لِمَنِ اتَّبَعَكَ مِنَ الْمُؤْمِنِينَ ﴿٢١٥﴾ فَإِنْ عَصَوْكَ فَقُلْ إِنِّي

২১৫। ওয়াখ্‌ফিদ্ব জ্বানা- হ্বাকা লিমানিত্ তাবা'আকা মিনাল মু'মিনীন। ২১৬। ফাইন্ 'আস্বাওকা ফাকুল্ ইন্নী

(২১৫) এবং আপনি (দয়া করুন) তাদের জন্য, যারা মুমিন অবস্থায় আপনার অনুসরণ করে। (২১৬) যদি তারা আপনাকে অমান্য করে, তবে আপনি তাদের বলেন,

بَرِيءٌ مِمَّا تَعْمَلُونَ ﴿٢١٦﴾ وَتَوَكَّلْ عَلَى الْعَزِيزِ الرَّحِيمِ ﴿٢١٧﴾ الَّذِي يَرٰىكَ حِينَ تَقُومُ

বারী—উম্ মিম্মা- তা'মালূন। ২১৭। ওয়া তাওয়াক্কাল্ 'আলাল্ 'আযীযির্ রাহ্বীম। ২১৮। আল্লাযী ইয়ারা-কা হ্বীনা তাকূম।

তোমরা যা কর সে ব্যাপারে আমি দায়মুক্ত। (২১৭) এবং আপনি ভরসা করুন পরাক্রমশালী, পরম দয়ালু র উপর। (২১৮) যিনি আপনাকে দেখেন যখন আপনি (নামাযে) দাঁড়ান,

وَتَقَلُّبَكَ فِي السّٰجِدِينَ ﴿٢١٩﴾ إِنَّهُ هُوَ السَّمِيعُ الْعَلِيمُ ﴿٢٢٠﴾ هَلْ أُنَبِّئُكُمْ عَلٰى مَنْ تَنَزَّلُ

২১৯। ওয়া তাক্বাল্লুবাকা ফিস্ সা-জ্বিদীন। ২২০। ইন্নাহূ হুওয়াস্ সামী'উল 'আলীম। ২২১। হাল্ উনাব্বিউকুম 'আলা- মান্ তানায্‌যালুশ্

(২১৯) এবং সিজদাকারীদের মাঝে আপনার উঠাবসাকেও। (২২০) নিশ্চয়ই তিনি (আল্লাহ) সর্বশ্রোতা ও সর্বজ্ঞ। (২২১) আমি কি তোমাদেরকে বলব যে, কার উপর

○ টীকা (আঃ ২০৮) ঃ ফলকথা, কাফেরদের কুফরীর শাস্তি সঙ্গে সঙ্গে না দিয়ে অবকাশ দেয়ার উদ্দেশ্য তাদের দণ্ডনীয় হওয়ার প্রমাণ পূর্ণ করা এবং তাদের ওযর আপত্তির পথ সর্বতোভাবে বন্ধ করা। এটা শুধু মক্কার কাফেরদের সাথেই নয়; বরং পূর্বযুগের কাফেরদিগকেও অবকাশ দেয়া হয়েছিল।

○ টীকা (আঃ ২১১) ঃ কতক কাফের হযরতকেও জ্যোতিষী বলে উক্তি করত। অর্থাৎ, জ্যোতিষীকে শয়তান এসে যেমন আসমানী সংবাদ বলে যায়, তদ্রূপ "নাঊযুবিল্লাহ্" হযরতকেও শয়তান আসমানী সংবাদ বলে যায়। অত্র আয়াতে উহারই উত্তর বলেছেন।

○ বিশ্লেষণ (আঃ ২১৮) ঃ حِينَ تَقُومُ - অর্থাৎ যখন (তাহাজ্জুদের সময়) একা নামাযে দাঁড়ান।

○ বিশ্লেষণ (আঃ ২১৯) ঃ فِي السّٰجِدِينَ - অর্থাৎ যখন মানুষদের মধ্যে (জামাতে) নামাযে দাঁড়ান।

الشَّيٰطِينُ ﴿٢٢١﴾ تَنَزَّلُ عَلٰى كُلِّ أَفَّاكٍ أَثِيمٍ ﴿٢٢٢﴾ يُلْقُونَ السَّمْعَ وَأَكْثَرُهُمْ كٰذِبُونَ ﴿٢٢٣﴾

শাইয়া-ত্বীন। ২২২। তানায্‌যালু 'আলা- কুল্লি আফ্‌ফা-কিন্ আছীম। ২২৩। ইউল্‌ক্বূনাস্ সাম্'আ ওয়া আক্ছারুহুম কা-যিবূন।

শয়তান অবতীর্ণ হয়? (২২২) সে অবতীর্ণ হয় প্রত্যেক মিথ্যাবাদী পাপী নিকট। (২২৩) যারা শয়তানের প্রতি কান পেতে রাখে তাদের অধিকাংশই মিথ্যুক,

وَالشُّعَرَاءُ يَتَّبِعُهُمُ الْغَاوُنَ ﴿٢٢٤﴾ أَلَمْ تَرَ أَنَّهُمْ فِي كُلِّ وَادٍ يَهِيمُونَ ﴿٢٢٥﴾ وَأَنَّهُمْ

২২৪। ওয়াশ্‌শু'আরা—উ ইয়াত্তাবি'উহুমুল গা-উন। ২২৫। আলাম্ তারা আন্নাহুম ফী কুল্লি ওয়া-দিই ইয়াহীমূন। ২২৬। ওয়া আন্নাহুম

(২২৪) আর কবিদের অনুসরণ তো তারাই করে যারা পথভ্রষ্ট। (২২৫) আপনি কি দেখেন না যে, তারা প্রত্যেকে দিশেহারা হয়ে ময়দানে ঘুরা-ফেরা করে। (২২৬) এবং

يَقُولُونَ مَا لَا يَفْعَلُونَ ﴿٢٢٦﴾ إِلَّا الَّذِينَ اٰمَنُوا وَعَمِلُوا الصّٰلِحٰتِ وَذَكَرُوا اللّٰهَ كَثِيرًا

ইয়াক্বূলূনা মা-লা- ইয়াফ'আলূন। ২২৭। ইল্লাল্ লাযীনা আ-মানূ ওয়া 'আমিলুস্ব স্বা-লিহ্বা-তি ওয়া যাকারুল্লা-হা কাছীরাওঁ

যা তারা করে না তারা তা মুখে বলে, (২২৭) কিন্তু তারা ব্যতীত, যারা ঈমানদার ও নেক্কার করে এবং অধিক পরিমাণে আল্লাহর যিকির করে এবং

وَانْتَصَرُوا مِنْ بَعْدِ مَا ظُلِمُوا ط وَسَيَعْلَمُ الَّذِينَ ظَلَمُوا أَيَّ مُنْقَلَبٍ يَنْقَلِبُونَ ﴿٢٢٧﴾

ওয়ান্তাছারূ মিম্ বা'দি মা- জুলিমূ ; ওয়া সাইয়া'লামুল্ লাযীনা যালামূ~আইয়্যা মুন্‌ক্বালাবিই ইয়ান্‌ক্বালিবূন।

অত্যাচারিত হবার পরে প্রতিশোধ নেয় এবং যারা অত্যাচার করেছে, তারা অতিশীঘ্রই জানবে যে, কেমন স্থানে তাদের ফিরে যেতে হবে।

সূরা আন নামল
মক্কী

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيمِ

বিসমিল্লা-হির রাহ্মা-নির রাহীম

পরম দাতা ও দয়ালু আল্লাহ্‌র নামে শুরু করছি

আয়াত ঃ ৯৩
রুকূ ঃ ৭

طٰسٓ قف تِلْكَ اٰيٰتُ الْقُرْاٰنِ وَكِتَابٍ مُبِينٍ ﴿١﴾ هُدًى وَبُشْرٰى لِلْمُؤْمِنِينَ ﴿٢﴾

১। ত্বা-সী—ন ; তিল্‌কা আ-ইয়া-তুল কুরআ-নি ওয়া কিতা-বিম্ মুবীন। ২। হুদাওঁ ওয়া বুশ্‌রা- লিলমু'মিনীন।

(১) ত্বা-সীন, এ আয়াতসমূহ কুরআনের এবং সুস্পষ্ট কিতাবের। (২) মুমিনগণের জন্য এটা পথ প্রদর্শক ও সুসংবাদ।

الَّذِينَ يُقِيمُونَ الصَّلٰوةَ وَيُؤْتُونَ الزَّكٰوةَ وَهُمْ بِالْاٰخِرَةِ هُمْ يُوقِنُونَ ﴿٣﴾ إِنَّ

৩। আল্লাযীনা ইউক্বীমূনাস্ব স্বালা-তা ওয়া ইউ'তূনায্ যাকা-তা ওয়া হুম বিল্ আ-খিরাতি হুম ইউক্বিনূন। ৪। ইন্নাল্

(৩) যারা নামায কায়েম করে, যাকাত প্রদান করে এবং তারাই পরকালের উপর দৃঢ় বিশ্বাসী। (৪) নিশ্চয় যারা

الَّذِينَ لَا يُؤْمِنُونَ بِالْاٰخِرَةِ زَيَّنَّا لَهُمْ أَعْمَالَهُمْ فَهُمْ يَعْمَهُونَ ﴿٤﴾ أُولٰئِكَ الَّذِينَ

লাযীনা লা- ইউ'মিনূনা বিল্ আ-খিরাতি যাইয়্যান্না- লাহুম আ'মা-লাহুম ফাহুম ইয়া'মাহূন। ৫। উলা—ইকাল্ লাযীনা

পরকালে বিশ্বাস করে না, আমি তাদের কর্মগুলোকে তাদের সামনে সুদৃশ্য করে রেখেছি, সুতরাং তারা দিশেহারা হয়ে ঘুরে বেড়ায়। (৫) এদের জন্যই রয়েছে

○ টীকা (আঃ ২২৩) ঃ মক্কার মোশরেকগণ হযরত নবী করীম (সা)-কে গণক অথবা একজন জ্যোতির্বিদ বলে প্রচার করত। আর তারা মনে করত যে, জ্বিন সকল তাঁর বাধ্য, সে জন্য তারা নবী করীমকে অদৃশ্যের কথা জানায়। আল্লাহ তা'আলা তাদের এই অসত্য দোষারোপ খণ্ডন করে উত্তর দিচ্ছেন, 'তারা প্রত্যেক অসৎ ও মিথ্যাবাদীর নিকট এসে তাদের শ্রুত কথাগুলি জানায়'। অর্থাৎ দুষ্ট জ্বিনেরা সুযোগ মত আকাশ হতে কোন কথা শ্রবণ করে তার সাথে নিজেদের কল্পিত মিথ্যা কথাগুলি সংযোগ করে দুষ্ট প্রকৃতির লোকের নিকট বলতে পারে, কিন্তু হযরত নবী করীমের মত সৎ ও সত্যবাদীর নিকট তারা বলতে পারে না। কারণ তিনি এমন সত্যের জ্বলন্ত ছবি ছিলেন যে, তাঁকে অসৎকার্য ও অসত্য স্পর্শ করতে পারত না।

لَهُمْ سُوْءُ الْعَذَابِ وَهُمْ فِي الْاٰخِرَةِ هُمُ الْاَخْسَرُوْنَ ۝٥ وَاِنَّكَ لَتُلَقَّى الْقُرْاٰنَ

লাহুম সূ—উল 'আযা-বি ওয়াহুম্ ফিল আ-খিরাতি হুমুল আখ্সারূন। ৬। ওয়া ইন্নাকা লাতুলাক্কাল্ কুরআ-না
কঠিন শাস্তি এবং পরকালে তারাই অধিক ক্ষতিগ্রস্ত। (৬) নিশ্চয়ই আপনাকে প্রজ্ঞাবান মহাজ্ঞানী (আল্লাহর পক্ষ) হতে কুরআন

مِنْ لَّدُنْ حَكِيْمٍ عَلِيْمٍ ۝٦ اِذْ قَالَ مُوْسٰى لِاَهْلِهٖٓ اِنِّيْٓ اٰنَسْتُ نَارًا ؕ سَاٰتِيْكُمْ

মিল্লাদুন হ্বাকীমিন 'আলীম। ৭। ইয্ ক্বা-লা মূসা- লিআহ্লিহী~ইন্নী~আ-নাস্তু না-রা- ; সাআ-তীকুম্
শিখানো হচ্ছে। (৭) স্মরণ করুন! যখন মূসা তার পরিবার-পরিজনদেরকে বলেছিলেন, আমি আগুন দেখেছি, আমি সেখান হতে তোমাদের জন্য কোন খবর

مِّنْهَا بِخَبَرٍ اَوْ اٰتِيْكُمْ بِشِهَابٍ قَبَسٍ لَّعَلَّكُمْ تَصْطَلُوْنَ ۝٧ فَلَمَّا جَآءَهَا نُوْدِيَ

মিন্হা- বিখাবারিন আও আ-তীকুম্ বিশিহা-বিন্ ক্বাবাসিল্ লা'আল্লাকুম তাস্ত্বালূন। ৮। ফালাম্মা- জ্বা—আহা- নূদিইয়া
নিয়ে বা আগুনের জ্বলন্ত অঙ্গার নিয়ে এখনি তোমাদের কাছে এসে যাব, যাতে তোমরা আগুনের তাপ নিতে পার। (৮) যখন তিনি সেখানে পৌছলেন, তখন আওয়াজ হল যে,

اَنْۢ بُوْرِكَ مَنْ فِي النَّارِ وَمَنْ حَوْلَهَا ؕ وَسُبْحٰنَ اللّٰهِ رَبِّ الْعٰلَمِيْنَ ۝٨ يٰمُوْسٰٓى

আম্ বূরিকা মান্ ফিন্ না-রি ওয়া মান্ হাওলাহ্বা- ; ওয়া সুব্হ্বা-নাল্লা-হি রাব্বিল 'আ-লামীন। ৯। ইয়া- মূসা~
বরকতময় সে, যে এ আগুনের কাছে রয়েছে এবং যারা তার চারপাশে রয়েছে এবং আল্লাহ পবিত্র, যিনি সারা জাহানের প্রতিপালক! (৯) হে মূসা!

اِنَّهٗٓ اَنَا اللّٰهُ الْعَزِيْزُ الْحَكِيْمُ ۝٩ وَاَلْقِ عَصَاكَ ؕ فَلَمَّا رَاٰهَا تَهْتَزُّ كَاَنَّهَا جَآنٌّ

ইন্নাহূ~আনাল্লা-হুল্ 'আযীযুল হ্বাকীম। ১০। ওয়া আল্ক্বি 'আস্বা-কা, ফালাম্মা- রাআ-হা- তাহ্তাযযু কাআন্নাহা- জ্বা—ননুঁও
আমিই সে আল্লাহ মহাপরাক্রমশালী, বিজ্ঞ। (১০) আপনি আপনার লাঠি (মাটিতে) ফেলে দীন, যখন তিনি তা ফোঁসতে দেখলেন, মনে হয় যেন সেটি একটি

وَّلّٰى مُدْبِرًا وَّلَمْ يُعَقِّبْ ؕ يٰمُوْسٰى لَا تَخَفْ ۖ اِنِّيْ لَا يَخَافُ لَدَيَّ الْمُرْسَلُوْنَ ۝

ওয়াল্লা- মুদ্বিরাওঁ ওয়া লাম ইউ'আক্কিব ; ইয়া-মূসা- লা-তাখাফ্, ইন্নী লা-ইয়াখা-ফু লাদাইয়্যাল্ মুরসালূন।
সাপ, তিনি উল্টো দিকে ছুটতে লাগলেন (দ্বিতীয়বার আওয়াজ আসল) হে মূসা! ভয় পাবেন না, আমার নিকটে রাসূলগণ ভয় পায়না;

۝١٠ اِلَّا مَنْ ظَلَمَ ثُمَّ بَدَّلَ حُسْنًۢا بَعْدَ سُوْٓءٍ فَاِنِّيْ غَفُوْرٌ رَّحِيْمٌ ۝١١ وَاَدْخِلْ يَدَكَ فِيْ

১১। ইল্লা- মান্ যালামা ছুম্মা বাদ্দালা হুস্নাম্ বা'দা সূ—ইন্ ফাইন্নী গাফূরুর্ রাহ্বীম। ১২। ওয়া আদ্খিল ইয়াদাকা ফী
(১১) তবে যে জুলুম করে, অতঃপর খারাপ কাজের পরিবর্তে নেক কাজ করে, তার প্রতি আমি ক্ষমাশীল, দয়ালু। (১২) আর আপনি আপনার হাত আপনার বগলে রাখুন।

جَيْبِكَ تَخْرُجْ بَيْضَآءَ مِنْ غَيْرِ سُوْٓءٍ ۟ فِيْ تِسْعِ اٰيٰتٍ اِلٰى فِرْعَوْنَ وَقَوْمِهٖ ؕ

জ্বাইবিকা তাখ্রুজ্ব বাইদ্বা—আ মিন্ গাইরি সূ—ইন্, ফী তিস্'ই আ-ইয়া-তিন ইলা- ফির'আওনা ওয়া ক্বাওমিহী ;
সে (হাত)টি সাদা চকচকে (রোগ) মুক্ত অবস্থায় বের হয়ে আসবে। (এ দুটো নিদর্শন) যা নয়টি নিদর্শনের মধ্যে। তা নিয়ে ফিরআউন এবং তার সম্প্রদায়ের নিকট যান;

০ বিশ্লেষণ (আঃ ৮) ঃ من فى النار - এ আয়াতাংশে من দ্বারা আল্লাহ তায়ালাকে এবং نار (আগুন) দ্বারা আল্লাহ তায়ালার নূরকে বুঝান হয়েছে এবং من حولها (তার চার পাশ) দ্বারা মূসা (আ) এবং ফিরিশতাগণকে বুঝান হয়েছে। (কুঃ করীম)

০ টীকা (আঃ ১১) ঃ নবীগণ সকলেই নিষ্পাপ, তারা স্বেচ্ছায় কখনো মন্দ কার্য করেন নি। কিন্তু মানব সুলভ দুর্বলতার জন্য তাঁদের মধ্যে কারো দ্বারা সামান্য ত্রুটি বা ভুলভ্রান্তি হয়ে পড়ত। এরূপ হযরত মূসা (আ) ভুলবশতঃ মিসরের জনৈক ব্যক্তির মৃত্যু ঘটায়েছিলেন। তিনি তাকে ঘুষি মেরেছিলেন আর সে মৃত্যুমুখে পতিত হলো। অবশ্য এর জন্য হযরত মূসা (আ) আল্লাহ পাকের দরবারে অনুতপ্ত হয়ে ক্ষমা প্রার্থনা করেছিলেন। আল্লাহ তায়ালাও তাঁর অপরাধ ক্ষমা করেছিলেন। আলোচ্য আয়াতে সম্ভব সেই ঘটনার প্রতিই ইঙ্গিত করা হয়েছে।

তিন চতুর্থাংশ

اِنَّهُمْ كَانُوْا قَوْمًا فٰسِقِيْنَ ۝١٢ فَلَمَّا جَآءَتْهُمْ اٰيٰتُنَا مُبْصِرَةً قَالُوْا هٰذَا سِحْرٌ مُّبِيْنٌ ۝

ইন্নাহুম কা-নূ ক্বাওমান ফা-সিক্বীন। ১৩। ফালাম্মা- জ্বা—আত্হুম আ-ইয়া-তুনা- মুব্স্বিরাতান্ ক্বা-লূ হা-যা- সিহ্রুম্ মুবীন।
নিশ্চয়ই তারা পাপী সম্প্রদায়। (১৩) যখন তাদের কাছে আমার সুস্পষ্ট নিদর্শন (মু'জেযা) আসল তখন তারা বলল, এটা তো প্রকাশ্য যাদু।

۝١٣ وَجَحَدُوْا بِهَا وَاسْتَيْقَنَتْهَآ اَنْفُسُهُمْ ظُلْمًا وَّعُلُوًّا ؕ فَانْظُرْ كَيْفَ كَانَ عَاقِبَةُ

১৪। ওয়া জ্বাহ্বাদূ বিহা- ওয়াস্তাইক্বানাত্হা~আন্ফুসুহুম যুল্মাওঁ ওয়া 'উলুওয়ান- ; ফান্যুর কাইফা কা-না 'আ-ক্বিবাতুল
(১৪) তারা সেগুলোকে অন্যায়ভাবে ও অহংকার করে অস্বীকার করল; অথচ তাদের অন্তর সেগুলোকে সত্য রূপে বুঝত। দেখুন, বিপর্যয় সৃষ্টিকারীদের পরিণাম

الْمُفْسِدِيْنَ ۝١٤ وَلَقَدْ اٰتَيْنَا دَاوٗدَ وَسُلَيْمٰنَ عِلْمًا ۚ وَقَالَا الْحَمْدُ لِلّٰهِ الَّذِيْ فَضَّلَنَا

মুফ্সিদীন। ১৫। ওয়া লাক্বাদ্ আ-তাইনা- দা-উদা ওয়া সুলাইমা-না 'ইল্মা-, ওয়া ক্বা-লাল্ হ্বাম্দু লিল্লা-হিল্লাযী ফাদ্দ্বালানা-
কেমন হয়েছিল। (১৫) আর আমি দাউদ ও সুলায়মানকে জ্ঞান দান করেছিলাম এবং উভয়েই বলেছিলেন, প্রশংসা সে আল্লাহর জন্য, যিনি আমাদেরকে শ্রেষ্ঠত্ব দান করেছেন

عَلٰى كَثِيْرٍ مِّنْ عِبَادِهِ الْمُؤْمِنِيْنَ ۝١٥ وَوَرِثَ سُلَيْمٰنُ دَاوٗدَ وَقَالَ يٰٓاَيُّهَا النَّاسُ

'আলা- কাছীরিম্ মিন্ 'ইবা-দিহিল মু'মিনীন। ১৬। ওয়া ওয়ারিছা সুলাইমা-নু দা-উদা ওয়া ক্বা-লা ইয়া~আইয়্যুহান্ না-সু
তাঁর অনেক মুমিন বান্দাদের উপর। (১৬) এবং দাউদের উত্তরাধিকারী সুলায়মান হয়েছিলেন, এবংতিনি বলেছিলেন, হে মানুষ!

عُلِّمْنَا مَنْطِقَ الطَّيْرِ وَاُوْتِيْنَا مِنْ كُلِّ شَيْءٍ ؕ اِنَّ هٰذَا لَهُوَ الْفَضْلُ الْمُبِيْنُ ۝

'উল্লিম্না- মান্ত্বিক্বাত্ ত্বাইরি ওয়া উতীনা- মিন কুল্লি শাইয়ি ; ইন্না হা-যা- লাহুওয়াল ফাদ্বলুল মুবীন।
আমাকে শিখানো হয়েছে পাখীদের বুলি এবং আমাকে প্রত্যেক প্রকার বস্তু দান করা হয়েছে, নিশ্চয় এটা (আল্লাহর) প্রকাশ্য দয়া।

۝١٦ وَحُشِرَ لِسُلَيْمٰنَ جُنُوْدُهٗ مِنَ الْجِنِّ وَالْاِنْسِ وَالطَّيْرِ فَهُمْ يُوْزَعُوْنَ ۝١٧ حَتّٰٓى اِذَآ

১৭। ওয়া হুশিরা লিসুলাইমা-না জুনূদুহূ মিনাল্ জ্বিন্নি ওয়াল ইন্সি ওয়াত্ত্বাইরি ফাহুম ইউযা'উন। ১৮। হ্বাত্তা~ইযা~
(১৭) সুলায়মানের সামনে একত্রিত করা হল তার বাহিনী- জ্বীন, মানুষ এবং পক্ষীকুল এবং তারপর তাদেরকে পৃথক পৃথক দলে ভাগ করা হল। (১৮) যখন তারা

اَتَوْا عَلٰى وَادِ النَّمْلِ ۙ قَالَتْ نَمْلَةٌ يّٰٓاَيُّهَا النَّمْلُ ادْخُلُوْا مَسٰكِنَكُمْ ۚ لَا يَحْطِمَنَّكُمْ

আতাও 'আলা- ওয়া-দিন্ নাম্লি, ক্বা-লাত্ নাম্লাতুই ইয়া~আইয়্যুহান্ নাম্লুদ্খুলূ মাসা-কিনাকুম, লা- ইয়াহ্বত্বিমান্নাকুম
(বাহিনী) পিপীলিকার ময়দানে এসে পৌছল, তখন একটি পিপীলিকা বলল, হে পিপীলিকার দল! তোমরা নিজ নিজ গর্তে প্রবেশ কর, যেন সুলায়মান ও তার বাহিনী

سُلَيْمٰنُ وَجُنُوْدُهٗ ۙ وَهُمْ لَا يَشْعُرُوْنَ ۝١٨ فَتَبَسَّمَ ضَاحِكًا مِّنْ قَوْلِهَا وَقَالَ رَبِّ

সুলাইমা-নু ওয়া জুনূদুহূ, ওয়া হুম লা- ইয়াশ'উরূন। ১৯। ফাতাবাস্সামা দ্বা-হ্বিকাম্ মিন্ ক্বাওলিহা- ওয়া ক্বা-লা রাব্বি
তোমাদেরকে পদদলিত না করে তাদের অজান্তে (১৯) তার কথা শুনে সুলায়মান মুচকি হাসি দিলেন, আর বললেন, হে আমার প্রতিপালক!

০ টীকা (আঃ ১৯) ঃ হযরত সোলায়মান (আ) পিপীলিকার ভাষা বুঝলেন এবং উহার ক্ষুদ্র দেহের প্রতি এরূপ সতর্কতা দেখে সন্তুষ্ট হলেন। আল্লাহ তা'আলার এমন বান্দাও আছে যারা নবীগণ (আ)-এর মো'জেযাহ সন্দেহ করতে নিষ্ফল চেষ্টা করে। পিপীলিকার সাথে হযরত সোলায়মান (আ)-এর আলাপের বিষয়েও তারা সন্দিহান। কিন্তু জনৈক ডাক্তার বহু গবেষণা করে এই সিদ্ধান্তে উপনীত হয়েছেন যে, পিপীলিকার শব্দ ও ইঙ্গিতের মর্ম উপলব্ধি করতে পারা যায়। এ সম্বন্ধে তিনি একখানা কিতাবও লিখেছেন। মো'জেযাহর বিরুদ্ধবাদিগণ ডাক্তারের সিদ্ধান্তে নিঃসন্দেহ অথচ সর্বশক্তিমান আল্লাহ তা'আলা প্রদত্ত হযরত সোলায়মান (আ)-এর মো'জেযার প্রতি সন্দিহান। কাজেই বলতে হয়- 'সত্য কথা বুঝতে অক্ষম হলে তাকে মিথ্যা প্রতিপন্ন করতে চেষ্টা করে'।

১ ع ১৪ ১৬ রুকূ

أَوْزِعْنِىٓ أَنْ أَشْكُرَ نِعْمَتَكَ الَّتِىٓ أَنْعَمْتَ عَلَىَّ وَعَلٰى وَالِدَىَّ وَأَنْ أَعْمَلَ صَالِحًا

আওযি'নী~আন্ আশ্কুরা নি'মাতাকাল লাতী~আন্'আম্তা 'আলাইয়্যা ওয়া 'আলা- ওয়া- লিদাইয়্যা ওয়াআন্ আ'মালা স্বা-লিহান্

আপনি আমাকে সুযোগ দিন যেন আপনার সে নেয়ামতের শোকর আদায় করতে পারি, যে নেয়ামত আপনি দান করেছেন আমার প্রতি এবং আমার পিতা-মাতার প্রতি।

تَرْضٰىهُ وَأَدْخِلْنِى بِرَحْمَتِكَ فِى عِبَادِكَ الصّٰلِحِينَ ﴿١٩﴾ وَتَفَقَّدَ الطَّيْرَ فَقَالَ

তারদ্বা-হু ওয়া আদ্খিলনী বিরাহ্মাতিকা ফী 'ইবা-দিকাস্ব স্বা-লিহীন। ২০। ওয়া তাফাক্বক্বাদ্বাত্ব ত্বাইরা ফাক্বা-লা

আর আমি যেন নেক কাজ করতে পারি, যে কাজ আপনি পছন্দ করেন এবং আমাকে আপনার অনুগ্রহের দ্বারা নেক বান্দাদের অন্তর্ভুক্ত করুন। (২০) সুলায়মান

مَا لِىَ لَآ أَرَى الْهُدْهُدَ أَمْ كَانَ مِنَ الْغَآئِبِينَ ﴿٢٠﴾ لَأُعَذِّبَنَّهُۥ عَذَابًا شَدِيدًا

মা- লিইয়া লা~আরাল হুদ্হুদ ; আম্ কা-না মিনাল গা—ইবীন। ২১। লাউ'আয্যিবান্নাহূ 'আযা-বান শাদীদান

পাখিগুলোর হাযিরা নিলেন এবং বললেন যে, আমি হুদহুদকে দেখছিনা কেন, সে আসলে অনুপস্থিত নাকি? (২১) অবশ্যই আমি তাকে কঠিন শাস্তি দিব অথবা যবেহ

أَوْ لَأَا۟ذْبَحَنَّهُۥٓ أَوْ لَيَأْتِيَنِّى بِسُلْطٰنٍ مُّبِينٍ ﴿٢١﴾ فَمَكَثَ غَيْرَ بَعِيدٍ فَقَالَ أَحَطتُّ

আও লাআয্বাহান্নাহূ~আওলাইয়া'তিইয়ান্নী বিসুল্ত্বা-নিম্ মুবীন। ২২। ফামাকাছা গাইরা বা'ঈদিন্ ফাক্বা-লা আহাত্বতু

করব, সে কোন সুস্পষ্ট কারণ না দেখালে। (২২) অতঃপর সে (হুদহুদ) আসতে বেশী দেরী করলনা এবং (এসে) বলল, আমি সাবা

بِمَا لَمْ تُحِطْ بِهِۦ وَجِئْتُكَ مِن سَبَإٍۭ بِنَبَإٍ يَقِينٍ ﴿٢٢﴾ إِنِّى وَجَدتُّ امْرَأَةً تَمْلِكُهُمْ

বিমা- লাম্তুহিত্ব বিহী ওয়া জ্বি'তুকা মিন্ সাবাইম্ বিনাবাইঁ ইয়াক্বীন। ২৩। ইন্নী ওয়াজ্বাত্তুম রাআতান্ তাম্লিকুহুম

সম্প্রদায় থেকে একটি সঠিক সংবাদ আপনার কাছে নিয়ে এসেছি যা আপনি জানেন না। (২৩) আমি দেখেছি এক নারীকে সে তাদের উপর রাজত্ব করছে।

وَأُوتِيَتْ مِن كُلِّ شَىْءٍ وَلَهَا عَرْشٌ عَظِيمٌ ﴿٢٣﴾ وَجَدتُّهَا وَقَوْمَهَا يَسْجُدُونَ

ওয়া উতিইয়াত মিন্ কুল্লি শাইয়িঁও ওয়া লাহা- 'আর্শুন 'আযীম। ২৪। ওয়া জ্বাত্তুহা- ওয়া ক্বাওমাহা- ইয়াস্জুদূনা

তাকে প্রত্যেক প্রকারের সরঞ্জামই দেয়া হয়েছে এবং তার সিংহাসনও খুবই বিরাট। (২৪) আমি তাকে ও তার সম্প্রদায়কে দেখলাম যে,

لِلشَّمْسِ مِن دُونِ اللّٰهِ وَزَيَّنَ لَهُمُ الشَّيْطٰنُ أَعْمٰلَهُمْ فَصَدَّهُمْ عَنِ السَّبِيلِ فَهُمْ

লিশ্শাম্সি মিন্ দূনিল্লা-হি ওয়া যাইয়্যানা লাহুমুশ্ শাইত্বা-নু আ'মা-লাহুম ফাস্বাদ্দাহুম 'আনিস্ সাবীলি ফাহুম

তারা আল্লাহকে ছেড়ে সূর্যকে সিজদা করছে, শয়তান তাদের (খারাপ) কাজগুলোকে তাদের কাছে অতি শোভনীয় করে দেখিয়ে তাদেরকে সত্য পথ থেকে দূরে রাখছে, ফলে তারা

لَا يَهْتَدُونَ ﴿٢٤﴾ أَلَّا يَسْجُدُوا۟ لِلّٰهِ الَّذِى يُخْرِجُ الْخَبْءَ فِى السَّمٰوٰتِ وَالْأَرْضِ

লা- ইয়াহ্তাদূন। ২৫। আল্লা- ইয়াস্জুদূ লিল্লা-হিল্লাযী ইউখ্রিজুল খাব্আ ফিস্ সামা-ওয়া-তি ওয়াল্ আরদ্বি

সঠিক পথ পাচ্ছেনা। (২৫) (শয়তান চায়) তারা যেন আল্লাহকে সিজদা না করে, যিনি আকাশ ও পৃথিবীর গোপন বস্তুকে বের করেন এবং তোমরা যা কিছু

○ বিশ্লেষণ (আঃ ২২) ঃ من سبا - سبا - (সাবা) এক ব্যক্তির নামানুসারে এক সম্প্রদায়েরও নাম ছিল এবং একটি শহরের নামও ছিল। এখানে শহর বুঝান হয়েছে। যে শহরটি ইয়ামান থেকে তিন দিনের দূরত্বে অবস্থিত।

○ বিশ্লেষণ (আঃ ২৩) ঃ عرش عظيم - (বড় সিংহাসন) বর্ণিত আছে, সিংহাসনটি ছিল ৮০ হাত, প্রস্থ ৪০ হাত এবং উঁচু ৩০ হাত এবং সেটি মোতি, লালইয়াকুত এবং মূল্যবান সবুজ পাথর দ্বারা জড়ানো ছিল। (ফতহুল কাদীর)

সিজদাহ

وَيَعْلَمُ مَا تُخْفُونَ وَمَا تُعْلِنُونَ ﴿٢٥﴾ اللّٰهُ لَآ إِلٰهَ إِلَّا هُوَ رَبُّ الْعَرْشِ الْعَظِيمِ ﴿٢٦﴾ قَالَ

بِهَا مِنْ أَحَدٍ مِّنَ الْعَٰلَمِينَ ﴿٢٨﴾ أَئِنَّكُمْ لَتَأْتُونَ الرِّجَالَ وَتَقْطَعُونَ السَّبِيلَ ۙ

বিহা- মিন্ আহ্বাদিম্ মিনাল্ 'আ-লামীন। ২৯। আইন্নাকুম লাতা'তূনার্ রিজ্বা-লা ওয়া তাক্বত্বা'উনাস্ সাবীলা
পৃথিবীতে অন্য আর কেউ করেনি। (২৯) তোমরা কি পুরুষদের কাছে (অশ্লীল কাজের উদ্দেশ্যে) গমন কর এবং তোমরা কি রাজপথে সন্ত্রাসী কর, আর তোমরা কি

وَتَأْتُونَ فِي نَادِيكُمُ الْمُنكَرَ ۖ فَمَا كَانَ جَوَابَ قَوْمِهِۦٓ إِلَّآ أَن قَالُوا ائْتِنَا

ওয়া তা'তূনা ফী না-দীকুমুল মুন্কারা ; ফামা- কা-না জ্বাওয়া-বা ক্বাওমিহী~ইল্লা~আন্ ক্বা-লু'তিনা-
তোমাদের মজলিসের মধ্যে (প্রকাশ্যে) নিকৃষ্ট কাজ কর? তার সম্প্রদায়ের (এ ব্যাপারে) কোনই জবাবই ছিল না, শুধু তারা বলল, আমাদের কাছে

بِعَذَابِ اللَّهِ إِن كُنتَ مِنَ الصَّٰدِقِينَ ﴿٢٩﴾ قَالَ رَبِّ انصُرْنِي عَلَى الْقَوْمِ

বি'আযা-বিল্লা-হি ইন্ কুন্তা মিনাস্ব্ স্বা-দিক্বীন। ৩০। ক্বা-লা রাব্বিন্ স্বুরনী 'আলাল্ ক্বাওমিল্
আল্লাহর শাস্তি নিয়ে আস, যদি তুমি সত্যবাদী হয়ে থাক। (৩০) লূত বলল, হে আমার প্রতিপালক! আপনি আমাকে পাপাচারী সম্প্রদায়ের মোকাবেলায়

الْمُفْسِدِينَ ﴿٣٠﴾ وَلَمَّا جَآءَتْ رُسُلُنَآ إِبْرَٰهِيمَ بِالْبُشْرَىٰ ۙ قَالُوٓا إِنَّا مُهْلِكُوٓا أَهْلِ

মুফ্সিদীন। ৩১। ওয়া লাম্মা- জ্বা—আত্ রুসুলুনা~ইব্রা-হীমা বিল্বুশ্রা- ক্বা-লূ~ইন্না- মুহ্লিকূ~আহ্লি
সাহায্য করুন। (৩১) যখন আমার প্রেরিত ফেরেশতা ইবরাহীমের কাছে সুসংবাদ নিয়ে আগমন করল, তখন তারা বলেছিল, আমরা এ জনপদের অধিবাসীদের

هَٰذِهِ الْقَرْيَةِ ۖ إِنَّ أَهْلَهَا كَانُوا ظَٰلِمِينَ ﴿٣١﴾ قَالَ إِنَّ فِيهَا لُوطًا ۚ قَالُوا نَحْنُ أَعْلَمُ

হা-যিহিল্ ক্বারইয়াতি, ইন্না আহ্লাহা- কা-নূ জ্বা-লিমীন। ৩২। ক্বা-লা ইন্না ফীহা- লূত্বান্ ; কা-লূ নাহ্বনু আ'লামু
বিনাশ করব। নিশ্চয় এখানের অধিবাসীরা অত্যাচারী। (৩২) ইবরাহীম বলল, এখানে তো লূত আছে, ফেরেশতারা বলল, আমরা খুবই ভাল জানি, সেখানে যারা

بِمَن فِيهَا ۖ لَنُنَجِّيَنَّهُۥ وَأَهْلَهُۥٓ إِلَّا امْرَأَتَهُۥ كَانَتْ مِنَ الْغَٰبِرِينَ ﴿٣٢﴾ وَلَمَّآ أَن

বিমান্ ফীহা- লানুনাজ্জ্বিয়ান্নাহূ ওয়া আহ্লাহূ~ইল্লাম্ রাআতাহূ কা-নাত্ মিনাল্ গা-বিরীন। ৩৩। ওয়া লাম্মা~আন্
আছে (তাদের সম্পর্কে)। আমরা রক্ষা করব তাকে ও তার পরিবার-পরিজনকে, কিন্তু তার স্ত্রী ব্যতীত; সে (স্ত্রী) তো থাকবে পশ্চাদবর্তীদের মধ্যে। (৩৩) যখন লূতের নিকট

جَآءَتْ رُسُلُنَا لُوطًا سِيٓءَ بِهِمْ وَضَاقَ بِهِمْ ذَرْعًا وَقَالُوا لَا تَخَفْ وَلَا تَحْزَنْ ۖ

জ্বা—আত্ রুসুলুনা- লূত্বান্ সী—আ বিহিম্ ওয়া দ্বা-ক্বা বিহিম যার'আওঁ ওয়া ক্বা-লূ লা-তাখাফ্ ওয়ালা- তাহ্যান্,
আমার প্রেরিত রাসূল পৌঁছল, তখন সে তাদেরকে দেখে চিন্তিত হয়ে পড়ে এবং তাদের (অতিথেয়তার) ব্যাপারে সংকটে পড়ে যায়। তারা বলল, ভয় কর না এবং চিন্তিত

إِنَّا مُنَجُّوكَ وَأَهْلَكَ إِلَّا امْرَأَتَكَ كَانَتْ مِنَ الْغَٰبِرِينَ ﴿٣٣﴾ إِنَّا مُنزِلُونَ عَلَىٰٓ

ইন্না-মুনাজ্জূকা ওয়া আহ্লাকা ইল্লাম্ রাআতাকা কা-নাত্ মিনাল্ গা-বিরীন। ৩৪। ইন্না- মুন্যিলূনা 'আলা~
হয়ো না, নিশ্চয়ই আমি তোমাকে এবং তোমার পরিবার-পরিজনকে রক্ষা করব, কিন্তু শুধু তোমার স্ত্রী ব্যতীত। সে তো পশ্চাদবর্তীদের মধ্যে থাকবে। (৩৪) আমরা

○ বিশ্লেষণ (আঃ ২৯) ঃ وتقطعون السبيل - অর্থাৎ পথিকদের পাকড়াও করে তাদের সাথে তোমরা অশ্লীল কাজ করে থাক, তোমরা পথিকদের মালামাল লুট করে থাক এবং তাদেরকে হত্যা করে দাও। এসব কারণে রাস্তায় যাতায়াত বন্ধ হয়ে যেত এবং এ বন্ধের কারণ তোমরাই। (কুঃ কারীম)
○ বিশ্লেষণ (আঃ ৩২) ঃ من الغبرين - অর্থাৎ সে (স্ত্রী) পশ্চাদবর্তীদের মধ্যে থাকবে এবং তাদের সাথে ধ্বংস হবে। কেননা, সে মুমিন ছিল না; বরং ওদের সহযোগী ছিল। ○ বিশ্লেষণ (আঃ ৩৩) ঃ سئ بهم - অর্থাৎ লূত (আ), চরিত্রবান ও সুন্দর চেহারার অধিকারী মেহমানদেরকে অসৎ চরিত্রের সম্প্রদায় থেকে বাঁচানোর জন্য কোন পথ না পেয়ে চিন্তিত হয়ে পড়েন এবং তাদের মেহমানদারীর ব্যাপারেও সংকটে পড়ে যান। অর্থাৎ না বিদায় দিতে পারেন, না নিরাপদে রাখতে পারেন।

রুকু ১৫ ৩

اَهْلِ هٰذِهِ الْقَرْيَةِ رِجْزًا مِّنَ السَّمَآءِ بِمَا كَانُوْا يَفْسُقُوْنَ ﴿٣٤﴾ وَلَقَدْ تَّرَكْنَا مِنْهَآ اٰيَةً

আহ্লি হা-যিহিল্ ক্বার্ইয়াতি রিজ্যাম্ মিনাস্ সামা—ই বিমা- কা-নূ ইয়াফ্সুকুন। ৩৫। ওয়া লাক্বাত্ তারাক্না- মিন্হা~আ-ইয়াতাম্

এ জনপদের অধিবাসীদের উপর আকাশ হতে শাস্তি অবতীর্ণ করব। কারণ, তারা ছিল পাপাচারী। (৩৫) নিশ্চয়ই আমি সে জনপদটিকে একটি স্পষ্ট দৃষ্টান্ত বানিয়ে রেখেছি,

بَيِّنَةً لِّقَوْمٍ يَّعْقِلُوْنَ ﴿٣٥﴾ وَاِلٰى مَدْيَنَ اَخَاهُمْ شُعَيْبًا ۙ فَقَالَ يٰقَوْمِ اعْبُدُوا اللّٰهَ

বাইয়্যিনাতাল্ লিক্বাওমিঁই ইয়া'ক্বিলূন। ৩৬। ওয়া ইলা- মাদ্ইয়ানা আখা-হুম শু'আইবান্ ফাক্বা-লা ইয়া-ক্বাওমি'বুদুল্লা-হা

জ্ঞানবানদের জন্য। (৩৬) আমি মাদায়েনে অধিবাসীদের প্রতি তার ভাই শোয়ায়েবকে প্রেরণ করলাম। সে বলল, হে আমার সম্প্রদায়! আল্লাহর ইবাদত কর এবং

وَارْجُوا الْيَوْمَ الْاٰخِرَ وَلَا تَعْثَوْا فِى الْاَرْضِ مُفْسِدِيْنَ ﴿٣٦﴾ فَكَذَّبُوْهُ فَاَخَذَتْهُمُ

ওয়ার্জুল্ ইয়াওমাল্ আ-খিরা ওয়ালা- তা'ছাও ফিল্ আরদ্বি মুফ্সিদীন। ৩৭। ফাকায্যাবূহু ফাআখাযাত্ হুমুর্

পরকাল দিবসের প্রতীক্ষায় থাক। আর পৃথিবীতে বিশৃংখলা সৃষ্টি কর না। (৩৭) কিন্তু এরপরেও তারা তাকে মিথ্যাবাদী বলল, অতঃপর তাদেরকে ভূমিকম্প পাকড়াও

الرَّجْفَةُ فَاَصْبَحُوْا فِىْ دَارِهِمْ جٰثِمِيْنَ ﴿٣٧﴾ وَعَادًا وَّثَمُوْدَا۠ وَقَدْ تَّبَيَّنَ لَكُمْ مِّنْ

রাজ্বফাতু ফাআস্ববাহূ ফী দা-রিহিম জ্বা-ছিমীন। ৩৮। ওয়া 'আ-দাওঁ ওয়া ছামূদা ওয়া ক্বাত্ তাবাইয়্যানা লাকুম্ মিম্

করল। ফলে তারা তাদের গৃহে উপুড় মুখ হয়ে (মৃত অবস্থায়) পড়ে রইল। (৩৮) আমি আদ ও সামূদকে ধ্বংস করেছিলাম এবং তোমাদের শিক্ষার জন্য প্রকাশ্যভাবে

مَّسٰكِنِهِمْ ۗ وَزَيَّنَ لَهُمُ الشَّيْطٰنُ اَعْمَالَهُمْ فَصَدَّهُمْ عَنِ السَّبِيْلِ وَكَانُوْا

মাসা-কিনিহিম, ওয়া যাইয়্যানা লাহুমুশ্ শাইত্বা-নু আ'মা-লাহুম ফাস্বাদ্দাহুম 'আনিস্ সাবীলি ওয়া কা-নূ

রয়েছে তাদের কিছু আবাস স্থল। শয়তান তাদেরকে তাদের (খারাপ) কাজগুলো সুসজ্জিত করে দেখিয়ে ছিল এবং তাদেরকে (আল্লাহর) পথে (যেতে) বাধা দিয়েছিল, যদিও তারা

مُسْتَبْصِرِيْنَ ﴿٣٨﴾ وَقَارُوْنَ وَفِرْعَوْنَ وَهَامٰنَ ۗ وَلَقَدْ جَآءَهُمْ مُّوْسٰى بِالْبَيِّنٰتِ

মুস্তাব্স্বিরীন। ৩৯। ওয়া ক্বা-রূনা ওয়া ফির'আওনা ওয়া হা-মা-না, ওয়া লাক্বাদ্ জ্বা—আহুম মূসা- বিল্বাইয়্যিনা-তি

ছিল জ্ঞান গরিমায় অভিজ্ঞ। (৩৯) (হে নবী স্মরণ করুন!) কারুন, ফিরআউন ও (তার মন্ত্রী) হামানের কথা। নিশ্চয়ই মূসা তাদের কাছে স্পষ্ট নিদর্শন (মুজেযা)সহ এসেছিল,

فَاسْتَكْبَرُوْا فِى الْاَرْضِ وَمَا كَانُوْا سٰبِقِيْنَ ﴿٣٩﴾ فَكُلًّا اَخَذْنَا بِذَنْۢبِهٖ ۚ فَمِنْهُمْ مَّنْ

ফাস্তাক্বাবারূ ফিল্ আরদ্বি ওয়ামা- কা-নূ সা-বিক্বীন। ৪০। ফাকুল্লান্ আখায্না- বিযাম্বিহী ফামিন্হুম মান্

এরপরেও তারা পৃথিবীতে খুবই অহংকার করত। কিন্তু তারা আমার (শাস্তি) থেকে এড়িয়ে যেতে সক্ষম হয়নি। (৪০) তাদের প্রত্যেককেই তাদের গুনাহর জন্য আমি

اَرْسَلْنَا عَلَيْهِ حَاصِبًا ۚ وَمِنْهُمْ مَّنْ اَخَذَتْهُ الصَّيْحَةُ ۚ وَمِنْهُمْ مَّنْ خَسَفْنَا بِهِ

আরসাল্না-'আলাইহি হ্বা-স্বিবান, ওয়া মিন্হুম্ মান্ আখাযাত্হুস্ স্বাইহ্বাতু, ওয়া মিন্হুম্ মান্ খাসাফ্না- বিহিল্

পাকড়াও করেছিলাম। তাদের কতকের উপর আমি বর্ষণ করেছিলাম ঘূর্ণিকড় আকারে শিলা বৃষ্টি এবং তাদের কতককে বিকট আওয়াজ পাকড়াও করেছিল এবং তাদের মধ্যে

○ টীকা (আঃ ৩৭) ঃ অর্থাৎ আল্লাহ্ তায়ালার নির্ধারিত শাস্তি তাদেরকে এরূপ অবসর দেয় নি যে, তারা সে অবসরে অন্যত্র সরে পড়ে; বরং তারা যে অবস্থায় ছিল সে অবস্থাতেই মৃত্যুমুখে পতিত হলো।

○ বিশ্লেষণ (আঃ ৪০) ঃ حاصبا -এরা লূত সম্প্রদায়। কারো মতে, 'আদ সম্প্রদায়।
صيحة -এরা সামূদ সম্প্রদায় এবং মাদায়েনবাসীও। خسفنا - অর্থাৎ কারূনকে তার বানানো প্রাসাদসহ যমীনে দাবিয়ে দেয়া হয়েছিল।
اغرقنا - ফেরাউন, হামান ও তার সৈন্যবাহিনী। কারো মতে, নূহের (আ) সম্প্রদায় এর অন্তর্ভুক্ত। (তাঃ ওসমানী)

তিন চতুর্থাংশ রুকু ১২ (৬) ৭ ওয়াক্বফে লাযেম

الْاَرْضَ ۚ وَمِنْهُمْ مَّنْ اَغْرَقْنَا ۚ وَمَا كَانَ اللّٰهُ لِيَظْلِمَهُمْ وَلٰكِنْ كَانُوْا اَنْفُسَهُمْ

আরদ্বা, ওয়া মিনহুম্ মান্ আগ্রাক্বনা-, ওয়ামা- কা-নাল্লা-হু লিইয়াজ্লিমাহুম ওয়ালা-কিন্ কা-নূ~আন্ফুসাহুম

কতককে আমি দাবিয়ে দিয়েছি যমীনে, আর কতককে আমি (সমুদ্রে) ডুবিয়ে ছিলাম। আল্লাহ তাদের প্রতি মোটেই অবিচার করেন নি; বরং তারাই

يَظْلِمُوْنَ ﴿٤٠﴾ مَثَلُ الَّذِيْنَ اتَّخَذُوْا مِنْ دُوْنِ اللّٰهِ اَوْلِيَآءَ كَمَثَلِ الْعَنْكَبُوْتِ ۚ

ইয়াজ্লিমূন। ৪১। মাছালুল্ লাযীনাত তাখায্ মিন্ দূনিল্লা-হি আওলিয়া—আ কামাছালিল্ 'আন্কাবূতি,

তাদের প্রতি অবিচার করেছিল। (৪১) যারা আল্লাহ ব্যতীত অন্য কাউকে সাহায্যকারী হিসেবে গ্রহণ করে, তাদের উদাহরণ

اِتَّخَذَتْ بَيْتًا ۗ وَاِنَّ اَوْهَنَ الْبُيُوْتِ لَبَيْتُ الْعَنْكَبُوْتِ ۘ لَوْ كَانُوْا يَعْلَمُوْنَ ﴿٤١﴾

ইত্তাখাযাত্ বাইতান্ ; ওয়া ইন্না আওহানাল্ বুয়ূতি লা বাইতুল্ 'আন্কাবূতি। লাও কা-নূ ইয়া'লামূন।

মাকড়সা, সে নিজের জন্য একটি ঘর তৈরি করে, অথচ সব ঘরগুলোর মধ্যে সবচেয়ে দুর্বল ঘর মাকড়সারই ঘর। যদি তারা জানত!

اِنَّ اللّٰهَ يَعْلَمُ مَا يَدْعُوْنَ مِنْ دُوْنِهٖ مِنْ شَىْءٍ ۗ وَهُوَ الْعَزِيْزُ الْحَكِيْمُ ﴿٤٢﴾

৪২। ইন্নাল্লা-হা ইয়া'লামু মা- ইয়াদ্'উনা মিন্ দূনিহী মিন্ শাইয়্যিন ; ওয়া হুওয়াল্ 'আযীযুল্ হ্বাকীম।

(৪২) নিশ্চয়ই আল্লাহ্ তাদের জানেন, যাদেরকে তারা আল্লাহর পরিবর্তে ডাকে। তিনি (আল্লাহ্) পরাক্রমশালী, প্রজ্ঞাবান।

وَتِلْكَ الْاَمْثَالُ نَضْرِبُهَا لِلنَّاسِ ۚ وَمَا يَعْقِلُهَآ اِلَّا الْعٰلِمُوْنَ ﴿٤٣﴾ خَلَقَ اللّٰهُ

৪৩। ওয়া তিল্কাল্ আম্ছা-লু নাদ্বরিবুহা-লিন্না-সি, ওয়া মা- ইয়া'ক্বিলুহা~ইল্লাল্ 'আ-লিমূন। ৪৪। খালাক্বাল্লা-হুস্

(৪৩) আমি এ উদাহরণগুলো মানুষদের জন্য বর্ণনা করি। আর এগুলো একমাত্র তারাই বুঝে যারা জ্ঞানবান। (৪৪) আল্লাহ সৃষ্টি

السَّمٰوٰتِ وَالْاَرْضَ بِالْحَقِّ ۗ اِنَّ فِىْ ذٰلِكَ لَاٰيَةً لِّلْمُؤْمِنِيْنَ ﴿٤٤﴾

সামা-ওয়া-তি ওয়াল্ আরদ্বা বিল্হ্বাক্বক্বি ; ইন্না ফী যা-লিকা লাআ-ইয়াতাল্ লিল্মু'মিনীন্।

করেন আকাশ ও পৃথিবী সঠিকভাবে নিশ্চয়ই এর মধ্যে রয়েছে মুমিনগণের জন্য নিদর্শন।

৪ ع ১৬ রুকূ

○ টীকা (আঃ ৪১) ঃ আল্লাহ্ তা'আলা এ আয়াতে অবিশ্বাসী মুশরিকদেরকে এক আল্লাহ্র পরিবর্তে কাল্পনিক মূর্তিগুলির উপাসনার কল্যাণের তুলনা মাকড়াসার জালের সঙ্গে করেছেন। মাকড়াসা যেমন গৃহ নির্মাণ করে অর্থাৎ জাল বিস্তার করে মনে করে, এটা আমাদের স্থায়ী গৃহ এবং আশ্রয়ের জন্য যথেষ্ট। অথচ তা সামান্য বাতাসের ধাক্কা কিংবা ঝাড়ুর আঘাতে নিশ্চিহ্ন হয়ে যায়। তেমনি মুশরিকদের কাল্পনিক উপাস্যদের পরিণতিও তাই। যারা নিজেদের বিন্দু মাত্র উপকার করতে সক্ষম নয়, তারা কিভাবে অন্যদের পরিত্রাণে সাহায্য করবে। এটা তাদের নিছক নির্বুদ্ধি ছাড়া আর কি হতে পারে ? (মাঃ কুঃ)

○ টীকা (আঃ ৪৩) ঃ মাকড়সার জাল দ্বারা মুশরিকদের উপাস্যদের দৃষ্টান্ত দেয়ার পর এখন বলা হয়েছে যে, আমি সুস্পষ্ট দৃষ্টান্ত দ্বারা তাওহীদের স্বরূপ বর্ণনা করি; কিন্তু এসব দৃষ্টান্ত থেকেও কেবল জ্ঞানীগণই জ্ঞান আহরণ করে। অন্যরা চিন্তা-ভাবনাই করে না। ফলে সত্য তাদের সামনে প্রকাশ পায় না।

আল্লাহর কাছে জ্ঞানী কে? ঃ ইমাম বগভী হযরত জাবের থেকে বর্ণনা করেন যে, রাসূলুল্লাহ (স) এই আয়াত তেলাওয়াত করে বললেন, সে-ই প্রকৃত জ্ঞানী, যে আল্লাহর কালাম নিয়ে চিন্তা-ভাবনা করে, তাঁর এবাদত পালন করে এবং তাঁর অসন্তুষ্টির কাজ থেকে বিরত থাকে। এ থেকে জানা গেল যে, কোরআন ও হাদীসের কিছু শব্দ বুঝে নিলে কেউ আল্লাহর কাছে জ্ঞানী (আলিম) হয় না, যে পর্যন্ত কোরআন নিয়ে চিন্তা-ভাবনার অভ্যাস গড়ে না তোলে এবং যে পর্যন্ত সে কোরআন অনুযায়ী আমল না করে। মুসনাদে আহমদের এক রেওয়ায়েতে হযরত আমর ইবনে আস বলেন, আমি রাসূলুল্লাহ (স)-এর কাছ থেকে এক হাজার দৃষ্টান্ত শিক্ষা করেছি। ইবনে কাসীর এই রেওয়ায়েতের উদ্ধৃতি দিয়ে লেখেন, এটা হযরত আমর ইবনে আসের একটি বিরাট শ্রেষ্ঠত্ব। কেননা, আল্লাহ তাআলা এই আয়াতে তাদেরকেই জ্ঞানী বলেছেন, যারা আল্লাহ ও রাসূল বর্ণিত দৃষ্টান্তসমূহ বোঝে। হযরত আমর ইবনে মুররা বলেন, আমি যখন এমন কোন আয়াতে পৌঁছি, যা আমার বোধগম্য নয়, তখন মনে খুব দুঃখ পাই।

ওয়াক্বফে লাযেম

اُتْلُ مَا اُوْحِيَ اِلَيْكَ مِنَ الْكِتٰبِ وَاَقِمِ الصَّلٰوةَ ؕ اِنَّ الصَّلٰوةَ تَنْهٰى عَنِ ﴿٤٥﴾

৪৫। উত্লু মা~উহিয়া ইলাইকা মিনাল্ কিতা-বি ওয়া আক্বিমিস্ব্ স্বালা-তা ; ইন্নাস্ব স্বালা-তা তান্হা- 'আনিল্
(৪৫) যে কিতাব আপনার প্রতি অবতীর্ণ করা হয়েছে তা আবৃত্তি করুন এবং নামাজ কায়েম করুন। নিশ্চয়ই নামাজ বিরত রাখে

الْفَحْشَآءِ وَالْمُنْكَرِ ؕ وَلَذِكْرُ اللّٰهِ اَكْبَرُ ؕ وَاللّٰهُ يَعْلَمُ مَا تَصْنَعُوْنَ ﴿٤٦﴾ وَلَا

ফাহ্শা—ই ওয়াল্ মুন্কারি; ওয়া লাযিক্রুল্লা-হি আক্বারু ; ওয়াল্লা-হু ইয়া'লামু মা-তাস্বনা'উন। ৪৬। ওয়ালা-
অশ্লীল ও খারাপ কাজ থেকে। আল্লাহর যিকিরই সর্বশ্রেষ্ঠ (আমল)। তোমরা যা কিছু কর আল্লাহ তা জানেন। (৪৬) তোমরা

تُجَادِلُوْٓا اَهْلَ الْكِتٰبِ اِلَّا بِالَّتِيْ هِيَ اَحْسَنُ ۖ اِلَّا الَّذِيْنَ ظَلَمُوْا مِنْهُمْ

তুজা-দিলূ~আহ্লাল্ কিতা-বি ইল্লা- বিল্লাতী হিয়া আহ্সানু, ইল্লাল্লাযীনা জালামূ মিন্হুম
উত্তম পন্থা ব্যতীত; কিতাবীদের সাথে ঝগড়া করবে না কিন্তু তাদের মধ্যে যারা অন্যায়কারী, তাদের সাথে করতে পার; এবং

وَقُوْلُوْٓا اٰمَنَّا بِالَّذِيْٓ اُنْزِلَ اِلَيْنَا وَاُنْزِلَ اِلَيْكُمْ وَاِلٰهُنَا وَاِلٰهُكُمْ وَاحِدٌ

ওয়া কূলূ~আ-মান্না- বিল্লাযী~উন্যিলা ইলাইনা- ওয়া উন্যিলা ইলাইকুম ওয়া ইলা-হুনা- ওয়া ইলা-হুকুম ওয়া-হিদুওঁ
বলুন, আমাদের তো সে কিতাবের প্রতি বিশ্বাস আছে, যা আমাদের প্রতি অবতীর্ণ হয়েছে এবং যা তোমাদের প্রতি অবতীর্ণ হয়েছে এবং আমাদের ও তোমাদের মা'বূদ তো

وَّنَحْنُ لَهٗ مُسْلِمُوْنَ ﴿٤٧﴾ وَكَذٰلِكَ اَنْزَلْنَآ اِلَيْكَ الْكِتٰبَ ؕ فَالَّذِيْنَ اٰتَيْنٰهُمُ

ওয়া নাহ্নু লাহূ মুস্লিমূন। ৪৭। ওয়া কাযা-লিকা আন্যাল্না~ইলাইকাল্ কিতা-বা, ফাল্লাযীনা আ-তাইনা-হুমুল
একজনই এবং আমরা সবই তার প্রতি আত্মসমর্পণকারী। (৪৭) এভাবেই আমি আপনার প্রতি কিতাব অবতীর্ণ করেছি। যাদেরকে আমি কিতাব দিয়েছি, তারা তার

الْكِتٰبَ يُؤْمِنُوْنَ بِهٖ ۚ وَمِنْ هٰٓؤُلَآءِ مَنْ يُّؤْمِنُ بِهٖ ؕ وَمَا يَجْحَدُ بِاٰيٰتِنَآ اِلَّا

কিতা-বা ইউ'মিনূনা বিহী, ওয়া মিন্ হা~উলা—ই মাইঁ ইউ'মিনু বিহী ; ওয়া মা- ইয়াজ্হাদু বিআ-ইয়া-তিনা~ইল্লাল্
প্রতি ঈমান রাখে এবং এদের (মুশরিকদের) মধ্যে হতেও কতিপয় এর প্রতি ঈমান রাখে। শুধু মাত্র কাফিরেরাই আমার আয়াতকে

الْكٰفِرُوْنَ ﴿٤٨﴾ وَمَا كُنْتَ تَتْلُوْا مِنْ قَبْلِهٖ مِنْ كِتٰبٍ وَّلَا تَخُطُّهٗ بِيَمِيْنِكَ اِذًا

কা-ফিরূন। ৪৮। ওয়ামা- কুন্তা তাত্লূ মিন্ ক্বাব্লিহী মিন্ কিতা-বিওঁ ওয়ালা- তাখুত্তুহূ বিয়ামীনিকা ইযাল্
অস্বীকার করে। (৪৮) হে মুহাম্মদ (স)! আপনি এর পূর্বে আর কোন কিতাব আবৃত্তি করেন নি এবং কোন কিতাবও আপনার হাত দ্বারা লিখেননি যে, বাতিল পন্থীরা

لَّارْتَابَ الْمُبْطِلُوْنَ ﴿٤٩﴾ بَلْ هُوَ اٰيٰتٌ بَيِّنٰتٌ فِيْ صُدُوْرِ الَّذِيْنَ اُوْتُوا الْعِلْمَ ؕ

লারতা-বাল্ মুব্ত্বিলূন। ৪৯। বাল্ হুওয়া আ-ইয়া-তুম বাইয়্যিনা-তুন ফী স্বুদূরিল্ লাযীনা উতুল 'ইল্মা ;
(কুরআনের ব্যাপারে) সন্দেহ করবে। (৪৯) তবে এ কুরআন তাদের অন্তরে স্পষ্ট নির্দশন (হিসেবে রক্ষিত) যাদেরকে জ্ঞান দান করা হয়েছে।

○ বিশ্লেষণ (আঃ ৪৫) ঃ ولذكر الله اكبر – [আল্লাহর সর্বশেষ (আমল)] অর্থাৎ অশ্লীল ও গুনাহর কাজ থেকে বিরত রাখার ব্যাপারে নামাজের চেয়েও আল্লাহর যিকির অধিক ফলদায়ক। কারণ, মানুষ যখন পর্যন্ত নামাজে থাকে, ততক্ষণ অশ্লীল কাজ থেকে বিরত থাকে, নামাজের পরে এর ততটা প্রভাব থাকে না। কিন্তু সর্বদা আল্লাহর যিকির (স্মরণ) করার দ্বারা, আল্লাহর যিকিরই, তাকে অশ্লীল ও গুনাহর কাজ থেকে সর্ব সময়ের জন্য বিরত রাখে। তাই বান্দার উচিত কখনও আল্লাহর স্মরণ থেকে গাফিল না থাকা। ○ বিশ্লেষণ (আঃ ৪৬) ঃ انزل الينا – অর্থাৎ কুরআন মাজীদ انزل اليكم তাওরাত ইঞ্জিল ও যাবুর। ○ বিশ্লেষণ (আঃ ৪৭) ঃ يؤمنون – যারা আবদুল্লাহ ইবন সালাম (রা) প্রমুখকে বুঝান হয়েছে।

وَمَا يَجْحَدُ بِاٰيٰتِنَآ اِلَّا الظّٰلِمُوْنَ ﴿٤٩﴾ وَقَالُوْا لَوْلَآ اُنْزِلَ عَلَيْهِ اٰيٰتٌ مِّنْ رَّبِّهٖ ؕ

ওয়ামা- ইয়াজ্হাদু বিআ-ইয়া-তিনা~ইল্লাজ্ জা-লিমূন। ৫০। ওয়া ক্বা-লূ লাওলা~উন্যিলা 'আলাইহি আ-ইয়া-তুম্ মির্ রাব্বিহী ;
আমার আয়াতের অস্বীকারকারী, জালিম ব্যতীত আর অন্য কেউই নয়। (৫০) তারা বলে, এর উপর কোন নিদর্শন তার প্রতিপালকের পক্ষ হতে কেন অবতীর্ণ করা হয় না?

قُلْ اِنَّمَا الْاٰيٰتُ عِنْدَ اللّٰهِ ؕ وَاِنَّمَآ اَنَا نَذِيْرٌ مُّبِيْنٌ ﴿٥٠﴾ اَوَلَمْ يَكْفِهِمْ اَنَّآ اَنْزَلْنَا

কুল ইন্নামাল্ আ-ইয়া-তু 'ইন্দাল্লা-হি ; ওয়া ইন্নামা~আনা নাযীরুম্ মুবীন। ৫১। আওয়া লাম্ ইয়াক্ফিহিম আন্না~আন্যালনা-
বলুন, নিদর্শনতো সব আল্লাহর কাছে; আমিতো শুধু একজন প্রকাশ্য সতর্ককারী। (৫১) তাদের জন্য এটাকি যথেষ্ট নয় যে, আমি

عَلَيْكَ الْكِتٰبَ يُتْلٰى عَلَيْهِمْ ؕ اِنَّ فِيْ ذٰلِكَ لَرَحْمَةً وَّذِكْرٰى لِقَوْمٍ يُّؤْمِنُوْنَ ﴿٥١﴾

'আলাইকাল্ কিতা-বা ইউত্লা-, 'আলাইহিম ; ইন্না ফী যা-লিকা লারাহ্মাতাওঁ ওয়া যিক্রা- লিক্বাওমিঁই ইউ'মিনূন।
আপনার প্রতি কিতাব অবতীর্ণ করেছি, যা তাদের কাছে পাঠ করা হয়? তার মধ্যে রয়েছে মুমিন লোকদের জন্য, করুণা ও উপদেশ।

قُلْ كَفٰى بِاللّٰهِ بَيْنِيْ وَبَيْنَكُمْ شَهِيْدًا ۚ يَعْلَمُ مَا فِي السَّمٰوٰتِ وَالْاَرْضِ ؕ وَ ﴿٥٢﴾

৫২। কুল্ কাফা- বিল্লা-হি বাইনী ওয়া বাইনাকুম শাহীদান ; ইয়া'লামু মা- ফিস্ সামা-ওয়া-তি ওয়াল আরদ্বি ; ওয়াল
(৫২) বলুন, আমার মধ্যে ও তোমাদের মধ্যে আল্লাহর স্বাক্ষ্য থাকাই যথেষ্ট; তিনি আকাশ ও পৃথিবীর সব কিছুই জানেন; এবং

الَّذِيْنَ اٰمَنُوْا بِالْبَاطِلِ وَكَفَرُوْا بِاللّٰهِ ۙ اُولٰٓئِكَ هُمُ الْخٰسِرُوْنَ ﴿٥٢﴾ وَيَسْتَعْجِلُوْنَكَ

লাযীনা আ-মানূ বিল্ বা-ত্বিলি ওয়া কাফারূ বিল্লা-হি, উলা—ইকা হুমুল খা-সিরূন। ৫৩। ওয়া ইয়াস্তা'জিলূনাকা
যারা মিথ্যায় বিশ্বাস রাখে আর আল্লাহর সাথে কুফরী করে তারাই ক্ষতিগ্রস্ত। (৫৩) তারা আপনার কাছে দ্রুত কামনা করে

بِالْعَذَابِ ؕ وَلَوْلَآ اَجَلٌ مُّسَمًّى لَّجَآءَهُمُ الْعَذَابُ ؕ وَلَيَاْتِيَنَّهُمْ بَغْتَةً وَّهُمْ

বিল্ 'আযা-বি ; ওয়া লাওলা~আজালুম্ মুসাম্মাল্ লাজ্বা—আহুমুল 'আযা-বু ; ওয়ালা ইয়া'তিইয়ান্নাহুম বাগ্তাতাওঁ ওয়া হুম
শাস্তি। যদি আমার পক্ষ থেকে (শাস্তির) সময় নির্ধারিত না থাকত, তবে তাদের উপর শাস্তি এসে যেত। অবশ্যই তাদের উপর (শাস্তি) আকস্মাৎ আসবে, অথচ

لَا يَشْعُرُوْنَ ﴿٥٣﴾ يَسْتَعْجِلُوْنَكَ بِالْعَذَابِ ؕ وَاِنَّ جَهَنَّمَ لَمُحِيْطَةٌ بِالْكٰفِرِيْنَ ﴿٥٤﴾

লা- ইয়াশ'উরূন। ৫৪। ইয়াস্তা'জিলূনাকা বিল 'আযা-বি ; ওয়া ইন্না জ্বাহান্নামা লামুহীত্বাতুম্ বিল কা-ফিরীন।
তারা (তা) বুঝতেও পারবে না। (৫৪) তারা আপনাকে শাস্তি দ্রুত নিয়ে আসতে বলে, নিশ্চয়ই জাহান্নাম কাফিরদেরকে ঘেরাও করে রাখবে।

يَوْمَ يَغْشٰهُمُ الْعَذَابُ مِنْ فَوْقِهِمْ وَمِنْ تَحْتِ اَرْجُلِهِمْ وَيَقُوْلُ ذُوْقُوْا ﴿٥٥﴾

৫৫। ইয়াওমা ইয়াগ্শা-হুমুল 'আযা-বু মিন্ ফাওক্বিহিম ওয়া মিন্ তাহ্তি আর্জুলিহিম ওয়া ইয়াকূলু যূক্
(৫৫) সেদিন শাস্তি তাদেরকে তাদের (মাথার) উপর ও পায়ের নীচ হতে ঢেকে রাখবে, এবং আল্লাহ বলবেন, এখন তোমাদের কৃত

○ টীকা (আঃ ৫১) ঃ বারংবার শুনাবার স্বার্থকতা এই যে, একবার শ্রবনে তার অলৌকিকতার উপলব্ধি না হলে তৎপরে অবশ্যই হবে। পক্ষান্তরে কোরআন ব্যতীত অন্য কোন মু'জেযায় এই সুবিধা হত না; কেননা, সে গুলোর অস্বাভাবিকতা গুন কোরআনের ন্যায় স্থায়ী হত না। (বঃ কোঃ)
○ টীকা (আঃ ৫১) ঃ রহমত এই যে, এতে আল্লাহর আহকাম শিক্ষা দেয়া হয়েছে, যা নিছক হিতকর। আর উপদেশ এই যে, এতে নেক নেক কাজের প্রতি উৎসাহ এবং পাপকার্য হতে ভীতি প্রদর্শন করা হয়েছে। (বঃ কোঃ) ○ টীকা (আঃ ৫৩) ঃ অর্থাৎ, মৃত্যু এবং কিয়ামতের মধ্যবর্তী কালে নমুনাস্বরূপ আযাব প্রত্যক্ষ করলেও কিয়ামতের শাস্তি অধিকতর কঠোর হবে। তদ্রূপ কঠোর শাস্তি কখনও দেখে নি। সুতরাং কিয়ামতের শাস্তি সম্বন্ধে তখন দিব্য জ্ঞান জন্মিলেও প্রত্যক্ষ করা আকস্মাৎই হবে। (বঃ কোঃ) ○ বিশ্লেষণ (আঃ ৫৫) ঃ ويقول – আল্লাহ তায়ালা অথবা ফিরিশতাগণ বলবেন।

مَا كُنْتُمْ تَعْمَلُونَ ۝٥٦ يٰعِبَادِيَ الَّذِينَ اٰمَنُوْٓا اِنَّ اَرْضِيْ وَاسِعَةٌ فَاِيَّايَ

মা- কুন্‌তুম তা'মালূন। ৫৬। ইয়া- 'ইবা-দিয়াল্ লাযীনা আ-মানূ~ইন্না আরদ্বী ওয়া-সি'আতুন ফাইয়্যা-ইয়া
কর্মের প্রতিফল ভোগ কর। (৫৬) হে আমার মুমিন বান্দাগণ! আমার পৃথিবী খুবই প্রশস্ত, সুতরাং তোমরা শুধু আমারই

فَاعْبُدُوْنِ ۝٥٧ كُلُّ نَفْسٍ ذَآئِقَةُ الْمَوْتِ ثُمَّ اِلَيْنَا تُرْجَعُوْنَ ۝٥٨ وَالَّذِيْنَ

ফা'বুদূন। ৫৭। কুল্লু নাফ্‌সিন যা—ইক্বাতুল মাওতি, ছুম্মা ইলাইনা-তুরজা'উন। ৫৮। ওয়াল্লাযীনা
ইবাদাত কর। (৫৭) প্রতিটি জীবই মৃত্যুর স্বাদ গ্রহণ করবে, অতঃপর আমার দিকে প্রত্যাবর্তিত হবে। (৫৮) যারা ঈমান আনে

اٰمَنُوْا وَعَمِلُوا الصّٰلِحٰتِ لَنُبَوِّئَنَّهُمْ مِّنَ الْجَنَّةِ غُرَفًا تَجْرِيْ مِنْ تَحْتِهَا الْاَنْهٰرُ

আ-মানূ ওয়া 'আমিলুস্ব স্বা-লিহ্বা-তি লানুবাওয়িয়্যা আন্নাহুম মিনাল্ জ্বান্নাতি গুরাফান্ তাজ্বরী মিন্ তাহ্বতিহাল আন্‌হা-রু
ও সৎকাজ করে, তাদেরকে আমি অবশ্যই স্থান দিব জান্নাতের সে সুউচ্চ স্থানে, যার তলদেশে নহরসমূহ প্রবাহিত, যেখানে তারা চিরস্থায়ী

خٰلِدِيْنَ فِيْهَا ۚ نِعْمَ اَجْرُ الْعٰمِلِيْنَ ۝٥٩ الَّذِيْنَ صَبَرُوْا وَعَلٰى رَبِّهِمْ يَتَوَكَّلُوْنَ ۝

খা-লিদীনা ফীহা- ; নি'মা আজ্বরুল্ 'আ-মিলীন। ৫৯। আল্লাযীনা স্বাবারূ ওয়া 'আলা-রাব্বিহিম ইয়াতাওয়াক্কালূন।
ভাবে বসবাস করবে; কতইনা উত্তম প্রতিদান পুণ্যবানদের। (৫৯) যারা ধৈর্য্যধারণ করে এবং তাদের প্রতিপালকের প্রতি ভরসা রাখে।

۝٦٠ وَكَاَيِّنْ مِّنْ دَآبَّةٍ لَّا تَحْمِلُ رِزْقَهَا ۖ اللّٰهُ يَرْزُقُهَا وَاِيَّاكُمْ ۖ وَهُوَ السَّمِيْعُ

৬০। ওয়া কাআইয়্যিম মিন্ দা—ব্বাতিল লা- তাহ্বমিলু রিয্‌ক্বাহা-, আল্লা-হু ইয়ারযুক্বুহা- ওয়া ইয়্যা-কুম, ওয়া হুওয়াস্ সামী'উল
(৬০) অনেক জীব জন্তু তো এমনও আছে যারা তাদের রিযিক সংগ্রহ করার শক্তি রাখে না। আল্লাহই তাদের ও তোমাদের রিযিক দিয়ে থাকেন, তিনি সর্বশ্রোতা,

الْعَلِيْمُ ۝٦١ وَلَئِنْ سَاَلْتَهُمْ مَّنْ خَلَقَ السَّمٰوٰتِ وَالْاَرْضَ وَسَخَّرَ الشَّمْسَ

'আলীম। ৬১। ওয়া লাইন্ সাআল্‌তাহুম্ মান্ খালাক্বাস্ সামা-ওয়া-তি ওয়াল আরদ্বা ওয়া সাখ্‌খারাশ্ শাম্‌সা
সর্বজ্ঞাত। (৬১) যদি আপনি তাদের কাছে জিজ্ঞেস করেন, কে সৃষ্টি করেছেন আকাশ ও পৃথিবী? এবং কে সূর্য ও চন্দ্রকে কাজে লাগিয়েছেন?

وَالْقَمَرَ لَيَقُوْلُنَّ اللّٰهُ ۚ فَاَنّٰى يُؤْفَكُوْنَ ۝٦٢ اَللّٰهُ يَبْسُطُ الرِّزْقَ لِمَنْ يَّشَآءُ مِنْ

ওয়াল্ ক্বামারা লাইয়াক্বূলুন্নাল্লা-হু, ফাআন্না- ইউ'ফাকূন। ৬২। আল্লা-হু ইয়াব্‌সুত্বুর রিয্‌ক্বা লিমাইঁ ইয়াশা—উ মিন্
তবে তারা অবশ্যই বলবে যে, আল্লাহই। এরপরেও তারা কোথায় ফিরে যাচ্ছে। (৬২) আল্লাহ রিযিক প্রশস্ত করে দেন যাকে ইচ্ছা করেন এবং যাকে ইচ্ছা

عِبَادِهٖ وَيَقْدِرُ لَهٗ ۚ اِنَّ اللّٰهَ بِكُلِّ شَيْءٍ عَلِيْمٌ ۝٦٣ وَلَئِنْ سَاَلْتَهُمْ مَّنْ نَّزَّلَ

'ইবা-দিহী ওয়া ইয়াক্বদিরু লাহূ ; ইন্নাল্লা-হা বিকুল্লি শাইয়্যিন 'আলীম। ৬৩। ওয়া লাইন্ সাআল্‌তাহুম্ মান্ নায্‌যালা
তার জন্য (রিযিক) সংকীর্ণ করে দেন। নিশ্চয়ই আল্লাহ্ প্রতিটি বিষয়ই অবগত আছেন। (৬৩) যদি আপনি তাদেরকে জিজ্ঞেস করেন

○ বিশ্লেষণ (আঃ ৫৬) ঃ ارضى واسعة - অর্থাৎ মক্কার কাফিরেরা যদি তোমাদের ইবাদতে বাধা দেয়, তবে আল্লাহর যমীন সংকীর্ণ নয়। তোমরা অন্যত্র গিয়ে আল্লাহর ইবাদত কর। মুসলমানগণ প্রথমে মক্কা থেকে হাবশায় পরে মদীনায় হিজরত করেন। ○ টীকা (আঃ ৬০) ঃ ইসলামের প্রাথমিক যুগে যখন ইসলাম সুপ্রতিষ্ঠিত হয় নি তখন নবদীক্ষিত মুসলমানগণ সর্বত্র কাফিরগণের প্রভাবাধীন থাকত। তারা মুসলমানদেরকে একক আল্লাহর উপাসনা করতে নিষেধ করত। এসব কারণে আল্লাহর ইঙ্গিত মোতাবেক হযরত রাসূল (স) কতিপয় মুসলমানসহ মদীনায় গমন করলেন। অবশিষ্ট মুসলমান অন্ন সংস্থানের আশঙ্কায় পূর্বের ন্যায় কাফিরগণের আধিপত্য স্বীকার করে মক্কায় অবস্থান করতে লাগল তাদেরকে উদ্দেশ্য করে আল্লাহর নির্দেশ হলো- 'তোমরা জীবিকার্জনের লালসায় কাফিরগণের বশ্যতা স্বীকার করিতেছ কেন? অমিত তোমাদের আহারের সংস্থানকারী, অতএব তোমরা তাদের প্রভাবাধীন হতে বহির্গত হয়ে পড়'। আল্লাহর রাজ্যসীমার অন্ত নেই আর ফকীরের পদক্ষেপের বিরাম নেই। (কুঃ করীম)

مِنَ السَّمَآءِ مَآءً فَاَحْيَا بِهِ الْاَرْضَ مِنْ بَعْدِ مَوْتِهَا لَيَقُوْلُنَّ اللّٰهُ ۚ قُلِ

মিনাস্ সামা—ই মা—আন্ ফাআহ্বইয়া- বিহিল্ আর্‌দ্বা মিম্ বা'দি মাওতিহা- লাইয়াক্বূলুন্নাল্লা-হু ; ক্বুলিল্
যমীন মৃত্যু (শুষ্ক) হয়ে যাবার পরে, আকাশ হতে পানি বর্ষণ করে পুনরায় তা জীবিত (সতেজ) কে করেন? তবে তারা এটাই বলবে যে, আল্লাহ। আপনি বলুন,

الْحَمْدُ لِلّٰهِ ۚ بَلْ اَكْثَرُهُمْ لَا يَعْقِلُوْنَ ۝٦٤ وَمَا هٰذِهِ الْحَيٰوةُ الدُّنْيَآ اِلَّا لَهْوٌ

হ্বাম্‌দু লিল্লা-হি ; বাল্ আক্‌ছারুহুম লা- ইয়া'ক্বিলূন। ৬৪। ওয়া মা- হা-যিহিল্ হ্বাইয়া-তুদ্ দুন্‌ইয়া~ইল্লা- লাহ্‌উওঁ
সব প্রশংসা আল্লাহরই। কিন্তু তাদের অনেকেই তা বুঝে না। (৬৪) এ পার্থিব জীবনতো শুধু মাত্র খেল তামাশার (জীবন);

وَّلَعِبٌ ۚ وَاِنَّ الدَّارَ الْاٰخِرَةَ لَهِيَ الْحَيَوَانُ ۘ لَوْ كَانُوْا يَعْلَمُوْنَ ۝٦٥ فَاِذَا

ওয়া লা'ইবুন ; ওয়া ইন্নাদ্ দা-রাল আ-খিরাতা লাহিয়াল্ হ্বাইয়াওয়া-নু। লাও কা-নূ ইয়া'লামূন। ৬৫। ফাইযা-
পরকালের জীবনইতো আসল জীবন। কতইনা ভাল হত যদি তারা এটা জানত। (৬৫) যখন তারা নৌকায় আরোহণ

رَكِبُوْا فِي الْفُلْكِ دَعَوُا اللّٰهَ مُخْلِصِيْنَ لَهُ الدِّيْنَ ۚ فَلَمَّا نَجّٰىهُمْ اِلَى

রাকিবূ ফিল্ ফুল্‌কি দা'আউল লা-হা মুখ্‌লিস্বীনা লাহুদ্ দীনা, ফালাম্মা- নাজ্জ্বা-হুম ইলাল্
করে, তখন আল্লাহকে এমন অবস্থায় ডাকে যে, তারা (যেন) আল্লাহর প্রতি একনিষ্ঠভাবে বিশ্বাসী। যখন তিনি তাদেরকে কূলে এনে রক্ষা করেন, তখন তারা

الْبَرِّ اِذَا هُمْ يُشْرِكُوْنَ ۝٦٦ لِيَكْفُرُوْا بِمَآ اٰتَيْنٰهُمْ ۚ وَلِيَتَمَتَّعُوْا ۛ فَسَوْفَ

বার্‌রি ইযা-হুম ইউশ্‌রিকূন। ৬৬। লিইয়াক্‌ফুরূ বিমা~আ-তাইনা-হুম, ওয়া লিইয়াতামাত্তা'উ, ফাসাওফা
শিরক করতে থাকে। (৬৬) ফলে তারা তাদের উপর আমার প্রদত্ত অনুগ্রহের অকৃতজ্ঞ হয়ে যায় এবং পৃথিবীর অস্থায়ী আনন্দ ভোগ করতে থাকে; সুতরাং তারা অতিশীঘ্রই

يَعْلَمُوْنَ ۝٦٧ اَوَلَمْ يَرَوْا اَنَّا جَعَلْنَا حَرَمًا اٰمِنًا وَّيُتَخَطَّفُ النَّاسُ مِنْ حَوْلِهِمْ ۚ

ইয়া'লামূন। ৬৭। আওয়া লাম্ ইয়ারাও আন্না- জ্বা'আল্‌না- হ্বারামান্ আ-মিনাওঁ ওয়া ইউতাখাত্ত্ব ত্বাফুন্ না-সু মিন্ হাওলিহিম ;
(পরিণাম) জানতে পারবে। (৬৭) তারা কি দেখে না যে, আমি হারামকে নিরাপদ স্থান করেছি, অথচ তার চার পাশের লোকদেরকে আক্রমণ করা হয়, এরপরেও কি তারা

اَفَبِالْبَاطِلِ يُؤْمِنُوْنَ وَبِنِعْمَةِ اللّٰهِ يَكْفُرُوْنَ ۝٦٨ وَمَنْ اَظْلَمُ مِمَّنِ افْتَرٰى عَلَى اللّٰهِ

আফাবিল্ বা-ত্বিলি ইউ'মিনূনা ওয়া বিনি'মাতিল্লা-হি ইয়াকফুরূন। ৬৮। ওয়া মান্ আজ্‌লামু মিম মানিফ্ তারা- 'আলাল্লা-হি
মিথ্যাকে বিশ্বাস করবে এবং আল্লাহর অনুগ্রহের অকৃতজ্ঞ হবে? (৬৮) তার চেয়ে অধিক জালিম আর কে হতে পারে, যে আল্লাহর প্রতি

كَذِبًا اَوْ كَذَّبَ بِالْحَقِّ لَمَّا جَآءَهٗ ۚ اَلَيْسَ فِيْ جَهَنَّمَ مَثْوًى لِّلْكٰفِرِيْنَ ۝

কাযিবান আও কায্‌যাবা বিল্‌হ্বাক্বক্বি লাম্মা-জ্বা—আহূ ; আলাইসা ফী জ্বাহান্নামা মাছ্‌ওয়াল্ লিল্ কা-ফিরীন।
মিথ্যারোপ করে বা যখন তার কাছে সত্য বিষয় আসে তখন সে তা মিথ্যা বলে? (এরপরেও কি) কাফিরদের ঠিকানা কি জাহান্নামে হবে না?

○ টীকা (আঃ ৬৭) ঃ পবিত্র কাবাগৃহ নির্মিত হওয়া অবধি সকলেই তার সম্মান করে আসছে। হযরত মুহাম্মদ (স)-এর আবির্ভাবের পূর্বেও লোক ভক্তিসহকারে তা দর্শন করত। তখন যদিও সমগ্র আরবে হত্যাকাণ্ড, চৌর্যবৃত্তি অব্যাহতভাবে চলত। তথাপি কাবাগৃহের সম্মানার্থে মক্কা শহরে কেহ অশান্তি-উপদ্রব করত না। কিন্তু মক্কার চতুষ্পার্শ্বের অধিবাসীরা নিরাপদে থাকতে পারত না। অন্যায় কার্যে লিপ্ত থাকত, সুযোগমত যে যাকে পারত ক্রীতদাস রূপে রাখত বা বাজারে বিক্রয় করত। ○ বিশ্লেষণ (আঃ ৬৭) ঃ حرما امنا - অর্থাৎ আল্লাহ হারাম (মক্কা শহর)কে নিরাপদ জায়গা বানিয়েছেন। যার বাসিন্দারা খুন, রাহাজানি, লুটতরাজ ইত্যাদি থেকে নিরাপদ। অথচ আরবের অন্যান্য এলাকা নিরাপদ নয়। এটা মক্কাবাসীর প্রতি আল্লাহর অনুগ্রহ।

وَالَّذِيْنَ جَاهَدُوْا فِيْنَا لَنَهْدِيَنَّهُمْ سُبُلَنَا ۗ وَاِنَّ اللّٰهَ لَمَعَ الْمُحْسِنِيْنَ ﴿٦٩﴾

৬৯। ওয়াল্লাযীনা জ্বা-হাদূ ফীনা- লানাহ্‌দিয়ান্নাহুম সুবুলানা- ; ওয়া ইন্নাল্লা-হা লামা'আল মুহ্‌সিনীন।

(৬৯) যারা আমার পথে পরিশ্রম (সাধনা) করে, আমি তাঁকে অবশ্যই আমার পথ প্রদর্শন করব। আল্লাহ্ পুণ্যবানদের সাথেই আছেন।

ع ৭ ৩ রুকূ

সূরা রূম
মক্কী

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

বিসমিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম

পরম দাতা ও দয়ালু আল্লাহ্র নামে শুরু করছি

আয়াত ঃ ৬০
রুকূ ঃ ৬

الٓمّٓ ﴿١﴾ غُلِبَتِ الرُّوْمُ ﴿٢﴾ فِيْٓ اَدْنَى الْاَرْضِ وَهُمْ مِّنْۢ بَعْدِ غَلَبِهِمْ سَيَغْلِبُوْنَ ﴿٣﴾

১। আলিফ লা—ম্ মী—ম্। ২। গুলিবাতির রূম। ৩। ফী~ আদ্‌নাল্ আরদ্বি ওয়াহুম্ মিম্ বা'দি গালাবিহিম সাইয়াগ্‌লিবূন।

(১) আলিফ লা-ম মীম (২) রোমানগণ পরাজিত হয়েছে, (৩) নিকটবর্তী ভূমিতে, এবং তারা এ পরাজিত হবার পরে অতিশীঘ্রই বিজয়ী হবে।

فِيْ بِضْعِ سِنِيْنَ ۗ لِلّٰهِ الْاَمْرُ مِنْ قَبْلُ وَمِنْۢ بَعْدُ ۗ وَيَوْمَئِذٍ يَّفْرَحُ الْمُؤْمِنُوْنَ ﴿٤﴾

৪। ফী বিদ্'ই সিনীনা ; লিল্লা-হিল আম্‌রু মিন্ ক্বাব্‌লু ওয়া মিম্ বা'দু ; ওয়া ইয়াওমাইযিঁই ইয়াফ্‌রাহুল মু'মিনূন।

(৪) অল্প কয়েক বছরের মধ্যে। পূর্বের ও পরের বিষয়টি আল্লাহরই ইচ্ছায়। আর সেদিন মুমিনগণ আনন্দিত হবে,

بِنَصْرِ اللّٰهِ ۗ يَنْصُرُ مَنْ يَّشَآءُ ۗ وَهُوَ الْعَزِيْزُ الرَّحِيْمُ ﴿٥﴾ وَعْدَ اللّٰهِ ۗ لَا يُخْلِفُ اللّٰهُ

৫। বিনাস্বরিল লা-হি ; ইয়ান্‌স্বরু মাঁই ইয়াশা—উ; ওয়া হুওয়াল 'আযীযুর রাহীম। ৬। ওয়া'দাল্লা-হি ; লা- ইউখ্‌লিফুল্লা-হু

(৫) আল্লাহর সাহায্যে। তিনি যাকে চান, তাকে সাহায্য করেন এবং তিনি (আল্লাহ) পরক্রমশালী, অসীম দয়ালু। (৬) এটা আল্লাহরই প্রতিশ্রুতি; আল্লাহ ভংগ করেন না

وَعْدَهٗ وَلٰكِنَّ اَكْثَرَ النَّاسِ لَا يَعْلَمُوْنَ ﴿٦﴾ يَعْلَمُوْنَ ظَاهِرًا مِّنَ الْحَيٰوةِ الدُّنْيَا ۚ وَ

ওয়া'দাহূ ওয়া লা-কিন্না আক্‌ছারান্ না-সি লা- ইয়া'লামূন। ৭। ইয়া'লামূনা জা-হিরাম্ মিনাল্ হ্বাইয়া-তিদ্ দুন্‌ইয়া-, ওয়া

কখনও তার প্রতিশ্রুতি; কিন্তু অধিকাংশ লোক জানে না। (৭) তারা তো (শুধু) পার্থিব জীবনের প্রকাশ্য (বিষয়) কে জানে এবং

هُمْ عَنِ الْاٰخِرَةِ هُمْ غٰفِلُوْنَ ﴿٧﴾ اَوَلَمْ يَتَفَكَّرُوْا فِيْٓ اَنْفُسِهِمْ ۗ مَا خَلَقَ اللّٰهُ السَّمٰوٰتِ

হুম 'আনিল্ আ-খিরাতি হুম্ গা-ফিলূন। ৮। আওয়া লাম্ ইয়াতাফাক্কারূ ফী~আন্‌ফুসিহিম্, মা- খালাক্বাল্লা-হুস্ সামা-ওয়া-তি

পরকাল সম্পর্কে একেবারেই বেখবর। (৮) তারা কি আন্তরিকভাবে এ বিষয়টি চিন্তা করে দেখে না যে, আল্লাহ সৃষ্টি করেছেন আকাশ

وَالْاَرْضَ وَمَا بَيْنَهُمَآ اِلَّا بِالْحَقِّ وَاَجَلٍ مُّسَمًّى ۗ وَاِنَّ كَثِيْرًا مِّنَ النَّاسِ بِلِقَآئِ

ওয়াল আরদ্বা ওয়ামা- বাইনাহুমা~ইল্লা- বিলহ্বাক্বক্বি ওয়া আজ্বালিম্ মুসাম্মান ; ওয়া ইন্না কাছীরাম্ মিনান্ না-সি বিলিক্বা—ই

ও পৃথিবী এবং তার মধ্যস্থ সব কিছু সঠিকভাবে এবং নির্দিষ্ট এক সময়ের জন্য; আর অধিকাংশ লোক (পরকালে)

○ শানে নুযূল (আঃ ২-৩) ঃ غلبت الروم .... سيغلبون - রাসূলুল্লাহর (সা) নবুওয়াতের কয়েক বছর পরে পারসিক ও রোমান জাতির মধ্যে যুদ্ধ হয়। যুদ্ধে রোমানগণ পরাজিত হয়। এতে মক্কার মুশরিকরা খুবই আনন্দিত হয়। আর মুসলমানগণ একটু চিন্তিত হয়ে পড়ে। কেননা মক্কার মুশরিকদের সাথে পারসিকদের বন্ধুত্ব ছিল। যেহেতু উভয়ই ছিল ধর্ম বিরোধী। আর রোমানগণ যেহেতু মুসলমানের মত কিতাবধারী ছিল, তাই মুসলমানের সাথে তাদের আন্তরিকতা ছিল। এ প্রেক্ষিতে আল্লাহ তায়ালা মুসলমানের সান্ত্বনা দেয়ার জন্য রোমানগণের অতিশীঘ্র বিজয়ের সুসংবাদ দিয়ে এ আয়াত অবতীর্ণ করেন। (কুঃ কারীম)

رَبِّهِمْ لَكٰفِرُوْنَ ﴿٨﴾ اَوَلَمْ يَسِيْرُوْا فِى الْاَرْضِ فَيَنْظُرُوْا كَيْفَ كَانَ عَاقِبَةُ الَّذِيْنَ

রাব্বিহিম লাকা-ফিরূন। ৯। আওয়ালাম ইয়াসীরূ ফিল্ আরদ্বি ফাইয়ান্‌জুরূ কাইফা কা-না 'আ-ক্বিবাতুল্ লাযীনা

ব্যাপারে অস্বীকারকারী। (৯) তারা কি পৃথিবীতে ভ্রমণ করে না? তাহলে দেখতে পেত যে, তাদের পূর্ববর্তীদের পরিণাম কেমন হয়েছিলো?

مِنْ قَبْلِهِمْ ۗ كَانُوْٓا اَشَدَّ مِنْهُمْ قُوَّةً وَّاَثَارُوا الْاَرْضَ وَعَمَرُوْهَآ اَكْثَرَ مِمَّا عَمَرُوْهَا

মিন্ ক্বাব্‌লিহিম ; কা-নূ~আশাদ্দা মিন্‌হুম কুওয়্যাতাওঁ ওয়া আছা-রুল আর্‌দ্বা ওয়া 'আমারূহা~আক্‌ছারা মিম্মা- 'আমারূহা-

যারা ছিল তাদের চেয়ে খুবই শক্তিশালী, তারা যমীন চাষ করত এবং তা আবাদ করত তাদের চেয়ে অধিক, তাদের কাছে

وَجَآءَتْهُمْ رُسُلُهُمْ بِالْبَيِّنٰتِ ۗ فَمَا كَانَ اللّٰهُ لِيَظْلِمَهُمْ وَلٰكِنْ كَانُوْٓا اَنْفُسَهُمْ

ওয়া জ্বা—আত্‌হুম রুসুলুহুম্ বিল বাইয়্যিনা-তি ; ফামা- কা-নাল্লা-হু লিইয়াজ্‌লিমাহুম ওয়া লা-কিন্ কা-নূ~আন্‌ফুসাহুম

তাদের রাসূল স্পষ্ট নিদর্শন নিয়ে এসেছিলেন; তাদের প্রতি জুলুম করা আল্লাহর অভিপ্রায় ছিল না, কিন্তু তারা নিজেরাই তাদের উপর জুলুম

يَظْلِمُوْنَ ﴿٩﴾ ثُمَّ كَانَ عَاقِبَةَ الَّذِيْنَ اَسَآءُوا السُّوْٓاٰى اَنْ كَذَّبُوْا بِاٰيٰتِ اللّٰهِ

ইয়াজ্‌লিমূন। ১০। ছুম্মা কা-না 'আ-ক্বিবাতাল্ লাযীনা আসা—উস্ সূ—আ~আন্ কায্‌যাবূ বিআ-ইয়া-তিল্লা-হি

করেছিল। (১০) অতঃপর যারা মন্দ কাজ করেছে তাদের পরিণাম মন্দ হয়েছে; কারণ তারা আল্লাহর আয়াতকে মিথ্যা বলেছিল এবং এ আয়াত সম্পর্কে

১ ع ৪ রুকূ

وَكَانُوْا بِهَا يَسْتَهْزِءُوْنَ ﴿١٠﴾ اَللّٰهُ يَبْدَؤُا الْخَلْقَ ثُمَّ يُعِيْدُهٗ ثُمَّ اِلَيْهِ تُرْجَعُوْنَ ﴿١١﴾ وَيَوْمَ

ওয়া কা-নূ বিহা- ইয়াস্তাহ্‌যিউন। ১১। আল্লা-হু ইয়াব্‌দাউল্ খাল্‌ক্বা ছুম্মা ইউ'ঈদুহূ ছুম্মা ইলাইহি তুরজ্বা'উন। ১২। ওয়া ইয়াওমা

উপহাস করত। (১১) আল্লাহই সৃষ্টিকে প্রথমে সৃষ্টি করেন, অতঃপর তিনিই (মৃত্যুর পরে) দ্বিতীয়বার জীবিত করবেন এবং তাঁর কাছেই প্রত্যাবর্তিত হবে। (১২) যেদিন

تَقُوْمُ السَّاعَةُ يُبْلِسُ الْمُجْرِمُوْنَ ﴿١٢﴾ وَلَمْ يَكُنْ لَّهُمْ مِّنْ شُرَكَآئِهِمْ شُفَعٰٓؤُا وَكَانُوْا

তাকূমুস্ সা-'আতু ইউব্‌লিসুল্ মুজ্বরিমূন। ১৩। ওয়া লাম ইয়াকুল্লাহুম মিন্ শুরাকা—ইহিম শুফা'আ—উ ওয়া কা-নূ

কেয়ামত কায়েম হবে, সেদিন পাপীরা হতাশ হয়ে পড়বে। (১৩) আর তাদের অংশীদার (প্রতিমা) গুলোর মধ্যে কেউই তাদের জন্য সুপারিশ করবে না এবং তারাই

بِشُرَكَآئِهِمْ كٰفِرِيْنَ ﴿١٣﴾ وَيَوْمَ تَقُوْمُ السَّاعَةُ يَوْمَئِذٍ يَّتَفَرَّقُوْنَ ﴿١٤﴾ فَاَمَّا الَّذِيْنَ

বিশুরাকা—ইহিম কা-ফিরীন। ১৪। ওয়া ইয়াওমা তাকূমুস্ সা-'আতু ইয়াওমাইযিঁই ইয়াতাফার্‌রাকূন। ১৫। ফাআম্মাল্ লাযীনা

তাদের অংশীদার গুলোকে অস্বীকার করবে। (১৪) যেদিন কেয়ামত কায়েম হবে সেদিন (মানুষ) আলাদা আলাদা (দল হয়ে যাবে)। (১৫) যারা ঈমান

اٰمَنُوْا وَعَمِلُوا الصّٰلِحٰتِ فَهُمْ فِيْ رَوْضَةٍ يُّحْبَرُوْنَ ﴿١٥﴾ وَاَمَّا الَّذِيْنَ كَفَرُوْا وَكَذَّبُوْا

আ-মানূ ওয়া 'আমিলুস্ব স্বা-লিহ্বা-তি ফাহুম ফী রাওদ্বাতিঁই ইউহ্বারূন। ১৬। ওয়া আম্মাল্ লাযীনা কাফারূ ওয়া কায্‌যাবূ

এনেছে ও নেক আমল করেছে, তারা বাগানে (জান্নাতে) উৎফুল্ল (অবস্থায়) থাকবে। (১৬) আর যারা ঈমান আনেনি এবং

○ বিশ্লেষণ (আঃ ১০) ঃ والسوأى - পরিণাম খারাপ দ্বারা কঠিন শাস্তিকে বুঝান হয়েছে। কেহ বলেন, السوأى এটি জাহান্নামের নাম। যেমন حسنى বেহেশতের নাম। অর্থাৎ জাহান্নাম মুশরিকদের পরিণাম। (তাঃ কাদেরী)

○ বিশ্লেষণ (আঃ ১৪) ঃ يتفرقون - অর্থাৎ মুমিন ও কাফির আলাদা আলাদা হয়ে যাওয়া। মুমিনগণ জান্নাতে এবং কাফির ও মুশরিক জাহান্নামে চলে যাবে এবং তাদের মধ্যে স্থায়ীভাবে বিচ্ছেদ (ভিন্নতা) হয়ে যাবে। এ দু' দল আর কখনও একত্রিত হবে না। এ ভিন্নতা হিসাব-নিকাশের পর হবে। (কুঃ কারীম)

بِاٰيٰتِنَا وَلِقَاۤئِ الْاٰخِرَةِ فَاُولٰۤئِكَ فِى الْعَذَابِ مُحْضَرُوْنَ ﴿١٦﴾ فَسُبْحٰنَ اللّٰهِ

বিআ-ইয়া-তিনা- ওয়া লিক্বা—ইল্ আ-খিরাতি ফাউলা—ইকা ফিল্ 'আযা-বি মুহ্দ্বারূন। ১৭। ফাসুব্হা-নাল্লা-হি

আমার আয়াতসমূহ ও পরকালের সাক্ষাৎকে অস্বীকার করেছে তাদেরকেই শাস্তির সামনে উপস্থিত করা হবে; (১৭) সুতরাং তোমরা আল্লাহর পবিত্রতা

حِيْنَ تُمْسُوْنَ وَحِيْنَ تُصْبِحُوْنَ ﴿١٧﴾ وَلَهُ الْحَمْدُ فِى السَّمٰوٰتِ وَالْاَرْضِ وَعَشِيًّا

হ্বীনা তুম্সূনা ওয়া হ্বীনা তুছ্বিহূন। ১৮। ওয়া লাহুল্ হ্বাম্দু ফিস্ সামা-ওয়া-তি ওয়াল্ আরদ্বি ওয়া 'আশিয়্যাওঁ

বর্ণনা কর সন্ধ্যা এবং সকালে। (১৮) (কেননা) তাঁর জন্যই সব প্রশংসা আকাশ ও পৃথিবীতে। আর (তাসবীহ পাঠ কর) বিকেলে

وَّحِيْنَ تُظْهِرُوْنَ ﴿١٨﴾ يُخْرِجُ الْحَيَّ مِنَ الْمَيِّتِ وَيُخْرِجُ الْمَيِّتَ مِنَ الْحَيِّ وَيُحْيِ

ওয়া হ্বীনা তুজ্হিরূন। ১৯। ইউখ্রিজুল হ্বাইয়্যা মিনাল মাইয়্যিতি ওয়া ইউখ্রিজুল মাইয়্যিতা মিনাল্ হাইয়্যি ওয়া ইউহ্য়িল

এবং জোহরের সময়। (১৯) তিনিই জীবিতকে মৃত থেকে এবং মৃতকে জীবিত থেকে বের করেন, আর তিনিই যমীনকে তার মৃত (শুষ্ক) হবার পরে জীবিত (সজীব)

الْاَرْضَ بَعْدَ مَوْتِهَا ۚ وَكَذٰلِكَ تُخْرَجُوْنَ ﴿١٩﴾ وَمِنْ اٰيٰتِهٖۤ اَنْ خَلَقَكُمْ مِّنْ تُرَابٍ

আরদ্বা বা'দা মাওতিহা- ; ওয়া কাযা-লিকা তুখ্রাজূন। ২০। ওয়া মিন আ-ইয়া-তিহী~আন্ খালাক্বাকুম্ মিন্ তুরা-বিন্

করেন। এভাবেই তোমাদেরকেও (কবর থেকে) বের করা হবে। (২০) আর তাঁর নিদর্শনাবলীর মধ্যে রয়েছে যে, তিনি তোমাদেরকে মাটি থেকে সৃষ্টি করেছেন। অতঃপর

২ রুকূ ৫

ثُمَّ اِذَاۤ اَنْتُمْ بَشَرٌ تَنْتَشِرُوْنَ ﴿٢٠﴾ وَمِنْ اٰيٰتِهٖۤ اَنْ خَلَقَ لَكُمْ مِّنْ اَنْفُسِكُمْ

ছুম্মা ইযা~আন্তুম বাশারুন্ তান্তাশিরূন। ২১। ওয়া মিন্ আ-ইয়া-তিহী~আন্ খালাক্বা লাকুম্ মিন্ আন্ফুসিকুম

এখন মানুষ হয়ে তোমরা যমীনে ছড়িয়ে পড়ছ। (২১) তাঁর নিদর্শনাবলীর মধ্যে আরও রয়েছে যে, তিনি সৃষ্টি করেছেন তোমাদের মধ্য হতে, তোমাদেরই জন্য

اَزْوَاجًا لِّتَسْكُنُوْۤا اِلَيْهَا وَجَعَلَ بَيْنَكُمْ مَّوَدَّةً وَّرَحْمَةً ۗ اِنَّ فِيْ ذٰلِكَ لَاٰيٰتٍ

আয্ওয়া-জাল্ লিতাস্কুনূ~ইলাইহা- ওয়া জ্বা'আলা বাইনাকুম্ মাওয়াদ্দাতাওঁ ওয়া রাহ্মাতান ; ইন্না ফী যা-লিকা লাআ-ইয়া-তিল্

স্ত্রীগণকে, যাতে তোমরা তাদের কাছে আরাম পাও এবং তিনি তোমাদের মাঝে ভালবাসা ও করুণা সৃষ্টি করেছেন; নিশ্চয়ই এর

لِّقَوْمٍ يَّتَفَكَّرُوْنَ ﴿٢١﴾ وَمِنْ اٰيٰتِهٖ خَلْقُ السَّمٰوٰتِ وَالْاَرْضِ وَاخْتِلَافُ

লিক্বাওমিই ইয়াতাফাক্কারূন। ২২। ওয়া মিন্ আ-ইয়া-তিহী খালকুস্ সামা-ওয়া-তি ওয়াল্ আরদ্বি ওয়াখ্তিলা-ফু

মধ্যে রয়েছে চিন্তাশীলদের জন্য নিদর্শন। (২২) এবং তাঁর নিদর্শনাবলীর মধ্যে রয়েছে আকাশ ও পৃথিবীর সৃষ্টি এবং তোমাদের

اَلْسِنَتِكُمْ وَاَلْوَانِكُمْ ۗ اِنَّ فِيْ ذٰلِكَ لَاٰيٰتٍ لِّلْعٰلِمِيْنَ ﴿٢٢﴾ وَمِنْ اٰيٰتِهٖ مَنَامُكُمْ

আল্সিনাতিকুম ওয়া আল্ওয়া-নিকুম ; ইন্না ফী যা-লিকা লাআ-ইয়া-তিল্ লিল 'আ-লিমীন। ২৩। ওয়া মিন্ আ-ইয়া-তিহী মানা-মুকুম্

ভাষা ও বর্ণের; বিচিত্রতা। নিশ্চয়ই এর মধ্যে রয়েছে জ্ঞানীদের জন্য নিদর্শন। (২৩) তাঁর নিদর্শনাবলীর মধ্যে রয়েছে রাতে ও

○ টীকা (আঃ ১৮) ঃ এই আয়াতে নামাজের নির্দিষ্ট সময়ের প্রতি ইঙ্গিত রয়েছে। সন্ধ্যাকালে মাগরেব ও এশার নামায এবং অপরাহ্নে যোহর ও আছরের নামায। আবার যেহেতু حين تظهرون শব্দে যোহরের কথা স্পষ্টরূপেই বর্ণিত হয়েছে। সুতরাং عشيا শব্দে শুধু আছরের নামাযই বুঝতে হবে। আর ফজরের নামাযের কথা তো স্পষ্টভাবেই বর্ণিত হইয়াছে। (বঃ কোঃ) ○ বিশ্লেষণ (আঃ ১৯) ঃ ......يخرج الحى - যেমন মুরগী হতে ডিমকে ও ডিম হতে মুরগীর বাচ্চাকে, বীর্য হতে মানুষকে ও মানুষ হতে বীর্যকে এবং কাফির হতে মুমিন ও মুমিন হতে কাফিরকে সৃষ্টি করেন। (কুঃ করীম)
○ টীকা (আঃ ২০) ঃ হয়তো এরূপ আদিমুল আদম (আ) মাটি হতে সৃষ্টি হয়েছেন। অথবা এরূপ যে, খাদ্য হতে শুক্রের উৎপত্তি হয়, আর খাদ্য ধাতবদ্রব্যসমূহ হতে, তন্মধ্যে মৃত্তিকার প্রভাবই অধিক। সুতরাং শুক্রসৃষ্টি মানুষের উৎপত্তি, মাটি হতেই বলা যায়। (বঃ কোঃ)

بِالَّيْلِ وَالنَّهَارِ وَابْتِغَاۤؤُكُمْ مِّنْ فَضْلِهٖ ۗ اِنَّ فِيْ ذٰلِكَ لَاٰيٰتٍ لِّقَوْمٍ يَّسْمَعُوْنَ ۝

বিল্লাইলি ওয়ান্নাহা-রি ওয়াব্তিগা—উকুম মিন্ ফাদ্বলিহী ; ইন্না ফী যা-লিকা লাআ-ইয়া-তিল্ লিক্বাওমিই ইয়াস্মা'উন।

দিবসে তোমাদের নিদ্রা; এবং তাঁর অনুগ্রহ (রুযী) তোমাদের তালাস করা। নিশ্চয়ই শ্রবণকারীদের জন্য এর মধ্যে রয়েছে এক নিদর্শন।

﴿٢٣﴾ وَمِنْ اٰيٰتِهٖ يُرِيْكُمُ الْبَرْقَ خَوْفًا وَّطَمَعًا وَّيُنَزِّلُ مِنَ السَّمَاۤءِ مَاۤءً فَيُحْيٖ بِهِ

২৪। ওয়া মিন্ আ-ইয়া-তিহী ইউরীকুমুল্ বার্ক্বা খাওফাও ওয়া ত্বামা'আও ওয়া ইউনায্যিলু মিনাস্ সামা—ই মা—আন্ ফাইউহ্য়ী বিহিল্

(২৪) এবং তাঁর নিদর্শন সমূহের মধ্যে রয়েছে যে, তিনি তোমাদের ভয় ও আশা দানের জন্য বিজলী প্রদর্শন করেন আর আকাশ থেকে পানি (বৃষ্টি) বর্ষণ করেন এবং সে পানি

الْاَرْضَ بَعْدَ مَوْتِهَا ۗ اِنَّ فِيْ ذٰلِكَ لَاٰيٰتٍ لِّقَوْمٍ يَّعْقِلُوْنَ ﴿٢٤﴾ وَمِنْ اٰيٰتِهٖۤ اَنْ تَقُوْمَ

আর্দ্বা বা'দা মাওতিহা- ; ইন্না ফী যা-লিকা লাআ-ইয়া-তিল্ লিক্বাওমিই ইয়া'ক্বিলূন। ২৫। ওয়া মিন্ আ-ইয়া-তিহী~আন্ তাক্বূমাস্

দ্বারা জীবিত করেন মৃত (শুষ্ক) যমীনকে। এর মধ্যে অবশ্যই জ্ঞানীদের জন্য রয়েছে এক নিদর্শন। (২৫) এবং তাঁর নিদর্শনাবলীর মধ্যে রয়েছে যে, তাঁরই নির্দেশে কায়েম

السَّمَاۤءُ وَالْاَرْضُ بِاَمْرِهٖ ۗ ثُمَّ اِذَا دَعَاكُمْ دَعْوَةً ۖ مِّنَ الْاَرْضِ ۖ اِذَاۤ اَنْتُمْ

সামা—উ ওয়াল্ আর্দ্বু বিআম্রিহী ; ছুম্মা ইযা- দা'আ-কুম দা'ওয়াতাম্ মিনাল্ আর্দ্বি, ইযা~আন্তুম

রয়েছে আকাশ ও পৃথিবী। অতঃপর যখন তিনি (আল্লাহ) তোমাদেরকে যমীন থেকে ওঠার জন্য একবার ডাক দিবেন, সাথে সাথেই তোমরা

تَخْرُجُوْنَ ﴿٢٥﴾ وَلَهٗ مَنْ فِي السَّمٰوٰتِ وَالْاَرْضِ ۗ كُلٌّ لَّهٗ قٰنِتُوْنَ ﴿٢٦﴾ وَهُوَ الَّذِيْ

তাখ্রুজূন। ২৬। ওয়া লাহূ মান্ ফিস্ সামা-ওয়া-তি ওয়াল আর্দ্বি ; কুল্লুল্ লাহূ ক্বা-নিতূন। ২৭। ওয়া হুওয়াল্লাযী

বেরিয়ে আসবে। (২৬) আকাশ ও পৃথিবীর সব কিছুই তাঁর কর্তৃত্বে। সব (সৃষ্টি) তাঁরই অধীন। (২৭) তিনিই (আল্লাহ) প্রথমবারে

يَبْدَؤُا الْخَلْقَ ثُمَّ يُعِيْدُهٗ وَهُوَ اَهْوَنُ عَلَيْهِ ۗ وَلَهُ الْمَثَلُ الْاَعْلٰى فِي السَّمٰوٰتِ

ইয়াব্দাউল খাল্ক্বা ছুম্মা ইউ'ঈদুহূ ওয়া হুওয়া আহ্ওয়ানু 'আলাইহি ; ওয়া লাহুল মাছালুল 'আলা- ফিস্ সামা-ওয়া-তি

সৃষ্টি করেন সৃষ্টিকে; অতঃপর (মৃত্যুর পরে) দ্বিতীয়বার সৃষ্টি করবেন; এটাতো তাঁর জন্য খুবই সহজ কাজ; আকাশ ও পৃথিবীতে তাঁরই মর্যাদা সর্বোচ্চ

وَالْاَرْضِ ۚ وَهُوَ الْعَزِيْزُ الْحَكِيْمُ ﴿٢٧﴾ ضَرَبَ لَكُمْ مَّثَلًا مِّنْ اَنْفُسِكُمْ ۗ هَلْ لَّكُمْ

ওয়াল্ আরদ্বি, ওয়া হুওয়াল 'আযীযুল হ্বাকীম। ২৮। দ্বারাবা লাকুম্ মাছালাম্ মিন্ আন্ফুসিকুম ; হাল্ লাকুম্

এবং তিনি পরাক্রমশালী, প্রজ্ঞাবান। (২৮) (হে মানুষ!) আল্লাহ তোমাদের মধ্য হতে তোমাদেরই জন্য একটি দৃষ্টান্ত বর্ণনা করছেন, তোমাদের

১ রুবু' চতুর্থাংশ ৩ রুকূ ৬

مِّنْ مَّا مَلَكَتْ اَيْمَانُكُمْ مِّنْ شُرَكَاۤءَ فِيْ مَا رَزَقْنٰكُمْ فَاَنْتُمْ فِيْهِ سَوَاۤءٌ تَخَافُوْنَهُمْ

মিম্ মা- মালাকাত্ আইমা-নুকুম মিন শুরাকা—আ ফী মা-রাযাক্বনা-কুম ফাআন্তুম ফীহি সাওয়া—উন্ তাখা-ফূনাহুম

মালিকানাধীন দাস-দাসীরা সে জিনিসে তোমাদের কি অংশীদার যা আমি তোমাদেরকে দিয়েছি, যাতে তোমরা এবং তারা উভয়েই সমান হয়েছ? এবং তোমরা কি তাদের

○ টীকা (আঃ ২৫) ঃ এ বাক্যটির মধ্যে বর্ণিত হয়েছে যে, যাবতীয় বস্তুর সংরক্ষণ আল্লাহ্ই করে থাকেন। আর উপরে ২২ নং আয়াতে বর্ণিত হয়েছে, যাবতীয় বস্তু আল্লাহর সৃষ্টি এবং জাগতিক কর্মাবলীর এ ক্রমবিবর্তন ও ধারাবাহিকতা অর্থাৎ, তোমাদের সন্তান উৎপাদনের ধারাবাহিক প্রচলন, পরস্পর বিবাহ সূত্রে আবদ্ধ হওয়া, আসমান ও যমীন বর্তমান অবস্থায় কায়েম থাকা, ভাষা ও বর্ণের বিভিন্নতা এবং দিবারাত্রির ক্রমবিবর্তনের মধ্যে বিশেষ উদ্দেশ্য ও সুবিধা নিহিত থাকা, বৃষ্টি বর্ষিত হওয়া এবং উহার প্রাথমিক অবস্থা ও লক্ষণসমূহের প্রকাশ– এসব কার্য শুধু পার্থিব জীবনের ধারা চলিত থাকা পর্যন্তই বিদ্যমান থাকবে। পরিশেষে একদিন সব কিছুরই অবসান ঘটবে। (বঃ কোঃ)
○ বিশ্লেষণ (আঃ ২৮) ঃ ...... ضرب لكم - এ উদাহরণের অর্থ দাস-দাসীগণকে মালিকের সম্পত্তি ও ব্যবসার অংশীদার করা হয়নি এবং মালিকের বরাবরও করা হয়নি। আর এটা (আজাদ) মালিকদের পছন্দ ও নয়। তখন প্রকৃত মালিক আল্লাহ তায়ালার সাথে তাঁর সৃষ্টি (গোলাম) কে কিভাবে শরীক করা যেতে পারে?

كَخِيفَتِكُمْ أَنفُسَكُمْ ۚ كَذَٰلِكَ نُفَصِّلُ الْآيَاتِ لِقَوْمٍ يَعْقِلُونَ ﴿٢٨﴾ بَلِ اتَّبَعَ الَّذِينَ

কাখীফাতিকুম আন্‌ফুসাকুম ; কাযা-লিকা নুফাস্বস্বিলুল্ আ-ইয়া-তি লিক্বাওমিঁই ইয়া'ক্বিলূন। ২৯। বালিত্ তাবা'আল লাযীনা

ব্যাপারে ভয় কর যেমনি ভয় কর তোমাদের নিজেদেরকে? এভাবেই আমি জ্ঞানী লোকদের জন্য নিদর্শনাবলী বিস্তারিতভাবে বর্ণনা করি। (২৯) বরং জালিমরা মূর্খতার

ظَلَمُوا أَهْوَاءَهُم بِغَيْرِ عِلْمٍ ۖ فَمَن يَهْدِي مَنْ أَضَلَّ اللَّهُ ۖ وَمَا لَهُم مِّن نَّاصِرِينَ ﴿٢٩﴾

জালামূ~আহ্‌ওয়া—আহুম্ বিগাইরি 'ইল্‌মিন, ফামাই ইয়াহ্‌দী মান্ আদ্বাল্লাল্লা-হু ; ওয়া মা- লাহুম মিন্ না-স্বিরীন।

কারণে তাদের নিজ ইচ্ছার অনুসরণ করে থাকে; সুতরাং তাকে কে পথ প্রদর্শন করবে, যাকে আল্লাহ পথভ্রষ্ট করেছেন? এবং তাদের কোনই সাহায্যকারী হবে না।

فَأَقِمْ وَجْهَكَ لِلدِّينِ حَنِيفًا ۚ فِطْرَتَ اللَّهِ الَّتِي فَطَرَ النَّاسَ عَلَيْهَا ۚ لَا تَبْدِيلَ

৩০। ফাআক্বিম্ ওয়াজ্‌হাকা লিদ্দীনি হ্বানীফান ; ফিত্বরাতাল্লা-হিল লাতী ফাত্বারান্ না-সা 'আলাইহা- ; লা- তাব্‌দীলা

(৩০) অতএব আপনি নিজকে দ্বীনের উপর একাগ্রতার সাথে কায়েম রাখুন। আল্লাহর সে স্বাভাবিক দ্বীনের উপর কয়েম থাকুন যার উপর তিনি মানুষকে সৃষ্টি করেছেন;

لِخَلْقِ اللَّهِ ۚ ذَٰلِكَ الدِّينُ الْقَيِّمُ وَلَٰكِنَّ أَكْثَرَ النَّاسِ لَا يَعْلَمُونَ ﴿٣٠﴾ مُنِيبِينَ إِلَيْهِ

লিখালক্বিল্লা-হি ; যা-লিকাদ্ দীনুল ক্বাইয়্যিমু ওয়া লা-কিন্না আকছারান্ না-সি লা-ইয়া'লামূন। ৩১। মুনীবীনা ইলাইহি

আল্লাহর সৃষ্টিতে কোনই পরিবর্তন নেই। এটাই সঠিক দ্বীন; কিন্তু অধিকাংশ মানুষ জানেনা। (৩১)। আল্লাহর দিকে প্রত্যাবর্তিত হয়ে

وَاتَّقُوهُ وَأَقِيمُوا الصَّلَاةَ وَلَا تَكُونُوا مِنَ الْمُشْرِكِينَ ﴿٣١﴾ مِنَ الَّذِينَ فَرَّقُوا دِينَهُمْ

ওয়াত্তাক্বূহু ওয়া আক্বীমুস্ব স্বালা-তা ওয়ালা- তাকূনূ মিনাল্ মুশ্‌রিকীন। ৩২। মিনাল্ লাযীনা ফার্‌রাক্বূ দীনাহুম

তাঁকেই ভয় কর এবং নামাজ কায়েম কর এবং মুশরিকদের অন্তর্ভুক্ত হয়ো না, (৩২) যারা তাদের দ্বীনকে পৃথক (ভিন্নভিন্ন) করে দিয়েছে এবং নিজেরাও

وَكَانُوا شِيَعًا ۖ كُلُّ حِزْبٍ بِمَا لَدَيْهِمْ فَرِحُونَ ﴿٣٢﴾ وَإِذَا مَسَّ النَّاسَ ضُرٌّ دَعَوْا

ওয়া কা-নূ শিয়া'আন ; কুল্লু হিয্‌বিম্ বিমা- লাদাইহিম ফারিহূন। ৩৩। ওয়া ইযা- মাস্‌সান্ না-সা দ্বুররুন্ দা'আও

আলাদা আলাদা দলে বিভক্ত হয়ে গেছে। প্রতিটি দলই নিজ নিজ অবস্থানের উপর আনন্দিত। (৩৩) যখন দুঃখ কষ্ট মানুষকে স্পর্শ করে, তখন তারা তাদের

رَبَّهُم مُّنِيبِينَ إِلَيْهِ ثُمَّ إِذَا أَذَاقَهُم مِّنْهُ رَحْمَةً إِذَا فَرِيقٌ مِّنْهُم بِرَبِّهِمْ

রাব্বাহুম্ মুনীবীনা ইলাইহি ছুম্মা ইযা~আযা-ক্বাহুম মিনহু রাহ্‌মাতান ইযা- ফারীকুম্ মিন্‌হুম্ বিরাব্বিহিম

প্রতিপালককে ডাকে তাঁর প্রতি প্রত্যাবর্তিত হয়ে। যখন তিনি তাঁর পক্ষ থেকে অনুগ্রহ উপভোগ করান, তখন তাদের মধ্য হতে একদল তাদের প্রতিপালকের সাথে শরীক

يُشْرِكُونَ ﴿٣٣﴾ لِيَكْفُرُوا بِمَا آتَيْنَاهُمْ ۚ فَتَمَتَّعُوا فَسَوْفَ تَعْلَمُونَ ﴿٣٤﴾ أَمْ أَنزَلْنَا

ইউশ্‌রিকূন। ৩৪। লিয়াক্‌ফুরূ বিমা~আ-তাইনা-হুম ; ফাতামাত্তা'উ, ফাসাওফা তা'লামূন। ৩৫। আম্ আন্‌যাল্‌না-

করে থাকে। (৩৪) ফলে আমি তাদেরকে যা দিয়েছি তা অস্বীকার করে; সুতরাং তোমরা উপভোগ করে লও; অতিশীঘ্রই তোমরা জানতে পারবে। (৩৫) আমি কি

○ বিশ্লেষণ-(আঃ ৩০) ঃ فطرت الله - فطرت -এর অর্থ সৃষ্টি এখানে অর্থ হবে ইসলাম ধর্ম (তাওহীদ)। অর্থাৎ সব কিছুইর সৃষ্টিই ইসলাম ও তাওহীদের উপর হয়ে থাকে। এজন্য তাওহীদ (ইসলাম) হচ্ছে তার স্বভাব বা সৃষ্টি। রাসূলুল্লাহ (স) বলেন, "প্রতিটি শিশু ফিতরতের উপরই জন্ম গ্রহণ করে। কিন্তু তার পিতা মাতা তাকে ইয়াহূদী, নাসারা এবং পৌত্তলিক ইত্যাদি বানিয়ে দেয়। কেহ বলেন, فطرت -এর অর্থ ইসলাম গ্রহণ করার যোগ্যতা। অর্থাৎ সবাকেই আল্লাহ ইসলাম গ্রহণ করার যোগ্যতা দিয়ে সৃষ্টি করেন। (কুঃ কাঃ) ○ টীকা (আঃ ৩০) ঃ 'আল্লাহর প্রকৃতি' অর্থে তফছীরকারগণ ইসলামকে নির্ধারণ করেছেন। এসম্বন্ধে হযরত নবী করীম (স)-এর প্রিয় সহচর হযরত আবু হুরায়রা (রা)-এর বর্ণনা সমধিক উল্লেখযোগ্য এবং সে হাদীস অনুযায়ী 'ফেৎরাতুল্লাহ' বা 'আল্লাহর প্রকৃতি'কে ইসলাম বলাই যুক্তিযুক্ত। কারণ জগতে একমাত্র ইসলামই মানবের প্রকৃতিগত সত্যধর্ম।

عَلَيْهِمْ سُلْطَانًا فَهُوَ يَتَكَلَّمُ بِمَا كَانُوا بِهِ يُشْرِكُونَ ﴿٣٥﴾ وَإِذَا أَذَقْنَا النَّاسَ رَحْمَةً

'আলাইহিম সুল্‌ত্বা-নান্ ফাহুওয়া ইয়াতাকাল্লামু বিমা- কা-নূ বিহী ইউশ্‌রিকূন। ৩৬। ওয়া ইযা~আযাক্বনান্ না-সা রাহ্‌মাতান্

তাদের উপর এমন কোন দলীল অবতীর্ণ করেছি, যা তাদেরকে আল্লাহর সাথে শরীক করতে বলে? (৩৬) আমি যখন লোকদেরকে অনুগ্রহ ভোগ করাই, তখন তারা

فَرِحُوا بِهَا ۖ وَإِن تُصِبْهُمْ سَيِّئَةٌ بِمَا قَدَّمَتْ أَيْدِيهِمْ إِذَا هُمْ يَقْنَطُونَ ﴿٣٦﴾ أَوَلَمْ

ফারিহূ বিহা- ; ওয়া ইন্ তুস্বিব্‌হুম সাইয়্যিআতুম্ বিমা- ক্বাদ্দামাত আইদীহিম ইযা- হুম ইয়াক্বনাতূন। ৩৭। আওয়া লাম

তাতে আনন্দিত হয় এবং যদি তাদের কৃতকার্যের কোন অমঙ্গল (বিপদ) তাদের উপর পৌছে, তখন তারা হতাশ হয়ে যায়। (৩৭) তারা কি

يَرَوْا أَنَّ اللَّهَ يَبْسُطُ الرِّزْقَ لِمَن يَشَاءُ وَيَقْدِرُ ۚ إِنَّ فِي ذَٰلِكَ لَآيَاتٍ لِّقَوْمٍ

ইয়ারাও আন্নাল্লা-হা ইয়াব্‌সুত্বুর্ রিয্‌ক্বা লিমাঁই ইয়াশা—উ ওয়া ইয়াক্বদিরু ; ইন্না ফী যা-লিকা লাআ-ইয়া-তিল্ লিক্বাওমিঁই

দেখেনা যে, আল্লাহ রিযিক প্রশস্ত করে দেন যাকে ইচ্ছা করেন এবং যাকে ইচ্ছা করেন তার জন্য রিযিক সংকীর্ণ করে দেন। নিশ্চয়ই মুমিনগণের জন্য এর মধ্যে

يُؤْمِنُونَ ﴿٣٧﴾ فَآتِ ذَا الْقُرْبَىٰ حَقَّهُ وَالْمِسْكِينَ وَابْنَ السَّبِيلِ ۚ ذَٰلِكَ خَيْرٌ

ইউ'মিনূন। ৩৮। ফাআ-তি যাল্ কুর্‌বা- হাক্বক্বাহূ ওয়াল্ মিস্‌কীনা ওয়াব্‌নাস্ সাবীলি ; যা-লিকা খাইরুল্

রয়েছে (এক) নিদর্শন; (৩৮) সুতরাং আত্মীয়দেরকে তার প্রাপ্য প্রদান কর এবং মিসকীনকে ও মুসাফিরকেও। এ কাজ তার জন্য

لِّلَّذِينَ يُرِيدُونَ وَجْهَ اللَّهِ ۖ وَأُولَٰئِكَ هُمُ الْمُفْلِحُونَ ﴿٣٨﴾ وَمَا آتَيْتُم مِّن

লিল্লাযীনা ইউরীদূনা ওয়াজ্‌হাল্লা-হি, ওয়া উলা—ইকা হুমুল্ মুফ্‌লিহূন। ৩৯। ওয়া মা~আ-তাইতুম্ মির্

উত্তম যে আল্লাহর সন্তুষ্টির আশা করে। আর এসব লোকেরাই কৃতকার্য। (৩৯) তোমরা সুদে এ ধারণায় দেও যে, তোমাদের সম্পদ

رِّبًا لِّيَرْبُوَ فِي أَمْوَالِ النَّاسِ فَلَا يَرْبُو عِندَ اللَّهِ ۖ وَمَا آتَيْتُم مِّن زَكَاةٍ تُرِيدُونَ

রিবাল্ লিয়ারবুওয়া- ফী~আম্‌ওয়া-লিন্ না-সি ফালা-ইয়ারবূ 'ইন্দাল্লা-হি, ওয়া মা~আ-তাইতুম্ মিন্ যাকা-তিন্ তুরীদূনা

লোকদের সম্পদে বেড়ে যাবে, কিন্তু আল্লাহর কাছে তা বাড়ে না, কিন্তু যা কিছু যাকাত বাবদ তোমরা দিয়ে থাক আল্লাহর সন্তুষ্টি লাভের উদ্দেশ্যে,

وَجْهَ اللَّهِ فَأُولَٰئِكَ هُمُ الْمُضْعِفُونَ ﴿٣٩﴾ اللَّهُ الَّذِي خَلَقَكُمْ ثُمَّ رَزَقَكُمْ ثُمَّ يُمِيتُكُمْ

ওয়াজ্‌হাল্লা-হি ফাউলা—ইকা হুমুল মুদ্ব'ইফূন। ৪০। আল্লা-হুল্লাযী খালাক্বাকুম ছুম্মা রাযাক্বাকুম ছুম্মা ইউমীতুকুম

তা বহুগুণে বৃদ্ধি পায়। (৪০) আল্লাহ এমন মহান যিনি তোমাদেরকে সৃষ্টি করেছেন অতঃপর তোমাদেরকে রিযিক দান করেছেন, এরপরে তোমাদের মৃত্যু ঘটাবেন,

ثُمَّ يُحْيِيكُمْ ۖ هَلْ مِن شُرَكَائِكُم مَّن يَفْعَلُ مِن ذَٰلِكُم مِّن شَيْءٍ ۚ سُبْحَانَهُ

ছুম্মা ইউহ্‌য়ীকুম ; হাল্ মিন্ শুরাকা—ইকুম্ মাই ইয়াফ'আলু মিন্ যা-লিকুম্ মিন্ শাইয়্যিন্; সুব্‌হা-নাহু

অতঃপর তোমাদেরকে জীবিত করবেন। বল, তোমাদের শরীকদের মধ্য হতে কেহ এমন আছে কি, যে এর মধ্য হতে কোন কিছু করতে পারে? তারা যাকে

○ টীকা (আঃ ৩৮) ঃ যেমন অন্নপ্রাশন বা বিবাহ অনুষ্ঠানাদিতে অধিকাংশ সময় এজন্য টাকা দেয়া হয় যে, এব্যক্তি আমার কোন অনুষ্ঠানে এই টাকার সঙ্গে আরও কিছু যোগ করে দান করবে। মনে রেখ এরূপ দান আল্লাহর নিকট বর্ধিত হয় না। কেননা, আল্লাহর নিকট বর্ধিত হওয়া সেই মালের সাথে নির্দিষ্ট যাহা কেবল আল্লাহর সন্তুষ্টি লাভের জন্যই দান করা হয়। হাদীসে আছে, আল্লাহর দরবারে কবুল হওয়ার যোগ্য একটি খোরমা ওহোদ পর্বত অপেক্ষাও অধিক বর্ধিত হইয়া থাকে। (বঃ কোঃ)

○ বিশ্লেষণ (আঃ ৩৮) ঃ ذا القربى - (আত্মীয়) ঃ আত্মীয়কে এখানে অগ্রাধিকার এজন্য দেয়া হয়েছে যে, এর ফজীলত অধিক। হাদীস শরীফে আছে, গরীব আত্মীয়কে দান করায় দ্বিগুণ সওয়াব পাওয়া যায়। এক, সদকার সওয়াব। দুই, আত্মীয়তার সম্পর্ক বজায় রাখার সওয়াব। (কুঃ কারীম)

وتعلى عما يشركون ﴿٤١﴾ ظهر الفساد في البر والبحر بما كسبت ايدى

ওয়া তা'আ-লা- 'আম্মা- ইউশ্‌রিকূন। ৪১। জাহারাল্ ফাসা-দু ফিল্ বার্‌রি ওয়াল্ বাহ্‌রি বিমা- কাসাবাত্ আইদিন

শরীক করে, তা থেকে আল্লাহ্ পবিত্র এবং মহান। (৪১) সমুদ্রে ও স্থলে, মানুষের (খারাপ) কৃতকর্মের জন্য বিপদাপদ ছড়িয়ে পড়ে, ফলে তাদেরকে তাদের কিছু

৪ ع ৭ রুকূ

الناس ليذيقهم بعض الذى عملوا لعلهم يرجعون ﴿٤٢﴾ قل سيروا في الارض

না-সি লিইউযীক্বাহুম বা'দ্বাল লাযী 'আমিলূ লা'আল্লাহুম ইয়ারজি'উন। ৪২। ক্বূল্ সীরূ ফিল্ আর্‌দ্বি

কিছু (খারাপ) কর্মের ফল আল্লাহ ভোগ করান, যাতে তারা (খারাপ কাজ থেকে) ফিরে আসে। (৪২) আপনি (মুশরিকদেরকে) বলুন, পৃথিবীতে ভ্রমণ

فانظروا كيف كان عاقبة الذين من قبل كان اكثرهم مشركين ﴿٤٣﴾ فاقم

ফান্‌জুরূ কাইফা কা-না 'আ-ক্বিবাতুল্ লাযীনা মিন্ ক্বাব্‌লি ; কা-না আক্‌ছারুহুম্ মুশ্‌রিকীন। ৪৩। ফাআক্বিম্

করে দেখ যে, তাদের পরিণাম কি হয়েছে, যারা তোমাদের পূর্বে অতীত হয়ে গেছে; তাদের অনেকেই মুশরিক ছিল। (৪৩) সুতরাং (হে মানব!) তুমি তোমার

وجهك للدين القيم من قبل ان ياتى يوم لا مرد له من الله يومئذ

ওয়াজ্‌হাকা লিদ্দীনিল্ ক্বাইয়্যিমি মিন্ ক্বাব্‌লি আইঁ ইয়া'তিয়া ইয়াওমুল্ লা- মারাদ্দা লাহূ মিনাল্লা-হি ইয়াওমায়িযিঁই

নিজকে সত্যের উপর কায়েম রাখ, সে দিবস আগমনের পূর্বে, যে দিবস উপস্থিত হবেই, যা আল্লাহর পক্ষ থেকে কখনও স্থগিত হবার নয়। সেদিন সব আলাদা আলাদা

يصدعون ﴿٤٤﴾ من كفر فعليه كفره ومن عمل صالحا فلانفسهم يمهدون ﴿٤٥﴾ ليجزى

ইয়াস্বদ্দা'উন। ৪৪। মান্ কাফারা ফা'আলাইহি কুফ্‌রুহূ, ওয়া মান্ 'আমিলা স্বা-লিহান্ ফালি আন্‌ফুসিহিম ইয়াম্‌হাদূন। ৪৫। লিয়াজ্‌যিয়াল

হয়ে যাবে। (৪৪) যে কুফরী করে, তার উপর বর্তিবে তার কুফরীর শাস্তি এবং যে নেক কাজ করে সে তাঁর নিজের জন্য বিশ্রামাগার সুসজ্জিত করে। (৪৫) কারণ যারা

الذين امنوا وعملوا الصلحت من فضله انه لا يحب الكفرين ﴿٤٦﴾ ومن

লাযীনা আ-মানূ ওয়া 'আমিলুস্বস্বা-লিহা-তি মিন্ ফাদ্বলিহী ; ইন্নাহূ লা- ইউহিব্বুল্ কা-ফিরীন। ৪৬। ওয়া মিন্

ঈমান আনে ও নেক কাজ করে তাদের আল্লাহ প্রতিদান দেন তাঁর নিজ অনুগ্রহে; নিশ্চয়ই আল্লাহ কাফিরদেরকে ভালবাসেন না। (৪৬) তাঁর নিদর্শনাবলীর

ايته ان يرسل الرياح مبشرت وليذيقكم من رحمته ولتجرى الفلك

আ-ইয়া-তিহী~আইঁ ইউর্‌সিলার্ রিয়া-হা মুবাশ্‌শিরা-তিওঁ ওয়া লিইউযীক্বাকুম্ মির্ রাহ্‌মাতিহী ওয়া লিতাজ্‌রিয়াল্ ফুল্‌কু

মধ্যে রয়েছে, সুসংবাদ বাহক বায়ুসমূহ প্রেরণ এজন্য যে, তোমাদেরকে তাঁর রহমতের স্বাদ গ্রহণ করাবেন এবং এজন্য যে, যাতে তাঁর নির্দেশে নৌকাগুলো চলে,

بامره ولتبتغوا من فضله ولعلكم تشكرون ﴿٤٧﴾ ولقد ارسلنا من قبلك رسلا

বিআম্‌রিহী ওয়া লিতাব্‌তাগূ মিন্ ফাদ্বলিহী ওয়া লা'আল্লাকুম তাশ্‌কুরূন। ৪৭। ওয়া লাক্বাদ্ আরসাল্‌না- মিন্ ক্বাব্‌লিকা রুসুলান্

যেন তোমরা তালাস কর তাঁর অনুগ্রহ এবং যাতে তাঁর কৃতজ্ঞতা স্বীকার কর। (৪৭) আর আমি আপনার পূর্বেও রাসূলগণকে তাদের সম্প্রদায়ের কাছে

○ টীকা (আঃ ৪৪) ঃ অর্থাৎ, পৃথিবীর বিশেষ বিশেষ শাস্তির সময়কে আল্লাহ্ কিয়ামত দিবসের প্রতিশ্রুত সময়ের প্রতি অপসারণ করে যাচ্ছেন। কিন্তু ঐ প্রতিশ্রুত দিবস এসে পড়লে আর অবকাশ দেয়া হবে না। (বঃ কোঃ) ○ টীকা (আঃ ৪৬) ঃ অর্থাৎ, বৃষ্টির যাবতীয় উপকারিতা তোমাদিগকে দান করেন।
○ টীকা (আঃ ৪৬) ঃ অর্থাৎ, নৌকা চলাচল এবং জীবিকান্বেষণ, উভয়ই বায়ু প্রবহণের দরুন হয়। কাজেই বায়ু প্রবহণ নৌকা চলাচলের জন্য নিকটবর্তী কারণ। আর জীবিকার্জনের জন্য দূরবর্তী কারণ; কেননা, বায়ুর সাহায্যে নৌকার সাহায্যে জীবিকান্বেষণ করা হয়। (বঃ কোঃ)
○ টীকা (আঃ ৪৭) ঃ তদ্রূপ এই সমস্ত মুশরেক যাহারা এমন পূর্ণাঙ্গ প্রমাণসমূহ ও নেয়ামতসমূহ সত্ত্বেও আল্লাহর শরীক করে এবং আপনার বিরুদ্ধাচরণ করে, আমি তাদের হতেও প্রতিশোধ গ্রহণ করব। (বঃ কোঃ)

الى قومهم فجاءوهم بالبينت فانتقمنا من الذين اجرموا وكان حقا

ইলা- ক্বাওমিহিম ফাজা—উহুম বিল্ বাইয়্যিনা-তি ফান্তাক্বামনা- মিনাল্ লাযীনা আজ্‌রামূ : ওয়া কা-না হাক্ক্বান

পাঠিয়েছিলাম, তাঁরা তাদের কাছে সু-স্পষ্ট নিদর্শন নিয়ে এসেছিল, অতঃপর আমি পাপীদের থেকে প্রতিশোধ নিয়েছিলাম। আর মুমিনগণকে

علينا نصر المؤمنين ﴿٤٨﴾ الله الذى يرسل الريح فتثير سحابا فيبسطه

'আলাইনা- নাস্বরুল্ মু'মিনীন। ৪৮। আল্লা-হুল লাযী ইউর্‌সিলুর্ রিয়া-হা ফাতুছীরু সাহা-বান্ ফাইয়াব্‌সুতুহূ

সাহায্য করা আমার উপর কর্তব্য। (৪৮) আল্লাহ, যিনি বায়ুসমূহ চালিয়ে থাকেন। ফলে সে (বায়ু) মেঘমালাকে উঠিয়ে নেয়,

في السماء كيف يشاء ويجعله كسفا فترى الودق يخرج من خلله فاذا

ফিস্ সামা—ই কাইফা ইয়াশা—উ ওয়া ইয়াজ্‌'আলুহূ কিসাফান্ ফাতারাল্ ওয়াদ্‌ক্বা ইয়াখ্‌রুজু মিন্ খিলা-লিহী, ফাইযা~

অতঃপর আল্লাহর ইচ্ছানুযায়ী তা আকাশে ছড়িয়ে দেন, এবং পরে তা টুকরা টুকরা করে দেন, অতঃপর তুমি দেখতে পাও যে, তার মধ্য হতে নির্গত হয় বৃষ্টি, এবং

اصاب به من يشاء من عباده اذا هم يستبشرون ﴿٤٩﴾ وان كانوا من قبل

আস্বা-বা বিহী মাইঁ ইয়াশা—উ মিন্ 'ইবা-দিহী~ইযা- হুম ইয়াস্তাব্‌শিরূন। ৪৯। ওয়া ইন্ কা-নূ মিন্ ক্বাব্‌লি

যাকে আল্লাহ চান সে বান্দার (যমীনের) উপর তা (বৃষ্টি) পৌছান। তখন তারা হয় অত্যন্ত খুশী। (৪৯) যদিও বৃষ্টি তাদের উপর

ان ينزل عليهم من قبله لمبلسين ﴿٥٠﴾ فانظر الى اثر رحمت الله كيف يحى

আইঁ ইউনায্‌যালা 'আলাইহিম মিন ক্বাব্‌লিহী লামুব্‌লিসীন। ৫০। ফান্‌জুর্ ইলা~আ-ছা-রি রাহ্‌মাতিল্লা-হি কাইফা ইউহ্‌য়িল

বর্ষণের পূর্বে তারা (বৃষ্টি থেকে) হতাশ ছিল। (৫০) অতএব আল্লাহর রহমতের নিদর্শন দেখ, যমীনের মৃত্যুর পরে (অর্থাৎ শুষ্ক হবার পরে) কিভাবে আল্লাহ তা

الارض بعد موتها ان ذلك لمحى الموتى وهو على كل شىء قدير ﴿٥١﴾ ولئن

আর্‌দ্বা বা'দা মাওতিহা- ; ইন্না যা-লিকা লামুহ্‌য়িল মাওতা-, ওয়া হুওয়া 'আলা- কুল্লি শাইয়্যিন্ ক্বাদীর। ৫১। ওয়া লাইন্

জীবিত (সতেজ) করেন। নিশ্চয়ই তিনি এভাবে জীবিত করেন মৃতকে এবং তিনি সর্ব বিষয়ের উপর ক্ষমতাবান। (৫১) এবং যদি আমি (ধ্বংসকারী)

ارسلنا ريحا فراوه مصفرا لظلوا من بعده يكفرون ﴿٥٢﴾ فانك لا تسمع الموتى

আর্‌সাল্‌না- রীহান ফারাআওহু মুস্বফার্‌রাল্ লাজাল্‌লূ মিম্ বা'দিহী ইয়াক্‌ফুরূন। ৫২। ফাইন্নাকা লা- তুস্‌মি'উল্ মাওতা-

✪ বিশ্লেষণ (আঃ ১৩) ঃ تماثيل - অর্থ প্রতিকৃতি, ভাস্কর্য, মূর্তি। যা তামা ও সাদা পাথরের নির্মিত ছিল, কাতাদাহ (রা) বলেন, সেগুলো মাটি ও শিশার
ছিল। হযরত সুলায়মান (আ)-এর শরীয়তে ভাস্কর্য নির্মাণ করা নিষিদ্ধ ছিল না। কিন্তু ইসলামে এগুলো নির্মাণ করা কঠোরভাবে নিষিদ্ধ করা হয়েছে।

وَقُدُوْرٍ رّٰسِيٰتٍ ۭ اِعْمَلُوْٓا اٰلَ دَاوٗدَ شُكْرًا ۭ وَقَلِيْلٌ مِّنْ عِبَادِيَ الشَّكُوْرُ

ওয়া ক্বদূরির্ রা-সিয়া-তিন্ ; 'ইমালূ~আ-লা দাউদা শুকরান ; ওয়া ক্বালীলুম্ মিন্ 'ইবা-দিয়াশ্ শাকূর্।
এবং চুলার উপরে স্থাপিত বিরাট ডেগ। হে দাউদ গোত্রীয় লোকজন! এর কৃতজ্ঞতা স্বরূপ নেক কাজ কর। আমার বান্দাদের মধ্যে কৃতজ্ঞ খুবই অল্প।

فَلَمَّا قَضَيْنَا عَلَيْهِ الْمَوْتَ مَا دَلَّهُمْ عَلٰى مَوْتِهٖٓ اِلَّا دَآبَّةُ الْاَرْضِ تَاْكُلُ مِنْسَاَتَهٗ

১৪। ফালাম্মা- ক্বাদ্বাইনা- 'আলাইহিল্ মাওতা মা-দাল্লাহুম্ 'আলা মাওতিহী~ইল্লা- দা—ব্বাতুল্ আরদ্বি তা'কুলু মিন্সাআতাহূ,
(১৪) যখন আমি সুলায়মানের মৃত্যু সঙ্ঘটিত করলাম, তখন জ্বিনদেরকে তার মৃত্যু সম্পর্কিত খবর মাটির পোকা ব্যতীত, কেউ জানায় নি যারা তার (সুলায়মানের)

فَلَمَّا خَرَّ تَبَيَّنَتِ الْجِنُّ اَنْ لَّوْ كَانُوْا يَعْلَمُوْنَ الْغَيْبَ مَا لَبِثُوْا فِي الْعَذَابِ

ফালাম্মা- খার্রা তাবাইয়্যানাতিল্ জ্বিন্নু আল লাও কা-নূ ইয়া'লামূনাল্ গাইবা মা-লাবিছূ ফিল্ 'আযা-বিল
লাঠি খেতে ছিল। যখন সুলায়মান মাটিতে পড়ে গেল তখন জিনেরা জানতে পারল যে, যদি তারা অদৃশ্য বিষয় জানত, তবে তারা অপমানকর শাস্তির মধ্যে থাকত

الْمُهِيْنِ ۝ لَقَدْ كَانَ لِسَبَاٍ فِيْ مَسْكَنِهِمْ اٰيَةٌ ۚ جَنَّتٰنِ عَنْ يَّمِيْنٍ وَّشِمَالٍ ۬ كُلُوْا

মুহীন। ১৫। লাক্বাদ্ কা-না লিসাবাইন্ ফী মাস্কানিহিম আ-ইয়াতুন্, জ্বান্নাতা-নি 'আইঁ ইয়ামীনিওঁ ওয়া শিমা-লিন ; কুলূ
না। (১৫) সাবা (সম্প্রদায়)-এর জন্য তাদের বাসস্থানে (আল্লাহর কুদরতের) নিদর্শন ছিল। তাদের ডানে ও বামে দুটি বাগান ছিল। (আমি তাদেরকে নির্দেশ দিয়েছিলাম যে,)

مِنْ رِّزْقِ رَبِّكُمْ وَاشْكُرُوْا لَهٗ ۭ بَلْدَةٌ طَيِّبَةٌ وَّرَبٌّ غَفُوْرٌ ۝ فَاَعْرَضُوْا

মির্ রিয্ক্বি রাব্বিকুম্ ওয়াশ্কুরূ লাহূ ; বাল্দাতুন্ ত্বাইয়্যিবাতুওঁ ওয়া রাব্বুন্ গাফূর। ১৬। ফা'আরাদ্বূ
তোমাদের প্রতিপালকের দেয়া রিযিক খাও এবং তাঁর কৃতজ্ঞতা স্বীকার কর এটি উত্তম শহর এবং প্রতিপালক (আল্লাহ) মহা ক্ষমাশীল। (১৬) কিন্তু তারা

فَاَرْسَلْنَا عَلَيْهِمْ سَيْلَ الْعَرِمِ وَبَدَّلْنٰهُمْ بِجَنَّتَيْهِمْ جَنَّتَيْنِ ذَوَاتَيْ اُكُلٍ

ফাআর্সাল্না- 'আলাইহিম সাইলাল্ 'আরিমি ওয়া বাদ্দাল্না-হুম বিজ্বান্নাতাইহিম জ্বান্নাতাইনি যাওয়া-তাই উকুলিন্
অবাধ্য হল, ফলে আমি তাদের উপর তীব্র (পানির) স্রোত প্রবাহিত করে দিলাম এবং আমি তাদের (সুন্দর) দুটি বাগানের পরিবর্তে (এমন) দুটি বাগান দিলাম যাতে ছিল

خَمْطٍ وَّاَثْلٍ وَّشَيْءٍ مِّنْ سِدْرٍ قَلِيْلٍ ۝ ذٰلِكَ جَزَيْنٰهُمْ بِمَا كَفَرُوْا ۭ وَهَلْ

খাম্ত্বিওঁ ওয়া আছ্লিওঁ ওয়া শাইয়িম্ মিন্ সিদ্রিন্ ক্বালীল্। ১৭। যা-লিকা জ্বাযাইনা-হুম্ বিমা- কাফারূ ; ওয়া হাল্
স্বাদহীন (তিক্ত) ফল, ঝাউ এবং কিছু কুল বৃক্ষ। (১৭) আমি তাদেরকে এটা তাদের প্রতিফলস্বরূপ দিয়েছিলাম, তাদের কুফরীর কারণে। আমি (এ ধরনের) প্রতিফল

نُجٰزِيْٓ اِلَّا الْكَفُوْرَ ۝ وَجَعَلْنَا بَيْنَهُمْ وَبَيْنَ الْقُرَى الَّتِيْ بٰرَكْنَا فِيْهَا قُرًى

নুজ্বা-যী~ইল্লাল্ কাফূর। ১৮। ওয়া জ্বা'আল্না- বাইনাহুম ওয়া বাইনাল্ ক্বুরাল্লাতী বা-রাক্না- ফীহা- ক্বুরান্
শুধু অকৃতজ্ঞদেরকে দিয়ে থাকি। (১৮) আমি তাদের এবং সে জনপদের মাঝে সেখানে আমি কল্যাণ দান করেছিলাম, কিছু প্রকাশ্য জনবসতি সৃষ্টি করেছিলাম

০ বিশ্লেষণ (আঃ ১৪) ঃ يعلمون الغيب – হযরত সুলায়মান (আ)-এর যুগে জিনদের বিশ্বাস ছিল যে, সুলায়মান (আ) অদৃশ্যের খবর অবশ্যই জানেন। কিন্তু হযরত সুলায়মানের (আ) ওফাতের দ্বারা জিনদের এই বিশ্বাস দূরিভূত হলো। (কুঃ কারীম)

০ বিশ্লেষণ (আঃ ১৫) ঃ بلدة طيبة – শহরে প্রচুর ফলের বাগান থাকার কারণে উত্তম শহর বলা হয়েছে। কারো মতে, উক্ত শহরের আবহাওয়া খুবই উত্তম ও স্বাস্থ্যকর হওয়ার কারণে উত্তম শহরে বলা হয়েছে। উত্তম আবহাওয়ার কারণে, এ শহরটি ছিল, মশা-মাছি ও দুর্গন্ধ থেকে মুক্ত শহর। (কুঃ কারীম)

ظَاهِرَةً وَّقَدَّرْنَا فِيْهَا السَّيْرَ ۭ سِيْرُوْا فِيْهَا لَيَالِيَ وَاَيَّامًا اٰمِنِيْنَ ۝ فَقَالُوْا رَبَّنَا

জা-হিরাতাওঁ ওয়া ক্বাদ্দার্না- ফীহাস্ সাইরা ; সীরূ ফীহা- লায়া-লিয়া ওয়া আইয়্যা মান্ আ-মিনীন। ১৯। ফাক্বা-লূ রাব্বানা-
এবং সেখানে ভ্রমণের পথও নির্ধারণ করে দিয়েছিলাম এবং যেখানে রাতে ও দিনে তোমরা নিরাপদে ভ্রমণ (চলাফেরা) কর। (১৯) কিন্তু তারা বলল, হে আমাদের প্রতিপালক।

بٰعِدْ بَيْنَ اَسْفَارِنَا وَظَلَمُوْٓا اَنْفُسَهُمْ فَجَعَلْنٰهُمْ اَحَادِيْثَ وَمَزَّقْنٰهُمْ كُلَّ مُمَزَّقٍ ۭ

বা-'ইদ্ বাইনা আস্ফা-রিনা- ওয়া জালামূ~আন্ফুসাহুম্ ফাজ্বা'আল্না-হুম্ আহ্বা-দীছা ওয়া মায্যাক্বনা-হুম কুল্লা মুমায্যাক্বিন্ ;
আমাদের ভ্রমণের পথ দূরত্ব করে দাও তারা তাদের নিজেদের উপর জুলুম করেছে। ফলে আমি তাদেরকে আলোচনার বস্তু হিসেবে পরিণত করলাম এবং তাদেরকে টুকরা টুকরা

اِنَّ فِيْ ذٰلِكَ لَاٰيٰتٍ لِّكُلِّ صَبَّارٍ شَكُوْرٍ ۝ وَلَقَدْ صَدَّقَ عَلَيْهِمْ اِبْلِيْسُ ظَنَّهٗ

ইন্না ফী যা-লিকা লাআ-য়া-তিল্ লিকুল্লি স্বাব্বা-রিন্ শাকূর্। ২০। ওয়া লাক্বাদ্ স্বাদ্দাক্বা 'আলাইহিম ইব্লীসু জান্নাহূ
করে দিলাম। নিশ্চয়ই এতে প্রত্যেক ধৈর্য্যশীল, কৃতজ্ঞের জন্য রয়েছে দৃষ্টান্ত। (২০) ইবলীস (শয়তান) তাদের ব্যাপারে, তার নিজ ধারণা সত্য করে দেখিয়েছে,

فَاتَّبَعُوْهُ اِلَّا فَرِيْقًا مِّنَ الْمُؤْمِنِيْنَ ۝ وَمَا كَانَ لَهٗ عَلَيْهِمْ مِّنْ سُلْطٰنٍ اِلَّا لِنَعْلَمَ

ফাত্তাবা'উহু ইল্লা- ফারীক্বাম্ মিনাল্ মু'মিনীন। ২১। ওয়া মা- কা-না লাহূ 'আলাইহিম্ মিন্ সুল্ত্বা-নিন্ ইল্লা- লিনা'লামা
শুধু মাত্র মুমিনগণের একটি দল ব্যতীত সবাই তার অনুসরণ করেছিল। (২১) যাদের উপর ইবলীস (শয়তান) এর কোনই ক্ষমতা ছিল না। কিন্তু (এর দ্বারা) আমার

مَنْ يُّؤْمِنُ بِالْاٰخِرَةِ مِمَّنْ هُوَ مِنْهَا فِيْ شَكٍّ ۭ وَرَبُّكَ عَلٰى كُلِّ شَيْءٍ حَفِيْظٌ

মাই ইউ'মিনু বিল আ-খিরাতি মিম্মান্ হুওয়া মিন্হা- ফী শাক্কিন্ ; ওয়া রাব্বুকা 'আলা- কুল্লি শাইয়িন্ হ্বাফীজ্।
উদ্দেশ্য ছিল যে, আমি (প্রকাশ্য ভাবে) জেনে নিব, কে পরকালে বিশ্বাসী এবং কে সে (পরকাল) ব্যাপারে সন্দেহের মধ্যে। আপনার প্রতিপালক সর্ব বিষয়ের রক্ষক।

قُلِ ادْعُوا الَّذِيْنَ زَعَمْتُمْ مِّنْ دُوْنِ اللّٰهِ ۚ لَا يَمْلِكُوْنَ مِثْقَالَ ذَرَّةٍ فِي

২২। ক্বুলিদ্'উল্ লাযীনা যা'আম্তুম্ মিন্ দূনিল্লা-হি, লা- ইয়াম্লিকূনা মিছ্ক্বা-লা যার্রাতিন্ ফিস্
(২২) বলুন, তোমরা ডাক তাদেরকে, যাদেরকে তোমরা আল্লাহ ব্যতীত (মাবুদ) ধারণা কর। তারা

السَّمٰوٰتِ وَلَا فِي الْاَرْضِ وَمَا لَهُمْ فِيْهِمَا مِنْ شِرْكٍ وَّمَا لَهٗ مِنْهُمْ مِّنْ ظَهِيْرٍ

সামা-ওয়া-তি ওয়ালা- ফিল্ আর্দ্বি ওয়া মা- লাহুম ফীহিমা- মিন্ শির্কিওঁ ওয়ামা- লাহূ মিন্হুম্ মিন্ জাহীর।
আকাশ ও পৃথিবীতে বিন্দু পরিমাণ (জিনিস) এরও মালিক নয় এবং এতদুভয়ের মধ্যে তাদের কোনই অংশ নেই এবং তাদের মধ্যে কেহ আপনার সাহায্যকারীও নয়।

وَلَا تَنْفَعُ الشَّفَاعَةُ عِنْدَهٗٓ اِلَّا لِمَنْ اَذِنَ لَهٗ ۭ حَتّٰٓى اِذَا فُزِّعَ عَنْ قُلُوْبِهِمْ

২৩। ওয়ালা- তান্ফা'উশ্ শাফা-'আতু 'ইন্দাহূ~ইল্লা- লিমান্ আযিনা লাহূ ;হ্বাত্তা~ ইযা- ফুয্যি'আ 'আন্ ক্বুলূবিহিম্
(২৩) যাকে (সুপারিশ করার) অনুমতি দেয়া হয় সে ছাড়া কারও সুপারিশ আল্লাহর কাছে কাজে আসবে না। যখন তাদের অন্তর হতে ভয় উঠিয়ে নেয়া হবে তখন তারা

قَالُوْا مَاذَا ۙ قَالَ رَبُّكُمْ ۭ قَالُوا الْحَقَّ ۚ وَهُوَ الْعَلِيُّ الْكَبِيْرُ ۝ قُلْ مَنْ يَّرْزُقُكُمْ

ক্বা-লূ মা-যা-, ক্বা-লা রাব্বুকুম ; ক্বা-লুল্ হ্বাক্ব্ক্বা, ওয়া হুওয়াল্ 'আলিয়্যুল্ কাবীর। ২৪। ক্বুল্ মাই ইয়ার্যুক্বুকুম্
একে অপরকে বলবে, তোমাদের প্রতিপালক কি বলেছেন? জবাবে তারা বলবে, যা সত্য তাই বলেছেন, তিনি মহান, সমুন্নত। (২৪) আপনি বলুন, কে তোমাদেরকে

مِّنَ السَّمٰوٰتِ وَالْاَرْضِ ؕ قُلِ اللّٰهُ ۙ وَاِنَّاۤ اَوْ اِيَّاكُمْ لَعَلٰى هُدًى اَوْ فِىْ ضَلٰلٍ

মিনাস্ সামা-ওয়া-তি ওয়াল্ আর্দ্বি ; কুলিল্লা-হু, ওয়া ইন্না~আও ইয়্যা-কুম লা'আলা- হুদান্ আও ফী দ্বালা-লিম্
আকাশ এবং পৃথিবী হতে রিযিক প্রদান করে? আপনিই বলুন, আল্লাহ; (তাদেরকে এটাও বলুন যে) নিশ্চয়ই আমরা বা তোমরা হয় সৎ পথে আছি, না হয় স্পষ্ট ভ্রান্তির মধ্যে

مُّبِيْنٍ ﴿٢٤﴾ قُلْ لَّا تُسْـَٔلُوْنَ عَمَّاۤ اَجْرَمْنَا وَلَا نُسْـَٔلُ عَمَّا تَعْمَلُوْنَ ﴿٢٥﴾ قُلْ يَجْمَعُ

মুবীন । ২৫ । কুল্ লা-তুস্আলূনা 'আম্মা~আজ্রামনা- ওয়ালা- নুস্আলু 'আম্মা- 'তামালূন । ২৬ । কুল্ ইয়াজ্মা'উ
আছি । (২৫) আপনি বলে দিন, আমাদের কৃত অপরাধের জন্য তোমরা জিজ্ঞাসিত হবে না এবং তোমাদের কৃত কাজের জন্য আমরা জিজ্ঞাসিত হব না । (২৬) বলুন, আমাদের

بَيْنَنَا رَبُّنَا ثُمَّ يَفْتَحُ بَيْنَنَا بِالْحَقِّ ؕ وَهُوَ الْفَتَّاحُ الْعَلِيْمُ ﴿٢٦﴾ قُلْ اَرُوْنِىَ الَّذِيْنَ

বাইনানা- রাব্বুনা- ছুম্মা ইয়াফ্তাহু বাইনানা- বিল্ হাক্বক্বি ; ওয়া হুয়াল্ ফাত্তা-হুল্ 'আলীম । ২৭ । কুল্ আরূনিয়াল্ লাযীনা
সবাইকে আমাদের প্রতিপালক একত্রিত করবেন , অতঃপর (তিনি) আমাদের মাঝে ন্যায়ের সাথে ফয়সালা করে দিবেন । তিনি ন্যায় বিচারকারী, মহাজ্ঞানী । (২৭) আপনি বলুন, আচ্ছা তোমরা আমাকে তাদেরকে দেখাও যাদেরকে

اَلْحَقْتُمْ بِهٖ شُرَكَآءَ كَلَّا ؕ بَلْ هُوَ اللّٰهُ الْعَزِيْزُ الْحَكِيْمُ ﴿٢٧﴾ وَمَاۤ اَرْسَلْنٰكَ اِلَّا كَآفَّةً

আল্হাক্বতুম্ বিহী শুরাকা—আ কাল্লা- ; বাল্ হুওয়াল্লা-হুল্ 'আযীযুল্ হাকীম । ২৮ । ওয়া মা~আর্সাল্না-কা ইল্লা- কা—ফ্ফাতাল্
তোমরা শরীক হিসেবে তাঁর সাথে মিলিয়ে রেখেছ । কখনই (তা পারবে) না, বরং তিনি (আল্লাহ) মহা শক্তিশালী, প্রজ্ঞাবান । (২৮) আমি আপনাকে প্রেরণ করেছি সমগ্র

لِّلنَّاسِ بَشِيْرًا وَّنَذِيْرًا وَّلٰكِنَّ اَكْثَرَ النَّاسِ لَا يَعْلَمُوْنَ ﴿٢٨﴾ وَيَقُوْلُوْنَ مَتٰى

লিন্না-সি বাশীরাওঁ ওয়া নাযীরাওঁ ওয়ালা- কিন্না আক্ছারান্ না-সি লা- ই'য়ালামূন । ২৯ । ওয়া ইয়াকূলূনা মাতা-
মানুষের জন্য শুধু সু সংবাদদাতা, ভীতি প্রদর্শনকারী হিসেবে, অধিকাংশ মানুষ তা জানে না । (২৯) তারা বলে, সে (শাস্তি বা কিয়ামতের) প্রতিশ্রুতি কখন পূর্ণ হবে,

هٰذَا الْوَعْدُ اِنْ كُنْتُمْ صٰدِقِيْنَ ﴿٢٩﴾ قُلْ لَّكُمْ مِّيْعَادُ يَوْمٍ لَّا تَسْتَاْخِرُوْنَ عَنْهُ

হা-যাল্ ও'য়াদু ইন্ কুন্তুম স্বা-দ্বিক্বীন । ৩০ । কুল্ লাকুম্ মী'আ-দু ইয়াওমিল্ লা- তাস্তা'খিরূনা 'আন্হু
যদি সত্যবাদী হয়ে থাক তবে বল? (৩০) বলুন, তোমাদের জন্য একটি প্রতিশ্রুতির দিন নির্ধারিত রয়েছে, যা থেকে তোমরা এক মুহূর্ত সময়

سَاعَةً وَّلَا تَسْتَقْدِمُوْنَ ﴿٣٠﴾ وَقَالَ الَّذِيْنَ كَفَرُوْا لَنْ نُّؤْمِنَ بِهٰذَا الْقُرْاٰنِ

সা-'আতাওঁ ওয়ালা- তাস্তাক্বদিমূন । ৩১ । ওয়া ক্বা-লাল্লাযীনা কাফারূ লান্ নু'মিনা বিহা-যাল্ কুরআ-নি
পিছনেও হটাতে পারবে না এবং সামনেও আগাতে পারবে না । (৩১) আর কাফিরেরা বলে যে, আমরা কখনই এ কুরআনকে বিশ্বাস করব না

وَلَا بِالَّذِىْ بَيْنَ يَدَيْهِ ؕ وَلَوْ تَرٰۤى اِذِ الظّٰلِمُوْنَ مَوْقُوْفُوْنَ عِنْدَ رَبِّهِمْ ۖ

ওয়ালা- বিল্লাযী বাইনা ইয়াদাইহি ; ওয়ালাও তারা~ইযিজ্ জা-লিমূনা মাওকূফূনা 'ইন্দা রাব্বিহিম;
এবং এর পূর্বের কিতাবের উপরেও নয়; (হে নবী!) আপনি যদি দেখতেন, যখন জালিমদেরকে দাঁড় করান হবে তাদের প্রতিপালকের সামনে,

○ টীকা (আঃ ২৮) ঃ অর্থাৎ, জিন জাতীয় ও মানব জাতীর, আরবী এবং অনারবী, বর্তমানের এবং ভবিষ্যতের সকলের জন্য । (বঃ কোঃ)
○ টীকা (আঃ ২৯) ঃ এবং না বুঝার কারণে মূর্খতা বশতঃ আপনার রেসালত অবিশ্বাস করে । অবশ্য চিন্তা করিলে তাহারা বিশ্বাস অর্জন করিতেও পারিত; কিন্তু মূর্খতা বশতঃ চিন্তাই করে না । ○ বিশ্লেষণ (আঃ ৩১) ঃ بين يديه – অর্থাৎ, তাওরাত, জাবুর, ইঞ্জিল, ইত্যাদি আসমানী কিতাবসমূহ । কারো মতে, এখানে কেয়ামতকে বুঝানো হয়েছে । (কুঃ কারীম) ○ টীকা (আঃ ৩১) ঃ অর্থাৎ, এই জিজ্ঞাসাবাদ দ্বারা সে কিয়ামত দিবসকে অস্বীকার করাই তোমাদের উদ্দেশ্য । উহার নির্দিষ্ট প্রতিশ্রুতির সময় অবশ্যই আসিবে । যদিও আমি এখন উহার নির্দিষ্ট সময়ের কথা বলে না দেই । (বঃ কোঃ)

يَرْجِعُ بَعْضُهُمْ اِلٰى بَعْضِ ِۨالْقَوْلَ ۚ يَقُوْلُ الَّذِيْنَ اسْتُضْعِفُوْا لِلَّذِيْنَ

ইয়ার্জ্বি'উ বা'দ্বুহুম্ ইলা- বা'দ্বিনিল্ ক্বাওলা, ইয়াকূলুল্ লাযীনাস্ তুদ্ব'ইফূ লিল্লাযীনাস্
তখন তারা একে অন্যের প্রতি (দোষ চাপিয়ে) কথা বলতে থাকবে । যাদেরকে দুর্বল (অনুগত) করে রাখত, তারা, বড়দেরকে বলবে,

اسْتَكْبَرُوْا لَوْلَاۤ اَنْتُمْ لَكُنَّا مُؤْمِنِيْنَ ﴿٣١﴾ قَالَ الَّذِيْنَ اسْتَكْبَرُوْا لِلَّذِيْنَ

তাক্বারূ লাওলা~আন্তুম্ লাকুন্না- মু'মিনীন । ৩২ । ক্বা-লাল্লাযীনাস্ তাক্বারূ লিল্লাযীনাস্
যদি তোমরা না হতে, তবে আমরা অবশ্যই মুমিন হতাম । (৩২) যারা বড় (অহংকারী নেতা), তারা যাদেরকে দুর্বল (অনুগত) করে রাখত

اسْتُضْعِفُوْۤا اَنَحْنُ صَدَدْنٰكُمْ عَنِ الْهُدٰى بَعْدَ اِذْ جَآءَكُمْ بَلْ كُنْتُمْ مُّجْرِمِيْنَ

তুদ্ব'ইফূ~আনাহ্নু স্বাদাদ্না-কুম্ 'আনিল্ হুদা- বা'দা ইয্ জ্বা—আকুম্ বাল্ কুন্তুম মুজ্রিমীন ।
তাদেরকে (জবাবে) বলবে, তোমাদের কাছে যখন সত্য পথ এসেছিল, এরপরে কি আমরা তোমাদেরকে তা থেকে বিরত রেখেছিলাম? বরং তোমরা ছিলে পাপী ।

﴿٣٢﴾ وَقَالَ الَّذِيْنَ اسْتُضْعِفُوْا لِلَّذِيْنَ اسْتَكْبَرُوْا بَلْ مَكْرُ الَّيْلِ وَالنَّهَارِ

৩৩ । ওয়া ক্বা-লাল্ লাযীনাস্ তুদ্ব'ইফূ লিল্লাযীনাস্ তাক্বারূ বাল্ মাক্রুল্লাইলি ওয়ান্নাহা-রি
(৩৩) যাদেরকে দুর্বল (অনুগত) করে রাখা হত, তারা বড় (অহংকারী নেতা)-দেরকে বলবে, বরং তোমরাই রাত দিন চক্রান্ত (প্রতারণা) করে

اِذْ تَاْمُرُوْنَنَاۤ اَنْ نَّكْفُرَ بِاللّٰهِ وَنَجْعَلَ لَهٗۤ اَنْدَادًا ؕ وَاَسَرُّوا النَّدَامَةَ لَمَّا رَاَوُا

ইয্ তা'মুরূনানা~আন্ নাক্ফুরা বিল্লা-হি ওয়া নাজ্'আলা লাহূ~আন্দা-দান ; ওয়া আসার্রুন্ নাদা-মাতা লাম্মা- রাআউল্
আমাদেরকে নির্দেশ দিতে যে, আমরা যেন আল্লাহকে অবিশ্বাস করি এবং তাঁর সাথে অংশীদার নির্ধারণ করি । যখন তারা শাস্তি দেখবে, তখন তারা (উভয় দল)

الْعَذَابَ ؕ وَجَعَلْنَا الْاَغْلٰلَ فِىْۤ اَعْنَاقِ الَّذِيْنَ كَفَرُوْا ؕ هَلْ يُجْزَوْنَ اِلَّا

'আযা-বা ; ওয়া জ্বা'আলনাল্ আগ্লা-লা ফী~'আনা-ক্বিল্লাযীনা কাফারূ ; হাল্ ইউজ্যাওনা ইল্লা-
অন্তরের আলোচনা (অন্তরেই) গোপন রাখবে, আর আমি কাফিরদের গর্দানে (অগ্নির) শিকল পড়াব । তাদেরকে শুধু তাদের কৃতকর্মেরই

مَا كَانُوْا يَعْمَلُوْنَ ﴿٣٣﴾ وَمَاۤ اَرْسَلْنَا فِىْ قَرْيَةٍ مِّنْ نَّذِيْرٍ اِلَّا قَالَ مُتْرَفُوْهَاۤ ۙ اِنَّا

মা- কা-নূ ই'য়ামালূন । ৩৪ । ওয়া মা~আর্সাল্না- ফী ক্বার্ইয়াতিম্ মিন্ নাযীরিন্ ইল্লা- ক্বা-লা মুত্রাফূহা~, ইন্না-
প্রতিফল দেয়া হবে । (৩৪) আমি যখনই কোন জনপদে প্রেরণ করেছি কোন ভীতি প্রদর্শনকারী (অর্থাৎ- নবী), তখনই সেখানকার বিলাস জীবন-যাপনকারীরা বলেছে,

بِمَاۤ اُرْسِلْتُمْ بِهٖ كٰفِرُوْنَ ﴿٣٤﴾ وَقَالُوْا نَحْنُ اَكْثَرُ اَمْوَالًا وَّاَوْلَادًا ۙ وَّمَا نَحْنُ

বিমা~উর্সিল্তুম্ বিহী কা-ফিরূন । ৩৫ । ওয়া ক্বা-লূ নাহ্নু আক্ছারু আম্ওয়া-লাওঁ ওয়া আওলা-দাওঁ, ওয়ামা- নাহ্নু
যা সহ তোমরা প্রেরিত হয়েছ, আমরা তার অস্বীকারকারী । (৩৫) আর বলেছে, আমরা ধন-সম্পদ ও সন্তান-সন্ততিতে অনেক বেশী, সুতরাং কিছুতেই আমাদেরকে

○ টীকা (আঃ ৩২) ঃ কেননা, সত্যধর্ম প্রকাশিত হওয়ার পরেও তোমরা তা কবুল করনি, এখন আমাদের উপর দোষ চাপাচ্ছ । (বঃ কোঃ)
○ টীকা (আঃ ৩৩) ঃ প্রচেষ্টা বলতে উৎসাহ প্রদান এবং ভীতি প্রদর্শনই উদ্দেশ্য । সুতরাং তোমাদের এ দিবা-রাত্রির প্রচেষ্টা ক্রিয়া করেছে, এর ফলেই আমরা বিনষ্ট হয়েছি । অতএব, তোমরাই আমাদের সর্বনাশকারী । এরূপে তারা একে অপরকে দোষী সাব্যস্ত করলেও মনে মনে প্রত্যেকেই নিজ নিজ অপরাধও উপলব্ধি করবে । পথভ্রষ্টকারীরা মনে করবে, সত্যিই এরূপ করেছিলাম । আর পথভ্রষ্টগণ মনে করবে, এরা আমাদেরকে ভ্রান্ত পথপ্রদর্শন করলেও আমাদেরও তো হিতাহিত জ্ঞান ছিল । কাজেই আমাদেরও দোষ আছে । বরং আমরাই অধিক দোষী । (বঃ কোঃ)

بِمُعَذَّبِينَ ۝ قُلْ إِنَّ رَبِّي يَبْسُطُ الرِّزْقَ لِمَن يَشَاءُ وَيَقْدِرُ وَلَٰكِنَّ أَكْثَرَ النَّاسِ

বিমু'আয্যাবীন। ৩৬। ক্বুল্ ইন্না রাব্বী ইয়াবসুতুর রিয্ক্বা লিমাই ইয়াশা—উ ওয়া ইয়াক্বদিরু ওয়া লা-কিন্না আক্ছারান্ না-সি
শাস্তি দেয়া হবে না। (৩৬) বলুন, আমার প্রতিপালক যাকে চান তার রিযিক বাড়িয়ে দেন আর যাকে চান সংকীর্ণ (কম) করে দেন। কিন্তু অধিকাংশ লোক

لَا يَعْلَمُونَ ۝ وَمَا أَمْوَالُكُمْ وَلَا أَوْلَادُكُم بِالَّتِي تُقَرِّبُكُمْ عِندَنَا زُلْفَىٰ

লা-ই'য়ালামূন। ৩৭। ওয়া মা~আম্ওয়া-লুকুম্ ওয়ালা~আওলা-দুকুম্ বিল্লাতী তুক্বার্রিবুকুম্ 'ইন্দানা- যুল্ফা~
তা জানে না। (৩৭) তোমাদের ধন-সম্পদ এবং সন্তান-সন্ততি এমন নয় যে, যা তোমাদেরকে আমার নৈকট্য করে দিবে।

৪
ع
৬
১০
রুকু

إِلَّا مَنْ آمَنَ وَعَمِلَ صَالِحًا فَأُولَٰئِكَ لَهُمْ جَزَاءُ الضِّعْفِ بِمَا عَمِلُوا وَهُمْ فِي

ইল্লা- মান্ আ-মানা ওয়া 'আমিলা স্বা-লিহান্, ফাউলা—ইকা লাহুম জ্বাযা—উদ্ব দ্বিফি বিমা- 'আমিলূ ওয়াহুম ফিল্
তবে যারা ঈমান আনে এবং নেক কাজ করে তাদের জন্য প্রতিদান (সওয়াব) বহুগুণ, তাদের (সৎ) কর্মের কারণে এবং তারা নিরাপদে

الْغُرُفَاتِ آمِنُونَ ۝ وَالَّذِينَ يَسْعَوْنَ فِي آيَاتِنَا مُعَاجِزِينَ أُولَٰئِكَ فِي

গুরুফা-তি আ-মিনূন। ৩৮। ওয়াল্লাযীনা ইয়াস্'আওনা ফী~আ-ইয়া-তিনা- মু'আ-জ্বিযীনা উলা—ইকা ফিল্
(জান্নাতের) সুউচ্চ অট্টালিকায় থাকবে। (৩৮) যারা আমার আয়াতসমূহকে ব্যর্থ করতে চেষ্টা করবে, এদেরকে (পাকড়াও করে) শাস্তির মধ্যে

الْعَذَابِ مُحْضَرُونَ ۝ قُلْ إِنَّ رَبِّي يَبْسُطُ الرِّزْقَ لِمَن يَشَاءُ مِنْ عِبَادِهِ

'আযা-বি মুহ্দ্বারূন। ৩৯। ক্বুল্ ইন্না রাব্বী ইয়াব্সুত্বুর্ রিয্ক্বা লিমাই ইয়াশা—উ মিন্ 'ইবা-দিহী
উপস্থিত করা হবে। (৩৯) বলুন, আমার প্রতিপালক তাঁর বান্দাদের মধ্যে যাকে চান তার রিযিক বাড়িয়ে দেন এবং যার জন্য চান

وَيَقْدِرُ لَهُ ۚ وَمَا أَنفَقْتُم مِّن شَيْءٍ فَهُوَ يُخْلِفُهُ ۖ وَهُوَ خَيْرُ الرَّازِقِينَ ۝ وَيَوْمَ

ওয়া ইয়াক্বদিরু লাহূ ; ওয়ামা~আন্ফাক্বতুম্ মিন্ শাইয়িন্ ফাহুওয়া ইউখ্লিফুহূ, ওয়া হুওয়া খাইরুর্ রা-যিক্বীন। ৪০। ওয়া ইয়াওমা
তার রিযিক কম করে দেন। তোমরা যা কিছু (আল্লাহর পথে) ব্যয় করবে, তিনি তার প্রতিদান দিবেন। তিনিই উত্তম রিযিকদাতা। (৪০) যেদিন

يَحْشُرُهُمْ جَمِيعًا ثُمَّ يَقُولُ لِلْمَلَائِكَةِ أَهَٰؤُلَاءِ إِيَّاكُمْ كَانُوا يَعْبُدُونَ ۝

ইয়াহ্শুরুহুম্ জ্বামী'আন্ ছুম্মা ইয়াক্বূলু লিল্ মালা—ইকাতি আহা~উলা—ই ইয়্যা-কুম কা-নূ ই'য়াবুদূন।
(আল্লাহ) তাদেরকে একত্রিত করবেন, অতঃপর ফিরিশতাগণকে জিজ্ঞেস করবেন যে, এরা কি তোমাদের ইবাদত করত?

۝ قَالُوا سُبْحَانَكَ أَنتَ وَلِيُّنَا مِن دُونِهِم ۖ بَلْ كَانُوا يَعْبُدُونَ الْجِنَّ ۖ أَكْثَرُهُم

৪১। ক্বা-লূ সুব্হা-নাকা আন্তা ওয়ালিয়্যুনা- মিন্ দূনিহিম, বাল্ কা-নূ ই'য়াবুদূনাল্ জ্বিন্না, আক্ছারুহুম্
(৪১) ফিরিশতাগণ বলবে, আপনি পবিত্র আপনি আমাদের অভিভাবক। তারা (আমাদের কিছুই) নয়। বরং তারা জ্বীনদের ইবাদাত (পূজা) করত, তাদের অনেকেই

○ বিশ্লেষণ (আঃ ৪০) ঃ يقول الملئكة – মুশরিকদের লাঞ্ছিত ও অপমানিত করার জন্য আল্লাহ তায়ালা ফিরিশতগণকে এরূপ কথা বলবেন যে, পরে হযরত ঈসা (আ) সম্পর্কে বর্ণিত আছে যে, আল্লাহ তায়ালা তাকেও জিজ্ঞাসা করবেন। তুমি কি লোকদেরকে এই কথা বলেছিলে যে, তোমরা আমাকে ও আমার মা (মরিয়ম)-কে আল্লাহ ব্যতীত মাবুদ রূপে গ্রহণ কর? (মায়েদা) ○ টীকা (আঃ ৪১) ঃ যেহেতু আরবের মোশরেকরা ফেরেশতাদেরকে উপাস্য গণ্য করতো সেজন্যে আল্লাহ তায়ালা এরশাদ করেছেন ঃ কেয়ামতের দিন যখন ফেরেশতাদেরকে প্রশ্ন করা হবে তখন তারা উত্তর দেবে- "আসলে এরা আমাদের বন্দেগী (উপাসনা) করতো না, বরং আমাদের নাম নিয়ে শয়তানদের বন্দেগী করতো। কারণ শয়তানরাই তাদের এই শিক্ষা দিয়েছিল যে- 'তোমরা আল্লাহ ছাড়া অন্যান্যদেরকে অভাব ও প্রয়োজন পূর্ণকারী মনে কর এবং তাদের সামনে নজর-নিয়াজ (উপঢৌকন ও নৈবেদ্য) পেশ কর।

بِهِم مُّؤْمِنُونَ ۝ فَالْيَوْمَ لَا يَمْلِكُ بَعْضُكُمْ لِبَعْضٍ نَّفْعًا وَلَا ضَرًّا وَنَقُولُ

বিহিম্ মু'মিনূন। ৪২। ফাল্ইয়াওমা লা- ইয়াম্লিকু 'বাদ্বুকুম লি'বাদ্বিন্ নাফ্'আওঁ ওয়ালা- দ্বার্রান ; ওয়া নাকূলু
ওদের প্রতি (মাবুদ বলে) বিশ্বাস রাখত। (৪২) আজ তোমাদের কেউ কারও জন্য (কোন প্রকারের) উপকার ও ক্ষতি করার ক্ষমতা রাখে না। আর আমি

لِلَّذِينَ ظَلَمُوا ذُوقُوا عَذَابَ النَّارِ الَّتِي كُنتُم بِهَا تُكَذِّبُونَ ۝ وَإِذَا تُتْلَىٰ

'লিল্লাযীনা জালামূ যূকূ 'আযা-বান্না-রিল্ লাতী কুন্তুম্ বিহা- তুকায্যিবূন। ৪৩। ওয়া ইযা- তুত্লা-
জালিমদেরকে বলব, (জাহান্নামের) সে শাস্তি উপভোগ কর, যা তোমরা মিথ্যা বলতে। (৪৩) যখন তাদের সামনে আমার

عَلَيْهِمْ آيَاتُنَا بَيِّنَاتٍ قَالُوا مَا هَٰذَا إِلَّا رَجُلٌ يُرِيدُ أَن يَصُدَّكُمْ عَمَّا كَانَ

'আলাইহিম আ-য়া-তুনা- বাইয়্যিনা-তিন্ ক্বা-লূ মা- হা-যা~ইল্লা-রাজুলুই ইউরীদু আই ইয়াস্বুদ্দাকুম 'আম্মা- কা-না
স্পষ্ট আয়াতসমূহ পাঠ করা হয় তখন তারা বলে, এ এমন এক ব্যক্তি যে (ব্যক্তি), তোমাদের পিতৃ পুরুষরা যার ইবাদাত করত, তার (ইবাদাত) থেকে তোমাদেরকে

يَعْبُدُ آبَاؤُكُمْ وَقَالُوا مَا هَٰذَا إِلَّا إِفْكٌ مُّفْتَرًى ۚ وَقَالَ الَّذِينَ كَفَرُوا لِلْحَقِّ

ইয়া'বুদু আ-বা—উকুম্ ওয়া ক্বা-লূ মা- হা-যা~ইল্লা~ইফ্কুম্ মুফ্তারান ; ওয়া ক্বা-লাল লাযীনা কাফারূ লিল্হাক্কি
বিরত রাখতে চায়। তারা (একথাও) বলে যে, (এ পঠিত কুরআন) তো (নিজ) তৈরীকৃত ছাড়া আর কিছুই নয়। কাফিরদের কাছে যখন সত্য (কুরআন) আসে,

لَمَّا جَاءَهُمْ إِنْ هَٰذَا إِلَّا سِحْرٌ مُّبِينٌ ۝ وَمَا آتَيْنَاهُم مِّن كُتُبٍ يَدْرُسُونَهَا

লাম্মা- জ্বা—আহুম্, ইন্ হা-যা~ইল্লা- সিহ্রুম্ মুবীন। ৪৪। ওয়ামা~আ-তাইনা-হুম্ মিন্ কুতুবিই ইয়াদ্রুসূনাহা-
তখন তারা সে সম্পর্কে বলে, এটা তো স্পষ্ট যাদু ছাড়া আর কিছুই নহে। (৪৪) আমি তো তাদেরকে (মক্কাবাসীকে) কোন কিতাব, দিয়ে রাখেনি যা তারা পাঠ করত

وَمَا أَرْسَلْنَا إِلَيْهِمْ قَبْلَكَ مِن نَّذِيرٍ ۝ وَكَذَّبَ الَّذِينَ مِن قَبْلِهِمْ وَمَا

ওয়ামা~আর্সাল্না~ইলাইহিম ক্বাব্লাক্বা মিন্ নাযীর। ৪৫। ওয়া কায্যাবাল্লাযীনা মিন্ ক্বাব্লিহিম ওয়া মা-
এবং আপনার পূর্বে তাদের কাছে কোন ভীতি প্রদর্শনকারীও প্রেরণ করিনি। (৪৫) এবং তাদের পূর্ববর্তীরাও মিথ্যা বলেছিল, অথচ তাদেরকে আমি যা দিয়েছিলাম (সে তুলনায়)

৫
ع
৬
১১
রুকু

بَلَغُوا مِعْشَارَ مَا آتَيْنَاهُمْ فَكَذَّبُوا رُسُلِي ۖ فَكَيْفَ كَانَ نَكِيرِ ۝ قُلْ إِنَّمَا أَعِظُكُم

বালাগূ 'মিশা-রা মা~আ-তাইনা-হুম ফাকায্যাবূ রুসুলী, ফাকাইফা কা-না নাকীর। ৪৬। ক্বুল্ ইন্নামা~আ'ইজুকুম
এদের তার দশ ভাগের এক ভাগও পৌঁছেনি, এরপরেও তারা আমার রাসূলকে অস্বীকার করেছিল। অতঃপর কেমন হয়েছিল (প্রত্যাখ্যানের) শাস্তি। (৪৬) বলুন, আমি তোমাদেরকে

بِوَاحِدَةٍ ۖ أَن تَقُومُوا لِلَّهِ مَثْنَىٰ وَفُرَادَىٰ ثُمَّ تَتَفَكَّرُوا ۚ مَا بِصَاحِبِكُم

বিওয়া-হিদাতিন্, আন্ তাকূমূ লিল্লা-হি মাছ্না- ওয়া ফুরা-দা-ছুম্মা তাতাফাক্কারূ, মা- বিস্বা-হিবিকুম
শুধু একটি কথারই উপদেশ দিতেছি যে, তোমরা আল্লাহর (সন্তুষ্টির) জন্য দুজন, বা একজন করে (নবীর মজলিস থেকে) দাঁড়িয়ে চিন্তা করে দেখ! দেখবে, তোমাদের সাথী

○ বিশ্লেষণ (আঃ ৪২) ঃ 'ظلموا' – জালিম হচ্ছে তারা, যারা আল্লাহ ব্যতীত অন্যকে শরীক করে শিরক' হলো বড় জুলুম। এ কারণে মুশরিকরা বড় জালিম। (কুঃ কারীম) ○ টীকা (আঃ ৪৩) ঃ তাদের বক্তব্য এই যে, এই ব্যক্তি নবী নহে এবং ধর্মের প্রতি তার আহ্বানও আল্লাহর তরফ হতে নয়; বরং তারা ইচ্ছা আমাদের উপর নেতৃত্ব করা। (বঃ কোঃ) ○ টীকা (আঃ ৪৪) ঃ অর্থাৎ, এই কাফেরদের প্রতি এই নবী এবং এই কোরআন, সম্পূর্ণরূপে নূতন। বনীইসরাঈলের ন্যায় এদের উপর কোন কিতাবও নাযিল করা হয় নি এবং কোন নবীরও আগমন হয় নি। (বঃ কোঃ) ○ টীকা (আঃ ৪৫) ঃ অর্থাৎ তাদের ন্যায় শক্তি, আয়ু, এবং ধন-সম্পদ এরা প্রাপ্ত হয় নি; যদ্বারা মানুষ সাধারণতঃ প্রতারিত হয়ে থাকে এবং যা সাধারণতঃ অহংকারের বিষয়। (বঃ কোঃ)

مِنْ جِنَّةٍ ۚ إِنْ هُوَ إِلَّا نَذِيرٌ لَّكُم بَيْنَ يَدَيْ عَذَابٍ شَدِيدٍ ﴿٤٧﴾ قُلْ مَا سَأَلْتُكُم

মিন্ জ্বিন্নাতিন্ ; ইন্ হুওয়া ইল্লা- নাযীরুল্লাকুম্ বাইনা ইয়াদাই 'আযা-বিন্ শাদীদ্ । ৪৭ । কুল্ মা- সাআল্তুকুম্
উন্মাদ নহে। সে তো তোমাদের সামনে এক কঠিন শাস্তি আসার পূর্বে সে সম্পর্কে তোমাদেরকে শুধু সাবধানকারী। (৪৭) বলুন, তোমাদের কাছে আমি যদি কিছু

مِّنْ أَجْرٍ فَهُوَ لَكُمْ ۖ إِنْ أَجْرِيَ إِلَّا عَلَى اللَّهِ ۖ وَهُوَ عَلَىٰ كُلِّ شَيْءٍ شَهِيدٌ ﴿٤٨﴾ قُلْ

মিন্ আজ্বরিন্ ফাহুওয়া লাকুম ; ইন্ আজ্বরিয়া ইল্লা- 'আলাল্লা-হি, ওয়া হুওয়া 'আলা- কুল্লি শাইয়িন্ শাহীদ্ । ৪৮ । কুল
পারিশ্রমিক বাবদ, চেয়ে থাকি তা তোমাদেরই জন্য। আমার পরিশ্রমিক তো আল্লাহরই কাছে এবং তিনি সব বিষয়ের প্রত্যক্ষদর্শী। (৪৮) বলুন,

إِنَّ رَبِّي يَقْذِفُ بِالْحَقِّ عَلَّامُ الْغُيُوبِ ﴿٤٩﴾ قُلْ جَاءَ الْحَقُّ وَمَا يُبْدِئُ الْبَاطِلُ

ইন্না রাব্বী ইয়াক্বযিফু বিল্ হাক্কি, 'আল্লা-মুল্ গুয়ূব্ । ৪৯ । কুল্ জ্বা—আল্ হাক্কু ওয়া মা-ইউব্দিউল্ বা-ত্বিলু
নিশ্চয়ই আমার রব সত্য (ওহী) নাযিল করেন। তিনি অদৃশ্য বিষয়ে মহাজ্ঞানী। (৪৯) বলুন, সত্য এসেছে এবং মিথ্যা না পারে প্রথমে কিছু সৃষ্টি এবং না পারে কোন কিছুর

وَمَا يُعِيدُ ﴿٥٠﴾ قُلْ إِن ضَلَلْتُ فَإِنَّمَا أَضِلُّ عَلَىٰ نَفْسِي ۖ وَإِنِ اهْتَدَيْتُ فَبِمَا

ওয়ামা- ইউ'ঈদ । ৫০ । কুল্ ইন্ দ্বালাল্তু ফাইন্নামা~আদিল্লু 'আলা- নাফ্সী ওয়া ইনিহ্ তাদাইতু ফাবিমা-
পুনরুত্থান ঘটাতে। (৫০) বলুন, যদি আমি বিভ্রান্ত হয়ে যাই, তবে আমার বিভ্রান্তির দায় আমার নিজের উপরই। আর যদি আমি (সত্য) পথে থাকি, তবে তার কারণ, আমার

يُوحِي إِلَيَّ رَبِّي ۚ إِنَّهُ سَمِيعٌ قَرِيبٌ ﴿٥١﴾ وَلَوْ تَرَىٰ إِذْ فَزِعُوا فَلَا فَوْتَ وَأُخِذُوا

ইউহ্বী~ইলাইয়্যা রাব্বী ; ইন্নাহূ সামী'উন্ কারীব্ । ৫১ । ওয়া লাও তারা~ইয্ ফাযি'উ ফালা- ফাওতা ওয়া উখিযূ
রবের সে ওহী, যা তিনি আমার কাছে প্রেরণ করেন। নিশ্চয়ই তিনি সর্বশ্রোতা, অতি নিকটতম। (৫১) আর আপনি যদি (সে দৃশ্য) দেখতেন,
যখন তারা আতঙ্কিত হয়ে পড়বে, তারা কোথাও ভাগতে পারবে না এবং তাদেরকে

مِن مَّكَانٍ قَرِيبٍ ﴿٥٢﴾ وَقَالُوا آمَنَّا بِهِ وَأَنَّىٰ لَهُمُ التَّنَاوُشُ مِن مَّكَانٍ بَعِيدٍ ○

মিম্ মাকা-নিন্ ক্বারীব্ । ৫২ । ওয়া ক্বা-লূ~আ-মান্না- বিহী, ওয়া আন্না- লাহুমুত্ তানা-উশু মিম্ মাকা-নিম্ বা'ঈদ্ ।
নিকটবর্তী জায়গা হতে পাকড়াও করা হবে। (৫২) তারা বলবে, আমরা এতে বিশ্বাস আনলাম, কিন্তু এত দূরবর্তী জায়গা হতে (কাঙ্ক্ষিত বস্তু) কিভাবে হাতে পাওয়া সম্ভব?

﴿٥٣﴾ وَقَدْ كَفَرُوا بِهِ مِن قَبْلُ ۖ وَيَقْذِفُونَ بِالْغَيْبِ مِن مَّكَانٍ بَعِيدٍ ﴿٥٤﴾ وَحِيلَ بَيْنَهُمْ

৫৩ । ওয়া ক্বাদ্ কাফারূ বিহী মিন্ কাব্লু, ওয়া ইয়াক্বযিফূনা বিল্গাইবি মিম্ মাকা-নিম্ বা'ঈদ্ ৫৪ । ওয়া হ্বীলা বাইনাহুম্
(৫৩) তারা তো একে পূর্বে অবিশ্বাস করেছিল এবং তারা দূরবর্তী স্থান হতে (বিনা প্রমাণে) অদৃশ্যভাবে (অনুমান করে) মন্তব্য ছুঁড়ে দিত। (৫৪) তাদের ও তাদের কামনীয়

وَبَيْنَ مَا يَشْتَهُونَ كَمَا فُعِلَ بِأَشْيَاعِهِم مِّن قَبْلُ ۚ إِنَّهُمْ كَانُوا فِي شَكٍّ مُّرِيبٍ ○

ع ৬ ১২ রুকূ

ওয়া বাইনা মা- ইয়াশ্তাহূনা কামা- ফু'ইলা বিআশ্ইয়া-'ইহিম্ মিন্ ক্বাব্লু ; ইন্নাহুম কা-নূ ফী শাক্কিম্ মুরীব্ ।
বস্তুর মধ্যে আড়াল করে দেয়া হয়েছে, যেমন করা হয়েছিল এর পূর্বে তাদের অনুসারীদের জন্য! তারাও সন্দেহের মধ্যে পড়ে ইতস্তত করছিল।

○ বিশ্লেষণ (আঃ ৪৯) ঃ جاء الحق - সত্য দ্বারা কুরআন, ইসলাম অথবা নবীর (সা) আগমনকে বুঝানো হয়েছে এবং মিথ্যা দ্বারা ইবলিস অথবা মূর্তিকে বুঝানো হয়েছে। (তাঃ কাদেরী) ○ টীকা (আঃ ৫০) ঃ এর অর্থ এই নয় যে, বাতিল পন্থীদের আড়ম্বর চিরতরে বিলুপ্ত হয়েছে; বরং অর্থ এই যে, সত্য ধর্মের আবির্ভাবের পূর্বে যেমন কোন কোন সময় মিথ্যার প্রতি সত্য হওয়ার সন্দেহ হত, এখন হতে মিথ্যার সেই গুণটি চিরতরে বিলুপ্ত হয়ে গেল। আর কখনও একে সত্য বলে সন্দেহ হবে না। (বঃ কোঃ) ○ টীকা (আঃ ৫২) ঃ অর্থাৎ, কার্যক্ষেত্র হিসাবে পৃথিবীই ছিল ঈমান আনয়নের স্থান, যা এখন পরলোকে তা তাদের হতে বহু দূরে। পক্ষান্তরে পৃথিবীতে প্রত্যাবর্তনের আর কোন সম্ভাবনাও নেই। তদুপরি অদৃশ্যের প্রতিই ঈমান আনয়ন করার নির্দেশ ছিল; স্বচক্ষে দর্শন করে নয়। অতএব, এখন পরলোকে ঈমান গৃহীত হবে না। (বঃ কোঃ)

সূরা ফা-ত্বির
মক্কী

بِسْمِ اللَّهِ الرَّحْمَٰنِ الرَّحِيمِ ○
বিসমিল্লা-হির রাহ্মা-নির রাহীম
পরম দাতা ও দয়ালু আল্লাহ্র নামে শুরু করছি

আয়াত ঃ ৪৫
রুকূ ঃ ৫

﴿١﴾ الْحَمْدُ لِلَّهِ فَاطِرِ السَّمَاوَاتِ وَالْأَرْضِ جَاعِلِ الْمَلَائِكَةِ رُسُلًا أُولِي أَجْنِحَةٍ

১। আল্হাম্দু লিল্লা-হি ফা-ত্বিরিস্ সামা-ওয়া-তি ওয়াল্ আর্দ্বি জা-'ইলিল্ মালা—ইকাতি রুসুলান্ উলী~আজ্নিহাতিম্
(১) সব প্রশংসা আকাশ ও পৃথিবীর সৃষ্টিকর্তা আল্লাহর জন্য, যিনি ফিরিশতাগণকে সংবাদ বাহক হিসেবে নিয়োগকারী, যাদের

مَّثْنَىٰ وَثُلَاثَ وَرُبَاعَ ۚ يَزِيدُ فِي الْخَلْقِ مَا يَشَاءُ ۚ إِنَّ اللَّهَ عَلَىٰ كُلِّ شَيْءٍ قَدِيرٌ ○

মাছ্না- ওয়া ছুলা-ছা ওয়া রুবা-'আ, ইয়াযীদু ফিল্ খাল্ক্বি মা- ইয়াশা—উ ; ইন্নাল্লা-হা 'আলা- কুল্লি শাইয়িন্ ক্বাদীর।
দু' দু', তিন তিন ও চার চারটি পাখা আছে তিনি (আল্লাহ) সৃষ্টির মধ্যে যত ইচ্ছা (আরও পাখা) বাড়িয়ে দেন; আল্লাহ সব বিষয়ের উপর পূর্ণ ক্ষমতাবান।

﴿٢﴾ مَّا يَفْتَحِ اللَّهُ لِلنَّاسِ مِن رَّحْمَةٍ فَلَا مُمْسِكَ لَهَا ۖ وَمَا يُمْسِكْ فَلَا مُرْسِلَ لَهُ

২। মা- ইয়াফ্তাহিল্লা-হু লিন্না-সি মির্ রাহ্মাতিন্ ফালা- মুম্সিকা লাহা-, ওয়া মা- ইউম্সিক্, ফালা- মুর্সিলা লাহূ
(২) আল্লাহ মানুষের জন্য যে রহমত খুলে দেন, কেউ তা বন্ধ করতে পারে না আর যা তিনি বন্ধ করেন, তার পর তা কেউ

مِن بَعْدِهِ ۚ وَهُوَ الْعَزِيزُ الْحَكِيمُ ﴿٣﴾ يَا أَيُّهَا النَّاسُ اذْكُرُوا نِعْمَتَ اللَّهِ عَلَيْكُمْ ۚ

মিম্ বা'দিহী ; ওয়া হুওয়াল্ 'আযীযুল্ হাকীম। ৩। ইয়া~আইয়্যুহান্ না-সুয্কুরূ নি'মাতাল্লা-হি 'আলাইকুম ;
জারী করতে পারে না। তিনি মহা শক্তিশালী, প্রজ্ঞাবান। (৩) হে মানুষ! তোমাদেরকে আল্লাহ যে নেয়ামত দান করেছেন তা স্মরণ কর। আল্লাহ

هَلْ مِنْ خَالِقٍ غَيْرُ اللَّهِ يَرْزُقُكُم مِّنَ السَّمَاءِ وَالْأَرْضِ ۚ لَا إِلَٰهَ إِلَّا هُوَ ۖ فَأَنَّىٰ

হাল্ মিন্ খা-লিক্বিন্ গাইরুল্লা-হি ইয়ারযুকুকুম মিনাস্ সামা—ই ওয়াল্ আর্দ্বি ; লা~ইলা-হা ইল্লা- হুওয়া, ফাআন্না-
ব্যতীত অন্য আর কোন কি সৃষ্টিকর্তা আছে, যে তোমাদেরকে আকাশ ও পৃথিবী হতে? রিযিক দেয়? তিনি ছাড়া আর কোন মাবুদ নেই। সুতরাং তোমরা কোথায় ফিরে

تُؤْفَكُونَ ﴿٤﴾ وَإِن يُكَذِّبُوكَ فَقَدْ كُذِّبَتْ رُسُلٌ مِّن قَبْلِكَ ۚ وَإِلَى اللَّهِ تُرْجَعُ

তু'ফাকূন। ৪। ওয়া ইঁয় ইউকায্যিবূকা ফাক্বাদ্ কুয্যিবাত্ রুসুলুম্ মিন্ ক্বাব্লিকা ; ওয়া ইলাল্লা-হি তুরজ্বা'উল্
যাচ্ছ? (৪) যদি তারা আপনাকে মিথ্যাবাদী বলে তবে তাতে দুঃখ পাবেন না, কেননা আপনার পূর্বেও রাসূলগণকে। মিথ্যাবাদী বলা হয়েছিল আল্লাহর দিকেই সব কিছু

الْأُمُورُ ﴿٥﴾ يَا أَيُّهَا النَّاسُ إِنَّ وَعْدَ اللَّهِ حَقٌّ ۖ فَلَا تَغُرَّنَّكُمُ الْحَيَاةُ الدُّنْيَا ۖ

উমূর। ৫। ইয়া~আইয়্যুহান্ না-সু ইন্না ওয়া'দাল্লা-হি হাক্কুন্ ফালা- তাগুর্রান্নাকুমুল্ হাইয়া-তুদ্ দুনইয়া-,
প্রত্যাবর্তিত হবে। (৫) হে মানুষ! নিশ্চয়ই আল্লাহর ওয়াদা সত্য। সুতরাং এ পার্থিব জীবন যেন তোমাদেরকে ধোঁকায় না ফেলতে পারে

○ বিশ্লেষণ (আঃ ১) ঃ جاعل الملئكة - ফিরিশতাগণ দ্বারা জিবরাইল (আ), মিকাইল (আ), ইস্রাফীল (আ) এবং আযরাইল (আ) গণকে বুঝানো হয়েছে। তাদেরকে নবীগণের (আ) কাছে বাণী বাহক হিসাবে আল্লাহ পাঠাতেন। তাঁদের মধ্যে কতক দু', কতক তিন এবং কতক চার পাখা বিশিষ্ট ছিলেন। তারা যা দিয়ে যমীনে উঠা নামা করতেন। কতক ফিরিশতা এর চেয়ে অধিক পাখা বিশিষ্ট হত। (কুঃ কারীম)
○ টীকা (আঃ ১) ঃ এস্থলে ফেরেশতাদের বার্তাবাহী হওয়ার কথা উল্লেখ করার মধ্যে রহস্য সম্ভবতঃ এই যে, মুশরেকদের মধ্যে কেহ কোন ফেরেশতাগণকেও উপাস্য মনে করিত। সুতরাং তাহাদের বার্তাবাহী হওয়া বুঝান হয়েছে যে, তারা তো আল্লাহ্র আজ্ঞাবহ মাত্র। অতএব, তাদেরকে উপাস্য হিসাবে মান্য করা ভিত্তিহীন। (বঃ কোঃ)

وَلَا يَغُرَّنَّكُمْ بِاللّٰهِ الْغَرُوْرُ ۝٥ إِنَّ الشَّيْطٰنَ لَكُمْ عَدُوٌّ فَاتَّخِذُوْهُ عَدُوًّا ۭ إِنَّمَا

ওয়ালা- ইয়াগুর্‌রান্নাকুম্ বিল্লা-হিল্ গারূর । ৬ । ইন্নাশ্ শাইত্বা-না লাকুম 'আদুওয়্যুন্ ফাত্তাখিযূহু আ'দুওয়্যান ; ইন্নামা-

এবং ধোঁকাবাজ শয়তান যেন তোমাদেরকে আল্লাহ সম্পর্কে ধোঁকায় না ফেলে। (৬) নিশ্চয়ই শয়তান তোমাদের শত্রু, সুতরাং তোমরা তাকে শত্রু বলেই জান।

يَدْعُوْا حِزْبَهٗ لِيَكُوْنُوْا مِنْ اَصْحٰبِ السَّعِيْرِ ۝٦ اَلَّذِيْنَ كَفَرُوْا لَهُمْ عَذَابٌ

ইয়াদ্'উ হিয্‌বাহূ লিইয়াকূনূ মিন্ আস্বহা-বিস্ সা'ঈর। ৭। আল্লাযীনা কাফারূ লাহুম 'আযা-বুন্

সে তো তার দলকে (শুধু) এজন্যই ডাকে, যাতে (তারা) জাহান্নামের অধিবাসী হয়ে যায়। (৭) যারা কাফির তাদের জন্য

شَدِيْدٌ ۬ۚ وَالَّذِيْنَ اٰمَنُوْا وَعَمِلُوا الصّٰلِحٰتِ لَهُمْ مَّغْفِرَةٌ وَّاَجْرٌ كَبِيْرٌ ۝٧ اَفَمَنْ

শাদীদুন ; ওয়াল্লাযীনা আ-মানূ ওয়া 'আমিলুস্ব স্বা-লিহ্বা-তি লাহুম্ মাগ্‌ফিরাতুওঁ ওয়া আজ্‌রুন্ কাবীর। ৮। আফামান্

রয়েছে কঠিন শাস্তি। আর যারা ঈমান আনে ও নেক কাজ করে তাদের জন্য রয়েছে ক্ষমা ও মহা পুরস্কার। (৮) যার সামনে তার

زُيِّنَ لَهٗ سُوْٓءُ عَمَلِهٖ فَرَاٰهُ حَسَنًا ۭ فَاِنَّ اللّٰهَ يُضِلُّ مَنْ يَّشَاۗءُ وَيَهْدِيْ مَنْ يَّشَاۗءُ

যুইয়্যিনা লাহূ সূ—উ 'আমালিহী ফারাআ-হু হ্বাসানান্ ; ফাইন্নাল্লা-হা ইউদ্বিল্লু মাইঁ ইয়াশা—উ ওয়া ইয়াহ্‌দী মাইঁ ইয়াশা—উ,

খারাপ কাজগুলো শোভাময় করে দেখান হয় এবং সেগুলো সে উত্তম হিসেবে দেখে, (সেকি পুণ্যবানদের সমান)? আল্লাহ যাকে চান বিভ্রান্ত করেন এবং যাকে চান সঠিক পথ

فَلَا تَذْهَبْ نَفْسُكَ عَلَيْهِمْ حَسَرٰتٍ ۭ اِنَّ اللّٰهَ عَلِيْمٌۢ بِمَا يَصْنَعُوْنَ ۝٨ وَاللّٰهُ

ফালা- তায্‌হাব্ নাফ্‌সুকা 'আলাইহিম্ হ্বাসারা-তিন ; ইন্নাল্লা-হা 'আলীমুম্ বিমা- ইয়াস্বনা'উন। ৯। ওয়াল্লা-হুল্

প্রদর্শন করেন। সুতরাং তাদের (বিভ্রান্তির) ব্যাপারে দুঃখ করে আপনি নিজ জীবনকে ধ্বংসের দিকে নিবেন না। তারা যা কিছু করে, আল্লাহ তা ভাল করেই জানেন। (৯) আল্লাহ

الَّذِيْٓ اَرْسَلَ الرِّيٰحَ فَتُثِيْرُ سَحَابًا فَسُقْنٰهُ اِلٰى بَلَدٍ مَّيِّتٍ فَاَحْيَيْنَا بِهِ الْاَرْضَ

লাযী~আরসালার রিয়া-হ্বা ফাতুছীরু সাহ্বা-বান্ ফাসুক্‌না-হু ইলা-বালাদিম্ মাইয়্যিতিন্ ফাআহ্বইয়াইনা- বিহিল্ আর্‌দ্বা

যিনি বায়ু চালিয়ে (তা দ্বারা) মেঘসমূহ উত্তোলন করেন। অতঃপর আমি মেঘমালাকে শুষ্ক যমীনের দিকে (চালিয়ে) নিয়ে যাই এবং তা দ্বারা যমীনকে

بَعْدَ مَوْتِهَا ۭ كَذٰلِكَ النُّشُوْرُ ۝٩ مَنْ كَانَ يُرِيْدُ الْعِزَّةَ فَلِلّٰهِ الْعِزَّةُ جَمِيْعًا ۭ اِلَيْهِ

বা'দা মাওতিহা-; কাযা-লিকান্ নুশূর। ১০। মান্ কা-না ইউরীদুল্ 'ইয্‌যাতা ফালিল্লা-হিল্ 'ইয্‌যাতু জ্বামী'আন্ ; ইলাইহি

তার শুষ্কতার পর; জীবিত (সতেজ) করি পুনরুত্থান অনরূপ ভাবেই হবে। (১০) যে ব্যক্তি সম্মান অর্জন করতে চায় (তাকে বলুন) সব সম্মান আল্লাহরই (কাছে)।

يَصْعَدُ الْكَلِمُ الطَّيِّبُ وَالْعَمَلُ الصَّالِحُ يَرْفَعُهٗ ۭ وَالَّذِيْنَ يَمْكُرُوْنَ السَّيِّاٰتِ

ইয়াস্ব'আদুল্ কালিমুত্ব ত্বাইয়্যিবু ওয়াল্ 'আমালুস্ব স্বা-লিহু ইয়ার্‌ফা'উহূ ; ওয়াল্লাযীনা ইয়াম্‌কুরূনাস্ সাইয়্যিআ-তি

তাঁর দিকে আরোহন করলে পবিত্র বাক্যসমূহ এবং নেক কাজ আরো উন্নত করে। আর যারা খারাপ কাজের ষড়যন্ত্র করে,

○ টীকা (আঃ ৮) ঃ প্রথমোক্ত ব্যক্তি কাফের। যে ব্যক্তি শয়তানের কুমন্ত্রণার ফলে মিথ্যাকে সত্য এবং অনিষ্টকারীকে উপকারী মনে করছে। আর অপর ব্যক্তি মু'মেন, যে নবীগণের আনুগত্য এবং শয়তানের বিরোধিতার ফলে মিথ্যাকে মিথ্যা এবং সত্যকে সত্য বলে জানে। এই উভয় ব্যক্তি কখনও সমান হতে পারে না। এজন্যই বলছি শয়তানের ধোঁকায় পড়িও না। শয়তান তোমাদের শত্রু। (বঃ কোঃ) ○ বিশ্লেষণ (আঃ ১০) ঃ الكلم الطيب –পবিত্র বাক্য দ্বারা বুঝানো হয়েছে, তাসবীহ, তিলাওয়াত, নেককাজের উপদেশ ও অসৎকাজের নিষেধ। "আরোহণ" অর্থ কবুল করা। অর্থাৎ, ফিরিশতাগণ বান্দার উল্লিখিত নেক কাজগুলো নিয়ে আকাশে আরোহণ করেন। যাতে আল্লাহ বড় প্রতিদান দেন। (কুঃ কাঃ)

لَهُمْ عَذَابٌ شَدِيْدٌ ۭ وَمَكْرُ اُولٰۗىِٕكَ هُوَ يَبُوْرُ ۝١٠ وَاللّٰهُ خَلَقَكُمْ مِّنْ تُرَابٍ

লাহুম 'আযা-বুন্ শাদীদুন ; ওয়া মাক্‌রু উলা—ইকা হুওয়া ইয়াবূর। ১১। ওয়াল্লা-হু খালাক্বাকুম্ মিন্ তুরা-বিন্

তাদের জন্য রয়েছে কঠিন শাস্তি এবং তাদের (এ) ষড়যন্ত্র ব্যর্থ হয়ে যাবে। (১১) আল্লাহ তোমাদেরকে মাটি হতে, পরে বীর্য হতে সৃষ্টি করেছেন,

ثُمَّ مِنْ نُّطْفَةٍ ثُمَّ جَعَلَكُمْ اَزْوَاجًا ۭ وَمَا تَحْمِلُ مِنْ اُنْثٰى وَلَا تَضَعُ اِلَّا بِعِلْمِهٖ ۭ

ছুম্মা মিন্ নুত্ব্‌ফাতিন্ ছুম্মা জ্বা'আলাকুম্ আয্‌ওয়া-জ্বান ; ওয়ামা- তাহ্বমিলু মিন্ উন্‌ছা- ওয়ালা- তাদ্বা'উ ইল্লা- বি'ইল্‌মিহী ;

অতঃপর তোমাদেরকে বানিয়েছেন জোড়া জোড়া (পুরুষ, নারী)। তাঁর অজ্ঞাতে কোন নারী গর্ভ ধারণ করে না এবং (সন্তান) প্রসব করে না এবং কোন

وَمَا يُعَمَّرُ مِنْ مُّعَمَّرٍ وَّلَا يُنْقَصُ مِنْ عُمُرِهٖٓ اِلَّا فِيْ كِتٰبٍ ۭ اِنَّ ذٰلِكَ عَلَى اللّٰهِ

ওয়া মা- ইউ'আম্মারু মিম্ মু'আম্মারিওঁ ওয়ালা- ইউন্‌ক্বাসু মিন্ 'উমুরিহী~ইল্লা- ফী কিতা-বিন ; ইন্না যা-লিকা 'আলাল্লা-হি

বয়স্ক ব্যক্তির বয়স বাড়ানো হয় না এবং কমানোও হয় না তার বয়স থেকে। তা সবই কিতাবে (লাওহে মাহফুজে) রয়েছে নিশ্চয়ই এটা আল্লাহর জন্য

يَسِيْرٌ ۝١١ وَمَا يَسْتَوِي الْبَحْرٰنِ ڰ هٰذَا عَذْبٌ فُرَاتٌ سَاۗىِٕغٌ شَرَابُهٗ وَهٰذَا مِلْحٌ

ইয়াসীর। ১২। ওয়া মা- ইয়াস্‌তাওয়িল্ বাহ্বরা-নি, হা-যা- 'আয্‌বুন্ ফুরা-তুন সা—ইগুন্ শারা-বুহূ ওয়া হা-যা- মিল্‌হুন্

খুবই সহজ। (১২) দুটি সমুদ্র সমান নহে– এর একটি মিষ্টি সুস্বাদু (পানি) যা তৃপ্তিদায়ক। আর অন্যটি লোনা পানি। তোমরা (এ দুটি সমুদ্রের) প্রত্যেকটি

اُجَاجٌ ۭ وَمِنْ كُلٍّ تَاْكُلُوْنَ لَحْمًا طَرِيًّا وَّتَسْتَخْرِجُوْنَ حِلْيَةً تَلْبَسُوْنَهَا ۚ وَتَرَى

উজ্বা-জ্বুন ; ওয়া মিন্ কুল্লিন্ তা'কুলূনা লাহ্বমান্ ত্বারিয়্যাওঁ ওয়া তাস্‌তাখ্‌রিজূনা হ্বিল্‌ইয়াতান্ তাল্‌বাসূনাহা-, ওয়া তারাল্

হতেই, তাজা গোশত খাও (অর্থাৎ মাছ) এবং তোমরা বের কর (মণি-মুক্তার) গহনাদি, যা তোমরা পরে থাক। তোমরা দেখতেছ যে, বড় বড় নৌকা (উভয়) সমুদ্রের মধ্যে

الْفُلْكَ فِيْهِ مَوَاخِرَ لِتَبْتَغُوْا مِنْ فَضْلِهٖ وَلَعَلَّكُمْ تَشْكُرُوْنَ ۝١٢ يُوْلِجُ الَّيْلَ فِي

ফুল্‌কা ফীহি মাওয়া-খিরা লিতাব্‌তাগূ মিন্ ফাদ্বলিহী ওয়া লা'আল্লাকুম্ তাশ্‌কুরূন। ১৩। ইউলিজুল্ লাইলা ফিন্

পানি ভেদ করে (তীরে) চলাচল করে, যাতে তোমরা তাঁর অনুগ্রহ অন্বেষণ করতে পার এবং যেন তোমরা কৃতজ্ঞতা প্রকাশ কর। (১৩) তিনি (আল্লাহ) রাতকে দিবসে এবং

النَّهَارِ وَيُوْلِجُ النَّهَارَ فِي الَّيْلِ ۙ وَسَخَّرَ الشَّمْسَ وَالْقَمَرَ ڮ كُلٌّ يَّجْرِيْ

নাহা-রি ওয়া ইউলিজুন্ নাহা-রা ফিল্ লাইলি, ওয়া সাখ্‌খারাশ্ শাম্‌সা ওয়াল্ ক্বামারা, কুল্লুইঁ ইয়াজ্বরী

দিবসকে রাতের মধ্যে প্রবেশ করান এবং সূর্য ও চন্দ্রকে কাজে লাগিয়ে দিয়েছেন, তারা প্রত্যেকেই (তার) নির্দিষ্ট সময়

لِاَجَلٍ مُّسَمًّى ۭ ذٰلِكُمُ اللّٰهُ رَبُّكُمْ لَهُ الْمُلْكُ ۭ وَالَّذِيْنَ تَدْعُوْنَ مِنْ دُوْنِهٖ

লিআজ্বালিম্ মুসাম্মান ; যা-লিকুমুল্লা-হু রাব্বুকুম্ লাহুল্ মুল্‌কু ; ওয়াল্লাযীনা তাদ্'উনা মিন্ দূনিহী

কাল পর্যন্ত চলে। তিনি আল্লাহই তোমাদের প্রতিপালক। রাজত্ব (কর্তৃত্ব) একমাত্র তাঁরই। তোমরা আল্লাহ ব্যতীত যাদেরকে ডাক।

○ টীকা (আঃ ১০) ঃ কুরাইশ ও মক্কার কাফেরদের একটি পরামর্শ গৃহ ছিল। যার নাম ছিল দারুন নুদওয়াহ্। মুসলমানদেরকে কিভাবে নির্যাতন করা যায় এবং নির্যাতনের মাত্রা কতটুকু নির্মম করা যায়– তারা এসব বিষয় নিয়ে সেখানে আলোচনা করতো। একবার তারা সেই দারুন নুদওয়াতে রাসূল (স)-এর ব্যাপারে পরামর্শ করে। পরামর্শ শেষে সেখানে তারা তিনটি বিষয়ের সুপারিশ করে বলে, এর মধ্যে থেকে তোমাদেরকে যেকোন একটি বেছে নিতে হবে। এক, তাঁকে স্বীকৃতি দেয়া। দুই, তাঁকে হত্যা করা (নাউযুবিল্লাহ)। তিন, তাঁকে দেশান্তারিত করা। অত্র আয়াতে তাদের এসব চক্রান্তের প্রতিই ইংগিত করা হয়েছে। (শাঃ হিঃ)

مَا يَمْلِكُوْنَ مِنْ قِطْمِيْرٍ ﴿١٤﴾ اِنْ تَدْعُوْهُمْ لَا يَسْمَعُوْا دُعَآءَكُمْ ۚ وَلَوْ سَمِعُوْا

মা- ইয়াম্লিকূনা মিন্ ক্বিত্বমীর। ১৪। ইন্ তাদ্'উহুম্ লা-ইয়াস্মা'উ দু'আ—আকুম্, ওয়ালাও সামি'উ
তারা তো খেজুর বীচিরও মালিক নয়। (১৪) যদি তোমরা তাদেরকে ডাক, তারা তোমাদের সে ডাক শোনবে না; আর (ধরে নাও) যদিও শোনে, তবু তোমাদের

مَا اسْتَجَابُوْا لَكُمْ ۖ وَيَوْمَ الْقِيٰمَةِ يَكْفُرُوْنَ بِشِرْكِكُمْ ۖ وَلَا يُنَبِّئُكَ مِثْلُ

মাস্তাজ্বা-বূ বলাকুম ; ওয়া ইয়াওমাল্ ক্বিয়া-মাতি ইয়াক্ফুরূনা বিশির্কিকুম ; ওয়া লা-ইউনাব্বিউকা মিছ্লু
(ডাকের) জবাব দিতে পারবে না। বরং কিয়ামতের দিন তোমাদের এ শরীক নির্ধারণের ব্যাপারটিকে অস্বীকার করবে। আর তোমাকে কেউই সর্বজ্ঞ; (আল্লাহ) এর

خَبِيْرٍ ﴿١٤﴾ يٰٓاَيُّهَا النَّاسُ اَنْتُمُ الْفُقَرَآءُ اِلَى اللّٰهِ ۚ وَاللّٰهُ هُوَ الْغَنِيُّ الْحَمِيْدُ ﴿١٥﴾

খাবীর। ১৫। ইয়া~আইয়্যুহান্ না-সু আন্তুমুল্ ফুক্বারা—উ ইলাল্লা-হি, ওয়াল্লা-হু হুওয়াল্ গানিয়্যুল্ হ্বামীদ্।
ন্যায় খবর দিবে না। (১৫) হে মানুষ! তোমরা তো আল্লাহর মুখাপেক্ষী এবং আল্লাহ-অমুখাপেক্ষী, মহা প্রশংসিত।

اِنْ يَّشَاْ يُذْهِبْكُمْ وَيَاْتِ بِخَلْقٍ جَدِيْدٍ ﴿١٦﴾ وَمَا ذٰلِكَ عَلَى اللّٰهِ بِعَزِيْزٍ ﴿١٧﴾ وَلَا

১৬। ইঁয় ইয়াশা' ইউয্হিব্কুম ওয়া ইয়া'তি বিখাল্ক্বিন্ জ্বাদীদ্। ১৭। ওয়া মা- যা-লিকা 'আলাল্লা-হি বি'আযীয্। ১৮। ওয়ালা-
(১৬) তিনি যদি চান তোমাদেরকে (ধ্বংস করে) নিয়ে যেতে পারেন এবং আনতে পারেন নূতন (এক) সৃষ্টি। (১৭) এ আল্লাহর জন্য কোনই মুশকিলের নয়। (১৮) কোন

تَزِرُ وَازِرَةٌ وِّزْرَ اُخْرٰى ۚ وَاِنْ تَدْعُ مُثْقَلَةٌ اِلٰى حِمْلِهَا لَا يُحْمَلْ مِنْهُ شَيْءٌ

তাযিরু ওয়া-যিরাতুওঁ ওয়িয্রা উখ্রা- ; ওয়াইন্ তাদ্'উ মুছ্ক্বালাতুন্ ইলা- হ্বিম্লিহা- লা-ইউহ্মাল্ মিন্হু শাইউওঁ
বোঝা বহনকারী অন্যের বোঝা বহন করবে না। আর যদি কোন ভারার্পিত ব্যক্তি তার বোঝা বহন করার জন্য কাউকে ডাকে- তবে তা থেকে মোটেই বহন করা হবে না

وَّلَوْ كَانَ ذَا قُرْبٰى ۗ اِنَّمَا تُنْذِرُ الَّذِيْنَ يَخْشَوْنَ رَبَّهُمْ بِالْغَيْبِ وَاَقَامُوا

ওয়ালাও কা-না যা-ক্বুরবা-; ইন্নামা- তুন্যিরুল্ লাযীনা ইয়াখ্শাওনা রাব্বাহুম্ বিল্গাইবি ওয়া আক্বা-মুস্ব
যদিও সে নিকটতম আত্মীয় হয়। আপনি শুধু তাদেরকেই সতর্ক করে দিতে পারেন, যারা তাদের প্রতিপালককে অদৃশ্য ভাবে ভয় করে এবং

الصَّلٰوةَ ۗ وَمَنْ تَزَكّٰى فَاِنَّمَا يَتَزَكّٰى لِنَفْسِهٖ ۗ وَاِلَى اللّٰهِ الْمَصِيْرُ ﴿١٨﴾ وَمَا يَسْتَوِي

স্বালা-তা ; ওয়া মান্ তাযাক্কা- ফাইন্নামা- ইয়াতাযাক্কা- লিনাফ্সিহী ; ওয়া ইলাল লা-হিল্ মাস্বীর। ১৯। ওয়ামা- ইয়াসতাওয়িল্
নামাজ কায়েম করে। যে (গুনাহ থেকে) পবিত্র হয়, সে শুধু তার নিজের (কল্যাণের) জন্যই পবিত্র হয়। (সকলের) প্রত্যাবর্তন আল্লাহর কাছেই। (১৯) দৃষ্টিহীন (ব্যক্তি)

الْاَعْمٰى وَالْبَصِيْرُ ﴿١٩﴾ وَلَا الظُّلُمٰتُ وَلَا النُّوْرُ ﴿٢٠﴾ وَلَا الظِّلُّ وَلَا الْحَرُوْرُ ﴿٢١﴾ وَمَا

'আমা- ওয়াল্ বাস্বীর। ২০। ওয়ালায্ জুলুমা-তু ওয়ালান্ নূর। ২১। ওয়া লায্ জিল্লু ওয়ালাল্ হ্বারূর। ২২। ওয়ামা-
এবং দৃষ্টিসম্পন্ন (ব্যক্তি) সমান নয়। (২০) অন্ধকার ও আলো সমান নয়। (২১) এবং সমান নয় ছায়া ও (রোদের) তাপ। (২২) এবং

○ বিশ্লেষণ (আঃ ১৮) ঃ تزكى - অর্থ, শিরক ও অশ্লীল বাজ হতে পবিত্র থাকা।
○ বিশ্লেষণ (আঃ ১৯) ঃ ......اعمى - দৃষ্টিহীন দ্বারা কাফির এবং দৃষ্টিসম্পন্ন দ্বারা মুমিনকে বুঝানো হয়েছে।
○ বিশ্লেষণ (আঃ ২০) ঃ الظلمت - অন্ধকার দ্বারা বাতিল এবং আলো দ্বারা সত্যকে বুঝানো হয়েছে।
○ বিশ্লেষণ (আঃ ২১) ঃ الظل - ছায়া দ্বারা জান্নাত এবং তাপ দ্বারা জাহান্নামকে বুঝানো হয়েছে।
○ বিশ্লেষণ (আঃ ২২) ঃ احياء - জীবিত দ্বারা, মুমিন এবং মৃত দ্বারা কাফির হে বুঝানো হয়েছে।

يَسْتَوِي الْاَحْيَآءُ وَلَا الْاَمْوَاتُ ۗ اِنَّ اللّٰهَ يُسْمِعُ مَنْ يَّشَآءُ ۚ وَمَآ اَنْتَ بِمُسْمِعٍ

ইয়াস্তাওয়িল্ আহ্বইয়া—উ ওয়ালাল্ আম্ওয়া-তু ; ইন্নাল্লা-হা ইউস্মি'উ মাইঁ ইয়াশা—উ, ওয়া মা~আন্তা বিমুস্মি'ইম্
জীবিত ও মৃত সমান নয়। আল্লাহ যাকে চান, শোনান। আপনি তাদেরকে শোনাতে পারবেন না, যারা কবরে

مَّنْ فِي الْقُبُوْرِ ﴿٢٢﴾ اِنْ اَنْتَ اِلَّا نَذِيْرٌ ﴿٢٣﴾ اِنَّآ اَرْسَلْنٰكَ بِالْحَقِّ بَشِيْرًا وَّنَذِيْرًا ۗ

মান্ ফিল্ ক্বুবূর। ২৩। ইন্ আন্তা ইল্লা- নাযীর। ২৪। ইন্না~আরসাল্না-কা বিল্হ্বাক্ক্বি বাশীরাওঁ ওয়া নাযীরান ;
রয়েছে। (২৩) আপনিতো শুধু সতর্ককারী, (২৪) আমি আপনাকে প্রেরণ করেছি সত্যসহ সুসংবাদদাতা ও সতর্ককারী রূপে। আর পূর্বে এমন কোন উম্মত ছিল না,

وَاِنْ مِّنْ اُمَّةٍ اِلَّا خَلَا فِيْهَا نَذِيْرٌ ﴿٢٤﴾ وَاِنْ يُّكَذِّبُوْكَ فَقَدْ كَذَّبَ الَّذِيْنَ

ওয়া ইম্মিন্ উম্মাতিন্ ইল্লা- খালা-ফীহা- নাযীর। ২৫। ওয়া ইঁয় ইউকায্যিবূকা ফাক্বাদ্ কায্যাবাল্ লাযীনা
যাদের কাছে কোন সতর্ককারী আগমন করেনি। (২৫) যদি তারা আপনাকে অস্বীকার করে, তবে তাদেরকেও তারা অস্বীকার করেছিল, যারা তাদের পূর্বে (নবী) ছিল

مِنْ قَبْلِهِمْ ۚ جَآءَتْهُمْ رُسُلُهُمْ بِالْبَيِّنٰتِ وَبِالزُّبُرِ وَبِالْكِتٰبِ الْمُنِيْرِ ﴿٢٥﴾

মিন্ ক্বাব্লিহিম, জ্বা—আত্হুম্ রুসুলুহুম্ বিল্বাইয়্যিনা-তি ওয়া বিয্যুবুরি ওয়া বিল্কিতা-বিল্ মুনীর।
তাদের কাছেও তাদের রাসূল স্পষ্ট নিদর্শন, সহীফা (আসমানী ছোট্ট কিতাব) এবং আলোকময় কিতাবসহ এসেছিল।

ثُمَّ اَخَذْتُ الَّذِيْنَ كَفَرُوْا فَكَيْفَ كَانَ نَكِيْرِ ﴿٢٦﴾ اَلَمْ تَرَ اَنَّ اللّٰهَ اَنْزَلَ مِنَ

২৬। ছুম্মা আখায্তুল্লাযীনা কাফারূ ফাকাইফা কা-না নাকীর্। ২৭। আলাম্ তারা- আন্নাল্লা-হা আন্যালা মিনাস্
(২৬) অতঃপর আমি সে কাফিরদেরকে পাকড়াও করলাম। কিরূপ ছিল আমার (প্রত্যাখ্যানের) শাস্তি! (২৭) আপনি কি (চিন্তা করে) দেখেন না! আল্লাহ

السَّمَآءِ مَآءً ۚ فَاَخْرَجْنَا بِهٖ ثَمَرٰتٍ مُّخْتَلِفًا اَلْوَانُهَا ۗ وَمِنَ الْجِبَالِ جُدَدٌ

সামা—ই মা—আন্, ফাআখ্রাজ্বনা-বিহী ছামারা-তিম্ মুখ্তালিফান্ আল্ওয়া-নুহা- ওয়া মিনাল্ জ্বিবা-লি জুদাদুম্
আকাশ থেকে পানি (বৃষ্টি) বর্ষণ করেন, অতঃপর আমি (আল্লাহ) তার দ্বারা বিভিন্ন রং এর ফল উৎপন্ন করি? এবং পাহাড়গুলোও

بِيْضٌ وَّحُمْرٌ مُّخْتَلِفٌ اَلْوَانُهَا وَغَرَابِيْبُ سُوْدٌ ﴿٢٧﴾ وَمِنَ النَّاسِ وَالدَّوَآبِّ

বীদুওঁ ওয়া হুম্রুম্ মুখ্তালিফুন্ আল্ওয়া-নুহা- ওয়া গারা-বীবু সূদ্। ২৮। ওয়া মিনান্ না-সি ওয়াদ্ দাওয়া—ব্বি
বিভিন্ন রং-এর– সাদা, লাল এবং একেবারে ঘনকাল গিরিপথ। (২৮) অনরূপভাবে মানুষ, জন্তু

وَالْاَنْعَامِ مُخْتَلِفٌ اَلْوَانُهٗ كَذٰلِكَ ۗ اِنَّمَا يَخْشَى اللّٰهَ مِنْ عِبَادِهِ الْعُلَمٰٓؤُا ۗ

ওয়াল্ আন্'আ-মি মুখ্তালিফুন্ আল্ওয়া-নুহূ কাযা-লিকা ; ইন্নামা- ইয়াখ্শাল্লা-হা মিন্ 'ইবা-দিহিল্ 'উলামা—উ ;
এবং গৃহপালিত পশুর মধ্যেও বিভিন্ন বর্ণ রয়েছে। আল্লাহকে শুধুমাত্র ভয় তারাই করে, যারা তাঁর বান্দাদের মধ্যে (আল্লাহর দ্বীন সম্পর্কে) জ্ঞান রাখে।

○ বিশ্লেষণ (আঃ ২৩) ঃ الا نذير - অর্থাৎ, নেককারী। আপনার দায়িত্বও আল্লাহর দিকে মানুষকে আহ্বান করা। হেদায়েত আল্লাহর ইচ্ছায়। (কুঃ কারীম) ○ টীকা (আঃ ২৭) ঃ কোন কোন সময় বিভিন্ন জন্তুর মধ্যে আর কোন কোন সময় একই প্রকারের প্রাণীর মধ্যে বিবিন্ন বর্ণ হয়ে থাকে। অতএব, যারা এসমস্ত প্রমাণের মধ্যে আল্লাহর মহান ক্ষমতার কথা গবীরভাবে চিন্তা করে, তারা আল্লাহ্ তায়ালার অপার মহিমা উপলব্ধি করতে পারে। (বঃ কোঃ) ○ টীকা (আঃ ২৮) ঃ এর থেকে জানা গেল মাত্র গ্রন্থ পাঠকারী বা কিতাবী বিদ্যার বিধানকে 'আলেম' বলা যায় না; বরং আলেম তিনি যিনি আল্লাহ তায়ালাকে ভয় করেন। (বঃ কোঃ)

إِنَّ اللَّهَ عَزِيزٌ غَفُورٌ ﴿٢٩﴾ إِنَّ الَّذِينَ يَتْلُونَ كِتَابَ اللَّهِ وَأَقَامُوا الصَّلَاةَ وَأَنْفَقُوا

ইন্নাল্লা-হা 'আযীযুন্ গাফূর। ২৯। ইন্নাল্লাযীনা ইয়াত্‌লুনা কিতা-বাল্লা-হি ওয়া আক্বা-মুস্ব স্বালা-তা ওয়া আন্‌ফাকূ
আল্লাহ মহা শক্তিশালী, ক্ষমাশীল। (২৯) যারা আল্লাহর কিতাব (কুরআন মাজীদ) পাঠ করে এবং নামাজ কায়েম করে এবং যা কিছু আমি তাদেরকে প্রদান করেছি,

مِمَّا رَزَقْنَاهُمْ سِرًّا وَعَلَانِيَةً يَرْجُونَ تِجَارَةً لَنْ تَبُورَ ﴿٣٠﴾ لِيُوَفِّيَهُمْ أُجُورَهُمْ

মিম্মা- রাযাক্বনা-হুম্ সির্‌রাওঁ ওয়া'আলা-নিয়াতাইঁ ইয়ার্‌জূনা তিজ্বারাতাল্ লান্ তাবূর। ৩০। লিইউওয়াফ্‌ফিয়াহুম্ উজূরাহুম্
তা থেকে গোপনে ও প্রকাশ্যে ব্যয় করে, তারা এমন ব্যবসার প্রত্যাশী, যা কখনও লোকসান হবার নয়। (৩০) কারণ, আল্লাহ তাদের প্রতিদান পূর্ণভাবে দিবেন

وَيَزِيدَهُمْ مِنْ فَضْلِهِ ۚ إِنَّهُ غَفُورٌ شَكُورٌ ﴿٣١﴾ وَالَّذِي أَوْحَيْنَا إِلَيْكَ مِنَ الْكِتَابِ

ওয়া ইয়াযীদাহুম্ মিন্ ফাদ্বলিহী ; ইন্নাহূ গাফূরুন্ শাকূর। ৩১। ওয়াল্লাযী ~আওহাইনা~ইলাইকা মিনাল্ কিতা-বি
এবং তাঁর নিজ রহমত থেকে তাদের আরও বাড়িয়ে দিবেন। নিশ্চয়ই তিনি ক্ষমাশীল, গুণগ্রাহী। (৩১) আর আমি যে কিতাব (কুরআন) তোমার প্রতি নাযিল করেছি

هُوَ الْحَقُّ مُصَدِّقًا لِمَا بَيْنَ يَدَيْهِ ۗ إِنَّ اللَّهَ بِعِبَادِهِ لَخَبِيرٌ بَصِيرٌ ﴿٣٢﴾ ثُمَّ أَوْرَثْنَا

হুওয়াল্ হাক্বক্বু মুস্বাদ্দিক্বাল্ লিমা- বাইনা ইয়াদাইহি ; ইন্নাল্লা-হা বি'ইবা-দিহী লাখাবীরুম্ বাস্বীর। ৩২। ছুম্মা আওরাছ্‌নাল্
তা সত্য, যে এর পূর্বের কিতাবসমূহের সত্যায়নকারী। নিশ্চয়ই আল্লাহ তাঁর বান্দাদের পূর্ণ খবর রাখেন ও দেখেন। (৩২) অতঃপর আমি সে কিতাব (কুরআন)-এর

الْكِتَابَ الَّذِينَ اصْطَفَيْنَا مِنْ عِبَادِنَا ۖ فَمِنْهُمْ ظَالِمٌ لِنَفْسِهِ ۖ وَمِنْهُمْ مُقْتَصِدٌ ۖ

কিতা-বাল্লাযীনাস্ব ত্বাফাইনা- মিন্ 'ইবা-দিনা- ফামিন্‌হুম্ জা-লিমুল্ লিনাফ্‌সিহী ওয়া মিন্‌হুম মুক্বতাস্বিদুন্,
অধিকারী তাদেরকে করেছি, যাদেরকে আমি আমার বান্দাদের মধ্যে বাছাই করেছি। তবে তার মধ্যে কতক নিজের প্রতি জুলুমকারী এবং কতক মধ্যম পন্থী

وَمِنْهُمْ سَابِقٌ بِالْخَيْرَاتِ بِإِذْنِ اللَّهِ ۚ ذَٰلِكَ هُوَ الْفَضْلُ الْكَبِيرُ ﴿٣٣﴾ جَنَّاتُ عَدْنٍ

ওয়া মিন্‌হুম সা-বিক্বুম্ বিল্‌খাইরা-তি বিইয্‌নিল্লা-হি ; যা-লিকা হুওয়াল্ ফাদ্বলুল্ কাবীর। ৩৩। জ্বান্না-তু 'আদ্‌নিইঁ
এবং তাদের মধ্যে কতক আল্লাহর ইচ্ছায় (রহমতে) কল্যাণ কর কাজে অগ্রগামী। এটা (আল্লাহর) মহান দয়া। (৩৩) তারা সে অবিনশ্বর (স্থায়ী) জান্নাতে

يَدْخُلُونَهَا يُحَلَّوْنَ فِيهَا مِنْ أَسَاوِرَ مِنْ ذَهَبٍ وَلُؤْلُؤًا ۖ وَلِبَاسُهُمْ فِيهَا

ইয়াদ্‌খুলূনাহা- ইউহাল্লাওনা ফীহা- মিন্ আসা-ওয়িরা মিন্ যাহাবিওঁ ওয়া লু'লুওয়ান, ওয়া লিবা-সুহুম ফীহা-
প্রবেশ করবে, সেখানে তাদেরকে সজ্জিত করা হবে স্বর্ণের বালা (চুড়ি) ও মুক্তা (পরানো) দ্বারা এবং সেখানে তাদের পোশাক হবে রেশমী

حَرِيرٌ ﴿٣٤﴾ وَقَالُوا الْحَمْدُ لِلَّهِ الَّذِي أَذْهَبَ عَنَّا الْحَزَنَ ۖ إِنَّ رَبَّنَا لَغَفُورٌ

হারীর। ৩৪। ওয়া ক্বা-লুল্ হাম্‌দু লিল্লা-হিল্ লাযী~আয্‌হাবা 'আন্নাল্ হাযানা ; ইন্না রাব্বানা- লাগাফূরুন্
কাপড়ের। (৩৪) এবং তারা বলবে, সে (মহান) আল্লাহর জন্যই সব প্রশংসা, যিনি আমাদের থেকে পেরেশানী দূর করেছেন। নিশ্চয়ই আমার প্রতিপালক

○ টীকা (আঃ ২৯) ঃ কেননা, এই পণ্যের ক্রেতা সৃষ্টজীব নয় যে, সময়ে পণ্যের সমাদর করবে এবং সময়ে অবহেলা করবে। বরং এর খরিদ্দার স্বয়ং আল্লাহ, যিনি স্বীয় প্রতিশ্রুতি অনুযায়ী, তাদেরই হিতসাধনের উদ্দেশ্যেই উক্ত সওদার উপযুক্ত মূল্য দান করবেন, তাতে নিজের স্বার্থ বিন্দুমাত্রও নেই।
○ বিশ্লেষণ (আঃ ৩০) ঃ سرا علانية - অর্থাৎ, রাত, দিন, প্রকাশ্যে ও গোপনে, সর্বাবস্থায় আল্লাহর পথে ব্যয় করে। যাতে, গোপনে ব্যয় করা দ্বারা, নফল সদকা আর প্রকাশ্যে ব্যয় করা দ্বারা, ফরজ সদকা (অর্থাৎ, যাকাত) কে বুঝানো হয়েছে। ○ টীকা (আঃ ৩২) ঃ অর্থাৎ, মুসলমানগণ ঈমান আনয়নের ফলে সমগ্র জগতবাসীর মধ্যে তারাই আল্লাহর অধিক প্রিয়। অবশ্য তাদের মধ্যেও অন্যান্য কারণ যথা, মন্দ কাজ অবলম্বনের দরুন নিন্দার কারণও রয়েছে। ফলকথা, পছন্দনীয় হওয়ার ব্যাপারে সকল মু'মিন সমান সত্ত্বেও তারা আবার তিন ভাগে বিভক্ত হয়েছে। সম্মুখের দিকে তা-ই বর্ণনা করছেন। (বঃ কোঃ)

شَكُورٌ ﴿٣٤﴾ الَّذِي أَحَلَّنَا دَارَ الْمُقَامَةِ مِنْ فَضْلِهِ ۖ لَا يَمَسُّنَا فِيهَا نَصَبٌ وَلَا

শাকূর। ৩৫। নিল্লাযী~আহাল্লানা- দা-রাল্ মুক্বা-মাতি মিন্ ফাদ্বলিহী, লা-ইয়ামাস্‌সুনা- ফীহা- নাস্বাবুওঁ ওয়ালা-
ক্ষমাশীল, গুণগ্রাহী। (৩৫) যিনি তাঁর নিজ দয়ায় আমাদেরকে স্থায়ী বাসস্থানে (জান্নাতে) অবতরণ করায়েছেন। সেখানে স্পর্শ করবে না কোন

يَمَسُّنَا فِيهَا لُغُوبٌ ﴿٣٥﴾ وَالَّذِينَ كَفَرُوا لَهُمْ نَارُ جَهَنَّمَ ۖ لَا يُقْضَىٰ عَلَيْهِمْ

ইয়ামাস্‌সুনা- ফীহা- লুগূব। ৩৬। ওয়াল্লাযীনা কাফারূ লাহুম না-রু জ্বাহান্নামা, লা-ইউক্বদ্বা- 'আলাইহিম্
ক্লান্তি ও কোন (প্রকার) কষ্ট। (৩৬) আর যারা কাফির, তাদের জন্য রয়েছে জাহান্নামের অগ্নি। তাদের উপর এভাবে নির্দেশ দেয়া হবে না, যাতে

فَيَمُوتُوا وَلَا يُخَفَّفُ عَنْهُمْ مِنْ عَذَابِهَا ۚ كَذَٰلِكَ نَجْزِي كُلَّ كَفُورٍ ﴿٣٦﴾

ফাইয়ামূতূ ওয়ালা- ইউখাফ্‌ফাফু 'আন্‌হুম মিন্ 'আযা-বিহা-; কাযা-লিকা নাজ্বযী কুল্লা কাফূর।
তারা মারা যাবে (ও শাস্তি হতে মুক্তি পাবে) এবং তাদের থেকে জাহান্নামের শাস্তিও হালকা করা হবে; আমি কাফিরদেরকে এভাবেই শাস্তি দিব।

﴿٣٧﴾ وَهُمْ يَصْطَرِخُونَ فِيهَا رَبَّنَا أَخْرِجْنَا نَعْمَلْ صَالِحًا غَيْرَ الَّذِي كُنَّا نَعْمَلُ ۚ

৩৭। ওয়া হুম্ ইয়াস্বতারিখূনা ফীহা-, রাব্বানা~আখ্‌রিজ্বনা- না'মাল্ স্বা-লিহান্ গাইরাল্লাযী কুন্না- না'মালু ;
(৩৭) সেখানে বসে তারা চীৎকার করে বলবে, হে আমাদের প্রতিপালক! আমাদেরকে বের করে নাও। আমরা নেক কাজ করব যে কাজ পূর্বে করেছিলাম তা করবনা।

أَوَلَمْ نُعَمِّرْكُمْ مَا يَتَذَكَّرُ فِيهِ مَنْ تَذَكَّرَ وَجَاءَكُمُ النَّذِيرُ ۖ فَذُوقُوا فَمَا لِلظَّالِمِينَ

আওয়ালাম্ নু'আম্মিরকুম্ মা-ইয়াতাযাক্কারু ফীহি মান্ তাযাক্কারা ওয়া জ্বা—আকুমুন্ নাযীর ; ফাযূক্বূ ফামা- লিজ্জা-লিমীনা
(আল্লাহ বলবেন) আমি কি তোমাদেরকে এতো বয়স দেইনি যে, এ সময়ের মধ্যে (দ্বীনের) উপদেশ গ্রহণ করতে পারতে, যে উপদেশ গ্রহণ করতে চাইতে? এবং তোমাদের কাছে তো সতর্ককারী (নবী) ও এসেছিল; সুতরাং

৪ রুকূ ১৬

مِنْ نَصِيرٍ ﴿٣٧﴾ إِنَّ اللَّهَ عَالِمُ غَيْبِ السَّمَاوَاتِ وَالْأَرْضِ ۚ إِنَّهُ عَلِيمٌ بِذَاتِ

মিন্ নাস্বীর। ৩৮। ইন্নাল্লা-হা 'আ-লিমু গাইবিস্ সামা-ওয়া-তি ওয়াল্ আর্‌দ্বি ; ইন্নাহূ 'আলীমুম্ বিযা-তিস্ব
(এখন শাস্তি) উপভোগ কর, জালিমদের কোন সাহায্যকারী নেই। (৩৮) নিশ্চয়ই আল্লাহ জানেন, আকাশ ও পৃথিবীর লুক্কায়িত বিষয়গুলো। নিশ্চয়ই তিনি জানেন, মনের

الصُّدُورِ ﴿٣٨﴾ هُوَ الَّذِي جَعَلَكُمْ خَلَائِفَ فِي الْأَرْضِ ۚ فَمَنْ كَفَرَ فَعَلَيْهِ كُفْرُهُ ۖ

স্বুদূর। ৩৯। হুওয়াল্লাযী জ্বা'আলাকুম্ খালা—ইফা ফিল্ আর্‌দ্বি ; ফামান্ কাফারা ফা'আলাইহি কুফ্‌রুহূ ;
সব কথা (৩৯) তিনি (আল্লাহ) তোমাদেরকে পৃথিবীতে উত্তরাধিকারী করেছেনই, সুতরাং যে অকৃতজ্ঞ হবে, তার অকৃতজ্ঞতার (প্রতিফলের) জন্য সে নিজেই দায়ী।

وَلَا يَزِيدُ الْكَافِرِينَ كُفْرُهُمْ عِنْدَ رَبِّهِمْ إِلَّا مَقْتًا ۖ وَلَا يَزِيدُ الْكَافِرِينَ كُفْرُهُمْ

ওয়ালা- ইয়াযীদুল কা-ফিরীনা কুফ্‌রুহুম 'ইন্‌দা রাব্বিহিম ইল্লা- মাক্বতান্, ওয়ালা- ইয়াযীদুল্ কা-ফিরীনা কুফ্‌রুহুম
অবিশ্বাসীদের অবিশ্বাস, তাদের প্রতিপালকের কাছে কেবল অসন্তুষ্টিই বৃদ্ধি করে এবং অবিশ্বাসীদের অবিশ্বাস, কেবল তাদের

○ বিশ্লেষণ (আঃ ৩৭) ঃ النذير - রাসূলুল্লাহকে (স) বুঝানো হয়েছে।
○ টীকা (আঃ ৩৭) ঃ কেননা, আমি তাদের শির্‌ক এবং কুফরের দরুন অসন্তুষ্ট থাকায় সাহায্য করবই না; আর অপর কেহ অক্ষমতার দরুন সাহায্য করতেই পারবে না। ○ টীকা (আঃ ৩৯) ঃ এবং এই সমস্ত প্রমাণ ও নেয়ামতের কারণে মানুষের উচিত ছিল প্রমাণ ও কৃতজ্ঞতাস্বরূপ আল্লাহ একত্বে বিশ্বাস করা ও তাঁর আনুগত্য করা; কিন্তু কতক লোক কুফর ও বিরুদ্ধাচরণের উপরই স্থির রয়েছে। (বঃ কোঃ)

إِلَّا خَسَارًا ﴿٤٠﴾ قُلْ أَرَأَيْتُمْ شُرَكَاءَكُمُ الَّذِينَ تَدْعُونَ مِنْ دُونِ اللَّهِ

ইল্লা- খাসা-রা- । ৪০ । কুল্ আরাআইতুম্ শুরাকা—আ কুমুল্লাযীনা তাদ্'উনা মিন্ দূনিল্লা-হি ;
ক্ষতিই বৃদ্ধি করে। (৪০) আপনি বলুন, তোমরা কি তোমাদের সে (উপাসক) দের ব্যাপারে চিন্তা করে দেখছ, যাদেরকে তোমরা আল্লাহর পরিবর্তে ডাক?

أَرُونِي مَاذَا خَلَقُوا مِنَ الْأَرْضِ أَمْ لَهُمْ شِرْكٌ فِي السَّمَاوَاتِ أَمْ آتَيْنَاهُمْ

আরূনী মা-যা- খালাক্ব মিনাল্ আরদ্বি আম্ লাহুম্ শির্কুন্ ফিস্ সামা-ওয়া-তি, আম্ আ-তাইনা-হুম্
আমাকে বলতো, তারা পৃথিবীর কি (জিনিস) সৃষ্টি করেছে অথবা আকাশ (সৃষ্টি) এর মধ্যে তাদের কি কোন অংশিদারিত্ব আছে? অথবা তাদেরকে কি আমি (এমন) কোন

كِتَابًا فَهُمْ عَلَىٰ بَيِّنَتٍ مِنْهُ بَلْ إِنْ يَعِدُ الظَّالِمُونَ بَعْضُهُمْ بَعْضًا إِلَّا غُرُورًا

কিতা-বান্ ফাহুম্ 'আলা- বাইয়্যিনাতিম্ মিন্হু, বাল্ 'ইঁয়া 'ইদুজ্ জা-লিমূনা 'বাদ্বুহুম্ 'বাদ্বান ইল্লা- গুরূরা- ।
কিতাব দিয়েছি যে, তা দিয়ে তারা (অংশিদারিত্বের) প্রমাণের উপর রয়েছে? বরং এ জালিমরা শুধু একে অন্যকে প্রবঞ্চনামূলক প্রতিশ্রুতি দিয়ে থাকে।

إِنَّ اللَّهَ يُمْسِكُ السَّمَاوَاتِ وَالْأَرْضَ أَنْ تَزُولَا وَلَئِنْ زَالَتَا إِنْ أَمْسَكَهُمَا ﴿٤١﴾

৪১ । ইন্নাল্লা-হা ইউম্সিকুস্ সামা-ওয়া-তি ওয়াল্ আরদ্বা আন্ তাযূলা-; ওয়া লাইন্ যা-লাতা~ইন আম্সাকাহুমা-
(৪১) আল্লাহই আকাশ ও পৃথিবীকে ধরে রেখেছেন, যাতে এ দুটো চলে না পড়ে। আর যদি এ দুটো চলে পড়ে, তারপরে আল্লাহ ব্যতীত আর অন্য কেউ

مِنْ أَحَدٍ مِنْ بَعْدِهِ إِنَّهُ كَانَ حَلِيمًا غَفُورًا ﴿٤٢﴾ وَأَقْسَمُوا بِاللَّهِ جَهْدَ أَيْمَانِهِمْ

মিন্ আহ্বাদিম্ মিম্ বা'দিহী ; ইন্নাহু কা-না হ্বালীমান্ গাফূরা- । ৪২ । ওয়া আক্বসামূ বিল্লা-হি জ্বাহ্দা আইমা-নিহিম্
এ দুটোকে ধরে রাখতে পারবে না। নিশ্চয়ই তিনি (আল্লাহ) মহা ধৈর্য্যশীল, ক্ষমাশীল। (৪২) আর তারা (কাফিরেরা) আল্লাহর নামে শক্ত শপথ করে বলত যে,

لَئِنْ جَاءَهُمْ نَذِيرٌ لَيَكُونُنَّ أَهْدَىٰ مِنْ إِحْدَى الْأُمَمِ فَلَمَّا جَاءَهُمْ

লাইন্ জ্বা—আহুম্ নাযীরুল্ লাইয়াকূনুন্না আহ্দা- মিন্ ইহ্বদাল্ উমামি, ফালাম্মা- জ্বা—আহুম্
যদি তাদের কাছে কোন সতর্ককারী (নবী) আসে, তবে তারা (অন্যান্য) প্রত্যেক উম্মতের চেয়ে অধিকতর হেদায়েত কবুলকারী হবে। যখন তাদের কাছে সতর্ককারী

نَذِيرٌ مَا زَادَهُمْ إِلَّا نُفُورًا ﴿٤٣﴾ اسْتِكْبَارًا فِي الْأَرْضِ وَمَكْرَ السَّيِّئِ

নাযীরুম্ মা-যা-দাহুম ইল্লা- নুফূরা- ৪৩ । নিস্তিক্বা-রান্ ফিল্ আরদ্বি ওয়া মাক্রাস্ সাইয়্যিই ;
(নবী) আগমন করল, তখন কেবল (নবী থেকে) এদের দূরত্ব বৃদ্ধি করল– (৪৩) পৃথিবীতে নিজদেরকে (সবচেয়ে) বড় ধারণা করার কারণে

وَلَا يَحِيقُ الْمَكْرُ السَّيِّئُ إِلَّا بِأَهْلِهِ فَهَلْ يَنْظُرُونَ إِلَّا سُنَّتَ

ওয়ালা- ইয়াহ্বীকুল মাক্রুস্ সাইয়্যিউ ইল্লা- বিআহ্লিহী ; ফাহাল্ ইয়ানজুরূনা ইল্লা- সুন্নাতাল
এবং হীন চক্রান্তের কারণে। আর হীন চক্রান্ত, বেষ্টনী করে কেবলমাত্র সে চক্রান্ত সৃষ্টিকারীদেরকেই। তবে তারা কি প্রতীক্ষা করছে, পূর্ববর্তীদের উপর জারীকৃত

○ টীকা (আঃ ৪০) ঃ যার ফলে যৌক্তিক প্রমাণে তাদের উপাস্য হওয়ার যোগ্যতা প্রমাণিত হতে পারে। (বঃ কোঃ) কেননা তাদের পূর্ব পুরুষরা তাদেরকে ভিত্তিহীন ভুল কথা শিখায়ে আসছিল যে, "এই মূর্তিসমূহ আল্লাহর সমীপে আমাদের জন্য সুপারিশকারী হবে।" অথচ সেগুলি সম্পূর্ণ ক্ষমতাহীন।
○ টীকা (আঃ ৪৩) ঃ অর্থাৎ, তাদের অহংকারের দরুন শুধু তাদের ঘৃণা বৃদ্ধি পেয়ে ক্ষান্ত হয় নি; বরং আপনাকে কষ্ট দেয়ার জন্য তারা ষড়যন্ত্রে লিপ্ত হয়ে গেল। তারা যাঁরা ক্ষতি করতে প্রবৃত্ত হয়েছে, সময় সময় অবশ্য তাঁদেরও কিছু ক্ষতি হত; কিন্তু তা পার্থিব ক্ষতি। পক্ষান্তরে অনিষ্টকারীরা পরলোকে এর কুফল ভোগ করবে অনন্ত কাল। ফলকথা, আল্লাহর প্রতিশ্রুতি রয়েছে যে, কাফেরদের শাস্তি হবে। বস্তুতঃ তাঁহার প্রতিশ্রুতি অতীব সত্য, সুতরাং তাদের শাস্তি না হওয়ার কোনই সম্ভাবনা নেই এবং তাদের পরিবর্তে অন্য কারও শাস্তি হওয়ার সম্ভাবনা নেই। তাদেরই শাস্তি হবে এবং অবশ্যই হবে। (বঃ কোঃ)

الْأَوَّلِينَ فَلَنْ تَجِدَ لِسُنَّتِ اللَّهِ تَبْدِيلًا وَلَنْ تَجِدَ لِسُنَّتِ اللَّهِ

আওয়্যালীনা, ফালান্ তাজ্বিদা লিসুন্নাতিল্লা-হি তাব্দীলান্, ওয়া লান্ তাজ্বিদা লিসুন্নাতিল্লা-হি
(সে) নিয়মের? (অর্থাৎ শাস্তির)। কিন্তু আপনি আল্লাহর নিয়মের কোনই পরিবর্তন পাবেন না এবং আপনি আল্লাহর নিয়মের কোন ব্যতিক্রম

تَحْوِيلًا ﴿٤٣﴾ أَوَلَمْ يَسِيرُوا فِي الْأَرْضِ فَيَنْظُرُوا كَيْفَ كَانَ عَاقِبَةُ الَّذِينَ

তাহ্বওয়ীলা- । ৪৪ । আওয়ালাম্ ইয়াসীরূ ফিল্ আর্দ্বি ফাইয়ানজুরূ কাইফা কা-না- 'আ-ক্বিবাতুল্ লাযীনা
পাবেন না। (৪৪) তারা কি পৃথিবীতে ভ্রমণ করেনি? তবে তারা দেখত যে, তাদের পূর্ববর্তী (অবিশ্বাসী) দের পরিণাম কিরূপ হয়েছিল?

مِنْ قَبْلِهِمْ وَكَانُوا أَشَدَّ مِنْهُمْ قُوَّةً وَمَا كَانَ اللَّهُ لِيُعْجِزَهُ مِنْ شَيْءٍ فِي

মিন্ ক্বাব্লিহিম্ ওয়া কা-নূ~আশাদ্দা মিন্হুম্ কুওয়্যাতান ; ওয়া মা- কা-নাল্লা-হু লিই'উজ্বিযাহূ মিন্ শাইয়িন্ ফিস্
তারা তো শক্তিতে তাদের চেয়ে অধিক শক্তিশালী ছিল, আল্লাহ এমন নন যে, তাঁকে অপারগ করতে পারে,

السَّمَاوَاتِ وَلَا فِي الْأَرْضِ إِنَّهُ كَانَ عَلِيمًا قَدِيرًا ﴿٤٤﴾ وَلَوْ يُؤَاخِذُ

সামা-ওয়া-তি ওয়ালা- ফিল্ আর্দ্বি ; ইন্নাহূ কা-না 'আলীমান্ ক্বাদীরা- । ৪৫ । ওয়ালাও ইউআ-খিযুল
আকাশ ও পৃথিবীর কোন কিছুই। নিশ্চয়ই তিনি (আল্লাহ) মহাজ্ঞানী, মহাশক্তিশালী। (৪৫) যদি আল্লাহ মানুষকে তার

اللَّهُ النَّاسَ بِمَا كَسَبُوا مَا تَرَكَ عَلَىٰ ظَهْرِهَا مِنْ دَابَّةٍ وَلَٰكِنْ يُؤَخِّرُهُمْ

লাহুন্ না-সা বিমা- কাসাবূ মা- তারাকা 'আলা- জাহ্রিহা- মিন্ দা—ব্বাতিওঁ ওয়া লা-কিঈঁ ইউ আখ্খিরুহুম
কর্মের কারণে, পাকড়াও করতেন তবে ভূ-পৃষ্ঠের কোন জীব জানোয়ারকেই ছাড়তেন না। কিন্তু আল্লাহ তাদেরকে সুযোগ দিয়েছেন

إِلَىٰ أَجَلٍ مُسَمًّى فَإِذَا جَاءَ أَجَلُهُمْ فَإِنَّ اللَّهَ كَانَ بِعِبَادِهِ بَصِيرًا

ইলা~আজ্বালিম্ মুসাম্মান্, ফাইযা- জ্বা—আ আজ্বালুহুম ফাইন্নাল্লা-হা কা-না বি'ইবা-দিহী বাস্বীরা- ।
একটি নির্ধারিত সময় পর্যন্ত। সুতরাং যখন তাদের সে নির্ধারিত সময় এসে যাবে (তখন আর দেরী করা হবে না), আল্লাহ তাঁর বান্দাগণের দ্রষ্টা।

৫ ع ১৭ রুকূ

সূরা ইয়া-সীন
মক্কী

بِسْمِ اللَّهِ الرَّحْمَٰنِ الرَّحِيمِ
বিসমিল্লা-হির রাহ্মা-নির রাহীম
পরম দাতা ও দয়ালু আল্লাহর নামে শুরু করছি

আয়াত ঃ ৮৩
রুকূ ঃ ৫

يس ﴿١﴾ وَالْقُرْآنِ الْحَكِيمِ ﴿٢﴾ إِنَّكَ لَمِنَ الْمُرْسَلِينَ ﴿٣﴾ عَلَىٰ صِرَاطٍ مُسْتَقِيمٍ ﴿٤﴾

১ । ইয়া-সী—ন্ । ২ । ওয়াল্ কুর্আ-নিল্ হ্বাকীম । ৩ । ইন্নাকা লামিনাল্ মুর্সালীন । ৪ । 'আলা- স্বিরাত্বিম্ মুস্তাক্বীম ।
(১) ইয়া-সী-ন, (২) শপথ বিজ্ঞানময় কুরআনের। (৩) নিশ্চয়ই আপনি রাসূলগণের মধ্য হতে একজন। (৪) আপনি সঠিক (সত্য) পথের উপর আছেন।

○ সূরা ইয়াসীনের ফযীলত ঃ সূরা ইয়াসীনের জীলত অপরিসীম। রাসূলুল্লাহ (স) বলেছেন, প্রত্যেক বস্তুর অন্তর বা দিল আছে। আর পবিত্র কুরআনের অন্তর হলো, সূরা ইয়াসীন। যে ব্যক্তি সওয়াবের উদ্দেশ্যে একবার সূরা ইয়াসীন পাঠ করবে, যে পূর্ণ কুরান শরীফ ১০ বার তিলাওয়াত করার সমান সওয়াব পাবে। (আঃ সালেহীন)
○ শানে নুযূল (আঃ ৩) ঃ انك لمن المرسلين - মক্কার মুশরিকরা রাসূলুল্লাহর (সা) নবুওয়াত সম্পর্কে সন্দেহ করত এবং তা অস্বীকার করছিল। আল্লাহ তায়ালা এ প্রেক্ষিতে এ সূরাটি অবতীর্ণ করেন। (তাঃ জালালাইন)

﴿٥﴾ تَنْزِيْلَ الْعَزِيْزِ الرَّحِيْمِ ﴿٥﴾ لِتُنْذِرَ قَوْمًا مَّآ أُنْذِرَ اٰبَآؤُهُمْ فَهُمْ غٰفِلُوْنَ ﴿٦﴾ لَقَدْ

৫। তান্‌যীলাল্ 'আযীযির্ রাহ্বীম। ৬। লিতুন্‌যিরা ক্বাওমাম্ মা~উন্‌যিরা আ-বা—উহুম্ ফাহুম গা-ফিলূন। ৭। লাক্বাদ্
(৫) কুরআন আল্লাহ্‌র তরফ হতে নাযিলকৃত। যিনি মহা প্রভাবশালী, অসীম দয়ালু। (৬) যাতে আপনি ভয় দেখাতে পারেন সে সম্প্রদায়কে, যাদের পিতৃ পুরুষদেরকে ভয় দেখান হয়নি। সুতরাং এ কারণেই তারা গাফিল রয়েছে। (৭) তাদের

حَقَّ الْقَوْلُ عَلٰٓى اَكْثَرِهِمْ فَهُمْ لَا يُؤْمِنُوْنَ ﴿٧﴾ اِنَّا جَعَلْنَا فِيْٓ اَعْنَاقِهِمْ اَغْلٰلًا

হ্বাক্ক্বাল্ ক্বাওলু 'আলা~আক্‌ছারিহিম্ ফাহুম্ লা-ইউ'মিনূন। ৮। ইন্না- জা'আল্‌না- ফী~আ'না-ক্বিহিম্ আগ্‌লা-লান
অধিকাংশ লোকদের উপর (শাস্তির) বাণী (আদেশ) নির্ধারিত হয়ে গেছে; সুতরাং তারা ঈমান আনবে না। (৮) আমি তাদের গর্দানে শিকল লাগিয়ে দিয়েছি,

فَهِيَ اِلَى الْاَذْقَانِ فَهُمْ مُّقْمَحُوْنَ ﴿٨﴾ وَجَعَلْنَا مِنْ بَيْنِ اَيْدِيْهِمْ سَدًّا وَّمِنْ

ফাহিয়া ইলাল্ আয্‌ক্বা-নি ফাহুম্ মুক্বমাহূন। ৯। ওয়া জা'আল্‌না- মিম্ বাইনি আইদীহিম সাদ্দাওঁ ওয়া মিন্
এবং তা চিবুক পর্যন্ত ঝুলে পড়েছে। ফলে তারা মাথা খাড়া করে রেখেছে। (৯) আর আমি তাদের সামনে একটি প্রাচীর এবং তাদের পিছনে একটি প্রাচীর স্থাপন করে

خَلْفِهِمْ سَدًّا فَاَغْشَيْنٰهُمْ فَهُمْ لَا يُبْصِرُوْنَ ﴿٩﴾ وَسَوَآءٌ عَلَيْهِمْ ءَاَنْذَرْتَهُمْ

খাল্‌ফিহিম সাদ্দান্ ফাআগ্‌শাইনা-হুম্ ফাহুম লা- ইউব্‌ছিরূন। ১০। ওয়া সাওয়া—উন্ 'আলাইহিম্ আ আন্‌যার্‌তাহুম
দিয়েছি, অতঃপর আমি তাদের (দৃষ্টিকে) আচ্ছাদিত করেছি, ফলে তারা দেখতে পাবে না। (১০) হে নবী! তাদেরকে আপনি ভয় দেখান বা না দেখান উভয়ই তাদের জন্য সমান।

اَمْ لَمْ تُنْذِرْهُمْ لَا يُؤْمِنُوْنَ ﴿١٠﴾ اِنَّمَا تُنْذِرُ مَنِ اتَّبَعَ الذِّكْرَ وَخَشِيَ الرَّحْمٰنَ

আম্ লাম্ তুন্‌যির্‌হুম লা- ইউ'মিনূন। ১১। ইন্নামা- তুন্‌যিরু মানিত্ তাবা'আয্ যিক্‌রা ওয়া খাশিয়ার্ রাহ্বমা-না
তারা (কখনও) ঈমান আনবে না। (১১) আপনি কেবল তাদেরকেই (আল্লাহর শাস্তির) ভয় দেখাতে পারেন, যারা উপদেশ (কুরআন) অনুযায়ী এবং রহমান (আল্লাহ) কে

بِالْغَيْبِ ۚ فَبَشِّرْهُ بِمَغْفِرَةٍ وَّاَجْرٍ كَرِيْمٍ ﴿١١﴾ اِنَّا نَحْنُ نُحْيِ الْمَوْتٰى وَنَكْتُبُ

বিল্‌গাইবি, ফাবাশ্‌শির্‌হু বিমাগ্‌ফিরাতিওঁ ওয়া আজ্‌রিন্ কারীম। ১২। ইন্না- নাহ্বনু নুহ্বইল মাওতা- ওয়া নাক্‌তুবু
না দেখে ভয় করে। সুতরাং আপনি তাদেরকে সুসংবাদ দিন ক্ষমা ও উত্তম প্রতিদানের। (১২) নিশ্চয়ই আমি মৃতকে জীবিত করব এবং লিখে রাখি (লাওহে মাহ্‌ফুজে) যে

مَا قَدَّمُوْا وَاٰثَارَهُمْ ۗ وَكُلَّ شَيْءٍ اَحْصَيْنٰهُ فِيْٓ اِمَامٍ مُّبِيْنٍ ﴿١٢﴾ وَاضْرِبْ لَهُمْ

মা- ক্বাদ্দামূ ওয়া আ-ছা-রাহুম ; ওয়া কুল্লা শাইয়িন্ আহ্‌ছাইনা-হু ফী~ইমা-মিম্ মুবীন্। ১৩। ওয়াদ্বরিব্ লাহুম্
কৃতকর্মসমূহ যা লোকেরা আগে প্রেরণ করে এবং যা তারা পিছনে রেখে যায় এবং আমি প্রত্যেকটি জিনিস স্পষ্ট কিতাবে সুবিন্যস্ত করে রেখেছি। (১৩) (হে নবী!) আপনি

مَّثَلًا اَصْحٰبَ الْقَرْيَةِ ۘ اِذْ جَآءَهَا الْمُرْسَلُوْنَ ﴿١٣﴾ اِذْ اَرْسَلْنَآ اِلَيْهِمُ اثْنَيْنِ

মাছালান্ আছ্‌হা-বাল্ ক্বার্‌ইয়াতি। ইয্- জা—আহাল্ মুর্‌সালূন। ১৪। ইয্ আর্‌সাল্‌না~ইলাইহিমুছ্ নাইনি
তাদের সামনে সে জনপদের বাসিন্দাদের উদাহরণ (কাহিনী) বর্ণনা করুন। সে জনপদে যখন এসেছিল রাসূলগণ। (১৪) যখন আমি তাদের কাছে দুজন রাসূল প্রেরণ করেছিলাম, তখন তারা দুজন রাসূলকে

○ টীকা (আঃ ১২) ঃ আল্লাহ তায়ালা অত্র আয়াতে মানুষের অগ্রে-পশ্চাদে পাপ-পূর্ণ সবকিছু লিপিবদ্ধ করেন, এর তাৎপর্য হলো মানুষ জীবিত কালে ঈমান গ্রহণ করলে যে যত সৎকর্ম করে পূন্য অর্জন করে অথবা কুফ্‌রী অবস্থায় পাপ অর্জন করে তাকে বলা হয় অগ্র কার্যকলাপ। তেমনি মৃত্যুর পর মুমিনগণ দ্বীন শিক্ষা দিয়ে থাকলে তার পূর্ণ সে পেতে থাকবে অপকর্মের ধারা রেখে গেলে তারও পাপ মৃত্যুর পর অব্যাহত থাকবে তাও লিপিবদ্ধ হতে থাকবে একে বলা হয় তাদের পশ্চাদবর্তী রেখে যাওয়া কর্মফল। (বঃ কোঃ)

فَكَذَّبُوْهُمَا فَعَزَّزْنَا بِثَالِثٍ فَقَالُوْٓا اِنَّآ اِلَيْكُمْ مُّرْسَلُوْنَ ﴿١٤﴾ قَالُوْا مَآ اَنْتُمْ

ফাকায্‌যাবূহুমা- ফা'আয্‌যায্‌না- বিছা-লিছিন্ ফাক্বা-লূ~ইন্না~ইলাইকুম্ মুর্‌সালূন। ১৫। ক্বা-লূ- মা~আন্‌তুম্
মিথ্যাবাদী বলল। অতঃপর আমি তৃতীয় একজন পাঠিয়ে তাদেরকে শক্তিশালী করেছিলাম। সুতরাং তারা (তিন জন) বলেছিল, নিশ্চয়ই আমরা তোমাদের কাছে (রাসূল হিসেবে) প্রেরিত হয়েছি। (১৫) তারা বলল,

اِلَّا بَشَرٌ مِّثْلُنَا ۙ وَمَآ اَنْزَلَ الرَّحْمٰنُ مِنْ شَيْءٍ ۙ اِنْ اَنْتُمْ اِلَّا تَكْذِبُوْنَ ○

ইল্লা- বাশারুম্ মিছ্‌লুনা-, ওয়া মা~আন্‌যালার্ রাহ্বমা-নু মিন্ শাইয়িন্, ইন্ আন্‌তুম্ ইল্লা- তাক্‌যিবূন।
তোমরাতো আমাদেরই মত মানুষ এবং রহমান (আল্লাহ) কোন জিনিসই অবতীর্ণ করেন নি তোমরা শুধু মিথ্যা বলছ।

﴿١٥﴾ قَالُوْا رَبُّنَا يَعْلَمُ اِنَّآ اِلَيْكُمْ لَمُرْسَلُوْنَ ﴿١٦﴾ وَمَا عَلَيْنَآ اِلَّا الْبَلٰغُ الْمُبِيْنُ ○

১৬। ক্বা-লূ রাব্বুনা- ইয়া'লামু ইন্না~ইলাইকুম্ লামুর্‌সালূন। ১৭। ওয়া মা- 'আলাইনা~ইল্লাল্ বালা-গুল্ মুবীন।
(১৬) তারা বলল, আমাদের প্রতিপালক জানেন, নিশ্চয়ই আমরা তোমাদের কাছে প্রেরিত হয়েছি। (১৭) আমাদের দায়িত্ব শুধু স্পষ্টভাবে পৌছান।

﴿١٧﴾ قَالُوْٓا اِنَّا تَطَيَّرْنَا بِكُمْ ۚ لَئِنْ لَّمْ تَنْتَهُوْا لَنَرْجُمَنَّكُمْ وَلَيَمَسَّنَّكُمْ

১৮। ক্বা-লূ~ইন্না তাত্বাইয়্যার্‌না- বিকুম, লাইল্লাম্ তান্‌তাহূ লানার্‌জুমান্নাকুম্ ওয়ালা- ইয়ামাস্ সান্নাকুম্
(১৮) তারা বলল, নিশ্চয়ই আমরা তোমাদেরকে অশুভ লক্ষণ মনে করছি, যদি তোমরা বিরত না থাক, তবে তোমাদেরকে অবশ্যই পাথর মেরে শেষ করে দেব এবং আমাদের

مِّنَّا عَذَابٌ اَلِيْمٌ ﴿١٨﴾ قَالُوْا طَآئِرُكُمْ مَّعَكُمْ ۗ اَئِنْ ذُكِّرْتُمْ ۗ بَلْ اَنْتُمْ

মিন্না- 'আযা-বুন আলীম। ১৯। ক্বা-লূ ত্বা—ইরুকুম্ মা'আকুম ; আইন্ যুক্‌কির্‌তুম ; বাল্ আন্‌তুম
পক্ষ থেকে যন্ত্রণাময় শাস্তি অবশ্যই পৌছবে। (১৯) তারা (রাসূলগণ) বলল, "তোমাদের অকল্যাণ তোমাদেরই সাথে" (তোমাদের একথা কি) এজন্য যে, তোমাদেরকে উপদেশ দেয়া হচ্ছে? বরং তোমরা সীমা অতিক্রমকারী এক সম্প্রদায়।

قَوْمٌ مُّسْرِفُوْنَ ﴿١٩﴾ وَجَآءَ مِنْ اَقْصَا الْمَدِيْنَةِ رَجُلٌ يَّسْعٰى قَالَ يٰقَوْمِ

ক্বাওমুম্ মুস্‌রিফূন। ২০। ওয়াজা—আ মিন্ আক্ব্‌ছাল্ মাদীনাতি রাজুলুঁই ইয়াস্'আ- ক্বা-লা ইয়া-ক্বাওমিত্
(২০) শহরের দূরবর্তী স্থান হতে এক ব্যক্তি দৌড়ে আসল। সে বলল, হে আমার সম্প্রদায়! তোমরা

اتَّبِعُوا الْمُرْسَلِيْنَ ﴿٢٠﴾ اتَّبِعُوْا مَنْ لَّا يَسْئَلُكُمْ اَجْرًا وَّهُمْ مُّهْتَدُوْنَ ○

তাবি'উল্ মুর্‌সালীন। ২১। ইত্তাবি'উ মাল্লা- ইয়াস্‌আলুকুম্ আজ্‌রাওঁ ওয়া হুম্ মুহ্‌তাদূন।
অনুসরণ কর রাসূলগণের। (২১) তোমরা এমন লোকের অনুসরণ কর, যে তোমাদের থেকে কিছু প্রতিদান চান না এবং তারা নিজেরা হেদায়েত প্রাপ্ত।

○ টীকা (আঃ ১৪) ঃ হযরত ঈসা (আ)-এর আসমানে আরোহণের পর তাঁহার খলীফাহযরত শামউনুস্‌সাফা তাঁর সহকারী দু'জন নবীকে এন্তাকিয়া শহরের মূর্তিপূজকদিগকে হেদায়াতের জন্য প্রেরণ করেন। তারা তথায় পৌছিয়া শহর প্রান্তে হাবীব নাজ্জার নামক জনৈক মূর্তি নির্মাতাকে মেষ চরাতে দেখে নিজেদের আগমনের কারণ ব্যক্ত করেন। লোকটি তাঁদের সত্যতার প্রমাণ দাবী করলে তাঁরা তার কঠিন পীড়াগ্রস্ত পুত্রকে খোদার নিকট দো'আ করে ভাল করে দেন। এতে লোকটি ঈমান আনয়ন করে। পরে তাঁরা তথাকার রাজা আবৃতাহাশোর দরবারে গিয়ে নিজেদের বক্তব্য পেশ করলে রাজা তাঁদেরকে বন্দী করেন। সংবাদ পেয়ে হযরত শামউনও আসেন এবং কৌশলে রাজার সাথে সখ্যতা স্থাপনপূর্বক তাঁদেরকে মুক্ত করে লন। (মুঃ কোঃ)

○ টীকা (আঃ ২১) ঃ এখানে যে জনপদের কথা বলা হয়েছে, তাহলো শাম দেশের এক প্রাচীন নগরী। যার নাম ছিল এন্তাকিয়া। সেই শহরের অধিবাসীরা ধন সম্পদে ও স্থাপত্য শিল্পে অত্যন্ত সমৃদ্ধ ছিল। হযরত উবায়দা ইবনুল জাবরাহ (রা) এই শহরটি জয় করেছিলেন। এই শহরের অধিবাসীদেরকে সৎপথে পরিচালনার জন্য এর পূর্বে আল্লাহ তাআলা দুজন রাসূল প্রেরণ করেন। শহরে অধিবাসীরা তাদেরকে প্রত্যাখ্যান করলে আল্লাহ তাআলা তৃতীয় আরেকজন রাসূল সেখানে পাঠিয়ে তাদেরকে শক্তিশালী করেন। তাঁরা লোকদেরকে এক আল্লাহর দিকে আহবান করলে লোকেরা তাদেরকে মিথ্যা প্রতিপন্ন করে এবং তাদেরকে হত্যার প্রস্তুতি নিতে থাকে। সেই শহরের উপকূলীয় এলাকায় হাবীবে নাজ্জার নামক এক সৎ ব্যক্তি ছিলেন। তিনি রাসূলগণের বিপদের কথা শুনে দ্রুত ছুটে আসেন এবং শহরবাসীকে তা থেকে নিবৃত্ত করেন। (মাঃ কুঃ)

وما لي لا اعبد الذي فطرني واليه ترجعون ۝٢٢ ءاتخذ من دونه الهة

২২। ওয়ামা-লিয়া লা~আ'বুদুল্লাযী ফাত্বারানী ওয়া ইলাইহি তুরজা'উন। ২৩। আ আত্তাখিযু মিন্ দূনিহী~আ-লিহাতান্
(২২) এবং আমার কি হয়েছে যে, আমি তাঁর ইবাদাত করব না, যিনি আমাকে সৃষ্টি করেছেন এবং যাঁর দিকেই তোমরা সব প্রত্যাবর্তিত হবে? (২৩) আমি কি আল্লাহ্ ভিন্ন অন্যকে মাবুদ হিসাবে গ্রহণ করব?

ان يردن الرحمن بضر لا تغن عني شفاعتهم شيئا ولا ينقذون ۝٢٣ اني

ইয় ইউরিদ্নির্ রাহ্মা-নু বিদ্বুর্‌রিল্ লা-তুগ্নি 'আন্নী শাফা-'আতুহুম শাইআওঁ ওয়ালা- ইউন্‌ক্বিযূন। ২৪। ইন্নী~
যদি রহমান আমাকে কোন ক্ষতি করতে চান, তবে তাদের সুপারিশ আমার কোনই উপকারে আসবে না এবং তারা আমাকে (শাস্তি হতে) রক্ষাও করতে পারবে না। (২৪) আমি

اذا لفي ضلل مبين ۝٢٤ اني امنت بربكم فاسمعون ۝٢٥ قيل ادخل الجنة

ইযাল্লাফী দ্বালা-লিম্ মুবীন। ২৫। ইন্নী~আ-মানতু বিরাব্বিকুম ফাস্‌মা'উন। ২৬। ক্বীলাদ্ খুলিল্ জ্বান্নাতা ;
যদি এরূপ করি তবে অবশ্যই স্পষ্ট ভ্রান্তিতে পড়ব। (২৫) আমিতো তোমাদের রবের উপর ঈমান এনেছি, সুতরাং তোমরা আমার কথা শোন। (২৬) তাকে বলা হল তুমি জান্নাতে

قال يليت قومي يعلمون ۝٢٦ بما غفر لي ربي وجعلني من المكرمين ۝٢٧

ক্বা-লা ইয়া-লাইতা ক্বাওমী ই'য়ালামূন। ২৭। বিমা- গাফারালী রাব্বী ওয়া জ্বা'আলানী মিনাল্ মুক্‌রামীন।
প্রবেশ কর। সে বলল, হায়! যদি আমার সম্প্রদায় জানতে পারত, (২৭) যে কারণে আমার প্রতিপালক আমাকে ক্ষমা করেছেন এবং আমাকে সম্মানিত করেছেন।

۝٢٨ وما انزلنا على قومه من بعده من جند من السماء وما كنا منزلين ۝

২৮। ওয়ামা~আন্‌যাল্‌না- 'আলা- ক্বাওমিহী মিম্ বা'দিহী মিন্ জুন্দিম্ মিনাস্ সামা—ই ওয়ামা- কুন্না- মুন্‌যিলীন।
(২৮) তার সম্প্রদায়ের উপর তার মৃত্যুর পরে আকাশ থেকে কোন সৈন্যবাহিনী (তাদের ধ্বংসে করার জন্য) প্রেরণ করিনি এবং আমি (ফিরিশতা) প্রেরণকারীও ছিলাম না।

۝٢٩ ان كانت الا صيحة وحدة فاذا هم خمدون ۝٣٠ يحسرة على العباد

২৯। ইন্ কা-নাত্ ইল্লা-স্বাইহ্বাতাওঁ ওয়া-হ্বিদাতান্ ফাইযা-হুম খা-মিদূন। ৩০। ইয়া-হ্বাস্‌রাতান্ 'আলাল্ 'ইবা-দি,
(২৯) (তাদের শাস্তি) সেটা একটি (ভীষণ) আওয়াজ ছাড়া আর কিছুই ছিল না। ফলে তারা নির্বাপিত হয়ে (শেষ হয়ে) গেল। (৩০) দুঃখ সে বান্দাদের উপর, তাদের কাছে

ما يأتيهم من رسول الا كانوا به يستهزءون ۝٣١ الم يروا كم اهلكنا

মা- ইয়া'তীহিম্ মির্ রাসূলিন্ ইল্লা- কা-নূ বিহী ইয়াস্‌তাহ্‌যিউন। ৩১। আলাম্ ইয়ারাও কাম্ আহ্‌লাক্‌না-
এমন কোন রাসূল আগমন করেনি, যাদের সাথে তারা উপহাস করেনি। (৩১) তারা কি দেখে না যে, আমি তাদের পূর্বে বহু দলকে

قبلهم من القرون انهم اليهم لا يرجعون ۝٣٢ وان كل لما جميع لدينا

ক্বাব্‌লাহুম্ মিনাল্ ক্বুরূনি আন্নাহুম্ ইলাইহিম লা- ইয়ারজ্বি'উন। ৩২। ওয়া ইন্ কুল্‌লুল্লাম্মা- জ্বামী'উল লাদাইনা-
ধ্বংস করে দিয়েছি। তারা তাদের কাছে (আর) ফিরে আসবে না। (৩২) এবং তাদের সকলকেই (পুনরায়) আমার সামনে উপস্থিত

○ বিশ্লেষণ (আঃ ২৫) ঃ ....انى امنت - নবীকে লক্ষ্য করে বলেছেন, উদ্দেশ্য ছিল ঈমানের ব্যাপারে নবীকে সাক্ষী রাখা। কারো মতে, তাঁর সম্প্রদায়কে উদ্দেশ্য করে বলেছেন। ○ টীকা (আঃ ২৬) ঃ "বেহেশতে প্রবেশ কর" বলতে তৎক্ষণাৎ প্রবেশ করা উদ্দেশ্য হয়ে থাকলে, বেহেশতের অর্থ তৎসংলগ্ন কোন স্থান। কেননা, বেহেশতে প্রবেশ করার পর আর নির্গমন নেই। অথচ পুনরুত্থান ও হাশর বেহেশতের বাইরে হবে। আর "বেহেশতে প্রবেশ কর" বলতে যথাসময়ে বেহেশতে প্রবেশ করার শুভ সংবাদও উদ্দেশ্য হতে পারে। (বঃ কোঃ) ○ বিশ্লেষণ (আঃ ২৯) ঃ ......صيحة - জিবরাঈল (আ) একটি চীৎকার দিয়েছিলেন যাতে সবার রূহ শরীর থেকে বের হয়ে গিয়েছিল এবং মৃত দেহগুলো স্তূপাকারে পড়ে রয়েছিল। (কুঃ কারীম)

محضرون ۝٣٢ واية لهم الارض الميتة احيينها واخرجنا منها حبا فمنه

মুহ্বদ্বারূন। ৩৩। ওয়া আ-য়াতুল্ লাহুমুল্ আরদ্বুল্ মাইতাতু; আহ্বইয়াইনা-হা- ওয়া আখ্‌রাজ্বনা- মিন্‌হা- হ্বাব্বান্ ফামিন্‌হু
করা হবে। (৩৩) আর তাদের জন্য একটি নিদর্শন হচ্ছে, মৃত (শুষ্ক) যমীন। আমি তাকে জীবিত (সতেজ) করি এবং তা থেকে আমি শস্য উৎপন্ন করি, তারপর তা (শস্য)

ياكلون ۝٣٣ وجعلنا فيها جنت من نخيل واعناب وفجرنا فيها من

ইয়া'কুলূন। ৩৪। ওয়া জ্বা'আল্‌না- ফীহা- জ্বান্না-তিম্ মিন্ নাখীলিওঁ ওয়া 'আনা-বিওঁ ওয়া ফাজ্জ্বার্‌না- ফীহা- মিনাল্
থেকে তারা খেয়ে থাকে। (৩৪) তাতে আমি বানিয়েছি খেজুর ও আংগুরের বাগান এবং তাতে বিভিন্ন ঝরনা (জলধারা)সমূহ প্রবাহিত

العيون ۝٣٤ لياكلوا من ثمره وما عملته ايديهم افلا يشكرون ۝

'উইউন। ৩৫। লিইয়া'কুলূ মিন্ ছামারিহী, ওয়ামা- 'আমিলাত্‌হু আইদীহিম ; আফালা- ইয়াশ্‌কুরূন।
করি। (৩৫) যাতে তারা সে ফল হতে খেতে পারে। অথচ সে (ফল)গুলোর (সৃষ্টির) ব্যাপারে তাদের হাত কোনই কাজ করেনি। এরপরেও কি তারা কৃতজ্ঞতা প্রকাশ করবে না?

۝٣٥ سبحن الذي خلق الازواج كلها مما تنبت الارض ومن انفسهم

৩৬। সুব্‌হা-নাল্লাযী খালাক্বাল্ আয্‌ওয়া-জ্বা কুল্লাহা- মিম্মা- তুম্‌বিতুল আর্‌দ্বু ওয়া মিন্ আন্‌ফুসিহিম্
(৩৬) তিনি (আল্লাহ্) মহা পবিত্র, যিনি প্রতিটি বস্তুর জোড়া সৃষ্টি করেছেন; যমীনের উদ্ভিদ শস্যের থেকে এবং মানুষের থেকে (পুরুষ, নারী)

ومما لا يعلمون ۝٣٦ واية لهم اليل نسلخ منه النهار فاذا هم مظلمون ۝

ওয়া মিম্মা- লা- ইয়া'লামূন। ৩৭। ওয়া আ-য়াতুল্ লাহুমুল্ লাইলু, নাস্‌লাখু মিন্‌হুন্ নাহা-রা ফাইযা-হুম্ মুজ্‌লিমূন।
এবং সে জিনিসের থেকেও, যেগুলো তারা জানে না। (৩৭) আর তাদের জন্য একটি নিদর্শন রাত, আমি তা থেকে দিবসকে আলাদা করি, তখন তারা অন্ধকারে থাকে।

۝٣٧ والشمس تجري لمستقر لها ذلك تقدير العزيز العليم ۝٣٨ والقمر قدرنه

৩৮। ওয়াশ্ শাম্‌সু তাজ্বরী লিমুস্‌তাক্বাররিল্লাহা- ; যা-লিকা তাক্বদীরুল্ 'আযীযিল্ 'আলীম। ৩৯। ওয়াল্ ক্বামারা ক্বাদ্দার্‌না-হু
(৩৮) আর সূর্য তার নির্ধারিত পথে চলে। এ চলার পথ, মহা প্রভাবশালী, মহাজ্ঞানী (আল্লাহ) এর নির্ধারিত। (৩৯) এবং আমি চন্দ্রের ভ্রমণের জন্যও

منازل حتى عاد كالعرجون القديم ۝٣٩ لا الشمس ينبغي لها ان تدرك

মানা-যিলা হ্বাত্তা- 'আ-দা কাল্'উর্‌জুনিল্ ক্বাদীম। ৪০। লাশ্ শাম্‌সু ইয়াম্‌বাগী লাহা~আন্ তুদ্‌রিকাল্
মনযিল (ভ্রমণপথ) নির্ধারণ করেছি। অবশেষে তা খেজুরের পুরাতন ডালের রূপ ধারণ করে। (৪০) সূর্যের জন্য সম্ভব নয় যে চন্দ্রকে গিয়ে ধরবে,

القمر ولا اليل سابق النهار وكل في فلك يسبحون ۝٤٠ واية لهم

ক্বামারা ওয়া লাল্ লাইলু সা-বিক্বুন্ নাহা-রি ; ওয়া কুল্‌লুন ফী ফালাকিইঁ ইয়াস্‌বাহ্বূন। ৪১। ওয়া আ-য়াতুল্ লাহুম
এবং রাতের জন্য এ সুযোগ নেই যে, সে দিনের উপর অগ্রগমন করবে। প্রত্যেকেই নিজ নিজ কক্ষ পথে সাঁতরায়। (৪১) আর তাদের জন্য আর একটি নিদর্শন এই যে,

○ টীকা (আঃ ৩৬) ঃ কতকগুলো উদ্ভিদের মধ্যে জাতিগত বৈপরিত্য রয়েছে। যেমন– কোন উদ্ভিদ হতে গম এবং কোনটি হতে যব উৎপন্ন হয়। কোন কোনটিতে আরও অধিক বৈষম্য রয়েছে। (বঃ কোঃ) ○ টীকা (আঃ ৩৯) ঃ সূর্যের গন্তব্য স্থান বলতে সে বিন্দুটিই উদ্দেশ্য, যেখান হতে তার বার্ষিক গতি আরম্ভ হয়ে বছরান্তে পুনরায় সে বিন্দুতে উপনীত হয়। আর চক্রবালের সে বিন্দুটিও উদ্দেশ্য, দৈনিক গতিতে যে বিন্দুটিতে সূর্য অস্তমিত হয়। (বঃ কোঃ) ○ বিশ্লেষণ (আঃ ৪০) ঃ ...كل في - অর্থাৎ চন্দ্র, সূর্য এবং তার সাথে অন্যান্য তারকাসমূহ নিজ কক্ষ পথে ভ্রমণ করে। ○ টীকা (আঃ ৪০) ঃ অর্থাৎ এরূপ সম্ভব নয় যে, সূর্য তার নির্দিষ্ট সময়ের পূর্বে উদিত হয়ে চন্দ্রকে অর্থাৎ, তার সময় রাত্রিকে মুছিয়ে ফেলে, অনুরূপভাবে চন্দ্রও সূর্যকে তার কিরণ প্রকাশকালে ধরতে পারে না, যাতে রাত্রি এসে পড়ে। ○ বিশ্লেষণ (আঃ ৪১) ঃ .....في الفلك - অর্থাৎ নূহের (আ) কিস্তি (নৌকা)।

أَنَّا حَمَلْنَا ذُرِّيَّتَهُمْ فِي الْفُلْكِ الْمَشْحُونِ ﴿٤١﴾ وَخَلَقْنَا لَهُم مِّن مِّثْلِهِ مَا يَرْكَبُونَ

আন্না- হ্বামাল্না- যুর্‌রিয়্যাতাহুম ফিল্ ফুল্‌কিল্ মাশ্‌হূন। ৪২। ওয়া খালাক্বনা- লাহুম মিম্ মিছ্‌লিহী মা-ইয়ার্‌কাবূন।

আমি তাদের বংশধরকে বোঝাইকৃত নৌকায় আরোহণ করিয়েছিলাম। (৪২) আর আমি তাদের জন্য অনুরূপ নৌকা সৃষ্টি করেছি, যাতে তারা আরোহণ করে।

﴿٤٣﴾ وَإِن نَّشَأْ نُغْرِقْهُمْ فَلَا صَرِيخَ لَهُمْ وَلَا هُمْ يُنقَذُونَ ﴿٤٤﴾ إِلَّا رَحْمَةً مِّنَّا وَمَتَاعًا

৪৩। ওয়া ইন্ নাশা' নুগ্‌রিক্বহুম ফালা- স্বারীখা লাহুম ওয়ালা-হুম ইউন্‌ক্বাযূন। ৪৪। ইল্লা- রাহ্বমাতাম্ মিন্না-ওয়া মাতা-'আন্

(৪৩) আমি ইচ্ছা করলে তাদেরকে ডুবিয়ে দিতে পারি, তারপর তাদের জন্য কেউই সাহায্যকারী হবে না এবং তাদেরকে কেউ বাঁচাতেও পারবে না। (৪৪) কিন্তু এটা আমার অনুগ্রহ এবং তাদের একটা নির্দিষ্ট সময় জীবন ভোগ করার সুযোগ

إِلَىٰ حِينٍ ﴿٤٥﴾ وَإِذَا قِيلَ لَهُمُ اتَّقُوا مَا بَيْنَ أَيْدِيكُمْ وَمَا خَلْفَكُمْ لَعَلَّكُمْ تُرْحَمُونَ

ইলা-হ্বীন। ৪৫। ওয়া ইযা-ক্বীলা লাহুমুত্তাক্বূ মা- বাইনা আইদীকুম্ ওয়ামা- খাল্‌ফাকুম লা'আল্লাকুম তুরহ্বামূন।

দেয়া। (৪৫) যখন তাদেরকে বলা হয় যে, তোমরা ভয় কর, যা তোমাদের সম্মুখে রয়েছে এবং যা তোমাদের পশ্চাতে রয়েছে। হয়ত তোমরা অনুগ্রহ লাভ করতে পার।

﴿٤٦﴾ وَمَا تَأْتِيهِم مِّنْ آيَةٍ مِّنْ آيَاتِ رَبِّهِمْ إِلَّا كَانُوا عَنْهَا مُعْرِضِينَ ﴿٤٧﴾ وَإِذَا قِيلَ

৪৬। ওয়া মা- তা'তীহিম্ মিন্ আ-য়াতিম্ মিন্ আ-য়া-তি রাব্বিহিম ইল্লা-কা-নূ 'আন্‌হা- 'মুরিদ্বীন। ৪৭। ওয়া ইযা-ক্বীলা

(৪৬) তাদের কাছে তাদের প্রতিপালকের আয়াতগুলো থেকে এমন কোন আয়াত আসেনি যে, যা থেকে তারা বিমুখ না হয়েছে। (৪৭) আর যখন তাদেরকে বলা

لَهُمْ أَنفِقُوا مِمَّا رَزَقَكُمُ اللَّهُ قَالَ الَّذِينَ كَفَرُوا لِلَّذِينَ آمَنُوا أَنُطْعِمُ مَن لَّوْ

লাহুম আন্‌ফিক্বূ মিম্মা- রাযাক্বাকুমুল্লা-হু, ক্বা-লাল্ লাযীনা কাফারূ লিল্লাযীনা আমানূ~আনুত্ব্'ইমু মাল্ লাও

হয় যে, তোমাদেরকে আল্লাহ যে রিযিক দান করেছেন, তা থেকে ব্যয় কর। তখন কাফিরেরা মুমিনগণকে (ঠাট্টা করে) বলে, আমরা কি তাকে খাওয়াব,

يَشَاءُ اللَّهُ أَطْعَمَهُ إِنْ أَنتُمْ إِلَّا فِي ضَلَالٍ مُّبِينٍ ﴿٤٨﴾ وَيَقُولُونَ مَتَىٰ هَٰذَا

ইয়াশা—উল লা-হু আত্ব্'আমাহূ~, ইন্ আন্‌তুম্ ইল্লা- ফী দ্বালা-লিম্ মুবীন। ৪৮। ওয়া ইয়াকূলূনা মাতা- হা-যাল্

যাকে আল্লাহ ইচ্ছা করলে খাওয়াতে পারেন? তোমরা স্পষ্ট বিভ্রান্তির মধ্যে রয়েছ। (৪৮) আর এসব লোকেরা বলে, এ (পুনরুত্থানের) প্রতিশ্রুতি কবে (বাস্তবায়ন) হবে,

الْوَعْدُ إِن كُنتُمْ صَادِقِينَ ﴿٤٩﴾ مَا يَنظُرُونَ إِلَّا صَيْحَةً وَاحِدَةً تَأْخُذُهُمْ وَهُمْ

ও'য়াদু ইন্ কুন্‌তুম্ স্বা-দিক্বীন। ৪৯। মা- ইয়ান্‌জুরূনা ইল্লা- স্বাইহ্বাতাওঁ ওয়া- হ্বিদাতান্ তা'খুযুহুম্ ওয়াহুম্

যদি তোমাদের সত্যবাদী হয়ে থাক? (৪৯) তারা তো শুধু মাত্র ভয়ানক আওয়াজের অপেক্ষা করছে, যা তাদেরকে পাকড়াও করবে, এমনাবস্থায় যে, তারা পরস্পরে ঝগড়া

يَخِصِّمُونَ ﴿٥٠﴾ فَلَا يَسْتَطِيعُونَ تَوْصِيَةً وَلَا إِلَىٰ أَهْلِهِمْ يَرْجِعُونَ ﴿٥١﴾ وَنُفِخَ فِي

ইয়াখিস্বস্বিমূন। ৫০। ফালা- ইয়াস্‌তাত্বী'উনা তাওস্বিয়াতাওঁ ওয়ালা~ইলা~ আহ্‌লিহিম্ ইয়ার্‌জ্বি'উন। ৫১। ওয়া নুফিখা ফিস্

করতে থাকবে। (৫০) এ সময় তারা না অসিয়ত করতে পারবে এবং না তার নিজ পরিবার-পরিজনের প্রতি ফিরে যেতে পারবে। (৫১) আর যখন শিংগায় ফুৎকার দেয়া হবে,

রুকূ ৩ / ২

○ টীকা (আঃ ৪২) ঃ অধিকাংশ লোক নিজেদের সন্তানদেরকে ব্যবসায়ের উদ্দেশ্যে পাঠিয়ে থাকে, এতে তিনটি নেয়ামতের প্রতি ইঙ্গিত হয়েছে– (ক) বোঝাইকৃত নৌকা বোঝার ভারে ডুবে যাওয়া উচিত, তাকে পানির উপর দিয়ে চালিয়ে নেয়া। (খ) সন্তান দান করা। (গ) আহার্য্য ও আসবাবপত্র দান করা; যাতে নিজেরা ঘরে থেকে সন্তানদিগকে কর্মকর্তা করে বাণিজ্যে পাঠায়। (বঃ কোঃ) ○ টীকা (আঃ ৪৭) ঃ এই কথাটি গরীব মুসলমানেরা বলে থাকলে দান প্রার্থনা আকারে বলেছিল, অত্যন্ত প্রয়োজনে দান প্রার্থনা করা জায়েয আছে। আর যদি কোন অভাবশূন্য মুসলমান বলে থাকে, তবে অভাবীদের জন্য সুপারিশের আকারে বলেছিল। (বঃ কোঃ) ○ বিশ্লেষণ (আঃ ৪৯) ঃ وهم يخصمون – মানুষেরা বাজারে ক্রয়-বিক্রয় বা অন্যান্য ব্যাপারে বাদানুবাদ করতে থাকবে, এমতাবস্থায় হঠাৎ শিংগায় ফুৎকার দেয়া হবে এবং কেয়ামত ঘটে যাবে। এটা প্রথম ফুৎকার। (কুঃ কারীম)

الصُّورِ فَإِذَا هُم مِّنَ الْأَجْدَاثِ إِلَىٰ رَبِّهِمْ يَنسِلُونَ ﴿٥٢﴾ قَالُوا يَا وَيْلَنَا مَن بَعَثَنَا

স্বূরি ফাইযা- হুম মিনাল আজ্বদা-ছি ইলা- রাব্বিহিম ইয়ান্‌সিলূন। ৫২। ক্বা-লূ ইয়া- ওয়াইলানা- মাম্ বা'আছানা-

তখন তারা কবর থেকে (উঠে) তাদের রবের দিকে (দ্রুত) চলতে থাকবে। (৫২) তারা বলবে, হায়! আমাদেরকে আমাদের বিশ্রামস্থল (কবর) থেকে কে উঠাল?

مِن مَّرْقَدِنَا ۜ هَٰذَا مَا وَعَدَ الرَّحْمَٰنُ وَصَدَقَ الْمُرْسَلُونَ ﴿٥٣﴾ إِن كَانَتْ إِلَّا

মিম্ মারক্বাদিনা-; হা-যা- মা- ওয়া'আদার্ রাহ্বমা-নু ওয়া স্বাদাকাল্ মুর্‌সালূন। ৫৩। ইন্ কা-নাত্ ইল্লা-

এটা সেই ওয়াদা, যার প্রতিশ্রুতি রহমান (আল্লাহ) দিয়েছিলেন এবং রাসূলগণ (যেটাকে) সত্য বলেছিলেন। (৫৩) (সেদিন) সেটা হবে

صَيْحَةً وَاحِدَةً فَإِذَا هُمْ جَمِيعٌ لَّدَيْنَا مُحْضَرُونَ ﴿٥٤﴾ فَالْيَوْمَ لَا تُظْلَمُ نَفْسٌ

স্বাইহ্বাতাওঁ ওয়া- হ্বিদাতান ফাইযা-হুম্ জ্বামী'উল্ লাদাইনা- মুহ্বদ্বারূন। ৫৪। ফাল্‌ইয়াওমা লা- তুজ্‌লামু নাফ্‌সুন্

শুধুমাত্র একটি আওয়াজ, তখন সবাইকে আমার সামনে উপস্থিত করা হবে। (৫৪) বলা হবে আজকের দিনে, কারও প্রতি বিন্দু মাত্রও জুলুম করা হবে না

شَيْئًا وَلَا تُجْزَوْنَ إِلَّا مَا كُنتُمْ تَعْمَلُونَ ﴿٥٥﴾ إِنَّ أَصْحَابَ الْجَنَّةِ الْيَوْمَ فِي شُغُلٍ

শাইআওঁ ওয়ালা- তুজ্বযাওনা ইল্লা- মা-কুন্‌তুম 'তামালূন। ৫৫। ইন্না আস্বহ্বা-বাল্ জ্বান্নাতিল্ ইয়াওমা ফী শুগুলিন্

এবং তোমাদেরকে শুধু সেসব কাজেরই প্রতিফল দেয়া হবে, যা তোমরা করতে। (৫৫) এ (কিয়ামতের) দিনে জান্নাত বাসীগণ খুশীতে মশগুল

فَاكِهُونَ ﴿٥٦﴾ هُمْ وَأَزْوَاجُهُمْ فِي ظِلَالٍ عَلَى الْأَرَائِكِ مُتَّكِئُونَ ﴿٥٧﴾ لَهُمْ فِيهَا فَاكِهَةٌ

ফা-কিহূন। ৫৬। হুম্ ওয়া আয্‌ওয়া-জুহুম্ ফী জিলা-লিন্ 'আলাল্ আরা—ইকি মুত্তাকিউন। ৫৭। লাহুম ফীহা- ফা-কিহাতুওঁ

থাকবে। (৫৬) তারা এবং তাদের স্ত্রীগণ ছায়ায় সুসজ্জিত গদিতে হেলান দিয়ে বসবে। (৫৭) তাদের জন্য সেখানে থাকবে ফলসমূহ এবং তাদের জন্য সেখানে তাদের কামনীয়

وَلَهُم مَّا يَدَّعُونَ ﴿٥٨﴾ سَلَامٌ قَوْلًا مِّن رَّبٍّ رَّحِيمٍ ﴿٥٩﴾ وَامْتَازُوا الْيَوْمَ أَيُّهَا

ওয়া লাহুম্ মা- ইয়াদ্দা'উন। ৫৮। সালা-মুন্, ক্বাওলাম্ মির্ রাব্বির্ রাহ্বীম। ৫৯। ওয়াম্ তা-যুল্ ইয়াওমা আইয়্যুহাল্

জিনিসগুলোও থাকবে, (৫৮) তাদেরকে বলা হবে 'সালাম', দয়াময় প্রতিপালকের তরফ থেকে। (৫৯) আর (বলা হবে) হে পাপীগণ! তোমরা আজ (পূন্যবানদের থেকে)

الْمُجْرِمُونَ ﴿٦٠﴾ أَلَمْ أَعْهَدْ إِلَيْكُمْ يَا بَنِي آدَمَ أَن لَّا تَعْبُدُوا الشَّيْطَانَ ۖ إِنَّهُ لَكُمْ

মুজ্বরিমূন। ৬০। আলাম্ 'আহাদ্ ইলাইকুম্ ইয়া-বানী~আ-দামা আল লা- তা'বুদুশ্ শাইত্বা-না, ইন্নাহূ লাকুম

আলাদা হয়ে যাও। (৬০) হে আদম সন্তানেরা। আমি কি তোমাদেরকে এ কথা বলিনি যে, তোমরা শয়তানের দাসত্ব কর না, নিশ্চয়ই সে তোমাদের

عَدُوٌّ مُّبِينٌ ﴿٦١﴾ وَأَنِ اعْبُدُونِي ۚ هَٰذَا صِرَاطٌ مُّسْتَقِيمٌ ﴿٦٢﴾ وَلَقَدْ أَضَلَّ مِنكُمْ

'আদুওয়্যুম্ মুবীন। ৬১। ওয়া আ'নিবুদূনী, হা-যা- স্বিরা-তুম্ মুস্‌তাক্বীম। ৬২। ওয়া লাক্বাদ্ আদ্বাল্লা মিন্‌কুম

প্রকাশ্য দুশমন? (৬১) আর (একমাত্র) আমার দাসত্ব স্বীকার কর, এটাই সরল (সত্য) পথ। (৬২) এবং সে (শয়তান) তোমাদের মধ্য হতে

○ বিশ্লেষণ (আঃ ৫২) ঃ ......قالوا يويلنا – 'বিশ্রামস্থল' দ্বারা এটা বুঝান হয়নি যে, তাদের কবরে শাস্তি হবে না; বরং কেয়ামতের শাস্তি ভয়ানক দৃশ্য দেখে সে তুলনায় কবরের জীবনকে তারা বিশ্রামস্থল মনে করবে। (কুঃ কাঃ) ○ টীকা (আঃ ৫৬) ঃ স্ত্রীগণ বলতে বেহেশতীদেরকে বেহেশতে প্রদত্ত হুর এবং পৃথিবীতে তাদের বিবাহিতা মু'মিনা স্ত্রীগণ উদ্দেশ্য হতে পারে। (বঃ কোঃ) ○ বিশ্লেষণ (আঃ ৫৮) ঃ سلام – হযরত জাবের (রা) থেকে বর্ণিত, রাসূল (সা) বলেন, জান্নাতীগণ (আল্লাহর) নেয়ামতের মধ্যে নিমজ্জিত থাকবেন। হঠাৎ তাঁদের উপর একটি নূর প্রকাশিত হবে। যখন তাঁরা মাথা উত্তোলন করবেন, তখন আল্লাহ বলবেন, سلام عليكم طبتم فادخلوها خالدين يا اهل الجنة। (তাঃ কাদেরী) ○ টীকা (আঃ ৫৮) ঃ অর্থাৎ, আল্লাহ স্বয়ং বলবেন, হে বেহেশতবাসীগণ! তোমাদের উপর শান্তি বর্ষিত হোক। এর অর্থ কেবল সম্মানিত করা বা স্থায়ী শান্তির শুভসংবাদ প্রদান করা। (বঃ কোঃ)

جِبِلًّا كَثِيرًا ۖ أَفَلَمْ تَكُونُوا تَعْقِلُونَ ﴿٦٢﴾ هَٰذِهِ جَهَنَّمُ الَّتِي كُنتُمْ تُوعَدُونَ ○

জ্বিবিল্লান্ কাছীরান ; আফালাম তাকূনূ 'তাক্বিলূন। ৬৩। হা-যিহী জ্বাহান্নামুল্লাতী কুন্তুম তূ'আদূন।
বহু দলকে বিভ্রান্ত করেছে। এরপরেও কি তোমরা (তার শত্রুতা সম্পর্কে) বুঝ না? (৬৩) এটা সে জাহান্নাম, যার প্রতিশ্রুতি তোমাদেরকে দেয়া হয়েছিল।

﴿٦٣﴾ اصْلَوْهَا الْيَوْمَ بِمَا كُنتُمْ تَكْفُرُونَ ﴿٦٤﴾ الْيَوْمَ نَخْتِمُ عَلَىٰ أَفْوَاهِهِمْ وَتُكَلِّمُنَا

৬৪। ইস্বলাওহাল্ ইয়াওমা বিমা- কুন্তুম্ তাক্ফুরূন। ৬৫। আল্ ইয়াওমা নাখ্তিমু 'আলা~আফ্ওয়া-হিহিম্ ওয়া তুকাল্লিমুনা~
(৬৪) আজ তোমরা এতে প্রবেশ কর, কারণ তোমরা কুফরী করেছিলে। (৬৫) আজ আমি তাদের মুখের উপর মহর লাগিয়ে দিব এবং তাদের হাতগুলো আমার সামনে

أَيْدِيهِمْ وَتَشْهَدُ أَرْجُلُهُم بِمَا كَانُوا يَكْسِبُونَ ﴿٦٥﴾ وَلَوْ نَشَاءُ لَطَمَسْنَا عَلَىٰ أَعْيُنِهِمْ

আইদীহিম ওয়া তাশ্হাদু আর্জুলুহুম্ বিমা- কা-নূ ইয়াক্সিবূন। ৬৬। ওয়ালাও নাশা—উ লাত্বামাস্না- 'আলা~আ'ইউনিহিম
কথা বলবে এবং তাদের পাগুলো তাদের কৃতকর্মের সাক্ষ্য দিবে। (৬৬) যদি আমি ইচ্ছা করতাম তবে তাদের চোখগুলি বিলুপ্ত (দৃষ্টিহীন) করে দিতে পারতাম, তখন তারা যদি

فَاسْتَبَقُوا الصِّرَاطَ فَأَنَّىٰ يُبْصِرُونَ ﴿٦٦﴾ وَلَوْ نَشَاءُ لَمَسَخْنَاهُمْ عَلَىٰ مَكَانَتِهِمْ

ফাস্তাবাকুস্ব স্বিরা-ত্বা ফাআন্না- ইউব্স্বিরূন। ৬৭। ওয়ালাও নাশা—উ লামাসাখ্না-হুম 'আলা- মাকা-নাতিহিম
রাস্তার দিকে দৌড়িয়ে যাবার চেষ্টা করত, তবে (তখন) কিভাবে তারা দেখত? (৬৭) আর আমি যদি ইচ্ছা করতাম তবে তাদের (চেহারা) বিকৃত করে দিতে পারতাম, তাদের

فَمَا اسْتَطَاعُوا مُضِيًّا وَلَا يَرْجِعُونَ ﴿٦٧﴾ وَمَن نُّعَمِّرْهُ نُنَكِّسْهُ فِي الْخَلْقِ ۖ أَفَلَا

ফামাস্ তাত্বা- উ মুদ্বিয়্যাওঁ ওয়ালা- ইয়ার্জ্বি'উন। ৬৮। ওয়া মান্ নু'আম্মির্হু নুনাক্কিস্হু ফিল্ খাল্ক্বি ; আফালা-
নিজ নিজ অবস্থানে রেখে, ফলে তারা না (সামনে) চলতে পারত এবং না প্রত্যাবর্তন করতে পারত। (৬৮) আমি যাকে অধিক বয়স দেই, তার স্বাভাবিক অবস্থার মধ্যে পরিবর্তন

يَعْقِلُونَ ﴿٦٨﴾ وَمَا عَلَّمْنَاهُ الشِّعْرَ وَمَا يَنبَغِي لَهُ ۚ إِنْ هُوَ إِلَّا ذِكْرٌ وَقُرْآنٌ مُّبِينٌ ○

ই'য়াক্বিলূন। ৬৯। ওয়া মা- 'আল্লাম্না-হুশ্ 'শিরা ওয়ামা- ইয়াম্বাগী লাহূ ; ইন্ হুওয়া ইল্লা- যিক্রুওঁ ওয়া ক্বুরআ-নুম্ মুবীন।
করে দেই, এরপরেও কি তারা বুঝে না? (৬৯) আমি রাসূলকে কবিতা শিখাইনি এবং এটা তার জন্য শোভনীয় নয়। এতো শুধু মাত্র উপদেশ এবং সুস্পষ্ট কুরআন।

﴿٦٩﴾ لِّيُنذِرَ مَن كَانَ حَيًّا وَيَحِقَّ الْقَوْلُ عَلَى الْكَافِرِينَ ﴿٧٠﴾ أَوَلَمْ يَرَوْا أَنَّا خَلَقْنَا

৭০। লিইউন্যিরা মান্ কা-না হ্বাইয়্যাও ওয়া ইয়াহ্বিক্বক্বাল্ ক্বাওলু 'আলাল্ কা-ফিরীন। ৭১। আওয়ালাম্ ইয়ারাও আন্না- খালাক্বনা-
(৭০) যাতে সে এমন ব্যক্তিকে সাবধান করতে পারে, যে জীবিত (অর্থাৎ মুমিন) এবং যাতে কাফিরদের উপর (শাস্তির) বাণী স্থির হতে পারে। (৭১) তারা কি দেখে না যে,

لَهُم مِّمَّا عَمِلَتْ أَيْدِينَا أَنْعَامًا فَهُمْ لَهَا مَالِكُونَ ﴿٧١﴾ وَذَلَّلْنَاهَا لَهُمْ فَمِنْهَا رَكُوبُهُمْ

লাহুম্ মিম্মা- 'আমিলাত্ আইদীনা~আন্'আ-মান্ ফাহুম লাহা- মা-লিকূন। ৭২। ওয়া যাল্লাল্না-হা- লাহুম ফামিন্হা- রাকূবুহুম
আমি সৃষ্টি করেছি তাদের জন্য আমার নিজ হাতে সৃষ্টি বস্তুসমূহের মধ্যে গবাদি পশু এবং তারা সেগুলোর মালিক হয়ে গেছে? (৭২) এবং সে
(জন্তু)গুলোকে তাদের অধীন করে দিয়েছি। সুতরাং এগুলোর মধ্যে কতক তাদের বাহন

○ টীকা (আঃ ৬২) ঃ কোরআনে অবিশ্বাসী কাফেরদের ঘটনাবলী উল্লেখ করে তাদের পথভ্রষ্টতার শাস্তির কথা তোমাদেরকে শুনায়ে দেয়া হয়েছে। অতএব, তোমরা এতটুকু কথাও কি বুঝ না যে, শয়তানের অনুগামী হলে তোমরাও অনুরূপ শাস্তির উপযোগী হবে। (বঃ কোঃ)

○ বিশ্লেষণ (আঃ ৬৮) ঃ نُنَكِّسْهُ فِي الْخَلْقِ - অর্থাৎ আল্লাহ যাকে অধিক বয়স দেন তাকে শিশুকাল হতে শুরু করে বার্ধক্যের সূচনা পর্যন্ত লালন-পালন করেন এবং জ্ঞান, বুদ্ধি, শক্তি পর্যায়ক্রমে বাড়িয়ে দেন। অতঃপর বার্ধক্যে তার জ্ঞান, বুদ্ধি ও শক্তি পুনরায় হ্রাস করে পূর্বের অবস্থায় অর্থাৎ শিশুর অবস্থার দিকে ফিরিয়ে আনেন। (কুঃ কারীম) ○ টীকা (আঃ ৬৯) ঃ কাফেররা রাসূলুল্লাহ (সা)-কে কবি বলত। তাই আয়াতে বলা হয়েছে যে, আমি আপনাকে কবিত্ব শিক্ষা দেই নি। আপনার প্রতি যে কোরআন অবতীর্ণ হয়েছে, তা ওহী। আপনার রচনা নয়। (বঃ কোঃ)

وَمِنْهَا يَأْكُلُونَ ﴿٧٢﴾ وَلَهُمْ فِيهَا مَنَافِعُ وَمَشَارِبُ ۖ أَفَلَا يَشْكُرُونَ ﴿٧٣﴾ وَاتَّخَذُوا

ওয়া মিন্হা- ইয়া'কুলূন। ৭৩। ওয়া লাহুম ফীহা- মানা-ফি'উ ওয়া মাশা-রিবু ; আফালা- ইয়াশকুরূন। ৭৪। ওয়াত্তাখাযূ
এবং কতক তারা খেয়ে থাকে। (৭৩) সেগুলোর মধ্যে তাদের জন্য আরও অনেক উপকার রয়েছে এবং তাদের জন্য পানীয় বস্তুও রয়েছে।
এরপরেও কি তোমরা কৃতজ্ঞ হবে না? (৭৪) তারা তো গ্রহণ করেছে

مِن دُونِ اللَّهِ آلِهَةً لَّعَلَّهُمْ يُنصَرُونَ ﴿٧٤﴾ لَا يَسْتَطِيعُونَ نَصْرَهُمْ وَهُمْ لَهُمْ جُندٌ

মিন্ দূনিল্লা-হি আ-লিহাতাল্ লা'আল্লাহুম ইউন্স্বারূন। ৭৫। লা- ইয়াস্তাত্বী'উনা নাস্বরাহুম, ওয়াহুম লাহুম জুন্দুম্
আল্লাহর পরিবর্তে অন্যকে মাবুদ হিসেবে এ আশায় যে, তারা সাহায্য প্রাপ্ত হবে। (৭৫) (অথচ) তারা সাহায্য করার কোনই ক্ষমতা রাখেনা এবং তাদেরকে, ওদের বাহিনীরূপে

مُّحْضَرُونَ ﴿٧٥﴾ فَلَا يَحْزُنكَ قَوْلُهُمْ ۘ إِنَّا نَعْلَمُ مَا يُسِرُّونَ وَمَا يُعْلِنُونَ ○

মুহ্দ্বারূন। ৭৬। ফালা- ইয়াহ্যুন্কা ক্বাওলুহুম। ইন্না- 'নালামু মা- ইউসির্রূনা ওয়া মা- ই'উলিনূন।
জাহান্নামে উপস্থিত করা হবে। (৭৬) অতএব তাদের কথা যেন আপনাকে দুঃখ না দেয়। নিশ্চয়ই আমি সে সব জানি, যা তারা অন্তরে গোপন রাখে এবং যা তারা প্রকাশ করে।

﴿٧٦﴾ أَوَلَمْ يَرَ الْإِنسَانُ أَنَّا خَلَقْنَاهُ مِن نُّطْفَةٍ فَإِذَا هُوَ خَصِيمٌ مُّبِينٌ ﴿٧٧﴾ وَضَرَبَ لَنَا

৭৭। আওয়ালাম ইয়ারাল্ ইন্সা-নু আন্না- খালাক্বনা-হু মিন্ নুত্ব্ফাতিন্ ফাইযা- হুওয়া খাস্বীমুম্ মুবীন। ৭৮। ওয়া দ্বারাবা লানা-
(৭৭) মানুষ কি দেখে না যে, আমি তাকে এক ফোঁটা বীর্য হতে সৃষ্টি করেছি? অতঃপর সে এখন প্রকাশ্য বিবাদকারী হয়ে বসেছে। (৭৮) সে (এখন) আমার ব্যাপারে

مَثَلًا وَنَسِيَ خَلْقَهُ ۖ قَالَ مَن يُحْيِي الْعِظَامَ وَهِيَ رَمِيمٌ ﴿٧٨﴾ قُلْ يُحْيِيهَا

মাছালাওঁ ওয়া নাসিয়া খাল্ক্বাহূ, ক্বা-লা মাইঁ ইউহ্য়িল্ 'ইজা-মা ওয়া হিয়া রামীম। ৭৯। কুল্ ইউহ্য়ীহাল্
দৃষ্টান্ত বর্ণনা করে। অথচ সে তার সৃষ্টির বিষয় ভুলে গেছে, সে বলে, কে জীবিত করবে হাড্ডিগুলোকে, যখন সেগুলো পচে শেষ হয়ে যাবে? (৭৯) আপনি বলুন, সেগুলোকে

الَّذِي أَنشَأَهَا أَوَّلَ مَرَّةٍ ۖ وَهُوَ بِكُلِّ خَلْقٍ عَلِيمٌ ﴿٧٩﴾ الَّذِي جَعَلَ لَكُم مِّنَ

লাযী~আন্শাআহা~আওয়্যালা মার্রাতিন ; ওয়া হুওয়া বিকুল্লি খাল্ক্বিন্ 'আলীমু ৮০। নিল্লাযী জ্বা'আলা লাকুম্ মিনাশ্
তিনিই জীবিত করবেন, যিনি সেগুলোকে প্রথমবারে সৃষ্টি করেছেন। তিনি (আল্লাহ) প্রতিটি সৃষ্টি সম্পর্কে পূর্ণ অবগত। (৮০) তিনি তোমাদের জন্য সবুজ

الشَّجَرِ الْأَخْضَرِ نَارًا فَإِذَا أَنتُم مِّنْهُ تُوقِدُونَ ﴿٨٠﴾ أَوَلَيْسَ الَّذِي خَلَقَ

শাজ্বারিল্ আখ্দ্বারি না-রান্ ফাইযা- আন্তুম্ মিন্হু তূক্বিদূন। ৮১। আওয়া লাইসাল্ লাযী খালাক্বাস্
বৃক্ষ হতে অগ্নি সৃষ্টি করেছেন, ফলে তোমরা তা থেকে আগুন জ্বালিয়ে থাক। (৮১) যিনি আকাশ ও পৃথিবীকে সৃষ্টি করেছেন,

السَّمَاوَاتِ وَالْأَرْضَ بِقَادِرٍ عَلَىٰ أَن يَخْلُقَ مِثْلَهُم ۚ بَلَىٰ وَهُوَ الْخَلَّاقُ

সামা-ওয়া-তি ওয়াল্ আর্দ্বা বিক্বা-দিরিন্ 'আলা~আইঁ ইয়াখ্লুক্বা মিছ্লাহুম ; বালা-, ওয়া হুওয়াল খাল্লা-ক্বুল
তিনি কি সক্ষম নন, (পুনরায়) অনুরূপ ভাবে সৃষ্টি করতে? অবশ্যই সক্ষম। তিনি সৃষ্টিকর্তা,

○ টীকা (আঃ ৮০) ঃ আলোচ্য আয়াত দ্বারা আল্লাহ তা'আলা তৎকালীন আরবদের অকৃতজ্ঞতা জনিত ভ্রান্তি অপনোদন করে বলেছেন যে, তোমরা যে সরস বৃক্ষ হতে তাদেরকে পরস্পর ঘর্ষণ করে অগ্নি উৎপন্ন কর সে বৃক্ষকেও পরম দাতা শক্তিশালী একক আল্লাহ সৃষ্টি করেছেন। আরবাসীরা মারখ ও ইফার নামক দুটি বৃক্ষের শাখাকে পরস্পর ঘর্ষণ করে অগ্নি প্রজ্জ্বলিত করে। তাদের মতে আঙ্গুর ব্যতীত সকল প্রকার কাঠ হতে অগ্নি উৎপাদিত হয়। তবে মারখ, ইফার যন্দদ ও যন্দা বৃক্ষ হতে সাধারণত অগ্নি জ্বালান হয়। ○ বিশ্লেষণ (আঃ ৮০) ঃ الشَّجَرِ الْأَخْضَرِ...... - আরবে দু ধরনের বৃক্ষ ছিল। একটি 'মারখ' অন্যটি 'ইফার'। এ দুটি কাঠ মিলিয়ে ঘর্ষণ করলে আগুন জ্বলত। এখানে সবুজ বৃক্ষ দ্বারা সেটাই বুঝান হয়েছে। (কুঃ কারীম)

الْعَلِيمُ ﴿٨١﴾ إِنَّمَا أَمْرُهُ إِذَا أَرَادَ شَيْئًا أَنْ يَقُولَ لَهُ كُنْ فَيَكُونُ

'আলীম। ৮২। ইন্নামা~আম্‌রুহূ~ইযা~আরা-দা শাইআন্ আইঁ ইয়াক্বূলা লাহূ কুন্ ফাইয়াকূন।
মহাজ্ঞানী। (৮২) তিনি যখন কোন জিনিস সৃষ্টি করতে চান, তখন তিনি (শুধু) বলেন, 'কুন' (হও)। অতঃপর (সেটি) হয়ে যায়।

﴿٨٢﴾ فَسُبْحَانَ الَّذِي بِيَدِهِ مَلَكُوتُ كُلِّ شَيْءٍ وَإِلَيْهِ تُرْجَعُونَ

৮৩। ফাসুব্‌হা-নাল্ লাযী বিয়াদিহী মালাকূতু কুল্লি শাইয়িওঁ ওয়া ইলাইহি তুর্‌জা'ঊন।
(৮৩) পবিত্র তিনি (আল্লাহ), যাঁর (কুদরতী) হাতে রয়েছে প্রতিটি জিনিসের কর্তৃত্ব (বাদশাহী) এবং তাঁর দিকেই তোমরা প্রত্যাবর্তিত হবে।

৫ রুকূ ৪

সূরা ছা-ফফা-ত
মক্কী

بِسْمِ اللَّهِ الرَّحْمَٰنِ الرَّحِيمِ
বিসমিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম
পরম দাতা ও দয়ালু আল্লাহ্‌র নামে শুরু করছি

আয়াত ঃ ১৮২
রুকূ ঃ ৫

وَالصَّافَّاتِ صَفًّا ﴿١﴾ فَالزَّاجِرَاتِ زَجْرًا ﴿٢﴾ فَالتَّالِيَاتِ ذِكْرًا ﴿٣﴾ إِنَّ إِلَٰهَكُمْ لَوَاحِدٌ

১। ওয়াস্‌স্বা-ফফা-তি স্বাফ্‌ফান। ২। ফায্‌যা-জিরা-তি যাজ্‌রান। ৩। ফাত্তা-লিইয়া-তি যিক্‌রান। ৪। ইন্না ইলা-হাকুম লাওয়া-হিদ।
(১) শপথ, যারা সারিবদ্ধ ভাবে দাঁড়ায়, (২) এবং (শপথ) ধমকের সাথে বাধা প্রদানকারীদের, (৩) এবং (শপথ) যিকর পাঠকারীদের। (৪) নিশ্চয়ই তোমাদের মাবুদ একজন।

﴿٤﴾ رَبُّ السَّمَاوَاتِ وَالْأَرْضِ وَمَا بَيْنَهُمَا وَرَبُّ الْمَشَارِقِ ﴿٥﴾ إِنَّا زَيَّنَّا السَّمَاءَ

৫। রাব্বুস্ সামা-ওয়া-তি ওয়াল্ আর্‌দ্বি ওয়ামা- বাইনাহুমা- ওয়া রাব্বুল্ মাশা-রিক্ব। ৬। ইন্না- যাইয়্যান্নাস্ সামা—আদ্
(৫) যিনি আকাশ ও পৃথিবী এবং তার মধ্যস্থ সব কিছুর প্রতিপালক এবং প্রতিপালক পূর্ব দিকগুলোর। (৬) আমি সুসজ্জিত করেছি নিকটতর আকাশকে,

মঞ্জিল ৬

الدُّنْيَا بِزِينَةٍ الْكَوَاكِبِ ﴿٦﴾ وَحِفْظًا مِنْ كُلِّ شَيْطَانٍ مَارِدٍ ﴿٧﴾ لَا يَسَّمَّعُونَ

দুন্‌ইয়া- বিযীনাতিনিল্ কাওয়া-কিব্। ৭। ওয়া হিফ্‌জাম্ মিন্ কুল্লি শাইত্বা-নিম্ মা-রিদ্। ৮। লা- ইয়াস্‌সাম্মা'ঊনা
তারকাগুলোর সৌন্দর্য দ্বারা। (৭) এবং সেটা প্রত্যেক অবাধ্য শয়তান হতে সংরক্ষণ করেছি। (৮) (এ কারণে) তারা ঊর্ধ জগতের ফেরেশতাদের মজলিসের দিকে

إِلَى الْمَلَإِ الْأَعْلَىٰ وَيُقْذَفُونَ مِنْ كُلِّ جَانِبٍ ﴿٨﴾ دُحُورًا وَلَهُمْ عَذَابٌ

ইলাল্ মালাইল্ 'আলা- ওয়া ইউক্ব্‌যাফূনা মিন্ কুল্লি জ্বা-নিব্। ৯। দুহূরাওঁ ওয়া লাহুম 'আযা-বুওঁ
(তাদের কথা শোনার জন্য) কান দিতে পারে না। প্রতিটি দিক হতে তাদের উপর (অগ্নি শিখা) নিক্ষিপ্ত হয়, (৯) (তাদের) তাড়িয়ে দেয়ার জন্য। তাদের জন্য রয়েছে

وَاصِبٌ ﴿٩﴾ إِلَّا مَنْ خَطِفَ الْخَطْفَةَ فَأَتْبَعَهُ شِهَابٌ ثَاقِبٌ ﴿١٠﴾ فَاسْتَفْتِهِمْ أَهُمْ

ওয়া-স্বিব্। ১০। ইল্লা- মান্ খাত্বিফাল্ খাত্বফাতা ফাআত্‌বা'আহূ শিহা-বুন্ ছা-ক্বিব। ১১। ফাস্‌তাফ্‌তিহিম্ আহুম্
স্থায়ী শাস্তি। (১০) কিন্তু যে হঠাৎ কিছু কথা নিয়ে ভাগে, তখন তাদের পিছু ধাওয়া করে (এক) জ্বলন্ত অগ্নি শিখা। (১১) (যারা অবিশ্বাসী) তাদের জিজ্ঞেস করুন, তাদের সৃষ্টি করা

○ টীকা (আঃ ১) ঃ আল্লাহর আদেশ পালনের জন্য ফেরেশতাদের সারিবদ্ধভাবে দণ্ডায়মান থাকার কথা অন্য আয়াতেও বর্ণিত আছে এবং হাদীস শরীফেও উল্লেখ রয়েছে। (বঃ কোঃ) ○ বিশ্লেষণ (আঃ ২) ঃ ......فالزجرت - যে ফিরিশতা শয়তানকে আকাশে যেতে বাধা প্রদান করে ও ধমকের সাথে তাড়িয়ে দেয়। অথবা সে নেক ব্যক্তিগণ, যারা নিজেরা গুনাহ থেকে বেঁচে থাকে এবং অন্যকে গুনাহর কাজে ধমক দিয়ে তা থেকে বাধা দেয়। (তাঃ ওসমানী)
○ টীকা (আঃ ৩) ঃ অর্থাৎ, আসমানী সংবাদ চুপি চুপি শ্রবণের উদ্দেশ্যে শয়তানরা আসমানে আরোহণ কালে। যে ফেরেশতাগণ জ্বলন্ত তারকা শিখা নিক্ষেপ করে তাদেরকে বিতাড়িত করে দেয়, তাদের শপথ। (বঃ কোঃ)

أَشَدُّ خَلْقًا أَمْ مَنْ خَلَقْنَا ۚ إِنَّا خَلَقْنَاهُمْ مِنْ طِينٍ لَازِبٍ ﴿١١﴾ بَلْ عَجِبْتَ

আশাদ্দু খাল্‌ক্বান্ আম্‌মান্ খালাক্বনা-; ইন্না- খালাক্বনা-হুম্ মিন্ ত্বীনিল্ লা-যিব্। ১২। বাল্ 'আজিব্‌তা
অধিক কঠিন না, তাদের, যাদেরকে তোমাদের ব্যতীত সৃষ্টি করেছি? নিশ্চয়ই আমি তাদেরকে গাঢ় মাটি দিয়ে সৃষ্টি করেছি। (১২) (হে নবী!) আপনি তো আশ্চর্যান্বিত হয়েছেন।

وَيَسْخَرُونَ ﴿١٢﴾ وَإِذَا ذُكِّرُوا لَا يَذْكُرُونَ ﴿١٣﴾ وَإِذَا رَأَوْا آيَةً يَسْتَسْخِرُونَ

ওয়া ইয়াস্‌খারূন। ১৩। ওয়া ইযা- যুক্কিরূ লা- ইয়ায্‌কুরূন। ১৪। ওয়া ইযা- রাআও আ-য়াতাইঁ ইয়াস্‌তাস্‌খিরূন।
আর তারা উপহাস করছে। (১৩) যখন তাদেরকে উপদেশ দেয়া হয় সে উপদেশ তারা মানে না। (১৪) আর যখন কোন নিদর্শন দেখে, তারা তখন সেগুলোকেও উপহাস করে।

﴿١٤﴾ وَقَالُوا إِنْ هَٰذَا إِلَّا سِحْرٌ مُبِينٌ ﴿١٥﴾ أَإِذَا مِتْنَا وَكُنَّا تُرَابًا وَعِظَامًا أَإِنَّا

১৫। ওয়া ক্বা-লূ~ইন্ হা-যা~ ইল্লা- সিহ্‌রুম্ মুবীন। ১৬। আ ইযা- মিত্‌না- ওয়া কুন্না- তুরা-বাওঁ ওয়া 'ইজা-মান্ আইন্না-
(১৫) এবং বলে, এগুলো প্রকাশ্য যাদু ছাড়া আর কিছু নহে। (১৬) আমরা যখন মারা যাব এবং মাটি ও হাড্ডি হয়ে যাব, তখনও কি আমাদেরকে

لَمَبْعُوثُونَ ﴿١٦﴾ أَوَآبَاؤُنَا الْأَوَّلُونَ ﴿١٧﴾ قُلْ نَعَمْ وَأَنْتُمْ دَاخِرُونَ ﴿١٨﴾ فَإِنَّمَا

লামাব্‌'উছূন। ১৭। আওয়া আ-বা—উনাল্ আওয়্যালূন। ১৮। কুল্ না'আম্ ওয়া আন্‌তুম দা-খিরূন। ১৯। ফাইন্নামা-
উঠানো হবে? (১৭) আর আমাদের পূর্বের পিতৃ পুরুষদেরকেও? (১৮) আপনি বলুন, হ্যাঁ হ্যাঁ এবং তোমরা (কেয়ামতের দিন) অপমানিত হবে। (১৯) সেদিন শুধু মাত্র

هِيَ زَجْرَةٌ وَاحِدَةٌ فَإِذَا هُمْ يَنْظُرُونَ ﴿١٩﴾ وَقَالُوا يَا وَيْلَنَا هَٰذَا يَوْمُ الدِّينِ

হিয়া যাজ্‌রাতু ওয়া-হিদাতুন্ ফাইযা- হুম্ ইয়ান্‌জুরূন। ২০। ওয়াক্বালূ ইয়া-ওয়াইলানা- হা-যা- ইয়াওমুদ্ দীন।
একটি (ভীষণ) আওয়াজ হবে, আর সে সময়ই তা তারা দেখবে। (২০) এবং তারা বলবে যে, হায় আফসোস! এটাই তো প্রতিদান দিবস।

﴿٢٠﴾ هَٰذَا يَوْمُ الْفَصْلِ الَّذِي كُنْتُمْ بِهِ تُكَذِّبُونَ ﴿٢١﴾ احْشُرُوا الَّذِينَ ظَلَمُوا

২১। হা-যা- ইয়াওমুল্ ফাস্বলিল্লাযী কুন্‌তুম্ বিহী তুকায্‌যিবূন। ২২। উহ্‌শুরুল্ লাযীনা জালামূ
(২১) (আল্লাহ বলবেন) এটাই সে মীমাংসার দিবস, যে দিবসকে তোমরা অবিশ্বাস করতে। (২২) (আল্লাহর পক্ষ থেকে ফিরিশতাগণকে বলা হবে) একত্র কর, জালিমও তাদের

১ রুকূ ৫

وَأَزْوَاجَهُمْ وَمَا كَانُوا يَعْبُدُونَ ﴿٢٢﴾ مِنْ دُونِ اللَّهِ فَاهْدُوهُمْ إِلَىٰ صِرَاطِ

ওয়া আয্‌ওয়া- জ্বাহুম ওয়ামা- কা-নূ ই'য়াবুদূন। ২৩। মিন্ দূনিল্লা-হি ফাহ্‌দূহুম্ ইলা- স্বিরা-ত্বিল্
সাথীদেরকে এবং তাদেরকেও যাদের তারা ইবাদাত করত (২৩) আল্লাহ ব্যতীত তাদেরকে। অতঃপর তাদেরকে পরিচালিত কর জাহান্নামের

الْجَحِيمِ ﴿٢٣﴾ وَقِفُوهُمْ ۖ إِنَّهُمْ مَسْئُولُونَ ﴿٢٤﴾ مَا لَكُمْ لَا تَنَاصَرُونَ ﴿٢٥﴾ بَلْ هُمُ الْيَوْمَ

জ্বাহীম। ২৪। ওয়া ক্বিফূহুম ইন্নাহুম মাস্‌উলূন। ২৫। মা- লাকুম লা- তানা-স্বারূন। ২৬। বাল্ হুমুল্ ইয়াওমা
পথে। (২৪) অতঃপর তাদেরকে থামাও, কারণ তাদের কাছে প্রশ্ন করা হবে, (২৫) তোমাদের কি হল যে, তোমরা একে অপরকে সাহায্য করছ না? (২৬) বরং তারা সব আজ

এক চতুর্থাংশ

○ টীকা (আঃ ১১) ঃ মক্কার কাফেররা পরকাল সম্পর্কে যে সন্দেহ প্রকাশ করত, এখানে এর জবাব দেয়া হয়েছে। তারা মনে করত, পরকাল সম্ভব নয়। কেননা মরে যাওয়া লোকদের পুনরায় জীবিত হওয়া অসম্ভব। এর জবাবে পরকালের সম্ভাবনার দলীল ও প্রমাণ পেশ করে আল্লাহ তায়ালা সর্বপ্রথম তাদের সামনে এ প্রশ্ন উপস্থিত করেছেন। যে মৃত্যু মানুষকে পুনরায় পয়দা করা তোমাদের মতে যদি বড় কঠিন ব্যাপার হয়ে থাকে যে আল্লাহর পক্ষে এ বিরাট বিশাল বিশ্বলোক সৃষ্টি করা কঠিন বা অসম্ভব হয় না এবং যিনি একবার তোমাদের পয়দা করতে পেরেছেন, তার সম্পর্কে তোমরা মনে করছো যে, তিনি আবার তোমাদেরকে সৃষ্টি করতে অক্ষম এ কেমন করে যুক্তি সংগত হতে পারে.....? তোমাদের বুদ্ধি বলতে কি কিছু নেই। (কুঃ কারীম)

مُسْتَسْلِمُوْنَ ﴿٢٦﴾ وَاَقْبَلَ بَعْضُهُمْ عَلٰى بَعْضٍ يَّتَسَآءَلُوْنَ ﴿٢٧﴾ قَالُوْٓا اِنَّكُمْ كُنْتُمْ

মুস্তাস্লিমূন। ২৭। ওয়া আক্ববালা 'বাদ্বুহুম্ 'আলা- 'বাদ্বিই ইয়াতাসা—আলূন। ২৮। ক্বা-লূ~ইন্নাকুম্ কুন্তুম্
আনুগত্যতা স্বীকার করবে। (২৭) তারা একজন অন্য জনের দিকে মুখ করে পরস্পরে জিজ্ঞাসাবাদ করবে, (২৮) তারা (তাদের নেতাদেরকে) বলবে,

تَأْتُوْنَنَا عَنِ الْيَمِيْنِ ﴿٢٨﴾ قَالُوْا بَلْ لَّمْ تَكُوْنُوْا مُؤْمِنِيْنَ ﴿٢٩﴾ وَمَا كَانَ لَنَا عَلَيْكُمْ

তা'তূনানা- 'আনিল্ ইয়ামীন। ২৯। ক্বা-লূ বাল্ লাম্ তাকূনূ মু'মিনীন। ৩০। ওয়া মা- কা-না লানা- 'আলাইকুম্
তোমরা তো আমাদের কাছে আসতে ডান দিক থেকে। (২৯) তারা (নেতারা) বলবে, তোমরা তো ঈমানদারই ছিলে না। (৩০) এবং আমাদের কোন কর্তৃত্বই তোমাদের

مِّنْ سُلْطٰنٍ ۚ بَلْ كُنْتُمْ قَوْمًا طٰغِيْنَ ﴿٣٠﴾ فَحَقَّ عَلَيْنَا قَوْلُ رَبِّنَآ ۖ اِنَّا لَذَآئِقُوْنَ

মিন্ সুল্ত্বা-নিন্, বাল্ কুন্তুম্ ক্বাওমান্ ত্বা-গীন। ৩১। ফাহ্বাক্ক্বা 'আলাইনা- ক্বাওলু রাব্বিনা~, ইন্না- লাযা—ইক্বূন।
উপর ছিল না। বরং তোমরা ছিলে অবাধ্য সম্প্রদায়। (৩১) সুতরাং এখন আমাদের উপর আমাদের প্রতিপালকের বাণী সত্য হয়েছে, আমাদের (শাস্তি) ভোগ করতেই হবে।

﴿٣١﴾ فَاَغْوَيْنٰكُمْ اِنَّا كُنَّا غٰوِيْنَ ﴿٣٢﴾ فَاِنَّهُمْ يَوْمَئِذٍ فِى الْعَذَابِ مُشْتَرِكُوْنَ

৩২। ফাআগ্ওয়াইনা-কুম্ ইন্না- কুন্না- গা-ওয়ীন। ৩৩। ফাইন্নাহুম ইয়াওমাইযিন্ ফিল্ 'আযা-বি মুশ্তারিকূন।
(৩২) আমরা তোমাদেরকে পথভ্রষ্ট করেছিলাম, কারণ, আমরা নিজেরাও পথভ্রষ্ট ছিলাম। (৩৩) অতঃপর সেদিন তারা (সব) শাস্তিতে শরীক হবে।

﴿٣٣﴾ اِنَّا كَذٰلِكَ نَفْعَلُ بِالْمُجْرِمِيْنَ ﴿٣٤﴾ اِنَّهُمْ كَانُوْٓا اِذَا قِيْلَ لَهُمْ لَآ اِلٰهَ اِلَّا اللّٰهُ ۙ

৩৪। ইন্না- কাযা-লিকা নাফ্'আলু বিল্মুজ্রিমীন। ৩৫। ইন্নাহুম কা-নূ~ইযা- ক্বীলা লাহুম লা~ইলা-হা ইল্লাল্লা-হু,
(৩৪) আমি এভাবেই করে থাকি গুনাহগার (মুশরিক)-দের প্রতি। (৩৫) তারা এমন ছিল যে, যখন তাদের কাছে বলা হত যে, আল্লাহ ব্যতীত কোন মাবুদ নেই, তখন তারা

يَسْتَكْبِرُوْنَ ﴿٣٥﴾ وَيَقُوْلُوْنَ اَئِنَّا لَتَارِكُوْٓا اٰلِهَتِنَا لِشَاعِرٍ مَّجْنُوْنٍ ﴿٣٦﴾ بَلْ جَآءَ

ইয়াস্তাক্বিরূন। ৩৬। ওয়া ইয়াক্বূলূনা আইন্না- লাতা-রিকূ~আ-লিহাতিনা- লিশা-'ইরিম্ মাজ্নূন। ৩৭। বাল্ জ্বা—আ
অহংকার করত (৩৬) এবং বলত, আমরা কি আমাদের মাবুদগণকে এক উন্মাদ কবির (কথার) জন্য ছেড়ে দিব? (৩৭) (আল্লাহ বলেন) সে (নবী) সত্য (দ্বীন)

بِالْحَقِّ وَصَدَّقَ الْمُرْسَلِيْنَ ﴿٣٧﴾ اِنَّكُمْ لَذَآئِقُوا الْعَذَابِ الْاَلِيْمِ ﴿٣٨﴾ وَمَا تُجْزَوْنَ

বিল্হ্বাক্কি ওয়া স্বাদ্দাক্বাল মুরসালীন। ৩৮। ইন্নাকুম লাযা—ইক্বুল 'আযা-বিল্ আলীম। ৩৯। ওয়া মা- তুজ্যাওনা
নিয়ে এসেছে এবং সে সব রাসূলগণকে সত্যায়িত করে। (৩৮) (হে কাফির) তোমরা তো অবশ্যই যন্ত্রণাদায়ক শাস্তি ভোগ করবে। (৩৯) আর তোমাদেরকে কেবল

اِلَّا مَا كُنْتُمْ تَعْمَلُوْنَ ﴿٣٩﴾ اِلَّا عِبَادَ اللّٰهِ الْمُخْلَصِيْنَ ﴿٤٠﴾ اُولٰٓئِكَ لَهُمْ رِزْقٌ مَّعْلُوْمٌ

ইল্লা- মা- কুন্তুম তা'মালূন। ৪০। ইল্লা- 'ইবা-দাল লা-হিল্ মুখ্লাস্বীন। ৪১। উলা—ইকা লাহুম্ রিয্কুম্ 'মালূম।
তারই প্রতিফল দেয়া হবে, যা তোমরা করতে। (৪০) তবে তারা ব্যতীত, যারা আল্লাহর একনিষ্ঠ বান্দা। (৪১) তাদের জন্য রয়েছে নির্দিষ্ট রিযিক,

✪ বিশ্লেষণ (আঃ ২৮) ঃ عن اليمين - ডান হাতে সাধারণত শক্তি বেশী থাকে। এখানে বুঝানো হয়েছে যে, তোমরা আমাদের বিভ্রান্ত করার জন্য জোর করতে এবং আমাদের সামনে তোমাদের শক্তি নিয়ে হাজির হতে, যাতে আমরা তোমাদের পথ অনুসরণ করি। (তাঃ ওসমানী)
✪ টীকা (আঃ ২৮) ঃ মূলে 'ইয়ামীন' ডানহাত ব্যবহৃত হয়েছে। বাগ্ধারা অনুসারে যদি এর অর্থ শক্তি ও ক্ষমতা গ্রহণ করা হয় তবে এর মর্ম হবে- তোমরা জবরদস্তিমূলকভাবে আমাদেরকে পথভ্রষ্টতার দিকে টেনে নিয়ে গিয়েছিলে? আর যদি এর অর্থ মঙ্গল ও শুভ গ্রহণ করা হয় তবে এর মর্ম হবে- তোমরা আমাদের শুভাকাঙ্ক্ষীর বেশ ধরে আমাদেরকে প্রতারিত করেছিলে। আর যদি এর অর্থ শপথ বলে ধরা হয় তবে অর্থ হবে- তোমরা শপথ করে করে আমাদেরকে নিশ্চিন্ততা দান করেছিলে যে- যা তোমরা পেশ করছো সেটাই সত্য। (কুঃ কারীম)

﴿٤١﴾ فَوَاكِهُ ۚ وَهُمْ مُّكْرَمُوْنَ ﴿٤٢﴾ فِيْ جَنّٰتِ النَّعِيْمِ ﴿٤٣﴾ عَلٰى سُرُرٍ مُّتَقٰبِلِيْنَ ﴿٤٤﴾ يُطَافُ

৪২। ফাওয়া-কিহু, ওয়া হুম্ মুকরামূন। ৪৩। ফী জ্বান্না-তিন্ না'ঈম। ৪৪। 'আলা- সুরুরিম্ মুতাক্বা-বিলীন। ৪৫। ইউত্বা-ফু
(৪২) ফলসমূহ এবং তারা হবে সম্মানিত। (৪৩) তারা সুখময় জান্নাতে, (৪৪) তা সামনা-সামনি আসনের উপর বসবে। (৪৫) প্রবাহিত

عَلَيْهِمْ بِكَاْسٍ مِّنْ مَّعِيْنٍ ﴿٤٥﴾ بَيْضَآءَ لَذَّةٍ لِّلشّٰرِبِيْنَ ﴿٤٦﴾ لَا فِيْهَا غَوْلٌ

'আলাইহিম্ বিকা'সিম্ মিম্ মা'ঈনিম। ৪৬। বাইদ্বা—আ লায্যাতিল্ লিশ্শা-রিবীন। ৪৭। লা- ফীহা- গাওলুঁও
শরাবের পেয়ালা তাদের সামনে পরিবেশন করা হবে। (৪৬) যা হবে সাদা রং এর, সু-স্বাদু হবে পানকারীদের জন্য। (৪৭) তাতে নেশা জাতীয় কিছুই নেই

وَّلَا هُمْ عَنْهَا يُنْزَفُوْنَ ﴿٤٧﴾ وَعِنْدَهُمْ قٰصِرٰتُ الطَّرْفِ عِيْنٌ ﴿٤٨﴾ كَاَنَّهُنَّ بَيْضٌ

ওয়ালা- হুম্ 'আন্হা- ইউন্যাফূন। ৪৮। ওয়া 'ইন্দাহুম ক্বা-স্বিরা-তুত্ব ত্বার্ফি 'ঈন। ৪৯। কাআন্নাহুন্না বাইদ্বুম্
এবং তা পানে তারা মাতালও হবে না। (৪৮) এবং তাদের কাছে থাকবে দৃষ্টি অবনতকারী, বড় বড় (সুন্দর) চোখ ওয়ালা (হুর) গণ। (৪৯) মনে হয় যেন তারা লুকায়িত

مَّكْنُوْنٌ ﴿٤٩﴾ فَاَقْبَلَ بَعْضُهُمْ عَلٰى بَعْضٍ يَّتَسَآءَلُوْنَ ﴿٥٠﴾ قَالَ قَآئِلٌ مِّنْهُمْ

মাক্নূন। ৫০। ফাআক্ববালা 'বাদ্বুহুম্ 'আলা- 'বাদ্বিই ইয়াতাসা—আলূন। ৫১। ক্বা-লা ক্বা—ইলুম্ মিন্হুম
ডিম। (৫০) (জান্নাতীগণ) একজন অন্য জনের দিকে মুখ করে (সামনা সামনি হয়ে) জিজ্ঞেস করবে। (৫১) তাদের মধ্যে একজন বলবে,

اِنِّيْ كَانَ لِيْ قَرِيْنٌ ﴿٥١﴾ يَّقُوْلُ اَئِنَّكَ لَمِنَ الْمُصَدِّقِيْنَ ﴿٥٢﴾ ءَاِذَا مِتْنَا وَكُنَّا تُرَابًا

ইন্নী কা-না লী ক্বারীন। ৫২। ইয়াক্বূলু আইন্নাকা লামিনাল্ মুস্বাদ্দিক্বীন। ৫৩। আইযা- মিত্না- ওয়া কুন্না- তুরা-বাঁও
আমার একজন (পৃথিবীতে) বন্ধু ছিল, (৫২) সে (আমাকে) বলত, তুমি কি (কিয়ামতে) বিশ্বাসকারী? (৫৩) আমরা যখন মারা যাব এবং মাটি ও হাড্ডি হয়ে যাব

وَّعِظَامًا ءَاِنَّا لَمَدِيْنُوْنَ ﴿٥٣﴾ قَالَ هَلْ اَنْتُمْ مُّطَّلِعُوْنَ ﴿٥٤﴾ فَاطَّلَعَ فَرَاٰهُ فِيْ

ওয়া 'ইজা-মান্ আইন্না- লামাদীনূন। ৫৪। ক্বা-লা হাল্ আন্তুম্ মুত্ত্বালি'ঊন। ৫৫। ফাত্ত্বালা'আ ফারাআ-হু ফী
তখন কি আমাদেরকে প্রতিফল দেয়া হবে? (৫৪) আল্লাহ বলবেন, তোমরা কি একটু ঝুঁকে তাঁকে দেখতে চাও? (৫৫) অতঃপর সে নীচে ঝুঁকবে এবং তাকে জাহান্নামের

سَوَآءِ الْجَحِيْمِ ﴿٥٥﴾ قَالَ تَاللّٰهِ اِنْ كِدْتَّ لَتُرْدِيْنِ ﴿٥٦﴾ وَلَوْلَا نِعْمَةُ رَبِّيْ لَكُنْتُ

সাওয়া—ইল্ জ্বাহ্বীম। ৫৬। ক্বা-লা তাল্লা-হি ইন্ কিত্তা লাতুর্দীন। ৫৭। ওয়া লাওলা- 'নিমাতু রাব্বী লাকুন্তু
মধ্যে দেখতে পাবে। (৫৬) সে (জান্নাতী) বলবে, আল্লাহর শপথ! তুমি তো আমাকে ধ্বংস করাই শুরু করেছিলে, (৫৭) আমার প্রতিপালকের রহমত না হলে, তবে আমিও

مِنَ الْمُحْضَرِيْنَ ﴿٥٧﴾ اَفَمَا نَحْنُ بِمَيِّتِيْنَ ﴿٥٨﴾ اِلَّا مَوْتَتَنَا الْاُوْلٰى وَمَا نَحْنُ

মিনাল্ মুহ্বদ্বারীন। ৫৮। আফামা- নাহ্নু বিমাইয়্যিতীন। ৫৯। ইল্লা- মাওতাতানাল্ উলা- ওয়ামা- নাহ্নু
জাহান্নামে উপস্থিতদের মধ্যে হতাম। (৫৮) আমরা তো আর (জান্নাতে) মরব না (৫৯) আমাদের প্রথম বারের মরণের পরে এবং আমরা

✪ বিশ্লেষণ (আঃ ৪৯) ঃ بيض مكنون - অর্থাৎ শুভ্র মুরগীর ডিম। যা খুবই সুন্দর রং-এর হয়ে থাকে এবং ডিমগুলো, মুরগী তার পাখার নীচে খুবই যত্নের সাথে লুকিয়ে রাখে। তাতে ডিমের সৌন্দর্য নষ্ট হতে পারে না। (কুঃ কারীম) ✪ টীকা (আঃ ৫৯) ঃ বেহেশতবাসীগণ পরস্পর আলোচনা করতে করতে তাদের পার্থিব বিপথগামী জনৈক বন্ধুর কথা স্মরণ করে বলবে- চল আমরা তার অবস্থা দেখি। তৎপর তারা তাকিয়ে দেখবে যে, সে কেরামত অবিশ্বাসী বিপথগামী লোক দোযখে পতিত হয়ে অসীম যন্ত্রণা ভোগ করতেছে। তখন তারা তাকে বলবে- পৃথিবীতে যদি আমরা তোমার কথা অনুযায়ী চলতাম তবে আমরাও এরূপে শাস্তি পেতাম। করুণাময় আল্লাহ তা'আলা স্বীয় করুণায় আমাদেরকে উদ্ধার করেছেন। এক্ষণে অবহিত হও, আমরা মাত্র একবারই মৃত্যুরকবলে পতিত হয়েছিলাম। এখন আমরা অনন্ত জীবন লাভ করে চিরসুখী হয়েছি। এটাই পরম সাফল্য। (কুঃ কাঃ)

بِمُعَذَّبِينَ ﴿٦٠﴾ إِنَّ هَٰذَا لَهُوَ الْفَوْزُ الْعَظِيمُ ﴿٦١﴾ لِمِثْلِ هَٰذَا فَلْيَعْمَلِ الْعَامِلُونَ

বিমু'আয্যাবীন । ৬০ । ইন্না হা-যা- লাহুওয়াল্ ফাওযুল 'আজীম । ৬১ । লিমিছ্লি হা-যা- ফাল্ ই'য়ামালিল্ 'আ-মিলূন ।
তো আর শাস্তি পাব না? (৬০) (জান্নাতীদের জন্য) এটাতো বিরাট সফলতা । (৬১) এরূপ সাফল্য লাভের জন্য কর্মশীলদের সাধনা করা উচিত ।

أَذَٰلِكَ خَيْرٌ نُّزُلًا أَمْ شَجَرَةُ الزَّقُّومِ ﴿٦٢﴾ إِنَّا جَعَلْنَاهَا فِتْنَةً لِّلظَّالِمِينَ ﴿٦٣﴾

৬২ । আযা-লিকা খাইরুন্ নুযুলান্ আম্ শাজ্বারাতুয্ যাক্কূম । ৬৩ । ইন্না- জ্বা'আল্না-হা- ফিত্নাতাল্ লিজ্জা-লিমীন ।
(৬২) আতিথেয়তার জন্য কি এটাই উত্তম, না যাক্কূম বৃক্ষ? (৬৩) আমি এটা জালিমদের জন্য পরীক্ষা স্বরূপ বানিয়ে রেখেছি ।

إِنَّهَا شَجَرَةٌ تَخْرُجُ فِي أَصْلِ الْجَحِيمِ ﴿٦٤﴾ طَلْعُهَا كَأَنَّهُ رُءُوسُ الشَّيَاطِينِ ﴿٦٥﴾

৬৪ । ইন্নাহা- শাজ্বারাতুন্ তাখ্রুজু ফী~আস্বলিল্ জ্বাহীম । ৬৫ । ত্বাল্'উহা- কাআন্নাহূ রুউসুশ্ শায়া-ত্বীন ।
(৬৪) এ (যাক্কূম) বৃক্ষ জাহান্নামের (তল) দেশ থেকে উৎপন্ন হয় । (৬৫) যার গুচ্ছ (শাখা) শয়তানের মাথার মত ।

فَإِنَّهُمْ لَآكِلُونَ مِنْهَا فَمَالِئُونَ مِنْهَا الْبُطُونَ ﴿٦٦﴾ ثُمَّ إِنَّ لَهُمْ عَلَيْهَا لَشَوْبًا

৬৬ । ফাইন্নাহুম লাআ-কিলূনা মিন্হা- ফামা-লিউনা মিন্হাল্ বুতূন । ৬৭ । ছুম্মা ইন্না লাহুম 'আলাইহা- লাশাওবাম্
(৬৬) তারা (জাহান্নামীরা) সে বৃক্ষ থেকেই খাবে এবং তা দিয়েই উদর পূর্ণ করবে । (৬৭) অতঃপর তাদের (পিপাসা মিটানোর) জন্য থাকবে গরম

مِّنْ حَمِيمٍ ﴿٦٧﴾ ثُمَّ إِنَّ مَرْجِعَهُمْ لَإِلَى الْجَحِيمِ ﴿٦٨﴾ إِنَّهُمْ أَلْفَوْا آبَاءَهُمْ ضَالِّينَ ﴿٦٩﴾

মিন্ হ্বামীম । ৬৮ । ছুম্মা ইন্না মার্জ্বি'আহুম্ লাইলাল্ জ্বাহ্বীম । ৬৯ । ইন্নাহুম্ আল্ফাও আ-বা—আহুম দ্বা—ল্লীন ।
পানির মিশ্রণ । (৬৮) এবং তাদের প্রত্যাবর্তন স্থল হবে জাহান্নামেরই দিকে । (৬৯) নিশ্চয়ই তারা তাদের পিতৃ পুরুষদেরকে পেয়েছিল বিভ্রান্ত অবস্থায় ।

فَهُمْ عَلَىٰ آثَارِهِمْ يُهْرَعُونَ ﴿٧٠﴾ وَلَقَدْ ضَلَّ قَبْلَهُمْ أَكْثَرُ الْأَوَّلِينَ ﴿٧١﴾ وَلَقَدْ

৭০ । ফাহুম্ 'আলা~আ-ছা-রিহিম্ ইউহ্রা'উন । ৭১ । ওয়া লাক্বাদ্ দ্বাল্লা ক্বাব্লাহুম্ আকছারুল্ আওয়্যালীন ৭২ । ওয়া লাক্বাদ্
(৭০) এবং তারা তাদের পদ চিহ্নের উপর দৌড়াতে ছিল । (৭১) তাদের পূর্বেও অনেক লোক, বিভ্রান্ত হয়েছিল অতীতের (৭২) এবং আমি তাদের মাঝে

أَرْسَلْنَا فِيهِم مُّنذِرِينَ ﴿٧٢﴾ فَانظُرْ كَيْفَ كَانَ عَاقِبَةُ الْمُنذَرِينَ ﴿٧٣﴾ إِلَّا عِبَادَ اللَّهِ

আর্সাল্না- ফীহিম্ মুন্যিরীন । ৭৩ । ফান্জুর্ কাইফা কা-না 'আক্বিবাতুল মুন্যারীন । ৭৪ । ইল্লা- 'ইবা-দাল্লা-হিল্
ভীতি প্রদর্শনকারী (নবী) প্রেরণ করেছিলাম । (৭৩) এখন দেখ তাদের পরিণাম (শাস্তি) কেমন হয়েছিল, যাদেরকে ভীতি প্রদর্শন করা হয়েছিল । (৭৪) কিন্তু আল্লাহর একনিষ্ঠ

الْمُخْلَصِينَ ﴿٧٤﴾ وَلَقَدْ نَادَانَا نُوحٌ فَلَنِعْمَ الْمُجِيبُونَ ﴿٧٥﴾ وَنَجَّيْنَاهُ وَأَهْلَهُ

মুখ্লাস্বীন । ৭৫ । ওয়ালা ক্বাদ্ না-দা-না- নূহুন্ ফালা'নিমাল্ মুজ্বীবূন । ৭৬ । ওয়া নাজ্জ্বাইনা-হু ওয়া আহ্লাহূ
বান্দাদের ব্যতীত । (৭৫) আমাকে নূহ ডেকেছিলেন, আমি কত উত্তম জবাব দাতা । (৭৬) আমি তাকে এবং তার পরিবার-পরিজনদেরকে কঠিন মসিবত

২ রুকূ ৬

○ টীকা (আঃ ৬০) ঃ অর্থাৎ, আনন্দের আবেগে বলবে, আল্লাহ যাবতীয় বিপদ ও কষ্ট হতে তাকে মুক্তি দিয়ে চিরতরে নিশ্চিন্ত করেছেন । (বঃ কোঃ)
○ টীকা (আঃ ৬৪) ঃ বায়যাবী (র) লিখেছেন, যাক্কুম বৃক্ষের পাতাগুলো ক্ষুদ্র ক্ষুদ্র এবং দুর্গন্ধময় তিক্ত স্বাদবিশিষ্ট । মোহরা' এবং 'সিজ' গাছ প্রায় এর সদৃশ । (বঃ কোঃ) ○ টীকা (আঃ ৬৫) ঃ কেননা, তারা এর অস্তিত্ব অবিশ্বাস করে এবং বিদ্রুপ করে বলে, 'যাক্কুম' অর্থ মাখন ও খোরমা, এটা তো খুব সুস্বাদু । আরও বলে যে, 'যাক্কুম' বৃক্ষ হলে অগ্নিতে উৎপন্ন হয় কিরূপে? সম্মুখে এর উত্তর আসছে । (বঃ কোঃ) ○ বিশ্লেষণ (আঃ ৭৬) ঃ ......اهله - পরিবার দ্বারা বুঝানো হয়েছে, হযরত নূহের (আ) প্রতি ঈমান গ্রহণকারীগণকে । তাঁর পরিবার-পরিজনের মধ্যে যারা মুমিন তারাও এর অন্তর্ভুক্ত । الكرب العظيم – (মহা বিপদ) অর্থাৎ মহা তুফান । যাতে হযরত নূহের (আ) সম্প্রদায় (যারা মুমিন ছিল না) নিমজ্জিত হয়েছিল । (কুঃ কারীম)

مِنَ الْكَرْبِ الْعَظِيمِ ﴿٧٦﴾ وَجَعَلْنَا ذُرِّيَّتَهُ هُمُ الْبَاقِينَ ﴿٧٧﴾ وَتَرَكْنَا عَلَيْهِ فِي

মিনাল্ কার্বিল্ 'আজীম । ৭৭ । ওয়া জ্বা'আল্না- যুর্রিয়্যাতাহূ হুমুল্ বা-ক্বীন । ৭৮ । ওয়া তারাক্না- 'আলাইহি ফিল্
থেকে রক্ষা করেছিলাম । (৭৭) এবং আমি তার সন্তানদেরকে (বংশজারী রাখায়) বাকি রেখেছি । (৭৮) আমি জারী রেখেছি পরবর্তীদের মধ্যে

الْآخِرِينَ ﴿٧٨﴾ سَلَامٌ عَلَىٰ نُوحٍ فِي الْعَالَمِينَ ﴿٧٩﴾ إِنَّا كَذَٰلِكَ نَجْزِي الْمُحْسِنِينَ ﴿٨٠﴾

আ-খিরীন । ৭৯ । সালা-মুন্ 'আলা- নূহ্বিন্ ফিল্ 'আ-লামীন । ৮০ । ইন্না- কাযা-লিকা নাজ্বযিল্ মুহ্বসিনীন ।
তার উত্তম আলোচনা, (৭৯) সারা জাহানে নূহের প্রতি 'সালাম' (শান্তি) বর্ষিত হোক । (৮০) নিশ্চয়ই আমি এভাবে পুণ্যবানদেরকে প্রতিদান দিয়ে থাকি ।

إِنَّهُ مِنْ عِبَادِنَا الْمُؤْمِنِينَ ﴿٨١﴾ ثُمَّ أَغْرَقْنَا الْآخَرِينَ ﴿٨٢﴾ وَإِنَّ مِن شِيعَتِهِ

৮১ । ইন্নাহূ মিন্ 'ইবা-দিনাল্ মু'মিনীন । ৮২ । ছুম্মা আগ্রাক্বনাল্ আ-খারীন । ৮৩ । ওয়া ইন্না মিন্ শী'আতিহী
(৮১) সে ছিল আমার মুমিন বান্দাদের অন্তর্ভুক্ত । (৮২) অতঃপর আমি অন্য সবকে ডুবিয়ে দিলাম । (৮৩) ইবরাহীম তো নূহের অনুসারীদের

لَإِبْرَاهِيمَ ﴿٨٣﴾ إِذْ جَاءَ رَبَّهُ بِقَلْبٍ سَلِيمٍ ﴿٨٤﴾ إِذْ قَالَ لِأَبِيهِ وَقَوْمِهِ مَاذَا

লাইব্রা-হীম । ৮৪ । ইয্ জ্বা—আ রাব্বাহূ বিক্বাল্বিন্ সালীম । ৮৫ । ইয্ ক্বা-লা লিআবীহি ওয়া ক্বাওমিহী মা-যা-
অন্তর্ভুক্ত ছিল । (৮৪) স্মরণ করুন! যখন সে তার রবের কাছে উপস্থিত হয়েছিলেন পবিত্র আত্মা নিয়ে, (৮৫) যখন সে তার পিতা ও তার সম্প্রদায়কে বললেন, তোমরা কিসের

لِمَن يَشَاءُ الذُّكُورَ ﴿٤٩﴾ أَوْ يُزَوِّجُهُمْ ذُكْرَانًا وَإِنَاثًا ۖ وَيَجْعَلُ مَن يَشَاءُ

লিমাই ইয়াশা—উয্ যুকূর। ৫০। আও ইউযাওয়্যিজুহুম যুক্রা-নাওঁ ওয়া ইনা-ছান্, ওয়া ইয়াজ্'আলু মাই ইয়াশা—উ
পুত্র সন্তান দান করেন। (৫০) অথবা যাকে ইচ্ছা তাকে তিনি পুত্র, কন্যা উভয়ই দান করেন। এবং যাকে ইচ্ছা তাকে তিনি বন্ধ্যা

عَقِيمًا ۚ إِنَّهُ عَلِيمٌ قَدِيرٌ ﴿٥٠﴾ وَمَا كَانَ لِبَشَرٍ أَن يُكَلِّمَهُ اللَّهُ إِلَّا وَحْيًا أَوْ مِن

'আক্বীমান ; ইন্নাহূ 'আলীমুন ক্বাদীর। ৫১। ওয়ামা- কা-না লিবাশারিন্ আঁই ইউকাল্লিমাহুল্লা-হু ইল্লা- ওয়াহ্ইয়ান আও মিওঁ
করে রাখেন। নিশ্চয়ই আল্লাহ মহাজ্ঞানী, ক্ষমতাবান। (৫১) মানুষের জন্য এটা কখনই হতে পারে না যে, আল্লাহ তার সাথে কথা বলবে ওহী ব্যতিরেকে, বা পর্দার

وَرَاءِ حِجَابٍ أَوْ يُرْسِلَ رَسُولًا فَيُوحِيَ بِإِذْنِهِ مَا يَشَاءُ ۚ إِنَّهُ عَلِيٌّ

ওয়ারা—ই হ্বিজা-বিন্ আও ইউর্সিলা রাসূলান্ ফাইউহ্বিয়া বিইয্নিহী মা- ইয়াশা—উ ; ইন্নাহূ 'আলিয়্যুন্
আড়াল ব্যতিরেকে বা কোন ফিরিশতা প্রেরণ ব্যতিরেকে, যে ফিরিশতা আল্লাহর অনুমতি সাপেক্ষে আল্লাহ যা চান তা-ই ওহী করেন। নিশ্চয়ই আল্লাহ মহান,

حَكِيمٌ ﴿٥١﴾ وَكَذَٰلِكَ أَوْحَيْنَا إِلَيْكَ رُوحًا مِّنْ أَمْرِنَا ۚ مَا كُنتَ تَدْرِي

হ্বাকীম। ৫২। ওয়া কাযা-লিকা আওহ্বাইনা~ইলাইকা রূহাম্ মিন্ আম্রিনা-; মা- কুন্তা তাদরী
বিজ্ঞ। (৫২) (হে নবী!) অনুরূপভাবে আমি আপনার নিকট রূহ (কুরআন) প্রেরণ করেছি, অর্থাৎ আমার নির্দেশ (প্রেরণ করেছি)।

مَا الْكِتَابُ وَلَا الْإِيمَانُ وَلَٰكِن جَعَلْنَاهُ نُورًا نَّهْدِي بِهِ مَن نَّشَاءُ مِنْ

মাল কিতা-বু ওয়ালাল্ ঈমা-নু ওয়ালা-কিন্ জ্বা'আলনা-হু নূরান্ নাহ্দী বিহী মান্ নাশা—উ মিন্
আপনি এরপূর্বে জানতেন না কিতাব কি এবং ঈমান (বিষয়টি) কি!? আমি কুরআনকে নূর বানিয়েছি। যার দ্বারা আমি আমার বান্দাদের মধ্য যাকে!

عِبَادِنَا ۚ وَإِنَّكَ لَتَهْدِي إِلَىٰ صِرَاطٍ مُّسْتَقِيمٍ ﴿٥٢﴾ صِرَاطِ اللَّهِ الَّذِي

'ইবা-দিনা-; ওয়া ইন্নাকা লা তাহ্দী~ইলা- স্বিরা-ত্বিম্ মুস্তাক্বীম্। ৫৩। স্বিরা-ত্বি ল্লা-হিল্লাযী
ইচ্ছা সঠিক পথ প্রদর্শন করি। এবং নিশ্চয়ই আপনিতো শুধু সরল সত্য পথ প্রদর্শন করছেন (৫৩) সে আল্লাহর পথ, যাঁর কর্তৃত্বে রয়েছে

لَهُ مَا فِي السَّمَاوَاتِ وَمَا فِي الْأَرْضِ ۗ أَلَا إِلَى اللَّهِ تَصِيرُ الْأُمُورُ ○

লাহূ মা-ফিস্ সা-মা-ওয়া-তি ওয়ামা- ফিল্ আরদ্বি ; আলা~ইলাল্লা-হি তাস্বীরুল্ উমূর।
আকাশ ও পৃথিবীর মধ্যস্থ সব কিছু। জেনে রাখুন! সব বিষয়গুলোই আল্লাহর দিকে প্রত্যাবর্তিত হয়ে থাকে।

সূরা যুখরুফ
মক্কী

بِسْمِ اللَّهِ الرَّحْمَٰنِ الرَّحِيمِ ○
বিসমিল্লা-হির রাহ্মা-নির রাহীম
পরম দাতা ও দয়ালু আল্লাহর নামে শুরু করছি

আয়াত ঃ ৮৯
রুকূ ঃ ৭

﴿١﴾ حم ﴿٢﴾ وَالْكِتَابِ الْمُبِينِ ﴿٣﴾ إِنَّا جَعَلْنَاهُ قُرْآنًا عَرَبِيًّا لَّعَلَّكُمْ تَعْقِلُونَ ○

১। হ্বা-মী—ম্। ২। ওয়াল্ কিতা-বিল্ মুবীন। ৩। ইন্না- জ্বা'আল্না-হু কুরআ-নান্ 'আরাবিইয়্যাল্ লা'আল্লাকুম্ তা'ক্বিলূন।
(১) হ্বা- মী-ম; (২) শপথ স্পষ্ট কিতাবের; (৩) আমি এ কিতাবকে (অবতীর্ণ) করেছি আরবী ভাষা কুরআন রূপে। যাতে তোমরা বুঝতে পার।

✪ শানে নুযূল (আঃ ৫১) ঃ وما كان لبشر - ইয়াহুদীরা রাসূলুল্লাহ (স)-এর কাছে বলল, আপনার খোদা আপনার সাথে বিনা মাধ্যমে (সরাসরি) কেন কথা বলেন না? যেভাবে মূসা (আ) তাঁর সাথে কথাও বলেছেন ও সাক্ষাৎ করেছেন। আপনিও সেভাবে কথা বলবেন ও সাক্ষাৎ করবেন। রাসূলুল্লাহ (স) জবাবে বলেন, মূসা (আ) কথা বলেছেন কিন্তু সাক্ষাৎ করেননি। তখন এ আয়াত অবতীর্ণ হয়। (তাঃ কাদেরী)

✪ বিশ্লেষণ (আঃ ৫২) ঃ روحا - রূহ দ্বারা কুরআন মাজীদকে বুঝানো হয়েছে। কুরআনকে রূহ (আত্মা) এজন্য বলা হয়েছে যে, রূহ (আত্মা) দ্বারা যেমন মানব জীবন লাভ করে, তেমনি কুরআন দ্বারা মানুষের 'আত্মা' সজীব হয়ে উঠে। (ফলে আল্লাহর প্রতি ঝুঁকে পড়ে)।

وَ اِنَّهٗ فِیْۤ اُمِّ الْكِتٰبِ لَدَیْنَا لَعَلِیٌّ حَكِیْمٌ ۝٤ اَفَنَضْرِبُ عَنْكُمُ الذِّكْرَ صَفْحًا

৪। ওয়া ইন্নাহু ফী~উম্মিল্ কিতা-বি লাদাইনা- লা'আলিয়্যুন্ হ্বাকীম। ৫। আফানাদ্বরিবু 'আন্‌কুমুয্ যিক্‌রা স্বাফ্‌হান্
(৪) এবং নিশ্চয়ই এ কুরআন রয়েছে, আমার নিকট লওহে মাহফুজে। অবশ্যই এ কুরআন মর্যাদাবান, প্রজ্ঞাপূর্ণ। (৫) আমি কি তোমাদের থেকে ফিরিয়ে নিব কুরআনকে

اَنْ كُنْتُمْ قَوْمًا مُّسْرِفِیْنَ ۝٥ وَ كَمْ اَرْسَلْنَا مِنْ نَّبِیٍّ فِی الْاَوَّلِیْنَ ۝٦ وَ مَا یَاْتِیْهِمْ

আন্ কুন্‌তুম্ ক্বাওমাম্ মুস্‌রিফীন। ৬। ওয়া কাম্ আর্‌সাল্‌না- মিন্ নাবিয়্যিন্ ফিল্ আওয়্যালীন। ৭। ওয়ামা- ইয়া'তীহিম
এজন্য যে, তোমরা সীমালংঘনকারী সম্প্রদায়? (৬) আমি পূর্ববর্তীলোকদের মাঝে কতই না নবী প্রেরণ করেছিলাম। (৭) যত নবী তাদের

مِّنْ نَّبِیٍّ اِلَّا كَانُوْا بِهٖ یَسْتَهْزِءُوْنَ ۝٧ فَاَهْلَكْنَاۤ اَشَدَّ مِنْهُمْ بَطْشًا وَّ مَضٰی مَثَلُ

মিন্ নাবিয়্যিন্ ইল্লা- কা-নূ বিহী ইয়াস্‌তাহ্‌যি'উন। ৮। ফাআহ্‌লাক্‌না~আশাদ্দা মিন্‌হুম্ বাত্বশাওঁ ওয়া মাদ্বা-মাছালুল্
কাছে এসেছে, তাদেরকে তারা ঠাট্টা-বিদ্রূপ করেছে। (৮) অতঃপর আমি তাদেরকে ধ্বংস করে দিলাম, যারা এদের চেয়ে অধিক শক্তিশালী ছিল। আর চলে আসছে

الْاَوَّلِیْنَ ۝٨ وَ لَىِٕنْ سَاَلْتَهُمْ مَّنْ خَلَقَ السَّمٰوٰتِ وَ الْاَرْضَ لَیَقُوْلُنَّ خَلَقَهُنَّ

আওয়্যালীন। ৯। ওয়া লাইন্ সাআল্‌তাহুম্ মান্ খালাক্বাস্ সামা-ওয়া-তি ওয়াল্ আর্‌দ্বা লাইয়াক্বুলুন্না খালাক্বাহুন্নাল্
এভাবে পূর্ববর্তীদের ধ্বংসের দৃষ্টান্ত। (৯) আপনি তাদের কাছে জিজ্ঞাসা করেন, আকাশ মণ্ডলী ও পৃথিবীর স্রষ্টা কে? তবে অবশ্যই তারা বলবে, এগুলোর স্রষ্টা

الْعَزِیْزُ الْعَلِیْمُ ۝٩ الَّذِیْ جَعَلَ لَكُمُ الْاَرْضَ مَهْدًا وَّ جَعَلَ لَكُمْ فِیْهَا سُبُلًا

'আযীযুল 'আলীম ১০। আল্‌লাযী জ্বা'আলা লাকুমুল্ আর্‌দ্বা মাহ্‌দাওঁ ওয়া জ্বা'আলা লাকুম্ ফীহা- সুবুলাল্
মহা প্রতাপশালী, বিজ্ঞ আল্লাহ। (১০) যিনি তোমাদের জন্য করেছেন পৃথিবীকে বিছানাস্বরূপ এবং তার মাঝে করেছেন তোমাদের জন্য রাস্তাসমূহ, যাতে তোমরা

لَّعَلَّكُمْ تَهْتَدُوْنَ ۝١٠ وَ الَّذِیْ نَزَّلَ مِنَ السَّمَآءِ مَآءًۢ بِقَدَرٍ ۚ فَاَنْشَرْنَا بِهٖ بَلْدَةً

লা'আল্লাকুম্ তাহ্‌তাদূন। ১১। ওয়াল্লাযী নায্‌যালা মিনাস্ সামা—ই মা—আম্ বিক্বাদারিন্, ফাআন্‌শার্‌না- বিহী বাল্‌দাতাম্
সঠিক রাস্তা পাও। (১১) তিনি (আল্লাহ) আকাশ হতে বারি বর্ষণ করেন নির্দিষ্ট মাত্রায়। অতঃপর আমি সে পানি দ্বারা মৃত (শুষ্ক) ভূ-খণ্ডকে জীবিত

مَّیْتًا ۚ كَذٰلِكَ تُخْرَجُوْنَ ۝١١ وَ الَّذِیْ خَلَقَ الْاَزْوَاجَ كُلَّهَا وَ جَعَلَ لَكُمْ مِّنَ

মাইতান্, কাযা-লিকা তুখ্‌রাজূন। ১২। ওয়াল্লাযী খালাক্বাল্ আয্‌ওয়া-জ্বা কুল্লাহা- ওয়াজ্বা'আলা লাকুম্ মিনাল্
(সতেজ) করি। এভাবেই তোমাদেরকে উঠানো হবে। (১২) তিনি সব কিছুকে জোড়া করে সৃষ্টি করেছেন। এবং তিনি তোমাদের জন্য সৃষ্টি করেছেন, নৌযানসমূহ এবং

الْفُلْكِ وَ الْاَنْعَامِ مَا تَرْكَبُوْنَ ۝١٢ لِتَسْتَوٗا عَلٰی ظُهُوْرِهٖ ثُمَّ تَذْكُرُوْا نِعْمَةَ رَبِّكُمْ اِذَا

ফুল্‌কি ওয়াল্ আন্'আ-মি মা- তার্‌কাবূন। ১৩। লিতাস্‌তাউ 'আলা- জুহূরিহী ছুম্মা তায্‌কুরূ নি'মাতা রাব্বিকুম্ ইযাস্
চতুষ্পদ জন্তুগুলোকে যাতে তোমরা আরোহণ করতে পার, (১৩) যাতে তোমরা তার পৃষ্ঠের উপর স্থির হয়ে বসে তোমাদের প্রতিপালকের অনুগ্রহের কথা স্মরণ কর,

✪ বিশ্লেষণ (আঃ ১০) ঃ لعلكم تهتدون - অর্থাৎ এক দেশ হতে অন্য দেশে, অথবা এক এলাকা হতে অন্য এলাকায় যাতায়াতের জন্য রাস্তা করে দিয়েছেন। যাতে তোমরা ব্যবসা-বাণিজ্য এবং অন্য উদ্দেশ্যের জন্য যেতে পার। (কুঃ কারীম) ✪ বিশ্লেষণ (আঃ ১২) ঃ خلق الازواج - অর্থাৎ প্রতিটি বস্তু জোড়া জোড়া সৃষ্টি করেছেন। পুরুষ, নারী, ফল, ফুল, জীব-জন্তু ইত্যাদিসহ পৃথিবীর প্রতিটির পুলিঙ্গ, স্ত্রীলিঙ্গ রয়েছে। কেহ বলেন, জোড়া দ্বারা বুঝান হয়েছে, বৈপরীত্য। অর্থাৎ একে অপরের বিপরীত। যেমন– আলো, আঁধার, রুগ্নতা-সুস্থতা, ইনসাফ-জুলুম, ভাল-মন্দ, ঈমান-কুফর এবং দুর্বল-সবল ইত্যাদি। কেহ বলেন, জোড়া দ্বারা শ্রেণীকে বুঝান হয়েছে। অর্থাৎ সব শ্রেণী ও ধরন আল্লাহ তায়ালারই সৃষ্টি। (কুঃ কারীম)

اسْتَوَیْتُمْ عَلَیْهِ وَ تَقُوْلُوْا سُبْحٰنَ الَّذِیْ سَخَّرَ لَنَا هٰذَا وَ مَا كُنَّا لَهٗ مُقْرِنِیْنَ ۝

তাওয়াইতুম্ 'আলাইহি ওয়া তাকূলূ সুব্‌হ্বা-নাল্ লাযী সাখ্‌খারা লানা- হা-যা- ওয়ামা- কুন্না-লাহূ মুক্বরিনীন।
এবং বল, তিনি অতি পবিত্র ও মহান, যিনি এগুলোকে আমাদের অনুগত করে দিয়েছেন, আমরা কখনও এগুলোকে আমাদের অধীন করতে সক্ষম ছিলাম না।

۝١٤ وَ اِنَّاۤ اِلٰی رَبِّنَا لَمُنْقَلِبُوْنَ ۝١٥ وَ جَعَلُوْا لَهٗ مِنْ عِبَادِهٖ جُزْءًا ؕ اِنَّ الْاِنْسَانَ لَكَفُوْرٌ

১৪। ওয়া ইন্না~ইলা- রাব্বিনা- লামুন্‌ক্বালিবূন। ১৫। ওয়া জ্বা'আলূ লাহূ মিন্ 'ইবা-দিহী জুয্‌আন ; ইন্নাল্ ইন্‌সা-না লাকাফূরুম্
(১৪) অবশ্যই আমরা আমাদের প্রতিপালকের দিকে প্রত্যাবর্তন করব। (১৫) আর তারা আল্লাহর কতিপয় বান্দাকে তাঁর অংশ নির্ধারণ করে, নিশ্চয়ই মানুষ প্রকাশ্য

مُّبِیْنٌ ۝١٥ اَمِ اتَّخَذَ مِمَّا یَخْلُقُ بَنٰتٍ وَّ اَصْفٰىكُمْ بِالْبَنِیْنَ ۝١٦ وَ اِذَا بُشِّرَ اَحَدُهُمْ

মুবীন। ১৬। আমিত্ তাখাযা মিম্মা- ইয়াখ্‌লুকু বানাতিওঁ ওয়া আস্বফা-কুম্ বিল্ বানীন। ১৭। ওয়া ইযা- বুশ্‌শিরা আহ্বাদুহুম
অকৃতজ্ঞ। (১৬) তবে কি তিনি তাঁর সৃষ্টি থেকে কন্যাসমূহ নিজের জন্য গ্রহণ করেছেন এবং তোমাদের জন্য পুত্রসন্তান মনোনীত করেছেন? (১৭) রহমান (আল্লাহ)-এর জন্য

ع ١٥ ٧ রুকূ

بِمَا ضَرَبَ لِلرَّحْمٰنِ مَثَلًا ظَلَّ وَجْهُهٗ مُسْوَدًّا وَّ هُوَ كَظِیْمٌ ۝١٧ اَوَ مَنْ یُّنَشَّؤُا فِی الْحِلْیَةِ

বিমা- দ্বারাবা লির্‌রাহ্বমা-নি মাছালান্ জ্বাল্লা ওয়াজ্‌হুহূ মুস্‌ওয়াদ্দাওঁ ওয়া হুওয়া কাজীম। ১৮। আওয়া মাই ইউনাশ্‌শাউ ফিল্ হ্বিল্‌ইয়াতি
তারা যা নির্ধারণ করে, সে কন্যাসন্তান সম্পর্কে তাদের কাউকে সু-সংবাদ দেয়া হলে তাদের মুখমণ্ডল কালো হয়ে যায় এবং বিষণ্ন হয়ে পড়ে।
(১৮) তবে কি তারা আল্লাহর জন্য এমন কন্যা সন্তান নির্ধারণ করে যা

وَ هُوَ فِی الْخِصَامِ غَیْرُ مُبِیْنٍ ۝١٨ وَ جَعَلُوا الْمَلٰٓىِٕكَةَ الَّذِیْنَ هُمْ عِبٰدُ الرَّحْمٰنِ

ওয়া হুওয়া ফিল্ খিস্বা-মি গাইরু মুবীন। ১৯। ওয়াজ্বা'আলুল্ মালা—ইকাতাল লাযীনা হুম্ 'ইবা-দুর্ রাহ্বমা-নি
লালিত-পালিত হয় গহনাপত্রে, এবং বিতর্ককালে যে স্পষ্ট বক্তব্য রাখতে অক্ষম? (১৯) তারা (মুশরিকরা) আল্লাহর বান্দা ফিরিশতাগণকে নারী স্থির

اِنَاثًا ؕ اَشَهِدُوْا خَلْقَهُمْ ؕ سَتُكْتَبُ شَهَادَتُهُمْ وَ یُسْـَٔلُوْنَ ۝١٩ وَ قَالُوْا لَوْ شَآءَ الرَّحْمٰنُ

ইনা-ছান ; আশাহিদূ খাল্‌ক্বাহুম্, সাতুক্‌তাবু শাহা-দাতুহুম্ ওয়া ইউস্‌আলূন। ২০। ওয়া ক্বা-লূ লাও শা—আর্ রাহ্বমা-নু
করেছে। তারা কি তাদের সৃষ্টির সময় উপস্থিত ছিল? অতিশীঘ্রই লিখিত হবে তাদের এ দাবি এবং তাদেরকে জিজ্ঞাসা করা হবে। (২০) তারা বলে, যদি রহমান (আল্লাহ)

مَا عَبَدْنٰهُمْ ؕ مَا لَهُمْ بِذٰلِكَ مِنْ عِلْمٍ ۗ اِنْ هُمْ اِلَّا یَخْرُصُوْنَ ۝٢٠ اَمْ اٰتَیْنٰهُمْ

মা- 'আবাদ্‌না-হুম ; মা- লাহুম্ বিযা-লিকা মিন্ 'ইলমিন্ ইন্ হুম্ ইল্লা- ইয়াখ্‌রুস্বূন। ২১। আম্ আ-তাইনা-হুম্
ইচ্ছা না করতেন তবে আমরা তাদের ইবাদাত করতাম না। এ বিষয় তাদের কোন জ্ঞানই নেই। তারা শুধু মিথ্যাই বানিয়ে বলছে। (২১) আমি কি তাদেরকে এ কুরআনের পূর্বে

كِتٰبًا مِّنْ قَبْلِهٖ فَهُمْ بِهٖ مُسْتَمْسِكُوْنَ ۝٢١ بَلْ قَالُوْۤا اِنَّا وَجَدْنَاۤ اٰبَآءَنَا عَلٰۤی اُمَّةٍ وَّ اِنَّا

কিতা-বাম্ মিন ক্বাব্‌লিহী ফাহুম্ বিহী মুস্‌তাম্‌সিকূন। ২২। বাল্ ক্বা-লূ~ইন্না- ওয়াজ্বাদ্‌না~আ-বা—আনা- 'আলা~উম্মাতিওঁ ওয়া ইন্না-
কোন কিতাব দিয়েছি যা তারা আঁকড়ে ধরে আছে? (২২) বরং তারা বলে, আমরা আমাদের পিতৃপুরুষদেরকে একটি পদ্ধতির উপর পেয়েছি। নিশ্চয়ই আমরা

✪ বিশ্লেষণ (আঃ ১৮) ঃ اومن ينشؤا - কন্যাগণ পিতা-মাতার অতি আদর ও আহ্লাদে প্রতিপালিত হয়। এ কারণে তারা যুদ্ধ করার জন্য যুদ্ধক্ষেত্রে যাওয়ার শক্তি রাখে না। দ্বিতীয়তঃ কোন তর্কযুদ্ধে তারা দলীল-প্রমাণাদিসহ স্পষ্টভাষায় কথা বলতে অক্ষম। আল্লাহ তায়ালা বলেন, যে মহিলাদের বৈশিষ্ট্য এ ধরনের, আল্লাহ তাদেরকে কিভাবে তাঁর সন্তান হিসেবে গ্রহণ করেন? এ আয়াতের অপবাদকারীদের মূর্খতা ও অজ্ঞতা প্রকাশ করা হয়েছে। অর্থাৎ আল্লাহ সম্পর্কে এ ধরনের অপবাদ দেয়া আদৌ ঠিক নয় (নাউজু বিল্লাহ)। (তাঃ কাদেরী)

عَلٰٓى اٰثٰرِهِمْ مُّهْتَدُوْنَ ﴿٢٢﴾ وَكَذٰلِكَ مَآ اَرْسَلْنَا مِنْ قَبْلِكَ فِيْ قَرْيَةٍ مِّنْ نَّذِيْرٍ

'আলা~আ-ছা-রিহিম্ মুহ্তাদূন। ২৩। ওয়া কাযা-লিকা মা~আর্সাল্না- মিন্ ক্বাব্লিকা ফী ক্বার্ইয়াতিম্ মিন্ নাযীরিন্

তাদের পদাঙ্ক অনুসরণ করে তাদের পথেই চলছি। (২৩) অনুরূপভাবে আপনার পূর্বেও যখন আমি কোন সতর্ককারী (রাসূল) কোন জনপদে প্রেরণ করেছি, তখন

اِلَّا قَالَ مُتْرَفُوْهَآ ۙ اِنَّا وَجَدْنَآ اٰبَآءَنَا عَلٰٓى اُمَّةٍ وَّاِنَّا عَلٰٓى اٰثٰرِهِمْ مُّقْتَدُوْنَ ○

ইল্লা- ক্বা-লা মুত্রাফূহা~, ইন্না- ওয়াজাদ্না~আ-বা—আনা 'আলা~উম্মাতিওঁ ওয়া ইন্না- 'আলা~আ-ছা-রিহিম্ মুক্বতাদূন।

তাদের বিলাস জীবন-যাপনকারীরাও বলত যে, আমরা আমাদের পিতৃপুরুষকে এক পদ্ধতির উপর পেয়েছি, আমরাতো তাদেরই পদাঙ্ক অনুসরণ করে চলছি।

﴿٢٤﴾ قٰلَ اَوَلَوْ جِئْتُكُمْ بِاَهْدٰى مِمَّا وَجَدْتُّمْ عَلَيْهِ اٰبَآءَكُمْ ۗ قَالُوْٓا اِنَّا بِمَآ

২৪। ক্বা-লা আওয়ালাও জ্বি'তুকুম বিআহ্দা- মিম্মা- ওয়াজাত্তুম 'আলাইহি আ-বা—আকুম ; ক্বা-লূ~ইন্না- বিমা~

(২৪) নবীগণ বলতেন, তোমাদের পিতৃপুরুষদেরকে যার উপর তোমরা পেয়েছ, তার চেয়েও যদি অধিকতর সঠিক পথ তোমাদের কাছে নিয়ে আসি, (তবুও কি তাদের ভ্রান্ত পথে তোমরা চলবে?) তারা বলত, তোমরা যা

اُرْسِلْتُمْ بِهٖ كٰفِرُوْنَ ﴿٢٥﴾ فَانْتَقَمْنَا مِنْهُمْ فَانْظُرْ كَيْفَ كَانَ عَاقِبَةُ الْمُكَذِّبِيْنَ ○

উর্সিল্তুম্ বিহী কা-ফিরূন। ২৫। ফান্তাক্বাম্না- মিন্হুম্ ফান্জুর্ কাইফা কা-না 'আ-ক্বিবাতুল্ মুকায্যিবীন।

সহ প্রেরিত হয়েছ আমরা তার অস্বীকারকারী। (২৫) অতঃপর আমি তাদের কাছ থেকে প্রতিশোধ নিলাম; অতঃপর দেখ, মিথ্যারোপকারীদের পরিণাম কি ঘটেছে?

﴿٢٦﴾ وَاِذْ قَالَ اِبْرٰهِيْمُ لِاَبِيْهِ وَقَوْمِهٖٓ اِنَّنِيْ بَرَآءٌ مِّمَّا تَعْبُدُوْنَ ﴿٢٧﴾ اِلَّا الَّذِيْ

২৬। ওয়া ইয্ ক্বা-লা ইব্রা-হীমু লিআবীহি ওয়া ক্বাওমিহী~ইন্নানী বারা—উম্ মিম্মা- 'তাবুদূন। ২৭। ইল্লাল্লাযী

(২৬) স্মরণ করুন! যখন ইব্রাহীম বললেন, তাঁর পিতা এবং সম্প্রদায়কে, নিশ্চয়ই আমার কোন সম্পর্ক নেই তাদের সাথে, যেগুলোর তোমরা উপাসনা করছ। (২৭) শুধুমাত্র যিনি আমাকে

فَطَرَنِيْ فَاِنَّهٗ سَيَهْدِيْنِ ﴿٢٨﴾ وَجَعَلَهَا كَلِمَةً بَاقِيَةً فِيْ عَقِبِهٖ لَعَلَّهُمْ يَرْجِعُوْنَ ○

ফাত্বারানী ফাইন্নাহূ সাইয়াহ্দীন্ ২৮। ওয়া জ্বা'আলাহা- কালিমাতাম্ বা-ক্বিইয়াতান্ ফী 'আক্বিবিহী লা'আল্লাহুম্ ইয়ার্জ্বি'উন।

সৃষ্টি করেছেন। নিশ্চয়ই তিনি আমাকে সঠিক পথ দেখাবেন। (২৮) এ কথাটিকে রেখে গিয়েছেন একটি স্থায়ী বাণী হিসেবে, তাঁর বংশধরদের জন্য, যাতে তারা শিরক থেকে ফিরে থাকে।

﴿٢٩﴾ بَلْ مَتَّعْتُ هٰٓؤُلَآءِ وَاٰبَآءَهُمْ حَتّٰى جَآءَهُمُ الْحَقُّ وَرَسُوْلٌ مُّبِيْنٌ ○

২৯। বাল্ মা'ত্তাতু হা~উলা—ই ওয়া আ-বা—আহুম্ হাত্তা- জ্বাআ—হুমুল্ হাক্বকু ওয়া রাসূলুম মুবীন।

(২৯) বরং আমি তাদেরকে এবং তাদের পিতৃপুরুষদেরকে অনেক পার্থিব সম্পদ দিয়েছিলাম, অবশেষে তাদের কাছে আসল সত্য কুরআন এবং সু-স্পষ্ট বর্ণনাকারী রাসূল।

﴿٣٠﴾ وَلَمَّا جَآءَهُمُ الْحَقُّ قَالُوْا هٰذَا سِحْرٌ وَّاِنَّا بِهٖ كٰفِرُوْنَ ﴿٣١﴾ وَقَالُوْا لَوْلَا نُزِّلَ

৩০। ওয়া লাম্মা- জ্বা—আহুমুল্ হাক্বকু ক্বা-লূ হা-যা- সিহ্রুওঁ ওয়া ইন্না-বিহী কা-ফিরূন। ৩১। ওয়া ক্বা-লূ লাওলা- নুয্যিলা

(৩০) যখন তাদের কাছে সত্য কুরআন, এসে পৌঁছল তখন তারা বলল, এটাতো যাদু, আমরা এর অবিশ্বাসী। (৩১) তারা বলে, এ কুরআন কেন অবতীর্ণ

○ বিশ্লেষণ (আঃ ২৯) ঃ جا، هم الحق - حق (সত্য) দ্বারা কুরআন এবং রাসূলুল্লাহর (স)-কে বুঝান হয়েছে। مبين (স্পষ্ট বর্ণনাকারী) রাসূলের (স) গুণ, (বৈশিষ্ট্য)।

○ বিশ্লেষণ (আঃ ৩১) ঃ من القريتين - দুটি শহর দ্বারা মক্কা এবং তায়েফকে বুঝান হয়েছে এবং গুরুত্বপূর্ণ ব্যক্তির দ্বারা, অধিকাংশ তাফসীর কারদের মতে, মক্কার ওয়ালীদ বিন মুগীরা এবং তায়েফের ওরওয়াহ বিন মাসউদ সাকফীকে বুঝান হয়েছে।

هٰذَا الْقُرْاٰنُ عَلٰى رَجُلٍ مِّنَ الْقَرْيَتَيْنِ عَظِيْمٍ ﴿٣٢﴾ اَهُمْ يَقْسِمُوْنَ رَحْمَتَ رَبِّكَ ۗ

হা-যাল্ কুর্আ-নু 'আলা- রাজুলিম্ মিনাল্ ক্বার্ইয়াতাইনি 'আজীম। ৩২। আহুম্ ইয়াক্বসিমূনা রাহ্মাতা রাব্বিকা ;

হলনা, এ দুটি জনপদের মধ্য হতে যে কোন গুরুত্বপূর্ণ ব্যক্তির উপর? (৩২) (আল্লাহ তাদের জবাবে বলেন) তারা কি বণ্টন করে আপনার প্রতিপালকের অনুগ্রহ

نَحْنُ قَسَمْنَا بَيْنَهُمْ مَّعِيْشَتَهُمْ فِي الْحَيٰوةِ الدُّنْيَا وَرَفَعْنَا بَعْضَهُمْ فَوْقَ بَعْضٍ

নাহ্নু ক্বাসাম্না- বাইনাহুম্ মা'ঈশাতাহুম্ ফিল্ হায়া-তিদ্ দুন্ইয়া- ওয়া রা'ফানা- 'বাদ্বাহুম্ ফাওক্বা 'বাদ্বিন্

(নবুওয়াত) কে? আমি তাদের মাঝে তাদের জীবিকা বণ্টন করি, তাদের পার্থিব জীবনে এবং পদমর্যাদায় কতিপয়কে কতিপয়ের উপর প্রাধান্য দিয়ে থাকি

دَرَجٰتٍ لِّيَتَّخِذَ بَعْضُهُمْ بَعْضًا سُخْرِيًّا ۗ وَرَحْمَتُ رَبِّكَ خَيْرٌ مِّمَّا يَجْمَعُوْنَ ○

দারাজ্বা-তিল্ লিইয়াত্তাখিযা 'বাদ্বুহুম্ 'বাদ্বান্ সুখ্রিয়্যান ; ওয়া রাহ্মাতু রাব্বিকা খাইরুম্ মিম্মা-ইয়াজ্বমা'উন।

যাতে একজন অন্যজনকে কাজে লাগাতে পারে এবং তারা যা জমা করে, সেগুলোর চেয়ে আপনার প্রতিপালকের অনুগ্রহ সর্বোত্তম।

﴿٣٣﴾ وَلَوْلَآ اَنْ يَّكُوْنَ النَّاسُ اُمَّةً وَّاحِدَةً لَّجَعَلْنَا لِمَنْ يَّكْفُرُ بِالرَّحْمٰنِ لِبُيُوْتِهِمْ

৩৩। ওয়া লাওলা~আই ইয়াকূনান্ না-সু উম্মাতাওঁ ওয়া- হ্বিদাতাল্ লাজ্বা'আল্না- লিমাই ইয়াক্ফুরু বির্রাহ্মা-নি লিবুয়ূতিহিম্

(৩৩) যদি এ আশংকা না হতো, যে মানুষগুলো সব পরকালের চেয়ে পার্থিব সম্পদকে প্রাধান্য দেয়ার ব্যাপারে একই দলভুক্ত হয়ে যাবে, তবে যারা দয়াময়কে অবিশ্বাস করে, তাদের গৃহের ছাদ ও সিঁড়ি, আমি রৌপ্যের

سُقُفًا مِّنْ فِضَّةٍ وَّمَعَارِجَ عَلَيْهَا يَظْهَرُوْنَ ﴿٣٤﴾ وَلِبُيُوْتِهِمْ اَبْوَابًا وَّسُرُرًا عَلَيْهَا

সুক্বুফাম্ মিন্ ফিদ্দ্বাতিওঁ ওয়া 'মাআ-রিজ্বা 'আলাইহা- ইয়াজ্হারূন। ৩৪। ওয়া লিবুইয়ূতিহিম আব্ওয়া-বাওঁ ওয়া সুরুরান্ 'আলাইহা-

দ্বারা (নির্মাণ) করে দিতাম, যাতে তারা তার উপরে আরোহণ করতে পারে। (৩৪) এবং (রৌপ্যের করে দিতাম) তাদের গৃহের দরজাগুলো এবং খাটগুলোও, যার উপর

يَتَّكِـُٔوْنَ ﴿٣٥﴾ وَزُخْرُفًا ۗ وَاِنْ كُلُّ ذٰلِكَ لَمَّا مَتَاعُ الْحَيٰوةِ الدُّنْيَا ۗ وَالْاٰخِرَةُ

ইয়াত্তাকিউন। ৩৫। ওয়া যুখ্রুফান; ওয়া ইন্ কুল্লু যা-লিকা লাম্মা- মাতা-'উল্ হায়াতিদ দুন্ইয়া-; ওয়াল্ আ-খিরাতু

তারা আরাম করে বসে। (৩৫) এবং এগুলো করে দিতাম স্বর্ণেরও, আর এসব বস্তু পার্থিব জীবনের (অস্থায়ী) সম্পদ। আর পরহেজগারদের জন্য রয়েছে আপনার

عِنْدَ رَبِّكَ لِلْمُتَّقِيْنَ ﴿٣٦﴾ وَمَنْ يَّعْشُ عَنْ ذِكْرِ الرَّحْمٰنِ نُقَيِّضْ لَهٗ شَيْطٰنًا فَهُوَ لَهٗ

'ইন্দা রাব্বিকা লিল্মুত্তাক্বীন। ৩৬। ওয়া মাই ইয়া'শু 'আন্ যিক্রির্ রাহ্মা-নি নুক্বায়্যিদ্ব লাহূ শাইত্বা-নান ফাহুওয়া লাহূ

প্রতিপালকের নিকট পরকাল (চিরস্থায়ী জান্নাত)। (৩৬) আর যে ব্যক্তি দয়াময়ের স্মরণ থেকে গাফিল থাকে, আমি তার উপর একটা শয়তান নিয়োগ করে দেই, সুতরাং সে তার সাথী হয়ে (সর্বদা তাকে কুমন্ত্রণা দিতে)

রুকু ৩ ৯

قَرِيْنٌ ﴿٣٧﴾ وَاِنَّهُمْ لَيَصُدُّوْنَهُمْ عَنِ السَّبِيْلِ وَيَحْسَبُوْنَ اَنَّهُمْ مُّهْتَدُوْنَ ○

ক্বারীন। ৩৭। ওয়া ইন্নাহুম্ লাইয়াস্বুদ্দূনাহুম্ 'আনিস্ সাবীলি ওয়া ইয়াহ্সাবূনা আন্নাহুম্ মুহ্তাদূন।

থাকে। (৩৭) আর শয়তানই তাদেরকে (সত্য) রাস্তা থেকে বিরত রাখে। এবং তারা ধারণা করে যে, তারাই সঠিক পথের অনুসারী।

○ বিশ্লেষণ (আঃ ৩২) ঃ رحمت - 'রহমত' দ্বারা এখানে বিশেষভাবে নবুওয়াতকে বুঝান হয়েছে। অর্থাৎ আল্লাহর নেয়ামতসমূহ বিশেষ করে নবুওয়াত আল্লাহ তাঁর নিজ ইচ্ছায় বণ্টন (প্রেরণ) করবেন। এটা একমাত্র আল্লাহ তায়ালারই নিজ দায়িত্ব।

رحمت ربك - (আপনার প্রতিপালকের রহমত) এখানে রহমত দ্বারা পরকালের নেয়ামতকে বুঝানো হয়েছে।

حَتّٰٓى اِذَا جَآءَنَا قَالَ يٰلَيْتَ بَيْنِىْ وَبَيْنَكَ بُعْدَ الْمَشْرِقَيْنِ فَبِئْسَ ﴿٣٨﴾

৩৮। হাত্তা~ইযা- জ্বা—আনা ক্বা-লা ইয়া-লাইতা বাইনী ওয়া বাইনাকা 'বুদাল্ মাশ্‌রিক্বাইনি ফাবি'সাল
(৩৮) অবশেষে সে যখন আমার নিকট হাজির হবে, তখন সে শয়তানকে বলবে, হায়! আজ যদি তোমার মাঝে ও আমার পূর্ব ও পশ্চিমের বরাবর দূরত্ব থাকত। তুমি কত বড়

الْقَرِيْنُ ﴿٣٩﴾ وَلَنْ يَّنْفَعَكُمُ الْيَوْمَ اِذْ ظَّلَمْتُمْ اَنَّكُمْ فِى الْعَذَابِ مُشْتَرِكُوْنَ ۝

ক্বারীন। ৩৯। ওয়া লাইঁ ইয়ান্'ফাআকুমুল্ ইয়াওমা ইজ্ জালাম্‌তুম্ আন্নাকুম্ ফিল্ 'আযা-বি মুশ্‌তারিকূন।
নিকৃষ্ট সাথী। (৩৯) আজ তোমাদের অনুশোচনা কোনই উপকারে আসবে না, যেহেতু তোমরা পৃথিবীতে মহা অন্যায় করেছ। তোমরা (আজ) আল্লাহর শাস্তিতে সকলেই শরীক।

﴿٤٠﴾ اَفَاَنْتَ تُسْمِعُ الصُّمَّ اَوْ تَهْدِى الْعُمْىَ وَمَنْ كَانَ فِىْ ضَلٰلٍ مُّبِيْنٍ ۝

৪০। আফাআনতা তুস্‌মি'উস্ব স্বুম্মা আও তাহ্‌দিল 'উম্‌ইয়া ওয়া মান্ কা-না ফী দ্বালা-লিম্ মুবীন।
(৪০) আপনি কি শ্রবণ শক্তিহীন ব্যক্তিকে শোনাতে পারবেন আপনার? অথবা আপনি কি দৃষ্টিহীন ব্যক্তি এবং স্পষ্ট বিভ্রান্তিতে যে রয়েছে তাকে সঠিক পথ প্রদর্শন করতে পারবেন?

﴿٤١﴾ فَاِمَّا نَذْهَبَنَّ بِكَ فَاِنَّا مِنْهُمْ مُّنْتَقِمُوْنَ ﴿٤٢﴾ اَوْ نُرِيَنَّكَ الَّذِىْ وَعَدْنٰهُمْ

৪১। ফাইম্মা- নায্‌হাবান্না বিকা ফাইন্না- মিন্‌হুম্ মুন্‌তাক্বিমূন। ৪২। আও নুরিইয়ান্নাকাল লাযী ওয়া'আদ্‌না-হুম্
(৪১) সুতরাং যদি আমি আপনাকে উঠিয়ে নিয়েও যাই তবুও আমি তাদের থেকে প্রতিশোধ গ্রহণ করবই। (৪২) অথবা আমি যদি আপনাকে সেগুলো দেখাই, যে শাস্তির

فَاِنَّا عَلَيْهِمْ مُّقْتَدِرُوْنَ ﴿٤٣﴾ فَاسْتَمْسِكْ بِالَّذِىْٓ اُوْحِىَ اِلَيْكَ ۚ اِنَّكَ عَلٰى

ফাইন্না- 'আলাইহিম্ মুক্বতাদিরূন। ৪৩। ফাস্‌তাম্‌সিক্ বিল্লাযী~উহিয়া ইলাইকা, ইন্নাকা 'আলা-
প্রতিশ্রুতি আমি তাদেরকে দিয়েছি, তবুও তাদের উপর আমি পূর্ণ ক্ষমতাবান। (৪৩) সুতরাং আপনার প্রতি যা ওহী করা হয়েছে তা দৃঢ়ভাবে আঁকড়ে ধরুন, আপনি সত্য পথের

صِرَاطٍ مُّسْتَقِيْمٍ ﴿٤٤﴾ وَاِنَّهٗ لَذِكْرٌ لَّكَ وَلِقَوْمِكَ ۚ وَسَوْفَ تُسْئَلُوْنَ ﴿٤٥﴾ وَسْئَلْ

স্বিরা-ত্বিম্ মুস্‌তাক্বীম। ৪৪। ওয়া ইন্নাহূ লাযিক্‌রুল্ লাকা ওয়া লিক্বাওমিকা, ওয়া সাওফা তুস্‌আলূন। ৪৫। ওয়াসআল্
উপরই রয়েছেন। (৪৪) নিশ্চয়ই এ কুরআন আপনার জন্য এবং আপনার সম্প্রদায়ের জন্য উপদেশস্বরূপ। অতিশীঘ্রই তোমাদেরকে এ বিষয় জিজ্ঞাসা করা হবে। (৪৫) আপনার

مَنْ اَرْسَلْنَا مِنْ قَبْلِكَ مِنْ رُّسُلِنَآ اَجَعَلْنَا مِنْ دُوْنِ الرَّحْمٰنِ اٰلِهَةً يُّعْبَدُوْنَ ۝ ع

মান্ আর্‌সাল্‌না- মিন্ ক্বাব্‌লিকা মির্ রুসুলিনা~আজা'আল্‌না- মিন্ দূনির্ রাহ্মা-নি আ-লিহাতাঁই ইয়ু'বাদূন।
পূর্বে আমি যাদেরকে (নবী হিসেবে) প্রেরণ করেছিলাম তাদেরকে জিজ্ঞাসা করুন, আমি কি দয়াময় ব্যতীত আরও অন্য কোন মাবুদ নির্ধারণ করেছিলাম, যার ইবাদত করা যায়?

৪ ع ১০ রুকু

﴿٤٦﴾ وَلَقَدْ اَرْسَلْنَا مُوْسٰى بِاٰيٰتِنَآ اِلٰى فِرْعَوْنَ وَمَلَا۠ئِهٖ فَقَالَ اِنِّىْ رَسُوْلُ رَبِّ

৪৬। ওয়া লাক্বাদ্ আর্‌সাল্‌না- মূসা-বিআ-য়া-তিনা~ইলা- ফির্'আওনা ওয়া মালাইহী ফাক্বা-লা ইন্নী রাসূলু রাব্বিল
(৪৬) আমি মূসাকে আমার নিদর্শনাবলীসহ ফিরআউন এবং তার প্রধান ব্যক্তিবর্গের কাছে প্রেরণ করেছিলাম, সে বলেছিলেন, আমিতো সারা জাহানের প্রতিপালকের

○ বিশ্লেষণ (আঃ ৪৪) ঃ انه لذكر - এ আয়াতে এটা বুঝানো হয়নি যে, 'আমাদের জন্য এ কুরআন উপদেশবাণী নয়'। যেহেতু প্রথম সম্বোধন করা হয়েছিল কুরাইশগণকে এজন্য তাদের কথা উল্লেখ করা হয়েছে। কুরআন সারা জাহানের জন্য উপযোগী বাণী। কেহ 'ذكر' কে সম্মান অর্থে ব্যবহার করে অর্থ করেছেন। অর্থাৎ এ কুরআন আপনার ও আপনার সম্প্রদায়ের জন্য সম্মানের বস্তু। (কুঃ কারীম)
○ বিশ্লেষণ (আঃ ৪৫) ঃ سئل من ارسلنا - নবীগণের (আ) কাছে এ প্রশ্ন মিরাজের সময়, অথবা বায়তুল মুকাদ্দাস বা আকাশে বসে করা হয়েছিল। যেখানে নবীগণের (আ) সাথে রাসূলুল্লাহ (সা)-এর সাক্ষাৎ হয়েছিল। বা তাদের অনুসারী (আহলে কিতাব, ইয়াহুদ ও নাসারা)-দের কাছে জিজ্ঞাসা করুন; কেননা তারা তাদের (নবীদের) উপদেশ সম্পর্কে অবগত আছে এবং তাদের উপর অবতীর্ণ কিতাব তাদের কাছে সংরক্ষিত রয়েছে। (কুঃ কারীম)

الْعٰلَمِيْنَ ﴿٤٧﴾ فَلَمَّا جَآءَهُمْ بِاٰيٰتِنَآ اِذَا هُمْ مِّنْهَا يَضْحَكُوْنَ ﴿٤٨﴾ وَمَا نُرِيْهِمْ مِّنْ

'আ-লামীন। ৪৭। ফালাম্মা- জ্বা—আহুম্ বিআ-য়া-তিনা~ইযা হুম্ মিন্‌হা- ইয়াদ্বহাকূন। ৪৮। ওয়ামা- নূরীহিম্ মিন্
প্রেরিত। (৪৭) যখন মূসা তাদের কাছে আমার নিদর্শনাবলী সহ আসেন, তখনই তারা সেগুলো নিয়ে উপহাস করতে লাগল। (৪৮) আমি তাদেরকে এমন

اٰيَةٍ اِلَّا هِىَ اَكْبَرُ مِنْ اُخْتِهَا ز وَاَخَذْنٰهُمْ بِالْعَذَابِ لَعَلَّهُمْ يَرْجِعُوْنَ ۝

আ-য়াতিন্ ইল্লা-হিয়া আক্‌বারু মিন্ উখ্‌তিহা-, ওয়া আখায্‌না-হুম বিল্'আযা-বি লা'আল্লাহুম্ ইয়ার্‌জ্বি'ঊন।
কোন নিদর্শন প্রদর্শন করিনি, যা পূর্ববর্তী নিদর্শন অপেক্ষা বড় নহে। আমি তাদেরকে শাস্তি দ্বারা পাকড়াও করলাম, যাতে তারা প্রত্যাবর্তন করে।

﴿٤٩﴾ وَقَالُوْا يٰٓاَيُّهَ السّٰحِرُ ادْعُ لَنَا رَبَّكَ بِمَا عَهِدَ عِنْدَكَ ۚ اِنَّنَا لَمُهْتَدُوْنَ ۝

৪৯। ওয়াক্বা-লূ ইয়া~আইয়্যুহাস্ সা-হ্বিরুদ্'উ লানা-রাব্বাকা বিমা- 'আহিদা 'ইন্‌দাকা, ইন্নানা- লামুহ্‌তাদূন।
(৪৯) তারা বলল, হে যাদুকর! আমাদের জন্য তোমার রবের কাছে সে প্রার্থনা কর, যা তিনি তোমার কাছে প্রতিশ্রুতি করেছেন, তবে অবশ্যই আমরা সৎ পথের অনুসারী হব।

﴿٥٠﴾ فَلَمَّا كَشَفْنَا عَنْهُمُ الْعَذَابَ اِذَا هُمْ يَنْكُثُوْنَ ﴿٥١﴾ وَنَادٰى فِرْعَوْنُ فِىْ قَوْمِهٖ

৫০। ফালাম্মা- কাশাফ্‌না- 'আন্‌হুমুল্ 'আযা-বা ইযা- হুম্ ইয়ান্‌কুছূন। ৫১। ওয়া না-দা- ফির্'আওনু ফী কাওমিহী
(৫০) অতঃপর যখন আমি তাদের থেকে শাস্তি সরিয়ে নিলাম, তৎক্ষণাৎ তারা ওয়াদা ভংগ করে ফেলল। (৫১) ফিরআউন তার সম্প্রদায়ের লোকদেরকে

قَالَ يٰقَوْمِ اَلَيْسَ لِىْ مُلْكُ مِصْرَ وَهٰذِهِ الْاَنْهٰرُ تَجْرِىْ مِنْ تَحْتِىْ ۚ اَفَلَا

ক্বা-লা ইয়া-ক্বাওমি আলাইসা লী মুল্‌কু মিস্বরা ওয়া হা-যিহিল্ আন্‌হা-রু তাজ্বরী মিন্ তাহ্বতী, আফালা-
সম্বোধন করে বলল, হে আমার সম্প্রদায়! মিশরের রাজত্ব কি আমার জন্য নহে? এবং এ নহরসমূহ আমার (রাজপ্রাসাদের) নীচ থেকে প্রবাহিত হচ্ছে, তা কি

تُبْصِرُوْنَ ﴿٥٢﴾ اَمْ اَنَا خَيْرٌ مِّنْ هٰذَا الَّذِىْ هُوَ مَهِيْنٌ ۙ وَّلَا يَكَادُ يُبِيْنُ ﴿٥٣﴾ فَلَوْلَآ

তুব্‌স্বিরূন। ৫২। আম্ আনা- খাইরুম্ মিন্ হা-যাল্লাযী হুওয়া মাহীনুঁও ওয়ালা- ইয়াকা-দু ইউবীন। ৫৩। ফালাওলা~
তোমরা দেখনা? (৫২) বরং আমি সর্বোত্তম (শ্রেষ্ঠ) এই ব্যক্তি হতে, যে অতি নিকৃষ্ট এবং স্পষ্ট বক্তব্য প্রকাশে অক্ষম। (৫৩) আচ্ছা,

اُلْقِىَ عَلَيْهِ اَسْوِرَةٌ مِّنْ ذَهَبٍ اَوْ جَآءَ مَعَهُ الْمَلٰٓئِكَةُ مُقْتَرِنِيْنَ ﴿٥٤﴾ فَاسْتَخَفَّ قَوْمَهٗ

উল্‌ক্বিয়া 'আলাইহি আস্‌ওয়িরাতুম্ মিন্ যাহাবিন্ আও জ্বা—আ মা'আহুল্ মালা—ইকাতু মুক্বতারিনীন। ৫৪। ফাস্‌তাখাফ্‌ফা ক্বাওমাহূ
কেন মূসাকে দেয়া হল না স্বর্ণের কঙ্কন? অথবা আসত তার সাথে ফিরিশতাগণ একত্রিত হয়ে? (৫৪) ফিরআউন তার সম্প্রদায়কে বশীভূত করল। ফলে তারা

فَاَطَاعُوْهُ ۭ اِنَّهُمْ كَانُوْا قَوْمًا فٰسِقِيْنَ ﴿٥٥﴾ فَلَمَّآ اٰسَفُوْنَا انْتَقَمْنَا مِنْهُمْ فَاَغْرَقْنٰهُمْ

ফাআত্বা-'উহ্ ; ইন্নাহুম কা-নূ ক্বাওমান ফা-সিক্বীন। ৫৫। ফালাম্মা~আ-সাফূনান্ তাক্বাম্‌না- মিন্‌হুম ফাআগ্‌রাক্বনা-হুম্
তার অনুগত হল। নিশ্চয়ই তারা পাপী সম্প্রদায় ছিল। (৫৫) যখন তারা আমাকে রাগান্বিত করেছিল, তখন আমি তাদের ব্যাপারে শাস্তিমূলক ব্যবস্থা নিয়েছিলাম

○ বিশ্লেষণ (আঃ ৪৭) ঃ يضحكون - যখন হযরত মূসা (আ) ফিরআউন এবং তার পারিষদবর্গের সামনে আল্লাহ প্রদত্ত মুজেযা পেশ করেন, তখন তারা সে মুজেযা দেখে উপহাস ও ঠাট্টা-বিদ্রূপ করে এবং বলে, এগুলো কি, তুমি যাদুর মাধ্যমে আমাদের সামনে পেশ করছ। (কুঃ কারীম) ○ বিশ্লেষণ (আঃ ৫১) ঃ هذه الانهر - নহর দ্বারা নীল সমুদ্র অথবা তার কতিপয় শাখাকে বুঝানো হয়েছে। যা ফিরাউনের রাজ প্রাসাদের তলদেশ হতে প্রবাহিত ছিল। (কুঃ কারীম) ○ টীকা (আঃ ৫৩) ঃ অর্থাৎ, স্বর্ণের কঙ্কন-এর কথা এ কারণে বলা হয়েছে যে, মিসরে নিয়ম ছিল যাকে বাদশাহ বা নেতা নির্ধারিত করা হত, তার হাতে স্বর্ণের কঙ্কন এবং গলায় স্বর্ণের শিকল পরান হত।

أَجْمَعِينَ ﴿٥٦﴾ فَجَعَلْنَٰهُمْ سَلَفًا وَمَثَلًا لِّلْآخِرِينَ ﴿٥٧﴾ وَلَمَّا ضُرِبَ ٱبْنُ مَرْيَمَ مَثَلًا

আজ্‌মা'ঈন। ৫৬। ফাজ্বা'আলনা-হুম্‌ সালাফাওঁ ওয়া মাছালাল্‌ লিল্‌আ-খিরীন। ৫৭। ওয়া লাম্মা- দ্বুরিবাব্‌নু মার্‌ইয়ামা মাছালান্‌
এবং তাদের সকলকে ডুবিয়েছিলাম। (৫৬) আমি এটা অতীত কাহিনী ও দৃষ্টান্ত করে রেখেছি পরবর্তীদের জন্য (৫৭) যখন মরিয়ম পুত্রের দৃষ্টান্ত বর্ণনা করা হয়,

إِذَا قَوْمُكَ مِنْهُ يَصِدُّونَ ﴿٥٨﴾ وَقَالُوٓا۟ ءَأَٰلِهَتُنَا خَيْرٌ أَمْ هُوَ ۚ مَا ضَرَبُوهُ لَكَ إِلَّا

ইযা- ক্বাওমুকা মিন্‌হু ইয়াস্বিদ্দূন। ৫৮। ওয়া ক্বা-লূ~আ আ-লিহাতুনা- খাইরুন্‌ আম্‌ হুওয়া ; মা-দ্বারাবূহু লাকা ইল্লা-
তখনই আপনার সম্প্রদায় হৈ চৈ শুরু করে (৫৮) এবং বলে, আমাদের দেবতা উত্তম না সে (ঈসা)? আপনার কাছে তারা এ কথা বলে শুধু বিবাদ করার

جَدَلًۢا ۚ بَلْ هُمْ قَوْمٌ خَصِمُونَ ﴿٥٩﴾ إِنْ هُوَ إِلَّا عَبْدٌ أَنْعَمْنَا عَلَيْهِ وَجَعَلْنَٰهُ مَثَلًا

জ্বাদালান ; বাল্‌ হুম্‌ ক্বাওমুন্‌ খাস্বিমূন। ৫৯। ইন্‌ হুওয়া ইল্লা- 'আব্‌দুন্‌ আন্‌'আম্‌না- 'আলাইহি ওয়া জ্বা'আল্‌না-হু মাছালাল্‌
উদ্দেশ্যেই। বরং এরা তো এক বিবাদকারী সম্প্রদায়! (৫৯) সে (ঈসা) তো (শুধুমাত্র) একজন বান্দা। যার উপর আমি অনুগ্রহ করেছিলাম এবং আমি তাঁকে করেছিলাম

لِّبَنِىٓ إِسْرَٰٓءِيلَ ﴿٦٠﴾ وَلَوْ نَشَآءُ لَجَعَلْنَا مِنكُم مَّلَٰٓئِكَةً فِى ٱلْأَرْضِ يَخْلُفُونَ

লিবানী~ইস্‌রা—ঈলা ৬০। ওয়া লাও নাশা—উ লাজ্বা'আল্‌না-মিন্‌কুম্‌ মালা—ইকাতান্‌ ফিল্‌ আর্‌দ্বি ইয়াখ্‌লুফূন।
বনী ঈসরাইলদের জন্য এক দৃষ্টান্ত। (৬০) আমি ইচ্ছা করলে তোমাদের পরিবর্তে ফিরিশতা সৃষ্টি করতে পারতাম, তারা পৃথিবীতে প্রতিনিধিত্ব করত।

وَإِنَّهُۥ لَعِلْمٌ لِّلسَّاعَةِ فَلَا تَمْتَرُنَّ بِهَا وَٱتَّبِعُونِ ۚ هَٰذَا صِرَٰطٌ مُّسْتَقِيمٌ ﴿٦١﴾

৬১। ওয়া ইন্নাহূ লা'ইল্‌মুল লিস্‌সা-'আতি ফালা- তাম্‌তারুন্না বিহা- ওয়াত্তাবি'ঊনি ; হা-যা- স্বিরা-তুম্‌ মুস্‌তাক্বীম।
(৬১) ঈসাতো কিয়ামতের নিদর্শন। সুতরাং কিয়ামত সম্পর্কে তোমরা সংশয়ে থেক না এবং আমার অনুসরণ কর, এটাই সরল পথ।

وَلَا يَصُدَّنَّكُمُ ٱلشَّيْطَٰنُ ۖ إِنَّهُۥ لَكُمْ عَدُوٌّ مُّبِينٌ ﴿٦٢﴾ وَلَمَّا جَآءَ عِيسَىٰ بِٱلْبَيِّنَٰتِ

৬২। ওয়ালা- ইয়াস্বুদ্দান্নাকুমুশ্‌ শাইত্বা-নু ইন্নাহূ লাকুম্‌ 'আদুওয়্যুম্‌ মুবীন। ৬৩। ওয়া লাম্মা- জ্বা—আ 'ঈসা-বিল্‌ বায়্যিনা-তি
(৬২) শয়তান যেন তোমাদেরকে বিঘ্ন সৃষ্টি করতে না পারে। নিশ্চয়ই সে তোমাদের প্রকাশ্য দুশমন। (৬৩) যখন ঈসা নিদর্শনাবলীসহ আসলেন, তখন সে

قَالَ قَدْ جِئْتُكُم بِٱلْحِكْمَةِ وَلِأُبَيِّنَ لَكُم بَعْضَ ٱلَّذِى تَخْتَلِفُونَ فِيهِ ۖ

ক্বা-লা ক্বাদ্‌ জ্বি'তুকুম্‌ বিল্‌হিক্‌মাতি ওয়া লিউবায়্যিনা লাকুম্‌ বা'দ্বাল্লাযী তাখ্‌তালিফূনা ফীহি,
বলেছিল, (হে আমার সম্প্রদায়!) নিশ্চয়ই আমি তোমাদের কাছে হিকমত নিয়ে এসেছি, আর যে বিষয়ে তোমরা মতানৈক্যে রয়েছ, সেগুলো সুস্পষ্টভাবে বর্ণনা করার জন্য,

فَٱتَّقُوا۟ ٱللَّهَ وَأَطِيعُونِ ﴿٦٣﴾ إِنَّ ٱللَّهَ هُوَ رَبِّى وَرَبُّكُمْ فَٱعْبُدُوهُ ۚ هَٰذَا صِرَٰطٌ

ফাত্তাক্বুল লা-হা ওয়া আত্বী'ঊন। ৬৪। ইন্নাল্লা-হা হুওয়া রাব্বী ওয়া রাব্বুকুম্‌ ফা'বুদূহু ; হা-যা- স্বিরা-তুম্‌
সুতরাং তোমরা আল্লাহকে ভয় কর এবং আমার অনুগত হও। (৬৪) নিশ্চয়ই আল্লাহ আমার এবং তোমাদের প্রতিপালক। সুতরাং তাঁরই ইবাদাত কর।

○ **বিশ্লেষণ (আঃ ৫৭) ঃ** يصدون - (হৈ চৈ শুরু করে) অর্থাৎ হযরত ঈসা (আ) প্রসংগে আলোচনার সময় আরবের মুশরিকরা খুব হৈ চৈ গোলমাল করত। (তাঃ ওসমানী) ○ **শানে নুযুল (আঃ ৫৭) ঃ** একদা রাসূল (স) সানাদীদ কুরাইশকে বলল, আল্লাহ ব্যতীত যাদের তোমরা ইবাদাত (পূজা) কর তার মধ্যে কোনই কল্যাণ নেই। একথা শুনে কতিপয় মুশরিক বলল, ঈসা নাসারাদের মাবুদ, আল্লাহ ব্যতীত। অথচ তুমি বল, ঈসা (আ) একজন নেক বান্দা। তোমার কথানুযায়ী তার মধ্যেও কোন কল্যাণ নেই। কাফির কুরায়শরা এ কথা নিয়ে হৈ চৈ শুরু করে এবং তারা ধারণা করে যে, রাসূল (সা) (তাদের কথায়) নিজকে অপরাধী মনে করেছে। তখন এ আয়াত নাযিল হয়। (তাঃ কাঃ)

مُّسْتَقِيمٌ ﴿٦٤﴾ فَٱخْتَلَفَ ٱلْأَحْزَابُ مِنۢ بَيْنِهِمْ ۖ فَوَيْلٌ لِّلَّذِينَ ظَلَمُوا۟ مِنْ عَذَابِ

মুস্‌তাক্বীম। ৬৫। ফাখ্‌তালাফাল্‌ আহ্‌যা-বু মিম্‌ বাইনিহিম ফাওয়াইলুল্‌ লিল্লাযীনা জালামূ মিন্‌ 'আযা-বি
এটাই সরল পথ। (৬৫) অতঃপর তাদের মধ্য হতে বিভিন্ন দল মতভেদ সৃষ্টি করল। সুতরাং অত্যাচারীদের জন্য দুর্ভোগ, কষ্টদায়ক

يَوْمٍ أَلِيمٍ ﴿٦٥﴾ هَلْ يَنظُرُونَ إِلَّا ٱلسَّاعَةَ أَن تَأْتِيَهُم بَغْتَةً وَهُمْ لَا يَشْعُرُونَ ﴿٦٦﴾

ইয়াওমিন্‌ আলীম্‌। ৬৬। হাল্‌ ইয়ান্‌জুরূনা ইল্লাস্‌ সা-'আতা আন্‌ তা'তিয়াহুম্‌ বাগ্‌তাতাওঁ ওয়া হুম্‌ লা-ইয়াশ্‌'উরূন।
দিবসের শাস্তির। (৬৬) এরা (কাফিরেরা) প্রতীক্ষায় রয়েছে শুধু কিয়ামতের। তা তাদের কাছে অকস্মাৎ উপস্থিত হবে এবং তারা অনুভবই করতে পারবে না।

ٱلْأَخِلَّآءُ يَوْمَئِذٍۭ بَعْضُهُمْ لِبَعْضٍ عَدُوٌّ إِلَّا ٱلْمُتَّقِينَ ﴿٦٧﴾ يَٰعِبَادِ لَا خَوْفٌ

৬৭। আল্‌ আখিল্লা—উ ইয়াওমাইযিম্‌ 'বাদ্বুহুম্‌ লিবা'দ্বিন 'আদুওয়্যুন্‌ ইল্লাল্‌ মুত্তাক্বীন। ৬৮। ইয়া- 'ইবা-দি লা-খাওফুন্‌
(৬৭) সেদিন বন্ধুরাও একে অপরের দুশমন হয়ে যাবে, শুধুমাত্র পরহেজগারগণ ব্যতীত। (৬৮) (আল্লাহ বলেন) হে আমার বান্দারা, আজ

রুকূ ১২

عَلَيْكُمُ ٱلْيَوْمَ وَلَآ أَنتُمْ تَحْزَنُونَ ﴿٦٨﴾ ٱلَّذِينَ ءَامَنُوا۟ بِـَٔايَٰتِنَا وَكَانُوا۟ مُسْلِمِينَ ﴿٦٩﴾

'আলাইকুমুল্‌ ইয়াওমা ওয়ালা~আন্‌তুম্‌ তাহ্‌যানূন। ৬৯। আল্লাযীনা আ-মানূ বিআ-য়া-তিনা- ওয়া কা-নূ মুস্‌লিমীন।
তোমাদের কোন ভয় নেই এবং তোমরা বিষণ্ণও হবে না। (৬৯) যারা আমার আয়াতে বিশ্বাস স্থাপন করেছিল এবং আমার আজ্ঞানুবর্তী ছিল।

ٱدْخُلُوا۟ ٱلْجَنَّةَ أَنتُمْ وَأَزْوَٰجُكُمْ تُحْبَرُونَ ﴿٧٠﴾ يُطَافُ عَلَيْهِم بِصِحَافٍ

৭০। উদ্‌খুলুল্‌ জ্বান্নাতা আন্‌তুম্‌ ওয়া আয্‌ওয়া-জুকুম্‌ তুহ্‌বারূন। ৭১। ইউত্বা-ফু 'আলাইহিম্‌ বিস্বিহা-ফিম্‌
(৭০) (তাদেরকে বলা হবে) তোমরা এবং তোমাদের (মুমিন) স্ত্রীগণ উৎফুল্ল হৃদয়ে জান্নাতে প্রবেশ কর। (৭১) (আর জান্নাতে) স্বর্ণের পাত্র ও

مِّن ذَهَبٍ وَأَكْوَابٍ ۖ وَفِيهَا مَا تَشْتَهِيهِ ٱلْأَنفُسُ وَتَلَذُّ ٱلْأَعْيُنُ ۖ وَأَنتُمْ

মিন্‌ যাহাবিওঁ ওয়া আকওয়া-বিন্‌, ওয়া ফীহা- মা- তাশ্‌তাহীহিল্‌ আন্‌ফুসু ওয়া তালায্‌যুল 'আইউনু, ওয়া আন্‌তুম
গ্লাস নিয়ে তাদের চারপাশে ঘুরা হবে এবং তাদের অন্তর যা কিছু চাইবে এবং যাতে চোখ জুড়াবে সেথায় সে সব কিছুই রয়েছে এবং তোমরা সেখানে

فِيهَا خَٰلِدُونَ ﴿٧١﴾ وَتِلْكَ ٱلْجَنَّةُ ٱلَّتِىٓ أُورِثْتُمُوهَا بِمَا كُنتُمْ تَعْمَلُونَ ﴿٧٢﴾

ফীহা-খা-লিদূন। ৭২। ওয়া তিল্‌কাল্‌ জ্বান্নাতুল্লাতী~উরিছ্‌তুমূহা- বিমা- কুন্‌তুম্‌ 'তামালূন।
স্থায়ীভাবে থাকবে। (৭২) এটি সে জান্নাত, যার উত্তরাধিকারী আজ তোমাদেরকে করা হয়েছে, তোমাদের (সৎ) কর্মের প্রতিদান স্বরূপ।

لَكُمْ فِيهَا فَٰكِهَةٌ كَثِيرَةٌ مِّنْهَا تَأْكُلُونَ ﴿٧٣﴾ إِنَّ ٱلْمُجْرِمِينَ فِى عَذَابِ جَهَنَّمَ

৭৩। লাকুম্‌ ফীহা- ফা-কিহাতুন্‌ কাছীরাতুম্‌ মিন্‌হা- তা'কুলূন। ৭৪। ইন্নাল্‌ মুজ্‌রিমীনা ফী 'আযা-বি জ্বাহান্নামা
(৭৩) তোমাদের জন্য সেথায় রয়েছে অনেক ফলমূল, তোমরা তা থেকে খেতে থাকবে। (৭৪) নিশ্চয়ই অপরাধীরা জাহান্নামের শাস্তির মধ্যে স্থায়ীভাবে

○ **বিশ্লেষণ (আঃ ৬৬) ঃ** هل ينظرون - স্পষ্ট আয়াত ও নিদর্শনাবলী এবং আল্লাহ প্রেরিত নবী (আ)গণ তাদের কাছে আসার পরেও, তারা (কাফিরেরা) অবিশ্বাস করে। তবে তারা কিসের প্রতীক্ষায় রয়েছে? তাদের অবস্থা দৃষ্টে মনে হয়, কিয়ামত যখন তাদের একেবারে মাথার উপর এসে হাজির হবে, তখন তারা বিশ্বাস করবে। কিন্তু তখন মেনে নেয়ায় কোন কাজে আসবে না। (কুঃ কারীম)
○ **বিশ্লেষণ (আঃ ৭০) ঃ** وازواجكم - এর অর্থ কেহ মুমিন স্ত্রী, কেহ মুমিন সাথী এবং কেহ জান্নাতের হুর বলেছেন। এসব গুলো অর্থই ঠিক। কেননা জান্নাতে উপরোক্ত সবগুলোই মওজুদ থাকবে।

خٰلِدُوْنَ ﴿٧٤﴾ لَا يُفَتَّرُ عَنْهُمْ وَهُمْ فِيْهِ مُبْلِسُوْنَ ﴿٧٥﴾ وَمَا ظَلَمْنٰهُمْ وَلٰكِنْ كَانُوْا هُمُ

খা-লিদূন। ৭৫। লা-ইউফাত্তারু 'আন্‌হুম ওয়া হুম্ ফীহি মুব্‌লিসূন। ৭৬। ওয়ামা- জালাম্‌না-হুম্ ওয়ালা-কিন্ কা-নূ হুমুজ্

থাকবে। (৭৫) হ্রাস করা হবে না তাদের থেকে (এ শাস্তি) এবং তারা নিরাশ হয়ে পড়বে। (৭৬) আমি তাদের প্রতি জুলুম করিনি; বরং তারাই ছিল

الظّٰلِمِيْنَ ﴿٧٦﴾ وَنَادَوْا يٰمٰلِكُ لِيَقْضِ عَلَيْنَا رَبُّكَ ۖ قَالَ اِنَّكُمْ مّٰكِثُوْنَ ﴿٧٧﴾ لَقَدْ

জা-লিমীন। ৭৭। ওয়ানা-দাও ইয়া-মা-লিকু লিইয়াক্বদ্বি 'আলাইনা-রাব্বুকা ; ক্বা-লা ইন্নাকুম্ মা-কিছূন। ৭৮। লাক্বাদ্

জালিম। (৭৭) তারা ডাক দিয়ে বলবে, হে মালেক! তোমার প্রতিপালক যেন আমাদেরকে একেবারে শেষ করে দেন। সে বলবে, তোমরা এভাবেই অবস্থান করবে। (৭৮) আমিতো

جِئْنٰكُمْ بِالْحَقِّ وَلٰكِنَّ اَكْثَرَكُمْ لِلْحَقِّ كٰرِهُوْنَ ﴿٧٨﴾ اَمْ اَبْرَمُوْٓا اَمْرًا فَاِنَّا

জ্বি'না-কুম্ বিল্‌হাক্কি ওয়ালা-কিন্না আক্‌ছারাকুম্ লিল্‌হাক্কি ক্বা-রিহূন। ৭৯। আম্ আবরামূ~আম্‌রান্ ফাইন্না-

তোমাদের কাছে সত্য (দ্বীন) পৌছিয়েছি কিন্তু তোমাদের অধিকাংশ লোকই ছিল সত্য (দ্বীন) অপছন্দকারী। (৭৯) বরং তারা কি চূড়ান্ত ব্যবস্থা গ্রহণ করেছে? (জেনে রাখ)

مُبْرِمُوْنَ ﴿٧٩﴾ اَمْ يَحْسَبُوْنَ اَنَّا لَا نَسْمَعُ سِرَّهُمْ وَنَجْوٰىهُمْ ۗ بَلٰى وَرُسُلُنَا

মুব্‌রিমূন। ৮০। আম্ ইয়াহ্‌সাবূনা আন্না- লা-নাস্‌মা'উ সির্‌রাহুম্ ওয়া নাজ্‌ওয়া-হুম ; বালা- ওয়া রুসুলুনা-

আমিই চূড়ান্ত ব্যবস্থা গ্রহণকারী। (৮০) তারা কি ধারণা করে যে, আমি তাদের গোপন কথা এবং তাদের গোপন পরামর্শ শুনিনা? হাঁ, অবশ্যই শুনি এবং আমার ফেরেশতরা

لَدَيْهِمْ يَكْتُبُوْنَ ﴿٨٠﴾ قُلْ اِنْ كَانَ لِلرَّحْمٰنِ وَلَدٌ ۖ فَاَنَا اَوَّلُ الْعٰبِدِيْنَ ﴿٨١﴾

লাদাইহিম্ ইয়াক্‌তুবূন। ৮১। কুল ইন্ কা-না লির্‌রাহ্‌মা-নি ওয়ালাদুন্ ফাআনা আওয়্যালুল্ 'আ-বিদীন।

তাদের কাছে থেকে সবকিছু লিখছে। (৮১) বলুন, যদি রহমান (আল্লাহর) কোন সন্তান হত, তবে আমিই সর্বপ্রথম হতাম তার ইবাদাতকারী।

سُبْحٰنَ رَبِّ السَّمٰوٰتِ وَالْاَرْضِ رَبِّ الْعَرْشِ عَمَّا يَصِفُوْنَ ﴿٨٢﴾

৮২। সুব্‌হা-না রাব্বিস্ সামা-ওয়া-তি ওয়াল্ আরদ্বি রাব্বিল্ 'আর্‌শি 'আম্মা- ইয়াস্বিফূন।

(৮২) যিনি আকাশমন্ডলী ও পৃথিবীর প্রতিপালক, যিনি আরশের প্রতিপালক, তিনি (আল্লাহ) সে সবকিছু হতে অতি পবিত্র, যা তারা বলে।

فَذَرْهُمْ يَخُوْضُوْا وَيَلْعَبُوْا حَتّٰى يُلٰقُوْا يَوْمَهُمُ الَّذِيْ يُوْعَدُوْنَ ﴿٨٣﴾

৮৩। ফাযার্‌হুম্ ইয়াখূদ্বূ ওয়া ইয়াল্'আবূ হাত্তা-ইউলা-ক্বূ ইয়াওমা হুমুল্ লাযী ইউ'আদূন।

(৮৩) আপনি তাদেরকে ছেড়ে দিন, তারা বিতর্কে এবং খেল-তামাশায় লিপ্ত থাকুক সে দিবস উপস্থিত হওয়া পর্যন্ত, যে দিবসের প্রতিশ্রুতি তাদেকে দেয়া হয়েছে।

وَهُوَ الَّذِيْ فِي السَّمَآءِ اِلٰهٌ وَّفِي الْاَرْضِ اِلٰهٌ ۗ وَهُوَ الْحَكِيْمُ الْعَلِيْمُ ﴿٨٤﴾

৮৪। ওয়া হুওয়াল্লাযী ফিস্ সামা—ই ইলা-হুওঁ ওয়া ফিল্ আরদ্বি ইলা-হুন ; ওয়া হুয়াল্ হাকীমুল্ 'আলীম।

(৮৪) তিনিই এমন মহান (আল্লাহ), যিনি আকাশমন্ডলীর মাবুদ এবং পৃথিবীরও মাবুদ। তিনিই (আল্লাহ) মহা বিজ্ঞ, মহাজ্ঞানী।

وَتَبٰرَكَ الَّذِيْ لَهٗ مُلْكُ السَّمٰوٰتِ وَالْاَرْضِ وَمَا بَيْنَهُمَا ۚ وَعِنْدَهٗ

৮৫। ওয়া তাবা-রাকাল্লাযী লাহূ মুল্‌কুস্ সামা-ওয়া-তি ওয়াল্ আরদ্বি ওয়ামা- বাইনাহুমা-, ওয়া 'ইন্‌দাহূ

(৮৫) সে মহান সত্তা অতি মর্যাদা সম্পন্ন, যার বাদশাহী রয়েছে আকাশমন্ডলী, পৃথিবী এবং এতদুভয়ের মধ্যস্থ যা কিছু রয়েছে সব কিছুর মধ্যে এবং তাঁরই কাছে রয়েছে

عِلْمُ السَّاعَةِ ۚ وَاِلَيْهِ تُرْجَعُوْنَ ﴿٨٥﴾ وَلَا يَمْلِكُ الَّذِيْنَ يَدْعُوْنَ مِنْ

'ইল্‌মুস্ সা-'আতি, ওয়া ইলাইহি তুর্‌জ্বা'উন। ৮৬। ওয়ালা- ইয়াম্‌লিকুল্ লাযীনা ইয়াদ্'উনা মিন্

কিয়ামতের সঠিক তথ্য; আর তাঁর দিকেই তোমরা প্রত্যাবর্তিত হবে। (৮৬) এবং আল্লাহ ব্যতীত তারা যাদেরকে ডাকে তাদের সুপারিশের কোনই ক্ষমতা নেই।

دُوْنِهِ الشَّفَاعَةَ اِلَّا مَنْ شَهِدَ بِالْحَقِّ وَهُمْ يَعْلَمُوْنَ ﴿٨٦﴾ وَلَئِنْ سَاَلْتَهُمْ

দূনিহিশ্ শাফা-'আতা ইল্লা- মান্ শাহিদা বিল্‌হাক্কি ওয়া হুম্ ই'য়ালামূন। ৮৭। ওয়া লাইন্ সাআল্‌তাহুম্

তবে (সুপারিশের যোগ্য সে হবে) যারা সত্য কথাকে জেনে তার সাক্ষ্য দেয়। (৮৭) (হে নবী!) যদি আপনি তাদেরকে জিজ্ঞাসা করেন যে, তাদের স্রষ্টা কে?

مَنْ خَلَقَهُمْ لَيَقُوْلُنَّ اللّٰهُ فَاَنّٰى يُؤْفَكُوْنَ ﴿٨٧﴾ وَقِيْلِهٖ يٰرَبِّ اِنَّ هٰٓؤُلَآءِ

মান্ খালাক্বাহুম্ লাইয়াকূলুন্নাল্লা-হু ফাআন্না- ইউ'ফাকূন। ৮৮। ওয়া ক্বীলিহী ইয়া-রাব্বি ইন্না হা~উলা—ই

তবে তারা জবাবে বলবে, আল্লাহ। এরপরেও তারা কোথায় ফিরে যাচ্ছে? (৮৮) আর রাসূলের এ কথা আমি শুনি যে, "হে আমার প্রতিপালক! এ সম্প্রদায়তো

قَوْمٌ لَّا يُؤْمِنُوْنَ ﴿٨٨﴾ فَاصْفَحْ عَنْهُمْ وَقُلْ سَلٰمٌ ۗ فَسَوْفَ يَعْلَمُوْنَ ﴿٨٩﴾

ক্বাওমুল্ লা-ইউ'মিনূন। ৮৯। ফাস্বফাহ্ 'আন্‌হুম্ ওয়া কুল্ সালা-মুন ; ফাসাওফা ই'য়ালামূন।

ঈমান গ্রহণ করবেই না।" (৮৯) (জবাবে আল্লাহ বলেন) আপনি তাদের থেকে মুখ ফিরিয়ে নিন এবং বলুন, "সালাম", অতিশীঘ্রই তারা জানতে পারবে।

সূরা দুখা-ন মক্কী

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

বিসমিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম

পরম দাতা ও দয়ালু আল্লাহর নামে শুরু করছি

আয়াত ঃ ৫৯ রুকূ ঃ ৩

حٰمٓ ﴿١﴾ وَالْكِتٰبِ الْمُبِيْنِ ﴿٢﴾ اِنَّآ اَنْزَلْنٰهُ فِيْ لَيْلَةٍ مُّبٰرَكَةٍ اِنَّا كُنَّا مُنْذِرِيْنَ ﴿٣﴾

১। হা-মী—ম্। ২। ওয়াল্‌কিতা-বিল্ মুবীন। ৩। ইন্না~আন্‌যাল্‌না-হু ফী লাইলাতিম্ মুবা-রাকাতিন্ ইন্না- কুন্না- মুন্‌যিরীন।

(১) হা-মী-ম; (২) শপথ, সুস্পষ্ট কিতাবের; (৩) নিশ্চয়ই আমি কুরআন অবতীর্ণ করেছি এক মুবারক (কল্যাণময়) রজনীতে। আমি ছিলাম এক সতর্ককারী।

فِيْهَا يُفْرَقُ كُلُّ اَمْرٍ حَكِيْمٍ ﴿٤﴾ اَمْرًا مِّنْ عِنْدِنَا ۗ اِنَّا كُنَّا مُرْسِلِيْنَ ﴿٥﴾ رَحْمَةً مِّنْ

৪। ফীহা- ইউফ্‌রাকু কুল্লু আম্‌রিন্ হাকীম। ৫। আম্‌রাম্ মিন্ 'ইন্‌দিনা ; ইন্না- কুন্না- মুর্‌সিলীন। ৬। রাহ্‌মাতাম্ মির্

(৪) এ রজনীতে প্রত্যেক গুরুত্বপূর্ণ কাজের ফয়সালা করা হয়, (৫) আমার পক্ষ থেকেই নির্দেশক্রমে। আমিই রাসূল প্রেরণ করে থাকি। (৬) আপনার

○ বিশ্লেষণ (আঃ ৮৮) ঃ وقيله - অর্থাৎ নবীর এ কথা আল্লাহ (অবশ্যই) অবগত রয়েছেন। আল্লাহ তাঁর রাসূলের একনিষ্ঠ আবেদন এবং ব্যথিত হৃদয়ের আহ্বানের কথা অবশ্যই জানেন। এখানে وقيله এর সম্বন্ধ রয়েছে عنده علم الساعة এর দিকে। অর্থাৎ, আল্লাহই কিয়ামত এবং নবীর (স) আবেদন সম্পর্কে অবহিত। (কুঃ কারীম) ○ বিশ্লেষণ (আঃ ৮৯) ঃ سلم - (সালাম) অর্থাৎ হে নবী! আপনি দুঃখ করবেন না, চিন্তিতও হবেন না এবং তাদের ব্যাপারে কোন পদক্ষেপও নিবেন না। আপনি ফরজ আন্দাজ তাবলীগ করে তাদের থেকে এ বলে মুখ ফিরাবেন যে, আচ্ছা, তোমরা আমাকে স্বীকার কর না, তবে আমার সালাম নাও। (তাঃ ওসমানী) ○ বিশ্লেষণ (আঃ ২) ঃ والكتب - কিতাব দ্বারা কুরআনকে বুঝান হয়েছে।

○ বিশ্লেষণ (আঃ ৩) ঃ ليلة مبركة - (কল্যাণময় রজনী) এখানে কল্যাণময় রজনী দ্বারা 'লাইলাতুল কদর" (শবে কদর) কে বুঝান হয়েছে। অর্থাৎ কদরের রাতে এ কিতাব (কুরআন) অবতীর্ণ হয়েছে। এ রাতকে বরকতময় বলার কারণ– (১) এ রাতে কুরআন মাজীদ অবতীর্ণ হয়েছে। (২) এ রাতে পৃথিবীতে ফিরিশতাগণ আগমন করেন। (৩) এ রাতে সারা বছরের গুরুত্বপূর্ণ বিষয় ফয়সালা হয়। (৪) এ রাতের ইবাদাত হাজার মাসের চেয়ে উত্তম। এ কদরের রাত রজমান মাসের শেষ দশদিনের কোন এক রাত। কেহ বলেন, "বরকতময় রাত" হচ্ছে, শাবানের ১৫ই রাত। কিন্তু এটা সঠিক নয়।

○ বিশ্লেষণ (আঃ ৪) ঃ يفرق فى كل امر حكيم - অর্থাৎ এ রাতে বান্দার গুরুত্বপূর্ণ বিষয়, ফয়সালা করা হয়। যাতে আর কোন পরিবর্তন হয় না। এ আয়াতের তাফসীর প্রসংগে বর্ণিত আছে যে, এ রাতে আগত বছরের জন্য মৃত্যু, হায়াত এবং জীবনের গুরুত্বপূর্ণ বিষয়ের ফয়সালা লওহে মাহফুজে অবতীর্ণ হয়। সেখান থেকে ফিরিশতাগণকে দায়িত্ব প্রদান করা হয়। (ইবন কাসীর)

رَبِّكَ ؕ إِنَّهُ هُوَ السَّمِيعُ الْعَلِيمُ ⑥ رَبِّ السَّمٰوٰتِ وَالْأَرْضِ وَمَا بَيْنَهُمَا ۘ

রাব্বিকা ; ইন্নাহূ হুওয়াস্ সামী'উল্ 'আলীম। ৭। রাব্বিস্ সামা-ওয়া-তি ওয়াল্ আরদ্বি ওয়া মা- বাইনাহুমা- ।
প্রতিপালকের দয়াস্বরূপ। তিনিতো সর্বশ্রোতা, মহাজ্ঞানী। (৭) যিনি আকাশমন্ডলী, পৃথিবী এবং এতদুভয়ের মধ্যে যা কিছু আছে সব কিছুর প্রতিপালক,

إِنْ كُنْتُمْ مُوقِنِينَ ⑦ لَا إِلٰهَ إِلَّا هُوَ يُحْيِي وَيُمِيتُ ؕ رَبُّكُمْ وَرَبُّ آبَائِكُمُ

ইন্ কুন্তুম্ মূক্বিনীন। ৮। লা~ইলা-হা ইল্লা-হুওয়া ইউহ্য়ী ওয়া ইউমীতু ; রাব্বুকুম্ ওয়া রাব্বু আ-বা—ইকুমুল্
যদি তোমরা দৃঢ় বিশ্বাসী হও। (৮) তিনি ছাড়া কোন মাবুদ নেই, তিনিই জীবন দান করেন এবং মৃত্যু ঘটান; তিনি তোমাদের প্রতিপালক এবং তোমাদের পূর্ব

الْأَوَّلِينَ ⑧ بَلْ هُمْ فِي شَكٍّ يَلْعَبُونَ ⑨ فَارْتَقِبْ يَوْمَ تَأْتِي السَّمَاءُ بِدُخَانٍ

আওয়্যালীন। ৯। বাল্ হুম্ ফী শাক্কিইঁ ইয়াল্'আবূন। ১০। ফার্তাক্বিব্ ইয়াওমা তা'তিস্ সামা—উ বিদুখা-নিম্
পিতৃপুরুষদেরও প্রতিপালক। (৯) বরং তারা সন্দেহ পরায়ন হয়ে খেল-তামাশা করতেছে। (১০) সুতরাং আপনি সে দিনের অপেক্ষা করুন, যেদিন আকাশে স্পষ্ট

مُبِينٍ ⑩ يَغْشَى النَّاسَ ۖ هٰذَا عَذَابٌ أَلِيمٌ ⑪ رَبَّنَا اكْشِفْ عَنَّا الْعَذَابَ

মুবীন্। ১১। ইয়াগ্শান্ না-সা ; হা-যা- 'আযা-বুন্ আলীম। ১২। রাব্বানাক্শিফ্ 'আন্নাল্ 'আযা-বা
ধোঁয়ার সৃষ্টি হবে। (১১) যা লোকদেরকে আবৃত করে ফেলবে। এটাই কষ্টদায়ক শাস্তি। (১২) হে আমাদের প্রতিপালক! আমাদের থেকে এ শাস্তি দূর করুন। আমরা

إِنَّا مُؤْمِنُونَ ⑫ أَنَّىٰ لَهُمُ الذِّكْرَىٰ وَقَدْ جَاءَهُمْ رَسُولٌ مُبِينٌ ⑬ ثُمَّ

ইন্না- মু'মিনূন। ১৩। আন্না- লাহুমুয্ যিক্রা- ওয়া ক্বাদ্ জ্বা—আহুম্ রাসূলুম্ মুবীন। ১৪। ছুম্মা
ঈমান গ্রহণ করবই। (১৩) তাদের জন্য উপদেশ কিভাবে গ্রহণীয় হবে? তাদের কাছে তো স্পষ্ট বর্ণনাকারী রাসূল আগমন করেছে। (১৪) অতঃপর তারা

تَوَلَّوْا عَنْهُ وَقَالُوا مُعَلَّمٌ مَجْنُونٌ ⑭ إِنَّا كَاشِفُو الْعَذَابِ قَلِيلًا ۚ إِنَّكُمْ عَائِدُونَ ۘ

তাওয়াল্লাও 'আন্হু ওয়া ক্বা-লূ মু'আল্লামুম্ মাজ্নূন। ১৫। ইন্না- কা-শিফুল্ 'আযা-বি ক্বালীলান্ ইন্নাকুম্ 'আ—ইদূন।
তার থেকে মুখ ফিরায় এবং বলে সে তো শিক্ষাপ্রাপ্ত সেতো উন্মাদ। (১৫) আমি অল্প সময়ের জন্য শাস্তি সরিয়ে নিলেই তোমরা পূর্বাবস্থায় ফিরে যাবে।

⑮ يَوْمَ نَبْطِشُ الْبَطْشَةَ الْكُبْرَىٰ ۚ إِنَّا مُنْتَقِمُونَ ⑯ وَلَقَدْ فَتَنَّا قَبْلَهُمْ قَوْمَ

১৬। ইয়াওমা নাব্তিশুল্ বাত্বশাতাল্ কুব্রা-, ইন্না- মুনতাক্বিমূন। ১৭। ওয়া লাক্বাদ্ ফাতান্না॰ ক্বাব্লাহুম্ ক্বাওমা
(১৬) যেদিন আমি শক্তভাবে পাকড়াও করব, সেদিন আমি প্রতিশোধ নিবই। (১৭) আমি তাদের পূর্বে ফেরাউন সম্প্রদায়কে পরীক্ষা করেছিলাম

فِرْعَوْنَ وَجَاءَهُمْ رَسُولٌ كَرِيمٌ ⑰ أَنْ أَدُّوا إِلَيَّ عِبَادَ اللّٰهِ ؕ إِنِّي لَكُمْ رَسُولٌ

ফির্'আওনা ওয়া জ্বা—আহুম্ রাসূলুন্ কারীম। ১৮। আন্ আদ্দূ~ইলাইয়্যা 'ইবা-দাল্লা-হি ; ইন্নী লাকুম্ রাসূলুন
এবং তাদের কাছে এক মর্যাদাবান রাসূল এসেছিলেন। (১৮) তিনি আল্লাহর বান্দাগণকে বললেন, আমার কাছে আত্মসমর্পণ কর, নিশ্চয়ই আমি তোমাদের জন্য প্রেরিত একজন

○ বিশ্লেষণ (আঃ ১০) ঃ بدخان مبين - (প্রকাশ্য ধোঁয়া) অর্থ "এ আয়াতের ব্যাখ্যায় তফসীরবিদগন বিভিন্ন মন্তব্য পেশ করেছেন। (১) ধোঁয়া দ্বারা মক্কা বিজয়ের দিন যে ধুলো বালি উড়েছিল এবং তা বায়ুকে পর্যন্ত ঢেকে ফেলেছিল, সে ধুলো-বালিকে বুঝানো হয়েছে। (২) কেহ বলেন, দুর্ভিক্ষের কালকে বুঝানো হয়েছে। রাসূলুল্লাহ (সা) বদ দোয়ায় কাফিরেরা একবার দুর্ভিক্ষের কষ্টে মরে যাওয়ার উপক্রম হয়েছিল এবং মৃত কুকুরের হাড্ডি পর্যন্ত খেতে শুরু করেছিল। (৩) কেহ বলেন, দুর্ভিক্ষের কারণে, ক্ষুধার যন্ত্রণায় মানুষের দৃষ্টি শক্তি এতই দুর্বল হয়ে পড়েছিল যে, তখন তারা আকাশের দিকে তাকালেও আকাশে ধোঁয়ার মত দেখত। (তাঃ কাদেরী) (৪) এ ধোঁয়া কিয়ামতের দশটি নিদর্শনাবলীর মধ্য হতে একটি। এ ধোঁয়া কিয়ামত সংঘটিত হওয়ার পূর্ব মুহূর্তে প্রকাশ পাবে। (তুঃ কারীম)

أَمِينٌ ⑱ وَأَنْ لَا تَعْلُوا عَلَى اللّٰهِ ۖ إِنِّي آتِيكُمْ بِسُلْطَانٍ مُبِينٍ ⑲ وَإِنِّي عُذْتُ

আমীন। ১৯। ওয়া আল্লা- 'তালূ 'আলাল্লা-হি, ইন্নী~আ-তীকুম্ বিসুল্ত্বা-নিম্ মুবীন্। ২০। ওয়া ইন্নী 'উয্তু
বিশ্বস্ত রসূল। (১৯) আর তোমরা আল্লাহর নির্দেশের বিদ্রোহ কর না, আমি তোমাদের কাছে সুস্পষ্ট প্রমাণ উপস্থিত করেছি। (২০) নিশ্চয়ই আমি নিরাপত্তা কামনা করছি,

بِرَبِّي وَرَبِّكُمْ أَنْ تَرْجُمُونِ ⑳ وَإِنْ لَمْ تُؤْمِنُوا لِي فَاعْتَزِلُونِ ㉑ فَدَعَا رَبَّهُ

বিরাব্বী ওয়া রাব্বিকুম্ আন্ তার্জুমূন। ২১। ওয়া ইল্ লাম্ তু'মিনূ লী 'ফাতাযিলূন। ২২। ফাদা'আ- রাব্বাহূ~
আমার ও তোমাদের রবের নিকট, তোমরা যে আমাকে প্রস্তরাঘাতে মেরে ফেলবে তা থেকে (রক্ষার জন্য)। (২১) আর যদি তোমরা আমার প্রতি বিশ্বাস না কর, তবে তোমরা আমার থেকে আলাদা হয়ে যাও। (২২) অতঃপর মূসা তার রবের কাছে প্রার্থনা

أَنَّ هٰؤُلَاءِ قَوْمٌ مُجْرِمُونَ ㉒ فَأَسْرِ بِعِبَادِي لَيْلًا إِنَّكُمْ مُتَّبَعُونَ ㉓ وَاتْرُكِ

আন্না হা~উলা—ই ক্বাওমুম্ মুজ্বরিমূন। ২৩। ফাআস্রি বি'ইবা-দী লাইলান্ ইন্নাকুম্ মুত্তাবা'উন। ২৪। ওয়াত্রুকিল্
করেন যে, এরাতো এক পাপী সম্প্রদায়। (২৩) আমি বলেছিলাম, আপনি আমার বান্দাগণকে নিয়ে রাতারাতি বেরিয়ে যান। আপনাদের অনুসরণ করা হবেই। (২৪) আপনারা

الْبَحْرَ رَهْوًا ؕ إِنَّهُمْ جُنْدٌ مُغْرَقُونَ ㉔ كَمْ تَرَكُوا مِنْ جَنّٰتٍ وَعُيُونٍ ㉕ وَزُرُوعٍ

বাহ্রা রাহ্ওয়ান ; ইন্নাহুম্ জুন্দুম্ মুগ্রাকূন। ২৫। কাম্ তারাকূ মিন্ জ্বান্না-তিওঁ ওয়া 'উইয়ূন। ২৬। ওয়া যুরূ'ইওঁ
সমুদ্রকে নিশ্চল অবস্থায় ত্যাগ করুন। নিশ্চয়ই এ (ফিরআউনের) বাহিনী নিমজ্জিত হবে। (২৫) তারা পিছনে রেখে গিয়েছিল বহু বাগান ও নহর (২৬) এবং বহু কৃষিক্ষেত

وَمَقَامٍ كَرِيمٍ ㉖ وَنَعْمَةٍ كَانُوا فِيهَا فَاكِهِينَ ㉗ كَذٰلِكَ ۖ وَأَوْرَثْنَاهَا قَوْمًا

ওয়া মাক্বা-মিন্ কারীম। ২৭। ওয়া 'নামাতিন্ কা-নূ ফীহা- ফা-কিহীন। ২৮। কাযা-লিকা; ওয়া আওরাছ্না-হা- ক্বাওমান্
ও সু-সজ্জিত বাসস্থান। (২৭) এবং কত প্রাচুর্য, যাতে তারা বিলাসিতায় চলত। (২৮) এ ভাবেই ঘটে গেল এবং আমি এগুলোর মালিক করেছিলাম

آخَرِينَ ㉘ فَمَا بَكَتْ عَلَيْهِمُ السَّمَاءُ وَالْأَرْضُ وَمَا كَانُوا مُنْظَرِينَ ㉙ وَلَقَدْ

আ-খারীন। ২৯। ফামা- বাকাত্ 'আলাইহিমুস্ সামা—উ ওয়াল্ আরদ্বু ওয়ামা- কা-নূ মুন্জারীন। ৩০। ওয়ালাক্বাদ্
অন্য এক সম্প্রদায়কে। (২৯) আকাশমন্ডলী ও পৃথিবী তাদের জন্য ক্রন্দন করেনি এবং তাদের কোন সুযোগও দেয়া হয়নি। (৩০) আমি বনী

نَجَّيْنَا بَنِي إِسْرَائِيلَ مِنَ الْعَذَابِ الْمُهِينِ ㉚ مِنْ فِرْعَوْنَ ؕ إِنَّهُ كَانَ عَالِيًا

নাজ্জ্বাইনা- বানী~ইস্রা—ঈল মিনাল্ 'আযা-বিল্ মুহীন। ৩১। মিন্ ফির্'আওনা ; ইন্নাহূ কা-না 'আ-লিয়াম্
ইসরাঈলকে রক্ষা করলাম লাঞ্ছনাদায়ক শাস্তি হতে (৩১) ফিরআউনের নিশ্চয়ই সে (ফেরাউন) ছিল (আল্লাহর) অবাধ্য,

مِنَ الْمُسْرِفِينَ ㉛ وَلَقَدِ اخْتَرْنَاهُمْ عَلَىٰ عِلْمٍ عَلَى الْعَالَمِينَ ㉜ وَآتَيْنَاهُمْ مِنَ

মিনাল মুস্রিফীন। ৩২। ওয়া লাক্বাদিখ্ তার্না-হুম্ 'আলা- 'ইলমিন্ 'আলাল্ 'আ-লামীন। ৩৩। ওয়া আ-তাইনা-হুম্ মিনাল্
সীমালঙ্ঘনকারীদের মধ্যে, (৩২) আমি জেনে বুঝে তাদেরকে বিশ্বজগতের উপর শ্রেষ্ঠতর করেছি। (৩৩) এবং আমি তাদেরকে দান করেছিলাম

○ বিশ্লেষণ (আঃ ২০) ঃ ترجمون - হযরত মূসা (আ)-এর দাওয়াত ও তাবলীগের কারণে ফিরআউন মূসা (আ)-কে হত্যার ভয় দেখিয়েছিল। যে কারণে তিনি তাঁর রবের কাছে নিরাপত্তা কামনা করেছেন। ○ বিশ্লেষণ (আঃ ২৪) ঃ رهوا - (নিশ্চল, পানি থামানো অবস্থায় ত্যাগ কর) অর্থাৎ (হে মূসা) তোমার প্রথম লাঠির আঘাতে নদী শুষ্ক হয়ে রাস্তা হয়ে যাবে। তখন তোমরা সে পথে নদী পার হয়ে চলে যাবে। দ্বিতীয় বার লাঠি দ্বারা আঘাত করবে না। কেননা তাতে নদী পুনরায় পূর্বের ন্যায় হয়ে যাবে। দ্বিতীবার আঘাত না করার কারণ, ফিরাউনের দলেরা নদী শুষ্ক দেখে সে পথে প্রবেশ করবে। তখনই তাদেরকে ডুবিয়ে মারা হবে। ○ টীকা (আঃ ২৯) ঃ অর্থাৎ, আকাশ ও পৃথিবীর কোন প্রাণীই তাদের ধ্বংসে ব্যথিত ও দুঃখিত হয়নি।

الْاٰيٰتِ مَا فِيْهِ بَلٰٓؤٌا مُّبِيْنٌ ﴿٣٣﴾ اِنَّ هٰٓؤُلَآءِ لَيَقُوْلُوْنَ ﴿٣٤﴾ اِنْ هِيَ اِلَّا مَوْتَتُنَا

আ-য়া-তি মা-ফীহি বালা—উম্ মুবীন। ৩৪। ইন্না হা~উলা—ই লা- ইয়াক্বূলূন। ৩৫। ইন্‌হিয়া ইল্লা- মাওতাতুনাল্
কতিপয় নিদর্শনাবলী, যাতে ছিল স্পষ্ট পরীক্ষা। (৩৪) কাফিরেরা তো এটাই বলে যে, (৩৫) আমাদের এ প্রথম মৃত্যু ব্যতীত আর কিছুই নেই,

الْاُوْلٰى وَمَا نَحْنُ بِمُنْشَرِيْنَ ﴿٣٥﴾ فَاْتُوْا بِاٰبَآئِنَآ اِنْ كُنْتُمْ صٰدِقِيْنَ ﴿٣٦﴾ اَهُمْ خَيْرٌ

উলা- ওয়ামা- নাহ্নু বিমুন্‌শারীন। ৩৬। ফা'তূ বিআ-বা—ইনা~ইন্ কুন্‌তুম্ স্বা-দিক্বীন। ৩৭। আহুম্ খাইরুন্
এবং আমরা আর পুনরায় উত্থিত হব না। (৩৬) সুতরাং তোমরা যদি সত্যবাদীই হও, তবে আমাদের পিতৃপুরুষদেরকে হাজির কর। (৩৭) (আল্লাহ বলেন) তারা

اَمْ قَوْمُ تُبَّعٍ ۙ وَّالَّذِيْنَ مِنْ قَبْلِهِمْ ۚ اَهْلَكْنٰهُمْ ۫ اِنَّهُمْ كَانُوْا مُجْرِمِيْنَ ﴿٣٧﴾

আম্ ক্বাওমু তুব্বা'ইওঁ, ওয়াল্লাযীনা মিন্ ক্বাব্‌লিহিম ; আহ্‌লাক্‌না-হুম্ ইন্নাহুম্ কা-নূ মুজ্‌রিমীন।
(মক্কার কাফিরেরা) শ্রেষ্ঠ না 'তুব্বা' সম্প্রদায় এবং তাদের পূর্বে যারা ছিল? আমি তাদেরকে ধ্বংস করেছি, নিশ্চয়ই তারা ছিল অপরাধী।

وَمَا خَلَقْنَا السَّمٰوٰتِ وَالْاَرْضَ وَمَا بَيْنَهُمَا لٰعِبِيْنَ ﴿٣٨﴾ مَا خَلَقْنٰهُمَآ اِلَّا

৩৮। ওয়ামা- খালাক্বনাস্ সামা-ওয়া-তি ওয়াল্ আর্‌দ্বা ওয়ামা- বাইনাহুমা- লা-'ইবীন। ৩৯। মা- খালাক্বনা-হুমা~ইল্লা-
(৩৮) আমি আকাশমন্ডলী ও পৃথিবী এবং এতদুভয়ের মধ্যে যা কিছু রয়েছে এসবগুলো খেল-তামাশার বস্তু হিসেবে সৃষ্টি করিনি। (৩৯) আমি এ দুটি (আকাশ ও পৃথিবী)

بِالْحَقِّ وَلٰكِنَّ اَكْثَرَهُمْ لَا يَعْلَمُوْنَ ﴿٣٩﴾ اِنَّ يَوْمَ الْفَصْلِ مِيْقَاتُهُمْ اَجْمَعِيْنَ ﴿٤٠﴾

বিল্‌হাক্কি ওয়ালা-কিন্না আক্‌ছারাহুম লা- ই'য়ালামূন। ৪০। ইন্না ইয়াওমাল্ ফাস্বলি মীক্বা-তুহুম্ আজ্‌মা'ঈন।
উদ্দেশ্যহীন ভাবে সৃষ্টি করিনি, কিন্তু অধিকাংশেই তা জানে না। (৪০) নিশ্চয়ই ফয়সালার দিন তাদের সবার (হিসাবনিকাশের) নির্দিষ্ট সময় রয়েছে।

يَوْمَ لَا يُغْنِيْ مَوْلًى عَنْ مَّوْلًى شَيْـًٔا وَّلَا هُمْ يُنْصَرُوْنَ ﴿٤١﴾ اِلَّا مَنْ رَّحِمَ اللّٰهُ ۗ

৪১। ইয়াওমা লা-ইউগ্‌নী মাওলান্ 'আম মাওলান্ শাইয়াওঁ ওয়ালা- হুম্ ইউন্‌স্বারূন। ৪২। ইল্লা-মার্ রাহিমাল্লা-হু ;
(৪১) সেদিন কোন বন্ধু অপর বন্ধুর কোনই উপকারে আসবে না এবং তারা সাহায্যও পাবে না। (৪২) তবে তাদের কথা ভিন্ন, যার প্রতি

اِنَّهٗ هُوَ الْعَزِيْزُ الرَّحِيْمُ ﴿٤٢﴾ اِنَّ شَجَرَتَ الزَّقُّوْمِ ﴿٤٣﴾ طَعَامُ الْاَثِيْمِ ﴿٤٤﴾

ইন্নাহূ হুওয়াল্ 'আযীযুর রাহীম। ৪৩। ইন্না শাজ্বারাতায্ যাক্কূম। ৪৪। ত্বা'আ-মুল্ আছীম।
আল্লাহ মেহেরবানী করেন। তিনিতো পরাক্রমশালী, করুণাময়। (৪৩) নিশ্চয়ই যাক্কুম বৃক্ষ হবে, (৪৪) পাপীর খাদ্যদ্রব্য।

ع ২ ১৫ রুকু

كَالْمُهْلِ ۚ يَغْلِيْ فِي الْبُطُوْنِ ﴿٤٥﴾ كَغَلْيِ الْحَمِيْمِ ﴿٤٦﴾ خُذُوْهُ فَاعْتِلُوْهُ اِلٰى سَوَآءِ

৪৫। কাল্ মুহ্‌লি, ইয়াগ্‌লী ফিল্ বুত্বূন। ৪৬। কাগাল্‌ইল্ হামীম। ৪৭। খুযূহু ফা'তিলূহু ইলা- সাওয়া—ইল্
(৪৫) যা হবে, গলিত তামার ন্যায়, তা উদরে টগবগ করে ফুটতে থাকবে, (৪৬) উত্তপ্ত গরম পানির মত। (৪৭) আমি বলব, তাকে ধর এবং টেনে নিয়ে যাও

الْجَحِيْمِ ﴿٤٧﴾ ثُمَّ صُبُّوْا فَوْقَ رَاْسِهٖ مِنْ عَذَابِ الْحَمِيْمِ ﴿٤٨﴾ ذُقْ ۚ اِنَّكَ اَنْتَ

জ্বাহীম। ৪৮। ছুম্মা স্বুব্বূ ফাওক্বা রা'সিহী মিন্ 'আযাবিল্ হামীম। ৪৯। যুক্; ইন্নাকা আন্‌তাল
জাহান্নামের মধ্যে। (৪৮) অতঃপর শাস্তি স্বরূপ, তার মাথার উপর ফুটন্ত পানি ঢেলে দাও। (৪৯) বলা হবে, তুমি (শাস্তির) স্বাদ উপভোগ কর

الْعَزِيْزُ الْكَرِيْمُ ﴿٤٩﴾ اِنَّ هٰذَا مَا كُنْتُمْ بِهٖ تَمْتَرُوْنَ ﴿٥٠﴾ اِنَّ الْمُتَّقِيْنَ فِيْ

'আযীযুল্ কারীম। ৫০। ইন্না হা-যা- মা- কুন্‌তুম্ বিহী তাম্‌তারূন। ৫১। ইন্নাল্ মুত্তাক্বীনা ফী
তুমি ছিলে (পৃথিবীর) প্রতাপশালী, সম্মানিত। (৫০) এটা সেই জিনিস যাতে তোমরা সন্দেহ করতে। (৫১) নিশ্চয়ই পরহেজগারগণ থাকবে

مَقَامٍ اَمِيْنٍ ﴿٥١﴾ فِيْ جَنّٰتٍ وَّعُيُوْنٍ ﴿٥٢﴾ يَّلْبَسُوْنَ مِنْ سُنْدُسٍ وَّاِسْتَبْرَقٍ

মাক্বা-মিন্ আমীন্। ৫২। ফী জ্বান্না-তিওঁ ওয়া 'উইউন। ৫৩। ইয়াল্‌বাসূনা মিন্ সুন্‌দুসিওঁ ওয়া ইস্‌তাব্‌রাক্বিম্
নিরাপদ স্থানে (৫২) জান্নাত এবং নহরসমূহের মধ্যে। (৫৩) তারা সেখানে পরিধান করবে পাতলা ও ভারী রেশমী বস্ত্র এবং তারা পরস্পরে সামনা-সামনি

مُّتَقٰبِلِيْنَ ﴿٥٣﴾ كَذٰلِكَ ۟ وَزَوَّجْنٰهُمْ بِحُوْرٍ عِيْنٍ ﴿٥٤﴾ يَدْعُوْنَ فِيْهَا بِكُلِّ

মুতাক্বা-বিলীন। ৫৪। কাযা-লিকা, ওয়া যাওয়াজ্‌না-হুম্ বিহূরিন্ 'ঈন্। ৫৫। ইয়াদ্'উনা ফীহা-বিকুল্লি
হয়ে বসবে। (৫৪) তাদের ব্যাপারে এরূপই হবে এবং তাদের বিয়ে করিয়ে দিব, ডাগর চক্ষু বিশিষ্ট হুরদের সাথে, (৫৫) সেখানে তারা নিশ্চিন্ত মনে

فَاكِهَةٍ اٰمِنِيْنَ ﴿٥٥﴾ لَا يَذُوْقُوْنَ فِيْهَا الْمَوْتَ اِلَّا الْمَوْتَةَ الْاُوْلٰى ۚ وَوَقٰهُمْ

ফা-কিহাতিন আ-মিনীন। ৫৬। লা- ইয়াযূকূনা ফীহাল্ মাওতা ইল্লাল্ মাওতাতাল্ উলা-, ওয়া ওয়াক্বা-হুম্
প্রত্যেক প্রকারের ফল, সেবককে আনার জন্য বলবেন। (৫৬) প্রথম মৃত্যু ব্যতীত; সেখানে তারা আর মৃত্যুর স্বাদ গ্রহণ করবে না, এবং তাদের রব তাদেরকে

عَذَابَ الْجَحِيْمِ ﴿٥٦﴾ فَضْلًا مِّنْ رَّبِّكَ ۚ ذٰلِكَ هُوَ الْفَوْزُ الْعَظِيْمُ ﴿٥٧﴾ فَاِنَّمَا

'আযা-বাল্ জ্বাহীম। ৫৭। ফাদ্বলাম্ মির্ রাব্বিকা; যা-লিকা হুওয়াল্ ফাওযুল 'আজীম। ৫৮। ফাইন্নামা-
জাহান্নামের শাস্তি হতে রক্ষা করবেন, (৫৭) এটা আপনার প্রতিপালকের অনুগ্রহ। এটাই বিশাল সাফল্য। (৫৮) এ কুরআনকে আমি সহজ করে দিয়েছি,

يَسَّرْنٰهُ بِلِسَانِكَ لَعَلَّهُمْ يَتَذَكَّرُوْنَ ﴿٥٨﴾ فَارْتَقِبْ اِنَّهُمْ مُّرْتَقِبُوْنَ ﴿٥٩﴾

ইয়াস্ সার্‌না-হু বিলিসা-নিকা লা'আল্লাহুম্ ইয়াতাযাক্কারূন। ৫৯। ফার্‌তাক্বিব্ ইন্নাহুম্ মুর্‌তাক্বিবূন।
আপনার (নিজ) ভাষায়, যাতে তারা (এর দ্বারা) উপদেশগ্রহণ করে। (৫৯) সুতরাং আপনি প্রতীক্ষায় থাকুন এবং তারাও তো অপেক্ষমান।

ع ৩ ১৬ রুকু

সূরা জ্বা-ছিয়াহ
মক্কী

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

বিসমিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম
পরম দাতা ও দয়ালু আল্লাহর নামে শুরু করছি

আয়াত ঃ ৩৭
রুকু ঃ ৪

حٰمٓ ﴿١﴾ تَنْزِيْلُ الْكِتٰبِ مِنَ اللّٰهِ الْعَزِيْزِ الْحَكِيْمِ ﴿٢﴾ اِنَّ فِي السَّمٰوٰتِ

১। হ্বা-মী—ম্। ২। তান্‌যীলুল্ কিতা-বি মিনাল্লা-হিল্ 'আযীযিল্ হাকীম। ৩। ইন্না ফিস্ সামা-ওয়া-তি
(১) হা-মী-ম; (২) এ নাযিলকৃত কিতাব আল্লাহর তরফ থেকে (অবতীর্ণ), যিনি মহাপ্রতাপশালী, মহাবিজ্ঞ। (৩) নিশ্চয়ই আকাশমন্ডলি

○ বিশ্লেষণ (আঃ ৫৫) ঃ امنين - (নিশ্চিন্ত মনে) অর্থাৎ জান্নাতের ফল শেষ হয়ে যাবার ভয় নেই এবং সেগুলো খেলে কোন অসুস্থ হবারও ভয় নেই। নিশ্চিন্ত মনেই তারা সেগুলো খেতে পারবে। (কুঃ কারীম)

○ বিশ্লেষণ (আঃ ৫৭) ঃ فضلا من ربك - হাদীস শরীফে বর্ণিত- রাসূলুল্লাহ (সা) বলেন, জেনে রাখ! তোমাদের মধ্যে কাউকে তার আমল জান্নাতে প্রবেশ করাতে পারবে না। সাহাবাগণ আরজ করেন, হে আল্লাহর রাসূল! আপনাকেও? রাসূলুল্লাহ (সা) বলেন, হ্যাঁ? আমাকেও। তবে আল্লাহ তায়ালা আমাকে তাঁর রহমতের মধ্যে অন্তর্ভুক্ত করে নিবেন। (কুঃ কারীম)

ইলাইকা, হ্বাত্তা~ইযা- খারাজূ মিন্ 'ইন্‌দিকা ক্বা-লূ লিল্লাযীনা উতুল্ 'ইল্‌মা মা-যা- ক্বা-লা

আপনার কথা শোনে। অতঃপর যখন আপনার নিকট থেকে বের হয়ে যায়, তখন তারা জ্ঞানী ব্যক্তিদের কাছে বলে, এখন সে কি বললেন?

○ বিশ্লেষণ (আঃ ১৫) ঃ غیراسن - (অপরিবর্তনীয়) পৃথিবীর পানির কখনও পরিবর্তন হয় এবং তার স্বাদ ও গন্ধেরও পরিবর্তন আসে। যা পানে শরীরে ব্যাধির সৃষ্টি করে। কিন্তু জান্নাতের পানির কোনই পরিবর্তন আসবে না। সে পানি হবে শীতল, ক্লান্তিরোধক ও সতেজ এবং স্বাস্থ্যসম্মত। لبن - অর্থাৎ দুধ পৃথিবীর দুধের মত নয় যে, গাভীর স্তন হতে বের হবে। বরং দুধের নহর হবে। যা নষ্ট হবার কোনই সম্ভাবনা নেই। خمر - জান্নাতী শরাব, খুবই মজাদার হবে। তাতে কোন নেশা হবে না এবং দুর্বলতাও আসবে না। জান্নাতী মধু হবে খুব নির্মল ও পরিচ্ছন্ন। সে মধু পৃথিবীর মধু মক্ষিকার সংগ্রহকৃত মধুর মত নয় বরং তা হবে জান্নাতী মধু। (তাঃ ওসমানী)

اٰنِفًا ۫ اُولٰٓئِكَ الَّذِيْنَ طَبَعَ اللّٰهُ عَلٰى قُلُوْبِهِمْ وَاتَّبَعُوْٓا اَهْوَآءَهُمْ ⑰ وَالَّذِيْنَ

আ-নিফান্, উলা—ইকাল্ লাযীনা ত্বাবা'আল্লা-হু 'আলা- কুলূবিহিম্ ওয়াত্তাবা'উ~আহ্‌ওয়া—আহুম। ১৭। ওয়াল্লাযিনাহ্

তাদের অন্তরের ওপর আল্লাহ মোহর লাগিয়ে দিয়েছেন। আর তারা তাদের নিজ ইচ্ছার অনুসরণ করে। (১৭) আর যারা সৎপথগ্রহণ করেছে আল্লাহ তাদের হেদায়েত

اهْتَدَوْا زَادَهُمْ هُدًى وَّاٰتٰىهُمْ تَقْوٰىهُمْ ⑱ فَهَلْ يَنْظُرُوْنَ اِلَّا السَّاعَةَ اَنْ تَاْتِيَهُمْ

তাদাও যা-দাহুম্ হুদাওঁ ওয়া আ-তা-হুম্ তাক্বওয়া-হুম্। ১৮। ফাহাল্ ইয়ান্‌জুরূনা ইল্লাস্ সা-'আতা আন্ তা'তিয়াহুম্

বৃদ্ধি করে দেন এবং যাতে তাদের পরহেজগারী বৃদ্ধি পায় ও স্থায়ী হয়। (১৮) তারা কি এ অপেক্ষায় রয়েছে যে, কিয়ামত তাদের ওপর হঠাৎ এসে

بَغْتَةً ۚ فَقَدْ جَآءَ اَشْرَاطُهَا ۚ فَاَنّٰى لَهُمْ اِذَا جَآءَتْهُمْ ذِكْرٰىهُمْ ⑲ فَاعْلَمْ اَنَّهٗ

বাগ্‌তাতান্, ফাক্বাদ্ জ্বা—আ আশ্‌রা-ত্বুহা-, ফাআন্না- লাহুম্ ইযা- জ্বা—আতহুম্ যিক্‌রা-হুম। ১৯। 'ফালাম আন্নাহূ

পড়ুক? কিয়ামতের নিদর্শনগুলোতো এসেই গেছে সুতরাং সে মুহূর্তে তাদের উপদেশ গ্রহণ করার সময় কিভাবে হবে। (১৯) (হে নবী!) জেনে রাখুন যে,

لَآ اِلٰهَ اِلَّا اللّٰهُ وَاسْتَغْفِرْ لِذَنْۢبِكَ وَلِلْمُؤْمِنِيْنَ وَالْمُؤْمِنٰتِ ۗ وَاللّٰهُ يَعْلَمُ

লা~ইলা-হা ইল্লাল্লা-হু ওয়াস্‌তাগ্‌ফির্ লিযাম্‌বিকা ওয়া লিল্‌মু'মিনীনা ওয়াল্ মু'মিনা-তি ; ওয়াল্লা-হু ইয়া'লামু

"আল্লাহ ব্যতীত কোন মাবুদ নেই"। আপনি আপনার গুনাহ (ত্রুটি-বিচ্যুতি) এর জন্য ক্ষমা প্রার্থনা করুন এবং মুমিন পুরুষ, নারীদের ব্যাপারেও। আল্লাহ তোমাদের

রুকূ ৬

مُتَقَلَّبَكُمْ وَمَثْوٰىكُمْ ⑳ وَيَقُوْلُ الَّذِيْنَ اٰمَنُوْا لَوْلَا نُزِّلَتْ سُوْرَةٌ ۚ فَاِذَآ اُنْزِلَتْ

মুতাক্বাল্লাবাকুম্ ওয়া মাছ্‌ওয়া-কুম। ২০। ওয়া ইয়াক্বূলুল্ লাযীনা আ-মানূ লাওলা- নুয্‌যিলাত্ সূরাতুন্, ফাইযা~উন্‌যিলাত্

গতিবিধি এবং অবস্থান স্থল সম্পর্কে খুব জানেন। (২০) মুমিনগণ বলে, (কাফিরদের সাথে যুদ্ধ করার ব্যাপারে) কেন একটি সূরা অবতীর্ণ হয় না? যখন কোন

سُوْرَةٌ مُّحْكَمَةٌ وَّذُكِرَ فِيْهَا الْقِتَالُ ۙ رَاَيْتَ الَّذِيْنَ فِيْ قُلُوْبِهِمْ مَّرَضٌ

সূরাতুম্ মুহ্কামাতুওঁ ওয়া যুকিরা ফীহাল্ ক্বিতা-লু, রাআইতাল্ লাযীনা ফী কুলূবিহিম্ মারাদ্বুই

স্পষ্ট সূরা অবতীর্ণ হয় এবং তাতে যুদ্ধ বিষয়ক বর্ণনা থাকে, তখন আপনি তাদেরকে দেখবেন, যাদের অন্তরে নেফাকীর ব্যাধি আছে, তারা আপনার দিকে

يَّنْظُرُوْنَ اِلَيْكَ نَظَرَ الْمَغْشِيِّ عَلَيْهِ مِنَ الْمَوْتِ ۗ فَاَوْلٰى لَهُمْ ㉑ طَاعَةٌ وَّقَوْلٌ

ইয়ান্‌জুরূনা ইলাইকা নাজারাল্ মাগ্‌শিয়্যি 'আলাইহি মিনাল্ মাওতি; ফাআওলা-লাহুম। ২১। ত্বা-'আতুওঁ ওয়া ক্বাওলুম্

মৃত্যুর ভয়ে অচেতন মানুষের ন্যায় তাকাচ্ছে। সুতরাং ধ্বংস তাদের জন্য অধিকতর উত্তম ছিল, (২১) তাদের মেনে চলা এবং সুন্দর কথা জানা আছে।

مَّعْرُوْفٌ ۫ فَاِذَا عَزَمَ الْاَمْرُ ۫ فَلَوْ صَدَقُوا اللّٰهَ لَكَانَ خَيْرًا لَّهُمْ ㉒ فَهَلْ عَسَيْتُمْ

মা'রূফুন্, ফাইযা- 'আযামাল্ আম্‌রু, ফালাও স্বাদাকুল্লা-হা লাকা-না খাইরাল্লাহুম। ২২। ফাহাল্ 'আসাইতুম্

যখন কোন যুদ্ধ বিষয় সিদ্ধান্ত হয়ে যায়, যদি তারা আনুগত্যতায় ও প্রতিশ্রুতিরক্ষায় আল্লাহর কাছে সত্যবাদী হত, তবে তাদের জন্য এটা কল্যাণকর হত। (২২) তোমরা যদি

○ বিশ্লেষণ (আঃ ১৯) ঃ واستغفر لذنبك - এ আয়াতে রাসূলুল্লাহকে (স) আল্লাহর কাছে ক্ষমা প্রার্থনার নির্দেশ দেয়া হয়েছে। নিজের জন্যও এবং মুমিনগণের জন্যও। ক্ষমা প্রার্থনার খুবই গুরুত্ব তাগিদ দেয়া হয়েছে। রাসূলুল্লাহ (স) বলেন, "হে মানবগণ! তোমরা আল্লাহর দরবারে তওবা ও ক্ষমা প্রার্থনা কর। আমিও আল্লাহর দরবারে দৈনিক সত্তরবারের অধিক তওবা ও ক্ষমা প্রার্থনা করি। (কুঃ কারীম)

○ বিশ্লেষণ (আঃ ২১) ঃ قول معروف - অর্থাৎ জিহাদের নির্দেশে হতাশ (ভীত) না হয়ে, তাদের জন্য ভাল ছিল যে, তারা আনুগত্যতা প্রকাশ করত এবং রাসূলুল্লাহর (স) সম্পর্কে ধৃষ্টতাপূর্ণ কথা না বলে ভাল কথা বলত। (কুঃ কারীম)

إِن تَوَلَّيْتُمْ أَن تُفْسِدُوا فِي الْأَرْضِ وَتُقَطِّعُوا أَرْحَامَكُمْ ﴿٢٢﴾ أُولَٰئِكَ الَّذِينَ

ইন্ তাওয়াল্লাইতুম্ আন্ তুফ্সিদূ ফিল্ আর্দ্বি ওয়া তুক্বাত্ত্বি'উ~আর্হা-মাকুম। ২৩। উলা—ইকাল্ লাযীনা

ক্ষমতা লাভ কর, তবে সম্ভবতঃ তোমরা পৃথিবীতে বিবাদ সৃষ্টি করবে এবং আত্মীয়তার সম্পর্ক ছিন্ন করবে। (২৩) এসব লোকদের প্রতি

لَعَنَهُمُ اللَّهُ فَأَصَمَّهُمْ وَأَعْمَىٰ أَبْصَارَهُمْ ﴿٢٣﴾ أَفَلَا يَتَدَبَّرُونَ الْقُرْآنَ أَمْ عَلَىٰ

লা'আনাহুমুল্লা-হু ফাআস্বাম্মাহুম্ ওয়া 'আমা~আব্স্বা-রাহুম। ২৪। আফালা- ইয়াতাদাব্বারূনাল্ কুরআ-না আম্ 'আলা-

আল্লাহ অভিশাপ করেন এবং তাদের বধির করেন ও তাদের দৃষ্টি শক্তি নিয়ে যান। (২৪) তারা কি কোরআন সম্পর্কে চিন্তা-ভাবনা করে না? না তাদের অন্তরে

قُلُوبٍ أَقْفَالُهَا ﴿٢٤﴾ إِنَّ الَّذِينَ ارْتَدُّوا عَلَىٰ أَدْبَارِهِم مِّن بَعْدِ مَا تَبَيَّنَ لَهُمُ

কুলূবিন্ আক্ফা-লুহা-। ২৫। ইন্নাল্ লাযীনার্ তাদ্দূ 'আলা~আদ্বা-রিহিম্ মিম্ 'বাদি মা- তাবাইয়্যানা লাহুমুল

তালা পড়ে গেছে? (২৫) যারা তাদের কাছে সত্য পথ স্পষ্টভাবে প্রকাশ হওয়ার পরেও, পৃষ্ঠ প্রদর্শন করতঃ ফিরে গিয়েছে নিশ্চয়ই শয়তান তাদের সামনে

الْهُدَى ۙ الشَّيْطَانُ سَوَّلَ لَهُمْ وَأَمْلَىٰ لَهُمْ ﴿٢٥﴾ ذَٰلِكَ بِأَنَّهُمْ قَالُوا لِلَّذِينَ

হুদাশ্, শাইত্বা-নু সাওয়্যালা লাহুম ; ওয়া আম্লা- লাহুম। ২৬। যা-লিকা বিআন্নাহুম্ ক্বা-লূ লিল্লাযীনা

তাদের (অসৎ) কাজগুলো সুন্দর করে দেখায় এবং তাদেরকে অবকাশ দিয়ে রেখেছে। (২৬) এটা এজন্য যে, আল্লাহ যা অবতীর্ণ করেছেন

كَرِهُوا مَا نَزَّلَ اللَّهُ سَنُطِيعُكُمْ فِي بَعْضِ الْأَمْرِ ۖ وَاللَّهُ يَعْلَمُ إِسْرَارَهُمْ ﴿٢٦﴾

কারিহূ মা- নায্যালাল্লা-হু সানুত্বী'উকুম্ ফী 'বাদ্বিল্ আম্রি, ওয়াল্লা-হু ইয়া'লামু ইসরা-রাহুম।

তা যারা অপছন্দ করে তাদেরকে বলে যে, আমরা কতিপয় ব্যাপারে তোমাদের কথা শোনব। আল্লাহ তাদের গোপন পরামর্শ খুব জানেন।

فَكَيْفَ إِذَا تَوَفَّتْهُمُ الْمَلَائِكَةُ يَضْرِبُونَ وُجُوهَهُمْ وَأَدْبَارَهُمْ ﴿٢٧﴾ ذَٰلِكَ

২৭। ফাকাইফা ইযা- তাওয়াফ্ফাত্হুমুল্ মালা—ইকাতু ইয়াদ্বরিবূনা উজূহাহুম্ ওয়া আদ্বা-রাহুম। ২৮। যা-লিকা

(২৭) তাদের কেমন (দুর্গতি) হবে, যখন ফিরিশতাগণ তাদের মুখমণ্ডল এবং পৃষ্ঠদেশে আঘাত করতে করতে তাদের প্রাণ নিয়ে যাবেন? (২৮) কারণ, তারা

بِأَنَّهُمُ اتَّبَعُوا مَا أَسْخَطَ اللَّهَ وَكَرِهُوا رِضْوَانَهُ فَأَحْبَطَ أَعْمَالَهُمْ ﴿٢٨﴾ أَمْ حَسِبَ

বিআন্নাহুমুত্ তাবা'উ মা~আস্খাত্বাল্লা-হা ওয়া কারিহূ রিদ্বওয়া-নাহূ ফাআহ্বাত্বা 'আমা-লাহুম। ২৯। আম্ হাসিবাল

সে বিষয় অনুসরণ করে, যা আল্লাহকে অসন্তুষ্ট করে, তারা তাঁর সন্তুষ্টিকে অপছন্দ করে। তিনি তাদের সব কর্মগুলো ব্যর্থ করে দেন। (২৯) যাদের অন্তরে

ع ৩ ৭ রুকূ

الَّذِينَ فِي قُلُوبِهِم مَّرَضٌ أَن لَّن يُخْرِجَ اللَّهُ أَضْغَانَهُمْ ﴿٢٩﴾ وَلَوْ نَشَاءُ

লাযীনা ফী কুলূবিহিম্ মারাদ্বুন্ আল্ লাই ইউখ্রিজাল্লা-হু আদ্বগা-নাহুম। ৩০। ওয়া লাও নাশা—উ

ব্যাধি রয়েছে, তারা কি এ ধারনা করে যে, আল্লাহ তাদের বিদ্বেষকে প্রকাশ করবেন না? (৩০) আমি যদি ইচ্ছা করতাম, তবে আমি অবশ্যই, আপনাকে

○ বিশ্লেষণ (আঃ ২৫) ঃ واملى لهم - অর্থাৎ শয়তান তাদেরকে দীর্ঘ আশা দিয়ে এভাবে প্রতারিত করে যে, যুদ্ধে যেয়ো না। তোমরা দীর্ঘকাল বেঁচে থাকবে। মৃত্যুকে নিজ ইচ্ছায় ডেকে এনে লাভ কি? (তাঃ ওসমানী) ○ বিশ্লেষণ (আঃ ২৬) ঃ سنطيعكم فى بعض - মুনাফিকেরা, ইয়াহুদসহ অন্যান্যদেরকে বলে, যদিও আমরা প্রকাশ্যভাবে মুসলমান হয়েছি। কিন্তু মুসলমানদের সাথে মিলে তোমাদের বিরুদ্ধে যুদ্ধ করব না; বরং সুযোগমত তোমাদেরই সাহায্য করব। আর এ ধরনের কাজে তোমাদেরই কথা শুনব। (তাঃ ওসমানী) ○ বিশ্লেষণ (আঃ ৩০) ঃ ولو نشاء - আল্লাহ প্রত্যেক মুনাফিকের মুখমণ্ডলে এমন নিশানা করে দিতেন, যাতে তাদেরকে প্রকাশ্যভাবেই বুঝা যেত। কিন্তু আল্লাহ সাধারণভাবে মুনাফিকদের ক্ষেত্রে এটা করেননি। কেননা আল্লাহ তায়ালার এক নাম 'সাত্তার' (বান্দার দোষ গোপনকারী) এ পবিত্র নামের বৈশিষ্ট্যের কারণেই এটা করা হয়নি।

لَأَرَيْنَاكَهُمْ فَلَعَرَفْتَهُم بِسِيمَاهُمْ ۚ وَلَتَعْرِفَنَّهُمْ فِي لَحْنِ الْقَوْلِ ۚ وَاللَّهُ يَعْلَمُ

লাআরাইনা-কাহুম ফালা'আরাফ্তাহুম্ বিসীমা-হুম ; ওয়া লাতা'রিফান্নাহুম্ ফী লাহ্নিল্ ক্বাওলি ; ওয়াল্লা-হু ইয়া'লামু

তাদের পরিচয় জানিয়ে দিতাম। সুতরাং আপনি তাদের নিদর্শন দেখে তাদের চিনতে পারতেন এবং আপনি তাদেরকে তাদের কথার ধরনে চিনতে পারতেন; আল্লাহ তোমাদের

أَعْمَالَكُمْ ﴿٣٠﴾ وَلَنَبْلُوَنَّكُمْ حَتَّىٰ نَعْلَمَ الْمُجَاهِدِينَ مِنكُمْ وَالصَّابِرِينَ ۙ وَنَبْلُوَ

'আমা-লাকুম। ৩১। ওয়া লানাব্লুওয়ান্নাকুম্ হাত্তা- 'নালামাল্ মুজা-হিদীনা মিন্কুম্ ওয়াস্বস্বা-বিরীনা, ওয়া নাব্লুওয়া

কর্মসমূহ খুব জানেন। (৩১) আমি অবশ্যই তোমাদের পরীক্ষা করব। যতক্ষণ না আমি তোমাদের মধ্য হতে জেহাদকারী এবং ধৈর্য ধারণকারীদেরকে জানতে পারি এবং আমি

أَخْبَارَكُمْ ﴿٣١﴾ إِنَّ الَّذِينَ كَفَرُوا وَصَدُّوا عَن سَبِيلِ اللَّهِ وَشَاقُّوا الرَّسُولَ

আখ্বা-রাকুম। ৩২। ইন্নাল্ লাযীনা কাফারূ ওয়া স্বাদ্দূ 'আন্ সাবীলিল্লা-হি ওয়া শা—ক্কূর্ রাসূলা

তোমাদের অবস্থাটাও পরখ করতে পারি। (৩২) যারা কুফরী করে এবং আল্লাহর রাস্তা হতে লোকদেরকে বিরত রাখে এবং রাসূলের বিরোধিতা করে

مِن بَعْدِ مَا تَبَيَّنَ لَهُمُ الْهُدَىٰ لَن يَضُرُّوا اللَّهَ شَيْئًا وَسَيُحْبِطُ أَعْمَالَهُمْ ﴿٣٢﴾

মিম্ 'বাদি মা- তাবাইয়্যানা লাহুমুল্ হুদা- লাই ইয়াদ্বুর্ রুল্লা-হা শাইআন ; ওয়া সাইউহ্বিতু 'আমা-লাহুম।

তাদের কাছে সত্য পথ স্পষ্টভাবে প্রকাশ হওয়ার পরেও, তারা আল্লাহর কোনই অনিষ্ট করতে পারবে না। তিনি তাদের কর্মগুলো নিষ্ফল করে দিবেন।

﴿٣٣﴾ يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا أَطِيعُوا اللَّهَ وَأَطِيعُوا الرَّسُولَ وَلَا تُبْطِلُوا أَعْمَالَكُمْ

৩৩। ইয়া~আইয়্যুহাল্ লাযীনা আ-মানূ~আত্বী'উল্লা-হা ওয়া আত্বী'উর্ রাসূলা ওয়ালা- তুব্ত্বিলূ~'আমা-লাকুম।

(৩৩) হে মুমিনগণ! আল্লাহর নির্দেশ মেনে চল, এবং রাসূলের অনুসরণ কর এবং তোমাদের আমলগুলো নষ্ট কর না।

﴿٣٤﴾ إِنَّ الَّذِينَ كَفَرُوا وَصَدُّوا عَن سَبِيلِ اللَّهِ ثُمَّ مَاتُوا وَهُمْ كُفَّارٌ فَلَن يَغْفِرَ اللَّهُ

৩৪। ইন্নাল্লাযীনা কাফারূ~ওয়া স্বাদ্দূ 'আন্ সাবীলিল্লা-হি ছুম্মা মা-তূ ওয়াহুম্ কুফ্ফা-রুন্ ফালাই ইয়াগ্ফিরাল্লা-হু

(৩৪) যারা কুফরী করে এবং আল্লাহর রাস্তা থেকে মানুষদেরকে বিরত রাখে, অতঃপর মারাও যায় কাফির অবস্থায়, আল্লাহ তাদেরকে কখনই ক্ষমা

لَهُمْ ﴿٣٥﴾ فَلَا تَهِنُوا وَتَدْعُوا إِلَى السَّلْمِ وَأَنتُمُ الْأَعْلَوْنَ وَاللَّهُ مَعَكُمْ

লাহুম। ৩৫। ফালা- তাহিনূ ওয়া তাদ্'উ~ইলাস্ সাল্মি, ওয়া আন্তুমুল্ 'আলাওনা, ওয়াল্লা-হু মা'আকুম

করবেন না। (৩৫) (হে মুমিনগণ!) তোমরা মনোবল হারিয়ো না এবং সন্ধির জন্য তাদেরকে ডেক না, তোমরাই হবে বিজয়ী এবং আল্লাহ তোমাদের সাথে আছেন, তিনি

وَلَن يَتِرَكُمْ أَعْمَالَكُمْ ﴿٣٦﴾ إِنَّمَا الْحَيَاةُ الدُّنْيَا لَعِبٌ وَلَهْوٌ ۚ وَإِن تُؤْمِنُوا وَتَتَّقُوا

ওয়ালাই ইয়াতিরাকুম্ 'আমা-লাকুম। ৩৬। ইন্নামাল্ হায়া-তুদ্ দুন্ইয়া- লা'ইবুওঁ ওয়া লাহ্উন ; ওয়া ইন্ তু'মিনূ ওয়া তাত্তাকূ

কখনও তোমাদের আমলসমূহ কমতি করবেন না। (৩৬) পার্থিব জীবন শুধুমাত্র খেল-তামাশার জীবন। যদি তোমরা ঈমান আন এবং সংযম পরায়ন হও, তবে আল্লাহ তোমাদেরকে

يُؤْتِكُمْ أُجُورَكُمْ وَلَا يَسْأَلْكُمْ أَمْوَالَكُمْ ﴿٣٧﴾ إِن يَسْأَلْكُمُوهَا فَيُحْفِكُمْ تَبْخَلُوا

ইউ'তিকুম্ উজূরাকুম্ ওয়ালা- ইয়াস্আল্কুম্ আম্ওয়া-লাকুম। ৩৭। ইঁ ইয়াস্আল্কুমূহা- ফাইউহ্ফিকুম্ তাবখালূ

তোমাদের পুরস্কার প্রদান করবেন এবং তিনি তোমাদের কাছে তোমাদের ধনসম্পদ চান না। (৩৭) যদি তিনি তোমাদের কাছে তোমাদের সম্পদ চান এবং তা যদি চান খুব জোর ভাবে, তবে তোমরা (তা প্রদানে) কৃপণতা করবে

وَيُخْرِجْ أَضْغَانَكُمْ ﴿٣٨﴾ هَا أَنتُمْ هَٰؤُلَاءِ تُدْعَوْنَ لِتُنفِقُوا فِي سَبِيلِ اللَّهِ فَمِنكُم

ওয়া ইউখ্‌রিজ্ব আদ্বগা-নাকুম । ৩৮ । হা~আন্‌তুম হা~উলা—ই তুদ্'আওনা লিতুন্‌ফিকূ ফী সাবীলিল্লা-হি, ফামিন্‌কুম্

এবং তখন তিনি তোমাদের বিদ্বেষ মনোভাব প্রকাশ করে দিবেন। (৩৮) খবরদার! তোমরাতো সে লোক, যাদেরকে আল্লাহর রাস্তায় ব্যয় করার জন্য বলা হয়েছে,

مَّن يَبْخَلُ ۖ وَمَن يَبْخَلْ فَإِنَّمَا يَبْخَلُ عَن نَّفْسِهِ ۚ وَاللَّهُ الْغَنِيُّ وَأَنتُمُ

মাই ইয়াব্‌খালু, ওয়া মাই ইয়াব্‌খাল ফাইন্নামা- ইয়াব্‌খালু 'আন্ নাফ্‌সিহী ; ওয়াল্লা-হুল্ গানিইয়্যু ওয়া আন্‌তুমুল

অথচ তোমাদের মধ্যে কতিপয় কৃপণতা করে এবং যারা কৃপণতা করে তারা তা করে তাদের নিজের সাথেই। আল্লাহ তোমাদের দানের অমুখাপেক্ষী।

الْفُقَرَاءُ ۚ وَإِن تَتَوَلَّوْا يَسْتَبْدِلْ قَوْمًا غَيْرَكُمْ ثُمَّ لَا يَكُونُوا أَمْثَالَكُم

৪ ع ৮ রুকূ

ফুক্বারা—উ, ওয়া ইন্ তাতাওয়াল্লাও ইয়াস্‌তাব্‌দিল্ ক্বাওমান্ গাইরাকুম্ ছুম্মা লা- ইয়াকূনূ~আম্‌ছা-লাকুম ।

তোমরা (তাঁর অনুগ্রহের) মুখাপেক্ষী যদি তোমরা ফিরে যাও, তবে তোমাদের পরিবর্তে অন্য এক জাতিকে, স্থলাভিষিক্ত করবেন যারা তোমাদের অনুরূপ হবে না।

সূরা ফাতহ্ মাদানী	بِسْمِ اللَّهِ الرَّحْمَٰنِ الرَّحِيمِ বিসমিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম পরম দাতা ও দয়ালু আল্লাহর নামে শুরু করছি	আয়াত ঃ ২৯ রুকূ ঃ ৪

﴿١﴾ إِنَّا فَتَحْنَا لَكَ فَتْحًا مُّبِينًا ﴿٢﴾ لِّيَغْفِرَ لَكَ اللَّهُ مَا تَقَدَّمَ مِن ذَنبِكَ وَمَا تَأَخَّرَ

১। ইন্না- ফাতাহ্‌না- লাকা ফাত্‌হাম্ মুবীনা- । ২। লিয়াগ্‌ফিরা লাকাল্লা-হু মা- তাক্বাদ্দামা মিন্ যাম্‌বিকা ওয়ামা- তাআখ্‌খারা

(১) (হে নবী!) নিশ্চয়ই আমি আপনাকে সুস্পষ্ট প্রকাশ্য বিজয় দিয়েছি। (২) যাতে আল্লাহ আপনার অতীতের ত্রুটিসমূহ পরবর্তী ত্রুটিসমূহ মাফ করে

وَيُتِمَّ نِعْمَتَهُ عَلَيْكَ وَيَهْدِيَكَ صِرَاطًا مُّسْتَقِيمًا ﴿٣﴾ وَيَنصُرَكَ اللَّهُ نَصْرًا

ওয়া ইউতিম্মা 'নিমাতাহূ 'আলাইকা ওয়া ইয়াহ্‌দিয়াকা স্বিরা-ত্বাম্ মুস্‌তাক্বীমা- । ৩ । ওয়া ইয়ান্‌স্বুরাকাল্লা-হু নাস্বরান্

দেন এবং আপনার প্রতি তাঁর অনুগ্রহ পরিপূর্ণ করে দেন এবং আপনাকে সত্য পথে পরিচালিত করেন। (৩) এবং আল্লাহ আপনাকে এক শক্তিশালী

عَزِيزًا ﴿٤﴾ هُوَ الَّذِي أَنزَلَ السَّكِينَةَ فِي قُلُوبِ الْمُؤْمِنِينَ لِيَزْدَادُوا إِيمَانًا

'আযীযা- । ৪ । হুওয়াল্লাযী~আন্‌যালাস্ সাকীনাতা ফী কুলূবিল্ মু'মিনীনা লিইয়ায্‌দা-দূ~ঈমা-নাম্

সাহায্য দান করেন। (৪) তিনিই মুমিনগণের অন্তরে স্থিতিশীলতা (শান্তি) প্রদান করেন, যাতে তাদের ঈমানের সাথে আরও ঈমান বৃদ্ধি

○ বিশ্লেষণ (আঃ ১) ঃ انا فتحنا لك فتحا مبينا - ষষ্ঠ হিজরীতে রাসূলুল্লাহ (স) এবং প্রায় ১৪০০ সাহাবা (রা) ওমরার উদ্দেশ্যে মক্কা অভিমুখে রওয়ানা দেন। কিন্তু মক্কার নিকটবর্তী হোদায়বিয়া নামক স্থানে কাফেরেরা রাসূলুল্লাহ (স)-কে বাধার সৃষ্টি করে এবং ওমরাহ পালন করা থেকে বঞ্চিত রাখে। রাসূলুল্লাহ (স) হযরত ওসমান (রা)-কে কাফির নেতৃবৃন্দের সাথে আলোচনা করার জন্য প্রতিনিধি হিসেবে মক্কায় প্রেরণ করেন। যাতে মুসলমানগণ ওমরাহ পালন করতে পারেন, সে ব্যাপারে তাদেরকে উদ্বুদ্ধ করে অনুমতি নিয়ে আসতে পারেন। কিন্তু হযরত ওসমান (রা) মক্কা গমনের পরে তাঁর শাহাদাতের খবর ছড়িয়ে পড়ে। এ প্রেক্ষিতে রাসূলুল্লাহ (স) হযরত ওসমানের (রা) শাহাদাতের প্রতিশোধ নেয়ার জন্য সাহাবাগণ (রা) থেকে বায়াত (প্রতিজ্ঞা) নিলেন। যা 'বাইয়াতে রিদওয়ান' নামে পরিচিত। অবশেষে এ খবর মিথ্যা বলে প্রমাণিত হল। তথাপি কাফেররা মুসলমানগণকে ওমরাহ পালনের অনুমতি দেয়নি। মুসলমানগণ, আগামী বছরের প্রতিশ্রুতিতে, প্রত্যাবর্তনের সিদ্ধান্ত নেন। সেখানে তারা মাথা মুন্ডন করেন এবং কুরবানীও করেন। পরিশেষে কাফিরদের সাথে একটি চুক্তিও স্বাক্ষরিত হয়। যদিও অধিকাংশ সাহাবার (রা) কাছে এ চুক্তি অপছন্দনীয় ছিল। কিন্তু রাসূলুল্লাহ (স) ভবিষ্যতের চিন্তা করে এ সন্ধিকে মুসলমানের জন্য কল্যাণকর মনে করেন। হোদায়বিয়া থেকে মদীনা শরীফ প্রত্যাবর্তনের পথে এ সূরাটি অবতীর্ণ হয়। যাতে হোদায়বিয়ার সন্ধিকে 'ফতহে মুবীন' (সুস্পষ্ট বিজয়) বলে বর্ণিত হয়েছে। এর দুবছর পরেই মুসলমানগণ মক্কায় বিজয়ের বেশে প্রবেশ করেন। কতিপয় সাহাবা (রা) বলেন, এ বিজয়কে 'মক্কা বিজয় না বলে' হোদায়বিয়ার সন্ধি বিজয় বলা যায়। রাসূলুল্লাহ (স) বলেন, আজ রাতে আমার কাছে এমন একটি সূরা অবতীর্ণ হয়েছে যা আমার কাছে পৃথিবী ও পৃথিবীর মধ্যস্থ সব কিছুর চেয়ে প্রিয়। (কুঃ কারীম)

সূরা ফাত্‌হ ঃ ৪৮ নূরানী বাংলা উচ্চারণ ক্বোরআন শরীফ হা-মী—ম্ ঃ ২৬

مَّعَ إِيمَانِهِمْ ۗ وَلِلَّهِ جُنُودُ السَّمَاوَاتِ وَالْأَرْضِ ۚ وَكَانَ اللَّهُ عَلِيمًا حَكِيمًا

মা'আ ঈমা-নিহিম ; ওয়া লিল্লা-হি জুনূদুস্ সামা-ওয়া-তি ওয়াল্ আর্‌দ্বি ; ওয়া কা-নাল্লা-হু 'আলীমান্ হ্বাকীমা- ।

হয় এবং আকাশ ও পৃথিবীর সমগ্র সৈন্যবাহিনী আল্লাহরই (নিয়ন্ত্রণে), আল্লাহ মহাজ্ঞানী, মহাবিজ্ঞ।

﴿٥﴾ لِّيُدْخِلَ الْمُؤْمِنِينَ وَالْمُؤْمِنَاتِ جَنَّاتٍ تَجْرِي مِن تَحْتِهَا الْأَنْهَارُ

৫। লিইউদ্‌খিলাল্ মু'মিনীনা ওয়াল্ মু'মিনা-তি জ্বান্না-তিন্ তাজ্বরী মিন্ তাহ্বতিহাল্ আন্‌হা-রু

(৫) এটা এ কারণে যে, তিনি মুমিন পুরুষ ও নারীগণকে এমন জান্নাতে প্রবেশ করাবেন, যার তলদেশে নহরসমূহ প্রবাহিত,

خَالِدِينَ فِيهَا وَيُكَفِّرَ عَنْهُمْ سَيِّئَاتِهِمْ ۚ وَكَانَ ذَٰلِكَ عِندَ اللَّهِ فَوْزًا عَظِيمًا

খা-লিদীনা ফীহা- ওয়া ইউকাফ্‌ফিরা 'আন্‌হুম্ সায়্যিআ-তিহিম ; ওয়া কা-না যা-লিকা 'ইন্‌দাল লা-হি ফাওযান 'আজীমা- ।

সেখানে তারা চিরস্থায়ীভাবে বসবাস করবে এবং তিনি তাদের থেকে তাদের পাপসমূহ মিটিয়ে দিবেন, আর এটাই আল্লাহর নিকট মহাসফলতা।

﴿٦﴾ وَيُعَذِّبَ الْمُنَافِقِينَ وَالْمُنَافِقَاتِ وَالْمُشْرِكِينَ وَالْمُشْرِكَاتِ الظَّانِّينَ

৬। ওয়া ইউ'আয্‌যিবাল্ মুনা-ফিক্বীনা ওয়াল মুনা-ফিক্বা-তি, ওয়াল মুশরিকীনা ওয়াল মুশরিকা-তিজ্ জা—ন্নীনা

(৬) আর তিনি সে সব মুনাফিক পুরুষ ও নারী এবং মুশরিক পুরুষ ও নারীদেরকে শাস্তি দিবেন, যারা আল্লাহ সম্পর্কে খারাপ ধারণা রাখে।

بِاللَّهِ ظَنَّ السَّوْءِ ۚ عَلَيْهِمْ دَائِرَةُ السَّوْءِ ۖ وَغَضِبَ اللَّهُ عَلَيْهِمْ وَلَعَنَهُمْ

বিল্লা-হি জান্নাস্ সাওই ; 'আলাইহিম্ দা—ইরাতুস্ সাওই, ওয়া গাদ্বিবাল্লা-হু 'আলাইহিম্ ওয়া লা'আনাহুম

খারাপ আবর্তন তাদের উপরই, আল্লাহ তাদের ওপর ক্রোধান্বিত (অসন্তুষ্ট) হয়েছেন এবং তাদের ওপর অভিশাপ করেছেন

وَأَعَدَّ لَهُمْ جَهَنَّمَ ۖ وَسَاءَتْ مَصِيرًا ﴿٧﴾ وَلِلَّهِ جُنُودُ السَّمَاوَاتِ وَالْأَرْضِ ۚ

ওয়া আ'আদ্দা লাহুম জ্বাহান্নামা ; ওয়া সা—আত্ মাস্বীরা- । ৭ । ওয়া লিল্লা-হি জুনূদুস্ সা-মা-ওয়া-তি ওয়াল্ আর্‌দ্বি ;

এবং তাদের জন্য তৈরি করেছেন জাহান্নাম। আর সেটি খুব নিকৃষ্ট ঠিকানা। (৭) আকাশমন্ডলী ও পৃথিবীর সৈন্য বাহিনী আল্লাহরই (কর্তৃত্বে)

وَكَانَ اللَّهُ عَزِيزًا حَكِيمًا ﴿٨﴾ إِنَّا أَرْسَلْنَاكَ شَاهِدًا وَمُبَشِّرًا وَنَذِيرًا ﴿٩﴾ لِّتُؤْمِنُوا

ওয়া কা-নাল্লা-হু 'আযীযান্ হ্বাকীমা- । ৮ । ইন্না~আরসাল্‌না-কা শা-হিদাওঁ ওয়া মুবাশ্‌শিরাওঁ ওয়া নাযীরা- । ৯ । লিতু'মিনূ

এবং আল্লাহ মহাপ্রভাবশালী, মহাবিজ্ঞ। (৮) নিশ্চয়ই আমি আপনাকে প্রেরণ করেছি সাক্ষী হিসেবে এবং সুসংবাদদাতা এবং ভয় প্রদর্শনকারী হিসেবে। (৯) যাতে তোমরা

بِاللَّهِ وَرَسُولِهِ وَتُعَزِّرُوهُ وَتُوَقِّرُوهُ ۚ وَتُسَبِّحُوهُ بُكْرَةً وَأَصِيلًا ﴿١٠﴾ إِنَّ الَّذِينَ

বিল্লা-হি ওয়া রাসূলিহী ওয়া তু'আয্‌যিরূহু ওয়া তুওয়াক্বক্বিরূহু ; ওয়া তুসাব্বিহূহু বুক্‌রাতাওঁ ওয়া আস্বীলা- । ১০ । ইন্নাল্ লাযীনা

আল্লাহ এবং তাঁর রাসূলের ওপর ঈমান আন এবং তাঁর সাহায্য কর ও তাঁর সম্মান কর, এবং সকাল-সন্ধ্যায় আল্লাহরই তাসবীহ বর্ণনা কর। (১০) যারা

○ শানে নুযূল (আঃ ৫) ঃ ليدخل المؤمنين - হাদীস শরীফে বর্ণিত, যখন সূরায়ে ফাতেহার প্রথমাংশ ليغفرلك الله অবতীর্ণ হয়, তখন মুসলমানগণ রাসূলুল্লাহর (স) কাছে আরয করেন, হে রাসূল! আপনার জন্য মুবারক বাদ (সু-সংবাদ)। আমাদের জন্য কি (সংবাদ) রয়েছে? এ প্রেক্ষিতে আল্লাহ তায়ালা ليدخل المؤمنين অবতীর্ণ করেন। (কুঃ কারীম)

○ বিশ্লেষণ (আঃ ১০) ঃ يبايعونك - অর্থাৎ সে ব'য়াত (অংগীকার), যা রাসূলুল্লাহ (স) হযরত ওসমানের (রা) শাহাদাতের খবর শুনে, তার প্রতিশোধ নেয়ার জন্য হোদায়বিয়ায় উপস্থিত ১৪০০/১৫০০ সাহাবাগণ (আ) থেকে বা'য়াত নিয়েছিলেন। (কুঃ কারীম)

يبايعونك انما يبايعون الله يد الله فوق ايديهم فمن نكث فانما

ইউবা-ই'উনাকা ইন্নামা- ইউবা-ই'উনাল্লা-হা ; ইয়াদুল্লা-হি ফাওক্বা আইদীহিম্ ফামান্ নাকাছা ফাইন্নামা-
আপনার হাতে বা'য়াত করে, তারা আল্লাহর কাছে বায়াত করে আল্লাহর (কুদরতী) হাত, তাদের হাতের ওপরে। সুতরাং যে তা ভংগ করে (অংগীকার) ভংগ

ينكث على نفسه ومن اوفى بما عهد عليه الله فسيؤتيه اجرا عظيما ۝

ইয়ান্‌কুছু 'আলা- নাফ্‌সিহী ওয়া মান্ আওফা- বিমা- 'আ-হাদা 'আলাইহুল্লা-হা ফাসাইউ'তীহি আজ্‌রান্ 'আজীমা-।
করার শাস্তি তার নিজেরই ওপরে পতিত হয়। আর যে ব্যক্তি আল্লাহর সাথে কৃত অংগীকার পূর্ণ করে, তাকে আল্লাহ অতিশীঘ্রই বিরাট পুরস্কার দান করবেন।

۝١١ سيقول لك المخلفون من الاعراب شغلتنا اموالنا واهلونا فاستغفر لنا

১১। সাইয়াক্বূলু লাকাল্ মুখাল্লাফূনা মিনাল্ 'আরা-বি শাগালাত্‌না~আম্‌ওয়া-লুনা- ওয়া আহ্‌লূনা- ফাস্‌তাগ্‌ফির্ লানা-,
(১১) আরব গ্রামবাসীদের মধ্যে যারা পশ্চাতে রয়ে গেছে তারা আপনাকে বলবে যে, আমাদের সম্পদ ও পরিবার-পরিজন, আমাদেরকে ব্যস্ত রেখেছে।

يقولون بالسنتهم ما ليس في قلوبهم قل فمن يملك لكم من الله شيئا

ইয়াক্বূলূনা বিআল্‌সিনাতিহিম্ মা- লাইসা ফী ক্বুলূবিহিম ; ক্বুল্ ফামাইঁ ইয়াম্‌লিকু লাকুম্ মিনাল্লা-হি শাইআন্
সুতরাং আমাদের জন্য ক্ষমা প্রার্থনা করুন। তারা তাদের মুখ দিয়ে যা বলে, তা তাদের অন্তরে নেই। আপনি বলুন, আল্লাহ যদি ইচ্ছা করেন তোমাদের কোন

ان اراد بكم ضرا او اراد بكم نفعا بل كان الله بما تعملون خبيرا ۝١١ بل

ইন্ আরা-দাবিকুম্ দ্বার্‌রান্ আও আরা-দাবিকুম নাফ্'আন ; বাল্ কা-নাল্লা-হু বিমা- 'তামালূনা খাবীরা-। ১২। বাল্
অকল্যাণ করতে অথবা কল্যাণ সাধন করতে কে তাকে তা থেকে বিরত রাখার ক্ষমতা রাখে? বরং তোমরা যা কিছু কর, সব কিছুই আল্লাহ খুব জানেন। (১২) বরং

ظننتم ان لن ينقلب الرسول والمؤمنون الى اهليهم ابدا وزين

জানান্‌তুম্ আল্লাই ইয়ান্ ক্বালিবার্ রাসূলু ওয়াল্ মু'মিনূনা ইলা~আহ্‌লীহিম্ আবাদাওঁ ওয়া যুইয়্যিনা
তোমরা এ ধারণা পোষণ করে ছিলে যে, রাসূল এবং মুমিনগণ তাঁদের পরিবার-পরিজনের কাছে কখনই ফিরে আসবে না এবং এ ধারণা তোমাদের

ذلك في قلوبكم وظننتم ظن السوء وكنتم قوما بورا ۝١٢ ومن لم يؤمن

যা-লিকা ফী ক্বুলূবিকুম্ ওয়া জানান্‌তুন্ জান্নাস্ সাওই, ওয়া কুন্‌তুম্ ক্বাওমাম্ বূরা-। ১৩। ওয়া মাল্লাম্ ইউ'মিম্
অন্তরে খুবই পছন্দ (মনঃপূত) হয়েছিল এবং তোমরা খারাপ ধারণা করেছিলে, তোমরাতো ধ্বংসযোগ্য সম্প্রদায়। (১৩) আর যে আল্লাহ ও তাঁর

بالله ورسوله فانا اعتدنا للكفرين سعيرا ۝١٣ ولله ملك السموت والارض

বিল্লা-হি ওয়া রাসূলিহী ফাইন্না~'আতাদ্‌না- লিল্ কা-ফিরীনা সা'ঈরা-। ১৪। ওয়া লিল্লা-হি মুল্‌কুস্ সামা-ওয়া-তি ওয়াল আর্‌দ্বি ;
রাসূলের প্রতি বিশ্বাস রাখে না আমি সে সব অবিশ্বাসীদের জন্য জ্বলন্ত অগ্নি তৈরি করে রেখেছি। (১৪) আকাশমন্ডলী ও পৃথিবীর বাদশাহী একমাত্র আল্লাহরই,

يغفر لمن يشاء ويعذب من يشاء وكان الله غفورا رحيما ۝١٤ سيقول

ইয়াগ্‌ফিরু লিমাইঁ ইয়াশা—উ ওয়া ইউ'আয্‌যিবু মাইঁ ইয়াশা—উ ; ওয়া কা-নাল্লা-হু গাফূরার্ রাহীমা-। ১৫। সাইয়াক্বূলুল্
তিনি যাকে চান ক্ষমা করেন, আর যাকে চান শাস্তি দেন। তিন মহা ক্ষমাপরায়ন ও অসীম দয়ালু। (১৫) যখন তোমরা যুদ্ধে

المخلفون اذا انطلقتم الى مغانم لتاخذوها ذرونا نتبعكم يريدون

মুখাল্লাফূনা ইযান্ ত্বালাক্বতুম্ ইলা- মাগা-নিমা লিতা'খুযূহা- যারূনা- নাত্তা'বিকুম্, ইউরীদূনা
প্রাপ্ত (গনীমতের) সম্পদ গ্রহণের জন্য যাবে, তখন যারা পশ্চাতে (নিজ গৃহে) থেকে গিয়েছিল তারা বলবে, আমাদেরকেও তোমাদের সাথে যেতে অনুমতি

ان يبدلوا كلم الله قل لن تتبعونا كذلكم قال الله من قبل فسيقولون

আইঁ-ইউবাদ্দিলূ কালা-মাল্লা-হি ; ক্বুল্ লান্ তাত্তাবি'ঊনা- কাযা-লিকুম ক্বা-লাল্লা-হু মিন্ ক্বাব্‌লু, ফাসাইয়াক্বূলূনা
দাও? তারা চায়, আল্লাহর বাণীকে পরিবর্তন করতে, আপনি বলুন, তোমরা কখনই আমাদের সাথে আসতে পারবে না। আল্লাহ পূর্বেই এরূপ বলেছেন, তারা

بل تحسدوننا بل كانوا لا يفقهون الا قليلا ۝١٥ قل للمخلفين من

বাল্ তাহ্‌সুদূনানা-; বাল্ কা-নূ লা- ইয়াফ্‌ক্বাহূনা ইল্লা- ক্বালীলা-। ১৬। ক্বুল্ লিল্‌মুখাল্লাফীনা মিনাল্
বলবে বরং তোমরা আমাদেরকে ঈর্ষা করতেছ। মূলতঃ ওদের বুঝ শক্তিই কম। (১৬) আপনি পশ্চাতে (গৃহে) থেকে যাওয়া আরব গ্রামবাসীদেরকে বলুন

الاعراب ستدعون الى قوم اولي باس شديد تقاتلونهم او يسلمون

'আরা-বি সাতুদ্'আওনা ইলা- ক্বাওমিন্ উলী বা'সিন্ শাদীদিন্ তুক্বা-তিলূনাহুম্ আও ইউস্‌লিমূনা,
অতিশীঘ্রই তোমরা নির্দেশ প্রাপ্ত হবে এমন এক জাতির সাথে যুদ্ধ করতে, যারা কঠোর যোদ্ধা। তোমরা (হয়) তাদের সাথে যুদ্ধ করবে অথবা তারা মুসলমান হয়ে যাবে।

فان تطيعوا يؤتكم الله اجرا حسنا وان تتولوا كما توليتم من قبل

ফাইন্ তুত্বী'উ ইউ'তিকুমুল্লা-হু আজ্‌রান হ্বাসানান্, ওয়া ইন্ তাতাওয়াল্লাও কামা- তাওয়াল্লাইতুম্ মিন্ ক্বাব্‌লু
যদি তোমরা এ নির্দেশ মান্য কর, তবে আল্লাহ তোমাদেরকে উত্তম প্রতিদান দিবেন। আর যদি তোমরা (অমান্য করে) ফিরে যাও, যেভাবে এর পূর্বে ফিরে গিয়েছিলে,

يعذبكم عذابا اليما ۝١٦ ليس على الاعمى حرج ولا على الاعرج حرج

ইউ'আয্‌যিব্‌কুম্ 'আযা-বান্ আলীমা-। ১৭। লাইসা 'আলাল্ 'আমা- হ্বারাজুওঁ ওয়ালা- 'আলাল্ 'আরাজ্বি হ্বারাজুওঁ
তবে তিনি তোমাদেরকে কষ্টদায়ক শাস্তি দিবেন। (১৭) যারা অন্ধ, খোড়া এবং রুগ্ন তাদের জন্য কোন পাপ নেই (যুদ্ধে অংশগ্রহণ না করার জন্য)।

ولا على المريض حرج ومن يطع الله ورسوله يدخله جنت تجري من

ওয়ালা- 'আলাল্ মারীদ্বি হ্বারাজুন ; ওয়া মাইঁ ইউত্বি'ইল্লা-হা ওয়া রাসূলাহূ ইউদ্‌খিল্‌হু জ্বান্না-তিন তাজ্বরী মিন্
যে কেহ আল্লাহ ও তাঁর রাসূলের নির্দেশ মেনে চলবে, তাকে আল্লাহ প্রবেশ করাবেন এমন জান্নাতে, যার তলদেশে

○ বিশ্লেষণ (আঃ ১৫) ঃ الى مغانم..... - এখানে গনীমতের সম্পদ দ্বারা খয়বর যুদ্ধে প্রাপ্ত সম্পদকে বুঝান হয়েছে। হোদায়বিয়ার সন্ধির পরে যখন রাসূলুল্লাহ (স) খয়বরের যুদ্ধে রওয়ানা দেন, যে যুদ্ধের বিজয়ের সু-সংবাদ আল্লাহ তায়ালা হোদায়বিয়ার সময় রাসূলুল্লাহ (স)-কে জানিয়েছিলেন। তখন নির্দেশ হল যে, হোদায়বিয়ায় যারা উপস্থিত ছিলেন, তারাই একমাত্র এ যুদ্ধে অংশগ্রহণ করতে পারবে। যখন এ সিদ্ধান্ত হল, তখন হোদায়বিয়ার সময় গৃহে অবস্থানকারীরা, যুদ্ধে অংশগ্রহণের জন্য অনুমতি প্রার্থনা করে। কিন্তু তাদের প্রার্থনা মঞ্জুর করা হয়নি। (কুঃ কারীম)

○ বিশ্লেষণ (আঃ ১৫) ঃ ان يبدلوا كلم الله - আল্লাহর বাণী দ্বারা বুঝান হয়েছে যে, খয়বরের গনীমতের মাল, হোদায়বিয়ায় যারা উপস্থিত ছিল তাদের জন্য নির্দিষ্ট করার প্রতিশ্রুতি। মুনাফিকরা তাতে (গনীমতে) শরীক হয়ে আল্লাহর কালাম অর্থাৎ তাঁর প্রতিশ্রুতি পরিবর্তন করতে চেয়েছিল। (কুঃ কারীম)

○ বিশ্লেষণ (আঃ ১৬) ঃ الى قوم اولى باس - কোন তফসীরকার বলেন, এখানে আরবের কতিপয় গোত্রের কথা বলা হয়েছে। যাদের সাথে হোনায়ন নামক স্থানে মুসলমানদের সাথে যুদ্ধ হয়েছে। কেহ বলেন, মুসায়লামা কাজ্জাবের অনুসারীদেরকে বুঝান হয়েছে। কেহ বলেন, পারস্য ও রোমের পৌত্তলিক ও খৃষ্টানদেরকে বুঝান হয়েছে। (কুঃ কারীম)

○ শানে নুযূল (আঃ ১৭) ঃ ليس على ....حرج - যুদ্ধে অংশগ্রহণ না করার শাস্তির কথা শুনে, অক্ষম ও দুর্বল মুসলমানগণ ভীত হয়ে পড়ে। তারা বলে যে, আমরা অক্ষমতার কারণে যুদ্ধে অংশগ্রহণ করতে পারব না। আমাদের কি অবস্থা হবে? এ প্রেক্ষিতে এ আয়াত অবতীর্ণ হয়। (তাঃ কাদেরী)

تَحْتِهَا الْاَنْهٰرُ ۚ وَمَنْ يَّتَوَلَّ يُعَذِّبْهُ عَذَابًا اَلِيْمًا ﴿١٧﴾ لَقَدْ رَضِيَ اللّٰهُ عَنِ

তাহ্‌তিহাল্ আন্‌হা-রু, ওয়া মাইঁ ইয়াতাওয়াল্লা ইউ'আয্‌যিব্‌হু 'আযা-বান আলীমা- । ১৮ । লাক্বাদ্ রাদ্বিয়াল্লা-হু 'আনিল্
নহর প্রবাহিত । আর যে (আল্লাহর নির্দেশ হতে) মুখ ফিরায়ে থাকবে, তিনি তাদের কষ্টদায়ক শাস্তি দিবেন । (১৮) নিশ্চয়ই আল্লাহ

الْمُؤْمِنِيْنَ اِذْ يُبَايِعُوْنَكَ تَحْتَ الشَّجَرَةِ فَعَلِمَ مَا فِيْ قُلُوْبِهِمْ فَاَنْزَلَ

মু'মিনীনা ইয্ ইউবা-ই'উনাকা তাহ্‌তাশ্ শাজ্বারাতি ফা'আলিমা মা-ফী কুলূবিহিম্ ফাআন্‌যালাস্
মুমিনগণের প্রতি খুশী হয়েছেন যখন তারা বৃক্ষের তলায় বসে আপনার কাছে বায়াত হয়েছিল । তাদের অন্তরে যা ছিল, তা তিনি অবগত ছিলেন । অতঃপর আল্লাহ তাদের

السَّكِيْنَةَ عَلَيْهِمْ وَاَثَابَهُمْ فَتْحًا قَرِيْبًا ﴿١٨﴾ وَّمَغَانِمَ كَثِيْرَةً يَّاْخُذُوْنَهَا ؕ

সাকীনাতা 'আলাইহিম ওয়া আছা-বাহুম ফাত্‌হান্ ক্বারীবা- । ১৯ । ওয়া মাগা-নিমা কাছীরাতাইঁ ইয়া'খুযূনাহা-;
ওপর সান্ত্বনা প্রদান করলেন এবং প্রতিদান (স্বরূপ) দিলেন তাদেরকে অতি নিকটতম একটি বিজয় । (১৯) এবং বিপুল পরিমাণ গনীমতের মাল, যা তারা অর্জন করবে,

وَكَانَ اللّٰهُ عَزِيْزًا حَكِيْمًا ﴿١٩﴾ وَعَدَكُمُ اللّٰهُ مَغَانِمَ كَثِيْرَةً تَاْخُذُوْنَهَا فَعَجَّلَ

ওয়া কা-নাল্লা-হু 'আযীযান্ হাকীমা- । ২০ । ওয়া'আদাকুমুল লা-হু মাগা-নিমা কাছীরাতান্ তা'খুযূনাহা- ফা'আজ্জালা
আল্লাহ মহা প্রভাবশালী, মহাবিজ্ঞ । (২০) আল্লাহ তোমাদেরকে প্রতিশ্রুতি দিয়েছেন প্রচুর গনীমতের মালের, যা তোমরা অর্জন করবে । এগুলো তোমাদেরকে তিনি

لَكُمْ هٰذِهٖ وَكَفَّ اَيْدِيَ النَّاسِ عَنْكُمْ ۚ وَلِتَكُوْنَ اٰيَةً لِّلْمُؤْمِنِيْنَ

লাকুম্ হা-যিহী ওয়া কাফ্‌ফা আইদিয়ান্ না-সি 'আন্‌কুম্, ওয়া লিতাকূনা আ-ইয়াতাল্ লিল্‌মু'মিনীনা
অতি দ্রুত দান করেছিলেন এবং তিনি নিবৃত্ত করে ছিলেন তোমাদের থেকে শত্রুর হস্ত যাতে এটি মুমিনগণের জন্য একটি নিদর্শন হয়

وَيَهْدِيَكُمْ صِرَاطًا مُّسْتَقِيْمًا ﴿٢٠﴾ وَّاُخْرٰى لَمْ تَقْدِرُوْا عَلَيْهَا قَدْ اَحَاطَ اللّٰهُ بِهَا ؕ

ওয়া ইয়াহ্‌দিয়াকুম্ স্বিরা-ত্বাম্ মুস্‌তাক্বীমা- । ২১ । ওয়া উখ্‌রা- লাম্ তাক্বদিরূ 'আলাইহা- ক্বাদ্ আহা-ত্বাল লা-হু বিহা-;
এবং আল্লাহ তোমাদেরকে সত্য পথে পরিচালিত করেন । (২১) এবং তোমাদের জন্য আরও (গনীমত) রয়েছে, যা এখন পর্যন্ত তোমাদের মালিকানায় আসেনি ।

وَكَانَ اللّٰهُ عَلٰى كُلِّ شَيْءٍ قَدِيْرًا ﴿٢١﴾ وَلَوْ قٰتَلَكُمُ الَّذِيْنَ كَفَرُوْا لَوَلَّوُا الْاَدْبَارَ ثُمَّ

ওয়াকা-নাল্লা-হু 'আলা- কুল্লি শাইয়িন্ ক্বাদীরা- । ২২ । ওয়া লাও ক্বা-তালাকুমুল্ লাযীনা কাফারূ লাওয়াল্লাউল্ আদ্‌বা-রা ছুম্মা
আল্লাহ সেগুলো নিজ অধিকারে রেখে দিয়েছেন । আল্লাহ প্রতিটি বিষয়ে মহা ক্ষমতাবান । (২২) যদি তোমাদের সাথে কাফেররা যুদ্ধ করত, তবে অবশ্যই তারা পৃষ্ঠ প্রদর্শণ করতঃ

لَا يَجِدُوْنَ وَلِيًّا وَّلَا نَصِيْرًا ﴿٢٢﴾ سُنَّةَ اللّٰهِ الَّتِيْ قَدْ خَلَتْ مِنْ قَبْلُ ۖۚ وَلَنْ

লা- ইয়াজ্বিদূনা ওয়ালিয়্যাওঁ ওয়ালা- নাস্বীরা- । ২৩ । সুন্নাতাল্লা-হিল্ লাতী ক্বাদ্ খালাত্ মিন্ ক্বাব্‌লু, ওয়া লান্
ভেগে যেত । অতঃপর তারা কোন বন্ধু ও সাহায্যকারী পেত না । (২৩) আল্লাহর এ পদ্ধতি (ধারা), প্রথম থেকেই চলে আসছে । আর আপনি

✪ বিশ্লেষণ (আঃ ১৮) ঃ ......لقد رضى الله - হোদায়বিয়া নামক স্থানে যখন কাফেরেরা রাসূলুল্লাহ (স) মক্কা যেতে বাধা দেয়, তখন রাসূলুল্লাহ (স) হযরত ওসমানকে (রা) কাফির নেতৃবৃন্দের সাথে আলোচনার জন্য মক্কায় প্রেরণ করেন । কাফেররা হযরত ওসমানের (রা) মক্কায় গৃহবন্দী করে রাখে । মুসলমান শিবিরে তাঁর শাহাদতের খবর ছড়িয়ে পড়লে, হযরত ওসমানের (রা) শাহাদাতের প্রতিশোধ নেয়ার জন্য হোদায়বিয়ায় উপস্থিত ১৫০০ (পনের শত) সাহাবী রাসূলুল্লাহ (স) হাতে এ বলে প্রতিজ্ঞা (ব'য়াত) করেন যে, 'আমরা কুরায়শদের সাথে যুদ্ধ করব এবং আমরা যুদ্ধের ময়দান থেকে পিছ পা হবনা । হযরত যাবের (রা) থেকে বর্ণিত, রাসূলুল্লাহ (স) বলেন, যারা আজ এ বৃক্ষের নিচে বয়াত (প্রতিজ্ঞাবদ্ধ) হয়েছে, তারা কেউই জাহান্নামে যাবে না এবং এ বয়াতকে 'বয়াতে রিদওয়ান' (সন্তুষ্টির প্রতিজ্ঞা) এজন্য বলা হয় যে, হোদায়বিয়ায় যারা বয়াত হয়েছে তাদের প্রতি আল্লাহ সন্তুষ্ট । (তাঃ কাদেরী)

تَجِدَ لِسُنَّةِ اللّٰهِ تَبْدِيْلًا ﴿٢٣﴾ وَهُوَ الَّذِيْ كَفَّ اَيْدِيَهُمْ عَنْكُمْ وَاَيْدِيَكُمْ عَنْهُمْ

তাজ্বিদা লিসুন্নাতিল্লা-হি তাব্‌দীলা- । ২৪ । ওয়া হুওয়াল্ লাযী কাফ্‌ফা আইদিয়াহুম 'আন্‌কুম্ ওয়া আইদিয়াকুম্ 'আন্‌হুম্
আল্লাহর পদ্ধতির মধ্যে কোনই পরিবর্তন পাবেন না । (২৪) তিনি (আল্লাহ) মক্কার অভ্যন্তরে কাফিরদের হাতকে তোমাদের থেকে এবং তোমাদের হাতকে

بِبَطْنِ مَكَّةَ مِنْ بَعْدِ اَنْ اَظْفَرَكُمْ عَلَيْهِمْ ؕ وَكَانَ اللّٰهُ بِمَا تَعْمَلُوْنَ بَصِيْرًا ۝

বিবাত্বনি মাক্কাতা মিম্ 'বাদি আন্ আজ্‌ফারাকুম্ 'আলাইহিম ; ওয়া কা-নাল্লা-হু বিমা- 'তামালূনা বাস্বীরা- ।
তাদের থেকে নিবৃত্ত রেখেছেন, তোমাদেরকে তাদের ওপর বিজয়ী করার পর । আর তোমরা যা কিছুই কর সব কিছুই আল্লাহ দেখেন ।

﴿٢٤﴾ هُمُ الَّذِيْنَ كَفَرُوْا وَصَدُّوْكُمْ عَنِ الْمَسْجِدِ الْحَرَامِ وَالْهَدْيَ مَعْكُوْفًا اَنْ يَّبْلُغَ

২৫ । হুমুল্লাযীনা কাফারূ ওয়া স্বাদ্দূকুম 'আনিল্ মাস্‌জ্বিদিল্ হারা-মি ওয়াল্ হাদ্‌ইয়া 'মাকূফান্ আইঁ ইয়াব্‌লুগা
(২৫) ওরাই তো কুফরী করেছিল এবং মসজিদে হারাম (তাওয়াফ) থেকে বিরত রেখেছিল এবং তারা কুরবানীর জন্য উৎসর্গকৃত জানোয়ারগুলো নির্ধারিত স্থানে

مَحِلَّهٗ ؕ وَلَوْلَا رِجَالٌ مُّؤْمِنُوْنَ وَنِسَآءٌ مُّؤْمِنٰتٌ لَّمْ تَعْلَمُوْهُمْ اَنْ تَطَئُوْهُمْ

মাহিল্লাহূ ; ওয়ালাওলা- রিজ্বা-লুম্ মু'মিনূনা ওয়া নিসা—উম্ মু'মিনা-তুল্ লাম তা'লামূহুম্ আন্ তাত্বাউহুম্
পৌঁছতে । তোমাদের যুদ্ধের অনুমতি দেয়া হতো যদি এমন বহু মুসলমান পুরুষ ও নারী মক্কায় না থাকত, যাদের ঈমান সম্পর্কে তোমরা জান না, তোমরা তাদেরকে । অজ্ঞাতে

فَتُصِيْبَكُمْ مِّنْهُمْ مَّعَرَّةٌ بِغَيْرِ عِلْمٍ ۚ لِيُدْخِلَ اللّٰهُ فِيْ رَحْمَتِهٖ مَنْ يَّشَآءُ ۚ

ফাতুস্বীবাকুম্ মিন্‌হুম মা'আর্‌রাতুম্ বিগাইরি 'ইল্‌মিন্, লিইউদ্‌খিলাল্লা-হু ফী রাহ্‌মাতিহী মাইঁ ইয়াশা—উ,
পিষে মেরে ফেলতে । ফলে, তাদের (মারার) কারণে তোমাদের ওপর মসিবত পৌঁছত, এ কারণে অনুমতি দেয়া হয়নি । আল্লাহ যাকে চান তাঁকে রহমতের মধ্যে অন্তর্ভুক্ত করেন ।

لَوْ تَزَيَّلُوْا لَعَذَّبْنَا الَّذِيْنَ كَفَرُوْا مِنْهُمْ عَذَابًا اَلِيْمًا ﴿٢٥﴾ اِذْ جَعَلَ الَّذِيْنَ كَفَرُوْا

লাও তাযাইয়্যালূ লা'আয্‌যাব্‌নাল্ লাযীনা কাফারূ মিন্‌হুম্ 'আযা-বান্ আলীমা- । ২৬ । ইয্ জ্বা'আলাল লাযীনা কাফারূ
যদি তারা (মুমিন ও কাফির) পৃথক হত, তবে তাদের মধ্যে যারা কাফির, আমি তাদেরকে কষ্টদায়ক শাস্তি দিতাম । (২৬) (হে নবী স্মরণ করুন!) যখন সে

فِيْ قُلُوْبِهِمُ الْحَمِيَّةَ حَمِيَّةَ الْجَاهِلِيَّةِ فَاَنْزَلَ اللّٰهُ سَكِيْنَتَهٗ عَلٰى رَسُوْلِهٖ وَعَلَى

ফী কুলূবিহিমুল্ হামিইয়্যাতা হামিইয়্যাতাল্ জ্বা-হিলিইয়্যাতি ফাআন্‌যালাল্লা-হু সাকীনাতাহূ 'আলা- রাসূলিহী ওয়া 'আলাল্
কাফিরেরা তাদের অন্তরে অজ্ঞতা যুগের উত্তেজনার মত উত্তেজনা (বিরুদ্ধতা) পোষণ করছিল, তখন আল্লাহ তাঁর রাসূল ও মুমিনগণের প্রতি সান্ত্বনা প্রদান

الْمُؤْمِنِيْنَ وَاَلْزَمَهُمْ كَلِمَةَ التَّقْوٰى وَكَانُوْٓا اَحَقَّ بِهَا وَاَهْلَهَا ؕ وَكَانَ اللّٰهُ بِكُلِّ

মু'মিনীনা ওয়া আল্‌যামাহুম কালিমাতাত্ তাক্বওয়া- ওয়া কা-নূ~আহাক্কা বিহা- ওয়া আহ্‌লাহা-; ওয়া কা-নাল্লা-হু বিকুল্লি
করলেন এবং তাদেরকে তাকওয়ার বাক্যের ওপর দৃঢ়ভাবে কায়েম রাখলেন, এবং তারাই ছিল এর অধিকতর হকদার এবং এর উপযুক্ত । আল্লাহ

✪ বিশ্লেষণ (আঃ ২৪) ঃ كف ايديهم عنكم - যখন রাসূলুল্লাহ (স) সাহাবাগণসহ হোদায়বিয়ায় অবস্থান করেছিলেন, তখন মক্কার কাফেররা ৭০ জন সশস্ত্র ব্যক্তিকে, মুসলমান শিবিরে এ উদ্দেশ্যে প্রেরণ করে যে, সুযোগ পেলে রাসূলুল্লাহ (স) এবং সাহাবাগণের ক্ষতি সাধন করবে । কিন্তু মুসলমানগণ তাদেরকে গ্রেফতার করে, রাসূলুল্লাহর (স) দরবারে নিয়ে আসেন । তাদের ব্যাপারে রাসূলুল্লাহ (স) যে শাস্তি নির্ধারণ করতেন সেটাই ঠিক হতো । কিন্তু মুসলমানদের ভবিষ্যৎ কল্যাণের কথা চিন্তা করে রাসূলুল্লাহ (স) তাদেরকে ক্ষমা করে দিয়ে ছেড়ে দেন । (কুঃ কারীম)

شَيْءٍ عَلِيمًا ﴿٢٦﴾ لَقَدْ صَدَقَ اللَّهُ رَسُولَهُ الرُّؤْيَا بِالْحَقِّ ۖ لَتَدْخُلُنَّ الْمَسْجِدَ

শাইয়িন্ 'আলীমা-। ২৭। লাক্বাদ্ স্বাদাক্বাল্লা-হু রাসূলাহুর্ রু'ইয়া- বিল্হাক্বক্বি, লাতাদ্খুলুন্নাল্ মাস্জিদাল্

সর্ব বিষয় সর্বজ্ঞাত। (২৭) নিশ্চয়ই আল্লাহ তাঁর রাসূলকে সত্য স্বপ্ন দেখায়েছেন। আল্লাহর ইচ্ছায়, তোমরা অবশ্যই পূর্ণ নিরাপদে মসজিদে

الْحَرَامَ إِنْ شَاءَ اللَّهُ آمِنِينَ مُحَلِّقِينَ رُءُوسَكُمْ وَمُقَصِّرِينَ لَا تَخَافُونَ ۖ

হারা-মা ইন্ শা—আল্লা-হু আ-মিনীনা, মুহাল্লিক্বীনা রুউসাকুম্ ওয়া মুক্বাস্বস্বিরীনা, লা-তাখা-ফূনা ;

হারামে প্রবেশ করবে, তোমাদের কেহ (প্রবেশ করবে) মাথা মুন্ডন করে, কেহ মাথার চুল কর্তন করে। তোমরা (কাউকে) ভয় করবে না

فَعَلِمَ مَا لَمْ تَعْلَمُوا فَجَعَلَ مِنْ دُونِ ذَٰلِكَ فَتْحًا قَرِيبًا ﴿٢٧﴾ هُوَ الَّذِي أَرْسَلَ

ফা'আলিমা মা- লাম্ 'তালামূ ফাজ্বা'আলা মিন্ দূনি যা-লিকা ফাত্হান্ ক্বারীবা-। ২৮। হুওয়াল্লাযী ~আর্সালা

আল্লাহ যা জানেন, তা তোমরা জান না। এছাড়া তিনি (আল্লাহ) তোমাদেরকে দান করেছেন এক আসন্ন বিজয়। (২৮) তিনি তাঁর রাসূলকে

رَسُولَهُ بِالْهُدَىٰ وَدِينِ الْحَقِّ لِيُظْهِرَهُ عَلَى الدِّينِ كُلِّهِ ۚ وَكَفَىٰ بِاللَّهِ شَهِيدًا ﴿٢٨﴾

রাসূলাহূ বিল্হুদা- ওয়া দীনিল্ হাক্বক্বি লিইউজ্হিরাহূ 'আলাদ্ দীনি কুল্লিহী ; ওয়া কাফা- বিল্লা-হি শাহীদা-।

সঠিক নির্দেশনা এবং সত্য দ্বীনসহ প্রেরণ করেছেন, যাতে সে একে বিজয়ী করেন অন্যান্য সব দ্বীনের উপর। আল্লাহ যথেষ্ট (নবুওয়াতের) সাক্ষী হিসেবে।

مُحَمَّدٌ رَسُولُ اللَّهِ ۚ وَالَّذِينَ مَعَهُ أَشِدَّاءُ عَلَى الْكُفَّارِ رُحَمَاءُ بَيْنَهُمْ ۖ

২৯। মুহাম্মাদুর্ রাসূলুল্লা-হি ; ওয়াল্লাযীনা মা'আহূ~আশিদ্দা—উ 'আলাল্ কুফফা-রি রুহামা—উ বাইনাহুম্

(২৯) মুহাম্মদ (স) আল্লাহর রাসূল এবং যারা তার সাথে রয়েছেন সাহাবাগণ তারা কাফিরদের প্রতি কঠোর, অথচ তাদের নিজেদের মধ্যে

تَرَاهُمْ رُكَّعًا سُجَّدًا يَبْتَغُونَ فَضْلًا مِنَ اللَّهِ وَرِضْوَانًا ۖ سِيمَاهُمْ

তারা-হুম্ রুক্কা'আন্ সুজ্জ্বাদাই ইয়াব্তাগূনা ফাদ্বলাম্ মিনাল্লা-হি ওয়া রিদ্বওয়া-না; সীমা-হুম

একে অপরের প্রতি সহানুভূতিশীল। আপনি তাদেরকে দেখবেন যে, তারা আল্লাহর করুণা ও সন্তুষ্টির কামনায় রুকূ ও সিজদা করছে।

فِي وُجُوهِهِمْ مِنْ أَثَرِ السُّجُودِ ۚ ذَٰلِكَ مَثَلُهُمْ فِي التَّوْرَاةِ ۚ وَمَثَلُهُمْ

ফী উজূহিহিম্ মিন্ আছারিস সুজূদি ; যা-লিকা মাছালুহুম্ ফিত্ তাওরা-তি, ওয়া মাছালুহুম

তাদের মুখমন্ডলে চিহ্ন থাকবে, সিজদা করার কারণে। তাদের এরূপ দৃষ্টান্ত তাওরাতে রয়েছে এবং তাদের দৃষ্টান্ত ইঞ্জীলেও রয়েছে।

فِي الْإِنْجِيلِ كَزَرْعٍ أَخْرَجَ شَطْأَهُ فَآزَرَهُ فَاسْتَغْلَظَ فَاسْتَوَىٰ

ফিল্ ইনজ্বীলি ; কাযার্'ইন্ আখ্রাজ্বা শাত্বআহূ ফাআ-যারাহূ ফাস্তাগ্লাজা ফাস্তাওয়া-

তাদের উদাহরণ সে ক্ষেতের ন্যায়, যে প্রথমে তার অংকুর ফোটায়, পরে সেটি শক্তিশালী হয়, অতঃপর সেটি মোটা হয়, এরপরে সেটি সোজা

০ শানে নুযূল (আঃ ২৭) ঃ ......لقد صدق الله - রাসূলুল্লাহ (স) হোদায়বিয়া গমনের পূর্বে সে বছরই, স্বপ্নে দেখেন যে, তিনি (স) এবং সাহাবাগণ নিরাপদে মক্কায় প্রবেশ করেন এবং তাদের মধ্যে কতিপয় লোক মাথা মুন্ডন অবস্থায় এবং চুল কর্তন (খাট) করা অবস্থায় রয়েছে। সাহাবাগণ এ সু-সংবাদ শুনে অত্যন্ত খুশী হন। কিন্তু যখন রাসূলুল্লাহ (স) সাহাবাগণসহ ওমরাহ পালনের উদ্দেশ্যে মক্কা রওয়ানা দেন এবং পথিমধ্যে হোদায়বিয়া নামক স্থানে কাফেররা বাধা দেয় এবং পরিশেষে মুসলমানগণকে সেখান থেকে প্রত্যাবর্তন করতে হল, তখন সাহাবাগণ দুঃখিত হন। এ প্রেক্ষিতে আল্লাহ তায়ালা এ আয়াত অবতীর্ণ করেন। (জালালাইন)

عَلَىٰ سُوقِهِ يُعْجِبُ الزُّرَّاعَ لِيَغِيظَ بِهِمُ الْكُفَّارَ ۗ وَعَدَ اللَّهُ

'আলা- সূক্বিহী ই'উজ্বিবুয্ যুর্রা-'আ লিইয়াগীজা বিহিমুল্ কুফ্ফা-রা ; ওয়া'আদাল্লাহুল

তার কান্ডের ওপর দাঁড়িয়ে যায় এবং তা কৃষকদেরকে খুব আনন্দ দিতে থাকে। (এ দৃষ্টান্ত আল্লাহ পেশ করেন) যাতে কাফিরদের অন্তর্দাহ সৃষ্টি হয়।

الَّذِينَ آمَنُوا وَعَمِلُوا الصَّالِحَاتِ مِنْهُمْ مَغْفِرَةً وَأَجْرًا عَظِيمًا ﴿٢٩﴾

লাযীনা আ-মানূ ওয়া 'আমিলুস্ব স্বা-লিহা-তি মিন্হুম্ মাগ্ফিরাতাওঁ ওয়া আজ্বরান্ 'আজীমা-।

যারা ঈমান আনে এবং নেক কাজ করে, আল্লাহ তাদেরকে ক্ষমা ও বিরাট সওয়াবের প্রতিশ্রুতি দিয়েছেন।

সূরা হুজুরা-ত
মাদানী

بِسْمِ اللَّهِ الرَّحْمَٰنِ الرَّحِيمِ
বিসমিল্লা-হির রাহ্মা-নির রাহীম
পরম দাতা ও দয়ালু আল্লাহ্র নামে শুরু করছি

আয়াত ঃ ১৮
রুকূ ঃ ২

﴿١﴾ يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا لَا تُقَدِّمُوا بَيْنَ يَدَيِ اللَّهِ وَرَسُولِهِ ۖ وَاتَّقُوا اللَّهَ ۚ

১। ইয়া~আইয়্যুহাল লাযীনা আ-মানূ লা- তুক্বাদ্দিমূ বাইনা ইয়াদায়িল্লা-হি ওয়া রাসূলিহী ওয়াত্তাকুল্লা-হা ;

(১) হে মুমিনগণ! আল্লাহ ও তাঁর রাসূলের (কথার) সামনে, তোমরা (তোমাদের নিজ মতে) অগ্রবর্তী হয়ো না। আল্লাহকে ভয় কর,

إِنَّ اللَّهَ سَمِيعٌ عَلِيمٌ ﴿١﴾ يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا لَا تَرْفَعُوا أَصْوَاتَكُمْ فَوْقَ صَوْتِ

ইন্নাল্লা-হা সামী'উন্ 'আলীম। ২। ইয়া~আইয়্যুহাল্ লাযীনা আ-মানূ লা- তারফা'উ~আস্বওয়া-তাকুম্ ফাওক্বা স্বাওতিন্

নিশ্চয়ই আল্লাহ সর্বশ্রোতা। সর্বজ্ঞানী। (২) হে মুমিনগণ! তোমরা তোমাদের আওয়াজকে নবীর আওয়াজের ওপর উঁচু করনা এবং তোমরা তার সাথে

النَّبِيِّ وَلَا تَجْهَرُوا لَهُ بِالْقَوْلِ كَجَهْرِ بَعْضِكُمْ لِبَعْضٍ أَنْ تَحْبَطَ أَعْمَالُكُمْ

নাবিয়্যি ওয়ালা- তাজ্বহারূ লাহূ বিল্ক্বাওলি কাজ্বাহ্রি বা'দ্বিকুম্ লিবা'দ্বিন্ আন্ তাহ্বাত্বা 'আমা-লুকুম্

এত উঁচু আওয়াজে কথা বল না, যেভাবে তোমরা পরস্পরে একে অপরের সাথে উঁচু আওয়াজে কথা বল, এতে তোমাদের আমলসমূহ বাতিল হয়ে যাবে,

وَأَنْتُمْ لَا تَشْعُرُونَ ﴿٢﴾ إِنَّ الَّذِينَ يَغُضُّونَ أَصْوَاتَهُمْ عِنْدَ رَسُولِ اللَّهِ أُولَٰئِكَ

ওয়া আন্তুম লা-তাশ্'উরূন। ৩। ইন্নাল্লাযীনা ইয়াগুদ্দ্বূনা আস্বওয়া-তাহুম্ 'ইন্দা রাসূলিল্লা-হি উলা—ইকাল্

অথচ তা তোমরা অনুভবও করতে পারবে না। (৩) নিশ্চয়ই যারা আল্লাহর রাসূলের সামনে নিজ আওয়াজ নীচু করে, তাদের

الَّذِينَ امْتَحَنَ اللَّهُ قُلُوبَهُمْ لِلتَّقْوَىٰ ۚ لَهُمْ مَغْفِرَةٌ وَأَجْرٌ عَظِيمٌ ﴿٣﴾ إِنَّ الَّذِينَ

লাযীনাম্ তাহানাল্লা-হু কুলূবাহুম লিত্তাক্বওয়া-; লাহুম্ মাগ্ফিরাতুঁও ওয়া আজ্বরুন্ 'আজীম। ৪। ইন্নাল্লাযীনা

অন্তরকে আল্লাহ্ তাকওয়ার জন্য যাচাই করেছেন। তাদের জন্য রয়েছে (আল্লাহর পক্ষ হতে) ক্ষমা ও বিরাট পুরস্কার। (৪) যারা আপনাকে কক্ষের

يُنَادُونَكَ مِنْ وَرَاءِ الْحُجُرَاتِ أَكْثَرُهُمْ لَا يَعْقِلُونَ ﴿٤﴾ وَلَوْ أَنَّهُمْ صَبَرُوا حَتَّىٰ

ইউনা-দূনাকা মিওঁ ওরা—ইল্ হুজুরা-তি আক্ছারুহুম লা- ই'য়াক্বিলূন। ৫। ওয়া লাও আন্নাহুম্ স্বাবারূ হাত্তা-

পিছন থেকে জোরে ডাকে, তাদের মধ্যে অধিকাংশই বুদ্ধিহীন (মূর্খ)। (৫) আপনি বের হয়ে তাদের কাছে আসা পর্যন্ত যদি তারা ধৈর্যধারণ করত;

تخرج إليهم لكان خيرا لهم والله غفور رحيم ﴿٥﴾ يا أيها الذين آمنوا

তাখ্রুজ্বা ইলাইহিম্ লাকা-না খাইরাল্ লাহুম; ওয়াল্লা-হু গাফূরুর রাহ্বীম। ৬। ইয়া~আইয়্যুহাল্ লাযীনা আ-মানূ~

তবে এটা তাদের জন্য কল্যাণকর হত। আল্লাহ মহাক্ষমাশীল ও দয়াশীল। (৬) হে মুমিনগণ! যদি কোন ফাসিক (পাপী) তোমাদের কাছে

إن جاءكم فاسق بنبإ فتبينوا أن تصيبوا قوما بجهالة فتصبحوا على

ইন্ জ্বা—আকুম ফা-সিক্বুম্ বিনাবাইন্ ফাতাবাইয়্যানূ~আন্ তুস্বীবূ ক্বাওমাম্ বিজ্বাহা-লাতিন্ ফাতুস্ববিহূ 'আলা-

কোন সংবাদ নিয়ে আসে, তবে তোমরা সেটাকে (ভালভাবে) পরখ কর। (সাবধান!) এমন যেন না হয় যে, বিনা পরখে অজ্ঞতা বশতঃ কোন সম্প্রদায়ের তোমরা ক্ষতি করে বস,

ما فعلتم نادمين ﴿٦﴾ واعلموا أن فيكم رسول الله لو يطيعكم في كثير

মা- ফা'আল্তুম্ না-দিমীন। ৭। ও'য়ালামূ~আন্না ফীকুম রাসূলাল্লা-হি ; লাও ইউত্বী'উকুম ফী কাছীরিম্

পরে তোমাদের সে কাজের জন্য তোমরা অনুতপ্ত হও। (৭) জেনে রাখ! তোমাদের মাঝে আল্লাহর রাসূল উপস্থিত আছেন। যদি তিনি অনেক বিষয়ে তোমাদের

من الأمر لعنتم ولكن الله حبب إليكم الإيمان وزينه في قلوبكم

মিনাল্ আম্রি লা'আনিত্তুম্ ওয়ালা- কিন্নাল্লা-হা হ্বাব্বাবা ইলাইকুমুল্ ঈমা-না ওয়া যাইয়্যানাহূ ফী ক্বুলূবিকুম্

কথা শোনতেন, তবে তোমরাই অসুবিধায় পড়তে। কিন্তু আল্লাহ ঈমানকে তোমাদের নিকট পছন্দনীয় করেছেন এবং তা তোমাদের অন্তরে সুশোভিত

وكره إليكم الكفر والفسوق والعصيان أولئك هم الراشدون

ওয়া কার্‌রাহা ইলাইকুমুল্ কুফ্‌রা ওয়াল্ ফুসূক্বা ওয়াল্ 'ইস্বইয়া-না ; উলা—ইকা হুমুর্ রা-শিদূন।

করেছেন এবং অপছন্দনীয় করেছেন তোমাদের কাছে, কুফরী, পাপের কাজ এবং নাফরমানীকে; এরাই সঠিক পথ প্রাপ্ত।

﴿٧﴾ فضلا من الله ونعمة والله عليم حكيم ﴿٨﴾ وإن طائفتان من المؤمنين

৮। ফাদ্ব্‌লাম্ মিনাল্লা-হি ওয়া নি'মাতান ; ওয়াল্লা-হু 'আলীমুন্ হ্বাকীম। ৯। ওয়া ইন্ ত্বা—ইফাতা-নি মিনাল্ মু'মিনীনাক্ব

(৮) এসব কিছু আল্লাহর করুণা ও অনুগ্রহ। আল্লাহ মহাজ্ঞানী, বিজ্ঞ। (৯) যদি মুমিনগণের দু'দল (একে অপরের সাথে) লড়াই করে,

اقتتلوا فأصلحوا بينهما فإن بغت إحداهما على الأخرى فقاتلوا التي

তাতাল্ ফাআস্বলিহূ বাইনাহুমা-, ফাইম্ বাগাত্ 'ইহ্‌দা-হুমা- 'আলাল্ উখ্‌রা- ফাক্বা-তিলুল্লাতী

তবে তাদের মধ্যে বিরোধ মীমাংসা করে দিবে। অতঃপর যদি সে দু'দলের একদল অন্য দলের উপর, জুলুম করে তবে জুলুমকারী দলের সাথে

تبغي حتى تفيء إلى أمر الله فإن فاءت فأصلحوا بينهما بالعدل

তাব্‌গী হ্বাত্তা- তাফী—আ ইলা~আম্‌রিল্লা-হি, ফাইন্ ফা—আত্ ফাআস্বলিহূ বাইনাহুমা- বিল্'আদ্‌লি

লড়াই কর যতক্ষণ না তারা আল্লাহর হুকুমের দিকে ফিরে আসে। যদি তারা ফিরে আসে, তবে তাদের মাঝে মীমাংসা করে দিবে, ন্যায়ের সাথে এবং

وأقسطوا إن الله يحب المقسطين ﴿٩﴾ إنما المؤمنون إخوة فأصلحوا

ওয়া আক্বসিত্বূ ; ইন্নাল্লা-হা ইউহ্বিব্বুল্ মুক্বসিত্বীন। ১০। ইন্নামাল্ মু'মিনূনা ইখ্‌ওয়াতুন্ ফাআস্বলিহূ

সুবিচার করবে। নিশ্চয়ই আল্লাহ সুবিচারকারীদের ভালবাসেন। (১০) মুমিনগণতো পরস্পরে (দ্বীনী) ভাই। সুতরাং মীমাংসা কর তোমাদের নিজ

১ রুকূ ১৩ রুকূ — তিন চতুর্থাংশ

بين أخويكم واتقوا الله لعلكم ترحمون ﴿١٠﴾ يا أيها الذين آمنوا لا يسخر

বাইনা আখাওয়াইকুম্ ওয়াত্তাক্বুল্লা-হা লা'আল্লাকুম তুর্‌হ্বামূন। ১১। ইয়া~আইয়্যুহাল্ লাযীনা আ-মানূ লা- ইয়াস্‌খার্

ভায়ের মধ্যে এবং আল্লাহকে ভয় কর, যাতে তোমরা (আল্লাহর) রহমত পেতে পার। (১১) হে মুমিনগণ! এক পুরুষ যেন অন্য পুরুষকে ঠাট্টা না

قوم من قوم عسى أن يكونوا خيرا منهم ولا نساء من نساء عسى أن

ক্বাওমুম্ মিন্ ক্বাওমিন্ 'আসা~আইঁ ইয়াকূনূ খাইরাম্ মিন্‌হুম ওয়ালা- নিসা—উম্ মিন্ নিসা—ইন্ 'আসা~আইঁ

করে, হয়তো সে, ঠাট্টাকারী হতে অতি উত্তম। আর কোন মহিলা যেন কোন মহিলাকে ঠাট্টা না করে। কেননা, হয়তো সে, ঠাট্টাকারীনি

يكن خيرا منهن ولا تلمزوا أنفسكم ولا تنابزوا بالألقاب بئس

ইয়াকুন্না খাইরাম্ মিন্‌হুন্না, ওয়ালা- তাল্‌মিযূ~আন্‌ফুসাকুম্ ওয়ালা- তানা-বাযূ বিল্‌আল্‌ক্বা-বি ; বি'সা

হতে অতি উত্তম। তোমরা তোমাদের নিজেদের মধ্যে একে অপরের দুর্নাম করনা এবং তোমরা একে অপরকে বিদ্রূপাত্মক উপাধিতে ডেকনা।

الاسم الفسوق بعد الإيمان ومن لم يتب فأولئك هم الظالمون

লিস্‌মুল্ ফুসূক্বু 'বাদাল্ ঈমা-নি, ওয়া মাল্ লাম্ ইয়াতুব্ ফাউলা—ইকা হুমুজ্ জা-লিমূন।

ঈমান গ্রহণের পরে তাকে খারাপ নামে ডাকা পাপ কাজ। আর যারা এর থেকে ফিরে থাকবেনা তারাই জালিম (অত্যাচারী)।

﴿١١﴾ يا أيها الذين آمنوا اجتنبوا كثيرا من الظن إن بعض الظن إثم

১২। ইয়া~আইয়্যুহাল্ লাযীনা আ-মানুজ্ব তানিবূ কাছীরাম্ মিনাজ্ জান্নি, ইন্না 'বাদ্বাজ জান্নি ইছ্‌মুওঁ

(১২) হে মুমিনগণ! তোমরা অনেক ধরণের (খারাপ) ধারণা পরিহার কর। নিশ্চয়ই কতিপয় ধারণা করা পাপ কাজ এবং

ولا تجسسوا ولا يغتب بعضكم بعضا أيحب أحدكم أن يأكل لحم

ওয়ালা তাজ্বাস্‌সাসূ ওয়ালা- ইয়াগ্‌তাব্ 'বাদ্বুকুম্ 'বাদ্বান ; আইউহিব্বু আহ্বাদুকুম্ আইঁ ইয়া'কুলা লাহ্বমা

তোমরা কারও (ত্রুটি) বিষয় অন্বেষণ কর না এবং অগোচরে একে অপরের নিন্দা (বদনাম) করনা। তোমাদের মধ্যে কি কেহ তোমাদের মৃত ভ্রাতার গোস্ত খাওয়া

أخيه ميتا فكرهتموه واتقوا الله إن الله تواب رحيم ﴿١٢﴾ يا أيها الناس

আখীহি মাইতান্ ফাকারিহ্‌তুমূহু ; ওয়াত্তাক্বুল্লা-হা ; ইন্নাল্লা-হা তাওয়্যা- বুর রাহ্বীম। ১৩। ইয়া~আইয়্যুহান্ না-সু

পছন্দ কর? তোমরাতো তা ঘৃণাই কর। আল্লাহকে ভয় কর। নিশ্চয়ই আল্লাহ তওবা গ্রহণকারী, অসীম দয়ালু। (১৩) হে মানুষ! আমি তোমাদেরকে

إنا خلقناكم من ذكر وأنثى وجعلناكم شعوبا وقبائل لتعارفوا إن

ইন্না- খালাক্বনা-কুম্ মিন্ যাকারিওঁ ওয়া উন্‌ছা- ওয়া জ্বা'আল্‌না-কুম্ শু'উবাওঁ ওয়া ক্বাবা—ইলা লিতা'আ-রাফূ ; ইন্না

সৃষ্টি করেছি এক পুরুষ ও এক নারী হতে এবং তোমাদেরকে বিভিন্ন বংশে ও গোত্রে বিভক্ত করেছি, যাতে তোমরা একে অপরকে জানতে পার। নিশ্চয়ই

○ শানে নুযূল (আঃ ১১) ঃ ......لا يسخر قوم - বনূ তামীমের একটি গোত্র গরীব সাহাবাগণ (রা)-কে হাসি-ঠাট্টা করত। যেমন হযরত আম্মার, হযরত বিলাল, হযরত সালমান ফারসী, হযরত খাব্বাব এবং হযরত শোহায়ব (রা)। এ প্রেক্ষিতে আল্লাহ এ আয়াত অবতীর্ণ করেন। (তাঃ কাদেরী) ولا تنابزوا - অর্থাৎ কারও ভাল নামকে বিকৃত করে ডাকা বা মানুষকে এমন নামে সম্বোধন করা, যাতে সে কষ্ট ও লজ্জা পায়। এভাবে ডাকা সম্পূর্ণভাবে নিষেধ করা হয়েছে। (কুঃ কারীম) * بئس الاسم الفسوق - ইসলাম গ্রহণের পরে অথবা তওবার পরে, তাকে পূর্ববর্তী ধর্ম অথবা গুনাহের কথা বলে সম্বোধন করা পাপের কাজ। যেমন- হে কাফের, হে ব্যভিচারী, হে শরাবখোর ইত্যাদি। ○ বিশ্লেষণ (আঃ ১২) ঃ بعض الظن اثم - মুমিনগণের প্রতি মিথ্যা ও খারাপ ধারণা করা গুনাহের কাজ। আর যারা ফাসিক ও পাপী তাদের পাপ কাজের জন্য খারাপ ধারণা রাখায় গুনাহ নেই। (জালালাইন)

أَكْرَمَكُمْ عِنْدَ اللّٰهِ أَتْقٰكُمْ ۚ إِنَّ اللّٰهَ عَلِيمٌ خَبِيرٌ ⑭ قَالَتِ الْأَعْرَابُ اٰمَنَّا ۖ

আক্‌রামাকুম্ 'ইন্‌দাল্লা-হি আত্‌ক্বা-কুম ; ইন্নাল্লা-হা 'আলীমুন্ খাবীর। ১৪। ক্বা-লাতিল্ 'আরা-বু আ-মান্না-;
তোমাদের মধ্যে আল্লাহর কাছে অতি সম্মানিত সে যে অধিক পরহেজগার। নিশ্চয়ই আল্লাহ মহাজ্ঞানী, সর্বজ্ঞ। (১৪) আরব গ্রামবাসীরা বলে, আমরা ঈমান এনেছি,

قُلْ لَّمْ تُؤْمِنُوا وَلٰكِنْ قُولُوٓا أَسْلَمْنَا وَلَمَّا يَدْخُلِ الْإِيمَانُ فِي قُلُوبِكُمْ ۖ وَإِنْ

কুল্ লাম্ তু'মিনূ ওয়ালা-কিন কূলূ~আস্‌লাম্‌না- ওয়া লাম্মা- ইয়াদ্‌খুলিল ঈমা-নু ফী কুলূবিকুম ; ওয়া ইন্
আপনি বলুন, মূলতঃ তোমরা ঈমান আননি, বরং তোমরা এভাবে বল যে, আমরা ইসলাম গ্রহণ করেছি। কেননা এখন পর্যন্ত তোমাদের অন্তরে ঈমান প্রবেশ করেনি। যদি

تُطِيعُوا اللّٰهَ وَرَسُولَهُ لَا يَلِتْكُمْ مِنْ أَعْمَالِكُمْ شَيْـًٔا ۚ إِنَّ اللّٰهَ غَفُورٌ رَّحِيمٌ ○

তুত্বী'উল্লা-হা ওয়া রাসূলাহূ লা-ইয়ালিত্‌কুম্ মিন্ 'আমা-লিকুম শাইআন ; ইন্নাল লা-হা গাফূরুর রাহীম।
তোমরা আল্লাহ ও তাঁর রাসূলের নির্দেশ মেনে চল, তবে আল্লাহ তোমাদের কোন আমলে সওয়াব প্রদানে কমতি করবেন না। নিশ্চয়ই আল্লাহ অতি ক্ষমাপরায়ন ও মেহেরবান।

⑮ إِنَّمَا الْمُؤْمِنُونَ الَّذِينَ اٰمَنُوا بِاللّٰهِ وَرَسُولِهِ ثُمَّ لَمْ يَرْتَابُوا وَجٰهَدُوا

১৫। ইন্নামাল্ মু'মিনূনাল্ লাযীনা আ-মানূ বিল্লা-হি ওয়া রাসূলিহী ছুম্মা লাম্ ইয়ার্‌তা-বূ ওয়া জ্বা-হাদূ
(১৫) মুমিনতো তারা, যারা আল্লাহ ও তাঁর রাসূলের প্রতি ঈমান আনে, অতঃপর (ঈমানের ব্যাপারে) সন্দেহ পোষণ করে না এবং

بِأَمْوَالِهِمْ وَأَنْفُسِهِمْ فِي سَبِيلِ اللّٰهِ ۚ أُولٰٓئِكَ هُمُ الصّٰدِقُونَ ⑯ قُلْ أَتُعَلِّمُونَ

বিআম্‌ওয়া- লিহিম ওয়া আন্‌ফুসিহিম্ ফী সাবীলিল্লা-হি ; উলা—ইকা হুমুস্ব স্বা-দিকূন। ১৬। কুল্ আতু'আল্লিমূনাল
তাদের ধনসম্পদ ও জীবন দিয়ে, আল্লাহর পথে জিহাদ করে। তারাই (ঈমানের দাবীতে) সত্যবাদী। (১৬) আপনি বলুন, তোমরা কি

اللّٰهَ بِدِينِكُمْ ۖ وَاللّٰهُ يَعْلَمُ مَا فِي السَّمٰوٰتِ وَمَا فِي الْأَرْضِ ۚ وَاللّٰهُ بِكُلِّ

লা-হা বিদীনিকুম ; ওয়াল্লা-হু ই'য়ালামু মা-ফিস্ সামা-ওয়া-তি ওয়ামা- ফিল্ আর্‌দ্বি ; ওয়াল্লা-হু বিকুল্লি
তোমাদের দ্বীনদারী সম্পর্কে আল্লাহকে অবগত করছ? অথচ আল্লাহ খুব জানেন, আকাশমন্ডলী ও পৃথিবীতে যা কিছু রয়েছে সব বিষয়। আল্লাহ সর্ব বিষয়ে

شَيْءٍ عَلِيمٌ ⑰ يَمُنُّونَ عَلَيْكَ أَنْ أَسْلَمُوا ۖ قُلْ لَّا تَمُنُّوا عَلَيَّ إِسْلَامَكُمْ ۚ

শাইয়িন্ 'আলীম। ১৭। ইয়ামুন্‌নূনা 'আলাইকা আন্ আস্‌লামূ ; কুল্ লা-তামুন্‌নূ 'আলাইয়্যা ইস্‌লা-মাকুম্,
সর্বজ্ঞাত। (১৭) তাদের ধারণা তারা ইসলাম কবুল করে; আপনার প্রতি অনুগ্রহ করেছে, বলুন, তোমরা তোমাদের ইসলাম গ্রহণ দ্বারা আমার প্রতি অনুগ্রহ করনি;

بَلِ اللّٰهُ يَمُنُّ عَلَيْكُمْ أَنْ هَدٰىكُمْ لِلْإِيمَانِ إِنْ كُنْتُمْ صٰدِقِينَ ⑱ إِنَّ

বালিল্লা-হু ইয়ামুন্‌নু 'আলাইকুম্ আন্ হাদা-কুম্ লিল্‌ঈমা-নি ইন্ কুন্‌তুম্ স্বা-দিক্বীন। ১৮। ইন্নাল
বরং আল্লাহ তোমাদেরকে ঈমানের দিকে পথ প্রদর্শন করতঃ তোমাদের প্রতি অনুগ্রহ করেছেন। যদি তোমরা সত্যবাদী হও। (১৮) নিশ্চয়ই

○ বিশ্লেষণ (আঃ ১৪) ঃ قالت الاعراب - কতিপয় তফসীরকারদের মতে, 'আরব গ্রামবাসী' দ্বারা বনূ আসাদ এবং খাযীমা গোত্রের মুনাফিকদেরকে বুঝান হয়েছে। যারা দুর্ভিক্ষের সময়, শুধু দান সদকা আদায়ের জন্য মুসলমান বলে দাবী করত। কিন্তু তাদের অন্তরে ঈমান নেই। (ফতহুল কাদীর) ইমাম ইবন কাসীরের মতে, আরব গ্রামবাসী দ্বারা তাদেরকে বুঝান হয়েছে, যারা নওমুসলিম এবং এখন পর্যন্ত তাদের অন্তরে ঈমান মজবুত হয়নি। কিন্তু তারা ঈমানের দাবীতে অগ্রগামী ছিল। যে প্রেক্ষিতে তাদেরকে এ উপদেশ দেয়া হয়েছে যে, প্রথম অবস্থায়ই ঈমানের পূর্ণতায় পৌঁছার দাবী করা ঠিক নয়; বরং ক্রমে ক্রমে ঈমানের পূর্ণতায় পৌঁছবে। (কুঃ কারীম)

اللّٰهَ يَعْلَمُ غَيْبَ السَّمٰوٰتِ وَالْأَرْضِ ۚ وَاللّٰهُ بَصِيرٌ بِمَا تَعْمَلُونَ ○

লা-হা ই'য়ালামু গাইবাস্ সামা-ওয়া-তি ওয়াল্ আরদ্বি; ওয়াল্লা-হু বাস্বীরুম্ বিমা-'তামালূন।
আল্লাহ, আকাশমন্ডলী ও পৃথিবীর গোপন বিষয় সম্পর্কে অবগত আছেন। তোমাদের সব কৃত কর্ম আল্লাহ ভালভাবে দেখেন।

সূরা ক্বা-ফ
মক্কী

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيمِ ○

বিসমিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম
পরম দাতা ও দয়ালু আল্লাহর নামে শুরু করছি

আয়াত ঃ ৪৫
রুকূ ঃ ৩

ق ۚ وَالْقُرْاٰنِ الْمَجِيدِ ① بَلْ عَجِبُوٓا أَنْ جَآءَهُمْ مُنْذِرٌ مِنْهُمْ فَقَالَ

১। ক্বা—ফ্ ; ওয়াল্ কুরআ-নিল্ মাজ্বীদ্। ২। বাল্ 'আজ্বিবূ~আন্ জ্বা—আহুম্ মুন্‌যিরুম্ মিন্‌হুম্ ফাক্বা-লাল্
(১) ক্বা-ফ; মহান কুরআনের শপথ। (২) কিন্তু তাদের মাঝে একজন সতর্ককারী আসছে দেখে আশ্চর্যান্বিত হয়েছে।

الْكٰفِرُونَ هٰذَا شَيْءٌ عَجِيبٌ ② أَءِذَا مِتْنَا وَكُنَّا تُرَابًا ۚ ذٰلِكَ رَجْعٌ بَعِيدٌ ③ قَدْ

কা-ফিরূনা হা-যা- শাইউন্ 'আজ্বীব্। ৩। আইযা- মিত্‌না- ওয়াকুন্না- তুরা-বান্, যা-লিকা রাজ্‌'উম বা'ঈদ। ৪। ক্বাদ্
কাফেরেরা বলে, এ তো আশ্চর্যজনক বিষয়! (৩) যখন আমরা মারা যাব এবং মাটি হয়ে যাব, এর পরেও কি পুনরুত্থিত হব? প্রত্যাবর্তন হওয়া অসম্ভব! (৪) (আল্লাহ বলেন)

عَلِمْنَا مَا تَنْقُصُ الْأَرْضُ مِنْهُمْ ۚ وَعِنْدَنَا كِتٰبٌ حَفِيظٌ ④ بَلْ كَذَّبُوا بِالْحَقِّ

'আলিম্‌না- মা- তান্‌কুস্বুল্ আর্‌দ্বু মিন্‌হুম, ওয়া 'ইন্‌দানা- কিতা-বুন্ হ্বাফীজ। ৫। বাল্ কায্‌যাবূ বিল্‌হ্বাক্কি
আমিতো জানি মাটি কতটুকু ধ্বংস করে তাদের শরীরের অংশগুলোকে এবং আমার কাছে রয়েছে সংরক্ষক কিতাব। (৫) বরং যখন তাদের কাছে সত্য বিষয়

لَمَّا جَآءَهُمْ فَهُمْ فِيٓ أَمْرٍ مَرِيجٍ ⑤ أَفَلَمْ يَنْظُرُوٓا إِلَى السَّمَآءِ فَوْقَهُمْ كَيْفَ

লাম্মা- জ্বা—আহুম ফাহুম ফী~আম্‌রীম্ মারিজ্ব। ৬। আফালাম্ ইয়ান্‌জুরূ~ইলাস্ সামা—ই ফাওক্বাহুম কাইফা
এসেছে তখন তারা তা অবিশ্বাস করেছে। ফলে তারা জটিলতায় পড়ে গেছে। (৬) তারা কি তাদের উপর আকাশের দিকে দৃষ্টি করেনা? আমি তা কিভাবে

بَنَيْنٰهَا وَزَيَّنّٰهَا وَمَا لَهَا مِنْ فُرُوجٍ ⑥ وَالْأَرْضَ مَدَدْنٰهَا وَأَلْقَيْنَا فِيهَا رَوَاسِيَ

বানাইনা-হা- ওয়া যাইয়্যান্না-হা- ওয়ামা- লাহা- মিন্ ফুরূজ্ব। ৭। ওয়াল্ আর্‌দ্বা মাদাদ্‌না-হা- ওয়া আলক্বাইনা- ফীহা- রাওয়া-সিয়া
সৃষ্টি করেছি এবং কত সৌন্দর্য দান করেছি এবং তাতে কোন ফাটলও নেই। (৭) আর আমি যমীনকে করেছি প্রসারিত এবং তার ওপর পাহাড়গুলো স্থাপন করেছি,

وَأَنْبَتْنَا فِيهَا مِنْ كُلِّ زَوْجٍ بَهِيجٍ ⑦ تَبْصِرَةً وَذِكْرٰى لِكُلِّ عَبْدٍ مُنِيبٍ ○

ওয়া আম্‌বাত্‌না- ফীহা- মিন্ কুল্লি যাওজ্বিম্ বাহীজ্ব। ৮। তাব্‌স্বিরাতাওঁ ওয়াযিক্‌রা- লিকুল্লি 'আব্‌দিম্ মুনীব।
এবং আমি যমীনে উৎপন্ন করেছি প্রতিটি ধরনের মনোরম উদ্ভিজ্জ (৮) প্রত্যেক আল্লাহ অভিমুখী বান্দার জন্য ও উপদেশ স্বরূপ।

○ সূরা ক্বাফ-এর শানে নুযূল ঃ রাসূলুল্লাহ (স) ঈদের নামাজে সূরায়ে ক্বাফ পাঠ করতেন। ইমাম ইবন কাসীর (রহ) বলেন, দু-ঈদ এবং জুমার নামাজে এ সূরা পাঠের তাৎপর্য হচ্ছে, তিনি (স) বড় জামাতে এ সূরা পাঠ করতেন। কেননা, এ সূরায় সৃষ্টির সূচনা, পুনরুত্থান, হাশর, হিসাব-নিকাশ, জান্নাত, জাহান্নাম, সওয়াব এবং শাস্তির বর্ণনা রয়েছে।

○ বিশ্লেষণ (আঃ ৫) ঃ كذبوا بالحق - এখানে 'সত্য কথা' দ্বারা কুরআন ইসলাম অথবা রাসূলুল্লাহ (স) নবুওয়াতকে বুঝান হয়েছে। فى امر مريج - অর্থাৎ তারা (কাফিরেরা) রাসূল (স) সম্পর্কে মন্তব্য করতে জটিলতায় (সমস্যায়) পড়ে গেছে। কখনও তারা, তাঁকে যাদুকর, কখনও কবি, কখনও গণক বলে। (অর্থাৎ সত্য আসার পরে তারা রাসূল (স) সম্পর্কে সিদ্ধান্তহীনতায় (পেরেশানীতে) ভুগছে। (কুঃ কারীম)

۝ ونزلنا من السماء ماء مبركا فانبتنا به جنت وحب الحصيد ۝ والنخل

৯। ওয়া নায্‌যাল্‌না- মিনাস্ সামা—ই মা—আম্ মুবা-রাকান্ ফাআম্‌বাত্‌না- বিহী জ্বান্না-তিওঁ ওয়াহ্বাব্বাল্ হ্বাস্বীদ। ১০। ওয়ান্ নাখ্‌লা
(৯) আমি আকাশ হতে কল্যাণকর বৃষ্টি বর্ষণ করি এবং তার দ্বারা আমি উৎপন্ন করি বাগান এবং সংগৃহীত ফসল। (১০) এবং উঁচু খেজুর বৃক্ষ,

بسقت لها طلع نضيد ۝ رزقا للعباد واحيينا به بلدة ميتا كذلك

বা-সিক্বা-তিল্লাহা- ত্বাল্'উন নাদ্বীদ্। ১১। রিয্‌ক্বাল্ লিল্'ইবা-দি, ওয়া আহ্বইয়াইনা- বিহী বাল্‌দাতাম্ মাইতান্ ; কাযা-লিকাল্
যার শীর্ষে রয়েছে গুচ্ছ খেজুর। (১১) বান্দাগণের রিযিকের জন্য পানি দ্বারা এবং তাদ্বারা আমি জীবিত করি মৃত যমীনকে। অনুরূপভাবেই (কবর থেকে)

الخروج ۝ كذبت قبلهم قوم نوح واصحب الرس وثمود ۝ وعاد

খুরূজ্ব। ১২। কায্‌যাবাত্ ক্বাব্‌লাহুম ক্বাওমু নূহিওঁ ওয়া আস্বহ্বা-বুর রাস্‌সি ওয়া ছামূদ্। ১৩। ওয়া 'আ-দুওঁ
বের করা হবে। (১২) তাদের পূর্বেও অবিশ্বাস করেছিল নূহের সম্প্রদায়, কূপবাসীরা ও সামূদ সম্প্রদায় (১৩) এবং আদ,

وفرعون واخوان لوط ۝ واصحب الايكة وقوم تبع كل كذب الرسل

ওয়া ফির্'আওনু ওয়া ইখ্‌ওয়া-নু লূত্ব। ১৪। ওয়া আস্বহ্বা-বুল্ আইকাতি ওয়া ক্বাওমু তুব্বা'ইন ; কুল্লুন্ কায্‌যাবার রুসুলা
✪ শানে নুযূল (আঃ ১১) ঃ হুযূর (স) বনু নযীরকে বলে পাঠালেন, তোমরা সন্ধি ভঙ্গ করেছ, দশ দিনের মধ্যে দেশ ত্যাগ কর, অন্যথায় হত্যা করা হবে। তারা দেশ ত্যাগে প্রস্তুত হয়ে গেল। মুনাফেকরা তাদেরকে বলে পাঠাল, তোমরা যেও না, আমরা দুই হাজার লোক তোমাদের জন্য প্রাণ দিতে প্রস্তুত। ইহুদীরা এই আশ্বাস পেয়ে হুযূর (স)-কে বলে পাঠালো, আমরা দেশ ত্যাগ করব না, আপনি যা পারেন করুন। হুযূর (স) সাহাবীদেরকে নিয়ে তাদের ওপর চড়াও হলেন। তারা দুর্গে আশ্রয় নিল। হুযূর (স) তাদের বেষ্টন করে তাদের বাগানগুলো পুড়িয়ে দিলেন, অগত্যা তারা দেশ ত্যাগ করতে বাধ্য হল। মুনাফেকরা আত্মগোপন করে রইল, তাদের সাহায্যার্থে কোন মুনাফেকই অগ্রসর হল না। এ আয়াতগুলোতে তাই বর্ণিত হয়েছে। (বঃ কোঃ)

الَّذِيْنَ مِنْ قَبْلِهِمْ قَرِيْبًا ذَاقُوْا وَبَالَ اَمْرِهِمْ ۚ وَلَهُمْ عَذَابٌ اَلِيْمٌ ﴿١٥﴾ كَمَثَلِ

লাযীনা মিন ক্বাব্লিহিম ক্বারীবান যা-ক্বূ ওয়া বা-লা আমরিহিম, ওয়া লাহুম 'আযা-বুন আলীম। ১৬। কামাছালিশ্
তারা, যারা তাদের ঠিক পূর্বক্ষণে তাদের নিজ কর্মের শাস্তি ভোগ করেছে। তাদের জন্য রয়েছে যন্ত্রণাদায়ক শাস্তি। (১৬) তাদের (মুনাফিকদের)

الشَّيْطٰنِ اِذْ قَالَ لِلْاِنْسَانِ اكْفُرْ ۚ فَلَمَّا كَفَرَ قَالَ اِنِّيْ بَرِيْٓءٌ مِّنْكَ اِنِّيْٓ

শাইত্বা-নি ইয্ ক্বা-লা লিল্ ইন্সা-নিক্ফুর, ফালাম্মা- কাফারা ক্বা-লা ইন্নী বারী—উম মিন্কা ইন্নী~
দৃষ্টান্ত শয়তান যখন সে মানুষকে বলে তুমি কুফরী কর, অতঃপর যখন সে কুফরী করে, তখন সে (শয়তান) বলে, আমি তোমার থেকে বিচ্ছিন্ন, নিশ্চয়ই আমি

اَخَافُ اللّٰهَ رَبَّ الْعٰلَمِيْنَ ﴿١٦﴾ فَكَانَ عَاقِبَتَهُمَآ اَنَّهُمَا فِي النَّارِ خَالِدَيْنِ

আখা-ফুল্লা-হা রাব্বাল 'আ-লামীন। ১৭। ফাকা-না 'আ-ক্বিবাতাহুমা~আন্নাহুমা- ফিন্ না-রি খা-লিদাইনি
আল্লাহকে ভয় করি, যিনি সারাজাহানের প্রতিপালক। (১৭) ফলে উভয়ের পরিণাম (শাস্তি) হবে জাহান্নাম, যেখানে তারা চিরদিন পড়ে

فِيْهَا ؕ وَذٰلِكَ جَزٰٓؤُا الظّٰلِمِيْنَ ﴿١٧﴾ يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوا اتَّقُوا اللّٰهَ وَلْتَنْظُرْ نَفْسٌ

ফীহা-; ওয়া যা-লিকা জ্বাযা—উজ জা-লিমীন। ১৮। ইয়া~ আইয়্যুহাল্ লাযীনা আ-মানুত্ তাক্বুল্লা-হা ওয়াল্তান্জুর নাফ্সুম
থাকবে; এবং পাপিষ্ঠদের প্রতিফল এটাই। (১৮) হে মুমিনগণ! আল্লাহকে ভয় কর এবং সবার চিন্তা করে দেখা উচিত যে, সে আগামী দিনের (কিয়ামতের)

২ ع ৯ ৫ রুকূ

مَّا قَدَّمَتْ لِغَدٍ ۚ وَاتَّقُوا اللّٰهَ ؕ اِنَّ اللّٰهَ خَبِيْرٌۢ بِمَا تَعْمَلُوْنَ ﴿١٨﴾ وَلَا تَكُوْنُوْا

মা- ক্বাদ্দামাত্ লিগাদিন, ওয়াত্ তাক্বুল্লা-হা ; ইন্নাল্লা-হা খাবীরুম বিমা- তা'মালূন। ১৯। ওয়ালা- তাকূনূ
জন্য কি পাঠিয়েছে; আর আল্লাহকে ভয় কর, নিশ্চয়ই আল্লাহ তোমাদের কৃতকর্ম সম্পর্কে খুবই অবগত। (১৯) তোমরা সে সব লোকদের

كَالَّذِيْنَ نَسُوا اللّٰهَ فَاَنْسٰىهُمْ اَنْفُسَهُمْ ؕ اُولٰٓئِكَ هُمُ الْفٰسِقُوْنَ ﴿١٩﴾ لَا يَسْتَوِيْٓ

কাল্লাযীনা নাসুল্লা-হা ফাআন্সা-হুম আন্ফুসাহুম ; উলা—ইকা হুমুল ফা-সিকূন। ২০। লা- ইয়াস্তাওয়ী~
মত হয়ো না, যারা আল্লাহকে ভুলেছে, ফলে আল্লাহ ও তাদেরকে তাদের নিজেদের সম্পর্কে ভুলিয়ে দিয়েছেন; আর এরাই হল পাপিষ্ঠ। (২০) কখনই

اَصْحٰبُ النَّارِ وَاَصْحٰبُ الْجَنَّةِ ؕ اَصْحٰبُ الْجَنَّةِ هُمُ الْفَآئِزُوْنَ ﴿٢٠﴾ لَوْ اَنْزَلْنَا

আস্বহা-বুন্ না-রি ওয়া আস্বহা-বুল্ জান্নাতি ; আস্বহা-বুল জান্নাতি হুমুল ফা—ইযূন। ২১। লাও আন্যাল্না-
সমান নহে জাহান্নামবাসী এবং জান্নাতবাসী। জান্নাতবাসীরাই সফলকাম। (২১) আমি যদি

هٰذَا الْقُرْاٰنَ عَلٰى جَبَلٍ لَّرَاَيْتَهٗ خَاشِعًا مُّتَصَدِّعًا مِّنْ خَشْيَةِ اللّٰهِ ؕ وَتِلْكَ

হা-যাল্ কুরআ-না 'আলা- জ্বাবালিল্ লারাআইতাহূ খা-শি'আম্ মুতাস্বাদ্দি'আম্ মিন্ খাশইয়াতিল্লা-হি ; ওয়া তিল্কাল্
এ কু'আন অবতীর্ণ করতাম পাহাড়ের ওপর, তবে আপনি দেখতেন যে, আল্লাহর ভয়ে পাহাড় বিনয়ী হয়ে ফেটে যেত এবং এ

○ টীকা। (আঃ ১৫) ঃ অর্থাৎ, বনু নযীর গোত্রের ইহুদীদের দৃষ্টান্ত তাদের পূর্ববর্তী 'বনু কাইনুকা' গোত্রের ইহুদীদের ন্যায়। কেননা, উভয় গোত্রই পৃথিবীতেও অপদস্থ হয়েছে এবং পরলোকেও যন্ত্রণাময় শাস্তি ভোগ করবে। বনু কাইনুকার ঘটনা এরূপ ঃ বদরের যুদ্ধের পরে তারা সন্ধি ভঙ্গ করে হুযূর (স)-এর সাথে যুদ্ধে প্রবৃত্ত হয়েছিল এবং পরাজিত হয়ে মুসলমানদের হাতে বন্দি হয়েছিল। অতঃপর তারা ফিলিস্তীনের দিকে নির্বাসিত হয়েছিল। (বঃ কোঃ) ○ টীকা (আঃ ১৬) ঃ আর মুনাফেকদের দৃষ্টান্ত শয়তানের ন্যায়। শয়তান যেমন মানুষকে প্ররোচিত করে, কিন্তু যথাসময়ে তারা কোন কাজে আসে না, তদ্রূপ মুনাফেকরাও প্রথমে বনু নযীর গোত্রকে কুপরামর্শ দিল, কিন্তু কাজের সময় তাদের সাথে বিশ্বাসঘাতকতা করল। পরিণামে উভয়ে বিপদে পতিত হল। (বঃ কোঃ)

الْاَمْثَالُ نَضْرِبُهَا لِلنَّاسِ لَعَلَّهُمْ يَتَفَكَّرُوْنَ ﴿٢١﴾ هُوَ اللّٰهُ الَّذِيْ لَآ اِلٰهَ اِلَّا

আম্ছা-লু নাদ্বরিবুহা- লিন্না-সি লা'আল্লাহুম ইয়াতাফাক্কারূন। ২২। হুওয়াল্লা-হুল্ লাযী লা~ইলা-হা ইল্লা-
দৃষ্টান্ত আমি মানুষের জন্য প্রকাশ করি, যাতে তারা চিন্তা করে। (২২) তিনিই আল্লাহ, যিনি ছাড়া আর কোন মাবুদ

هُوَ ۚ عٰلِمُ الْغَيْبِ وَالشَّهَادَةِ ۚ هُوَ الرَّحْمٰنُ الرَّحِيْمُ ﴿٢٢﴾ هُوَ اللّٰهُ الَّذِيْ لَآ اِلٰهَ

হুওয়া, 'আ-লিমুল্ গাইবি ওয়াশ্শাহা-দাতি, হুওয়ার্ রাহ্মা-নুর্ রাহীম। ২৩। হুওয়াল্লা-হুল্ লাযী লা~ইলা-হা
নেই, তিনি অদৃশ্য (বস্তু) ও প্রকাশ্য (বস্তুর) জ্ঞানী। তিনি করুণাময়, দয়ালু। (২৩) তিনিই আল্লাহ, তিনি ছাড়া কোন মাবুদ নেই। তিনিই

اِلَّا هُوَ ۚ اَلْمَلِكُ الْقُدُّوْسُ السَّلٰمُ الْمُؤْمِنُ الْمُهَيْمِنُ الْعَزِيْزُ الْجَبَّارُ الْمُتَكَبِّرُ ؕ

ইল্লা- হুওয়া, আল্মালিকুল্ কুদ্দূসুস্ সালা-মুল্ মু'মিনুল মুহাইমিনুল্ 'আযীযুল্ জ্বাব্বা-রুল্ মুতাকাব্বিরু ;
বাদশাহ, তিনিই (সব ত্রুটি হতে) পবিত্র, তিনিই শান্তি দাতা, তিনিই নিরাপত্তা প্রদানকারী, তিনিই রক্ষক। তিনিই মহা প্রভাবশালী, তিনিই শক্তিশালী, তিনি মর্যাদাবান।

سُبْحٰنَ اللّٰهِ عَمَّا يُشْرِكُوْنَ ﴿٢٣﴾ هُوَ اللّٰهُ الْخَالِقُ الْبَارِئُ الْمُصَوِّرُ لَهُ الْاَسْمَآءُ

সুবহা-নাল্লাহি 'আম্মা- ইউশ্রিকূন। ২৪। হুওয়াল্লা-হুল্ খা-লিকুল্ বা-রিউল্ মুস্বাওয়্যিরু লাহুল্ আস্মা—উল
তিনি অতি পবিত্র, তারা (অবিশ্বাসীরা) যা শরীক করে, তা থেকে। (২৪) তিনিই আল্লাহ স্রষ্টা, সু-গঠনকারী, আকৃতি গঠনকারী। সুন্দর নামগুলো

৩ ع ৭ ৬ রুকূ

الْحُسْنٰى ؕ يُسَبِّحُ لَهٗ مَا فِي السَّمٰوٰتِ وَالْاَرْضِ ۚ وَهُوَ الْعَزِيْزُ الْحَكِيْمُ ﴿٢٤﴾

হুস্না-; ইউসাব্বিহু লাহূ মা- ফিস্ সামা-ওয়া-তি ওয়াল্ আরদ্বি, ওয়া হুওয়াল্ 'আযীযুল্ হাকীম।
তাঁর জন্যই নির্দিষ্ট। আকাশমণ্ডলী ও পৃথিবীতে যা আছে সবই তাঁর তাসবীহ (পবিত্রতা) বর্ণনা করে। তিনিই মহা প্রভাবশালী মহাবিজ্ঞ।

সূরা মুমতাহিনা
মাদানী

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

বিসমিল্লা-হির রাহ্মা-নির রাহীম
পরম দাতা ও দয়ালু আল্লাহর নামে শুরু করছি

আয়াত ঃ ১৩
রুকূ ঃ ২

يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْا لَا تَتَّخِذُوْا عَدُوِّيْ وَعَدُوَّكُمْ اَوْلِيَآءَ تُلْقُوْنَ اِلَيْهِمْ ﴿١﴾

১। ইয়া~আয়্যুহাল্লাযীনা আ-মানূ লা- তাত্তাখিযূ 'আদুওয়্যী ওয়া 'আদুওয়্যাকুম আওলিয়া—আ তুলকূনা ইলাইহিম্
(১) হে মুমিনগণ! আমার শত্রু এবং তোমাদের শত্রুদেরকে বন্ধু হিসেবে গ্রহণ করনা, তোমরা তাদের কাছে বন্ধুত্বের জন্য প্রস্তাব পাঠাচ্ছ,

بِالْمَوَدَّةِ وَقَدْ كَفَرُوْا بِمَا جَآءَكُمْ مِّنَ الْحَقِّ ۚ يُخْرِجُوْنَ الرَّسُوْلَ وَاِيَّاكُمْ

বিল্মাওয়াদ্দাতি ওয়া ক্বাদ্ কাফারূ বিমা- জ্বা—আকুম মিনাল্ হাক্ক্বি ; ইউখ্রিজূনার রাসূলা ওয়া ইয়্যা-কুম
অথচ তোমাদের কাছে যে সত্য কুরআন এসে পৌঁছেছে, তা তারা অস্বীকার করেছে। রাসূলকে এবং তোমাদেরকে, (দেশ থেকে) বের করে দিয়েছে, কারণ,

○ টীকা (আঃ ১) ঃ এ আয়াত সংশ্লিষ্ট ঘটনা এই যে, যখন রাসূল (স) মক্কা আক্রমণের সিদ্ধান্ত করেন, তখন হাতেব নামক ইয়ামনবাসী জনৈক সাহাবী, মক্কাবাসীগণের নামে তৎসম্পর্কে এক পত্র লিখে জনৈক বৃদ্ধার মারফত তা পৌঁছাতে চেষ্টা করেন। বৃদ্ধা রওয়ানা হলে রাসূল (স) অহীর দ্বারা তা জ্ঞাত হন ও পত্রখানা উদ্ধারের জন্য হযরত আলীকে প্রেরণ করেন। তিনি বৃদ্ধার নিকট হতে তা উদ্ধার করে আনেন। তৎসম্পর্কে জিজ্ঞাসিত হলে হাতেব বলেন যে, তা তাঁরই লিখিত। তবে ইসলামের শত্রুতার উদ্দেশ্যে তা লিখিত হয়নি, বরং লিখিত হয়েছে স্বীয় পরিবারের নিরাপত্তার জন্যই। কারণ তিনি ইয়ামনের লোক কিন্তু তাঁর পরিবারবর্গ মক্কায়; তথায় তাঁর কোন আত্মীয়-স্বজন নেই। এ পত্রখানা পেলে মক্কাবাসীগণ কৃতজ্ঞতাবশে তাঁর পরিবারবর্গকে হয়ত রক্ষা করবে; পক্ষান্তরে ইসলাম তো বিজয়ী হবেই- এটাই ছিল তাঁর সুনিশ্চিত ধারণা। এতে হযরত ওমর (রা) সন্তুষ্ট হতে পারলেন না; তিনি হাতেবকে হত্যার অনুমতি চাইলেন। তখন রাসূল (স) বললেন, "হাতেব বদর যোদ্ধা। আল্লাহ বদরের যোদ্ধাগণকে মাফ করেছেন।" (বঃ কোঃ)

أَنْ تُؤْمِنُوا بِاللَّهِ رَبِّكُمْ ۚ إِنْ كُنْتُمْ خَرَجْتُمْ جِهَادًا فِي سَبِيلِي وَابْتِغَاءَ

আন্ তু'মিনূ বিল্লা-হি রাব্বিকুম ; ইন্ কুন্তুম খারাজ্তুম জিহা-দান্ ফী- সাবীলী ওয়াব্ তিগা—আ

তোমরা তোমাদের প্রতিপালক আল্লাহর প্রতি ঈমান রাখ। যদি তোমরা আমার রাস্তায় বের হয়ে থাক, যুদ্ধের উদ্দেশ্যে এবং আমার

مَرْضَاتِي ۚ تُسِرُّونَ إِلَيْهِمْ بِالْمَوَدَّةِ وَأَنَا أَعْلَمُ بِمَا أَخْفَيْتُمْ وَمَا أَعْلَنْتُمْ ۚ

মারদ্বা-তী, তুসির্রূনা ইলাইহিম বিল্মাওয়াদ্দাতি ওয়া আনা 'আলামু বিমা~আখ্ফাইতুম ওয়ামা~আ'লান্তুম ;

সন্তুষ্টি কামনায়, তবে কেন গোপনে তাদের প্রতি বন্ধুত্বের প্রস্তাব পাঠাচ্ছ? তোমরা যা গোপন কর এবং যা প্রকাশ কর সব কিছুই আমি জানি।

وَمَنْ يَفْعَلْهُ مِنْكُمْ فَقَدْ ضَلَّ سَوَاءَ السَّبِيلِ ۝١ إِنْ يَثْقَفُوكُمْ يَكُونُوا لَكُمْ

ওয়া মাই ইয়াফ্'আল্হু মিন্কুম ফাক্বাদ্ দ্বাল্লা সাওয়া—আস্ সাবীল। ১। ই ইয়াছ্ক্বাফূকুম ইয়াকূনূ লাকুম

যে ব্যক্তি তোমাদের মধ্যে এ ধরনের কাজ করবে, তবে সে সঠিক (সত্য) পথ হতে বিভ্রান্ত হয়। (১) যদি তারা তোমাদের নাগাল পায়, তবে

أَعْدَاءً وَيَبْسُطُوا إِلَيْكُمْ أَيْدِيَهُمْ وَأَلْسِنَتَهُمْ بِالسُّوءِ وَوَدُّوا لَوْ تَكْفُرُونَ ۝٢

আ'দা—আও ওয়া ইয়াব্সুতূ~ইলাইকুম আইদিয়াহুম ওয়া আল্সিনাতাহুম বিস্সূ—ই ওয়া ওয়াদ্দূ লাও তাক্ফুরূন।

তারা হবে তোমাদের শত্রু এবং তাদের হাত এবং তাদের কথা দ্বারা তোমাদের ওপর নিপীড়ন চালাবে এবং কামনা করবে যে, তোমরাও কাফির হয়ে যাও।

لَنْ تَنْفَعَكُمْ أَرْحَامُكُمْ وَلَا أَوْلَادُكُمْ ۚ يَوْمَ الْقِيَامَةِ ۚ يَفْصِلُ بَيْنَكُمْ ۚ وَاللَّهُ

৩। লান্ তান্ফা'আকুম আরহ্বা-মুকুম ওয়ালা~আওলা-দুকুম, ইয়াওমাল্ ক্বিয়া-মাতি, ইয়াফ্স্বিলু বাইনাকুম ; ওয়াল্লা-হু

(৩) তোমাদের আত্মীয়-স্বজন, তোমাদের সন্তান-সন্ততি কিয়ামতের দিন কোনই উপকারে আসবে না, আল্লাহ তোমাদের মাঝে ফয়সালা করে দিবেন, তোমরা

بِمَا تَعْمَلُونَ بَصِيرٌ ۝٣ قَدْ كَانَتْ لَكُمْ أُسْوَةٌ حَسَنَةٌ فِي إِبْرَاهِيمَ وَالَّذِينَ مَعَهُ ۚ

বিমা- তা'মালূনা বাস্বীর। ৪। ক্বাদ্ কা-নাত্ লাকুম উস্ওয়াতুন হ্বাসানাতুন্ ফী~ইব্রা-হীমা ওয়াল্লাযীনা মা'আহূ,

যা কর তিনি তা দেখেন। (৪) ইব্রাহীম ও তার সাথীদের মধ্যেই রয়েছে তোমাদের জন্য (অনুকরণীয়) উত্তম নমুনা, যখন তারা তাদের সম্প্রদায়কে বলল,

إِذْ قَالُوا لِقَوْمِهِمْ إِنَّا بُرَآءُ مِنْكُمْ وَمِمَّا تَعْبُدُونَ مِنْ دُونِ اللَّهِ كَفَرْنَا بِكُمْ

ইয ক্বা-লূ লিক্বাওমিহিম ইন্না- বুরাআ—উ মিন্কুম ওয়া মিম্মা-তা'বুদূনা মিন্ দূনিল্লা-হি, কাফার্না- বিকুম

আমরা তোমাদের এবং তোমরা আল্লাহ ছাড়া যার ইবাদাত কর তার থেকে বিচ্ছিন্ন (তাদের সাথে কোনই সম্পর্ক নেই)। আমরা তোমাদের অস্বীকারকারী,

وَبَدَا بَيْنَنَا وَبَيْنَكُمُ الْعَدَاوَةُ وَالْبَغْضَاءُ أَبَدًا حَتَّىٰ تُؤْمِنُوا بِاللَّهِ وَحْدَهُ

ওয়া বাদা- বাইনানা- ওয়া বাইনাকুমুল 'আদা-ওয়াতু ওয়াল্ বাগ্দা—উ আবাদান্ হ্বাত্তা- তু'মিনূ বিল্লা-হি ওয়াহ্বদাহূ~

আমাদের মাঝে ও তোমাদের মাঝে স্থায়ীভাবে স্পষ্ট হয়ে গেল শত্রুতা এবং বিদ্বেষ, যে পর্যন্ত তোমরা এক আল্লাহর প্রতি ঈমান না আন।

إِلَّا قَوْلَ إِبْرَاهِيمَ لِأَبِيهِ لَأَسْتَغْفِرَنَّ لَكَ وَمَا أَمْلِكُ لَكَ مِنَ اللَّهِ مِنْ شَيْءٍ ۚ

ইল্লা- ক্বাওলা ইব্রা-হীমা লিআবীহি লাআস্তাগ্ফিরান্না লাকা ওয়ামা~আম্লিকু লাকা মিনাল্লা-হি মিন্ শাইইন ;

কিন্তু ইব্রাহীমের কথা, তাঁর পিতা সম্পর্কে এভাবে ছিল যে, "আমি অবশ্যই তোমার ব্যাপারে আল্লাহর কাছে ক্ষমা প্রার্থনা করব। আর তোমার ব্যাপারে, আল্লাহর সামনে আমি কোনই ক্ষমতা রাখি না।

رَبَّنَا عَلَيْكَ تَوَكَّلْنَا وَإِلَيْكَ أَنَبْنَا وَإِلَيْكَ الْمَصِيرُ ۝٤ رَبَّنَا لَا تَجْعَلْنَا فِتْنَةً

রাব্বানা-'আলাইকা তাওয়াক্কালনা- ওয়া ইলাইকা আনাব্না- ওয়া ইলাইকাল্ মাছীর। ৫। রাব্বানা- লা- তাজ্'আল্না- ফিত্নাতাল

হে আমার রব! আমি তো তোমার ওপরই ভরসা করি এবং তোমার দিকেই প্রত্যাবর্তন করছি এবং তোমার দিকেই সবার প্রত্যাবর্তন। (৫) হে আমাদের রব! তুমি আমাদেরকে

لِلَّذِينَ كَفَرُوا وَاغْفِرْ لَنَا رَبَّنَا ۚ إِنَّكَ أَنْتَ الْعَزِيزُ الْحَكِيمُ ۝٥ لَقَدْ كَانَ لَكُمْ

লিল্লাযীনা কাফারূ ওয়াগ্ফির্লানা- রাব্বানা-, ইন্নাকা আন্তাল 'আযীযুল হ্বাকীম। ৬। লাক্বাদ্ কা-না লাকুম

কাফিরদের মোকাবেলায় পরীক্ষা কর না, আমাদেরকে ক্ষমা কর, হে আমাদের প্রতিপালক! নিশ্চয়ই তুমি মহাশক্তিশালী বিজ্ঞ। (৬) নিশ্চয়ই তোমাদের জন্য

فِيهِمْ أُسْوَةٌ حَسَنَةٌ لِمَنْ كَانَ يَرْجُو اللَّهَ وَالْيَوْمَ الْآخِرَ ۚ وَمَنْ يَتَوَلَّ فَإِنَّ اللَّهَ

ফীহিম উসওয়াতুন হ্বাসানাতুল লিমান কা-না ইয়ার্জুল্লা-হা ওয়াল্ ইয়াওমাল্ আ-খিরা ; ওয়া মাই ইয়াতাওয়াল্লা ফাইন্নাল্লা-হা

তাদের মধ্যে রয়েছে উত্তম আদর্শ। তোমরা যারা আল্লাহ ও পরকালের (দর্শনের) আশা রাখ, আর যে প্রত্যাখ্যান করবে, (সে জেনে রাখুক) নিশ্চয়ই আল্লাহ

هُوَ الْغَنِيُّ الْحَمِيدُ ۝٦ عَسَى اللَّهُ أَنْ يَجْعَلَ بَيْنَكُمْ وَبَيْنَ الَّذِينَ عَادَيْتُمْ

হুওয়াল গানিয়্যুল্ হ্বামীদ্। ৭। 'আসাল্লা-হু আই ইয়াজ্'আলা বাইনাকুম ওয়া বাইনাল্ লাযীনা 'আ-দাইতুম্;

অমুখাপেক্ষী, প্রশংসিত। (৭) হয়তো আল্লাহ তোমাদের মাঝে এবং তোমাদের শত্রুদের মাঝে বন্ধুত্ব সৃষ্টি করে দিবেন,

مِنْهُمْ مَوَدَّةً ۚ وَاللَّهُ قَدِيرٌ ۚ وَاللَّهُ غَفُورٌ رَحِيمٌ ۝٧ لَا يَنْهَاكُمُ اللَّهُ عَنِ الَّذِينَ

মিন্হুম্ মাওয়াদ্দাতান ; ওয়াল্লা-হু ক্বাদীরুন ; ওয়াল্লা-হু গাফূরুর রাহ্বীম। ৮। লা- ইয়ান্হা-কুমুল্লা-হু 'আনিল্ লাযীনা

আল্লাহ সব কিছু করতে সক্ষম। আল্লাহ ক্ষমাশীল (ও) দয়ালু। (৮) যারা তোমদের সাথে দ্বীনের ব্যাপারে যুদ্ধ করেনি

لَمْ يُقَاتِلُوكُمْ فِي الدِّينِ وَلَمْ يُخْرِجُوكُمْ مِنْ دِيَارِكُمْ أَنْ تَبَرُّوهُمْ

লাম ইউক্বা-তিলূকুম ফিদ্ দীনি ওয়া লাম্ ইউখ্রিজূকুম্ মিন্ দিয়া-রিকুম আন্ তাবার্রূহুম

এবং তোমাদেরকে তোমাদের ঘরবাড়ি থেকে বের করেও দেয়নি, তাদের প্রতি উত্তম আচরণ ও ন্যায় বিচার করতে আল্লাহ তোমাদেরকে

وَتُقْسِطُوا إِلَيْهِمْ ۚ إِنَّ اللَّهَ يُحِبُّ الْمُقْسِطِينَ ۝٨ إِنَّمَا يَنْهَاكُمُ اللَّهُ عَنِ الَّذِينَ

ওয়া তুক্বসিতূ~ইলাইহিম ; ইন্নাল্লা-হা ইউহ্বিব্বুল মুক্বসিত্বীন। ৯। ইন্নামা- ইয়ান্হা-কুমুল্লা-হু 'আনিল্ লাযীনা

নিষেধ করেননি। নিশ্চয়ই আল্লাহ ভালোবাসেন ন্যায় পরায়ণদেরকে। (৯) আল্লাহ তোমাদেরকে শুধু তাদের সাথে বন্ধুত্ব করতে নিষেধ করেছেন,

قَاتَلُوكُمْ فِي الدِّينِ وَأَخْرَجُوكُمْ مِنْ دِيَارِكُمْ وَظَاهَرُوا عَلَىٰ إِخْرَاجِكُمْ أَنْ

ক্বা-তালূকুম ফিদ্ দীনি ওয়া আখ্রাজূকুম্ মিন্ দিয়া-রিকুম ওয়া জা-হারূ 'আলা~ইখ্রা-জিকুম আন্

যারা দ্বীনের ব্যাপারে তোমাদের সাথে যুদ্ধ করেছে, তোমাদেরকে তোমাদের ঘরবাড়ি হতে বের করে দিয়েছে এবং তোমাদের বের করার ব্যাপারে

○ টীকা (আঃ ৫) ঃ অর্থাৎ, আমার এমন অধিকার নাই যে, প্রার্থনা মঞ্জুর করে নিব। অথবা ঈমান আনয়ন না করা সত্ত্বেও তোমাকে শাস্তি হতে রক্ষা করব। মূলতঃ এ ক্ষমা প্রার্থনা করার উদ্দেশ্য ছিল হেদায়াত প্রার্থনা করা। কাজেই এই হেদায়াত প্রার্থনা করার কারণেই ইবরাহীম (আ) কাফের পিতার সাথে সম্পর্ক রেখেছিলেন বলা যায় না। কেননা, হেদায়ত প্রার্থনা তো সকল কাফেরের জন্যই করা যায়। (বঃ কোঃ)

○ টীকা (আঃ ৫) ঃ অর্থাৎ, আমাদের এ সম্পর্ক ছিন্নতার দরুন কাফেররা যেন আমাদের প্রতি অত্যাচার করতে না পারে। (বঃ কোঃ)

○ টীকা (আঃ ৭) ঃ অর্থাৎ, আল্লাহ্ তাদেরকে মুসলমান করে দিতে পারেন, যাতে বর্তমান শত্রুতার পরিবর্তে বন্ধুত্বে পর্যবসিত হয়ে যেতে পারে। ফলতঃ মক্কা বিজয়ের দিন বহু লোক স্বেচ্ছায় ইসলাম গ্রহণ করেছিল। (বঃ কোঃ)

تَوَلَّوْهُمْ ۚ وَمَنْ يَتَوَلَّهُمْ فَأُولَٰئِكَ هُمُ الظَّالِمُونَ ⑩ يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا إِذَا

তাওয়াল্লাওহুম, ওয়া মাই ইয়াতাওয়াল্লাহুম ফাউলা—ইকা হুমুজ্ জা-লিমূন। ১০। ইয়া~আইয়্যুহাল্ লাযীনা আ-মানূ~ইযা-
সহায়তা করেছে। তাদের সাথে যারা বন্ধুত্ব কায়েম করে, তারাতো মহাপাপী। (১০) হে মুমিনগণ! যখন তোমাদের কাছে

جَاءَكُمُ الْمُؤْمِنَاتُ مُهَاجِرَاتٍ فَامْتَحِنُوهُنَّ ۖ اللَّهُ أَعْلَمُ بِإِيمَانِهِنَّ ۖ فَإِنْ

জ্বা—আকুমুল্ মু'মিনা-তু মুহা-জ্বিরা-তিন্ ফাম্তাহ্বিনূহুন্না ; আল্লা-হু আ'লামু বিঈমা-নিহিন্না, ফাইন
কোন মুমিন নারী দেশ ত্যাগ করে চলে আসে, তখন তাদেরকে পরীক্ষা করে নাও; আল্লাহ তাদের ঈমান সম্পর্কে ভালোভাবেই জানেন যদি

عَلِمْتُمُوهُنَّ مُؤْمِنَاتٍ فَلَا تَرْجِعُوهُنَّ إِلَى الْكُفَّارِ ۖ لَا هُنَّ حِلٌّ لَهُمْ وَلَا هُمْ

'আলিম্তুমূহুন্না মু'মিনা-তিন্ ফালা- তার্জ্বি'উহুন্না ইলাল্ কুফ্ফা-রি ; লা-হুন্না হ্বিল্লুল্ লাহুম ওয়ালা-হুম
বুঝ যে, সে মুমিন, তবে তাদেরকে কাফিরের নিকট ফিরিয়ে দিবে না। এ (মুমিন) নারীগণ কাফিরের জন্য বৈধ নয় এবং সে কাফিরেরাও

يَحِلُّونَ لَهُنَّ ۖ وَآتُوهُمْ مَا أَنْفَقُوا ۚ وَلَا جُنَاحَ عَلَيْكُمْ أَنْ تَنْكِحُوهُنَّ إِذَا

ইয়াহ্বিল্লূনা লাহুন্না ; ওয়া আ-তূহুম্ মা~আন্ফাক্বূ ; ওয়ালা- জুনা-হ্বা 'আলাইকুম আন্ তান্কিহ্বূহুন্না ইযা~
তাদের জন্য বৈধ নয়। এবং কাফিরদেরকে দিয়ে দাও তারা যা ব্যয় করেছে। তোমাদের জন্য তাদেরকে বিবাহ করা গুনাহ নয়, যদি

آتَيْتُمُوهُنَّ أُجُورَهُنَّ ۚ وَلَا تُمْسِكُوا بِعِصَمِ الْكَوَافِرِ وَاسْأَلُوا مَا أَنْفَقْتُمْ

আ-তাইতুমূহুন্না উজূরাহুন্না; ওয়ালা- তুমসিকূ বি'ইস্বামিল্ কাওয়া-ফিরি ওয়াস্আলূ মা~আন্ফাক্বতুম
তোমরা তাদেরকে তাদের মহর দিয়ে দাও। তোমরা কাফির স্ত্রীদের সাথে সম্পর্ক কায়েম রেখনা। আর যা তোমরা ব্যয় করেছ তা চেয়ে নিবে

وَلْيَسْأَلُوا مَا أَنْفَقُوا ۚ ذَٰلِكُمْ حُكْمُ اللَّهِ ۖ يَحْكُمُ بَيْنَكُمْ ۚ وَاللَّهُ عَلِيمٌ

ওয়ালইয়াস্আলূ মা~আন্ফাক্বূ ; যা-লিকুম হুক্মুল্লা-হি ; ইয়াহ্বকুমু বাইনাকুম ; ওয়াল্লা-হু 'আলীমুন
এবং কাফিরেরা চেয়ে নিবে যা তারা ব্যয় করেছে। এটা আল্লাহর ফয়সালা। যা তিনি তোমাদের মাঝে ফয়সালা করেন। আল্লাহ মহাজ্ঞানী

حَكِيمٌ ⑩ وَإِنْ فَاتَكُمْ شَيْءٌ مِنْ أَزْوَاجِكُمْ إِلَى الْكُفَّارِ فَعَاقَبْتُمْ فَآتُوا

হ্বাকীম। ১১। ওয়া ইন্ ফা-তাকুম শাইউম্ মিন্ আয্ওয়া-জ্বিকুম ইলাল্ কুফ্ফা-রি ফা'আ-ক্বাব্তুম ফাআ-তুল্
প্রজ্ঞাময়। (১১) আর যদি তোমাদের স্ত্রীদের মধ্যে কেউ কাফিরের কাছে চলে যায় এবং তোমাদের যদি (প্রতিশোধ নেয়ার) সুযোগ

○ টীকা (আঃ ১০) : হোদায়বিয়া সন্ধির একটি শর্ত ছিল এই যে, মুসলমানদের নিকট হতে কেউ কাফেরদের নিকট গেলে তাকে ফেরত দিতে হবে না; পক্ষান্তরে কাফেরদের নিকট হতে কেউ মুসলমানদের কাছে আসলে তাকে ফিরায়ে দিতে হবে। কিন্তু এই শর্ত নারীদের প্রতি যে প্রযোজ্য নয়, তৎসম্পর্কে এ আয়াতটি অবতীর্ণ হয়েছে। এবং পরবর্তী আয়াতসমূহে এতদসংশ্লিষ্ট বিস্তারিত বিবরণ প্রদত্ত হয়েছে। এ আয়াত দ্বারা সন্ধিশর্ত আংশিকভাবে প্রত্যাহৃত হয়েছে– ভঙ্গ করা হয় নাই। কারণ এতে প্রতিপক্ষের সম্মতি ছিল। আর প্রতিপক্ষের সম্মতি নিয়ে সন্ধির ব্যতিক্রম করলে সন্ধি ভঙ্গ হয় না। হোদায়বিয়ার সন্ধিতে মুসলমানদেরকে ফেরৎ দেয়ার একতরফা শর্ত মুসলমানদের পক্ষে প্রথমতঃ ক্ষতিকর মনে হলেও পরে দেখা গেল, তা কাফেরদের পক্ষ হতে বিপরীত হয়েছিল। কারণ ফেরৎযোগ্য মুসলমানগণ মদীনায়ও রইলেন না, মক্কায় গেলেন না– তাঁরা মাঝপথে এক জায়গায় বাস করতে লাগলেন এবং কাফেরদের চলাচলে দারুণ বিঘ্নের সৃষ্টি করলেন। এতে অতিষ্ঠ হয়ে কাফেরগণ হযরতের নিকট উক্ত শর্তটি প্রত্যাহারের আবেদন জানাতে বাধ্য হয়। (বুখারী)

○ শানে নুযূল (আঃ ১১) : যখন পূর্ববর্তী আয়াতটি নাযিল হয়, তখন মুসলমানরা বলেন, আল্লাহ যেহুকুম দিয়েছেন, তাতে আমরা সকলে সন্তুষ্ট। এরপর তাঁদের মধ্যে যাদের অধীনে মুশরিক সত্রী ছিল, তাদেরকে তাঁরা ছেড়ে দেন। হযরত উমর (রা)-এর দুজন মুশরিক স্ত্রী মক্কায় ছিল। এ আয়াত নাযিল হলে তিনি তাদের সাথে সম্পর্কচ্ছেদ করেন। এরই পরপ্রেক্ষিতে এ আয়াত নাযিল হয়েছে। (কুরতুবী)

الَّذِينَ ذَهَبَتْ أَزْوَاجُهُمْ مِثْلَ مَا أَنْفَقُوا ۚ وَاتَّقُوا اللَّهَ الَّذِي أَنْتُمْ بِهِ

লাযীনা যাহাবাত্ আয্ওয়া-জুহুম মিছ্লা মা~আন্ফাক্বূ ; ওয়াত্তাকুল্লা-হাল্ লাযী~আন্তুম বিহী
আসে, তবে যাদের স্ত্রী চলে গেছে, তারা যত ব্যয় করেছে তার সম-পরিমাণ তাদেরকে দিয়ে দাও। আল্লাহকে ভয় কর, যার প্রতি তোমরা

مُؤْمِنُونَ ⑫ يَا أَيُّهَا النَّبِيُّ إِذَا جَاءَكَ الْمُؤْمِنَاتُ يُبَايِعْنَكَ عَلَىٰ أَنْ

মু'মিনূন। ১২। ইয়া~আইয়্যুহান্ নাবিইয়্যু ইযা- জ্বা—আকাল মু'মিনা-তু ইউবা-ই'নাকা 'আলা~আল্
ঈমান এনেছ। (১২) হে নবী! যখন কোন মুমিন নারী আপনার কাছে বয়াত করে, এ কথার ওপরে যে,

لَا يُشْرِكْنَ بِاللَّهِ شَيْئًا وَلَا يَسْرِقْنَ وَلَا يَزْنِينَ وَلَا يَقْتُلْنَ أَوْلَادَهُنَّ

লা-ইউশ্রিক্না বিল্লা-হি শাইআওঁ ওয়ালা- ইয়াস্রিক্বনা ওয়ালা- ইয়ায্নীনা ওয়ালা- ইয়াক্বতুল্না আওলা-দাহুন্না
তারা আল্লাহর সাথে কাউকে শরীক করবে না, চুরি করবে না, ব্যাভিচার করবে না, নিজ সন্তানদেরকে হত্যা করবে না,

وَلَا يَأْتِينَ بِبُهْتَانٍ يَفْتَرِينَهُ بَيْنَ أَيْدِيهِنَّ وَأَرْجُلِهِنَّ وَلَا يَعْصِينَكَ

ওয়ালা- ইয়া'তীনা বিবুহ্তা-নিঁই ইয়াফ্তারীনাহূ বাইনা আইদীহিন্না ওয়া আর্জুলিহিন্না ওয়ালা- ইয়া'স্বীনাকা
তারা নিজেদের হাতগুলো ও পাগুলোর সম্মুখে মিথ্যা অপবাদ রটাবে না এবং নেক কাজে তোমার নাফরমানী করবে না,

فِي مَعْرُوفٍ ۙ فَبَايِعْهُنَّ وَاسْتَغْفِرْ لَهُنَّ اللَّهَ ۖ إِنَّ اللَّهَ غَفُورٌ رَحِيمٌ ○

ফী মা'রূফিন ফাবা-ই'হুন্না ওয়াস্তাগ্ফির লাহুন্নাল্লা-হা ; ইন্নাল্লা-হা গাফূরুর রাহ্বীম।
তখন তাদের বয়াত করাবেন এবং তাদের জন্য (আল্লাহর দরবারে) ক্ষমা প্রার্থনা করবেন, নিশ্চয়ই আল্লাহ ক্ষমাশীল (ও) দয়াবান।

⑬ يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا لَا تَتَوَلَّوْا قَوْمًا غَضِبَ اللَّهُ عَلَيْهِمْ قَدْ

১৩। ইয়া~আইয়্যুহাল্ লাযীনা আ-মানূ লা-তাতাওয়াল্লাও ক্বাওমান্ গাদ্বিবাল্লা-হু 'আলাইহিম ক্বাদ্
(১৩) হে মুমিনগণ! তাদের সাথে বন্ধুত্ব করনা, যাদের প্রতি আল্লাহ (চরমভাবে) অসন্তুষ্ট। তারাতো

يَئِسُوا مِنَ الْآخِرَةِ كَمَا يَئِسَ الْكُفَّارُ مِنْ أَصْحَابِ الْقُبُورِ ○

ইয়াইস্ মিনাল্ আ-খিরাতি কামা- ইয়াইসাল্ কুফ্ফা-রু মিন্ আস্বহ্বা-বিল ক্বুবূর।
পরকাল সম্পর্কে এমনভাবে নিরাশ হয়েছে, যেমন কাফিরেরা কবরবাসীদের থেকে নিরাশ হয়েছে।

সূরা ছ্বাফ
মাদানী

بِسْمِ اللَّهِ الرَّحْمَٰنِ الرَّحِيمِ

বিসমিল্লা-হির রাহ্বমা-নির রাহ্বীম
পরম দাতা ও দয়ালু আল্লাহর নামে শুরু করছি

আয়াত ৪ ১৪
রুকূ ৪ ২

① سَبَّحَ لِلَّهِ مَا فِي السَّمَاوَاتِ وَمَا فِي الْأَرْضِ ۖ وَهُوَ الْعَزِيزُ الْحَكِيمُ ② يَا أَيُّهَا

১। সাব্বাহ্বা লিল্লা-হি মা- ফিস্ সামা-ওয়া-তি ওয়ামা- ফিল্ আরদ্বি, ওয়া হুওয়াল 'আযীযুল হ্বাকীম। ২। ইয়া~আইয়্যুহাল্
(১) আকাশমন্ডলী ও পৃথিবীতে যা কিছু আছে, সবই আল্লাহর তাসবীহ বর্ণনা করে, তিনি (আল্লাহ) মহা প্রতাপশালী (ও) বিজ্ঞ। (২) হে

الَّذِيْنَ اٰمَنُوْا لِمَ تَقُوْلُوْنَ مَا لَا تَفْعَلُوْنَ ۝٢ كَبُرَ مَقْتًا عِنْدَ اللّٰهِ اَنْ تَقُوْلُوْا مَا لَا

লাযীনা আ-মানূ লিমা তাক্বূলূনা মা- লা- তাফ'আলূন। ৩। কাবুরা মাক্বতান্ 'ইন্দাল্লা-হি আন্ তাক্বূলূ মা- লা-

মুমিনগণ! মুখ দিয়ে এমন কথা কেন বল, যা তোমরা (কার্যে পরিণত) করনা। (৩) আল্লাহর কাছে এটা অত্যন্ত অপছন্দনীয় কাজ যে, তোমরা যা বল, তা

تَفْعَلُوْنَ ۝٣ اِنَّ اللّٰهَ يُحِبُّ الَّذِيْنَ يُقَاتِلُوْنَ فِيْ سَبِيْلِهٖ صَفًّا كَاَنَّهُمْ بُنْيَانٌ

তাফ'আলূন। ৪। ইন্নাল্লা-হা ইউহ্বিব্বুল্লাযীনা ইউক্বা-তিলূনা ফী সাবীলিহী স্বাফ্ফান কাআন্নাহুম্ বুন্ইয়া-নুম

তোমরা করনা। (৪) নিশ্চয়ই আল্লাহ সে সব ব্যক্তিদের ভালোবাসেন, যারা সারিবদ্ধভাবে আল্লাহর রাস্তায় যুদ্ধ করে, সীসা নির্মিত প্রাচীরের মত, দৃঢ়তার সাথে

مَّرْصُوْصٌ ۝٤ وَاِذْ قَالَ مُوْسٰى لِقَوْمِهٖ يٰقَوْمِ لِمَ تُؤْذُوْنَنِيْ وَقَدْ تَّعْلَمُوْنَ

মারস্বূস্ব। ৫। ওয়া ইয্ ক্বা-লা মূসা- লিক্বাওমিহী ইয়া-ক্বাওমি লিমা তু'যূনানী ওয়া ক্বাত্ তা'লামূনা

দাঁড়িয়ে। (৫) যখন মূসা তাঁর সম্প্রদায়কে বললেন, হে আমার সম্প্রদায়! তোমরা আমাকে কেন কষ্ট দিচ্ছ, অথচ তোমরা জান যে, আমি

اَنِّيْ رَسُوْلُ اللّٰهِ اِلَيْكُمْ ؕ فَلَمَّا زَاغُوْا اَزَاغَ اللّٰهُ قُلُوْبَهُمْ ؕ وَاللّٰهُ لَا يَهْدِي

আন্নী রাসূলুল্লা-হি ইলাইকুম ; ফালাম্মা- যা-গূ~আযা-গাল্লা-হু ক্বুলূবাহুম ; ওয়াল্লা-হু লা- ইয়াহ্দিল

তোমাদের কাছে আল্লাহর পক্ষ থেকে (নবী হিসেবে) প্রেরিত। অতঃপর যখন তারা বিচ্যুত হল, তখন আল্লাহ তাদের অন্তরগুলোকে বিচ্যুত করে দিলেন।

الْقَوْمَ الْفٰسِقِيْنَ ۝٥ وَاِذْ قَالَ عِيْسَى ابْنُ مَرْيَمَ يٰبَنِيْٓ اِسْرَآءِيْلَ اِنِّيْ

ক্বাওমাল ফা-সিক্বীন। ৬। ওয়া ইয্ ক্বা-লা 'ঈসাব্নু মারইয়ামা ইয়া-বানী~ইস্রা-ঈলা ইন্নী

আল্লাহ পাপিষ্ঠদের সঠিক পথ প্রদর্শন করেন না। (৬) যখন মরিয়ম পুত্র ঈসা বলল, হে বনী ইসরাঈল! আমি তোমাদের নিকট

رَسُوْلُ اللّٰهِ اِلَيْكُمْ مُّصَدِّقًا لِّمَا بَيْنَ يَدَيَّ مِنَ التَّوْرٰىةِ وَمُبَشِّرًاۢ بِرَسُوْلٍ يَّاْتِيْ

রাসূলুল্লা-হি ইলাইকুম মুস্বাদ্দিক্বাল্ লিমা- বাইনা ইয়াদাইয়্যা মিনাত তাওরা-তি ওয়া মুবাশ্শিরাম বিরাসূলিই ইয়া'তী

আল্লাহর পক্ষ থেকে প্রেরিত। আমার পূর্বের যে তাওরাত, তার আমি সত্যায়নকারী এবং আমি একজন রাসূলের সু-সংবাদ প্রদানকারী, যিনি আগমন

مِنْۢ بَعْدِي اسْمُهٗٓ اَحْمَدُ ؕ فَلَمَّا جَآءَهُمْ بِالْبَيِّنٰتِ قَالُوْا هٰذَا سِحْرٌ مُّبِيْنٌ ۝٦ وَمَنْ

মিম্ বা'দিস মুহূ~আহ্মাদু ; ফালাম্মা- জা—আহুম বিল বাইয়্যিনা-তি ক্বা-লূ হা-যা- সিহ্রুম্ মুবীন। ৭। ওয়া মান্

করবেন আমার পরে, তাঁর নাম আহমদ। যখন তাদের কাছে স্পষ্ট নিদর্শনাবলি নিয়ে আসল, তখন তারা বলল, এ তো প্রকাশ্য যাদু। (৭) তার চেয়ে

اَظْلَمُ مِمَّنِ افْتَرٰى عَلَى اللّٰهِ الْكَذِبَ وَهُوَ يُدْعٰٓى اِلَى الْاِسْلَامِ ؕ وَاللّٰهُ لَا يَهْدِي

আজলামু মিম্মানিফ তারা- 'আলাল্লা-হিল কাযিবা ওয়া হুওয়া ইউদ্'আ ~ইলাল ইস্লা-মি ; ওয়াল্লা-হু লা- ইয়াহ্দিল্

অধিক পাপিষ্ঠ আর কে আছে, যে আল্লাহ সম্পর্কে মিথ্যারোপ করে, অথচ তাকে ইসলামের দিকে আহ্বান করা হয়? আল্লাহ পাপিষ্ঠ সম্প্রদায়কে সঠিক

○ টীকা (আঃ ৬) ঃ مُبَشِّرًا - শব্দ দ্বারা হযরত ঈসা (আ) তাঁর শরীয়াতের শেষ সীমা বলে দিলেন, অর্থাৎ, আমার পরে 'আহমদ' নামক যে নবী আসবেন, তাঁর আগমন পর্যন্ত আমার শরীয়ত চালু থাকবে। শেষ নবী সম্বন্ধে হযরত ঈসা (আ)-এর বর্ণিত গুণাবলি হতে বুঝা যায়, তিনি একজন স্বতন্ত্র নবী। সুতরাং তাঁর শরীয়ত পূর্ববর্তী সমস্ত শরীয়তকে রহিতকারী হওয়া অবধারিত। এর উদ্দেশ্য নিজেদের উম্মতগণকে হেদায়াত করা। পাছে এমন না হয় যে, মানুষ ঈসা (আ)-এর উপর ঈমান এনে পরে পরবর্তী নবীকে অবিশ্বাস করে কাফের হয়ে যায়। (বঃ কোঃ) ○ টীকা (আঃ ৬) ঃ অর্থাৎ, আল্লাহ্ যে বস্তুকে বাতেল সাব্যস্ত করেছেন, তাকে সত্য এবং যে বস্তুকে সত্য সাব্যস্ত করেছেন তাকে মিথ্যা সাব্যস্ত করে। (বঃ কোঃ) ○ টীকা (আঃ ৭) ঃ এতে তাদের নিন্দনীয়তা আরও প্রকট হয়ে পড়েছে। কেননা, তারা নিজেরা তো সতর্ক হয়নি। সতর্ক করে দেয়ার পরেও সতর্কতা অবলম্বন করেনি। (বঃ কোঃ)

الْقَوْمَ الظّٰلِمِيْنَ ۝٧ يُرِيْدُوْنَ لِيُطْفِـُٔوْا نُوْرَ اللّٰهِ بِاَفْوَاهِهِمْ وَاللّٰهُ مُتِمُّ نُوْرِهٖ

ক্বাওমাজ্ জা-লিমীন। ৮। ইউরীদূনা লিইউত্বফিউ নূরাল্লা-হি বিআফওয়া-হিহিম, ওয়াল্লা-হু মুতিম্মু নূরিহী

পথ প্রদর্শন করেন না। (৮) তারা (কাফিরেরা) আল্লাহর নূরকে ফুৎকার দিয়ে নিভাতে চায়, কিন্তু আল্লাহ তাঁর নূরকে পরিপূর্ণভাবে বিস্তার করবেন,

وَلَوْ كَرِهَ الْكٰفِرُوْنَ ۝٨ هُوَ الَّذِيْٓ اَرْسَلَ رَسُوْلَهٗ بِالْهُدٰى وَدِيْنِ الْحَقِّ لِيُظْهِرَهٗ

ওয়ালাও কারিহাল কা-ফিরূন। ৯। হুওয়াল্লাযী ~আরসালা রাসূলাহূ বিল্হুদা- ওয়া দীনিল্ হাক্বক্বি লিউজ্হিরাহূ

যদিও কাফিরের কাছে তা মনঃপূত নয়। (৯) তিনিই তাঁর রাসূলকে সঠিক পথ ও সত্য দ্বীন সহ (পৃথিবীতে) প্রেরণ করেছেন,

১ ع ৯ রুকূ

عَلَى الدِّيْنِ كُلِّهٖ وَلَوْ كَرِهَ الْمُشْرِكُوْنَ ۝٩ يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْا هَلْ اَدُلُّكُمْ

'আলাদ দীনি কুল্লিহী ওয়া লাও কারিহাল মুশ্রিকূন। ১০। ইয়া~আইয়্যুহাল্ লাযীনা আ-মানূ হাল আদুল্লুকুম

সব ধর্মের ওপর তা বিজয়ী করার জন্য, যদিও মুশরিকদের কাছে তা মনঃপূত নয়। (১০) হে মুমিনগণ! আমি কি তোমাদেরকে এমন এক ব্যবসার কথা

عَلٰى تِجَارَةٍ تُنْجِيْكُمْ مِّنْ عَذَابٍ اَلِيْمٍ ۝١٠ تُؤْمِنُوْنَ بِاللّٰهِ وَرَسُوْلِهٖ وَتُجَاهِدُوْنَ

'আলা- তিজা-রাতিন্ তুন্জীকুম মিন্ 'আযা-বিন আলীম। ১১। তু'মিনূনা বিল্লা-হি ওয়া রাসূলিহী ওয়া তুজা-হিদূনা

বলে দিবনা, যা তোমাদেরকে যন্ত্রণাময় শাস্তি থেকে রক্ষা করবে? (১১) তা এই যে, তোমরা আল্লাহ ও তাঁর রাসূলের ওপর ঈমান আনবে এবং আল্লাহর

فِيْ سَبِيْلِ اللّٰهِ بِاَمْوَالِكُمْ وَاَنْفُسِكُمْ ؕ ذٰلِكُمْ خَيْرٌ لَّكُمْ اِنْ كُنْتُمْ تَعْلَمُوْنَ ۝

ফী সাবীলিল্লা-হি বিআম্ওয়া-লিকুম ওয়া আন্ফুসিকুম ; যা-লিকুম খাইরুল লাকুম ইন্ কুন্তুম তা'লামূন।

রাস্তায় জিহাদ করবে, তোমাদের ধনসম্পদ দিয়ে এবং নিজ জীবন দিয়ে। এটাই তোমাদের জন্য কল্যাণকর, যদি তোমরা বুঝতে।

۝١١ يَغْفِرْ لَكُمْ ذُنُوْبَكُمْ وَيُدْخِلْكُمْ جَنّٰتٍ تَجْرِيْ مِنْ تَحْتِهَا الْاَنْهٰرُ وَمَسٰكِنَ

১২। ইয়াগ্ফির্লাকুম যুনূবাকুম ওয়া ইউদ্খিল্কুম জান্না-তিন্ তাজ্রী মিন্ তাহ্তিহাল্ আন্হা-রু ওয়া মাসা-কিনা

(১২) আল্লাহ তোমাদের গুনাহগুলো মাফ করে দিবেন এবং তোমাদেরকে জান্নাতে যার তলদেশে নহরসমূহ প্রবাহিত এবং স্থায়ী জান্নাতের

طَيِّبَةً فِيْ جَنّٰتِ عَدْنٍ ؕ ذٰلِكَ الْفَوْزُ الْعَظِيْمُ ۝١٢ وَاُخْرٰى تُحِبُّوْنَهَا ؕ نَصْرٌ

ত্বাইয়্যিবাতান ফী জান্না-তি 'আদ্নিন ; যা-লিকাল্ ফাওযুল্ 'আজীম। ১৩। ওয়া উখ্রা- তুহিব্বূনাহা-; নাস্বরুম্

উত্তম বাসস্থানে প্রবেশ করাবেন। এটাই (মুমিনগণের জন্য) মহাসফলতা। (১৩) আর তিনি তোমাদেরকে অন্য আরও (কিছু) দিবেন, যা

مِّنَ اللّٰهِ وَفَتْحٌ قَرِيْبٌ ؕ وَبَشِّرِ الْمُؤْمِنِيْنَ ۝١٣ يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْا كُوْنُوْٓا

মিনাল্লা-হি ওয়া ফাত্হুন ক্বারীব ; ওয়া বাশ্শিরিল মু'মিনীন। ১৪। ইয়া~আয়্যুহাল্ লাযীনা আ-মানূ কূনূ~

তোমাদের মনঃপূত। নিশ্চয়ই আল্লাহর সাহায্য এবং বিজয় অতি আসন্ন। (এ) খোশ-খবর মুমিনগণকে শোনান। (১৪) হে মুমিনগণ! তোমরা

○ টীকা (আঃ ১০) ঃ ব্যবসায়ে মানুষ মুনাফা অর্জনের জন্য নিজের অর্থ, সময়, শ্রম, বুদ্ধি ও যোগ্যতা নিয়োগ করে থাকে। এ হিসেবে এখানে ঈমান ও আল্লাহর পথে জিহাদকে ব্যবসায় বলা হয়েছে। মর্ম হচ্ছে- যদি এ পথে নিজেদের সবকিছু নিয়োগ কর তবে তোমরা সে লাভপ্রাপ্ত হবে যা পরে বর্ণনা করা হয়েছে। (বঃ কোঃ) ○ টীকা (আঃ ১১) ঃ একদা রাসূল (স) জুমআর খোৎবা পাঠকালে একদল বণিক মদিনায় আগমন করতঃ বাদ্য বাজিয়ে তাদের আগমনবার্তা ঘোষণা করে। তখন সমবেত মুসল্লীদের মধ্য হতে ১২ জন ব্যতীত আর সকলে বের হয়ে পড়ে। এ ঘটনা সম্পর্কে এই আয়াতটি অবতীর্ণ। দুররে মনসুর প্রভৃতি আবু দাউদ হতে উদ্ধৃত করে বলেন, তৎকালে নামাজান্তে খুতবা হত ও সাধারণ লোক খুতবাকে গৌণ বলে মনে করত। তাই উক্ত ঘটনা সংঘটিত হয়। (বঃ কোঃ)

أَنْصَارَ اللّٰهِ كَمَا قَالَ عِيسَى ابْنُ مَرْيَمَ لِلْحَوَارِيِّينَ مَنْ أَنْصَارِيٓ إِلَى اللّٰهِ ۖ

আন্স্বা-রাল্লা-হি কামা- ক্বা-লা 'ঈসাব্নু মারইয়ামা লিল্ হাওয়া-রিয়্যীনা মান আন্স্বা-রী~ইলাল্লা-হি ;
আল্লাহর (দ্বীনের) সাহায্যকারী হও, যেভাবে মরিয়ম পুত্র ঈসা তাঁর সাথীদেরকে বলেছিল, কে আছ আল্লাহর জন্য আমার সাহায্যকারী?

قَالَ الْحَوَارِيُّونَ نَحْنُ أَنْصَارُ اللّٰهِ فَآمَنَتْ طَّائِفَةٌ مِّنْ بَنِيٓ إِسْرَائِيلَ

ক্বা-লাল হাওয়া-রিয়্যূনা নাহ্নু আন্স্বা-রুল্লা-হি ফাআ-মানাত ত্বা—ইফাতুম মিম বানী~ইস্রা—ঈলা
সাথীরা বলল, আমরা আল্লাহর জন্য (আপনার) সাহায্যকারী। অতঃপর বনী ইসরাঈলের এক দল ঈমান আনল,

وَكَفَرَتْ طَّائِفَةٌ ۖ فَأَيَّدْنَا الَّذِينَ آمَنُوا عَلَىٰ عَدُوِّهِمْ فَأَصْبَحُوا ظَاهِرِينَ ۝

ওয়া কাফারাত্ ত্বা—ইফাতুন, ফাআইয়্যাদ্নাল্ লাযীনা আ-মানূ 'আলা- 'আদুওয়িহিম ফাআস্ববাহূ জা-হিরীন।
এবং একদল কুফরী করেছিল। অতঃপর আমি মুমিনগণকে তাদের শত্রুদের ওপর সাহায্য করলাম, ফলে তারা জয়ী হল।

২ রুকূ ১০

সূরা জুমু'আ
মাদানী

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيمِ

বিসমিল্লা-হির রাহ্মা-নির রাহীম
পরম দাতা ও দয়ালু আল্লাহর নামে শুরু করছি

আয়াত ঃ ১১
রুকূ ঃ ২

① يُسَبِّحُ لِلّٰهِ مَا فِي السَّمٰوٰتِ وَمَا فِي الْأَرْضِ الْمَلِكِ الْقُدُّوسِ الْعَزِيزِ الْحَكِيمِ ۝

১। ইউসাব্বিহু লিল্লা-হি মা- ফিস্ সামা-ওয়া-তি ওয়ামা- ফিল্ আরদ্বিল্ মালিকিল্ কুদ্দূসিল্ 'আযীযিল্ হাকীম।
(১) আকাশমণ্ডলী ও পৃথিবীতে যা কিছু আছে, সব আল্লাহরই তাসবীহ বর্ণনা করে, যিনি বাদশাহ, মহা প্রতাপশালী এবং বিজ্ঞ।

② هُوَ الَّذِي بَعَثَ فِي الْأُمِّيِّينَ رَسُولًا مِّنْهُمْ يَتْلُوا عَلَيْهِمْ آيَاتِهِ وَيُزَكِّيهِمْ

২। হুওয়াল্ লাযী বা'আছা ফিল্ উম্মিয়্যীনা রাসূলাম্ মিন্হুম ইয়াত্লূ 'আলাইহিম আ-য়া-তিহী ওয়া ইউযাক্কীহিম
(২) তিনিই উম্মী আরবদের মধ্যে, তাদের একজনকে রাসূল (হিসাবে) প্রেরণ করেছেন, যিনি তাদের কাছে আবৃত্তি করে, তাঁর আয়াতসমূহ এবং

وَيُعَلِّمُهُمُ الْكِتٰبَ وَالْحِكْمَةَ ۗ وَإِنْ كَانُوا مِنْ قَبْلُ لَفِي ضَلٰلٍ مُّبِينٍ ۝

ওয়া ইউ'আল্লিমুহুমুল্ কিতা-বা ওয়াল হিক্মাতা, ওয়া ইন্ কা-নূ মিন্ ক্বাব্লু লাফী দ্বালা-লিম্ মুবীন।
তাদের পরিশুদ্ধ করেন এবং তিনি শেখান তাদেরকে কিতাব, এবং হিকমত (দ্বীনী জ্ঞান)। এর পূর্বে তারা স্পষ্ট বিভ্রান্তির মধ্যে ছিল।

③ وَآخَرِينَ مِنْهُمْ لَمَّا يَلْحَقُوا بِهِمْ ۚ وَهُوَ الْعَزِيزُ الْحَكِيمُ ④ ذٰلِكَ فَضْلُ اللّٰهِ

৩। ওয়া আ-খারীনা মিন্হুম্ লাম্মা- ইয়াল্হাক্বূ বিহিম্ ; ওয়া হুওয়াল্ 'আযীযুল্ হাকীম। ৪। যা-লিকা ফাদ্বলুল্লা-হি
(৩) এবং (এ রাসূল প্রেরিত হয়েছেন) তাদের অন্যান্যদের জন্যও, যারা এখনও তাদের সাথে এসে মিলেনি, তিনি মহা প্রতাপশালী (ও) বিজ্ঞ। (৪) এটা

يُؤْتِيهِ مَنْ يَشَاءُ ۚ وَاللّٰهُ ذُو الْفَضْلِ الْعَظِيمِ ⑤ مَثَلُ الَّذِينَ حُمِّلُوا التَّوْرٰىةَ ثُمَّ

ইউ'তীহি মাঁই ইয়াশা—উ ; ওয়াল্লা-হু যুল্ ফাদ্বলিল্ 'আজীম। ৫। মাছালুল্ লাযীনা হুম্মিলুত্ তাওরা-তা ছুম্মা
আল্লাহর করুণা তিনি যাকে ইচ্ছা তাকে দান করেন। আল্লাহ মহা করুণাময়। (৫) যাদেরকে তাওরাতের দায়িত্ব অর্পণ করা হয়েছিল, অতঃপর তারা

لَمْ يَحْمِلُوهَا كَمَثَلِ الْحِمَارِ يَحْمِلُ أَسْفَارًا ۚ بِئْسَ مَثَلُ الْقَوْمِ الَّذِينَ كَذَّبُوا

লাম্ ইয়াহ্মিলূহা- কামাছালিল্ হিমা-রি ইয়াহ্মিলু আস্ফা-রান ; বি'সা মাছালুল্ ক্বাওমিল্ লাযীনা কায্যাবূ
সে দায়িত্ব পালন করেনি, তাদের উদাহরণ, সে গাধার মত, যে পুস্তকের বোঝা বহন করে চলে। সে সবলোকদের উদাহরণ কতইনা জঘন্য। যারা

بِآيَاتِ اللّٰهِ ۚ وَاللّٰهُ لَا يَهْدِي الْقَوْمَ الظّٰلِمِينَ ⑥ قُلْ يٰٓأَيُّهَا الَّذِينَ هَادُوٓا إِنْ زَعَمْتُمْ

বিআ-য়া-তিল্লা-হি : ওয়াল্লা-হু লা- ইয়াহ্দিল্ ক্বাওমায্ জা-লিমীন। ৬। কুল্ ইয়া~আইয়্যুহাল্ লাযীনা হা-দূ~ইন্ যা'আম্তুম্
আল্লাহর আয়াতকে মিথ্যারোপ করে। আল্লাহ পাপিষ্ঠ লোকদের সঠিক পথ প্রদর্শন করেন না। (৬) হে ইয়াহুদীগণ! যদি তোমরা ধারণা কর যে,

أَنَّكُمْ أَوْلِيَاءُ لِلّٰهِ مِنْ دُونِ النَّاسِ فَتَمَنَّوُا الْمَوْتَ إِنْ كُنْتُمْ صٰدِقِينَ ⑦ وَلَا

আন্নাকুম্ আওলিয়া—উ লিল্লা-হি মিন্ দূনিন্ না-সি ফাতামান্নাউল্ মাওতা ইন্ কুন্তুম্ স্বা-দিক্বীন। ৭। ওয়ালা-
তোমরাই আল্লাহর বন্ধু, অন্য সব মানুষ ব্যতীত। তবে তোমরা মৃত্যু কামনা কর, যদি তোমরা সত্যবাদী হও। (৭) (কিন্তু) তারা কখনই

يَتَمَنَّوْنَهُ أَبَدًا بِمَا قَدَّمَتْ أَيْدِيهِمْ ۚ وَاللّٰهُ عَلِيمٌ بِالظّٰلِمِينَ ⑧ قُلْ إِنَّ الْمَوْتَ

ইয়াতামান্নাওনাহূ~আবাদাম্ বিমা- ক্বাদ্দামাত্ আইদীহিম ; ওয়াল্লা-হু 'আলীমুম্ বিজ্জা-লিমীন। ৮। কুল্ ইন্নাল্ মাওতাল্
মৃত্যু কামনা করবে না, তাদের সে কৃতকর্মগুলোর কারণে, যা তারা অগ্রে প্রেরণ করেছে। আল্লাহ পাপিষ্ঠদেরকে ভালোভাবে জানেন। (৮) বলুন, যে মৃত্যু থেকে

الَّذِي تَفِرُّونَ مِنْهُ فَإِنَّهُ مُلٰقِيكُمْ ثُمَّ تُرَدُّونَ إِلٰى عٰلِمِ الْغَيْبِ وَالشَّهَادَةِ فَيُنَبِّئُكُمْ

লাযী তাফিররূনা মিন্হু ফাইন্নাহূ মুলা-ক্বীকুম্ ছুম্মা তুরাদ্দূনা ইলা- 'আ-লিমিল্ গাইবি ওয়াশ্ শাহা-দাতি ফাইউনাব্বিউকুম্
তোমরা পলায়ন কর, সে তোমাদের সাথে অবশ্যই সাক্ষাৎ করবে। অতঃপর তুমি ফিরে যাবে, অদৃশ্য ও প্রকাশ্য বিষয়ের মহাজ্ঞানী (আল্লাহ)-এর কাছে। তখন তোমাদেরকে

بِمَا كُنْتُمْ تَعْمَلُونَ ⑨ يٰٓأَيُّهَا الَّذِينَ آمَنُوٓا إِذَا نُودِيَ لِلصَّلٰوةِ مِنْ يَّوْمِ الْجُمُعَةِ فَاسْعَوْا

বিমা- কুন্তুম্ তা'মালূন। ৯। ইয়া~আইয়্যুহাল্ লাযীনা আ-মানূ~ইযা- নূদিয়া লিস্বস্বালা-তি মিঁই ইয়াওমিল্ জুমু'আতি ফাস্'আও
তোমাদের কৃতকর্মগুলো জানিয়ে দেয়া হবে। (৯) হে মুমিনগণ! যখন জুম'আর নামাজের জন্য আহ্বান করা হয়; তখন তোমরা আল্লাহর স্মরণের

১ রুকূ ১১

إِلٰى ذِكْرِ اللّٰهِ وَذَرُوا الْبَيْعَ ۚ ذٰلِكُمْ خَيْرٌ لَّكُمْ إِنْ كُنْتُمْ تَعْلَمُونَ ⑩ فَإِذَا قُضِيَتِ

ইলা- যিক্রিল্লা-হি ওয়া যারুল্ বাই'আ ; যা-লিকুম্ খাইরুল্লাকুম ইন্ কুন্তুম্ তা'লামূন। ১০। ফাইযা- কুদ্বিয়াতিস্ব
(ইবাদাতের) দিকে দ্রুতভাবে চলে যাও এবং বন্ধ কর ক্রয়-বিক্রয়। এটাই তোমাদের জন্য কল্যাণকর, যদি তোমরা বুঝতে। (১০) যখন তোমাদের

✪ টীকা (আঃ ৬) ঃ ইয়াহুদীরা দাবি করতো যে, আখিরাতের বাসস্থান, জান্নাত তাদের জন্যই নির্দিষ্ট। যদি তাদের এ দাবি সত্য হতো তবে জান্নাত লাভ করার জন্য তারা মৃত্যু কামনা করতো। কিন্তু তারা তা করে না। (কুঃ কারীম) ✪ টীকা (আঃ ৮) ঃ কোন এক যুদ্ধে মুহাজির ও আনসারগণের মধ্যে বিবাদ হয়। তখন সুযোগ সন্ধানী মোনাফেক সর্দার আবদুল্লাহ ইবনে উবাই আনসারগণকে মুহাজিরদের বিরুদ্ধে প্ররোচনা ও উৎসাহ দিতে লাগল। সে বলল, "মুহাজিরগণ তোমাদের সাহায্যে বেঁচে আছে। এখন হতে তাদেরকে সাহায্য বন্ধ কর; অভাবের তাড়নায়ই তারা মদীনা ত্যাগ করবে; আর আমরা মদীনার বিশিষ্ট ব্যক্তিগণও সে নগণ্য লোকদেরকে বিতাড়িত করব।" যায়েদ ইবনে আকরাম সাহাবী তা শুনতে পেয়ে হযরতের খেদমতে ব্যক্ত করেন। হযরত (স) আবদুল্লাহ ইবনে উবাইকে ডেকে জিজ্ঞাসা করলে সে কসম খেয়ে সম্পূর্ণ অস্বীকার করে। তখন যায়েদ মিথ্যাবাদী বলে তিরস্কৃত হতে থাকে। তখন এ আয়াতসহ পূর্ববর্তী আয়াতগুলো অবতীর্ণ হয়। (ছিহাহ) ✪ টীকা (আঃ ৯) ঃ জুমুআর প্রথম আযান দেওয়া মাত্র যাবতীয় কাজ-কর্ম ত্যাগ করে জুমুআর নামাযের প্রতি ধাবিত হওয়া ওয়াজেব। (বঃ কোঃ) ✪ শানে নুযূল (আঃ ১০) ঃ এক সময়ে হুযুর (স) জুমুআর নামাযের খোৎবা পাঠ করছিলেন, সে সময় একদল বনিক খাদ্যশস্য নিয়ে মদীনায় আগমন করল। সে সংবাদ প্রচারিত হয়ে পড়লে বহু মুছল্লী খোৎবা শ্রবণ ত্যাগ করে শস্য খরিদ করতে চলে গেল। মাত্র বারজন মুছল্লী খোৎবা শুনবার জন্য অবশিষ্ট রইল। এ সম্বন্ধে এ আয়াতটি নাযিল হয়। কোন কোন তাফসীরে দেখা যায়, তৎকালে নামাযের পরে খোৎবা পাঠ করা হত। কাজেই মুছল্লীগণ মনে করেছিল, আসল উদ্দেশ্য নামায তখন সমাপ্ত হয়েছে এখন খোৎবা না শুনলেও ক্ষতি হবে না। আর যদি নামাযের আগে খোৎবা পাঠ করা প্রমাণিত হয়, তবে বলতে হবে যে, তারা তৎক্ষণাৎ ফিরবে মনে করে বের হয়েছিল। (বঃ কোঃ)

الصَّلٰوةُ فَانْتَشِرُوْا فِى الْاَرْضِ وَابْتَغُوْا مِنْ فَضْلِ اللّٰهِ وَاذْكُرُوا اللّٰهَ كَثِيْرًا

স্বালা-তু ফানতাশিরূ ফিল্ আরদ্বি ওয়াব্তাগূ মিন্ ফাদ্বলিল্লা-হি ওয়ায্কুরুল্লা-হা কাছীরাল্
নামাজ পড়া শেষ হবে, তখন যমীনে ছড়িয়ে পড়বে, এবং আল্লাহর রহমত (জীবিকা) অন্বেষণ করবে এবং আল্লাহকে স্মরণ করবে বেশি পরিমাণ, যাতে

لَّعَلَّكُمْ تُفْلِحُوْنَ ﴿١١﴾ وَاِذَا رَاَوْا تِجَارَةً اَوْ لَهْوَا انْفَضُّوْا اِلَيْهَا وَتَرَكُوْكَ قَائِمًا ؕ

লা'আল্লাকুম্ তুফ্লিহূন। ১১। ওয়া ইযা- রাআও তিজা-রাতান্ আও লাহ্ওয়া নিন্ফাদ্দূ~ইলাইহা- ওয়া তারাকূকা ক্বা—ইমান ;
তোমরা কৃতকার্য হও। (১১) আর যখন তারা দেখল ব্যবসা বা খেল-তামাসা, তখন তারা তার দিকে ছুটে যায় এবং আপনাকে দাঁড়ানো অবস্থায় রেখে যায়।

قُلْ مَا عِنْدَ اللّٰهِ خَيْرٌ مِّنَ اللَّهْوِ وَمِنَ التِّجَارَةِ ؕ وَاللّٰهُ خَيْرُ الرّٰزِقِيْنَ ۠

কুল্ মা-'ইন্দাল্লা-হি খাইরুম্ মিনাল্লাহ্ওয়ি ওয়া মিনাত্ তিজ্বা-রাতি ; ওয়াল্লা-হু খাইরুর্ রা-যিক্বীন।
আপনি বলুন, আল্লাহর কাছে যা (মওজুদ) আছে তা, খেল-তামাসা এবং ব্যবসার চেয়ে অতি উত্তম। আল্লাহ সর্বোত্তম রিযিক দাতা।

রুকূ ২ / ১২

সূরা মুনা-ফিকূন
মাদানী

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

বিসমিল্লা-হির রাহ্মা-নির রাহীম
পরম দাতা ও দয়ালু আল্লাহ্র নামে শুরু করছি

আয়াত ঃ ১১
রুকূ ঃ ২

اِذَا جَآءَكَ الْمُنٰفِقُوْنَ قَالُوْا نَشْهَدُ اِنَّكَ لَرَسُوْلُ اللّٰهِ ۘ وَاللّٰهُ يَعْلَمُ اِنَّكَ

১। ইযা- জ্বা—আকাল মুনা-ফিকূনা ক্বা-লূ নাশ্হাদু ইন্নাকা লারাসূলুল্লা-হি। ওয়াল্লা-হু ইয়া'লামু ইন্নাকা
(১) যখন মুনাফিকেরা আপনার কাছে আসে, তখন তারা বলে, আমরা সাক্ষ্য দিচ্ছি যে, নিশ্চয়ই আপনি আল্লাহর রাসূল। আল্লাহ জানেন যে, নিশ্চয়ই আপনি

لَرَسُوْلُهٗ ؕ وَاللّٰهُ يَشْهَدُ اِنَّ الْمُنٰفِقِيْنَ لَكٰذِبُوْنَ ﴿١﴾ اِتَّخَذُوْٓا اَيْمَانَهُمْ جُنَّةً

লারাসূলুহূ ; ওয়াল্লা-হু ইয়াশ্হাদু ইন্নাল মুনা-ফিক্বীনা লাকা-যিবূন। ২। ইত্তাখাযূ~আইমা-নাহুম জুন্নাতান
তাঁর রাসূল। আল্লাহ সাক্ষ্য দিচ্ছেন যে, নিশ্চয়ই মুনাফিকেরা মিথ্যাবাদী। (২) তারা তাদের শপথকে ঢাল হিসেবে রেখেছে, তারা

فَصَدُّوْا عَنْ سَبِيْلِ اللّٰهِ ؕ اِنَّهُمْ سَآءَ مَا كَانُوْا يَعْمَلُوْنَ ﴿٢﴾ ذٰلِكَ بِاَنَّهُمْ اٰمَنُوْا ثُمَّ

ফাস্বাদ্দূ 'আন্ সাবীলিল্লা-হি ; ইন্নাহুম সা—আ মা- কা-নূ ইয়া'মালূন। ৩। যা-লিকা বিআন্নাহুম আ-মানূ ছুম্মা
আল্লাহ্র রাস্তা থেকে (লোকদেরকে) বাধা দেয়। তারা যে কাজগুলো করছে, তা খুবই নিকৃষ্ট। (৩) এর কারণ, তারা ঈমান আনার পরে অস্বীকার করেছে,

كَفَرُوْا فَطُبِعَ عَلٰى قُلُوْبِهِمْ فَهُمْ لَا يَفْقَهُوْنَ ﴿٣﴾ وَاِذَا رَاَيْتَهُمْ تُعْجِبُكَ اَجْسَامُهُمْ ؕ

কাফারূ ফাতুবি'আ 'আলা- কুলূবিহিম ফাহুম লা-ইয়াফ্ক্বাহূন। ৪। ওয়া ইযা- রাআইতাহুম তু'জ্বিবুকা আজ্বসা-মুহুম ;
ফলে তাদের অন্তরে মোহর অংকিত করা হয়েছে। সুতরাং তারা বুঝতেছেনা। (৪) যখন আপনি তাদেরকে দেখবেন, তখন তাদের দেহের গঠন আপনার কাছে ভালোই লাগবে

○ বিশ্লেষণ (আঃ ১) ঃ جاءك المنافقون - মুনাফিক দ্বারা আবদুল্লাহ্ বিন উবাই এবং তার সাথীদের কথা বলা হয়েছে।

○ শানে নুযূল (আঃ ২) ঃ কোন এক যুদ্ধে আনছার ও মুহাজেরদের মধ্যে বচসা হয়। এ সুযোগে আবদুল্লাহ্ ইবনে উবাই আনছারদেরকে এ বলে উত্তেজিত করতে লাগল, "তোমরা এ বিদেশী লোকদেরকে আহার জেগে গর্বিত করে তুলেছ, মদীনায় প্রত্যাবর্তন করে তাদের জন্য বরাদ্দকৃত ব্যয় বন্ধ করে দাও, ফলে খেতে না পেয়ে নিজেরাই সরে পড়বে। আর আমরা এ ছোট লোকদেরকে মদীনা হতে তাড়িয়ে দিব।" হুযূর (স) তা জানতে পেরে ইবনে উবাইকে জিজ্ঞাসা করলে সে অস্বীকার করল। এ সম্পর্কে মুনাফেকদের নিন্দাবাদে সূরার প্রথম দিকের আয়াতগুলো নাযিল হয়েছে। (বঃ কোঃ)

وَاِنْ يَّقُوْلُوْا تَسْمَعْ لِقَوْلِهِمْ ؕ كَاَنَّهُمْ خُشُبٌ مُّسَنَّدَةٌ ؕ يَحْسَبُوْنَ كُلَّ صَيْحَةٍ

ওয়া ই ইয়াকূলূ তাস্মা' লিক্বাওলিহিম ; কাআন্নাহুম খুশুবুম মুসান্নাদাতুন ; ইয়াহ্সাবূনা কুল্লা স্বাইহ্বাতিন
এবং যদি তারা কথা বলে, তখন তাদের কথা আপনি শ্রবণ করবেন, মনে হয় যেন তারা দেয়ালে ঠেকানো কাঠ। তারা প্রতিটি আওয়াজকে তাদের বিরুদ্ধে ধারণা

عَلَيْهِمْ ؕ هُمُ الْعَدُوُّ فَاحْذَرْهُمْ ؕ قٰتَلَهُمُ اللّٰهُ ۫ اَنّٰى يُؤْفَكُوْنَ ﴿٤﴾ وَاِذَا قِيْلَ لَهُمْ

'আলাইহিম ; হুমুল্ 'আদুওয়্যু ফাহ্যারহুম ; ক্বা-তালা হুমুল্লা-হু আন্না- ইউ'ফাকূন। ৫। ওয়া ইযা- ক্বীলা লাহুম
করে। ওরাই শত্রু, তাদের থেকে সাবধান থাকুন। আল্লাহ তাদেরকে ধ্বংস করুন! তারা (বিভ্রান্ত হয়ে) কোথায় ফিরে যাচ্ছে? (৫) যখন বলা হয় তাদেরকে

تَعَالَوْا يَسْتَغْفِرْ لَكُمْ رَسُوْلُ اللّٰهِ لَوَّوْا رُءُوْسَهُمْ وَرَاَيْتَهُمْ يَصُدُّوْنَ وَهُمْ

তা'আ-লাও ইয়াস্তাগ্ফির্ লাকুম রাসূলুল্লা-হি লাওয়্যাও রুঊসাহুম ওয়া রাআইতাহুম ইয়াস্বুদ্দূনা ওয়া হুম
আস, তোমাদের জন্য আল্লাহর রাসূল ক্ষমা প্রার্থনা করবেন, তখন তারা তাদের মাথা অন্য দিকে ফিরিয়ে নেয় এবং আপনি তাদেরকে দেখবেন যে, তারা অহংকার করে

مُّسْتَكْبِرُوْنَ ﴿٥﴾ سَوَآءٌ عَلَيْهِمْ اَسْتَغْفَرْتَ لَهُمْ اَمْ لَمْ تَسْتَغْفِرْ لَهُمْ ؕ لَنْ يَّغْفِرَ اللّٰهُ

মুস্তাক্বিরূন। ৬। সাওয়া—উন 'আলাইহিম আস্তাগ্ফারতা লাহুম আম লাম তাস্তাগ্ফির্লাহুম ; লাই ইয়াগ্ফিরাল্লা-হু
বিরত থাকছে। (৬) তাদের জন্য আপনার ক্ষমা প্রার্থনা করা আর না করা উভয়ই সমান কথা; আল্লাহ কখনও তাদেরকে ক্ষমা করবেন না।

لَهُمْ ؕ اِنَّ اللّٰهَ لَا يَهْدِى الْقَوْمَ الْفٰسِقِيْنَ ﴿٦﴾ هُمُ الَّذِيْنَ يَقُوْلُوْنَ لَا تُنْفِقُوْا عَلٰى

লাহুম ; ইন্নাল্লা-হা লা- ইয়াহ্দিল ক্বাওমাল ফা-সিক্বীন। ৭। হুমুল্লাযীনা ইয়াকূলূনা লা- তুন্ফিকূ 'আলা-
আল্লাহ নাফরমান লোকদেরকে সঠিক পথ প্রদর্শন করেন না। (৭) এরাই বলে, রাসূলুল্লাহর কাছে যারা থাকে,

مَنْ عِنْدَ رَسُوْلِ اللّٰهِ حَتّٰى يَنْفَضُّوْا ؕ وَلِلّٰهِ خَزَآئِنُ السَّمٰوٰتِ وَالْاَرْضِ

মান্ 'ইন্দা রাসূলিল্লা-হি হ্বাত্তা- ইয়ান্ফাদ্দূ ; ওয়া লিল্লা-হি খাযা—ইনুস্ সামা-ওয়া-তি ওয়াল আরদ্বি
তাদের জন্য (কিছু) ব্যয় করনা, যতক্ষণ না তারা সরে যায়, আল্লাহর কর্তৃত্বেই রয়েছে আকাশমণ্ডলী ও পৃথিবীর ধনভাণ্ডার,

وَلٰكِنَّ الْمُنٰفِقِيْنَ لَا يَفْقَهُوْنَ ﴿٧﴾ يَقُوْلُوْنَ لَئِنْ رَّجَعْنَآ اِلَى الْمَدِيْنَةِ لَيُخْرِجَنَّ

ওয়ালা-কিন্নাল মুনা-ফিক্বীনা লা- ইয়াফ্ক্বাহূন। ৮। ইয়াব্কূনা লাইর্ রাজ্বা'না~ইলাল মাদীনাতি লাইউখ্রিজ্বান্নাল্
কিন্তু মুনাফিকেরা তা বুঝে না। (৮) তারা বলে, আমরা যদি মদীনায় ফিরে যাই, তবে অবশ্যই সেখান হতে প্রবল

الْاَعَزُّ مِنْهَا الْاَذَلَّ ؕ وَلِلّٰهِ الْعِزَّةُ وَلِرَسُوْلِهٖ وَلِلْمُؤْمِنِيْنَ وَلٰكِنَّ الْمُنٰفِقِيْنَ

আ'আয্যু মিন্হাল আযাল্লা ; ওয়া লিল্লা-হিল্ 'ইয্যাতু ওয়া লিরাসূলিহী ওয়া লিল্মু'মিনীনা ওয়ালা-কিন্নাল মুনা-ফিক্বীনা
শক্তিশালীগণ, অধিক দুর্বলগণকে বের করে দিবেই। সম্মান তো আল্লাহরই এবং তাঁর রাসূলের এবং মুমিনগণের। কিন্তু মুনাফিকেরা

○ বিশ্লেষণ (আঃ ৪) ঃ خشب مسندة - অর্থাৎ মুনাফিকরা রাসূলুল্লাহর (স) মজলিসে এভাবে বসত যে, যেমন- দেয়ালের সাথে লাগানো কাঠ। যে কাঠ কোন কথা বুঝে না। তেমনি ওরাও উপদেশ বাণী বুঝার মন নিয়া বসে না ও বুঝে না। (কুঃ কারীম)

○ টীকা (আঃ ৮) ঃ অতএব, তারা যে নিজেদেরকে প্রতিপত্তিশালী মনে করছে, তা তাদের মূর্খতা। (বঃ কোঃ) কেননা, আল্লাহ্ এবং রাসূলের সাথে সম্পর্ক থাকায় প্রকৃত সম্মান এবং প্রতিপত্তি মুসলমানদেরই। (বঃ কোঃ) কেননা, তারা নশ্বর জগতের অস্থায়ী বস্তুসমূহের সম্মানের উৎস এবং উপকরণ মনে কর। (বঃ কোঃ) অর্থাৎ, পার্থিব মোহে এত মশগুল হয়ো না, যাতে ধর্ম কর্মের ক্ষতি হয়। (বঃ কোঃ)

لَا يَعْلَمُونَ ۝٨ يَٰٓأَيُّهَا ٱلَّذِينَ ءَامَنُوا۟ لَا تُلْهِكُمْ أَمْوَٰلُكُمْ وَلَآ أَوْلَٰدُكُمْ

লা- ইয়া'লামূন। ৯। ইয়া~আইয়্যুহাল্ লাযীনা আ-মানূ লা-তুল্হিকুম আম্ওয়া-লুকুম ওয়ালা~আওলা-দুকুম
তা জানে না। (৯) হে মুমিনগণ! তোমাদের ধনসম্পদ এবং সন্তান-সন্ততি, আল্লাহর স্মরণ থেকে যেন

ع ১ ১৩ রুকূ

عَن ذِكْرِ ٱللَّهِ ۚ وَمَن يَفْعَلْ ذَٰلِكَ فَأُو۟لَٰٓئِكَ هُمُ ٱلْخَٰسِرُونَ ۝١٠ وَأَنفِقُوا۟

'আন্ যিক্রিল্লা-হি, ওয়া মাইঁ ইয়াফ্'আল যা-লিকা ফাউলা—ইকা হুমুল্ খা-সিরূন। ১০। ওয়া আন্ফিক্
গাফিল না করে, আর যারা এভাবে (গাফিল) হবে, তারাই হবে ভীষণ ক্ষতিগ্রস্ত। (১০) আমি তোমাদেরকে যে

مِن مَّا رَزَقْنَٰكُم مِّن قَبْلِ أَن يَأْتِىَ أَحَدَكُمُ ٱلْمَوْتُ فَيَقُولَ رَبِّ

মিম্মা- রাযাক্না-কুম্ মিন্ ক্বাব্লি আইঁ ইয়া'তিয়া আহ্াদাকুমুল মাওতু ফাইয়াকূলা রাব্বি
রিযিক দিয়েছি, তোমাদের (মৃত্যু) আসার আগেই তা থেকে (আল্লাহর পথে) ব্যয় করবে। না হলে (মৃত্যুর সময়) তারা বলবে, হে আমার প্রতিপালক!

لَوْلَآ أَخَّرْتَنِىٓ إِلَىٰٓ أَجَلٍ قَرِيبٍ فَأَصَّدَّقَ وَأَكُن مِّنَ ٱلصَّٰلِحِينَ ۝

লাওলা~আখ্খার্তানী~ইলা~আজ্বালিন ক্বারীবিন ফাআস্বস্বাদ্দাক্বা ওয়া আকুম মিনাস্ব ছা-লিহীন।
যদি আমাকে অল্প সময়ের জন্য (একটু) সুযোগ দিতেন, তবে আমি (আপনার পথে) ব্যয় করতাম এবং হয়ে যেতাম পুণ্যবান।

۝١١ وَلَن يُؤَخِّرَ ٱللَّهُ نَفْسًا إِذَا جَآءَ أَجَلُهَا ۚ وَٱللَّهُ خَبِيرٌۢ بِمَا تَعْمَلُونَ ۝

১১। ওয়া লাইঁ ইউআখ্খিরাল্লা-হু নাফ্সান্ ইযা- জ্বা—আ আজ্বালুহা ; ওয়াল্লা-হু খাবীরুম্ বিমা- তা'মালূন।
(১১) আর আল্লাহ কাউকে কোনই সুযোগ দিবেন না, যখন তার নির্দিষ্ট সময় এসে যায়। আল্লাহ তোমাদের কৃতকর্ম সম্পর্কে পূর্ণ খবর রাখেন।

ع ২ ১৪ রুকূ

সূরা তাগা-বুন মাদানী	بِسْمِ ٱللَّهِ ٱلرَّحْمَٰنِ ٱلرَّحِيمِ বিসমিল্লা-হির রাহ্মা-নির রাহীম পরম দাতা ও দয়ালু আল্লাহর নামে শুরু করছি	আয়াত ঃ ১৮ রুকূ ঃ ২

۝١ يُسَبِّحُ لِلَّهِ مَا فِى ٱلسَّمَٰوَٰتِ وَمَا فِى ٱلْأَرْضِ ۖ لَهُ ٱلْمُلْكُ وَلَهُ ٱلْحَمْدُ ۖ

১। ইউসাব্বিহু লিল্লা-হি মা- ফিস্ সামা-ওয়া-তি ওয়ামা- ফিল আর্দ্বি, লাহুল্ মুল্কু ওয়া লাহুল হ্াম্দু
(১) আকাশমণ্ডলী ও পৃথিবীতে যা কিছু আছে সবই আল্লাহর তাসবীহ (পবিত্রতা) বর্ণনা করে, তাঁরই রাজত্ব এবং তাঁরই সকল প্রশংসা,

وَهُوَ عَلَىٰ كُلِّ شَىْءٍ قَدِيرٌ ۝٢ هُوَ ٱلَّذِى خَلَقَكُمْ فَمِنكُمْ كَافِرٌ وَمِنكُم مُّؤْمِنٌ ۚ

ওয়া হুওয়া 'আলা- কুল্লি শাইয়িন ক্বাদীর। ২। হুওয়াল্লাযী খালাক্বাকুম ফামিন্কুম কা-ফিরুঁও ওয়া মিন্কুম মু'মিনুন ;
তিনি প্রতিটি বিষয়ের ওপর ক্ষমতাবান। (২) তিনিই তোমাদেরকে সৃষ্টি করেছেন, অতঃপর তোমাদের মধ্য হতে কেউ হয় কাফির এবং কেউ হয় মুমিন।

○ টীকা (আঃ ১১) ঃ অতএব, তার এ কামনা ও আফসোস কোন কাজে আসবে না। কেননা, নির্দিষ্ট আয়ুষ্কাল পূর্ণ হয়ে গেলে আর তাকে কোন অবকাশ দেওয়া হবে না। (বঃ কোঃ) ○ টীকা (আঃ ১) ঃ অর্থাৎ, তিনি সর্বশক্তিমান। তিনি যা ইচ্ছা তা করতে পারেন, কোন শক্তিই তাঁর ক্ষমতাকে রোধ করতে পারবে না। (বঃ কোঃ) ○ টীকা (আঃ ২) ঃ অতএব, তিনি যখন এমন পূর্ণ গুণাবলির অধিকারী, তখন তাঁর আদেশানুবর্তী হওয়া ওয়াজেব এবং তাঁর অবাধ্যতাচারণ নিন্দনীয়। (বঃ কোঃ)

وَٱللَّهُ بِمَا تَعْمَلُونَ بَصِيرٌ ۝٣ خَلَقَ ٱلسَّمَٰوَٰتِ وَٱلْأَرْضَ بِٱلْحَقِّ وَصَوَّرَكُمْ

ওয়াল্লা-হু বিমা- তা'মালূনা বাস্বীর। ৩। খালাক্বাস্ সামা-ওয়া-তি ওয়াল আর্দ্বা বিল্ হাক্বক্বি ওয়া ছাওয়্যারাকুম ফাআহ্সানা স্বুওয়ারাকুম,
তোমরা যা কর আল্লাহ তা সবই জানেন। (৩) তিনি সৃষ্টি করেছেন আকাশমণ্ডলী এবং পৃথিবী সঠিকভাবে এবং তোমাদের গঠন করেছেন সুন্দর রূপে

فَأَحْسَنَ صُوَرَكُمْ ۖ وَإِلَيْهِ ٱلْمَصِيرُ ۝٤ يَعْلَمُ مَا فِى ٱلسَّمَٰوَٰتِ وَٱلْأَرْضِ وَيَعْلَمُ

ওয়া ইলাইহিল মাস্বীর। ৪। ইয়া'লামু মা- ফিস্ সামা-ওয়া-তি ওয়াল আর্দ্বি ওয়া ইয়া'লামু
এবং তাঁরই দিকে সবার প্রত্যাবর্তন। (৪) তিনি জানেন আকাশমণ্ডলী ও পৃথিবীতে যা কিছু আছে সবই এবং তিনি জানেন

مَا تُسِرُّونَ وَمَا تُعْلِنُونَ ۚ وَٱللَّهُ عَلِيمٌۢ بِذَاتِ ٱلصُّدُورِ ۝٥ أَلَمْ يَأْتِكُمْ نَبَؤُا۟

মা- তুসির্রূনা ওয়ামা- তু'লিনূনা ; ওয়াল্লা-হু 'আলীমুম বিযা-তিস্ব স্বুদূর। ৫। আলাম্ ইয়া'তিকুম নাবাউল
তোমরা যা গোপন রাখ এবং প্রকাশ কর; এবং তিনি তোমাদের অন্তরের (গোপন) খবর জানেন। (৫) তোমাদের কাছে কি পূর্ববর্তী

ٱلَّذِينَ كَفَرُوا۟ مِن قَبْلُ فَذَاقُوا۟ وَبَالَ أَمْرِهِمْ وَلَهُمْ عَذَابٌ أَلِيمٌ ۝

লাযীনা কাফারূ মিন ক্বাব্লু, ফাযা-কূ ওয়া বা-লা আম্রিহিম ওয়া লাহুম 'আযা-বুন আলীম।
কাফিরদের খবর পৌছেনি? তারা তাদের কর্মের পরিণাম (শাস্তি) ভোগ করেছিল এবং তাদের জন্য রয়েছে (পরকালে) যন্ত্রণাময় শাস্তি।

۝٦ ذَٰلِكَ بِأَنَّهُۥ كَانَت تَّأْتِيهِمْ رُسُلُهُم بِٱلْبَيِّنَٰتِ فَقَالُوٓا۟ أَبَشَرٌ يَهْدُونَنَا

৬। যা-লিকা বিআন্নাহূ কা-নাত্ তা'তীহিম রুসুলুহুম্ বিল্বাইয়্যিনা-তি ফাক্বা-লূ~আবাশারুই ইয়াহ্দূনানা-,
(৬) এজন্য যে, তাদের কাছে তাদের রাসূল সুস্পষ্ট নিদর্শন নিয়ে আসত, অতঃপর তারা বলত, আমাদেরকে কি মানুষ সঠিক পথ প্রদর্শন করবে? অতঃপর তারা

فَكَفَرُوا۟ وَتَوَلَّوا۟ ۚ وَّٱسْتَغْنَى ٱللَّهُ ۚ وَٱللَّهُ غَنِىٌّ حَمِيدٌ ۝٧ زَعَمَ ٱلَّذِينَ كَفَرُوٓا۟

ফাকাফারূ ওয়া তাওয়াল্লাও ওয়াস্তাগ্নাল লা-হু ; ওয়াল্লা-হু গানিইয়্যুন হ্ামীদ। ৭। যা'আমাল্ লাযীনা কাফারূ~
অস্বীকার করল এবং পৃষ্ঠ প্রদর্শন করতঃ ফিরে গেল। আল্লাহ তাদের থেকে বে-পরওয়া, আল্লাহ অমুখাপেক্ষী, প্রশংসিত। (৭) কাফিরেরা মনে করে যে, তারা কখনই

أَن لَّن يُبْعَثُوا۟ ۚ قُلْ بَلَىٰ وَرَبِّى لَتُبْعَثُنَّ ثُمَّ لَتُنَبَّؤُنَّ بِمَا عَمِلْتُمْ ۚ وَذَٰلِكَ

আল্ লাইঁ ইউব্'আছূ ; কুল বালা- ওয়া রাব্বী লাতুব্'আছুন্না ছুম্মা লাতুনাব্বাউন্না বিমা- 'আমিল্তুম ; ওয়া যা-লিকা
পুনরায় জীবিত হবে না, আপনি বলুন, কেন নয়, আমার প্রতিপালকের শপথ! তোমাদেরকে অবশ্যই পুনরায় (জীবিত করে) উঠানো হবে। অতঃপর তোমাদের কৃতকর্মগুলো তোমাদেরকে জানিয়ে দেয়া হবে। আর এটা

عَلَى ٱللَّهِ يَسِيرٌ ۝٨ فَـَٔامِنُوا۟ بِٱللَّهِ وَرَسُولِهِۦ وَٱلنُّورِ ٱلَّذِىٓ أَنزَلْنَا ۚ وَٱللَّهُ بِمَا تَعْمَلُونَ

'আলাল্লা-হি ইয়াসীর। ৮। ফাআ-মিনূ বিল্লা-হি ওয়া রাসূলিহী ওয়ান্নূরিল্লাযী~আন্যাল্না- ; ওয়াল্লা-হু বিমা- তা'মালূনা
আল্লাহর জন্য খুবই সহজ। (৮) সুতরাং তোমরা ঈমান আন, আল্লাহ ও তাঁর রাসূলের প্রতি এবং সে নূর (কুরআন)-এর প্রতি, যা আমি অবতীর্ণ করেছি। আল্লাহ তোমাদের সব কৃতকর্ম সম্পর্কে

○ টীকা (আঃ ৩) ঃ কেননা, মানব জাতির অঙ্গ-প্রত্যঙ্গের মধ্যে পরস্পর যেমন সুন্দর মিল রয়েছে, এমন সুন্দর মিল আর কোন প্রাণীর অঙ্গ-প্রত্যঙ্গের মধ্যে নাই। (বঃ কোঃ) ○ টীকা (আঃ ৪) ঃ এ সমস্ত কারণে তাঁর অনুগত ও আদেশানুবর্তী হওয়া তোমাদের জন্য অপরিহার্য কর্তব্য। (বঃ কোঃ) ○ টীকা (আঃ ৭) ঃ কাজেই কারও নাফরমানীও তাঁর কোন ক্ষতি করতে পারে না এবং কারও আনুগত্য এবং বশ্যতাও তাঁর কোন উপকার করতে পারে না; বরং তাতে নাফরমান ব্যক্তিরই ক্ষতি এবং ফরমাঁবরদার ব্যক্তিরই উপকার রয়েছে। (বঃ কোঃ)

خَبِيْرٌ ۝ يَوْمَ يَجْمَعُكُمْ لِيَوْمِ الْجَمْعِ ذٰلِكَ يَوْمُ التَّغَابُنِ ۗ وَمَنْ يُّؤْمِنْ بِاللّٰهِ

খাবীর। ৯। ইয়াওমা ইয়াজ্মা'উকুম লিইয়াওমিল জ্বাম'ই যা-লিকা ইয়াওমুত্তাগা-বুনি, ওয়া মাই ইউ'মিম্ বিল্লা-হি

খবর রাখেন। (৯) স্মরণ কর! যেদিন তিনি তোমাদেরকে একত্রিত করবেন সমবেত করার দিবসে, সে-দিবসটি হবে, হার-জিতের দিবস। যে আল্লাহর প্রতি ঈমান রাখে

وَيَعْمَلْ صَالِحًا يُّكَفِّرْ عَنْهُ سَيِّاٰتِهٖ وَيُدْخِلْهُ جَنّٰتٍ تَجْرِيْ مِنْ تَحْتِهَا الْاَنْهٰرُ

ওয়া ইয়া'মাল্ স্বা-লিহ্বাই ইউকাফ্ফির 'আন্হু সাইয়্যিআ-তিহী ওয়া ইউদ্খিল্হু জ্বান্না-তিন্ তাজ্বরী মিন্ তাহ্বতিহাল্ আন্হা-রু

এবং নেক কাজ করে তিনি তার (আমলনামা) থেকে তার গুনাহগুলো মিটিয়ে দিবেন এবং তাকে প্রবেশ করাবেন জান্নাতে, যার তলদেশে নহরসমূহ প্রবাহিত,

خٰلِدِيْنَ فِيْهَآ اَبَدًا ۗ ذٰلِكَ الْفَوْزُ الْعَظِيْمُ ۝ وَالَّذِيْنَ كَفَرُوْا وَكَذَّبُوْا بِاٰيٰتِنَآ

খা-লিদীনা ফীহা~আবাদান ; যা-লিকাল্ ফাওযুল্ 'আজীম। ১০। ওয়াল্লাযীনা কাফারূ ওয়া কায্যাবূ বিআ-য়া-তিনা~

সেখানে তারা চিরস্থায়ীভাবে থাকবে; এটাই তাদের পূর্ণ সফলতা। (১০) আর যারা কুফরী করেছে এবং আমার আয়াতসমূহকে অস্বীকার করেছে,

اُولٰٓئِكَ اَصْحٰبُ النَّارِ خٰلِدِيْنَ فِيْهَا ۗ وَبِئْسَ الْمَصِيْرُ ۝ مَآ اَصَابَ مِنْ

উলা—ইকা আস্বহা-বুন না-রি খা-লিদীনা ফীহা-, ওয়া বি'সাল্ মাস্বীর। ১১। মা~আছা-বা মিম্

তারা হল জাহান্নামের অধিবাসী। সেখানে তারা চিরদিন পড়ে থাকবে। (তা) কতইনা নিকৃষ্ট ঠিকানা। (১১) আল্লাহর নির্দেশ ব্যতীত

مُّصِيْبَةٍ اِلَّا بِاِذْنِ اللّٰهِ ۗ وَمَنْ يُّؤْمِنْ بِاللّٰهِ يَهْدِ قَلْبَهٗ ۗ وَاللّٰهُ بِكُلِّ شَيْءٍ عَلِيْمٌ ۝

মুস্বীবাতিন্ ইল্লা- বিইয্নিল্লা-হি ; ওয়া মাই ইউ'মিম বিল্লা-হি ইয়াহ্দি ক্বাল্বাহূ ; ওয়াল্লা-হু বিকুল্লি শাইয়িন 'আলীম।

কোন বিপদই পৌঁছে না। যে আল্লাহর প্রতি ঈমান আনে, আল্লাহ তার অন্তরকে সঠিক পথে পরিচালিত করেন। আল্লাহ সর্ব বিষয়ই জ্ঞানবান।

۝ وَاَطِيْعُوا اللّٰهَ وَاَطِيْعُوا الرَّسُوْلَ ۚ فَاِنْ تَوَلَّيْتُمْ فَاِنَّمَا عَلٰى رَسُوْلِنَا الْبَلٰغُ

১২। ওয়া আত্বী'উল্লা-হা ওয়া আত্বী'উর রাসূলা, ফাইন্ তাওয়াল্লাইতুম ফাইন্নামা- 'আলা- রাসূলিনাল্ বালা-গুল

(১২) আল্লাহ ও তাঁর রাসূলের নির্দেশ পালন কর, যদি তা তোমরা উপেক্ষা কর, আমার রাসূলের ওপর দায়িত্ব হল শুধু (আমার বাণী) সু-স্পষ্টভাবে

الْمُبِيْنُ ۝ اَللّٰهُ لَآ اِلٰهَ اِلَّا هُوَ ۗ وَعَلَى اللّٰهِ فَلْيَتَوَكَّلِ الْمُؤْمِنُوْنَ ۝ يٰٓاَيُّهَا الَّذِيْنَ

মুবীন। ১৩। আল্লা-হু লা~ইলা-হা ইল্লা- হুওয়া ; ওয়া 'আলাল্লা-হি ফালইয়াতাওয়াক্কালিল মু'মিনূন। ১৪। ইয়া~আইয়্যুহাল্লাযীনা

পৌঁছিয়ে দেয়া। (১৩) আল্লাহ, তিনি ব্যতীত কোন মাবুদ নেই। সুতরাং মুমিনগণের উচিৎ (সর্ব কাজে) আল্লাহর ওপর ভরসা করা। (১৪) হে

○ টীকা (আঃ ৯) ঃ 'একত্রিত হওয়ার দিন ঃ এর অর্থ- কিয়ামত। সকলের একত্র করার অর্থ- সৃষ্টির আদি থেকে কিয়ামত পর্যন্ত দুনিয়ায় যত মানুষ পয়দা হয়েছে তাদের সকলকে একই সময়ে পুনরুজ্জীবিত করে একত্রিত করা। অর্থাৎ, আসল হার-জিত কিয়ামতের দিন হবে। সেখানে গিয়ে জানা যাবে প্রকৃতপক্ষে কে ক্ষতিগ্রস্ত হয়েছে ও কে লাভবান হয়েছে; প্রকৃতপক্ষে কে প্রতারিত হয়েছে ও কে বুদ্ধিমান ছিল। প্রকৃতপক্ষে কে নিজের সমস্ত জীবনের পুঁজি এক মিথ্যা কারবারে লাগিয়ে নিজেকে সর্বশান্ত করে দিয়েছে এবং কে নিজের শক্তি, সামর্থ্য, চেষ্টা, সময় ও সম্পদকে লাভজনক ব্যবসায়ে নিয়োগ করে সমস্ত মুনাফা লুটে নিয়েছে,- যা প্রথম ব্যক্তিও অর্জন করতে পারতো যদি সে দুনিয়ার হাকীকত (প্রকৃত তত্ত্ব) বোঝার ক্ষেত্রে প্রতারিত না হত।

○ টীকা (আঃ ১৩) ঃ যথাসম্ভব উপকরণসহ সক্রিয় চেষ্টা করাকালে উপকরণকে ফললাভের মূল কারণ মনে করাকে তাওয়াক্কাল বলে। তাওয়াক্কাল একটি প্রবল শক্তি। কেননা, কারণ যত প্রবল হয়, তার উপর নির্ভরজনিত মনোবলরূপ শক্তিও ততই প্রবল হয়। আর আল্লাহর মত প্রবল কারণ আর কিছুই নয়। অপর সবকারণই তাঁর সৃষ্ট। এ শক্তিবলেই আরবের নগণ্য সংখ্যক দরিদ্র মুসলমান তৎকালীন বৃহত্তম সাম্রাজ্য রোম ও পারস্যের সম্রাটদ্বয়কে পরাজিত করেছিলেন, এ শক্তিবলেই ইয়ারমুক যুদ্ধে মাত্র ৩০ জন মুজাহিদ বীরত্বসহকারে ৩০ হাজার শত্রুসৈন্যের সম্মুখীন হয়েছিলেন; এ শক্তিই মানুষকে মানসিক, দৈহিক, আর্থিক প্রভৃতি ব্যাপারে এত অধিক শান্তি দান করে, যা শতগুণ অধিক সম্পদশালী তাওয়াক্কালহীন ব্যক্তির পক্ষে দুর্লভ। উপকরণ ব্যতীত নিষ্ক্রিয় ফললাভের জন্য আল্লাহর উপর নির্ভর করা তাওয়াক্কাল নয়- তা দুর্বলতা ও অকর্মণ্যতা। এটা ইসলামের আদর্শ বিরোধী। অসংসারী ফকীর দরবেশগণ এ পর্যায়ে পড়েন না। কারণ এরা শুধু আল্লাহকে চাহেন তজ্জন্য ইবাদতও করেন; অন্য কিছুর জন্য এমনকি দীর্ঘকাল অনাহারে থাকলেও তাঁরা ব্যস্ত বা বাধিত হন না। যেসব ফকীর দ্বিপ্রহরের খাওয়ার জন্য সকাল হতে হাক-ডাক শুরু করে তাদের সাথে এঁদের তুলনা কাঁচ ও হীরা সদৃশ।

اٰمَنُوْٓا اِنَّ مِنْ اَزْوَاجِكُمْ وَاَوْلَادِكُمْ عَدُوًّا لَّكُمْ فَاحْذَرُوْهُمْ ۚ وَاِنْ

আ-মানূ~ইন্না মিন আযওয়া-জিকুম ওয়া আওলা-দিকুম 'আদুওওয়াল্লাকুম ফাহ্যারূহুম, ওয়া ইন্

মুমিনগণ! তোমাদের কতিপয় স্ত্রী এবং কতিপয় সন্তান-সন্ততি তোমাদের শত্রু। সুতরাং তাদের থেকে সাবধান থাক। আর যদি তোমরা

تَعْفُوْا وَتَصْفَحُوْا وَتَغْفِرُوْا فَاِنَّ اللّٰهَ غَفُوْرٌ رَّحِيْمٌ ۝ اِنَّمَآ اَمْوَالُكُمْ

তা'ফূ ওয়া তাস্বফাহূ ওয়া তাগ্ফিরূ ফাইন্নাল্লা-হা গাফূরুর রাহীম। ১৫। ইন্নামা~আমওয়া-লুকুম

ক্ষমা কর এবং তাদের প্রতি উদারতা প্রদর্শন কর এবং তাদের মাফ কর, তবে নিশ্চয়ই আল্লাহ মহা ক্ষমাশীল ও অসীম দয়ালু। (১৫) তোমাদের ধন সম্পদ

وَاَوْلَادُكُمْ فِتْنَةٌ ۗ وَاللّٰهُ عِنْدَهٗٓ اَجْرٌ عَظِيْمٌ ۝ فَاتَّقُوا اللّٰهَ مَا اسْتَطَعْتُمْ

ওয়া আওলা-দুকুম ফিত্নাতুন; ওয়াল্লা-হু 'ইন্দাহূ~আ জ্বরুন্ 'আজীম। ১৬। ফাত্তাকুল্লা-হা মাস্তাত্বা'তুম

এবং সন্তান সন্ততি তোমাদের জন্য পরীক্ষা স্বরূপ; আল্লাহর নিকটই রয়েছে মহা প্রতিদান। (১৬) সুতরাং তোমরা আল্লাহকে সাধ্যানুযায়ী ভয় কর

وَاسْمَعُوْا وَاَطِيْعُوْا وَاَنْفِقُوْا خَيْرًا لِّاَنْفُسِكُمْ ۗ وَمَنْ يُّوْقَ شُحَّ نَفْسِهٖ

ওয়াস্মা'উ ওয়া আত্বী'উ ওয়া আন্ফিকূ খাইরাল লিআন্ফুসিকুম ; ওয়া মাই ইউক্বা শুহ্বা নাফ্সিহী

(আল্লাহর কথা) শোন, (তাঁর নির্দেশ) মেনে চল এবং ব্যয় কর, তোমাদের নিজেদের কল্যাণের জন্য, যারা আত্মার প্রলোভন হতে

فَاُولٰٓئِكَ هُمُ الْمُفْلِحُوْنَ ۝ اِنْ تُقْرِضُوا اللّٰهَ قَرْضًا حَسَنًا يُّضٰعِفْهُ لَكُمْ

ফাউলা—ইকা হুমুল মুফলিহূন। ১৭। ইন্ তুক্বরিদুল্লা-হা ক্বারদ্বান হ্বাসানাই ইউদ্বা-'ইফ্হু লাকুম

মুক্ত রয়েছে তারাই কৃতকার্য। (১৭) যদি তোমরা আল্লাহকে উত্তম কর্জ (ঋণ) দান কর, তবে তিনিই তার দ্বিগুণ তোমাদেরকে বাড়িয়ে দিবেন,

وَيَغْفِرْ لَكُمْ ۗ وَاللّٰهُ شَكُوْرٌ حَلِيْمٌ ۝ عٰلِمُ الْغَيْبِ وَالشَّهَادَةِ الْعَزِيْزُ الْحَكِيْمُ ۝

ওয়া ইয়াগ্ফিরলাকুম ; ওয়াল্লা-হু শাকূরুন হ্বালীম। ১৮। 'আ-লিমুল গাইবি ওয়াশ্শাহা-দাতিল 'আযীযুল হ্বাকীম।

এবং তোমাদের ক্ষমা করবেন। আল্লাহ গুণজ্ঞ, ধৈর্যশীল। (১৮) তিনি অদৃশ্য ও প্রকাশ্য বিষয়ের মহাজ্ঞানী, মহা প্রতাপশালী বিজ্ঞ।

সূরা ত্বালা-ক্ব মাদানী

আয়াত ঃ ১২ রুকূ ঃ ২

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

বিসমিল্লা-হির রাহ্মা-নির রাহীম

পরম দাতা ও দয়ালু আল্লাহ্‌র নামে শুরু করছি

۝ يٰٓاَيُّهَا النَّبِيُّ اِذَا طَلَّقْتُمُ النِّسَآءَ فَطَلِّقُوْهُنَّ لِعِدَّتِهِنَّ وَاَحْصُوا الْعِدَّةَ ۚ

১। ইয়া~আইয়ুহান নাবিয়্যু ইযা- ত্বাল্লাক্বতুমুন্ নিসা—আ ফাত্বাল্লিক্বূহুন্না লি'ইদ্দাতিহিন্না ওয়া আহ্বসুল 'ইদ্দাতা,

(১) হে নবী! আপনি বলুন, তোমরা যখন স্ত্রীদেরকে তালাক দিবে, তখন তাদেরকে তালাক দিবে, তাদের ইদ্দতের দিক খেয়াল করে, ইদ্দতের হিসাব রেখ;

○ শানে নুযূল (আঃ ১) ঃ হযরত আবদুল্লাহ ইবনে উমর (রা) থেকে বর্ণিত, তিনি বলেন, তাঁর স্ত্রীকে তিনি হায়েয তথা ঋতুবর্তী অবস্থায় তালাক দেন। হযরত উমর (রা) একথা রাসূল (স)-কে জানালে রাসূল (স) অত্যন্ত ক্রুদ্ধ হয়ে বলেন, তাকে বল, সে যেন তার স্ত্রীকে হায়েয অবস্থায় প্রত্যাহার করে নেয় এবং তাকে নিজ বিবাহে রেখে দেয়। এরপর তার স্ত্রী হায়েয থেকে পবিত্র হওয়ার পর তাকে তালাক দিতে চাইলে সহবাসের পূর্বে পবিত্র অবস্থায় তালাক দেবে। রাসূল (স)-এর নির্দেশিত এই ইদ্দতের আদেশই আল্লাহ তায়ালা এই সূরার মাধ্যমে নাযিল করেছেন। অন্য রেওয়ায়েতে হযরত আনাস (রা) বলেন, রাসূল (স) কোন কারণে হযরত হাফসা (রা)-কে তালাক দিলে আল্লাহ তায়ালা হাফসা (রা)-কে ফিরিয়ে নেয়ার জন্য রাসূল (স)-কে নির্দেশ করে বলেন, সে জান্নাতেও আপনার সঙ্গিনী হবে। তখন এ সূরার কয়েকটি আয়াত নাযিল করেন। (বুখারী)

وَاتَّقُوا اللّٰهَ رَبَّكُمْ ۚ لَا تُخْرِجُوهُنَّ مِنْ بُيُوتِهِنَّ وَلَا يَخْرُجْنَ إِلَّا أَنْ يَأْتِينَ

ওয়াত্তাক্বুল্লা-হা রাব্বাকুম, লা- তুখ্রিজূহুন্না মিম বুইয়ূতিহিন্না ওয়ালা- ইয়াখ্রুজ্না ইল্লা~আঁই ইয়া'তীনা

এবং আল্লাহকে ভয় কর, যিনি তোমাদের প্রতিপালক। তোমরা তাদেরকে তাদের গৃহ থেকে বের কর না এবং তারাও যেন বের না হয়। তবে যদি তারা প্রকাশ্য

بِفَاحِشَةٍ مُبَيِّنَةٍ ۚ وَتِلْكَ حُدُودُ اللّٰهِ ۚ وَمَنْ يَتَعَدَّ حُدُودَ اللّٰهِ فَقَدْ ظَلَمَ نَفْسَهُ ۚ

বিফা-হিশাতিম্ মুবাইয়িনাতিন ; ওয়া তিল্কা হুদূদুল্লা-হি ; ওয়া মাই ইয়াতা'আদ্দা হুদূদাল্লা-হি ফাক্বাদ্ জালামা নাফসাহূ ;

অশ্লীল কাজে জড়িত হয়, তবে সে কথা ভিন্ন। এটা আল্লাহর নির্ধারিত। আর যে আল্লাহর নির্ধারিত বিধানে বাড়াবাড়ি করে, সে তার নিজের ওপরই জুলুম করে।

لَا تَدْرِي لَعَلَّ اللّٰهَ يُحْدِثُ بَعْدَ ذٰلِكَ أَمْرًا ﴿١﴾ فَإِذَا بَلَغْنَ أَجَلَهُنَّ فَأَمْسِكُوهُنَّ

লা- তাদ্রী লা'আল্লাল্লা-হা ইউহ্দিছু বা'দা যা-লিকা আম্রা-। ১। ফাইযা- বালাগ্না আজ্বালাহুন্না ফাআম্সিকূহুন্না

তুমি জান না আল্লাহ হয়তো এরপরে নতুন এক ব্যবস্থা করে দিবেন। (২) যখন তাদের ইদ্দতের নির্দিষ্ট সময় পৌছে যাবে, তখন তাদেরকে হয় তোমরা

بِمَعْرُوفٍ أَوْ فَارِقُوهُنَّ بِمَعْرُوفٍ وَأَشْهِدُوا ذَوَيْ عَدْلٍ مِنْكُمْ وَأَقِيمُوا

বিমা'রূফিন আও ফা-রিক্বূহুন্না বিমা'রূফিওঁ ওয়া আশ্হিদূ যাওয়াই 'আদ্লিম মিন্কুম ওয়া আক্বীমুশ

(শরীয়তের) বিধি অনুযায়ী রেখে দিবে, না হয় বিধি অনুসারে ছেড়ে দিবে, এবং তোমাদের থেকে দুজন বিশ্বস্ত ব্যক্তিকে সাক্ষী হিসেবে রাখবে।

الشَّهَادَةَ لِلّٰهِ ۚ ذٰلِكُمْ يُوعَظُ بِهِ مَنْ كَانَ يُؤْمِنُ بِاللّٰهِ وَالْيَوْمِ الْآخِرِ ۚ

শাহা-দাতা লিল্লা-হি ; যা-লিকুম ইউ'আজু বিহী মান কা-না ইউ'মিনু বিল্লা-হি ওয়াল্ ইয়াওমিল্ আ-খিরি ;

তোমরা আল্লাহর জন্য সঠিক সাক্ষী দাও। এ দ্বারা উপদেশ দেয়া হচ্ছে তাকে, যে ঈমান এনেছে আল্লাহ ও পরকালের দিবসে,

وَمَنْ يَتَّقِ اللّٰهَ يَجْعَلْ لَهُ مَخْرَجًا ﴿٢﴾ وَيَرْزُقْهُ مِنْ حَيْثُ لَا يَحْتَسِبُ ۚ

ওয়া মাই ইয়াত্তাক্বিল্লা-হা ইয়াজ্'আল লাহূ মাখ্রাজ্বা-। ৩। ওয়া ইয়ার্যুক্বহু মিন্ হাইছু লা- ইয়াহ্তাসিবু ;

যে আল্লাহকে ভয় করে, আল্লাহ তার জন্য শান্তির পথ বের করে দেন, (৩) এবং তাকে এমন ভাবে রিযিক প্রদান করবেন, যা সে ধারণাও করতে

وَمَنْ يَتَوَكَّلْ عَلَى اللّٰهِ فَهُوَ حَسْبُهُ ۚ إِنَّ اللّٰهَ بَالِغُ أَمْرِهِ ۚ قَدْ جَعَلَ اللّٰهُ لِكُلِّ

ওয়া মাই ইয়াতাওয়াক্কাল 'আলাল্লা-হি ফাহুওয়া হাস্বুহূ ; ইন্নাল্লা-হা বা-লিগু আম্রিহী ; ক্বাদ্ জ্বা'আলাল্লা-হু লিকুল্লি

পারবে না। যে আল্লাহর প্রতি ভরসা রাখে, আল্লাহই তার জন্য যথেষ্ট। নিশ্চয়ই আল্লাহ তাঁর প্রতিটি কাজই সু-সম্পন্ন করে থাকেন। আল্লাহ

شَيْءٍ قَدْرًا ﴿٣﴾ وَاللَّائِي يَئِسْنَ مِنَ الْمَحِيضِ مِنْ نِسَائِكُمْ إِنِ ارْتَبْتُمْ

শাইয়িন ক্বাদরা-। ৪। ওয়াল্ লা—ঈ ইয়াইস্না মিনাল্ মাহীদ্বি মিন্ নিসা—ইকুম্ ইনির্ তাব্তুম

প্রতিটি বস্তুরই রেখেছেন পরিমাপ। (৪) যে সব স্ত্রী ঋতুস্রাব হতে হতাশ হয়ে গেছে, যদি তোমাদের সন্দেহ হয়ে থাকে, তবে তাদের

فَعِدَّتُهُنَّ ثَلٰثَةُ أَشْهُرٍ وَاللَّائِي لَمْ يَحِضْنَ ۚ وَأُولَاتُ الْأَحْمَالِ أَجَلُهُنَّ

ফা'ইদ্দাতুহুন্না ছালা-ছাতু আশ্হুরিওঁ ওয়াল্লা—ঈ লাম ইয়াহিদ্বনা ; ওয়া উলা-তুল আহ্মা-লি আজ্বালুহুন্না

ইদ্দত হল তিন মাস। আর যাদের এখনও ঋতুস্রাব শুরু হয়নি, তাদেরও (অনুরূপ ইদ্দত) এবং গর্ভবর্তী নারীদের ইদ্দতের সময়কাল

أَنْ يَضَعْنَ حَمْلَهُنَّ ۚ وَمَنْ يَتَّقِ اللّٰهَ يَجْعَلْ لَهُ مِنْ أَمْرِهِ يُسْرًا ﴿٤﴾ ذٰلِكَ أَمْرُ اللّٰهِ

আঁই ইয়াদ্বা'না হামলাহুন্না ; ওয়া মাই ইয়াত্তাক্বিল্লা-হা ইয়াজ্'আল লাহূ মিন্ আম্রিহী ইউস্রা-। ৫। যা-লিকা আম্রুল্লা-হি

(গর্ভের) সন্তান প্রসব পর্যন্ত। আল্লাহকে যে ভয় করে, আল্লাহ (তার জন্য) সব কাজগুলোকে অতি সহজ করে দেন। (৫) এ সব আল্লাহর নির্দেশ,

أَنْزَلَهُ إِلَيْكُمْ ۚ وَمَنْ يَتَّقِ اللّٰهَ يُكَفِّرْ عَنْهُ سَيِّئَاتِهِ وَيُعْظِمْ لَهُ أَجْرًا ﴿٥﴾ أَسْكِنُوهُنَّ

আন্যালাহূ~ইলাইকুম ; ওয়া মাই ইয়াত্তাক্বিল্লা-হা ইউকাফ্ফির 'আন্হু সাইয়্যিআ-তিহী ওয়া ইউ'জিম লাহূ~আজ্বরা-। ৬। আস্কিনূহুন্না

যা তিনি তোমার কাছে অবতীর্ণ করেছেন। যে আল্লাহকে ভয় করে, তিনি তার গুনাহগুলো তার (আমলনামা) থেকে মিটিয়ে দিবেন এবং তাকে দিবেন মহা প্রতিদান। (৬) এবং

مِنْ حَيْثُ سَكَنْتُمْ مِنْ وُجْدِكُمْ وَلَا تُضَارُّوهُنَّ لِتُضَيِّقُوا عَلَيْهِنَّ ۚ وَإِنْ كُنَّ

মিন্ হাইছু সাকান্তুম মিওঁ উজ্বদিকুম ওয়ালা- তুদ্বা—র্রূহুন্না লিতুদ্বাইয়্যিক্বূ 'আলাইহিন্না ; ওয়া ইন্ কুন্না

তাদেরকে তোমরা তোমাদের সাধ্যানুযায়ী যেখানে তোমরা বাস কর, তাদেরকেও সেখানে রাখ। তাদেরকে সঙ্কটে ফেলার উদ্দেশ্যে কষ্ট দিও না, যদি সে

أُولَاتِ حَمْلٍ فَأَنْفِقُوا عَلَيْهِنَّ حَتّٰى يَضَعْنَ حَمْلَهُنَّ ۚ فَإِنْ أَرْضَعْنَ لَكُمْ فَآتُوهُنَّ

উলা-তি হাম্লিন্ ফাআন্ফিক্বূ 'আলাইহিন্না হাত্তা- ইয়াদ্বা'না হাম্লাহুন্না, ফাইন্ আর্দ্বা'না লাকুম ফাআ-তূহুন্না

গর্ভবতী হয়, তবে সন্তান প্রসব পর্যন্ত তার জন্য ব্যয় করবে, যদি সে তোমার সন্তানকে স্তন্য পান করায়, তবে তাকে তার বিনিময় প্রদান কর

أُجُورَهُنَّ ۚ وَأْتَمِرُوا بَيْنَكُمْ بِمَعْرُوفٍ ۚ وَإِنْ تَعَاسَرْتُمْ فَسَتُرْضِعُ لَهُ أُخْرٰى ﴿٦﴾

উজূরাহুন্না, ওয়া'তামিরূ বাইনাকুম বিমা'রূফিন, ওয়া ইন তা'আ-সার্তুম ফাসাতুরদ্বি'উ লাহূ~উখ্রা-।

এবং তোমরা পরস্পরে সৌহার্দপূর্ণ আলোচনা করে নিবে। আর তোমাদের পারস্পরিক আলোচনা যদি অসঙ্গতি পূর্ণ হয় তবে অন্য মহিলা তার পক্ষে স্তন্য পান করাবে।

لِيُنْفِقْ ذُو سَعَةٍ مِنْ سَعَتِهِ ۚ وَمَنْ قُدِرَ عَلَيْهِ رِزْقُهُ فَلْيُنْفِقْ مِمَّا آتَاهُ اللّٰهُ ۚ

৭। লিইউন্ফিক্ব যূ সা'আতিম্ মিন্ সা'আতিহী ; ওয়া মান্ কুদিরা 'আলাইহি রিয্ক্বুহূ ফাল্ইউন্ফিক্ব মিম্মা~আ-তা-হুল্লা-হু;

(৭) সামর্থ্যবান ব্যক্তি নিজ সামর্থ্য অনুযায়ী ব্যয় করবে। আর যার ওপর রিযিক সঙ্কুচিত করে দেয়া হয়েছে (অর্থাৎ গরীব) সে যেন ব্যয় করে, আল্লাহ যা

১ / ৫(৭) / ১৭ রুকূ

لَا يُكَلِّفُ اللّٰهُ نَفْسًا إِلَّا مَا آتَاهَا ۚ سَيَجْعَلُ اللّٰهُ بَعْدَ عُسْرٍ يُسْرًا ﴿٧﴾ وَكَأَيِّنْ مِنْ

লা- ইউকাল্লিফুল্লা-হু নাফ্সান ইল্লা- মা~আ-তা-হা- ; সাইয়াজ্'আলুল্লা-হু বা'দা 'উস্রিই ইউস্রা-। ৮। ওয়া কাআইয়্যিম্ মিন্

দিয়েছেন তার থেকে আল্লাহ কোন বান্দাকে তার প্রদত্ত সামর্থ্যের বাইরে কোন কষ্ট দেন না। আল্লাহ দুঃখের পর দেন সুখ। (৮) কত জনপদ, তার

قَرْيَةٍ عَتَتْ عَنْ أَمْرِ رَبِّهَا وَرُسُلِهِ فَحَاسَبْنَاهَا حِسَابًا شَدِيدًا ۙ وَعَذَّبْنَاهَا

ক্বার্ইয়াতিন 'আতাত্ 'আন্ আম্রি রাব্বিহা-ওয়া রুসুলিহী ফাহা-সাব্না-হা- হিসা-বান শাদী-দাওঁ ওয়া 'আয্যাব্না-হা-

প্রতিপালক ও তাঁর রাসূলগণের নির্দেশের অবাধ্য হয়েছে। ফলে আমি তাদের থেকে কঠিন হিসাব নিয়েছিলাম এবং তাদেরকে এমন শাস্তি দিয়েছিলাম,

○ টীকা (আঃ ৬) ঃ অর্থাৎ, তালাক প্রদত্তা স্ত্রীকে ইদ্দতকালে বাসস্থান দেয়া ওয়াজেব। কিন্তু তালাকে বায়েন দিলে উভয়ের এক ঘরে নির্জনবাস জায়েয নয়। (বঃ কোঃ) ○ টীকা (আঃ ৬) ঃ স্ত্রীও যেন এত অধিক দাবি না করে, যা দেওয়া স্বামীর পক্ষে কষ্টসাধ্য হয়, আর স্বামীও যেন এত কম না দেয়, যাতে স্ত্রীর কার্য অচল হয়ে পড়ে বরং উভয়ে চিন্তা করবে যে, শিশুর মাতাই যেন শিশুকে দুধ পান করাতে পারে। (বঃ কোঃ) ○ টীকা (আঃ ৭) ঃ অর্থাৎ, অপর একজন ধাত্রী তালাশ করে নিবে ; শিশুর মাতাকে বাধ্য করা যাবে না এবং পিতাকেও না। এখানে পিতাকে তিরস্কার করার উদ্দেশ্য, অন্যকে বেশি বিনিময় দিতে পারলে শিশুর মাতাকে কেন দিবে না? আর স্ত্রীকে তিরস্কার করার উদ্দেশ্য, তুমি অধিক বিনিময়ের জন্য সন্তানকে দুধ পান করালে না, পৃথিবীতে কি আর দুগ্ধবতী স্ত্রী লোক নাই? (বঃ কোঃ)

عَذَابًا نُّكْرًا ۝٩ فَذَاقَتْ وَبَالَ اَمْرِهَا وَكَانَ عَاقِبَةُ اَمْرِهَا خُسْرًا ۝١٠ اَعَدَّ اللّٰهُ

'আযা-বান নুকরা-। ৯। ফাযা-ক্বাত্ ওয়া বা-লা আমরিহা- ওয়া কা-না 'আ-ক্বিবাতু আম্‌রিহা- খুস্‌রা-। ১০। আ'আদ্দাল্লা-হু

যা ছিল ভয়ঙ্কর। (৯) অতঃপর তারা তাদের কর্মের পরিণাম (শাস্তি) ভোগ করেছে, আর তাদের কর্মের পরিণাম খুবই ক্ষতিকর ছিল। (১০) আল্লাহ তাদের

لَهُمْ عَذَابًا شَدِيْدًا ۙ فَاتَّقُوا اللّٰهَ يٰٓاُولِي الْاَلْبَابِ ۚ الَّذِيْنَ اٰمَنُوْا ۚ قَدْ

লাহুম 'আযা-বান্ শাদীদান্ ফাত্তাক্বুল্লা-হা ইয়া~উলিল আলবা-বিল লাযীনা আ-মানূ ; ক্বাদ

জন্য কঠোর শাস্তির ব্যবস্থা করে রেখেছেন। সুতরাং তোমরা আল্লাহকে ভয় কর! হে জ্ঞানবান ব্যক্তিরা! যারা ঈমান এনেছ, নিশ্চয়ই

اَنْزَلَ اللّٰهُ اِلَيْكُمْ ذِكْرًا ۝١١ رَّسُوْلًا يَّتْلُوْا عَلَيْكُمْ اٰيٰتِ اللّٰهِ مُبَيِّنٰتٍ

আন্‌যালাল্লা-হু ইলাইকুম যিক্‌রা-। ১১। রাসূলাই ইয়াত্‌লূ 'আলাইকুম আ-য়া-তিল্লা-হি মুবাইয়্যিনা-তিল্

আল্লাহ অবতীর্ণ করেছেন তোমাদের প্রতি উপদেশ। (১১) অর্থাৎ রাসূল, যিনি তোমাদেরকে আল্লাহর আয়াতসমূহ স্পষ্টভাবে পাঠ করে শুনান,

لِّيُخْرِجَ الَّذِيْنَ اٰمَنُوْا وَعَمِلُوا الصّٰلِحٰتِ مِنَ الظُّلُمٰتِ اِلَى النُّوْرِ ؕ

লিইউখ্‌রিজাল্ লাযীনা আ-মানূ ওয়া 'আমিলুস্ব স্বা-লিহ্বা-তি মিনায্ জুলুমা-তি ইলান্ নূরি ;

যারা মুমিন এবং নেক কাজ করে, তাদেরকে আলোর দিকে নিয়ে আসার জন্য। অন্ধকার হতে,

وَمَنْ يُّؤْمِنْ بِاللّٰهِ وَيَعْمَلْ صَالِحًا يُّدْخِلْهُ جَنّٰتٍ تَجْرِيْ مِنْ تَحْتِهَا

ওয়া মাই ইউ'মিন্ বিল্লা-হি ওয়া ইয়া'মাল্ স্বা-লিহ্বাই ইউদ্‌খিল্‌হু জান্না-তিন তাজ্‌রী মিন্ তাহ্বতিহাল্

যে আল্লাহর প্রতি ঈমান রাখে এবং নেক কাজ করে, তাকে প্রবেশ করানো হবে জান্নাতে, যার তলদেশে

الْاَنْهٰرُ خٰلِدِيْنَ فِيْهَآ اَبَدًا ؕ قَدْ اَحْسَنَ اللّٰهُ لَهٗ رِزْقًا ۝١٢ اَللّٰهُ الَّذِيْ خَلَقَ سَبْعَ

আন্‌হা-রু খা-লিদীনা ফীহা~আবাদান ; ক্বাদ্ আহ্বসানাল্লা-হু লাহূ রিয্‌ক্বা-। ১২। আল্লা-হুল্লাযী খালাক্বা সাব্'আ

নহরসমূহ প্রবাহিত, সেখানে তারা চিরকাল বাস করবে, আল্লাহ তাকে উৎকৃষ্ট খাদ্য দান করবেন। (১২) আল্লাহ যিনি সৃষ্টি করেছেন সপ্ত

سَمٰوٰتٍ وَّمِنَ الْاَرْضِ مِثْلَهُنَّ ؕ يَتَنَزَّلُ الْاَمْرُ بَيْنَهُنَّ لِتَعْلَمُوْٓا اَنَّ

সামা-ওয়া-তিওঁ ওয়া মিনাল্ আর্‌দ্বি মিছ্‌লাহুন্না ; ইয়াতানায্‌যালুল্ আম্‌রু বাইনাহুন্না লিতা'লামূ~আন্নাল

আকাশ এবং অনুরূপ ভাবে, পৃথিবী ও তাদের (উভয়ের) মধ্যে তাঁর নির্দেশসমূহ (সিদ্ধান্ত) চলে আসে, যাতে তোমরা

اللّٰهَ عَلٰى كُلِّ شَيْءٍ قَدِيْرٌ ۙ وَّاَنَّ اللّٰهَ قَدْ اَحَاطَ بِكُلِّ شَيْءٍ عِلْمًا ۝

লা-হা 'আলা- কুল্লি শাইয়িন ক্বাদীরুওঁ ওয়া আন্নাল্লা-হা ক্বাদ আহ্বা-ত্বা বিকুল্লি শাইয়িন 'ইল্‌মা-।

বুঝতে পার যে, আল্লাহ সর্ব বিষয়ে মহা ক্ষমতাবান এবং নিশ্চয়ই আল্লাহ তাঁর জ্ঞানে সব কিছুই বেষ্টন করে আছেন।

○ টীকা (আঃ ১১) ঃ হাদীসে আছে, এক যমীনের উপর আর এক যমীন, এ প্রকারের সাতটি যমীন রয়েছে। এ সাতটি যমীন দৃষ্টিগোচর হওয়াও সম্ভব, না হওয়াও সম্ভব। হয়তো মানুষ তাদেরকে নক্ষত্র মনে করছে। যেমন মিররীখ্ নক্ষত্র সম্বন্ধে কেউ কেউ ধারণা করে যে, তাতে পাহাড়-পর্বত, নদ-নদী ও বসতি রয়েছে। আর কোন কোন হাদীসে দেখা যায়, বাকি যমীনগুলো আমাদের এই যমীনের নিম্নে রয়েছে, তা কোন কোন অবস্থায় বটে। কেননা, উক্ত যমীনগুলো কোন কোন অবস্থায় এ যমীনের উপরেও হয়ে যায়। উক্ত যমীনেও যে আল্লাহর নির্দেশ নাযিল হয় বলে উল্লেখ দেখা যায়, তজ্জন্য উক্ত যমীনসমূহে শরীয়তের বিধিবদ্ধ প্রাণীসমূহের অবস্থান জরুরী নয়। কেননা, সৃষ্টি পরিচালনা সংক্রান্ত নির্দেশ সর্ব প্রকারের বস্তুর উপরই হয়ে থাকে। (বঃ কোঃ)

সূরা তাহ্‌রীম
মাদানী

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

বিসমিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম

পরম দাতা ও দয়ালু আল্লাহ্‌র নামে শুরু করছি

আয়াত ঃ ১২
রুকূ ঃ ২

يٰٓاَيُّهَا النَّبِيُّ لِمَ تُحَرِّمُ مَآ اَحَلَّ اللّٰهُ لَكَ ۚ تَبْتَغِيْ مَرْضَاتَ اَزْوَاجِكَ ؕ

১। ইয়া ~আইয়্যুহান্ নাবিয়্যু লিমা তুহ্বার্‌রিমু মা~আহ্বাল্লাল্লা-হু লাকা, তাব্‌তাগী মার্‌দ্বা-তা আয্‌ওয়া-জ্বিকা ;

(১) হে নবী! আল্লাহ যা আপনার জন্য হালাল করেছেন, তা আপনি (নিজের জন্য) কেন হারাম করতেছেন? আপনি আপনার স্ত্রীদের সন্তুষ্টি কামনা করছেন?

وَاللّٰهُ غَفُوْرٌ رَّحِيْمٌ ۝١ قَدْ فَرَضَ اللّٰهُ لَكُمْ تَحِلَّةَ اَيْمَانِكُمْ ۚ وَاللّٰهُ مَوْلٰىكُمْ ۚ وَهُوَ الْعَلِيْمُ

ওয়াল্লা-হু গাফূরুর রাহ্বীম। ২। ক্বাদ্ ফারাদ্বাল্লা-হু লাকুম তাহ্বিল্লাতা আইমা-নিকুম ; ওয়াল্লা-হু মাওলা-কুম, ওয়া হুওয়াল 'আলীমুল

আল্লাহ ক্ষমাশীল অসীম দয়াবান। (২) আল্লাহ তোমাদের জন্য তোমাদের শপথ থেকে অব্যাহতি পাওয়ার বিধান নির্ধারণ করেছেন; আল্লাহ তোমাদের বন্ধু এবং তিনিই

الْحَكِيْمُ ۝٢ وَاِذْ اَسَرَّ النَّبِيُّ اِلٰى بَعْضِ اَزْوَاجِهٖ حَدِيْثًا ۚ فَلَمَّا نَبَّاَتْ بِهٖ

হ্বাকীম। ৩। ওয়া ইয্ আসার্‌রান্ নাবিইয়্যু ইলা- বা'দ্বি আয্‌ওয়া-জ্বিহী হ্বাদীছান, ফালাম্মা- নাব্বাআত্ বিহী

মহাজ্ঞানী, বিজ্ঞ। (৩) স্মরণ কর, যখন নবী তার কোন স্ত্রীকে একটি গোপন কথা বলেছিলেন। যখন সে গোপন কথাটিকে, (অন্য স্ত্রীর কাছে) জানিয়ে দিল,

وَاَظْهَرَهُ اللّٰهُ عَلَيْهِ عَرَّفَ بَعْضَهٗ وَاَعْرَضَ عَنْۢ بَعْضٍ ۚ فَلَمَّا نَبَّاَهَا بِهٖ قَالَتْ

ওয়া আজ্‌হারাহুল্লা-হু 'আলাইহি 'আর্‌রাফা বা'দ্বাহূ ওয়া আ'রাদ্বা 'আম্ বা'দ্বিন, ফালাম্মা- নাব্বাআহা- বিহী ক্বা-লাত্

এবং আল্লাহ তার নবীকে এ ব্যাপারে অবহিত করেন তখন তিনি এর কিছু জানালেন এবং কিছু এড়িয়ে গেলেন, যখন নবী তাঁর স্ত্রীকে জানালেন, তখন সে বলল, কে আপনাকে

مَنْ اَنْۢبَاَكَ هٰذَا ؕ قَالَ نَبَّاَنِيَ الْعَلِيْمُ الْخَبِيْرُ ۝٣ اِنْ تَتُوْبَآ اِلَى اللّٰهِ فَقَدْ صَغَتْ

মান্ আম্বাআকা হা-যা- ; ক্বা-লা নাব্বাআনিয়াল্ 'আলীমুল্ খাবীর। ৪। ইন্ তাতূবা~ইলাল্লা-হি ফাক্বাদ্ স্বাগাত্

এ খবর দিল? নবী বললেন, আমাকে খবর দিয়েছেন তিনি, যিনি সব কিছু জানেন ও খবর রাখেন। (৪) তবে তোমরা উভয়ই আল্লাহর কাছে তওবা কর, যেহেতু তোমাদের

قُلُوْبُكُمَا ۚ وَاِنْ تَظٰهَرَا عَلَيْهِ فَاِنَّ اللّٰهَ هُوَ مَوْلٰىهُ وَجِبْرِيْلُ وَصَالِحُ الْمُؤْمِنِيْنَ ۚ

ক্বুলূবুকুমা-, ওয়া ইন্ তাজা-হারা- 'আলাইহি ফাইন্নাল্লা-হা হুওয়া মাওলা-হু ওয়া জ্বিবরীলু ওয়া স্বা-লিহুল মু'মিনীনা,

অন্তর (ন্যায় থেকে অন্যদিকে) ঝুঁকে পড়েছে। আর যদি তোমরা নবীর ওপর অন্যায় আচরণ কর, তবে শুনে নাও, আল্লাহই তাঁর বন্ধু এবং জিব্রাঈল ও পুণ্যবান মুমিনগণও।

وَالْمَلٰٓئِكَةُ بَعْدَ ذٰلِكَ ظَهِيْرٌ ۝٤ عَسٰى رَبُّهٗٓ اِنْ طَلَّقَكُنَّ اَنْ يُّبْدِلَهٗٓ اَزْوَاجًا

ওয়ালমালা—ইকাতু বা'দা যা-লিকা জাহীর। ৫। 'আসা- রাব্বুহূ~ইন্ ত্বাল্লাক্বাকুন্না আইঁ ইউবদিলাহূ~আয্‌ওয়া-জ্বান্

এরপরেও ফেরেশতাগণ তার সাহায্যকারী। (৫) যদি নবী তোমাদের সবাইকে ছেড়ে দেন, তবে এখনি তাঁর প্রতিপালক, তোমাদের পরিবর্তে তোমাদের

○ বিশ্লেষণ (আঃ ১) ঃ ......لم تحرم - রাসূলুল্লাহ (স) নিজের জন্য যা নিষিদ্ধ করেছিলেন, সেটা কি ছিল? তা হচ্ছে এই যে, রাসূলুল্লাহ (স) হযরত যয়নবের (রা) কাছে কিছু সময় বেশি কাটাতেন ও মধু পান করতেন। হযরত হাফসা এবং হযরত আয়শা (রা) উভয়ই রাসূলুল্লাহকে (স) এ থেকে বিরত রাখার জন্য একটি পরিকল্পনা করেন। যার কাছেই হুযুর (স) তাশরীফ আনবেন। তিনিই একথা হুযুরকে (স) বলবেন যে, "হে আল্লাহর রাসূল! আপনার মুখ হতে মাগাফিরের ঘ্রাণ আসে" (মাগাফির এক ধরনের সুঘ্রাণ যুক্ত ফুলের নাম)। অতএব পরিকল্পনা মাফিকই কাজ করা হয়েছে। রাসূলুল্লাহ (স) বলেন, "আমিতো যয়নবের ঘরে শুধু মধু পান করেছি। আমি এখন শপথ করছি যে, আমি আর তা পান করব না।" তবে এ ঘটনা তুমি কারও কাছে প্রকাশ করবে না। নাসায়ী শরীফে বর্ণিত হয়েছে যে, নিষিদ্ধ কৃত বিষয়টি ছিল এক দাসী। যা রাসূলুল্লাহ (স) নিজের জন্য হারাম করে নিয়েছিলেন। (কুঃ কারীম)

خَيْرًا مِّنْكُنَّ مُسْلِمٰتٍ مُّؤْمِنٰتٍ قٰنِتٰتٍ تٰٓئِبٰتٍ عٰبِدٰتٍ سٰٓئِحٰتٍ ثَيِّبٰتٍ

খাইরাম্ মিনকুন্না মুস্‌লিমা-তিম্ মু'মিনা-তিন ক্বা-নিতা-তিন্ তা—ইবা-তিন 'আ-বিদা-তিন সা—ইহা-তিন ছাইয়্যিবা-তিও

চেয়ে উত্তম স্ত্রী এনে দিবেন। যারা হবে ইসলামের পূর্ণ অনুসারী, বিশ্বাসী, আল্লাহর একান্ত অনুগত, তওবাকারী, ইবাদাতকারী, রোযা পালনকারী, (কতক) অকুমারী

وَّاَبْكَارًا ۞ يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْا قُوْٓا اَنْفُسَكُمْ وَاَهْلِيْكُمْ نَارًا وَّقُوْدُهَا

ওয়া আব্‌কা-রা-। ৬। ইয়া ~আইয়্যুহাল্ লাযীনা আ-মানূ ক্বূ~আন্‌ফুসাকুম ওয়া আহ্‌লীকুম না-রাও ওয়া ক্বূদুহান্

এবং কতক কুমারী। (৬) হে মুমিনগণ! তোমরা নিজেরা নিজেদেরকে ও তোমার পরিবার-পরিজনদেরকে সে অগ্নি হতে রক্ষা কর, যার ইন্ধন হবে

النَّاسُ وَالْحِجَارَةُ عَلَيْهَا مَلٰٓئِكَةٌ غِلَاظٌ شِدَادٌ لَّا يَعْصُوْنَ اللّٰهَ مَآ اَمَرَهُمْ

না-সু ওয়াল্ হিজ্বা-রাতু 'আলাইহা- মালা—ইকাতুন্ গিলা-জুন শিদা-দুল লা-ইয়া'স্বূনাল্লা-হা মা ~আমারাহুম

মানুষ এবং পাথর। যেখানে (প্রহরীতে) নিযুক্ত রয়েছে, অত্যন্ত কঠোর প্রকৃতির ফেরেশতা, তারা আল্লাহর নির্দেশকে অমান্য করে না।

وَيَفْعَلُوْنَ مَا يُؤْمَرُوْنَ ۞ يٰٓاَيُّهَا الَّذِيْنَ كَفَرُوْا لَا تَعْتَذِرُوا الْيَوْمَ ط اِنَّمَا

ওয়া ইয়াফ্'আলূনা মা-ইউ'মারূন। ৭। ইয়া ~আইয়্যুহাল্ লাযীনা কাফারূ লা-তা'তাযিরুল্ ইয়াওমা ; ইন্নামা-

বরং তাদেরকে যা নির্দেশ দেয়া হয়, তারা তাই করে। (৭) হে কাফিরগণ! আজ তোমরা অক্ষমতা প্রকাশ কর না। আজ শুধু তোমাদেরকে

تُجْزَوْنَ مَا كُنْتُمْ تَعْمَلُوْنَ ۞ يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْا تُوْبُوْٓا اِلَى اللّٰهِ تَوْبَةً

ع ১ ৭ ১৯ রুকূ

তুজ্বযাওনা মা- কুন্‌তুম তা'মালূন। ৮। ইয়া ~আইয়্যুহাল্ লাযীনা আ-মানূ তূবূ ~ইলাল্লা-হি তাওবাতান্

তারই প্রতিফল দেয়া হবে, যা তোমরা করতে (৮) হে মুমিনগণ! তোমরা আল্লাহর কাছে একনিষ্ঠভাবে তওবা কর; আশা করা

نَّصُوْحًا ط عَسٰى رَبُّكُمْ اَنْ يُّكَفِّرَ عَنْكُمْ سَيِّاٰتِكُمْ وَيُدْخِلَكُمْ جَنّٰتٍ تَجْرِيْ

নাস্বূহান ; 'আসা- রাব্বুকুম আইঁ ইউকাফ্‌ফিরা 'আন্‌কুম সাইয়্যিআ- তিকুম ওয়া ইউদ্‌খিলাকুম জ্বান্না-তিন্ তাজ্বরী

যায়, তোমাদের প্রতিপালক তোমাদের গুনাহগুলো তোমাদের (আমল নামা) থেকে মিটিয়ে দিবেন এবং তোমাদেরকে প্রবেশ করাবেন জান্নাতে, যার তলদেশে

مِنْ تَحْتِهَا الْاَنْهٰرُ يَوْمَ لَا يُخْزِى اللّٰهُ النَّبِيَّ وَالَّذِيْنَ اٰمَنُوْا مَعَهٗ ج نُوْرُهُمْ

মিন্ তাহ্‌তিহাল 'আন্‌হা-রু ইয়াওমা লা- ইউখ্‌যিল্লা-হুন নাবিইয়্যা ওয়াল্লাযীনা আ-মানূ মা'আহূ, নূরুহুম

নহরসমূহ প্রবাহিত। যে দিন আল্লাহ অসম্মানিত করবেন না নবীকে এবং তার অনুসারী মুমিনগণকে। (সেদিন) তাদের (ঈমানী) নূর তাদের সামনে এবং তাদের

يَسْعٰى بَيْنَ اَيْدِيْهِمْ وَبِاَيْمَانِهِمْ يَقُوْلُوْنَ رَبَّنَآ اَتْمِمْ لَنَا نُوْرَنَا وَاغْفِرْ لَنَا ج

ইয়াস্'আ- বাইনা আইদীহিম ওয়া বিআইমা-নিহিম ইয়াক্বূলূনা রাব্বানা~আত্‌মিম লানা- নূরানা- ওয়াগ্‌ফির্‌লানা-,

ডান দিকে দ্রুতগতিতে চলতে থাকবে (এবং) তারা বলবে, হে আমাদের প্রতিপালক! আমাদের পূর্ণ (স্থায়ী) করে দিন আমাদের এ নূরকে এবং আমাদেরকে মাফ করুন,

○ টীকা (আঃ ৬) ঃ এ আয়াত থেকে জানা যায় ঃ এক ব্যক্তির দায়িত্ব মাত্র নিজেকেই আল্লাহ তায়ালার শাস্তি থেকে রক্ষার চেষ্টা করা পর্যন্ত সীমিত নয়, বরং পরিবারের কর্তৃত্বভার তার উপর অর্পণ করা হয়েছে। নিজের সাধ্যমত তাদের শরীয়তের শিক্ষা-দীক্ষা দান করাও তার দায়িত্ব, যাতে তারা আল্লাহ তায়ালার পছন্দনীয় মানুষরূপে গড়ে উঠতে পারে এবং যদি তারা জাহান্নামের পথে চলে তবে যথাসাধ্য তাদেরকে সে রাস্তা থেকে বিরত রাখার চেষ্টা করা। 'জাহান্নামের ইন্ধন হবে পাথর' অর্থাৎ পাথরের কয়লা সম্ভবতঃ।

اِنَّكَ عَلٰى كُلِّ شَيْءٍ قَدِيْرٌ ۞ يٰٓاَيُّهَا النَّبِيُّ جَاهِدِ الْكُفَّارَ وَالْمُنٰفِقِيْنَ وَاغْلُظْ

ইন্নাকা 'আলা- কুল্লি শাইয়িন্ ক্বাদীর। ৯। ইয়া~আইয়্যুহান্ নাবিইয়্যু জ্বা-হিদিল্ কুফ্‌ফা-রা ওয়াল মুনা-ফিক্বীনা ওয়াগ্‌লুজ্

নিশ্চয়ই আপনি সর্ব বিষয়ে ক্ষমতাবান। (৯) হে নবী! কাফির ও মুনাফিকদের সাথে যুদ্ধ করুন। এবং তাদের

عَلَيْهِمْ ط وَمَاْوٰىهُمْ جَهَنَّمُ ط وَبِئْسَ الْمَصِيْرُ ۞ ضَرَبَ اللّٰهُ مَثَلًا لِّلَّذِيْنَ كَفَرُوا

'আলাইহিম ; ওয়া মা'ওয়া-হুম জাহান্নামু ; ওয়া বি'সাল্ মাস্বীর। ১০। দ্বারাবাল্লা-হু মাছালাল্ লিল্লাযীনা কাফারুম্

ওপর কঠিনভাবে চড়াও হন, তাদের ঠিকানা জাহান্নাম এবং সে ঠিকানা খুবই নিকৃষ্ট। (১০) আল্লাহ কাফিরদের জন্য উদাহরণ

امْرَاَتَ نُوْحٍ وَّامْرَاَتَ لُوْطٍ ط كَانَتَا تَحْتَ عَبْدَيْنِ مِنْ عِبَادِنَا صَالِحَيْنِ

রাআতা নূহিঁও ওয়াম্‌রাআতা লূত্বিন ; কা-নাতা- তাহ্‌তা 'আব্দাইনি মিন্ 'ইবা-দিনা- স্বা-লিহাইনি

পেশ করেছেন, নূহ এবং লূতের স্ত্রীর। এরা দুজনই আমার বান্দাগণের মধ্য হতে দুজন নেককার বান্দার ঘরেই ছিল। তারা উভয়ই বিশ্বাসঘাতকতা করেছে,

فَخَانَتٰهُمَا فَلَمْ يُغْنِيَا عَنْهُمَا مِنَ اللّٰهِ شَيْئًا وَّقِيْلَ ادْخُلَا النَّارَ مَعَ الدّٰخِلِيْنَ ۞

ফাখা-নাতা-হুমা- ফালাম ইউগ্‌নিয়া- 'আন্‌হুমা- মিনাল্লা-হি শাইআওঁ ওয়া ক্বীলাদ্ খুলান্ না-রা মা'আদ্ দা-খিলীন।

অতঃপর সে দুজন (নেক বান্দা) তাদের (স্ত্রীদের) আল্লাহর শাস্তি থেকে রক্ষার ব্যাপারে কোনই উপকার করতে পারেনি এবং তাদেরকে বলা হল, তোমরা উভয়ই জাহান্নামে প্রবেশ কর (জাহান্নামে) প্রবেশকারীদের সাথে।

وَضَرَبَ اللّٰهُ مَثَلًا لِّلَّذِيْنَ اٰمَنُوا امْرَاَتَ فِرْعَوْنَ م اِذْ قَالَتْ رَبِّ ابْنِ

১১। ওয়া দ্বারাবাল্লা-হু মাছালাল্ লিল্লাযীনা আ-মানুম্ রাআতা ফির'আওনা। ইয্ ক্বা-লাত্ রাব্বিব্‌নি

(১১) আল্লাহ মুমিনগণের জন্য ফিরআউনের স্ত্রীর উদাহরণ পেশ করেছেন। যখন সে (আল্লাহর দরবারে আরয করে) বলেছিল, হে আমার প্রতিপালক!

لِيْ عِنْدَكَ بَيْتًا فِي الْجَنَّةِ وَنَجِّنِيْ مِنْ فِرْعَوْنَ وَعَمَلِهٖ وَنَجِّنِيْ مِنَ

লী 'ইন্দাকা বাইতান্ ফিল্ জ্বান্নাতি ওয়া নাজ্জিনী মিন্ ফির্'আওনা ওয়া 'আমালিহী ওয়া নাজ্জিনী মিনাল্

আমার জন্য তোমার নিকটে জান্নাতের মধ্যে একখানা গৃহের ব্যবস্থা কর এবং আমাকে রক্ষা কর ফিরআউন এবং তার কু-কর্ম হতে এবং আমাকে রক্ষা কর

الْقَوْمِ الظّٰلِمِيْنَ ۞ وَمَرْيَمَ ابْنَتَ عِمْرٰنَ الَّتِيْٓ اَحْصَنَتْ فَرْجَهَا فَنَفَخْنَا

ক্বাওমিজ্ জা-লিমীন। ১২। ওয়া মারইয়ামাব্ নাতা 'ইম্‌রা-নাল্লাতী~আহ্‌স্বানাত্ ফার্‌জ্বাহা- ফানাফাখ্‌না-

পাপিষ্ঠ সম্প্রদায় থেকে। (১২) আরও উদাহরণ পেশ করছেন ইমরান কন্যা মরিয়মের, যে তার সতীত্বকে হেফাজত করেছিলেন। অতঃপর আমি তার মধ্যে

فِيْهِ مِنْ رُّوْحِنَا وَصَدَّقَتْ بِكَلِمٰتِ رَبِّهَا وَكُتُبِهٖ وَكَانَتْ مِنَ الْقٰنِتِيْنَ ۞

ع ২ ২০ রুকূ

ফীহি মির রূহিনা-ওয়া স্বাদ্দাক্বাত বিকালিমা-তি রাব্বিহা- ওয়া কুতুবিহী ওয়া কা-নাত্ মিনাল্ ক্বা-নিতীন।

আমার তরফ থেকে রূহ্ (প্রাণ) ফুঁকে দিলাম। সে তার প্রতিপালকের বাণী এবং তার কিতাবসমূহ সত্যায়িত করে এবং সে ছিল (আল্লাহর) অনুগতদের একজন।

○ টীকা (আঃ ১০) ঃ এ আয়াতগুলো পূর্বোক্ত قوا انفسكم واهليكم نارا আয়াতটির সাথে সংশ্লিষ্ট। এক্ষেত্রে স্ত্রীদের মনে ত্রিবিধ সন্দেহ হতে পারে। (ক) আমরা যদি নেক্‌কার না-ও হই, তবুও পুণ্যবান স্বামীর নেকীর ফলে আমরা পরলোকে পরিত্রাণ পাব। (খ) পাপী লোকের নেক্‌কার স্ত্রীগণ সন্দেহ করতে পারে, আমরা নেক্ কাজ করলে কি হবে, পাপী স্বামীর কারণে আমাদের পারলৌকিক পরিত্রাণ ব্যাহত হতে পারে। (গ) কুমারী স্ত্রীলোক মনে করতে পারে, আমাদের তো স্বামীই নেই। অতএব, আমাদের সংশোধনের পথ বন্ধ। আল্লাহ্ তা'আলা লূত (আ) ও নূহ (আ)-এর স্ত্রীগণের উল্লেখ দ্বারা প্রথম সন্দেহ, ফেরআউনের স্ত্রীর উল্লেখ দ্বারা দ্বিতীয় সন্দেহ এবং মারইয়ামের উল্লেখ দ্বারা তৃতীয় সন্দেহ দূর করলেন। (বঃ কোঃ)

সূরা মুলক
মক্কী

بِسْمِ اللهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ ۝

বিসমিল্লা-হির রাহ্মা-নির রাহীম

পরম দাতা ও দয়ালু আল্লাহ্র নামে শুরু করছি

আয়াত ঃ ৩০
রুকূ ঃ ৩

تَبٰرَكَ الَّذِىْ بِيَدِهِ الْمُلْكُ ز وَهُوَ عَلٰى كُلِّ شَىْءٍ قَدِيْرُ ۝١ الَّذِىْ خَلَقَ

১। তাবা-রাকাল্লাযী বিয়াদিহিল্ মুলকু, ওয়া হুওয়া 'আলা- কুল্লি শাইয়িন্ ক্বাদীরু। ২। নিল্লাযী খালাক্বাল্

(১) তিনি (আল্লাহ) অতি সু-মহান, যাঁর (একক) নিয়ন্ত্রণে চলছে বাদশাহী, তিনি সর্ব বিষয়ে পূর্ণ ক্ষমতাবান। (২) যিনি (আল্লাহ) সৃষ্টি করেছেন,

পারা ২৯

الْمَوْتَ وَالْحَيٰوةَ لِيَبْلُوَكُمْ اَيُّكُمْ اَحْسَنُ عَمَلًا ط وَهُوَ الْعَزِيْزُ الْغَفُوْرُ ۝٢ الَّذِىْ

মাওতা ওয়াল্ হ্বায়া-তা লিইয়াব্লুওয়াকুম আইয়্যুকুম আহ্সানু 'আমালান্ ; ওয়া হুওয়াল্ 'আযীযুল্ গাফূর। ৩। আল্লাযী

মৃত্যু এবং জীবন, তোমাদের মধ্যে কে নেক কাজ করে, তা পরীক্ষা করার জন্য। তিনি মহা প্রতাপশালী, ক্ষমাশীল। (৩) তিনি

خَلَقَ سَبْعَ سَمٰوٰتٍ طِبَاقًا ط مَا تَرٰى فِىْ خَلْقِ الرَّحْمٰنِ مِنْ تَفٰوُتٍ ط فَارْجِعِ

খালাক্বা সাব্'আ সামা-ওয়া-তিন্ ত্বিবা-ক্বান; মা- তারা- ফী খাল্ক্বির রাহ্মা-নি মিন্ তাফা-উতিন ; ফার্জ্বি'ইল্

সৃষ্টি করেছেন সপ্ত আকাশ স্তরে স্তরে। তুমি করুণাময় (আল্লাহ)-এর সৃষ্টির মাঝে কোন অব্যবস্থাপনা দেখতে পাবে না, পুনরায় দৃষ্টি নিক্ষেপ কর, তোমার

الْبَصَرَ لا هَلْ تَرٰى مِنْ فُطُوْرٍ ۝٣ ثُمَّ ارْجِعِ الْبَصَرَ كَرَّتَيْنِ يَنْقَلِبْ اِلَيْكَ الْبَصَرُ

বাস্বারা হাল্ তারা- মিন্ ফুত্বূর। ৪। ছুম্মার্ জ্বি'ইল্ বাস্বারা কার্রাতাইনি ইয়ান্ক্বালিব্ ইলাইকাল্ বাস্বারু

দৃষ্টিতে কি কোন ত্রুটি ধরা পড়ে? (৪) অতঃপর তুমি বারবার (তোমার) দৃষ্টি নিক্ষেপ কর, তোমার সে দৃষ্টি নীচ

خَاسِئًا وَّهُوَ حَسِيْرٌ ۝٤ وَلَقَدْ زَيَّنَّا السَّمَآءَ الدُّنْيَا بِمَصَابِيْحَ وَجَعَلْنٰهَا رُجُوْمًا

খা-সিআওঁ ওয়া হুওয়া হ্বাসীর। ৫। ওয়া লাক্বাদ্ যাইয়্যান্নাস্ সামা—আদ্ দুন্ইয়া- বিমাস্বা-বীহ্ব ওয়া জ্বা'আল্না-হা- রুজূমাল্

ও দুর্বল হয়ে তোমার দিকেই প্রত্যাবর্তন করবে। (৫) আমি পৃথিবীর (নিকটতম) আকাশকে সৌন্দর্যময়, করেছি প্রদীপমালা (তারকাসমূহ) দ্বারা এবং তা বানিয়েছি

لِّلشَّيٰطِيْنِ وَاَعْتَدْنَا لَهُمْ عَذَابَ السَّعِيْرِ ۝٥ وَلِلَّذِيْنَ كَفَرُوْا بِرَبِّهِمْ عَذَابُ

লিশ্ শায়া-ত্বীনি ওয়া আ'তাদ্না- লাহুম 'আযা-বাস্ সা'ঈর। ৬। ওয়া লিল্লাযীনা কাফারূ বিরাব্বিহিম 'আযা-বু

শয়তানগুলোকে আঘাত করার মাধ্যম এবং তাদের জন্য আমি শাস্তি প্রস্তুত করে রেখেছি। (৬) যারা কুফরী করে তাদের প্রতিপালকের সাথে, তাদের জন্যও রয়েছে

جَهَنَّمَ ط وَبِئْسَ الْمَصِيْرُ ۝٦ اِذَآ اُلْقُوْا فِيْهَا سَمِعُوْا لَهَا شَهِيْقًا وَّهِىَ تَفُوْرُ ۝٧ تَكَادُ

জ্বাহান্নামা ; ওয়া বি'সাল্ মাস্বীর। ৭। ইযা ~উল্কূ ফীহা- সামি'উ লাহা- শাহীক্বাওঁ ওয়া হিয়া তাফূর। ৮। তাকা-দু

জাহান্নামের শাস্তি, সেটা খুবই নিকৃষ্ট ঠিকানা। (৭) যখন তাদেরকে তার মধ্যে নিক্ষেপ করা হবে, তখন তারা জাহান্নামের আওয়াজ শোনবে, আর তা হবে উচ্ছলিত। (৮) মনে

○ **সূরা মুলকের ফজীলত ঃ** এ সূরাটির ফযীলত সম্পর্কে হাদীসে বিভিন্ন বর্ণনা রয়েছে। তন্মধ্যে কতিপয় ফযীলত বর্ণনা করা হল। রাসূলুল্লাহ (সা) বলেন, আল্লাহর কিতাবে ত্রিশ আয়াত বিশিষ্ট একটি সূরা আছে। সে সূরাটির সুপারিশে আল্লাহ গুনাহ মাফ করবেন। অন্য এক হাদীসে বর্ণিত, কুরআন মাজীদে এমন একটি সূরা আছে, যে সূরাটি তার পাঠকারীর পক্ষে লড়বে, শেষ পর্যন্ত জান্নাতে প্রবেশ করায়ে দিবেন। রাসূলুল্লাহ (সা) রাতে শোয়ার পূর্বে, সূরা আলিফ লাম মীম, আস-সাজদাহ এবং সূরা মুলক পাঠ করতেন। (কুঃ কারীম) ○ **বিশ্লেষণ (আঃ ৫) ঃ** رجوما للشيطين - এখানে তারকা দ্বারা দুটি উদ্দেশ্যের কথা বলা হয়েছে। প্রথমত– আকাশের সৌন্দর্য বৃদ্ধি করে। যা (তারকা) প্রদীপের মত আলো বিতরণ করে। দ্বিতীয়ত– শয়তান যদি আকাশের দিকে ওঠার চেষ্টা করে তখন এ তারকা অগ্নি স্ফুলিঙ্গ হয়ে তাদের উপর পতিত হয়। (কুঃ কারীম)

تَمَيَّزُ مِنَ الْغَيْظِ ط كُلَّمَآ اُلْقِىَ فِيْهَا فَوْجٌ سَاَلَهُمْ خَزَنَتُهَآ اَلَمْ يَاْتِكُمْ نَذِيْرٌ ۝

তামাইয়্যাযু মিনাল্ গাইযি ; কুল্লামা~উল্ক্বিয়া ফীহা- ফাওজুন্ সাআলাহুম খাযানাতুহা~আলাম্ ইয়া'তিকুম নাযীর।

হয় যেন, তা ক্রোধে ফেটে পড়বে। যখনই তার মধ্যে কোন দল নিক্ষেপ করা হবে তাদেরকে জাহান্নামের প্রহরী জিজ্ঞাসা করবে, তোমাদের কাছে কি কোন সতর্ককারী আসেনি?

قَالُوْا بَلٰى قَدْ جَآءَنَا نَذِيْرٌ ۙ فَكَذَّبْنَا وَقُلْنَا مَا نَزَّلَ اللهُ مِنْ شَىْءٍ ج اِنْ اَنْتُمْ

৯। ক্বা-লূ বালা- ক্বাদ্ জ্বা—আনা- নাযীর ; ফাকায্যাবনা- ওয়া কুল্না- মা- নায্যালাল্লা-হু মিন্ শাইয়িন ইন আনতুম

(৯) তারা বলবে, হ্যাঁ, নিশ্চয়ই আমাদের কাছে সতর্ককারী এসেছিল; কিন্তু আমরা তাকে অস্বীকার করেছি এবং আমরা বলেছিলাম, আল্লাহ কোন কিছু অবতীর্ণ করেন নি,

اِلَّا فِىْ ضَلٰلٍ كَبِيْرٍ ۝٩ وَقَالُوْا لَوْ كُنَّا نَسْمَعُ اَوْ نَعْقِلُ مَا كُنَّا فِىْٓ اَصْحٰبِ السَّعِيْرِ ۝

ইল্লা- ফী দ্বালা-লিন্ কাবীর। ১০। ওয়া ক্বা-লূ লাও কুন্না- নাসমা'উ আও না'ক্বিলু মা- কুন্না- ফী ~আস্বহ্বা-বিস্ সা'ঈর।

তোমরাতো চরম বিভ্রান্তের মধ্যে রয়েছ।" (১০) এবং তারা বলবে, যদি আমরা শোনতাম অথবা বুদ্ধি রাখতাম তবে আজ জাহান্নামবাসী হতাম না।

فَاعْتَرَفُوْا بِذَنْۢبِهِمْ ج فَسُحْقًا لِّاَصْحٰبِ السَّعِيْرِ ۝١١ اِنَّ الَّذِيْنَ يَخْشَوْنَ رَبَّهُمْ

১১। ফা'তারাফূ বিযাম্বিহিম্, ফাসুহ্কাল্ লিআস্বহ্বা-বিস্ সা'ঈর। ১২। ইন্নাল্ লাযীনা ইয়াখ্শাওনা রাব্বাহুম

(১১) তারা তাদের গুনাহর কথা স্বীকার করবে, সুতরাং আজ দূরে থাক, জাহান্নামবাসীরা। (১২) নিশ্চয়ই যারা তাদের প্রতিপালককে অদৃশ্যভাবে ভয় করে,

بِالْغَيْبِ لَهُمْ مَّغْفِرَةٌ وَّاَجْرٌ كَبِيْرٌ ۝١٢ وَاَسِرُّوْا قَوْلَكُمْ اَوِ اجْهَرُوْا بِهٖ ط اِنَّهٗ عَلِيْمٌۢ

বিল্গাইবি লাহুম্ মাগ্ফিরাতুওঁ ওয়া আজ্বরুন কাবীর। ১৩। ওয়া আসিররূ ক্বাওলাকুম আওয়িজ্হারূ বিহী ; ইন্নাহূ 'আলীমুম্

তাদের জন্য রয়েছে মাগফিরাত এবং মহা প্রতিদান। (১৩) তোমরা তোমাদের কথা গোপন কর অথবা প্রকাশ কর, তিনি (আল্লাহ) অন্তরের গোপন

بِذَاتِ الصُّدُوْرِ ۝١٣ اَلَا يَعْلَمُ مَنْ خَلَقَ ط وَهُوَ اللَّطِيْفُ الْخَبِيْرُ ۝١٤ هُوَ الَّذِىْ

বিযা-তিস্ব স্বদূর। ১৪। আলা- ইয়া'লামু মান্ খালাক্বা ; ওয়া হুওয়াল্ লাত্বীফুল্ খাবীর। ১৫। হুওয়াল্লাযী

বিষয়াবলি ভালোভাবেই জানেন। (১৪) যিনি স্রষ্টা, তিনি কি জানেন না? তিনি সুক্ষ্মাতি সূক্ষ্মদর্শী, সর্বজ্ঞাত। (১৫) তিনিইতো (আল্লাহ)

১ ع ১৪ ১ রুকূ

جَعَلَ لَكُمُ الْاَرْضَ ذَلُوْلًا فَامْشُوْا فِىْ مَنَاكِبِهَا وَكُلُوْا مِنْ رِّزْقِهٖ ط وَاِلَيْهِ

জ্বা'আলা লাকুমুল্ আর্দ্বা যালূলান্ ফাম্শূ ফী মানা-কিবিহা- ওয়া কুলূ মির রিয্ক্বিহী ; ওয়া ইলাইহিন

ভূমিকে তোমাদের জন্য অনুগত করে দিয়েছেন, ফলে তোমরা তার বিভিন্ন দিকে চলাফেরা এবং তাঁর প্রদত্ত রিযিক থেকে আহার গ্রহণ কর। তাঁর দিকেই সবার

النُّشُوْرُ ۝١٥ ءَاَمِنْتُمْ مَّنْ فِى السَّمَآءِ اَنْ يَّخْسِفَ بِكُمُ الْاَرْضَ فَاِذَا هِىَ تَمُوْرُ ۝

নুশূর। ১৬। আ আমিন্তুম মান ফিস্ সামা—ই আইঁ ইয়াখ্সিফা বিকুমুল আরদ্বা ফাইযা-হিয়া তামূর।

প্রত্যাবর্তন। (১৬) তোমরা কি এ ব্যাপারে নির্ভয় হয়ে গেছ যে, আকাশে যিনি আছেন, তিনি তোমাদেরকে সহ ভূমিকে দাবিয়ে দিবেন এবং সেটি দুলতে থাকবে?

○ **বিশ্লেষণ (আঃ ১১) ঃ** اصحب السعير - অর্থাৎ জাহান্নামবাসীর জন্য আল্লাহর রহমত, সেদিন (কিয়ামতের দিন) দূরে থাকবে। কেউ বলেন– سحق জাহান্নামের একটি নাম। (কুঃ কারীম) ○ **টীকা (আঃ ১৪) ঃ** এ প্রমাণটির সারমর্ম এই যে, তিনি প্রত্যেক বস্তুর স্বাধীন স্রষ্টা, অতএব তোমাদের উক্তি ও অবস্থাসমূহেরও স্রষ্টা, কোন বস্তুকে স্বাধীনভাবে সৃষ্টি করতে হলে পূর্বে তা সম্বন্ধে জ্ঞান থাকা আবশ্যক। অতএব, যাবতীয় সৃষ্টবস্তু সম্বন্ধে তাঁর পূর্ণ জ্ঞান থাকা অনিবার্য। মানুষের উল্লেখ সম্ভবতঃ এ জন্য করা হয়েছে যে, মানুষ কাজের চেয়ে কথা অধিক বলে। ফলকথা– তিনি সমস্ত বিষয় অবগত আছেন। প্রত্যেককে যথোচিত বিনিময় দান করবেন।

أَمْ أَمِنتُم مَّن فِي السَّمَاءِ أَن يُرْسِلَ عَلَيْكُمْ حَاصِبًا ۖ فَسَتَعْلَمُونَ كَيْفَ نَذِيرِ ﴿١٧﴾

১৭। আম আমিনতুম মান ফিস সামা—ই আই ইউরসিলা 'আলাইকুম হা-স্বিবান ; ফাসাতা'লামূনা কাইফা নাযীর।
(১৭) অথবা তোমরা এ ব্যাপারে নির্ভয় হয়েছ যে, আকাশে যিনি আছেন তিনি তোমাদের ওপর শিলাবর্ষণকারী মেঘ প্রেরণ করবেন? সুতরাং তোমরা অচিরেই জানবে যে, আমার ভীতি প্রদর্শন কেমন ছিল।

وَلَقَدْ كَذَّبَ الَّذِينَ مِن قَبْلِهِمْ فَكَيْفَ كَانَ نَكِيرِ ﴿١٨﴾ أَوَلَمْ يَرَوْا إِلَى الطَّيْرِ

১৮। ওয়া লাক্বাদ কায্যাবাল্ লাযীনা মিন্ ক্বাবলিহিম ফাকাইফা কা-না নাকীর। ১৯। আওয়ালাম ইয়ারাও ইলাত্ ত্বাইরি
(১৮) তাদের পূর্ববর্তীরাও অস্বীকার করেছিল, পরিণামে তাদের প্রতি আমার শাস্তি কেমন হয়েছিল? (১৯) তারা কি তাদের উপরের উড়ন্ত পাখিগুলোর প্রতি

فَوْقَهُمْ صَافَّاتٍ وَيَقْبِضْنَ ۚ مَا يُمْسِكُهُنَّ إِلَّا الرَّحْمَٰنُ ۚ إِنَّهُ بِكُلِّ شَيْءٍ بَصِيرٌ ﴿١٩﴾

ফাওক্বাহুম স্বা—ফ্ফা-তিও ওয়া ইয়াক্ববিদ্বনা। মা- ইউমসিকুহুন্না ইল্লার রাহমা-নু ; ইন্নাহূ বিকুল্লি শাইয়িম বাস্বীর।
লক্ষ্য করে না, যারা পাখা বিস্তার করে আবার সংকুচিত করে? তাদেরকে পরম করুণাময় (আল্লাহ)-ই স্থির করে রাখেন; নিশ্চয়ই আল্লাহ সর্ব বিষয়ের দর্শনকারী।

أَمَّنْ هَٰذَا الَّذِي هُوَ جُندٌ لَّكُمْ يَنصُرُكُم مِّن دُونِ الرَّحْمَٰنِ ۚ إِنِ الْكَافِرُونَ إِلَّا ﴿٢٠﴾

২০। আম্মান হা-যাল্লাযী হুওয়া জুন্দুল লাকুম ইয়ানস্বুরুকুম মিন্ দূনির রাহমা-নি ; ইনিল্ কা-ফিরূনা ইল্লা-
(২০) পরম করুণাময় আল্লাহ ব্যতীত? তোমাদের কি কোন বাহিনী আছে, যারা তোমাদের সাহায্য করতে পারে, কাফিরেরা তো চরম বিভ্রান্তির মধ্যেই

فِي غُرُورٍ ﴿٢٠﴾ أَمَّنْ هَٰذَا الَّذِي يَرْزُقُكُمْ إِنْ أَمْسَكَ رِزْقَهُ ۚ بَل لَّجُّوا فِي عُتُوٍّ

ফী গুরূর। ২১। আম্মান হা-যাল্লাযী ইয়ারযুকুকুম ইন আমসাকা রিযক্বাহূ, বাল্ লাজ্জূ ফী 'উতুওয়িও
পড়ে আছে। (২১) এমন কে আছে, যে তোমাদেরকে খাদ্যের ব্যবস্থা করবে, যদি তিনি (আল্লাহ) তাঁর জীবিকা বন্ধ করে দেন? বরং তারা (কাফিরেরা) বিদ্রোহিতায় ও

وَنُفُورٍ ﴿٢١﴾ أَفَمَن يَمْشِي مُكِبًّا عَلَىٰ وَجْهِهِ أَهْدَىٰ أَمَّن يَمْشِي سَوِيًّا عَلَىٰ صِرَاطٍ

ওয়া নুফূর। ২২। আফামাই ইয়ামশী মুকিব্বান 'আলা- ওয়াজ্হিহী~আহ্দা~আম্মাই ইয়ামশী সাওয়িইয়্যান 'আলা- স্বিরা-ত্বিম্
বিমুখতায় অটল রয়েছে। (২২) আচ্ছা, যে ব্যক্তি মুখ নীচু করে (কুজো হয়ে) চলে, সে কি সঠিক পথে চলে, না সে সোজা হয়ে সরল

مُّسْتَقِيمٍ ﴿٢٢﴾ قُلْ هُوَ الَّذِي أَنشَأَكُمْ وَجَعَلَ لَكُمُ السَّمْعَ وَالْأَبْصَارَ وَالْأَفْئِدَةَ ۖ

মুস্তাক্বীম। ২৩। ক্বুল হুওয়াল্লাযী~আনশাআকুম ওয়া জা'আলা লাকুমুস্ সাম'আ ওয়াল আবস্বা-রা ওয়াল আফ্ইদাতা ;
পথে চলে? (২৩) বলুন, তিনিই তোমাদেরকে সৃষ্টি করেছেন এবং তোমাদেরকে দিয়েছেন (শোনার জন্য) কর্ণ, (দেখার জন্য) চক্ষু এবং অন্তর;

قَلِيلًا مَّا تَشْكُرُونَ ﴿٢٣﴾ قُلْ هُوَ الَّذِي ذَرَأَكُمْ فِي الْأَرْضِ وَإِلَيْهِ تُحْشَرُونَ ﴿٢٤﴾

ক্বালীলাম মা- তাশ্কুরূন। ২৪। ক্বুল্ হুওয়াল্লাযী যারা-আকুম ফিল্ আরদ্বি ওয়া ইলাইহি তুহ্শারূন।
তোমরা অল্পই কৃতজ্ঞতা স্বীকার কর। (২৪) বলুন, তিনিই তোমাদেরকে পৃথিবীতে বিস্তার করেছেন এবং তাঁর দিকেই তোমরা সমবেত হবে।

○ টীকা (আঃ ১৯) ঃ এতে স্পষ্টরূপে বুঝা যায় যে, কুফর নিতান্ত ঘৃণিত ও নিন্দনীয়। অতএব, হে কাফেরের দল! কোন কারণে যদি তোমরা ইহজগতে আযাব হতে রক্ষাও পাও, তবুও পরজগতে আল্লাহর এ ভীতি প্রদর্শন অনুযায়ী তোমাদের শাস্তি হওয়া অনিবার্য। (বঃ কোঃ)

○ টীকা (আঃ ২২) ঃ সারমর্ম এই যে, তোমাদের এ মিথ্যা উপাস্যসমূহ তোমাদের কোন ক্ষতিও রোধ করতে পারে না এবং তোমাদের কোন উপকারও করতে সক্ষম নয়। সুতরাং এরূপ অথর্ব পদার্থের উপাসনা করা নিছক বোকামি ছাড়া আর কিছুই নয়। (বঃ কোঃ)

○ টীকা (আঃ ২৩) ঃ অনুরূপভাবে মু'মিনদের অবলম্বিত পথ সরল ও সোজা। অতিরিক্ততাও নাই, ন্যূনতাও নাই। পক্ষান্তরে কাফেরদের পথ বাঁকা ও ভ্রান্তিমূলক। ধ্বংসাত্মক ও ভয়ঙ্কর অবস্থার মধ্যে তাদের চলতে হয়, সুতরাং গন্তব্যস্থানে পৌঁছা তাদের পক্ষে অসম্ভব। (বঃ কোঃ)

وَيَقُولُونَ مَتَىٰ هَٰذَا الْوَعْدُ إِن كُنتُمْ صَادِقِينَ ﴿٢٥﴾ قُلْ إِنَّمَا الْعِلْمُ عِندَ اللَّهِ

২৫। ওয়া ইয়াক্বূলূনা মাতা- হা-যাল্ ওয়া'দু ইন কুনতুম স্বা-দিক্বীন। ২৬। ক্বুল ইন্নামাল 'ইলমু 'ইন্দাল লা-হি,
(২৫) কাফেরেরা বলে যে, কখন এ প্রতিশ্রুতি বাস্তবায়ন হবে তা বল, যদি তোমরা সত্যবাদী হয়ে থাক? (২৬) বলুন, এ সম্পর্কিত জ্ঞান একমাত্র আল্লাহরই কাছে,

وَإِنَّمَا أَنَا نَذِيرٌ مُّبِينٌ ﴿٢٦﴾ فَلَمَّا رَأَوْهُ زُلْفَةً سِيئَتْ وُجُوهُ الَّذِينَ كَفَرُوا

ওয়া ইন্নামা~আনা নাযীরুম মুবীন। ২৭। ফালাম্মা- রাআওহু যুলফাতান সী—আত উজূহুল লাযীনা কাফারূ
আমিতো শুধু মাত্র একজন স্পষ্ট সাবধানকারী। (২৭) যখন তারা প্রতিশ্রুতি দিবসকে খুব নিকটে দেখতে পাবে, তখন সে কাফিরদের মুখমন্ডল কালো হয়ে যাবে

وَقِيلَ هَٰذَا الَّذِي كُنتُم بِهِ تَدَّعُونَ ﴿٢٧﴾ قُلْ أَرَأَيْتُمْ إِنْ أَهْلَكَنِيَ اللَّهُ

ওয়া ক্বীলা হা-যাল লাযী কুনতুম বিহী তাদ্দা'উন। ২৮। কুল আরাআইতুম ইন্ আহ্লাকানিয়াল্লা-হু
এবং তাদেরকে বলা হবে এটাই তা যা তোমরা অন্বেষণ করছিলে। (২৮) বলুন, তোমরা কি চিন্তা করে দেখছ, যদি আমাকে এবং আমার সাথীদেরকে আল্লাহ

وَمَن مَّعِيَ أَوْ رَحِمَنَا فَمَن يُجِيرُ الْكَافِرِينَ مِنْ عَذَابٍ أَلِيمٍ ﴿٢٨﴾ قُلْ

ওয়া মাম মা'ইয়া আও রাহিমানা- ফামাই ইউজীরুল কা-ফিরীনা মিন্ 'আযা-বিন্ আলীম। ২৯। কুল্
বিনাশ করে দেন অথবা আমাদের ওপর অনুগ্রহ করেন, তবে কাফিরদেরকে কষ্টদায়ক শাস্তি হতে কে রক্ষা করবেন? (২৯) বলুন,

هُوَ الرَّحْمَٰنُ آمَنَّا بِهِ وَعَلَيْهِ تَوَكَّلْنَا ۖ فَسَتَعْلَمُونَ مَنْ هُوَ فِي ضَلَالٍ مُّبِينٍ ﴿٢٩﴾

হুওয়ার রাহ্মা-নু আ-মান্না- বিহী ওয়া'আলাইহি তাওয়াক্কালনা-, ফাসাতা'লামূনা মান্ হুওয়া ফী দ্বালা-লিম্ মুবীন।
তিনিই পরম করুণাময়, আমরা তাঁর প্রতি ঈমান এনেছি এবং তাঁরই ওপর আমাদের ভরসা, তোমরা অচিরেই জানতে পারবে যে, কে স্পষ্ট বিভ্রান্তির মধ্যে আছে।

قُلْ أَرَأَيْتُمْ إِنْ أَصْبَحَ مَاؤُكُمْ غَوْرًا فَمَن يَأْتِيكُم بِمَاءٍ مَّعِينٍ ﴿٣٠﴾

৩০। কুল্ আরাআইতুম ইন্ আস্বাবাহা মা—উকুম গাওরান ফামাই ইয়া'তীকুম্ বিমা—ইম্ মা'ঈন।
(৩০) বলুন, তোমরা কি চিন্তা করেছ যে, যদি তোমাদের পানি ভূমির তলদেশে চলে যায়, তখন এমন কে আছে, যে তোমাদের জন্য প্রবহমান পানি নিয়ে আসবে।

সূরা ক্বালাম
মক্কী

بِسْمِ اللَّهِ الرَّحْمَٰنِ الرَّحِيمِ

বিসমিল্লা-হির রাহ্মা-নির রাহীম
পরম দাতা ও দয়ালু আল্লাহর নামে শুরু করছি

আয়াত ঃ ৫২
রুকু ঃ ২

ن ۚ وَالْقَلَمِ وَمَا يَسْطُرُونَ ﴿١﴾ مَا أَنتَ بِنِعْمَةِ رَبِّكَ بِمَجْنُونٍ ﴿٢﴾ وَإِنَّ لَكَ

১। নূ—ন ওয়াল ক্বালামি ওয়ামা- ইয়াস্তুরূন। ২। মা~আনতা বিনি'মাতি রাব্বিকা বিমাজ্নূন। ৩। ওয়া ইন্না লাকা
(১) নূন- শপথ কলমের এবং লিপিকার যা লিপিবদ্ধ করে তারা; (২) (হে নবী) আপনি আপনার প্রতিপালকের অনুগ্রহে উন্মাদ নন; (৩) এবং আপনার

○ বিশ্লেষণ (আঃ ২৮) ঃ اهلكنى الله - অর্থাৎ আল্লাহ তায়ালা তাঁর রাসূল এবং মুমিনগণকে মৃত্যু অথবা যুদ্ধের মাধ্যমে যদি শেষ করে দেন, অথবা তাদের অবকাশ দেন, তাতে কাফিরদের কি? তাদের শাস্তি থেকে কে রক্ষা করবে? আল্লাহ ছাড়া তাদের রক্ষা করার আর কেউই নেই। অথবা আমরা মুমিনগণ আল্লাহর ভয় এবং আশা উভয়ের মাঝে আছি। তোমাদেরকে আল্লাহর শাস্তি থেকে কে রক্ষা করবে? (কুঃ কারীম)

○ বিশ্লেষণ (আঃ ১) ঃ والقلم - কেউ বলেন- এ কলম দ্বারা সে কলমকে বুঝান হয়েছে, যা আল্লাহ তায়ালা সর্ব প্রথম তৈরি করেন এবং তাকে তাকদীর লেখার জন্য নির্দেশ দেন। সুতরাং সে কলম আল্লাহ তায়ালার নির্দেশে, অনন্ত কাল পর্যন্ত যা ঘটবে সব কিছু লিখে। (কুঃ কারীম)

لاجرا غير ممنون ④ وانك لعلى خلق عظيم ⑤ فستبصر ويبصرون ○

লাআজ্বরান্ গাইরা মাম্নূন। ৪। ওয়া ইন্নাকা লা'আলা- খুলুক্বিন্ 'আজীম। ৫। ফাসাতুব্স্বিরু ওয়া ইউব্স্বিরূন।

জন্য অফুরন্ত প্রতিদান রয়েছে। (৪) নিশ্চয়ই আপনি সু-মহান চরিত্রের অধিকারী। (৫) অতি শীঘ্রই আপনি দেখবেন এবং তারাও দেখবে।

⑥ بايكم المفتون ⑦ ان ربك هو اعلم بمن ضل عن سبيله وهو اعلم

৬। বিআয়্যীকুমুল মাফ্তূন। ৭। ইন্না রাব্বাকা হুওয়া আ'লামু বিমান দ্বাল্লা 'আন সাবীলিহী ওয়া হুওয়া আ'লামু

(৬) কে তোমাদের মধ্যে মস্তিষ্ক বিকৃত (বিভ্রান্ত)। (৭) নিশ্চয়ই আপনার প্রতিপালক, তাঁর পথ থেকে কে বিভ্রান্ত হয়েছে তাদেরকে ভালভাবে

بالمهتدين ⑧ فلا تطع المكذبين ⑨ ودوا لو تدهن فيدهنون ⑩ ولا تطع كل

বিল্মুহ্তাদীন। ৮। ফালা- তুত্বি'ইল্ মুকায্যিবীন। ৯। ওয়াদ্দূ লাও তুদ্হিনু ফাইউদ্হিনূন। ১০। ওয়ালা- তুত্বি' কুল্লা

জানেন। (৮) সুতরাং আপনি মিথ্যাবাদীদের অনুসরণ করবেন না। (৯) তারা চায় যে, আপনি একটু সহজ হন তবে তারাও সহজ হবে। (১০) আর আপনি এমন ব্যক্তির কথা শোনবেন না, যে

حلاف مهين ⑪ هماز مشاء بنميم ⑫ مناع للخير معتد اثيم ⑬ عتل بعد

হাল্লা-ফিম মাহীন, ১১। হাম্মা-যিম মাশ্শা—ইম বিনামীম। ১২। মান্না-'ইল্ লিল্খাইরি মু'তাদিন আছীম। ১৩। 'উতুল্লিম্ বা'দা

অধিক কসমকারী, যে অতি নিকৃষ্ট। (১১) যে নিন্দুক, চোগল খোর, কুৎসা রটনাকারী, (১২) উত্তম কাজে বাধা প্রদানকারী, সীমালংঘনকারী, পাপাচারী, (১৩) বদমেজাজী,

ذلك زنيم ⑭ ان كان ذا مال وبنين ⑮ اذا تتلى عليه ايتنا قال اساطير

যা-লিকা যানীম। ১৪। আন্ কা-না যা- মা-লিওঁ ওয়া বানীন। ১৫। ইযা- তুত্লা- 'আলাইহি আ-য়া-তুনা- ক্বা-লা আসা-ত্বীরুল

এরপরেও কুখ্যাত। (১৪) এর কারণ সে ধনসম্পদ ও সন্তান-সন্ততির অধিকারী। (১৫) যখন তার সামনে আমার আয়াতসমূহ পাঠ করা হয়, তখন সে বলে, এগুলো প্রাচীনকালের

الاولين ⑯ سنسمه على الخرطوم ⑰ انا بلونهم كما بلونا اصحب الجنة اذ

আওয়্যালীন। ১৬। সানাসিমুহূ 'আলাল খুরতূম। ১৭। ইন্না- বালাওনা-হুম কামা- বালাওনা~আস্বহা-বাল্ জ্বান্নাতি, ইয্

উপখ্যান। (১৬) আমিও অতি শীঘ্র তাদের নাসিকার উপর সনাক্ত করে দিব। (১৭) নিশ্চয়ই আমি তাদেরকে পরীক্ষা করেছি, যেভাবে পরীক্ষা করেছিলাম বাগানের মালিকদেরকে, যখন তারা শপথ

اقسموا ليصرمنها مصبحين ⑱ ولا يستثنون ⑲ فطاف عليها طائف من

আক্বসামূ লাইয়াস্বরিমুন্নাহা- মুস্ববিহ্বীন। ১৮। ওয়ালা- ইয়াস্তাছনূন। ১৯। ফাত্বা-ফা 'আলাইহা- ত্বা—ইফুম্ মির্

করেছিল যে, তারা ভোর বেলা বাগানের ফলগুলো সংগ্রহ করবেই। (১৮) তারা ইনশাআল্লাহ বলেনি। (১৯) অতঃপর সে বাগানের ওপর পতিত হল এক ঘূর্ণায়মান বিপদ

ربك وهم نائمون ⑳ فاصبحت كالصريم ㉑ فتنادوا مصبحين ㉒ ان اغدوا

রাব্বিকা ওয়া হুম না—ইমূন। ২০। ফাআস্ববাহাত কাস্বস্বারীম। ২১। ফাতানা-দাও মুস্ববিহ্বীন। ২২। আনিগ্দূ

আপনার রবের পক্ষ থেকে, যখন তারা ছিল নিদ্রিত। (২০) ফলে (বাগানটি) হয়ে গেল কর্তিত ক্ষেতের সদৃশ। (২১) ভোরবেলাই তারা একে অপরকে ডেকে বলল, (২২) তোমরা

○ বিশ্লেষণ (আঃ ৪) ঃ خلق عظيم - (সুমহান চরিত্রের অধিকারী) এর দ্বারা, ইসলাম, দ্বীন অথবা কুরআনকে বুঝানো হয়েছে। অর্থাৎ হে নবী! আপনি এমন (সুন্দর) চরিত্রের উপর রয়েছেন, যার নির্দেশ আল্লাহ আপনাকে কুরআনে অথবা দ্বীন ইসলামে দিয়েছেন। অথবা خلق عظيم দ্বারা সুন্দর আচার, আচরণ, বিশ্বস্ততা, সদ্ব্যবহার করা এবং উদারতা প্রদর্শন, দয়া ভালোবাসা ও আত্মীয়তার সম্পর্ক বজায় রাখা ইত্যাদি সুন্দর চরিত্রগুলোকে বুঝান হয়েছে। রাসূলুল্লাহ (স) নবুওয়াতের পূর্বেও উল্লিখিত গুণে গুণান্বিত ছিলেন এবং নবুওয়াতের পরে তাতে আরও উন্নত হয়েছে। এজন্য হযরত আয়েশার (রা) কাছে রাসূলুল্লাহ (স)-এর চরিত্র সম্পর্কে প্রশ্ন করা হলে, তিনি জবাবে বলেন, "কুরআনই তাঁর চরিত্র"। (কুঃ কারীম)

على حرثكم ان كنتم صرمين ㉓ فانطلقوا وهم يتخافتون ㉔ ان لا يدخلنها

'আলা- হ্বারছিকুম ইন্ কুন্তুম স্বা-রিমীন। ২৩। ফান্ত্বালাকূ ওয়া হুম ইয়াতাখা-ফাতূন। ২৪। আল্ লা- ইয়াদ্খুলান্নাহাল

নিজ বাগানে চল, যদি ফল সংগ্রহ করতে চাও। (২৩) অতঃপর তরা পরস্পরে চুপে চুপে বলতে বলতে বের হল, (২৪) আজ যেন তোমাদের কাছে কোন গরীব

اليوم عليكم مسكين ㉕ وغدوا على حرد قدرين ㉖ فلما راوها قالوا انا

ইয়াওমা 'আলাইকুম মিস্কীনুওঁ ২৫। ওয়া গাদাও 'আলা-হার্দিন ক্বা-দিরীন। ২৬। ফালাম্মা- রাআওহা- ক্বা-লূ~ইন্না-

ব্যক্তি এতে প্রবেশ করতে না পারে। (২৫) তারা তাদের পরিকল্পনা বাস্তবায়নে সক্ষম, এ ধারণায় অতি প্রত্যুষে রওয়ানা করল। (২৬) যখন তারা বাগানটি দেখল, তখন বলল,

لضالون ㉗ بل نحن محرومون ㉘ قال اوسطهم الم اقل لكم لولا

লাদ্বা—ল্লূন। ২৭। বাল্ নাহ্নু মাহ্রূমূন। ২৮। ক্বা-লা আওসাত্বুহুম আলাম্ আক্বুল্ লাকুম্ লাওলা-

আমরাতো পথভ্রষ্ট হয়েছি। (২৭) বরং আমরা বঞ্চিত। (২৮) তাদের মধ্যে যে ভাল লোকটি ছিল সে বলল, আমি তোমাদের কাছে বলেছিলাম না, কেন তোমরা আল্লাহর তাসবীহ

تسبحون ㉙ قالوا سبحن ربنا انا كنا ظلمين ㉚ فاقبل بعضهم على بعض

তুসাব্বিহূন। ২৯। ক্বা-লূ সুব্হ্বা-না রাব্বিনা~ইন্না- কুন্না- জা-লিমীন। ৩০। ফাআক্ববালা বা'দ্বুহুম 'আলা- বা'দ্বিই

বর্ণনা করছনা? (২৯) তখন তারা বলল, আমাদের প্রতিপালক পবিত্র; নিশ্চয়ই আমরা ছিলাম পাপিষ্ঠ। (৩০) তারা পরস্পরে মুখোমুখি হয়ে একজন অন্যজনকে দোষ চাপাতে

يتلاومون ㉛ قالوا يويلنا انا كنا طغين ㉜ عسى ربنا ان يبدلنا خيرا منها انا

ইয়াতালা-ওয়ামূন। ৩১। ক্বা-লূ ইয়া- ওয়াইলানা~ইন্না- কুন্না- ত্বা-গীন। ৩২। 'আসা- রাব্বুনা~আঁই ইউবদিলানা- খাইরাম্ মিন্হা- ইন্না~

থাকে। (৩১) তারা বলল, হায় আফসোস! আমরা নিশ্চয়ই বিদ্রোহী ছিলাম। (৩২) আশা করা যায়, আমাদের প্রতিপালক আমাদেরকে এর চেয়ে উত্তম বাগান দান করবেন,

الى ربنا رغبون ㉝ كذلك العذاب ولعذاب الاخرة اكبر لو كانوا

ইলা- রাব্বিনা- রা-গিবূন। ৩৩। কাযা-লিকাল 'আযা-বু ; ওয়ালা'আযা-বুল আ-খিরাতি আক্বারু। লাও কা-নূ

আমরা তো আমাদের প্রতিপালকের কাছেই প্রত্যাশী। (৩৩) এভাবেই শাস্তি হয়, আর পরকালের শাস্তি আরও কঠিন। যদি

يعلمون ㉞ ان للمتقين عند ربهم جنت النعيم ㉟ افنجعل المسلمين

ইয়া'লামূন। ৩৪। ইন্না লিল্মুত্তাকীনা 'ইন্দা রাব্বিহিম জ্বান্না-তিন্ না'ঈম। ৩৫। আফানাজ্ব'আলুল্ মুস্লিমীনা

তারা তা জানত। (৩৪) নিশ্চয়ই পরহেজগারদের জন্য তাদের প্রতিপালকের নিকট রয়েছে সুখের জান্নাত, (৩৫) আমি কি মুসলমানগণকে (মর্যাদায়)

كالمجرمين ㊱ ما لكم كيف تحكمون ㊲ ام لكم كتب فيه تدرسون ○

কাল্মুজ্বরিমীন। ৩৬। মা- লাকুম, কাইফা তাহ্কুমূন। ৩৭। আম লাকুম্ কিতা-বুন্ ফীহি তাদরুসূন,

গুনাহগারদের সদৃশ করব? (৩৬) তোমাদের কি হল, তোমরা কেমন ফয়সালা করছ? (৩৭) তোমাদের কাছে কি কোন কিতাব আছে? যাতে তোমরা পড়ছ যে,

㊳ ان لكم فيه لما تخيرون ㊴ ام لكم ايمان علينا بالغة الى يوم القيمة

৩৮। ইন্না লাকুম ফীহি লামা- তাখাইয়্যারূন। ৩৯। আম লাকুম আইমা-নুন 'আলাইনা- বা-লিগাতুন ইলা-ইয়াওমিল্ ক্বিয়া-মাতি

(৩৮) তোমাদের জন্য তাতে রয়েছে, তোমাদের মনঃপূত কথা। (৩৯) বা তোমদের জন্য কি আমার নিকট থেকে এমন কোন প্রতিজ্ঞা করা হয়েছে, যা কিয়ামত পর্যন্ত বাকি থাকবে? যা হলো,

إِنَّ لَكُمْ لَمَا تَحْكُمُونَ ﴿٤٠﴾ سَلْهُمْ أَيُّهُمْ بِذٰلِكَ زَعِيمٌ ﴿٤١﴾ أَمْ لَهُمْ شُرَكَاءُ فَلْيَأْتُوا

ইন্না লাকুম লামা- তাহ্‌কুমূন। ৪০। সাল্‌হুম আইয়্যুহুম্ বিযা-লিকা যা'ঈম। ৪১। আম লাহুম শুরাকা—উ, ফালইয়া'তূ

তোমাদের জন্য তা-ই যা তোমরা ফয়সালা করবে। (৪০) আপনি আদের জিজ্ঞাসা করুন, তাদের মধ্যে কে এর দায়িত্বশীল। (৪১) তাদের কি কোন শরীক আছে? তবে তারা

بِشُرَكَائِهِمْ إِنْ كَانُوا صٰدِقِينَ ﴿٤٢﴾ يَوْمَ يُكْشَفُ عَنْ سَاقٍ وَيُدْعَوْنَ إِلَى السُّجُودِ

বিশুরাকা—ইহিম ইন্ কা-নূ ছা-দিক্বীন। ৪২। ইয়াওমা ইউক্‌শাফু 'আন্ সা-ক্বিও ওয়া ইউদ্'আওনা ইলাস্ সুজূদি

যেন তাদের শরীকদের নিয়ে আসে, যদি তারা সত্যবাদী হয়। (৪২) স্মরণ করুন, পায়ের গোছা উন্মোচিত করার দিনের কথা, সেদিন তাদেরকে সিজদার জন্য আহ্বান করা হবে,

فَلَا يَسْتَطِيعُونَ ﴿٤٣﴾ خَاشِعَةً أَبْصَارُهُمْ تَرْهَقُهُمْ ذِلَّةٌ وَقَدْ كَانُوا يُدْعَوْنَ إِلَى

ফালা- ইয়াস্‌তাত্বী'উন। ৪৩। খা-শি'আতান্ আব্‌স্বা-রুহুম তার্‌হাকুহুম যিল্লাতুন;ওয়া ক্বাদ্ কা-নূ ইউদ'আওনা ইলাস্

কিন্তু (সিজদা করতে) সক্ষম হবে না। (৪৩) তাদের দৃষ্টি অবনত থাকবে, লাঞ্ছনা তাদেরকে আচ্ছাদিত করবে। অথচ যখন তারা সুস্থ ছিল, তখন

السُّجُودِ وَهُمْ سٰلِمُونَ ﴿٤٤﴾ فَذَرْنِي وَمَنْ يُكَذِّبُ بِهٰذَا الْحَدِيثِ سَنَسْتَدْرِجُهُمْ

সুজূদি ওয়া হুম সা-লিমূন। ৪৪। ফাযার্‌নী ওয়া মাই ইউকায্‌যিবু বিহা-যাল্ হ্বাদীছি ; সানাস্‌তাদ্‌রিজুহুম

তাদেরকে সিজদার জন্য আহ্বান করা হয়েছিল। (৪৪) আমাকে এবং যে এ বাণীকে অস্বীকার করে তাকে ছেড়ে দিন অতিশীঘ্রই আমি তাদেরকে এমনভাবে আস্তে

مِنْ حَيْثُ لَا يَعْلَمُونَ ﴿٤٥﴾ وَأُمْلِي لَهُمْ إِنَّ كَيْدِي مَتِينٌ ﴿٤٦﴾ أَمْ تَسْأَلُهُمْ

মিন্ হ্বাইছু লা- ইয়া'লামূন। ৪৫। ওয়া উম্‌লী লাহুম ; ইন্না কাইদী মাতীন। ৪৬। আম তাস্‌আলুহুম

আস্তে টেনে আনব, যা তারা বুঝতেই পারবে না। (৪৫) আর আমি তাদেরকে সুযোগ দিচ্ছি, নিশ্চয়ই আমার পরিকল্পনা খুবই দৃঢ়। (৪৬) আপনি কি তাদের কাছে কোন

أَجْرًا فَهُمْ مِنْ مَغْرَمٍ مُثْقَلُونَ ﴿٤٧﴾ أَمْ عِنْدَهُمُ الْغَيْبُ فَهُمْ يَكْتُبُونَ ﴿٤٨﴾ فَاصْبِرْ

আজ্‌রান্ ফাহুম্ মিম্ মাগ্‌রামিম্ মুছ্‌ক্বালূন। ৪৭। আম 'ইন্দাহুমুল গাইবু ফাহুম ইয়াক্‌তুবূন। ৪৮। ফাছ্‌বির

পারিশ্রমিক দাবি করেন যে, যেটাকে তারা জরিমানার ভার মনে করবে? (৪৭) তবে তাদের কাছে কি কোন অদৃশ্যের জ্ঞান আছে যে, তারা তা লিখে রাখে? (৪৮) আপনি

لِحُكْمِ رَبِّكَ وَلَا تَكُنْ كَصَاحِبِ الْحُوتِ إِذْ نَادٰى وَهُوَ مَكْظُومٌ ﴿٤٩﴾ لَوْلَا

লিহুক্‌মি রাব্বিকা ওয়ালা- তাকুন্ কাস্বা-হিবিল্ হূত্। ইয্ না-দা- ওয়া হুওয়া মাক্‌জূম। ৪৯। লাওলা~

আপনার প্রতিপালকের নির্দেশের প্রতীক্ষায় ধৈর্যধারণ করুন, আপনি মৎস্যসাথীর মত হবেননা, যখন সে অত্যন্ত বিষণ্ন অবস্থায় প্রার্থনা করেছিল। (৪৯) যদি তার

أَنْ تَدَارَكَهُ نِعْمَةٌ مِنْ رَبِّهِ لَنُبِذَ بِالْعَرَاءِ وَهُوَ مَذْمُومٌ ﴿٥٠﴾ فَاجْتَبٰهُ رَبُّهُ فَجَعَلَهُ

আন্ তাদা-রাকাহূ নি'মাতুম মির রাব্বিহী লানুবিযা বিল্'আরা—ই ওয়া হুওয়া মায্‌মূম। ৫০। ফাজ্‌তাবা-হু রাব্বুহূ ফাজা'আলাহূ

প্রতিপালকের দয়া তার প্রতি না হত, তবে সে নিক্ষিপ্ত হত উন্মুক্ত ময়দানে, নিন্দিত অবস্থায়। (৫০) পুনরায় তার প্রতিপালক তাকে মনোনয়ন করলেন এবং তাকে পুণ্যবানদের

○ বিশ্লেষণ (আঃ ৪২) ঃ يكشف عن ساق - (পায়ের গোছা উন্মোচিত করবেন) অর্থাৎ আল্লাহ তায়ালা কিয়ামতের ময়দানে তাঁর নিজ পায়ের গোছা উন্মোচিত করবেন। এটি যে কোন বিশেষ গুণ বা তত্ত্ব। আল্লাহর গুণাবলির মধ্যে বিশেষ কোন দিককে হয়তো এ "গোছা" নামে উল্লেখ করা হয়েছে। যেমন- কুরআন মাজীদে "হাত" ও "চেহারা" শব্দ এসেছে। এর প্রতি বিশ্বাস রাখতে হবে। যেভাবে বিশ্বাস (ঈমান) রাখতে হয় আল্লাহ তায়ালার পবিত্র গুণাবলি ও সত্তার উপর। হাদীস শরীফে আছে, আল্লাহ তায়ালার সে নূর (জ্যোতি) দেখে সব মুমিনগণ সিজদায় পড়ে যাবে। কিন্তু যারা লোক দেখানো সিজদা করেছে, তারা কাঠের মত সোজা হয়ে থাকবে। তারা কোমর নাড়াতে পারবে না। কাফির তাদের অবস্থা কি হবে তা বলার অবকাশ রাখে না। (তাঃ ওসমানী)

مِنَ الصّٰلِحِينَ ﴿٥١﴾ وَإِنْ يَكَادُ الَّذِينَ كَفَرُوا لَيُزْلِقُونَكَ بِأَبْصَارِهِمْ لَمَّا

মিনাস্ব স্বা-লিহ্বীন। ৫১। ওয়া ইঁ ইয়াকা-দুল্ লাযীনা কাফারূ লাইউয্‌লিকূ নাকা বিআব্‌ছা-রিহিম লাম্মা-

অন্তর্ভুক্ত করলেন। (৫১) আর কাফিরেরা যখন কুরআন পাঠ শোনে, তখন মনে হয় যেন, তারা আপনাকে তাদের দৃষ্টি শক্তি দ্বারা

سَمِعُوا الذِّكْرَ وَيَقُولُونَ إِنَّهُ لَمَجْنُونٌ ﴿٥٢﴾ وَمَا هُوَ إِلَّا ذِكْرٌ لِلْعٰلَمِينَ ○

সামি'উয্ যিক্‌রা ওয়া ইয়াকূলূনা ইন্নাহূ লামাজ্‌নূন। ৫২। ওয়ামা- হুওয়া ইল্লা- যিক্‌রুল লিল'আ-লামীন।

উপড়িয়ে ফেলবে এবং তারা বলে এতো নিশ্চয়ই একজন মস্তিষ্ক বিকৃত লোক। (৫২) কুরআনতো সারা জাহানের জন্য এক উপদেশ।

সূরা হা-ক্বকাহ্ মক্কী	بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيمِ বিসমিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম পরম দাতা ও দয়ালু আল্লাহ্‌র নামে শুরু করছি	আয়াত ঃ ৫২ রুকূ ঃ ২

﴿١﴾ الْحَاقَّةُ ﴿٢﴾ مَا الْحَاقَّةُ ﴿٣﴾ وَمَا أَدْرٰىكَ مَا الْحَاقَّةُ ﴿٤﴾ كَذَّبَتْ ثَمُودُ وَعَادٌ

১। আল্‌হা—ক্ক্বাতু ২। মাল্ হা—ক্ক্বাতু ৩। ওয়ামা~ আদ্‌রা-কা মাল হা—ক্ক্বাতু। ৪। কায্‌যাবাত ছামূদু ওয়া 'আ-দুম

(১) প্রলয়ংকারী ঘটনা; (২) সে প্রলয়ংকারী ঘটনা কী? (৩) আর আপনি কি জানেন, সে প্রলয়ংকারী ঘটনা কি? (৪) সামূদ ও আদ সম্প্রদায় সে প্রলয়কে

بِالْقَارِعَةِ ﴿٥﴾ فَأَمَّا ثَمُودُ فَأُهْلِكُوا بِالطَّاغِيَةِ ﴿٦﴾ وَأَمَّا عَادٌ فَأُهْلِكُوا بِرِيحٍ

বিল ক্বা-রি'আতি। ৫। ফাআম্মা-ছামূদু ফাউহ্‌লিকূ বিত্ত্বা-গিয়াতি। ৬। ওয়া আম্মা-'আ-দুন ফাউহ্‌লিকূ বিরীহ্বিন্

অস্বীকার করেছিল। (৫) ফলে সামুদ সম্প্রদায়, তাদের ধ্বংস করা হয়েছিল, এক ভয়ংকর বজ্র দিয়ে। (৬) এবং আদ সম্প্রদায়, তাদের ধ্বংস করা হয়েছিল,

صَرْصَرٍ عَاتِيَةٍ ﴿٧﴾ سَخَّرَهَا عَلَيْهِمْ سَبْعَ لَيَالٍ وَثَمٰنِيَةَ أَيَّامٍ حُسُومًا

স্বার্‌স্বারিন্ 'আ-তিয়াতিন। ৭। সাখ্‌খারাহা- 'আলাইহিম সাব্'আ লাইয়া-লিওঁ ওয়া ছামা-নিয়াতা আইয়্যা-মিন্ হুসূমান্

প্রচণ্ড ঝড়ো হাওয়া দ্বারা। (৭) যা তিনি তাদের ওপর প্রবাহিত করেছিলেন সাত রাত ও সাত দিন অবিরামভাবে। যদি তখন উপস্থিত থাকতেন আপনি সে

فَتَرَى الْقَوْمَ فِيهَا صَرْعٰى كَأَنَّهُمْ أَعْجَازُ نَخْلٍ خَاوِيَةٍ ﴿٨﴾ فَهَلْ تَرٰى

ফাতারাল্ ক্বাওমা ফীহা- ছার'আ- কাআন্নাহুম আ'জ্বা-যু নাখ্‌লিন্ খা-ওয়িয়াতিন। ৮। ফাহাল্ তারা-

সম্প্রদায়কে দেখতেন তারা ভূমিতে এমনভাবে পতিত হয়ে আছে, মনে হয় যেন, অন্তঃসার শূন্য খেজুরের কাণ্ড পড়ে আছে। (৮) আপনি তাদের

لَهُمْ مِنْ بَاقِيَةٍ ﴿٩﴾ وَجَاءَ فِرْعَوْنُ وَمَنْ قَبْلَهُ وَالْمُؤْتَفِكٰتُ بِالْخَاطِئَةِ ○

লাহুম্ মিম্ বা-ক্বিয়াহ্। ৯। ওয়া জ্বা—আ ফির্'আওনু ওয়া মান্ ক্বাব্‌লাহূ ওয়াল্ মু'তাফিকা-তু বিল্ খা-ত্বিআহ্।

কারও কি অবস্থিতি দেখতেছেন? (৯) ফিরআউন ও তার পূর্ববর্তীরা এবং ওলট-পালটকৃত জনবসতির বাসিন্দারা, গুনাহর কাজে লিপ্ত ছিল।

﴿١٠﴾ فَعَصَوْا رَسُولَ رَبِّهِمْ فَأَخَذَهُمْ أَخْذَةً رَابِيَةً ﴿١١﴾ إِنَّا لَمَّا طَغَا الْمَاءُ حَمَلْنٰكُمْ

১০। ফা'আস্বাও রাসূলা রাব্বিহিম ফাআখাযাহুম আখ্‌যাতার্ রা-বিয়াহ্। ১১। ইন্না- লাম্মা- ত্বাগাল মা—উ হ্বামাল্‌না-কুম

(১০) তারা তাদের রবের রাসূলের বিরোধিতা করেছিল। ফলে আল্লাহ তাদেরকে কঠোর ভাবে পাকড়াও করলেন। (১১) যখন পানি উত্তোলিত হয়েছিল, তখন আমি তোমাদেরকে

فِي الْجَارِيَةِ ⑪ لِنَجْعَلَهَا لَكُمْ تَذْكِرَةً وَّتَعِيَهَا أُذُنٌ وَّاعِيَةٌ ⑫ فَإِذَا نُفِخَ

ফিল জ্বা-রিয়াহ্। ১২। লিনাজ্ব'আলাহা- লাকুম তায্‌কিরাতাওঁ ওয়া তা'ইয়াহা~ উযুনুওঁ ওয়া-'ইয়াহ। ১৩। ফাইযা- নুফিখা

আরোহণ করিয়েছিলাম নৌকায়। (১২) আমি এটা করেছিলাম তোমাদের উপদেশের জন্য এবং যাতে সচেতন কর্ণ তা সংরক্ষণ করে। (১৩) যখন শিংগায়

فِي الصُّورِ نَفْخَةٌ وَّاحِدَةٌ ⑬ وَّحُمِلَتِ الْأَرْضُ وَالْجِبَالُ فَدُكَّتَا دَكَّةً

ফিস্‌স্বূরি নাফ্‌খাতুওঁ ওয়া-হ্বিদাহ্। ১৪। ওয়া হুমিলাতিল আরদ্বু ওয়াল জ্বিবা-লু ফাদুক্কাতা- দাক্কাতাওঁ

ফুৎকার দেয়া হবে, একবার, (১৪) তখন পৃথিবী ও পর্বতসমূহ উপড়িয়ে ফেলা হবে অতঃপর একই ধাক্কায় চূর্ণ বিচূর্ণ

وَّاحِدَةً ⑭ فَيَوْمَئِذٍ وَّقَعَتِ الْوَاقِعَةُ ⑮ وَانْشَقَّتِ السَّمَاءُ فَهِيَ يَوْمَئِذٍ

ওয়া-হ্বিদাহ্। ১৫। ফাইয়াওমাইযিওঁ ওয়াক্বা'আতিল ওয়া-ক্বি'আহ্। ১৬। ওয়ানশাক্কাতিস্ সামা—উ ফাহিয়া ইয়াওমায়িযিওঁ

করে দেয়া হবে। (১৫) সেদিন ঘটবে মহা প্রলয়, (১৬) এবং আকাশ ফেটে যাবে এবং সেদিন তা অকার্যকর

وَّاهِيَةٌ ⑯ وَّالْمَلَكُ عَلَىٰ أَرْجَائِهَا ۚ وَيَحْمِلُ عَرْشَ رَبِّكَ فَوْقَهُمْ يَوْمَئِذٍ

ওয়া-হিয়াহ্। ১৭। ওয়াল্ মালাকু 'আলা~আরজ্বা—ইহা-; ওয়া ইয়াহ্বমিলু 'আর্‌শা রাব্বিকা ফাওক্বাহুম ইয়াওমাইযিন্

হয়ে যাবে। (১৭) আর ফেরেশতাগণ আকাশের কিনারায় থাকবে এবং সেদিন আপনার প্রতিপালকের আরশ, আটজন (ফেরেশতা) তাদের ওপর

ثَمَانِيَةٌ ⑰ يَوْمَئِذٍ تُعْرَضُونَ لَا تَخْفَىٰ مِنْكُمْ خَافِيَةٌ ⑱ فَأَمَّا مَنْ أُوتِيَ

ছামা-নিয়াহ্। ১৮। ইয়াওমাইযিন্ তু'রাদ্বূনা লা- তাখ্‌ফা- মিন্‌কুম খা-ফিয়াহ্। ১৯। ফাআম্মা- মান্ উতিয়া

বহন করবে। (১৮) সেদিন তোমাদেরকে উপস্থিত করা হবে, তোমাদের কোন কিছুই গোপন থাকবে না। (১৯) তখন যাকে তার আমলনামা

كِتَابَهُ بِيَمِينِهِ ۙ فَيَقُولُ هَاؤُمُ اقْرَءُوا كِتَابِيَهْ ⑲ إِنِّي ظَنَنْتُ أَنِّي مُلَاقٍ

কিতা-বাহূ বিয়ামীনিহী ফাইয়াকূলূ হা—উমুক্বরাউ কিতা-বিয়াহ্। ২০। ইন্নী জানান্তু আন্নী মুলা-ক্বিন্

ডান হাতে দেয়া হবে, তখন সে খুশীতে বলবে, লও আমার আমলনামা, পড়। (২০) আমার নিশ্চিত জানা ছিল যে, আমাকে অবশ্যই হিসাবের

حِسَابِيَهْ ⑳ فَهُوَ فِي عِيشَةٍ رَّاضِيَةٍ ㉑ فِي جَنَّةٍ عَالِيَةٍ ㉒ قُطُوفُهَا دَانِيَةٌ ○

হ্বিসা-বিয়াহ্। ২১। ফাহুওয়া ফী 'ঈশাতির্ রা-দ্বিয়াহ্। ২২। ফী জ্বান্নাতিন 'আ-লিয়াহ্। ২৩। কুতুফুহা- দা-নিয়াহ্।

সামনা-সামনি হতে হবে। (২১) সুতরাং সে সুখী জীবন যাপন করবে, (২২) উচ্চ মর্যাদা সম্পন্ন জান্নাতে, (২৩) যার ফলসমূহ ঝুলন্ত থাকবে খুব কাছাকাছি।

㉓ كُلُوا وَاشْرَبُوا هَنِيئًا بِمَا أَسْلَفْتُمْ فِي الْأَيَّامِ الْخَالِيَةِ ㉔ وَأَمَّا مَنْ أُوتِيَ

২৪। কুলূ ওয়াশ্‌রাবূ হানী—আম্ বিমা ~আস্‌লাফ্‌তুম ফিল্ আইয়্যা-মিল খা-লিয়াহ্। ২৫। ওয়া আম্মা- মান্ উতিয়া

(২৪) (তাদের বলা হবে) তৃপ্তিসহ খাও ও পান কর, তোমাদের সে কর্মের বিনিময়, যা তোমরা বিগতদিনসমূহে করেছিলে। (২৫) কিন্তু যার আমলনামা তার বাম হতে

○ টীকা (আঃ ১৬) ঃ বিদীর্ণ হওয়া তার দুর্বলতার প্রমাণ। বর্তমানে যেমন উহা সুদৃঢ় রয়েছে এবং তার কোথাও ফাটল নাই; কিন্তু সেদিন তাতে এ গুণ থাকবে না, বরং দুর্বলতা ও ফাটল দেখা দিবে। (বঃ কোঃ)

○ টীকা (আঃ ১৭) ঃ বুঝা যায়, আসমান মধ্যস্থল হতে ফেটে চতুর্দিকে সঙ্কুচিত হবে, ফেরেশতাগণ মধ্যস্থল হতে সরে কিনারায় যাবে। পরে তাদেরও মৃত্যু ঘটবে। (বঃ কোঃ) হাদীসে আছে, চারজন ফেরেশতা আরশ্ বহন করে আছে। কিয়ামতে আটজন ফেরেশতা তা কিয়ামতের মাঠে আনয়ন করবে এবং হিসাব-নিকাশ আরম্ভ হবে। (বঃ কোঃ)

كِتَابَهُ بِشِمَالِهِ ۙ فَيَقُولُ يَا لَيْتَنِي لَمْ أُوتَ كِتَابِيَهْ ㉕ وَلَمْ أَدْرِ مَا حِسَابِيَهْ ○

কিতা-বাহূ বিশিমা-লিহী ফাইয়াকূলু ইয়া-লাইতানী লাম্ উতা কিতা-বিয়াহ্। ২৬। ওয়া লাম আদ্‌রি মা- হ্বিসা-বিয়াহ্।

দেয়া হবে, সে বলবে হায় আফসোস! আমাকে যদি আমার আমলনামা না দেয়া হত, (২৬) এবং আমার হিসাব সম্পর্কে যদি আমি অবগত না হতাম।

㉖ يَا لَيْتَهَا كَانَتِ الْقَاضِيَةَ ㉗ مَا أَغْنَىٰ عَنِّي مَالِيَهْ ㉘ هَلَكَ عَنِّي سُلْطَانِيَهْ ○

২৭। ইয়া-লাইতাহা- কা-নাতিল্ ক্বা-দ্বিয়াহ্। ২৮। মা~আগ্‌না- 'আন্নী মা-লিয়াহ্। ২৯। হালাকা 'আন্নী সুলত্বা-নিয়াহ।

(২৭) হায়! মৃত্যু যদি আমাকে শেষ করে দিত। (২৮) আমার ধন-সম্পদও আমার কোনই উপকারে আসল না। (২৯) আমার প্রভাব আমার থেকে নিঃশেষ হয়ে গেছে।

㉙ خُذُوهُ فَغُلُّوهُ ㉚ ثُمَّ الْجَحِيمَ صَلُّوهُ ㉛ ثُمَّ فِي سِلْسِلَةٍ ذَرْعُهَا سَبْعُونَ

৩০। খুযূহু ফাগুললূহ। ৩১। ছুম্মাল জ্বাহ্বীমা স্বাল্লূহ। ৩২। ছুম্মা ফী সিল্‌সিলাতিন্ যার্'উহা- সাব্'ঊনা

(৩০) বলা হবে ওকে ধর, ওকে বেড়ী পরিয়ে দাও। (৩১) অতঃপর তাকে জাহান্নামে নিক্ষেপ কর। (৩২) তারপর ওকে এমন জিঞ্জির দ্বারা জড়াও,

ذِرَاعًا فَاسْلُكُوهُ ㉜ إِنَّهُ كَانَ لَا يُؤْمِنُ بِاللَّهِ الْعَظِيمِ ㉝ وَلَا يَحُضُّ

যিরা-'আন্ ফাস্‌লুকূহ। ৩৩। ইন্নাহূ কা-না লা- ইউ'মিনু বিল্লা-হিল্ 'আজীম। ৩৪। ওয়ালা- ইয়াহুদ্বদ্বু

যার দীর্ঘ সত্তর হাত। (৩৩) সে মহান আল্লাহর প্রতি ঈমান রাখত না। (৩৪) এবং দরিদ্রকে খাদ্য দানে

عَلَىٰ طَعَامِ الْمِسْكِينِ ㉞ فَلَيْسَ لَهُ الْيَوْمَ هَاهُنَا حَمِيمٌ ㉟ وَلَا طَعَامٌ إِلَّا

'আলা- ত্বা'আ-মিল মিস্‌কীন। ৩৫। ফালাইসা লাহুল ইয়াওমা হা-হুনা- হ্বামীম। ৩৬। ওয়ালা- ত্বা'আ-মুন ইল্লা-

উদ্বুদ্ধ করত না। (৩৫) সুতরাং আজ (কিয়ামতের দিন) তার কোনই বন্ধু থাকবেনা, (৩৬) এবং তার জন্য কোনই খাদ্য থাকবে না

مِنْ غِسْلِينٍ ㊱ لَا يَأْكُلُهُ إِلَّا الْخَاطِئُونَ ㊲ فَلَا أُقْسِمُ بِمَا تُبْصِرُونَ ○

মিন্ গিস্‌লীন। ৩৭। লা- ইয়া'কুলুহূ~ইল্লাল খা-ত্বিউন। ৩৮। ফালা- উক্বসিমু বিমা- তুবস্বিরূন। ৩৯। ওয়ামা- লা- তুব্‌স্বিরূন,

পুঁজ ছাড়া। (৩৭) যা পাপিষ্ঠ ব্যতীত আর কেউই খাবে না। (৩৮) আমি শপথ করছি, সে বস্তুসমূহের যা তোমরা দেখতেছ। (৩৯) এবং যা তোমরা দেখতে পাও না।

১ রুকূ ৫

㊳ وَمَا لَا تُبْصِرُونَ ㊴ إِنَّهُ لَقَوْلُ رَسُولٍ كَرِيمٍ ㊵ وَمَا هُوَ بِقَوْلِ شَاعِرٍ ۚ قَلِيلًا

৪০। ইন্নাহূ লাক্বাওলু রাসূলিন্ কারীম। ৪১। ওয়ামা- হুওয়া বিক্বাওলি শা-'ইরিন ; ক্বালীলাম

(৪০) নিশ্চয়ই এ কুরআন সম্মানিত রাসূলের (বহনকৃত) কথা। (৪১) এটা কোন কবির (নিজের, কথা নয়, তোমরা অল্প লোকই

مَا تُؤْمِنُونَ ㊶ وَلَا بِقَوْلِ كَاهِنٍ ۚ قَلِيلًا مَا تَذَكَّرُونَ ㊷ تَنْزِيلٌ مِنْ رَبِّ

মা- তু'মিনূন। ৪২। ওয়ালা- বিক্বাওলি কা-হিনিন ; ক্বালীলাম মা- তাযাক্কারূন। ৪৩। তান্‌যীলুম মির্ রাব্বিল

ঈমান আন, (৪২) এটা কোন গণকের কথাও নয়, তোমরা খুব অল্প লোকই উপদেশগ্রহণ করে থাক। (৪৩) এ (কুরআন) তো সারা জাহানের প্রতিপালকের

○ বিশ্লেষণ (আঃ ৪০) ঃ ....انه لقول - এখানে সম্মানিত রাসূল দ্বারা রাসূলুল্লাহ (স)-কে বুঝান হয়েছে এবং কথা দ্বারা রাসূলুল্লাহর (স)-এর কুরআন পাঠ বুঝানো হয়েছে। অর্থাৎ রাসূলুল্লাহর (স) কুরআন পাঠ। অথবা 'কথা' দ্বারা সে কথাকে বুঝান হয়েছে, যা রাসূলুল্লাহ (স) পৌছিয়ে থাকেন। কুরআন, রাসূল (স) এবং জিবরাঈলের (আ) বাণী নয়; বরং আল্লাহ তায়ালার বাণী। যা তিনি ফেরেশতার মাধ্যমে নবী (স)-এর প্রতি অবতীর্ণ করেন। অতঃপর নবী (স) তা সবার কাছে পৌছে দেন। (কুঃ কারীম)

কারো মতে, "রাসূল" দ্বারা এখানে জিবরাঈল (আ)-কে বুঝানো হয়েছে।

الْعٰلَمِيْنَ ﴿٤٤﴾ وَلَوْ تَقَوَّلَ عَلَيْنَا بَعْضَ الْاَقَاوِيْلِ ﴿٤٥﴾ لَاَخَذْنَا مِنْهُ بِالْيَمِيْنِ ۝

'আ-লামীন। ৪৪। ওয়ালাও তাক্বাওঁয়ালা 'আলাইনা- বা'দ্বাল আক্বা-ওয়ীল। ৪৫। লাআখায্না- মিন্হু বিল্ইয়ামীন।
পক্ষ থেকে অবতীর্ণ। (৪৪) আর সে যদি আমার সম্পর্কে কোন কথা বানিয়ে, বলতেন (৪৫) তবে অবশ্যই আমি তার ডান হাত পাকড়াও করতাম।

﴿٤٦﴾ ثُمَّ لَقَطَعْنَا مِنْهُ الْوَتِيْنَ ﴿٤٧﴾ فَمَا مِنْكُمْ مِّنْ اَحَدٍ عَنْهُ حٰجِزِيْنَ ﴿٤٨﴾ وَاِنَّهٗ

৪৬। ছুম্মা লাক্বাত্বা'না- মিন্হুল ওয়াতীন। ৪৭। ফামা- মিন্কুম মিন্ আহ্বাদিন 'আন্হু হ্বা-জ্বিযীন। ৪৮। ওয়া ইন্নাহূ
(৪৬) অতঃপর কেটে দিতাম তার হৃৎপিণ্ডের ধমনী। (৪৭) অতঃপর এমন কেউই নেই তোমাদের মধ্যে যে, এ শাস্তি প্রদানে বাধা দিতে পারে। (৪৮) নিশ্চয়ই এ কুরআন

لَتَذْكِرَةٌ لِّلْمُتَّقِيْنَ ﴿٤٩﴾ وَاِنَّا لَنَعْلَمُ اَنَّ مِنْكُمْ مُّكَذِّبِيْنَ ﴿٥٠﴾ وَاِنَّهٗ لَحَسْرَةٌ

লাতায্কিরাতুল লিল্মুত্তাক্বীন। ৪৯। ওয়া ইন্না- লানা'লামু আন্না মিন্কুম মুকায্যিবীন। ৫০। ওয়া ইন্নাহূ লাহ্বাস্রাতুন
পরহেজগারদের জন্য উপদেশ স্বরূপ। (৪৯) আর আমি নিশ্চিত জানি যে, তোমাদের মাঝে কতিপয় আছে (এর) অস্বীকারকারী। (৫০) এ (অবিশ্বাস করা)-টা,

عَلَى الْكٰفِرِيْنَ ﴿٥١﴾ وَاِنَّهٗ لَحَقُّ الْيَقِيْنِ ﴿٥٢﴾ فَسَبِّحْ بِاسْمِ رَبِّكَ الْعَظِيْمِ ۝

'আলাল কা-ফিরীন। ৫১। ওয়া ইন্নাহূ লাহ্বাক্কুল ইয়াক্বীন। ৫২। ফাসাব্বিহ্ব বিস্মি রাব্বিকাল্ 'আজীম।
কাফিরদের জন্য অনুশোচনার কারণ হবেই। (৫১) এটা অতি ধ্রুব সত্য। (৫২) অতএব আপনি মহান প্রতিপালকের নামের তাসবীহ বর্ণনা করুন।

সূরা মা'আ-রিজ্ মক্কী

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

বিসমিল্লা-হির রাহ্মা-নির রাহীম
পরম দাতা ও দয়ালু আল্লাহর নামে শুরু করছি

আয়াত ঃ ৪৪ রুকূ ঃ ২

﴿١﴾ سَاَلَ سَآئِلٌۢ بِعَذَابٍ وَّاقِعٍ ﴿٢﴾ لِّلْكٰفِرِيْنَ لَيْسَ لَهٗ دَافِعٌ ﴿٣﴾ مِّنَ اللّٰهِ

১। সাআলা সা—ইলুম্ বি'আযা-বিওঁ ওয়া-ক্বিইল্ ২। লিল্কা-ফিরীনা লাইসা লাহূ দা-ফিউম ৩। মিনাল্লা-হি
(১) এক নিবেদনকারী, সে শাস্তি সম্পর্কে নিবেদন করে, যা পতিত হবে। (২) কাফিরদের ওপর, তা প্রতিরোধ করার কেউই নেই। (৩) তা আসবে (আকাশের সু-উচ্চ) স্তরগুলোর

ذِى الْمَعَارِجِ ﴿٤﴾ تَعْرُجُ الْمَلٰٓئِكَةُ وَالرُّوْحُ اِلَيْهِ فِىْ يَوْمٍ كَانَ مِقْدَارُهٗ خَمْسِيْنَ

যিল্ মা'আ-রিজ্ব। ৪। তা'রুজুল মালা—ইকাতু ওয়াররূহু ইলাইহি ফী ইয়াওমিন কা-না মিক্বদা-রুহূ খাম্সীনা
মালিক আল্লাহর পক্ষ হতে। (৪) ফেরেশতা এবং রূহ তাঁর দিকে ঊর্ধ্বগামী হয়, এমন এক দিনে, যার পরিমাণ (সমান) এটা পঞ্চাশ

اَلْفَ سَنَةٍ ﴿٥﴾ فَاصْبِرْ صَبْرًا جَمِيْلًا ﴿٦﴾ اِنَّهُمْ يَرَوْنَهٗ بَعِيْدًا ﴿٧﴾ وَّنَرٰىهُ قَرِيْبًا ﴿٨﴾ يَوْمَ

আল্ফা সানাহ্। ৫। ফাস্ববির স্বাব্রান্ জ্বামীলা-। ৬। ইন্নাহুম ইয়ারাওনাহূ বা'ঈদা-। ৭। ওয়া নারা-হু ক্বারীবা-। ৮। ইয়াওমা
হাজার বছর। (৫) সুতরাং আপনি ধৈর্যধারণ করুন, উত্তম ধৈর্য। (৬) তারা সে দিবসটিকে অনেক দূর ধারণা করছে। (৭) কিন্তু আমি তা খুবই নিকটে দেখছি। (৮) সে দিন

تَكُوْنُ السَّمَآءُ كَالْمُهْلِ ﴿٩﴾ وَتَكُوْنُ الْجِبَالُ كَالْعِهْنِ ﴿١٠﴾ وَلَا يَسْئَلُ حَمِيْمٌ حَمِيْمًا ۝

তাকূনুস্ সামা—উ কাল্মুহ্লি, ৯। ওয়া তাকূনুল্ জ্বিবা-লু কাল্ 'ইহ্নি। ১০। ওয়ালা- ইয়াস্আলু হ্বামীমুন হ্বামীমা-
আকাশ হবে গলিত তামার মত, (৯) এবং পাহাড়গুলো হবে, রঙ্গীন পশমের মত। (১০) এবং সেদিন কোন বন্ধু কোন বন্ধুকে কিছু জিজ্ঞাসা করবে না।

﴿١١﴾ يُّبَصَّرُوْنَهُمْ ۭ يَوَدُّ الْمُجْرِمُ لَوْ يَفْتَدِىْ مِنْ عَذَابِ يَوْمِئِذٍۢ بِبَنِيْهِ ﴿١٢﴾ وَصَاحِبَتِهٖ

১১। ইউবাস্বস্বারূনাহুম ; ইয়াওয়াদ্দুল মুজ্বরিমু লাও ইয়াফ্তাদী মিন 'আযা-বি ইয়াওমিইযিম বিবানীহ্। ১২। ওয়া স্বা-হ্বিবাতিহী
(১১) অথচ তারা একজন অন্যজনকে দেখতে পাবে। পাপিষ্ঠরা সেদিন মুক্তির জন্য শাস্তির বিনিময় দিতে চাইবে, তার সন্তান-সন্ততিকে। (১২) তার

وَاَخِيْهِ ﴿١٣﴾ وَفَصِيْلَتِهِ الَّتِىْ تُـْٔوِيْهِ ﴿١٤﴾ وَمَنْ فِى الْاَرْضِ جَمِيْعًا ۙ ثُمَّ يُنْجِيْهِ ۝

ওয়া আখীহি। ১৩। ওয়া ফাস্বীলাতিহিল্লাতী তু'ওয়ীহ্। ১৪। ওয়া মান্ ফিল্ আর্দ্বি জ্বামী'আন্ ছুম্মা ইউন্জ্বীহ।
স্ত্রী ও ভাইদেরকে, (১৩) তার আত্মীয়-স্বজনকে, যারা তাকে আশ্রয় দিয়েছিল। (১৪) এবং পৃথিবীর সব কিছু, যাতে তাকে (শাস্তি হতে) রক্ষা করা হয়।

﴿١٥﴾ كَلَّا ۭ اِنَّهَا لَظٰى ﴿١٦﴾ نَزَّاعَةً لِّلشَّوٰى ﴿١٧﴾ تَدْعُوْا مَنْ اَدْبَرَ وَتَوَلّٰى ﴿١٨﴾ وَجَمَعَ

১৫। কাল্লা-; ইন্নাহা- লাজা-। ১৬। নায্যা-'আতাল্ লিশ্শাওয়া-। ১৭। তাদ্'উ মান আদ্বারা ওয়া তাওয়াল্লা-। ১৮। ওয়া জ্বামা'আ
(১৫) না কখনই নয়, নিশ্চয়ই সেটা জাহান্নামের জ্বলন্ত অগ্নি। (১৬) যা মুখ এবং মাথার চামড়া খসিয়ে ফেলবে। (১৭) জাহান্নামের অগ্নি সে ব্যক্তিকে ডাকবে, যে (দ্বীনের প্রতি) পৃষ্ঠ প্রদর্শন করেছিল এবং (দ্বীন থেকে) বিমুখ হয়েছিল। (১৮) সম্পদ সঞ্চিত করে তা সংরক্ষিত

فَاَوْعٰى ﴿١٩﴾ اِنَّ الْاِنْسَانَ خُلِقَ هَلُوْعًا ﴿٢٠﴾ اِذَا مَسَّهُ الشَّرُّ جَزُوْعًا ﴿٢١﴾ وَّاِذَا مَسَّهُ

ফাআও'আ-। ১৯। ইন্নাল ইন্সা-না খুলিক্বা হালূ'আ-। ২০। ইযা- মাস্সাহুশ্ শাররু জ্বাযূ'আ-। ২১। ওয়া ইযা- মাস্সাহুল্
করেছিল। (১৯) নিশ্চয়ই মানুষ সৃষ্টি হয়েছে, অস্থিরমনা রূপে। (২০) যখন তাকে কোন অমঙ্গল স্পর্শ করে, তখন সে হয় অস্থির। (২১) আর যখন কোন

الْخَيْرُ مَنُوْعًا ﴿٢٢﴾ اِلَّا الْمُصَلِّيْنَ ﴿٢٣﴾ الَّذِيْنَ هُمْ عَلٰى صَلَاتِهِمْ دَآئِمُوْنَ ۝

খাইরু মানূ'আ-। ২২। ইল্লাল্ মুস্বাল্লীনাল্ ২৩। লাযীনা হুম 'আলা- স্বালা-তিহিম দা—ইমূন।
কল্যাণ তাকে স্পর্শ করে, তখন সে (দান সদকা ও ইবাদত করা থেকে) নিবৃত্ত থাকে। (২২) কিন্তু সে নামাজী ব্যতীত, (২৩) যারা সর্বদা নামাজে মশগুল থাকে।

﴿٢٤﴾ وَالَّذِيْنَ فِىْٓ اَمْوَالِهِمْ حَقٌّ مَّعْلُوْمٌ ﴿٢٥﴾ لِّلسَّآئِلِ وَالْمَحْرُوْمِ ﴿٢٦﴾ وَالَّذِيْنَ

২৪। ওয়াল্লাযীনা ফী~আমওয়া-লিহিম হ্বাক্কুম মা'লূম। ২৫। লিস্সা—ইলি ওয়াল্ মাহ্বরূম। ২৬। ওয়াল্লাযীনা
(২৪) আর যাদের সম্পদে অংশ নির্ধারিত আছে, (২৫) ভিখারীদের জন্য এবং অসহায়দের জন্য। (২৬) আর যারা

يُصَدِّقُوْنَ بِيَوْمِ الدِّيْنِ ﴿٢٧﴾ وَالَّذِيْنَ هُمْ مِّنْ عَذَابِ رَبِّهِمْ مُّشْفِقُوْنَ ۝

ইউছাদ্দিকূনা বিইয়াওমিদ্ দীন। ২৭। ওয়াল্লাযীনা হুম্ মিন্ 'আযা-বি রাব্বিহিম্ মুশ্ফিকূন।
বিচারের দিন (কিয়ামত) কে সত্য বলে জানে। (২৭) আর যারা তাদের প্রতিপালকের শাস্তি সম্পর্কে ভীত শঙ্কিত।

﴿٢٨﴾ اِنَّ عَذَابَ رَبِّهِمْ غَيْرُ مَاْمُوْنٍ ﴿٢٩﴾ وَّالَّذِيْنَ هُمْ لِفُرُوْجِهِمْ حٰفِظُوْنَ ۝

২৮। ইন্না 'আযা-বা রাব্বিহিম গাইরু মা'মূন। ২৯। ওয়াল্লাযীনাহুম লিফুরূজ্বিহিম হ্বা-ফিজূন।
(২৮) (কারণ) নিশ্চয়ই তাদের প্রতিপালকের শাস্তি থেকে শঙ্কামুক্ত থেকে যায় না। (২৯) এবং যারা নিজেদের লজ্জাস্থানকে হেফাজত করে।

✪ টীকা (আঃ ১৪) ঃ অর্থাৎ, সেদিন আত্মচিন্তা এত অধিক হবে যে, প্রত্যেকে নিজ নিজ চিন্তায় মগ্ন থাকবে এবং পৃথিবীতে যাদেরকে প্রাণাধিক ভালোবাসিত, সাধ্য থাকলে তাদেরকে নিজের পরিবর্তে সঁপে দিতে কুণ্ঠাবোধ করবে না। (বঃ কোঃ) ✪ টীকা (আঃ ১৮) ঃ অর্থাৎ, আল্লাহর হক এবং বান্দার হক উভয়ই নষ্ট করেছে। মোটকথা, এসমস্ত কার্য জাহান্নামের যোগ্য হওয়ার কারণ, আর এসমস্ত কাজ কাফেরদের মধ্যে রয়েছে, সুতরাং আযাব হতে তাদের পরিত্রাণ পাওয়া কল্পনাও করা যায় না। (ব কোঃ) ✪ টীকা (আঃ ১৯) ঃ এখানে শুধু কাফেরই উদ্দেশ্য। দুর্বলমতি সৃষ্ট হওয়ার অর্থ এ নয় যে, সৃষ্টিকাল হতেই দুর্বল মতি সৃষ্ট হয়েছে। বরং সে তার কর্মদোষে নির্দিষ্ট স্তরে উপনীত হলে দুর্বলমতি হয়ে পড়ে। (বঃ কোঃ)

﴿৩০﴾ إِلَّا عَلَىٰ أَزْوَاجِهِمْ أَوْ مَا مَلَكَتْ أَيْمَانُهُمْ فَإِنَّهُمْ غَيْرُ مَلُومِينَ ﴿৩১﴾ فَمَنِ

৩০। ইল্লা- 'আলা~আ আয্ওয়া-জিহিম আও মা-মালাকাত আইমা-নুহুম ফাইন্নাহুম গাইরু মালূমীন। ৩১। ফামানিব্
(৩০) তবে তাদের স্ত্রী এবং তাদের মালিকাধীন দাসীদের কথা ভিন্ন। এতে তারা তিরস্কৃত হবে না। (৩১) তবে যে

ابْتَغَىٰ وَرَاءَ ذَٰلِكَ فَأُولَٰئِكَ هُمُ الْعَادُونَ ﴿৩২﴾ وَالَّذِينَ هُمْ لِأَمَانَاتِهِمْ وَعَهْدِهِمْ

তাগা- ওয়ারা—আ যা-লিকা ফাউলা—ইকা হুমুল 'আ-দূন। ৩২। ওয়াল্লাযীনা হুম লিআমা-না-তিহিম ওয়া 'আহ্দিহিম
এদের ছাড়া অন্যকে আশা করে, তারা হল সীমালংঘনকারী। (৩২) আর যারা তাদের আমানত এবং প্রতিশ্রুতি রক্ষায়

رَاعُونَ ﴿৩৩﴾ وَالَّذِينَ هُمْ بِشَهَادَاتِهِمْ قَائِمُونَ ﴿৩৪﴾ وَالَّذِينَ هُمْ عَلَىٰ صَلَاتِهِمْ

রা-'উন। ৩৩। ওয়াল্লাযীনা হুম বিশাহা-দা-তিহিম ক্বা—ইমূন। ৩৪। ওয়াল্লাযীনা হুম 'আলা- স্বালা-তিহিম
বিশ্বস্ত হয়। (৩৩) আর যারা তাদের নিজ সাক্ষাতে দৃঢ়। (৩৪) আর যারা তাদের নিজেদের নামাজ হেফাজত করে (অর্থাৎ যথাযথভাবে

يُحَافِظُونَ ﴿৩৫﴾ أُولَٰئِكَ فِي جَنَّاتٍ مُكْرَمُونَ ﴿৩৬﴾ فَمَالِ الَّذِينَ كَفَرُوا قِبَلَكَ

ইউহ্বা-ফিজূন। ৩৫। উলা—ইকা ফী জ্বান্না-তিম্ মুকরামূন। ৩৬। ফামা-লিল্ লাযীনা কাফারূ ক্বিবালাকা
আদায় করে)। (৩৫) তারাই জান্নাতে অতি সম্মানের সাথে বাস করবে। (৩৬) কাফিরদের কি হয়েছে যে, তারা আপনার দিকে

مُهْطِعِينَ ﴿৩৭﴾ عَنِ الْيَمِينِ وَعَنِ الشِّمَالِ عِزِينَ ﴿৩৮﴾ أَيَطْمَعُ كُلُّ امْرِئٍ مِنْهُمْ

মুহ্ত্বি'ঈন। ৩৭। 'আনিল্ ইয়ামীনি ওয়া 'আনিশ্ শিমা-লি 'ইযীন। ৩৮। আইয়াত্বমা'উ কুল্লুম রিইম্ মিন্হুম
দ্রুতবেগে আসতেছে। (৩৭) ডান ও বাম দিক থেকে দলবদ্ধভাবে। (৩৮) তাদের প্রত্যেকে কি এ কামনা করে যে, তাদেরকে

أَنْ يُدْخَلَ جَنَّةَ نَعِيمٍ ﴿৩৯﴾ كَلَّا ۖ إِنَّا خَلَقْنَاهُمْ مِمَّا يَعْلَمُونَ ﴿৪০﴾ فَلَا أُقْسِمُ

আইঁ ইউদ্খালা জ্বান্নাতা না'ঈম। ৩৯। কাল্লা-; ইন্না- খালাক্বনা-হুম্ মিম্মা-ইয়া'লামূন। ৪০। ফালা~উক্বসিমু
প্রবেশ করানো হবে সুখময় জান্নাতে? (৩৯) না কখনোইনা, আমি তাদেরকে যে (জিনিস) দ্বারা সৃষ্টি করেছি, তা তারা জানে। (৪০) আমি শপথ করছি, পূর্ব

بِرَبِّ الْمَشَارِقِ وَالْمَغَارِبِ إِنَّا لَقَادِرُونَ ﴿৪১﴾ عَلَىٰ أَنْ نُبَدِّلَ خَيْرًا مِنْهُمْ

বিরাব্বিল্ মাশা-রিক্বি ওয়াল্ মাগা-রিবি ইন্না- লাক্বা-দিরূন। ৪১। 'আলা~আন্ নুবাদ্দিলা খাইরাম্ মিন্হুম
প্রান্ত ও পশ্চিম প্রান্তের অবশ্যই আমি সক্ষম, (৪১) তাদের পরিবর্তে তাদের চেয়ে অতি উত্তম মানুষ আনয়ন করতে

وَمَا نَحْنُ بِمَسْبُوقِينَ ﴿৪২﴾ فَذَرْهُمْ يَخُوضُوا وَيَلْعَبُوا حَتَّىٰ يُلَاقُوا يَوْمَهُمُ الَّذِي

ওয়ামা- নাহ্নু বিমাস্বূক্বীন। ৪২। ফাযার্হুম ইয়াখূদ্বূ ওয়া ইয়াল'আবূ হাত্তা- ইউলা-ক্বূ ইয়াওমাহুমুল লাযী
এবং আমি তাতে অপারগ নই। (৪২) সুতরাং তাদেরকে ছেড়ে দিন বাজে কথা ও খেলতামাশার মধ্যে থাকতে, সেদিন উপস্থিত হওয়া পর্যন্ত, যে দিনের প্রতিশ্রুতি

يُوعَدُونَ ﴿৪৩﴾ يَوْمَ يَخْرُجُونَ مِنَ الْأَجْدَاثِ سِرَاعًا كَأَنَّهُمْ إِلَىٰ نُصُبٍ يُوفِضُونَ

ইউ'আদূন। ৪৩। ইয়াওমা ইয়াখ্রুজূনা মিনাল্ আজ্দা-ছি সিরা-'আন্ কাআন্নাহুম ইলা- নুস্বুবিই ইউফিদ্বূন।
তাদেরকে দেয়া হয়েছে। (৪৩) সেদিন তারা কবর হতে দৌড়ে ওঠে আসবে, মনে হবে যেন, তারা কোন লক্ষ্যের দিকে ছুটে চলছে।

﴿৪৪﴾ خَاشِعَةً أَبْصَارُهُمْ تَرْهَقُهُمْ ذِلَّةٌ ۚ ذَٰلِكَ الْيَوْمُ الَّذِي كَانُوا يُوعَدُونَ

৪৪। খা-শি'আতান্ আব্স্বা-রুহুম তার্হাকুহুম যিল্লাতুন ; যা-লিকাল্ ইয়াওমুল্লাযী কা-নূ ইউ'আদূন।
(৪৪) তাদের দৃষ্টি অবনত থাকবে এবং লাঞ্ছনা তাদেরকে আচ্ছাদিত করবে। এটাই সে দিন, যেদিন সম্পর্কে তাদেরকে প্রতিশ্রুতি দেয়া হয়েছিল।

সূরা নূহ
মক্কী

আয়াত ঃ ২৮
রুকূ ঃ ২

بِسْمِ اللَّهِ الرَّحْمَٰنِ الرَّحِيمِ

বিসমিল্লা-হির রাহ্মা-নির রাহীম
পরম দাতা ও দয়ালু আল্লাহ্র নামে শুরু করছি

﴿১﴾ إِنَّا أَرْسَلْنَا نُوحًا إِلَىٰ قَوْمِهِ أَنْ أَنْذِرْ قَوْمَكَ مِنْ قَبْلِ أَنْ يَأْتِيَهُمْ عَذَابٌ أَلِيمٌ

১। ইন্না~আরসাল্না- নূহান ইলা- ক্বাওমিহী~আন আন্যির ক্বাওমাকা মিন ক্বাবলি আইঁ ইয়া'তিয়াহুম 'আযা-বুন আলীম।
(১) নিশ্চয়ই আমি নূহকে তাঁর সম্প্রদায়ের নিকট এ নির্দেশ দিয়ে প্রেরণ করেছিলাম যে, তুমি তোমার সম্প্রদায়কে সাবধান কর তাদের প্রতি যন্ত্রণাময় শাস্তি আসার পূর্বে।

﴿২﴾ قَالَ يَا قَوْمِ إِنِّي لَكُمْ نَذِيرٌ مُبِينٌ ﴿৩﴾ أَنِ اعْبُدُوا اللَّهَ وَاتَّقُوهُ وَأَطِيعُونِ

২। ক্বা-লা ইয়া-ক্বাওমি ইন্নী লাকুম নাযীরুম্ মুবীন। ৩। আনি'বুদুল্লা-হা ওয়াত্তাক্বূহু ওয়া আত্বী'উন।
(২) সে (নূহ) বললেন, হে আমার জাতি! আমিতো তোমাদের জন্য প্রকাশ্য সতর্ককারী যে, (৩) তোমরা (এক) আল্লাহর ইবাদাত কর ও তাঁকে ভয় কর ও আমার অনুগত হও।

﴿৪﴾ يَغْفِرْ لَكُمْ مِنْ ذُنُوبِكُمْ وَيُؤَخِّرْكُمْ إِلَىٰ أَجَلٍ مُسَمًّى ۚ إِنَّ أَجَلَ اللَّهِ إِذَا جَاءَ

৪। ইয়াগ্ফির্লাকুম মিন যুনূবিকুম ওয়া ইউআখ্খিরকুম ইলা~আজালিম্ মুসাম্মান ; ইন্না আজালাল্লা-হি ইযা- জ্বা—আ
(৪) তিনি তোমাদের পাপসমূহ ক্ষমা করবেন, এবং তিনি তোমাদেরকে সুযোগ দিবেন একটি নির্ধারিত সময় পর্যন্ত। নিশ্চয়ই আল্লাহর নির্ধারিত সময় যখন এসে উপস্থিত হয়,

لَا يُؤَخَّرُ ۖ لَوْ كُنْتُمْ تَعْلَمُونَ ﴿৫﴾ قَالَ رَبِّ إِنِّي دَعَوْتُ قَوْمِي لَيْلًا وَنَهَارًا

লা-ইউআখ্খারু। লাও কুন্তুম তা'লামূন। ৫। ক্বা-লা রাব্বি ইন্নী দা'আওতু ক্বাওমী লাইলাওঁ ওয়া নাহা-রা-।
তখন তা বিলম্ব করা হয় না, যদি তোমরা তা জানতে। (৫) সে বললেন, হে আমার প্রতিপালক! নিশ্চয়ই আমি আমার সম্প্রদায়কে দিন, রাত আহ্বান করেছি।

﴿৬﴾ فَلَمْ يَزِدْهُمْ دُعَائِي إِلَّا فِرَارًا ﴿৭﴾ وَإِنِّي كُلَّمَا دَعَوْتُهُمْ لِتَغْفِرَ لَهُمْ

৬। ফালাম ইয়াযিদ্হুম দু'আ—ঈ~ইল্লা- ফিরা-রা-। ৭। ওয়া ইন্নী কুল্লামা- দ্বা'আওতুহুম লিতাগ্ফিরালাহুম
(৬) কিন্তু আমার আহ্বানে তারা আরও বেশি পলায়ন করেছে। (৭) আর যখনই আমি তাদেরকে আহ্বান করি, আপনার ক্ষমার জন্য, (তখন)

جَعَلُوا أَصَابِعَهُمْ فِي آذَانِهِمْ وَاسْتَغْشَوْا ثِيَابَهُمْ وَأَصَرُّوا وَاسْتَكْبَرُوا

জ্বা'আলূ~আস্বা-বি'আহুম ফী~আ-যা-নিহিম ওয়াস্তাগ্শাও ছিয়া-বাহুম ওয়া আসার্রূ ওয়াস্তাক্বারুস্
তারা তাদের কর্ণে অংগুলি দেয় এবং তাদের কাপড় দ্বারা নিজদেরকে আচ্ছাদিত করে এবং (কুফরীতে আরও) ঝুঁকে যায় এবং খুব

○ টীকা (আঃ ১) ঃ অর্থাৎ, তাদেরকে বলুন, যদি তোমরা ঈমান না আন, তবে তোমাদের প্রতি ভীষণ আযাব আসবে। যেমন ইহজগতে প্লাবন, পরলোকে যন্ত্রণাময় শাস্তি হবে। (বঃ কোঃ) ○ টীকা (আঃ ৪) ঃ ফলকথা, ঈমান আন আর না আন মৃত্যু অনিবার্য, তবে পার্থক্য এই যে, ঈমান না আনলে পারলৌকিক আযাব ছাড়াও ইহলৌকিক আযাবেরও সম্ভাবনা রয়েছে। আর ঈমান আনলে কোন অবস্থাতেই আযাব হবে না। (বঃ কোঃ) ○ টীকা (আঃ ৭) ঃ অর্থাৎ, কাপড় জড়ায়ে নিল। যেন তাঁর কথা আমাদের অন্তরে বসে না যায়। কেননা, তারা তাঁর কথা শুনতে অনিচ্ছুক। (মুঃ কোঃ)

اسْتِكْبَارًا ﴿٧﴾ ثُمَّ إِنِّي دَعَوْتُهُمْ جِهَارًا ﴿٨﴾ ثُمَّ إِنِّي أَعْلَنتُ لَهُمْ وَأَسْرَرْتُ

তিক্‌বা-রা- । ৮ ; ছুম্মা ইন্নী~দা'আওতুহুম জ্বিহা-রা- । ৯ । ছুম্মা ইন্নী~আ'লান্‌তু লাহুম ওয়া আস্‌রার্‌তু

অহংকার করে ; (৮) অতঃপর আমি তাদেরকে প্রকাশ্যে আহ্বান করেছি। (৯) পরে আমি তাদেরকে প্রকাশ্যে বলেছি এবং গোপনেও

لَهُمْ إِسْرَارًا ﴿٩﴾ فَقُلْتُ اسْتَغْفِرُوا رَبَّكُمْ إِنَّهُ كَانَ غَفَّارًا ﴿١٠﴾ يُرْسِلِ السَّمَاءَ

লাহুম ইস্‌রা-রা- । ১০ ; ফাক্বুল্‌তুস্‌ তাগ্‌ফিরূ রাব্বাকুম ; ইন্নাহূ কা-না গাফ্‌ফা-রা- । ১১ । ইউর্‌সিলিস্‌ সামা—আ

বুঝিয়েছি। (১০) আমি বলেছি, তোমরা ক্ষমা প্রার্থনা কর, তোমাদের প্রতিপালকের কাছে। নিশ্চয়ই তিনি ক্ষমাশীল। (১১) তিনি তোমাদের ওপর আকাশ

عَلَيْكُم مِّدْرَارًا ﴿١١﴾ وَيُمْدِدْكُم بِأَمْوَالٍ وَبَنِينَ وَيَجْعَل لَّكُمْ جَنَّاتٍ

'আলাইকুম মিদ্‌রা-রা- ১২ । ওয়া ইউম্‌দিদ্‌কুম বিআম্‌ওয়া-লিওঁ ওয়া বানীনা ওয়া ইয়াজ্ব'আল্‌ লাকুম জ্বান্না-তিওঁ

থেকে পর্যাপ্ত প্রেরণ করবেন। (১২) আর তিনি তোমাদেরকে শক্তি বৃদ্ধি করবেন, ধন-সম্পদ ও সন্তান-সন্ততি দ্বারা এবং তোমাদের জন্য করে দিবেন জান্নাত এবং

وَيَجْعَل لَّكُمْ أَنْهَارًا ﴿١٢﴾ مَّا لَكُمْ لَا تَرْجُونَ لِلَّهِ وَقَارًا ﴿١٣﴾ وَقَدْ خَلَقَكُمْ أَطْوَارًا ﴿١٤﴾

ওয়া ইয়াজ্ব'আল্‌ লাকুম আন্‌হা-রা- । ১৩ । মা-লাকুম লা- তারজুনা লিল্লা-হি ওয়া ক্বা-রা- । ১৪ । ওয়া ক্বাদ্‌ খালাক্বাকুম আত্বওয়া-রা- ।

প্রবাহিত করবেন তোমাদের জন্য নহরসমূহ। (১৩) তোমাদের কি হল যে, তোমরা আল্লাহর মর্যাদা বিশ্বাস করছ না? (১৪) অথচ তিনিই তোমাকে সৃষ্টি করেছেন স্তরে স্তরে।

أَلَمْ تَرَوْا كَيْفَ خَلَقَ اللَّهُ سَبْعَ سَمَاوَاتٍ طِبَاقًا ﴿١٥﴾ وَجَعَلَ الْقَمَرَ فِيهِنَّ

১৫ । আলাম তারাও কাইফা খালাক্বাল্লা-হু সাব্'আ সামা-ওয়া-তিন ত্বিবা-ক্বা- । ১৬ । ওয়া জ্বা'আলাল্‌ ক্বামারা ফীহিন্না

(১৫) তোমরা কি চিন্তা করনা যে, আল্লাহ কিভাবে সৃষ্টি করেছেন সপ্ত আকাশ ধাপে ধাপে। (১৬) এবং সেথায় চন্দ্রকে করেছেন আলোক

نُورًا وَجَعَلَ الشَّمْسَ سِرَاجًا ﴿١٦﴾ وَاللَّهُ أَنبَتَكُم مِّنَ الْأَرْضِ نَبَاتًا ﴿١٧﴾ ثُمَّ

নূরাওঁ ওয়া জ্বা'আলাশ্‌ শাম্‌সা সিরা-জ্বা- । ১৭ । ওয়াল্লা-হু আম্‌বাতাকুম্‌ মিনাল্‌ আর্‌দ্বি নাবা-তা- । ১৮ । ছুম্মা

রূপে, এবং সূর্যকে করেছেন চেরাগ রূপে? (১৭) তিনি তোমাদেরকে যথাযথভাবে সৃষ্টি করেছেন মৃত্তিকা হতে। (১৮) অতঃপর তিনি তোমাদেরকে

يُعِيدُكُمْ فِيهَا وَيُخْرِجُكُمْ إِخْرَاجًا ﴿١٨﴾ وَاللَّهُ جَعَلَ لَكُمُ الْأَرْضَ بِسَاطًا ﴿١٩﴾

ইউ'ঈদুকুম ফীহা- ওয়া ইউখ্‌রিজুকুম ইখ্‌রা-জ্বা- । ১৯ । ওয়াল্লা-হু জ্বা'আলা লাকুমুল আরদ্বা বিসা-ত্বা-

তার মধ্যেই প্রত্যাগমন ও পরে আবার (সেখান থেকে) বের করে আনবেন। (১৯) আল্লাহ তোমাদের জন্য পৃথিবীকে করেছেন (বিছানার ন্যায়) বিস্তৃত।

لِّتَسْلُكُوا مِنْهَا سُبُلًا فِجَاجًا ﴿٢٠﴾ قَالَ نُوحٌ رَّبِّ إِنَّهُمْ عَصَوْنِي وَاتَّبَعُوا

২০ । লিতাস্‌লুকূ মিন্‌হা- সুবুলান ফিজ্বা-জ্বা- । ২১ । ক্বা-লা নূহুর্‌ রাব্বি ইন্নাহুম 'আস্বাওনী ওয়াত্তাবা'উ

(২০) যাতে তোমরা বিস্তৃত পথে চলাফেরা করতে পার। (২১) নূহ বললেন, হে আমার প্রতিপালক! তারা আমার কথা শোনেইনি এবং

রুকূ ১ / ৯

○ টীকা (আঃ ৯) ঃ মোটকথা, যত প্রকারের উপদেশে তাদের উপকার হওয়ার সম্ভাবনা ছিল, সকল প্রকারেই আমি তাদেরকে বুঝিয়েছি। (বঃ কোঃ) ○ টীকা (আঃ ১৩) ঃ সমস্ত নেয়ামত উল্লেখ করার স্বার্থকতা সম্ভবতঃ এ, অধিকাংশ মানুষ নগদ লাভের প্রত্যাশী। অতএব, এর উল্লেখ তাদেরকে ঈমানের প্রতি উৎসাহিত করবে। (বঃ কোঃ) ○ বিশ্লেষণ (আঃ ১৪) ঃ خلقكم اطوارا - (পর্যায়ক্রমে) মানব সৃষ্টির প্রথমে বীর্য, পরে রক্ত পিণ্ড, পরে মাংস পিণ্ড, পরে অস্থি, পরে গোস্ত, পরে পূর্ণ আকৃতি গঠন। (কুঃ কারীম) ○ টীকা (আঃ ১৫) ঃ অর্থাৎ, প্রথমতঃ খাদ্য হতে রক্ত, তা হতে শুক্র, তা হতে জমাট রক্ত এবং তা হতে মাংস, এরূপে স্তরে স্তরে তিনি তোমাদেরকে সৃষ্টি করেছেন। (বঃ কোঃ) ○ টীকা (আঃ ২১) ঃ কেননা, যমীনে চলা-ফেরা নির্ভর করে তার স্থিরতার উপর, অন্যথায় তাতে ধসে অথবা ডুবে যেত সমস্ত উক্তি, যা ফরিয়াদস্বরূপ আল্লাহর দরবারে নিবেদন করেছিলেন। (বঃ কোঃ)

مَن لَّمْ يَزِدْهُ مَالُهُ وَوَلَدُهُ إِلَّا خَسَارًا ﴿٢١﴾ وَمَكَرُوا مَكْرًا كُبَّارًا ﴿٢٢﴾ وَقَالُوا

মাল্লাম ইয়াযিদ্‌হু মা-লুহূ ওয়া ওয়ালাদুহূ~ইল্লা- খাসা-রা- । ২২ । ওয়া মাকারূ মাক্‌রান্‌ কুব্বা-রা- । ২৩ । ওয়া ক্বা-লূ

এমন লোকের তারা অনুসরণ করছে, যাদের ধনসম্পদ ও সন্তান-সন্ততি তাদের ক্ষতি ছাড়া অন্য কিছু বৃদ্ধি করেনি। (২২) তারা বিরাট চক্রান্ত করেছিল, (২৩) এবং বলেছিল,

لَا تَذَرُنَّ آلِهَتَكُمْ وَلَا تَذَرُنَّ وَدًّا وَلَا سُوَاعًا وَلَا يَغُوثَ وَيَعُوقَ

লা-তাযারুন্না আ-লিহাতাকুম ওয়ালা- তাযারুন্না ওয়াদ্দাওঁ ওয়ালা- সুওয়া-'আওঁ ওয়ালা- ইয়াগূছা ওয়া ইয়া'উক্বা

তোমরা কখনও ত্যাগ করনা তোমাদের মাবুদ (প্রতিমা)-কে, আর বর্জন করনা ওয়াদ এবং সুওয়াকে এবং বর্জন করনা ইয়াগুস, ইয়াউক এবং

وَنَسْرًا ﴿٢٣﴾ وَقَدْ أَضَلُّوا كَثِيرًا وَلَا تَزِدِ الظَّالِمِينَ إِلَّا ضَلَالًا ﴿٢٤﴾ مِّمَّا خَطِيئَاتِهِمْ

ওয়া নাস্‌রা- । ২৪ । ওয়া ক্বাদ্‌ আদ্বাল্লূ কাছীরা-, ওয়ালা-তাযিদিজ্‌ জা-লিমীনা ইল্লা- দ্বালা-লা- । ২৫ । মিম্মা- খাত্বীআ—তিহিম

নাসরকে। (২৪) তারা অনেক লোকদেরকে পথভ্রষ্ট করেছে। (হে আল্লাহ!) আপনি পাপিষ্ঠদের বিভ্রান্তি আরও বাড়িয়ে দিন। (২৫) তাদের পাপের জন্য তাদেরকে (পানিতে)

أُغْرِقُوا فَأُدْخِلُوا نَارًا فَلَمْ يَجِدُوا لَهُم مِّن دُونِ اللَّهِ أَنصَارًا ﴿٢٥﴾ وَقَالَ نُوحٌ

উগ্‌রিক্বূ ফাউদ্‌খিলূ না-রান ফালাম ইয়াজ্বিদূ লাহুম্‌ মিন্‌ দূনিল্লা-হি আন্‌স্বা-রা- । ২৬ । ওয়া ক্বা-লা নূহুর্‌

ডুবিয়ে দেয়া হয়েছে, অতঃপর প্রবেশ করানো হয়েছে অগ্নিতে। অতঃপর তারা আল্লাহ ছাড়া আর কোন সাহায্যকারী পায়নি। (২৬) নূহ বলেছিলেন, হে আমার

رَّبِّ لَا تَذَرْ عَلَى الْأَرْضِ مِنَ الْكَافِرِينَ دَيَّارًا ﴿٢٦﴾ إِنَّكَ إِن تَذَرْهُمْ يُضِلُّوا

রাব্বি লা-তাযার্‌ 'আলাল্‌ আর্‌দ্বি মিনাল কা-ফিরীনা দাইয়্যা-রা- । ২৭ । ইন্নাকা ইন্‌ তাযার্‌হুম ইউদ্বিল্লূ

প্রতিপালক! তুমি ভূ-পৃষ্ঠে কাফিরদের কোন ঘর, বাকি রাখবেন না (সব শেষ করে দিন)। (২৭) যদি আপনি তাদের (কাউ)-কে বাকি রাখুন, তবে তারা আপনার

عِبَادَكَ وَلَا يَلِدُوا إِلَّا فَاجِرًا كَفَّارًا ﴿٢٧﴾ رَّبِّ اغْفِرْ لِي وَلِوَالِدَيَّ وَلِمَن دَخَلَ

'ইবা-দাকা ওয়ালা- ইয়ালিদূ~ইল্লা- ফা-জ্বিরান্‌ কাফ্‌ফা-রা- । ২৮ । রাব্বিগ্‌ফির্‌লী ওয়ালি ওয়া-লিদাইয়্যা ওয়া লিমান দাখালা

বান্দাগণকে বিভ্রান্ত করবে এবং পাপী ও কাফির ছাড়া অন্য কিছু জন্ম দিবে না। (২৮) হে আমার প্রতিপালক! ক্ষমা করুন, আমাকে। আমার মাতা-পিতাকে

بَيْتِيَ مُؤْمِنًا وَلِلْمُؤْمِنِينَ وَالْمُؤْمِنَاتِ وَلَا تَزِدِ الظَّالِمِينَ إِلَّا تَبَارًا ﴿٢٨﴾

বাইতিয়া মু'মিনাওঁ ওয়া লিল্‌মু'মিনীনা ওয়াল মু'মিনা-তি ; ওয়ালা-তাযিদিজ্‌ জা-লিমীনা ইল্লা- তাবা-রা- ।

এবং যারা মুমিন অবস্থায় আমার ঘরে প্রবেশ করে তাদেরকে এবং ক্ষমা কর সব মুমিন পুরুষ ও নারীদেরকে। আর পাপিষ্ঠদের শুধু ধ্বংস বৃদ্ধি কর।

রুকূ ২ / ১০

○ বিশ্লেষণ (আঃ ২৩) ঃ ودا - (ওয়াদ্দা) একটি প্রতিমার নাম। যেটি ওরা পুরুষের আকৃতিতে বানিয়েছিল।

* سواعا - সুওয়া– এ প্রতিমাটি বানিয়েছিল মহিলাদের আকৃতিতে। * يغوث - ইয়াগুস– এ প্রতিমাটি বানিয়েছিল, বাঘের আকৃতিতে।

* يعوق - ইয়াউক– এ প্রতিমাটি ছিল ঘোড়ার আকৃতিতে। * نسرا - নাসর– এ প্রতিমাটি ছিল চিল পাখির আকৃতিতে।

এ ব্যাপারে প্রসিদ্ধ বর্ণনা হল– এ পাঁচজন ছিলেন নেককার বান্দা। তারা ছিলেন, হযরত আদম (আ) এবং হযরত নূহ (আ)-এর যুগের মাঝামাঝি সময়। লোকেরা তাদেরকে খুব শ্রদ্ধা করত। তাদের ইন্তেকালের পরে শয়তান তাদের প্রতিকৃতি কাঠ ও পাথর দ্বারা তৈরি করে তার অনুসারীদেরকে নিজ ঘরে লটকিয়ে রাখতে উদ্বুদ্ধ করে। লোকেরা সে প্রতিকৃতিগুলোর প্রতি সম্মান প্রদর্শন করে। নিজ নিজ ঘরে লটকিয়ে রাখে। তাদের প্রতি সম্মান প্রদর্শন করে। যখন সে অনুসারীরা মারা গেল, তখন শয়তান তাদের বংশধরকে এ বলে শিরকের দিকে উদ্বুদ্ধ করল যে, তোমাদের পিতৃপুরুষ তাদের ইবাদাত করত। তাদের প্রতিকৃতি তোমাদের ঘরে ঘরে আছে। সুতরাং তারা তাদের পূজা করতে শুরু করে। (তাঃ কাদেরী, কুঃ কারীম)

সূরা জ্বিন
মক্কী

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

বিসমিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম
পরম দাতা ও দয়ালু আল্লাহ্‌র নামে শুরু করছি

আয়াত ঃ ২৮
রুকূ ঃ ২

(১) قُلْ اُوْحِيَ اِلَيَّ اَنَّهُ اسْتَمَعَ نَفَرٌ مِّنَ الْجِنِّ فَقَالُوْٓا اِنَّا سَمِعْنَا قُرْاٰنًا عَجَبًا ۝

১। কুল্ উহিয়া ইলাইয়্যা আন্নাহুস্ তামা'আ নাফারুম্ মিনাল জ্বিন্নি ফাক্বা-লূ~ইন্না- সামি'না- কুরআ-নান 'আজ্বাবা-।
(১) (হে নবী!) আপনি বলুন, আমার প্রতি ওহী এসেছে যে, জ্বীনের একটি দল আন্তরিকতার সাথে কুরআন শুনেছিল এবং বলেছিল আমরা আশ্চর্য ধরনের কুরআন শুনেছি।

(২) يَّهْدِيْٓ اِلَى الرُّشْدِ فَاٰمَنَّا بِهٖ ۗ وَلَنْ نُّشْرِكَ بِرَبِّنَآ اَحَدًا (৩) وَّاَنَّهُ تَعٰلٰى جَدُّ

২। ইয়াহ্‌দী~ইলার রুশ্‌দি ফাআ-মান্না-বিহী ; ওয়া লান্ নুশ্‌রিকা বিরাব্বিনা~আহাদা-। ৩। ওয়া আন্নাহূ তা'আ-লা- জ্বাদ্দু
(২) যা সঠিক পথের প্রদর্শক। আমরা এর প্রতি ঈমান এনেছি। আমরা আর কখনও অন্য কাউকে আমাদের প্রতিপালকের সাথে শরীক নির্ধারণ করব না। (৩) নিশ্চয়ই আমাদের

رَبِّنَا مَا اتَّخَذَ صَاحِبَةً وَّلَا وَلَدًا (৪) وَّاَنَّهُ كَانَ يَقُوْلُ سَفِيْهُنَا عَلَى اللّٰهِ شَطَطًا ۝

রাব্বিনা- মাত্তাখাযা ছা-হিবাতাওঁ ওয়ালা- ওয়ালাদা-। ৪। ওয়া আন্নাহূ কা-না ইয়াকূলু সাফীহুনা- 'আলাল্লা-হি শাত্বাত্বা-।
প্রতিপালকের মর্যাদা অনেক উর্ধ্বে। তিনি গ্রহণ করেননি কোন স্ত্রী এবং গ্রহণ করেননি কোন সন্তান। (৪) আমাদের মধ্যের মূর্খরা আল্লাহ্ সম্পর্কে মিথ্যা অযৌক্তিক কথা বলে।

(৫) وَّاَنَّا ظَنَنَّآ اَنْ لَّنْ تَقُوْلَ الْاِنْسُ وَالْجِنُّ عَلَى اللّٰهِ كَذِبًا (৬) وَّاَنَّهُ كَانَ رِجَالٌ

৫। ওয়া আন্না- জানান্না~আল লান্ তাকূলাল ইন্‌সু ওয়াল্ জ্বিন্নু 'আলাল্লা-হি কাযিবা-। ৬। ওয়া আন্নাহূ কা-না রিজ্বা-লুম্
(৫) আমরাতো এটাই ধারণা করতাম যে, মানুষ এবং জ্বীন আল্লাহ্ সম্পর্কে কখনও মিথ্যা কথা বলে না। (৬) আর কতিপয় মানুষ, আশ্রয়

مِّنَ الْاِنْسِ يَعُوْذُوْنَ بِرِجَالٍ مِّنَ الْجِنِّ فَزَادُوْهُمْ رَهَقًا (৭) وَّاَنَّهُمْ ظَنُّوْا كَمَا

মিনাল্ ইন্‌সি ইয়া'উযূনা বিরিজ্বা-লিম্ মিনাল্ জ্বিন্নি ফাযা-দূহুম রাহাক্বা-। ৭। ওয়া আন্নাহুম জানূনূ কামা-
কামনা করত, কতক জ্বীনের। ফলে তাদের ঔদ্ধত্য আরও বাড়িয়ে দিল। (৭) জ্বীনেরা পরস্পরে বলেছিল তোমাদের মত মানুষের মধ্যে যারা কাফির

○ টীকা (আঃ ১) ঃ এ সূরা সম্পর্কে বুখারী, মুসলিম, তিরমিযী প্রভৃতি বিশিষ্ট হাদীস গ্রন্থে বিভিন্ন সূত্রের বহু হাদীস আছে। তাদের সারমর্ম এই– হযরত (সঃ) কয়েক বৎসর যাবৎ মক্কা শরীফস্থ কোরাইশগণকে হেদায়েত করার পরও যখন তারা সামান্য কয়েকজন ব্যতীত হেদায়েত হল না, তখন তিনি ভাবলেন এদের জন্য ব্যর্থ চেষ্টা না করে অন্যত্র যাওয়াই শ্রেয়। তৎপর তিনি তায়েফ গমন করেন এবং তথাকার সর্দারগণ কর্তৃক বিতাড়িত হয়ে তিনি ওকাজ যাত্রা করেন। পথে নখলা নামক স্থানে যখন ফজরের নামাজ পড়তেছিলেন, তখন নসিবিন শহরস্থ ৯ জন জ্বিন তাঁর কোরআন পাঠ শ্রবণ করতঃ যে মন্তব্য করে, এ সূরার ১৫ আয়াত পর্যন্ত তারই বিস্তারিত বর্ণিত হয়েছে। উক্ত জ্বিনগণ তখন এ সূরার ৮ ও ৯ আয়াতে বর্ণিত ঘটনার কারণে অনুসন্ধানে ব্যাপৃত ছিল।

অধিকাংশ দার্শনিকের মতে, জ্বিন বলতে কিছুই নেই। কিন্তু কিতাবী অ-কিতাবী ধর্মবিশ্বাসী প্রত্যেক সম্প্রদায়ই জ্বিনের অস্তিত্ব স্বীকার করে; তবে কেউ বলেন, এরা অশরীরী আর কেউ বলেন সূক্ষ্ম-শরীরী। এত সূক্ষ্ম যে, কোনরূপ ইন্দ্রিয় গ্রাহ্য নয়। শেষোক্তদের মতে জন্মগত নেককার জ্বিন ফেরেশতা, জন্মগত বদকার জ্বিন শয়তান এবং যেসব জ্বিন জন্মগতভাবে নেককারও নয়, বদকারও নয় তারা সাধারণ জ্বিন নামে পরিচিত। জ্বিনগণ ফেরেশতার মত ইচ্ছামত রূপধারণ করতে পারে; অদৃশ্য অবস্থায় থেকেও দেখতে পায়, শুনতে পায়, শূন্যে ভ্রমণ ও অবস্থান করতে পারে; আসমানে যেয়ে ফেরেশতাদের কথা শুনতে পেত। পক্ষান্তরে সাধারণ শরীরী জীবের মত এদের ক্ষুধা-তৃষ্ণা, কাম-ক্রোধ, জন-মৃত্যু, রোগ-শোক ও প্রজনন প্রভৃতিও হয়ে থাকে। মানুষের মত জ্বিনও নানা স্বভাবের আছে, ইহাদেরও কেয়ামতে বিচার হবে। অনেক মানবের জ্ঞানই জ্বিন পর্যন্ত সীমাবদ্ধ ছিল এবং তাদের অমানুষিক কার্যাবলি দেখে তাদেরকে খোদা বলে মনে করত। জ্বিনগণও স্বীয় অধিকার প্রতিষ্ঠাকল্পে বিভিন্ন উপায় অবলম্বন করত– কখনও বা প্রতিমার ভিতর হতে, কখনও বা বৃক্ষাদির ভিতর হতে কথা বলত; আবার কখনও বা ভবিষ্যতের বা দূরের জ্যোতিষগণকে জানিয়ে দিত ...। নবী কারীম (স)-এর আবির্ভাবের কিছু পূর্ব হতে জ্বিনদের অনেক ক্ষমতা লোপ করা হয়; বিশেষতঃ তাদের উপর আসমানী খবর সংগ্রহের পথ রুদ্ধ করা হয়। (হাক্কানী)

ظَنَنْتُمْ اَنْ لَّنْ يَّبْعَثَ اللّٰهُ اَحَدًا (৮) وَّاَنَّا لَمَسْنَا السَّمَآءَ فَوَجَدْنٰهَا مُلِئَتْ

জানান্‌তুম আল্ লাইঁ ইয়াব্'আছাল্লা-হু আহ্বাদা-। ৮। ওয়া আন্না- লামাস্‌নাস্ সামা—আ ফাওয়াজ্বাদ্‌না-হা- মুলিআত্
তারাও ধারণা করে যে, আল্লাহ্ কাউকে মৃত্যুর পরে পুনরায় ওঠাবেন না। (৮) এবং আমরা আকাশে অভিযান করেছি, কিন্তু আকাশ পরিপূর্ণ দেখলাম কঠোর

حَرَسًا شَدِيْدًا وَّشُهُبًا (৯) وَّاَنَّا كُنَّا نَقْعُدُ مِنْهَا مَقَاعِدَ لِلسَّمْعِ ۗ فَمَنْ يَّسْتَمِعِ

হ্বারাসান্ শাদীদাওঁ ওয়া শুহুবা-। ৯। ওয়া আন্না- কুন্না- নাক্ব'উদু মিন্‌হা- মাক্বা-'ইদা লিস্‌সাম'ই ; ফামাই ইয়াস্‌তামি'ইল্
প্রহরী এবং জ্বলন্ত শিখায়। (৯) আর এর পূর্বে আমরা কথা শোনার জন্য আকাশের কোন জায়গায় বসে থাকতাম। কিন্তু এখন কেউ কথা শুনতে চাইলে,

الْاٰنَ يَجِدْ لَهٗ شِهَابًا رَّصَدًا (১০) وَّاَنَّا لَا نَدْرِيْٓ اَشَرٌّ اُرِيْدَ بِمَنْ فِي الْاَرْضِ

আ-না ইয়াজ্বিদ্ লাহূ শিহা-বার্ রাছাদা-। ১০। ওয়া আন্না- লা- নাদরী~আশারুরুন উরীদা বিমান ফিল আর্‌দ্বি
সে তার জন্য প্রস্তুত জ্বলন্ত শিখার সম্মুখীন হয়। (১০) আমরা জানি না, পৃথিবীর মানুষের প্রতি অকল্যাণকর (শাস্তিমূলক) কিছু করার ইচ্ছা অথবা তাদের

اَمْ اَرَادَ بِهِمْ رَبُّهُمْ رَشَدًا (১১) وَّاَنَّا مِنَّا الصّٰلِحُوْنَ وَمِنَّا دُوْنَ ذٰلِكَ ۗ كُنَّا

আম্ আরা-দা বিহিম রাব্বুহুম রাশাদা-। ১১। ওয়া আন্না- মিন্নাছ্ ছা-লিহূনা ওয়া মিন্না- দূনা যা-লিকা ; কুন্না-
প্রতিপালক তাদের কল্যাণকর কিছু করার ইচ্ছা আছে। (১১) এবং আমাদের মধ্যে কতিপয়তো পুণ্যবান এবং কতিপয় তার বিপরীত। আমরা বিভিন্ন

طَرَآئِقَ قِدَدًا (১২) وَّاَنَّا ظَنَنَّآ اَنْ لَّنْ نُّعْجِزَ اللّٰهَ فِي الْاَرْضِ وَلَنْ نُّعْجِزَهٗ هَرَبًا ۝

ত্বারা—ইক্ব ক্বিদ্দাদা-। ১২। ওয়া আন্না- জানান্না~আল্ লান্ নু'জ্বিযাল্লা-হা ফিল্ আর্‌দ্বি ওয়া লান্ নু'জ্বিযাহূ হারাবা-।
মতের অনুসারী। (১২) এখন আমাদের ধারণা হয়েছে যে, আমরা পৃথিবীতে আল্লাহকে পরাস্ত করতে পারব না এবং পালিয়ে গিয়েও তাঁকে অক্ষম করতে পারব না।

(১৩) وَّاَنَّا لَمَّا سَمِعْنَا الْهُدٰٓى اٰمَنَّا بِهٖ ۗ فَمَنْ يُّؤْمِنْ بِرَبِّهٖ فَلَا يَخَافُ بَخْسًا

১৩। ওয়া আন্না- লাম্মা- সামি'নাল্ হুদা~আ-মান্না- বিহী ; ফামাই ইউ'মিন্ বিরাব্বিহী ফালা- ইয়াখা-ফু বাখ্‌সাওঁ
(১৩) যখন আমরা শুনলাম হেদায়াতের বাণী, তখনই আমরা আল্লাহর প্রতি ঈমান এনেছি। আর যে তার প্রতিপালকের প্রতি ঈমান আনে, তার ক্ষতি, অত্যাচারের

وَّلَا رَهَقًا (১৪) وَّاَنَّا مِنَّا الْمُسْلِمُوْنَ وَمِنَّا الْقٰسِطُوْنَ ۗ فَمَنْ اَسْلَمَ فَاُولٰٓئِكَ

ওয়ালা- রাহাক্বা-। ১৪। ওয়া আন্না- মিন্নাল্ মুস্‌লিমূনা ওয়া মিন্নাল ক্বা-সিত্বূনা ; ফামান্ আস্‌লামা ফাউলা—ইকা
কোনই ভয় নেই। (১৪) আমাদের মধ্যে কতিপয় মুসলমান এবং কতিপয় নাফরমান। যারা ইসলাম গ্রহণ করেছে, তারা (নিজের জন্য) সঠিক

تَحَرَّوْا رَشَدًا (১৫) وَاَمَّا الْقٰسِطُوْنَ فَكَانُوْا لِجَهَنَّمَ حَطَبًا (১৬) وَّاَنْ لَّوِ

তাহ্বার্‌রাও রাশাদা-। ১৫। ওয়া আম্মাল্ ক্বা-সিত্বূনা ফাকা-নূ লিজ্বাহান্নামা হাত্বাবা-। ১৬। ওয়া আল্ লাওয়িস্
পথ নির্ণয় করেছে। (১৫) আর যে নাফরমান, সেতো জাহান্নামের ইন্ধন (জ্বালানী কাঠ)। (১৬) (হে নবী! মক্কাবাসীকে বলুন) তারা যদি

اسْتَقَامُوْا عَلَى الطَّرِيْقَةِ لَاَسْقَيْنٰهُمْ مَّآءً غَدَقًا (১৭) لِّنَفْتِنَهُمْ فِيْهِ ۗ وَمَنْ

তাক্বা-মূ 'আলাত্ব ত্বারীক্বাতি লাআস্‌ক্বাইনা-হুম মা—আন গাদাক্বা- ১৭। লিনাফ্‌তিনাহুম ফীহি ; ওয়া মাই
সঠিক পথে দৃঢ়ভাবে কায়েম থাকতো, তবে আমি তাদেরকে পর্যাপ্ত পানি পান করাতাম, (সমৃদ্ধশালী করতাম) (১৭) তাদেরকে পরীক্ষা করার জন্য। যে

يُعْرِضْ عَنْ ذِكْرِ رَبِّهٖ يَسْلُكْهُ عَذَابًا صَعَدًا ﴿١٧﴾ وَأَنَّ الْمَسٰجِدَ لِلّٰهِ

ইউ'রিদ্ব 'আন্ যিক্‌রি রাব্বিহী ইয়াসলুক্‌হু 'আযা-বান্ স্বা'আদা-। ১৮। ওয়া আন্নাল্ মাসা-জ্বিদা লিল্লা-হি

তার প্রতিপালকের স্মরণ হতে গাফিল থাকে, তিনি (আল্লাহ) তাকে কঠিন শাস্তিতে পাকড়াও করবেন। (১৮) আর মসজিদ শুধু আল্লাহর জন্যই

فَلَا تَدْعُوْا مَعَ اللّٰهِ أَحَدًا ﴿١٨﴾ وَأَنَّهٗ لَمَّا قَامَ عَبْدُ اللّٰهِ يَدْعُوْهُ كَادُوْا

ফালা- তাদ'উ মা'আল্লা-হি আহ্বাদা-। ১৯। ওয়া আন্নাহূ লাম্মা- ক্বা-মা 'আব্‌দুল্লা-হি ইয়াদ্'উহু কা-দূ

সুতরাং আল্লাহর সাথে তোমরা অন্য কাউকে ডেকনা। (১৯) যখন আল্লাহর বান্দাহ তাঁকে ডাকার জন্য (নামাজে) দাঁড়িয়ে গেল, তখন দলে দলে

يَكُوْنُوْنَ عَلَيْهِ لِبَدًا ﴿١٩﴾ قُلْ إِنَّمَا أَدْعُوْا رَبِّيْ وَلَا أُشْرِكُ بِهٖ أَحَدًا ﴿٢٠﴾

ইয়াকূনূনা 'আলাইহি লিবাদা-। ২০। কুল্ ইন্নামা~'আদ্‌উ রাব্বী ওয়ালা~উশ্‌রিকু বিহী~আহ্বাদা-।

তার চারপাশে এসে জড় হল। (২০) বলুন, আমি কেবলমাত্র আমার প্রতিপালককেই ডাকি এবং তাঁর সাথে কাউকে শরীক নির্ধারণ করি না।

ع ১ ১১ রুকূ

قُلْ إِنِّيْ لَا أَمْلِكُ لَكُمْ ضَرًّا وَّلَا رَشَدًا ﴿٢١﴾ قُلْ إِنِّيْ لَنْ يُّجِيْرَنِيْ مِنَ

২১। কুল্ ইন্নী লা~আম্‌লিকু লাকুম দ্বার্‌রাওঁ ওয়ালা- রাশাদা-। ২২। কুল্ ইন্নী লাইঁ ইউজ্বীরানী মিনাল

(২১) আমি তোমাদের ক্ষতির ও সঠিক পথে পরিচালনার ক্ষমতা রাখি না। (২২) আপনি বলুন, (যদি আমিও নাফরমানি করি, তবে) আমাকে কেউই আল্লাহর

اللّٰهِ أَحَدٌ ۙ وَّلَنْ أَجِدَ مِنْ دُوْنِهٖ مُلْتَحَدًا ﴿٢٢﴾ إِلَّا بَلٰغًا مِّنَ اللّٰهِ وَرِسٰلٰتِهٖ ۚ

লা-হি আহাদুওঁ ওয়া লান্ আজ্বিদা মিন্ দূনিহী মুল্‌তাহাদা-। ২৩। ইল্লা- বালা-গাম্ মিনাল্লা-হি ওয়া রিসা-লা-তিহী;

শাস্তি হতে রক্ষা করতে পারবে না এবং আল্লাহ ব্যতীত আমি আর কোন আশ্রয়স্থল পাবনা। (২৩) শুধু আল্লাহর কথা এবং তার পয়গাম পৌঁছানোই আমার দায়িত্ব।

وَمَنْ يَّعْصِ اللّٰهَ وَرَسُوْلَهٗ فَإِنَّ لَهٗ نَارَ جَهَنَّمَ خٰلِدِيْنَ فِيْهَا أَبَدًا ﴿٢٣﴾ حَتّٰى

ওয়া মাইঁ ইয়া'স্বিল্লা-হা ওয়া রাসূলাহূ ফাইন্না লাহূ না-রা জ্বাহান্নামা খা-লিদীনা ফীহা~আবাদা-। ২৪। হাত্তা~

যে আল্লাহ ও তাঁর রাসূলের বিরোধিতা করে, তার জন্য রয়েছে জাহান্নামের অগ্নি, যেখানে তারা চিরদিন পড়ে থাকবে। (২৪) যখন

إِذَا رَأَوْا مَا يُوْعَدُوْنَ فَسَيَعْلَمُوْنَ مَنْ أَضْعَفُ نَاصِرًا وَّأَقَلُّ عَدَدًا ﴿٢٤﴾

ইযা- রাআও মা- ইউ'আদূনা ফাসাইয়া'লামূনা মান্ আদ্ব'আফু না-স্বিরাওঁ ওয়া আক্বাল্লু 'আদাদা-।

তারা শাস্তি দেখবে, যার প্রতিশ্রুতি তাদেরকে দেয়া হয়েছিল, তখন তারা বুঝবে, কে সাহায্যকারী হিসাবে দুর্বল আর কে সংখ্যার দিক দিয়ে অল্প।

قُلْ إِنْ أَدْرِيْ أَقَرِيْبٌ مَّا تُوْعَدُوْنَ أَمْ يَجْعَلُ لَهٗ رَبِّيْ أَمَدًا ﴿٢٥﴾

২৫। কুল্ ইন্ আদ্‌রী~আক্বারীবুম্ মা- তূ'আদূনা আম্ ইয়াজ্ব'আলু লাহূ রাব্বী~আমাদা-।

(২৫) বলুন, আমি অবগত নই যে, তোমাদেরকে যার প্রতিশ্রুতি দেয়া হয়েছে তা কি খুব কাছে, না আমার প্রতিপালক এর জন্য একটি দূরবর্তী মেয়াদ নির্ধারণ করে রেখেছেন?

عٰلِمُ الْغَيْبِ فَلَا يُظْهِرُ عَلٰى غَيْبِهٖ أَحَدًا ﴿٢٦﴾ إِلَّا مَنِ ارْتَضٰى مِنْ

২৬। 'আ-লিমুল গাইবি ফালা- ইউজ্‌হিরু 'আলা- গাইবিহী~আহ্বাদা-। ২৭। ইল্লা- মানির্ তাদ্বা- মির্

(২৬) তিনি অদৃশ্য বিষয়ের জ্ঞানী, তিনি তার অদৃশ্যের ব্যাপারে কাউকে প্রকাশ করেন না, (২৭) তার পছন্দনীয়

رَّسُوْلٍ فَإِنَّهٗ يَسْلُكُ مِنْ بَيْنِ يَدَيْهِ وَمِنْ خَلْفِهٖ رَصَدًا ﴿٢٧﴾ لِّيَعْلَمَ أَنْ

রাসূলিন্ ফাইন্নাহূ ইয়াসলুকু মিম বাইনি ইয়াদাইহি ওয়া মিন্ খালফিহী রাশাদা-। ২৮। লিইয়া'লামা আন্

রাসূল ব্যতীত। কিন্তু সেখানেও তার অগ্রে ও পশ্চাতে প্রহরী নিয়োজিত রাখেন। (২৮) যাতে তিনি (আল্লাহ) জানতে পারেন যে, তাদের

قَدْ أَبْلَغُوْا رِسٰلٰتِ رَبِّهِمْ وَأَحَاطَ بِمَا لَدَيْهِمْ وَأَحْصٰى كُلَّ شَيْءٍ عَدَدًا ﴿٢٨﴾

ক্বাদ্ আব্‌লাগূ রিসা-লা-তি রাব্বিহিম ওয়া আহ্বা-ত্বা বিমা- লাদাইহিম ওয়াআহ্বস্বা- কুল্লা শাইয়িন্ 'আদাদা-।

প্রতিপালকের পয়গাম, রাসূলগণ পৌঁছিয়ে দিয়েছেন। আল্লাহ তাদের চার পাশের সবকিছু ঘিরে রাখেন এবং প্রতিটি বিষয়ের হিসাব রাখেন।

ع ২ ১২ রুকূ

সূরা মুয্‌যাম্মিল
মক্কী

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

বিসমিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম

পরম দাতা ও দয়ালু আল্লাহর নামে শুরু করছি

আয়াত ঃ ২০
রুকূ ঃ ২

يٰٓأَيُّهَا الْمُزَّمِّلُ ﴿١﴾ قُمِ الَّيْلَ إِلَّا قَلِيْلًا ﴿٢﴾ نِّصْفَهٗٓ أَوِ انْقُصْ مِنْهُ قَلِيْلًا ﴿٣﴾

১। ইয়া~আইয়্যুহাল্ মুয্‌যাম্মিল্। ২। কুমিল্ লাইলা ইল্লা- ক্বালীলা-। ৩। নিস্বফাহূ~আওয়িন্‌কুস্ব মিন্‌হু ক্বালীলা-।

(১) হে বস্ত্রাবৃত (নবী!) (২) রাতের কিছু অংশ ব্যতীত বাকি রাত দাঁড়ান। (৩) (অর্থাৎ) অর্ধেক রাত অথবা তার চেয়ে কিছু কম,

أَوْ زِدْ عَلَيْهِ وَرَتِّلِ الْقُرْاٰنَ تَرْتِيْلًا ﴿٤﴾ إِنَّا سَنُلْقِيْ عَلَيْكَ قَوْلًا ثَقِيْلًا ﴿٥﴾

৪। আও যিদ্ 'আলাইহি ওয়া রাত্তিলিল্ কুরআ-না তারতীলা-। ৫। ইন্না- সানুলক্বী 'আলাইকা ক্বাওলান ছাক্বীলা-।

(৪) অথবা তার চেয়ে বেশি। আর ধীরে ধীরে কুরআন পাঠ করুন স্পষ্টভাবে। (৫) নিশ্চয়ই আমি আপনার প্রতি অতি শীঘ্রই গুরুতর কালাম অবতীর্ণ করব।

إِنَّ نَاشِئَةَ الَّيْلِ هِيَ أَشَدُّ وَطْـًٔا وَّأَقْوَمُ قِيْلًا ﴿٦﴾ إِنَّ لَكَ فِي النَّهَارِ سَبْحًا طَوِيْلًا ﴿٧﴾

৬। ইন্না না-শিআতাল্ লাইলি হিয়া আশাদ্দু ওয়াত্বআওঁ ওয়া আক্বওয়ামু ক্বীলা-। ৭। ইন্না লাকা ফিন্ নাহা-রি সাব্‌হান্ ত্বাওয়ীলা-।

(৬) নিশ্চয়ই রাত্র জাগরণ, কঠোর সাধনার এবং (কুরআন) পাঠের জন্য সঠিক সময়। (৭) নিশ্চয়ই দিনের বেলা আপনি আপনার দায়িত্ব পালনে খুব ব্যস্ত থাকেন।

وَاذْكُرِ اسْمَ رَبِّكَ وَتَبَتَّلْ إِلَيْهِ تَبْتِيْلًا ﴿٨﴾ رَبُّ الْمَشْرِقِ وَالْمَغْرِبِ

৮। ওয়ায্‌কুরিস্‌মা রাব্বিকা ওয়া তাবাত্তাল্ ইলাইহি তাব্‌তীলা-। ৯। রাব্বুল্ মাশ্‌রিক্বি ওয়াল মাগ্‌রিবি

(৮) সুতরাং আপনি আপনার প্রতিপালকের নামের যিকির করুন এবং সব দিক হতে মুখ ফিরিয়ে একমাত্র তাঁরই দিকে মগ্ন হন। (৯) তিনিই পূর্ব পশ্চিমের মালিক,

لَآ إِلٰهَ إِلَّا هُوَ فَاتَّخِذْهُ وَكِيْلًا ﴿٩﴾ وَاصْبِرْ عَلٰى مَا يَقُوْلُوْنَ وَاهْجُرْهُمْ هَجْرًا

লা~ইলা-হা ইল্লা- হুওয়া ফাত্তাখিয্‌হু ওয়াকীলা। ১০। ওয়াস্বিবর 'আলা- মা- ইয়াক্বূলূনা ওয়াহ্‌জুরহুম হাজ্বরান্

তিনি ছাড়া কোন মাবুদ নেই, অতএব ব্যবস্থাপক হিসেবে তাকেই গ্রহণ করুন। (১০) (দুশমনরা) যা বলে, তাতে ধৈর্যধারণ করুন এবং তাদের বর্জন করুন,

جَمِيْلًا ﴿١٠﴾ وَذَرْنِيْ وَالْمُكَذِّبِيْنَ أُولِي النَّعْمَةِ وَمَهِّلْهُمْ قَلِيْلًا ﴿١١﴾ إِنَّ لَدَيْنَآ

জ্বামীলা-। ১১। ওয়া যার্‌নী ওয়াল্ মুকায্‌যিবীনা উলিন্ না'মাতি ওয়া মাহ্‌হিল্ হুম ক্বালীলা-। ১২। ইন্না লাদাইনা~

শালীনতার সাথে। (১১) ছেড়ে দিন আমাকে এবং বিলাস জীবন যাপনকারী মিথ্যাবাদীদেরকে। আর তাদের অল্প সময়ের জন্য অবসর দিন। (১২) আমার নিকটে রয়েছে

اَنْكَالًا وَّجَحِيْمًا ﴿١٢﴾ وَّطَعَامًا ذَا غُصَّةٍ وَّعَذَابًا اَلِيْمًا ﴿١٣﴾ يَوْمَ تَرْجُفُ الْاَرْضُ

আন্‌কা-লাওঁ ওয়া জ্বাহীমা- । ১৩ । ওয়া ত্বা'আ-মান্ যা-গুস্‌স্বাতিওঁ ওয়া 'আযা-বান আলীমা- । ১৪ । ইয়াওমা তারজুফুল আরদ্বু
(লোহার) শিকল এবং জ্বলন্ত অগ্নি । (১৩) আর আছে গলায় আটকিয়ে পড়া খাদ্য এবং যন্ত্রণাময় শাস্তি । (১৪) সে দিন পৃথিবী

وَالْجِبَالُ وَكَانَتِ الْجِبَالُ كَثِيْبًا مَّهِيْلًا ﴿١٤﴾ اِنَّآ اَرْسَلْنَآ اِلَيْكُمْ رَسُوْلًا ۙ شَاهِدًا

ওয়াল জ্বিবা-লু ওয়া কা-নাতিল জ্বিবা-লু কাছীবাম মাহীলা- । ১৫ । ইন্না~আরসালনা~ইলাইকুম রাসূলান শা-হিদান
ও পাহাড়গুলো কাঁপতে থাকবে এবং পাহাড়গুলো হবে প্রবহমান বালুকার ন্যায় । (১৫) নিশ্চয়ই আমি তোমাদের কাছে এমন এক রাসূল তোমাদের সাক্ষীরূপে প্রেরণ করেছি,

عَلَيْكُمْ كَمَآ اَرْسَلْنَآ اِلٰى فِرْعَوْنَ رَسُوْلًا ﴿١٥﴾ فَعَصٰى فِرْعَوْنُ الرَّسُوْلَ فَاَخَذْنٰهُ

'আলাইকুম কামা~আর্‌সাল্‌না~ইলা- ফির'আওনা রাসূলা- । ১৬ । ফা'আছা- ফির্'আওনুর রাসূলা ফাআখায্‌না-হু
যেমন আমি রাসূল প্রেরণ করেছিলাম ফেরআউনের কাছে । (১৬) কিন্তু ফিরআউন সে রাসূলের বিরোধিতা করল । ফলে আমি তাকে কঠিনভাবে

اَخْذًا وَّبِيْلًا ﴿١٦﴾ فَكَيْفَ تَتَّقُوْنَ اِنْ كَفَرْتُمْ يَوْمًا يَّجْعَلُ الْوِلْدَانَ شِيْبًا ۖ ﴿١٧﴾

আখ্‌যাওঁ ওয়া বীলা- । ১৭ । ফাকাইফা তাত্তাকূনা ইন্ কাফার্‌তুম ইয়াওমাই ইয়াজ্'আলুল্ ওয়িল্‌দা-না শীবা-
পাকড়াও করেছিলাম । (১৭) সুতরাং তোমরা যদি কুফরী কর, তবে কিভাবে রেহাই পাবে সেদিন, যেদিন বালকদেরকে বৃদ্ধ করে দিবে,

السَّمَآءُ مُنْفَطِرٌۢ بِهٖ ۭ كَانَ وَعْدُهٗ مَفْعُوْلًا ﴿١٨﴾ اِنَّ هٰذِهٖ تَذْكِرَةٌ ۚ فَمَنْ شَآءَ اتَّخَذَ

১৮ । নিস্‌সামা—উ মুন্‌ফাত্বিরুম্ বিহী ; কা-না ওয়া'দুহূ মাফ্'উলা- । ১৯ । ইন্না হা-যিহী তায্‌কিরাতুন, ফামান্ শা—আত্তাখাযা
(১৮) যেদিন আকাশ ফেটে যাবে এবং তাঁর (আল্লাহর) প্রতিশ্রুতি কার্যকরী হবে । (১৯) নিশ্চয়ই এটা উপদেশ । যার ইচ্ছা, সে নিজ

اِلٰى رَبِّهٖ سَبِيْلًا ﴿١٩﴾ اِنَّ رَبَّكَ يَعْلَمُ اَنَّكَ تَقُوْمُ اَدْنٰى مِنْ ثُلُثَيِ الَّيْلِ وَنِصْفَهٗ

ইলা- রাব্বিহী সাবীলা- । ২০ । ইন্না রাব্বাকা ইয়া'লামু আন্নাকা তাকুমু আদ্‌না- মিন ছুলুছাইল লাইলি ওয়া নিস্বফাহূ
প্রতিপালকের পথ গ্রহণ করুক । (২০) নিশ্চয়ই আপনার প্রতিপালকতো জানেন যে, আপনি কখনও রাতের প্রায় তিন ভাগের দু ভাগ কখনও অর্ধেক কখনও তিনভাগের

১ ع ১৩ রুকূ

وَثُلُثَهٗ وَطَآئِفَةٌ مِّنَ الَّذِيْنَ مَعَكَ ۭ وَاللّٰهُ يُقَدِّرُ الَّيْلَ وَالنَّهَارَ ۭ عَلِمَ اَنْ لَّنْ

ওয়া ছুলুছাহূ ওয়া ত্বা—ইফাতুম্ মিনাল্ লাযীনা মা'আকা ; ওয়াল্লা-হু ইউকাদ্দিরুল্ লাইলা ওয়ান্নাহা-রা ; 'আলিমা আল্লান্
একভাগ দাঁড়িয়ে ইবাদতের জন্য জাগ্রত থাকেন এবং জাগ্রত থাকে আপনার সাথীদের একটি দলও । নিশ্চয়ই আল্লাহ রাত ও দিনের পরিমাপ করেন । তিনি জানেন যে, তোমরা

تُحْصُوْهُ فَتَابَ عَلَيْكُمْ فَاقْرَءُوْا مَا تَيَسَّرَ مِنَ الْقُرْاٰنِ ۭ عَلِمَ اَنْ سَيَكُوْنُ مِنْكُمْ

তুহ্‌স্বূহু ফাতা-বা 'আলাইকুম ফাক্বরাউ মা-তাইয়াস্‌সারা মিনাল্ কুরআ-নি ; 'আলিমা আন্ সাইয়াকূনু মিন্‌কুম
কখনও এর হিসাব রাখতে পারবে না । তাই তিনি তোমাদের ক্ষমা করে দিয়েছেন । তাই যতটুকু কুরআন পাঠ করা তোমাদের জন্য সহজ ততটুকুই পাঠ কর । তিনি জানেন যে,

مَّرْضٰى ۙ وَاٰخَرُوْنَ يَضْرِبُوْنَ فِى الْاَرْضِ يَبْتَغُوْنَ مِنْ فَضْلِ اللّٰهِ ۙ وَاٰخَرُوْنَ

মার্‌দ্বা- ওয়া আ-খারূনা ইয়াদ্বরিবূনা ফিল্ আরদ্বি ইয়াব্‌তাগূনা মিন্ ফাদ্বলিল্লা-হি ওয়া আ-খারূনা
তোমাদের মধ্যে কতিপয় রোগাক্রান্ত হয়ে পড়বে এবং কেউ কেউ আল্লাহর রহমতের (জীবিকার) অন্বেষণে অন্য দেশে ভ্রমণ করবে এবং কেউ কেউ

يُقَاتِلُوْنَ فِيْ سَبِيْلِ اللّٰهِ ۫ۖ فَاقْرَءُوْا مَا تَيَسَّرَ مِنْهُ ۙ وَاَقِيْمُوا الصَّلٰوةَ وَاٰتُوا

ইউক্বা-তিলূনা ফী সাবীলিল লা-হি ফাক্বরাউ মা- তাইয়াস্‌সারা মিন্‌হু ওয়া আক্বীমুস্ব স্বালা-তা ওয়া আ-তুয্
আল্লাহর রাস্তায় লড়াই করবে, তাই কুরআন হতে যতটুকু সহজ (সম্ভব) তাই পাঠ কর । আর নামাজ কায়েম কর,

الزَّكٰوةَ وَاَقْرِضُوا اللّٰهَ قَرْضًا حَسَنًا ۭ وَمَا تُقَدِّمُوْا لِاَنْفُسِكُمْ مِّنْ خَيْرٍ تَجِدُوْهُ

যাকা-তা ওয়া আক্বরিদ্বুল্লা-হা ক্বার্‌দ্বান্ হ্বাসানান্ ; ওয়ামা- তুক্বাদ্দিমূ লিআন্‌ফুসিকুম্ মিন্ খাইরিন্ তাজ্বিদূহু
যাকাত আদায় কর এবং আল্লাহকে উত্তম কর্জ দাও । তোমরা তোমাদের নিজেদের (কল্যাণের) জন্য নেক কাজ যা আগে পাঠাবে, তা তোমরা

عِنْدَ اللّٰهِ هُوَ خَيْرًا وَّاَعْظَمَ اَجْرًا ۭ وَاسْتَغْفِرُوا اللّٰهَ ۭ اِنَّ اللّٰهَ غَفُوْرٌ رَّحِيْمٌ ﴿٢٠﴾

'ইন্দাল্লা-হি হুওয়া খাইরাওঁ ওয়া আ'জামা আজ্বরান্ ; ওয়াস্তাগ্‌ফিরুল্লা-হা ; ইন্নাল্লা-হা গাফূরুর্ রাহ্বীম ।
আল্লাহর নিকট পাবে । আর সেটাই উত্তম এবং প্রতিদান হিসেবে অনেক বড় । আর তোমরা আল্লাহর কাছে ক্ষমা প্রার্থনা কর, নিশ্চয়ই আল্লাহ ক্ষমাশীল অসীম দয়াবান ।

২ ع ১৪ রুকূ

সূরা মুদ্দাছ্‌ছির মক্কী	بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ বিসমিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম পরম দাতা ও দয়ালু আল্লাহর নামে শুরু করছি	আয়াত ঃ ৫৬ রুকূ ঃ ২

يٰۤاَيُّهَا الْمُدَّثِّرُ ﴿١﴾ قُمْ فَاَنْذِرْ ﴿٢﴾ وَرَبَّكَ فَكَبِّرْ ﴿٣﴾ وَثِيَابَكَ فَطَهِّرْ ﴿٤﴾

১ । ইয়া~আইয়্যুহাল্ মুদ্দাছ্‌ছির । ২ । কুম ফাআন্‌যির । ৩ । ওয়া রাব্বাকা ফাকাব্বির, ৪ । ওয়া ছিয়া-বাকা ফাত্বাহ্‌হির ।
(১) হে বস্ত্রাবৃত (নবী!); (২) দাঁড়ান অতঃপর সতর্ক করুন, (৩) এবং প্রতিপালকের মহত্ব বর্ণনা করুন । (৪) আপনার পোশাক পবিত্র রাখুন ।

وَالرُّجْزَ فَاهْجُرْ ﴿٥﴾ وَلَا تَمْنُنْ تَسْتَكْثِرُ ﴿٦﴾ وَلِرَبِّكَ فَاصْبِرْ ﴿٧﴾ فَاِذَا نُقِرَ

৫ । ওয়ার্ রুজ্বযা ফাহ্‌জুর । ৬ । ওয়ালা-তাম্‌নুন্ তাছতাক্‌ছির । ৭ । ওয়া লিরাব্বিকা ফাস্বিবির । ৮ । ফাইযা- নুক্বিরা
(৫) অপবিত্র থেকে দূরে থাকুন । (৬) অধিক পাওয়ার আশায় কারো প্রতি অনুগ্রহ প্রদর্শন করবেনা । (৭) আপনার প্রতিপালকের উদ্দেশ্যে ধৈর্যধারণ করুন, (৮) যেদিন

فِى النَّاقُوْرِ ﴿٨﴾ فَذٰلِكَ يَوْمَئِذٍ يَّوْمٌ عَسِيْرٌ ﴿٩﴾ عَلَى الْكٰفِرِيْنَ غَيْرُ يَسِيْرٍ ﴿١٠﴾

ফিন্ না-কূর । ৯ । ফাযা-লিকা ইয়াওমাইযিইঁ ইয়াওমুন্ 'আসীর । ১০ । 'আলাল্ কা-ফিরীনা গাইরু ইয়াসীর ।
শিংগায় ফুৎকার দেয়া হবে, (৯) সে দিনটি হবে কঠিন দিন । (১০) যেটা কাফিরদের উপর সহজ হবে না ।

ذَرْنِيْ وَمَنْ خَلَقْتُ وَحِيْدًا ﴿١١﴾ وَّجَعَلْتُ لَهٗ مَالًا مَّمْدُوْدًا ﴿١٢﴾ وَّبَنِيْنَ

১১ । যারনী ওয়া মান্ খালাক্বতু ওয়াহ্বীদা- । ১২ । ওয়া জ্বা'আল্‌তু লাহূ মা-লাম্ মাম্‌দূদা-, ১৩ । ওয়া বানীনা
(১১) আমাকে এবং তাকে ছেড়ে দিন, যাকে আমি একাকী সৃষ্টি করেছি (১২) এবং তাকে আমি দিয়েছি অজস্র ধনসম্পদ, (১৩) এবং বিদ্যমানতা পুত্র

شُهُوْدًا ﴿١٣﴾ وَّمَهَّدْتُّ لَهٗ تَمْهِيْدًا ﴿١٤﴾ ثُمَّ يَطْمَعُ اَنْ اَزِيْدَ ﴿١٥﴾ كَلَّا ۭ اِنَّهٗ كَانَ

শুহূদা- । ১৪ । ওয়া মাহ্‌হাত্তু লাহূ তাম্‌হীদা- । ১৫ । ছুম্মা ইয়াত্বমা'উ আন্ আযীদা । ১৬ । কাল্লা-; ইন্নাহূ কা-না
সন্তান । (১৪) এবং তার সুখময় জীবনের জন্য যাবতীয় ব্যবস্থা করেছি, (১৫) এরপরেও সে আকাঙ্ক্ষা করে যে, আমি তাকে আরও বাড়িয়ে দেই । (১৬) না, তা কখনই হবে না;

لِاٰيٰتِنَا عَنِيْدًا ﴿١٦﴾ سَاُرْهِقُهٗ صَعُوْدًا ﴿١٧﴾ اِنَّهٗ فَكَّرَ وَقَدَّرَ ﴿١٨﴾ فَقُتِلَ كَيْفَ قَدَّرَ ﴿١٩﴾

লিআ-য়া-তিনা- 'আনীদা-। ১৭। সাউর্হিকুহূ স্বা'উদা-। ১৮। ইন্নাহূ ফাক্কারা ওয়া ক্বাদ্দারা। ১৯। ফাক্বুতিলা কাইফা ক্বাদ্দারা,
নিশ্চয়ই সে আমার আয়াতসমূহের অবাধ্য। (১৭) আমি অতিশীঘ্রই তাকে কঠিন শাস্তিতে চড়াব। (১৮) সে চিন্তা করল এবং মনস্থ করল, (১৯) সে ধ্বংস হোক, কিভাবে সে করল!

ثُمَّ قُتِلَ كَيْفَ قَدَّرَ ﴿٢٠﴾ ثُمَّ نَظَرَ ﴿٢١﴾ ثُمَّ عَبَسَ وَبَسَرَ ﴿٢٢﴾ ثُمَّ اَدْبَرَ وَاسْتَكْبَرَ ﴿٢٣﴾

২০। ছুম্মা ক্বুতিলা কাইফা ক্বাদ্দারা। ২১। ছুম্মা নাজারা। ২২। ছুম্মা 'আবাসা ওয়া বাসার। ২৩। ছুম্মা আদ্বারা ওয়াস্তাক্বারা।
(২০) আরও ধ্বংস হোক সে, কিভাবে করল! (২১) তারপর সে পুনঃরায় দেখল, (২২) অতঃপর সে ভ্রুকুটি করল এবং মুখ বাঁকা করল, (২৩) অতঃপর সে পৃষ্ঠ প্রদর্শন করল এবং অহংকার করল।

فَقَالَ اِنْ هٰذَآ اِلَّا سِحْرٌ يُّؤْثَرُ ﴿٢٤﴾ اِنْ هٰذَآ اِلَّا قَوْلُ الْبَشَرِ ﴿٢٥﴾ سَاُصْلِيْهِ سَقَرَ ﴿٢٦﴾

২৪। ফাক্বা-লা ইন হা-যা- ইল্লা- সিহ্রুই ইউ'ছার্। ২৫। ইন্ হা-যা~ইল্লা- ক্বাওলুল্ বাশার। ২৬। সাউস্বলীহি সাক্বারা।
(২৪) এবং বলল, এটা যাদু ছাড়া আর কিছুই না, যা ধারাবাহিকভাবে চলে আসছে। (২৫) এতো মানুষের কথা ছাড়া আর কিছুই না। (২৬) আমি অতিশীঘ্রই তাকে (সাকার নামক) জাহান্নামে নিক্ষেপ করব।

وَمَآ اَدْرٰىكَ مَا سَقَرُ ﴿٢٧﴾ لَا تُبْقِيْ وَلَا تَذَرُ ﴿٢٨﴾ لَوَّاحَةٌ لِّلْبَشَرِ ﴿٢٩﴾ عَلَيْهَا

২৭। ওয়ামা~আদ্রা-কা মা- সাক্বার। ২৮। লা- তুব্ক্বী ওয়ালা- তাযার। ২৯। লাওয়্যা-হাতুল লিল্বাশার। ৩০। 'আলাইহা-
(২৭) আপনি জানেন, সাকার কী? (২৮) সে তাদেরকে না জীবিত রাখবে এবং না (মৃত্যু দিয়ে) ছেড়ে দিবে। (২৯) সে চামড়া ঝলসিয়ে দিবে, (৩০) এতে

تِسْعَةَ عَشَرَ ﴿٣٠﴾ وَمَا جَعَلْنَآ اَصْحٰبَ النَّارِ اِلَّا مَلٰٓئِكَةً ۙ وَّمَا جَعَلْنَا عِدَّتَهُمْ

তিস'আতা 'আশার। ৩১। ওয়ামা- জ্বা'আলনা~আস্বহা-বান্ না-রি ইল্লা- মালা—ইকাতাওঁ ওয়ামা- জ্বা'আল্না- 'ইদ্দাতাহুম
প্রহরী রয়েছে উনিশজন (ফেরেশতা)। (৩১) আমি ফেরেশতাগণ ব্যতীত অন্য কাউকেই জাহান্নামের প্রহরী নিযুক্ত করিনি।

اِلَّا فِتْنَةً لِّلَّذِيْنَ كَفَرُوْا ۙ لِيَسْتَيْقِنَ الَّذِيْنَ اُوْتُوا الْكِتٰبَ وَيَزْدَادَ الَّذِيْنَ

ইল্লা- ফিত্নাতাল লিল্লাযীনা কাফারূ লিয়াস্তাইক্বিনাল লাযীনা উতুল্ কিতা-বা ওয়া ইয়াযদা-দাল্ লাযীনা
আর আমি তাদের সংখ্যা প্রকাশ করেছি শুধু, কাফিরদের পরীক্ষার জন্য, যাতে কিতাবীগণ নিশ্চিত হয়,

اٰمَنُوْٓا اِيْمَانًا وَّلَا يَرْتَابَ الَّذِيْنَ اُوْتُوا الْكِتٰبَ وَالْمُؤْمِنُوْنَ ۙ وَلِيَقُوْلَ

আ-মানূ~ঈমা-নাওঁ ওয়ালা- ইয়ার্তা-বাল্ লাযীনা উতুল্ কিতা-বা ওয়াল মু'মিনূনা ওয়া লিয়াকূলাল্
এবং ঈমানদারদের ঈমান বৃদ্ধি পায় এবং কিতাবীগণ ও মু'মিনগণ যাতে সন্দেহ না করে। আর যাদের

الَّذِيْنَ فِيْ قُلُوْبِهِمْ مَّرَضٌ وَّالْكٰفِرُوْنَ مَاذَآ اَرَادَ اللّٰهُ بِهٰذَا مَثَلًا ؕ كَذٰلِكَ

লাযীনা ফী ক্বুলূবিহিম্ মারাদ্বুওঁ ওয়াল্ কা-ফিরূনা মা- যা~আরা-দাল্লা-হু বিহা-যা- মাছালান ; কাযা-লিকা
অন্তরে (কুফরীর) রোগ আছে তারা এবং কাফিরেরা বলবে, আল্লাহর এ দৃষ্টান্ত বর্ণনা দ্বারা উদ্দেশ্য কি? এভাবে আল্লাহ্ যাকে ইচ্ছা বিভ্রান্ত

✪ শানে নুযূল (আঃ ৩১) ঃ জাহান্নামের প্রহরী রয়েছে ১৯জন (ফেরেশতা) আবুল আসাদ নামক জনৈক শক্তিশালী কাফির বলে উঠলে, হে কোরাইশ জাতি! তোমরা তাতে ভীত হয়োনা। দশজন ফেরেশতাকে আমি ডান বাহু দ্বারা এবং নয়জনকে বাম বাহু দ্বারা হটিয়ে দিব। অন্য বর্ণনায় আছে, আয়াতটি শ্রবণ করে আবু জাহাল বলল, ফেরেশতারা মাত্র উনিশজন আমরা সংখ্যায় অনেক রয়েছি। প্রতি দশজন মানুষও কি একজন ফেরেশতাকে হটিয়ে দিতে পারবে না? এ ঘটনা সম্পর্কে আয়াতটি নাযিল হয়। (বঃ কো)

يُضِلُّ اللّٰهُ مَنْ يَّشَآءُ وَيَهْدِيْ مَنْ يَّشَآءُ ؕ وَمَا يَعْلَمُ جُنُوْدَ رَبِّكَ اِلَّا هُوَ ؕ

ইউদ্বিল্লুল্লা-হু মাইঁ ইয়াশা—উ ওয়া ইয়াহ্দী মাইঁ ইয়াশা—উ ; ওয়ামা- ইয়া'লামু জুনূদা রাব্বিকা ইল্লা- হুওয়া ;
করেন, আর যাকে ইচ্ছা সঠিকপথ প্রদর্শন করেন। আর আপনার প্রতিপালকের বাহিনী সম্পর্কে তিনি ছাড়া আর কেউ জানেন না। এ (উল্লিখিত বর্ণনা)গুলো

وَمَا هِيَ اِلَّا ذِكْرٰى لِلْبَشَرِ ﴿٣١﴾ كَلَّا وَالْقَمَرِ ﴿٣٢﴾ وَالَّيْلِ اِذْ اَدْبَرَ ﴿٣٣﴾ وَالصُّبْحِ اِذَآ

ওয়ামা- হিয়া ইল্লা- যিক্রা- লিল্বাশার। ৩২। কাল্লা- ওয়াল্ ক্বামার। ৩৩। ওয়াল্লাইলি ইয্ আদ্বার। ৩৪। ওয়াস্ব স্বুবহি ইযা~
মানুষের উপদেশ বাণী। (৩২) কিছুতেই নয়, চাঁদের শপথ, (৩৩) শপথ রজনীর, যখন সে (দিনের) পশ্চাতে যায়। (৩৪) আর শপথ সে প্রভাতের, যখন তা হয়

اَسْفَرَ ﴿٣٤﴾ اِنَّهَا لَاِحْدَى الْكُبَرِ ﴿٣٥﴾ نَذِيْرًا لِّلْبَشَرِ ﴿٣٦﴾ لِمَنْ شَآءَ مِنْكُمْ اَنْ يَّتَقَدَّمَ

আস্ফার। ৩৫। ইন্নাহা- লাইহ্দাল কুবার। ৩৬। নাযীরাল্ লিল্বাশার। ৩৭। লিমান্ শা—আ মিন্কুম আইঁ ইয়াতাক্বাদ্দামা
আলোকিত হয়। (৩৫) নিশ্চয়ই এই জাহান্নাম গুরুতর বিষয়ের একটি, (৩৬) যা মানুষের জন্য ভীতি প্রদানকারী। (৩৭) তোমাদের মধ্যে যে চায় অগ্রগামী হতে,

اَوْ يَتَاَخَّرَ ﴿٣٧﴾ كُلُّ نَفْسٍۭ بِمَا كَسَبَتْ رَهِيْنَةٌ ﴿٣٨﴾ اِلَّآ اَصْحٰبَ الْيَمِيْنِ ﴿٣٩﴾ فِيْ

আও ইয়াতাআখ্খার। ৩৮। কুল্লু নাফ্সিম্ বিমা-কাসাবাত্ রাহীনাহ্। ৩৯। ইল্লা~আস্বহা-বাল্ ইয়ামীন। ৪০। ফী
অথবা যে চায় পিছনে থাকতে তার জন্যও (৩৮) প্রত্যেক ব্যক্তিই তার নিজ কৃতকর্মের জন্য দায়ী হবে। (৩৯) তবে ডান দিকের লোকগণ ব্যতীত। (৪০) তারা

جَنّٰتٍ ؕ يَتَسَآءَلُوْنَ ﴿٤٠﴾ عَنِ الْمُجْرِمِيْنَ ﴿٤١﴾ مَا سَلَكَكُمْ فِيْ سَقَرَ ﴿٤٢﴾ قَالُوْا لَمْ نَكُ

জ্বান্না-তিন, ইয়াতাসা—আলূন। ৪১। 'আনিল্ মুজ্বরিমীন। ৪২। মা-সালাকাকুম ফী সাক্বার। ৪৩। ক্বা-লূ লাম নাকু
থাকবে জান্নাতে এবং তারা জিজ্ঞাসা করবে, (৪১) পাপীদের অবস্থা সম্পর্কে, (৪২) তোমাদেরকে এ জাহান্নামে কিসে নিক্ষেপ করেছে? (৪৩) তারা বলবে, আমরা

مِنَ الْمُصَلِّيْنَ ﴿٤٣﴾ وَلَمْ نَكُ نُطْعِمُ الْمِسْكِيْنَ ﴿٤٤﴾ وَكُنَّا نَخُوْضُ مَعَ الْخَآئِضِيْنَ ﴿٤٥﴾

মিনাল্ মুছাল্লীন। ৪৪। ওয়া লাম নাকু নুত্ব'ইমুল্ মিসকীন্। ৪৫। ওয়া কুন্না- নাখূদ্বু মা'আল খা—ইদ্বীন।
নামাজীদের অন্তর্ভুক্ত ছিলাম না। (৪৪) আর আমরা অসহায়দেরকে খাদ্য দান করতাম না, (৪৫) এবং আমরা অন্যায় সমালোচনাকারীদের সাথে আলোচনা করতাম।

وَكُنَّا نُكَذِّبُ بِيَوْمِ الدِّيْنِ ﴿٤٦﴾ حَتّٰىٓ اَتٰىنَا الْيَقِيْنُ ﴿٤٧﴾ فَمَا تَنْفَعُهُمْ شَفَاعَةُ

৪৬। ওয়া কুন্না- নুকায্যিবু বিইয়াওমিদ্ দীন। ৪৭। হাত্তা~আতা-নাল ইয়াক্বীন। ৪৮। ফামা- তান্ফা'উহুম শাফা-'আতুশ
(৪৬) আমরা বিচার দিবসকে, মিথ্যা বলতাম। (৪৭) আমাদের মৃত্যু আসা পর্যন্ত। (৪৮) ফলে সুপারিশকারীদের সুপারিশ তাদের কোনই উপকারে

الشّٰفِعِيْنَ ﴿٤٨﴾ فَمَا لَهُمْ عَنِ التَّذْكِرَةِ مُعْرِضِيْنَ ﴿٤٩﴾ كَاَنَّهُمْ حُمُرٌ مُّسْتَنْفِرَةٌ ﴿٥٠﴾ فَرَّتْ

শা-ফি'ঈন। ৪৯। ফামা- লাহুম 'আনিত্ তায্কিরাতি মু'রিদ্বীন। ৫০। কাআন্নাহুম হুমুরুম্ মুস্তান্ফিরাতুন। ৫১। ফার্রাত
আসবে না। (৪৯) তাদের কি হল যে, তারা (কুরআনের) উপদেশ হতে ফিরে থাকে? (৫০) মনে হয় যেন তারা শঙ্কিত গাধা, (৫১) যা সিংহ

مِنْ قَسْوَرَةٍ ﴿٥١﴾ بَلْ يُرِيْدُ كُلُّ امْرِئٍ مِّنْهُمْ اَنْ يُّؤْتٰى صُحُفًا مُّنَشَّرَةً ﴿٥٢﴾

মিন ক্বাস্ওয়ারাহ্। ৫২। বাল্ ইউরীদু কুল্লুম রিইম মিন্হুম আই ইউ'তা- স্বুহুফাম্ মুনাশ্ শারাহ্।
থেকে পালাচ্ছে। (৫২) বরং তাদের প্রত্যেকেই চায় যে, তার কাছে একখানা খোলা কিতাব হোক।

كَلَّا ؕ بَلْ لَّا يَخَافُوْنَ الْاٰخِرَةَ ﴿٥٣﴾ كَلَّاۤ اِنَّهٗ تَذْكِرَةٌ ﴿٥٤﴾ فَمَنْ شَآءَ ذَكَرَهٗ ﴿٥٥﴾

৫৩। কাল্লা ; বাল্ লা-ইয়াখা-ফূনাল্ আ-খিরাহ্। ৫৪। কাল্লা~ইন্নাহূ তায্‌কিরাহ্। ৫৫। ফামান্ শা—আ যাকারাহ্।
(৫৩) কখনও নয়, বরং তারা পরকাল সম্পর্কে ভয় রাখে না। (৫৪) কখনই নয়, কুরআন সবার জন্যই উপদেশ। (৫৫) অতএব যে চায়, সে যেন এর থেকে উপদেশ গ্রহণ করে।

وَمَا يَذْكُرُوْنَ اِلَّاۤ اَنْ يَّشَآءَ اللّٰهُ ؕ هُوَ اَهْلُ التَّقْوٰى وَاَهْلُ الْمَغْفِرَةِ ﴿٥٦﴾

৫৬। ওয়ামা- ইয়ায্‌কুরূনা ইল্লা~আঁই ইয়াশা—আল্লা-হ্ ; হুওয়া আহ্‌লুত্ তাক্বওয়া- ওয়া আহ্‌লুল্ মাগ্‌ফিরাহ্।
(৫৬) আল্লাহর ইচ্ছা ব্যতীত কেউ তা থেকে উপদেশ গ্রহণ করতে পারবে না। তিনিই (আল্লাহ) ভয়ের যোগ্য এবং ক্ষমা করার মালিক।

সূরা ক্বিয়া-মাহ্

মক্কী | আয়াত ঃ ৪০ | রুকূ ঃ ২

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

বিসমিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম

পরম দাতা ও দয়ালু আল্লাহর নামে শুরু করছি

لَاۤ اُقْسِمُ بِيَوْمِ الْقِيٰمَةِ ﴿١﴾ وَلَاۤ اُقْسِمُ بِالنَّفْسِ اللَّوَّامَةِ ﴿٢﴾ اَيَحْسَبُ

১। লা~উক্ব্‌সিমু বিইয়াওমিল্ ক্বিয়া-মাতি। ২। ওয়ালা~উক্‌সিমু বিন্নাফসিল্ লাওয়্যা-মাহ্। ৩। আইয়াহ্‌সাবুল্
(১) আমি শপথ করছি, কিয়ামত দিবসের; (২) এবং শপথ করছি ভর্ৎসনাকারী আত্মার। (৩) মানুষ কি চিন্তা করে

الْاِنْسَانُ اَلَّنْ نَّجْمَعَ عِظَامَهٗ ﴿٣﴾ بَلٰى قٰدِرِيْنَ عَلٰۤى اَنْ نُّسَوِّيَ بَنَانَهٗ ﴿٤﴾

ইন্‌সা-নু আল্লান্ নাজ্‌মা'আ 'ইযা-মাহ্। ৪। বালা- ক্বা-দিরীনা 'আলা~আন নুসাওয়্যিয়া বানা-নাহ্।
যে, তার হাড়গুলো আমি একত্র করতে পারব না? (৪) হ্যাঁ, আমি অবশ্যই তার অংগুলির অগ্রভাগ পর্যন্ত সু-বিন্যস্ত করতে সক্ষম।

○ শানে নুযূল (আঃ ২৫) ঃ ......وما هو بقول - কাফিরেরা বলত, শয়তান রাসূলুল্লাহ (স)-এর মুখে কোরআন প্রকাশ করে থাকে। আল্লাহ্ তায়ালা এ কথার প্রতিবাদে উক্ত আয়াত অবতীর্ণ করেন। কোরআন আল্লাহ্ তায়ালার বাণী। এটি বিতাড়িত শয়তানের বাক্য নয়। (কুঃ কারীম)

○ টীকা (আঃ ২৭) ঃ উপরোক্ত আয়াতগুলোর সারমর্ম এই যে, হযরত (স) উম্মাদ, গণক ও স্বার্থন্বেষী নহেন। ওহী আনয়নকারী জিবরায়ীল ফেরেশতাকে তিনি স্বচক্ষে দেখেছেন ও চিনেছেন। অতএব, এই কোরআন নিশ্চয়ই আল্লাহ্র কালাম এবং মোহাম্মদ (স) নিশ্চয়ই আল্লাহ্র রাসূল। (বঃ কোঃ)

○ টীকা (আঃ ২৯) ঃ অর্থাৎ, কোরআন পাক অবশ্যই নসীহত গ্রন্থ; কিন্তু ইহা কার্যকরী হওয়া আল্লাহ্র ইচ্ছাধীন কোন বিশেষ হেকমতে আল্লাহ্র ইচ্ছা না হওয়ায় কতক লোক কোরআন দ্বারা হেদায়াত লাভ করতে পারে না। আর আল্লাহর ইচ্ছা হয় বলেই কতক লোক নসীহত লাভ করে থাকে। (বঃ কোঃ)

فُجِّرَتْ ۝٣ وَإِذَا الْقُبُورُ بُعْثِرَتْ ۝٤ عَلِمَتْ نَفْسٌ مَّا قَدَّمَتْ وَأَخَّرَتْ ۝٥

ফুজ্জিরাত্। ৪। ওয়া ইযাল্ কুবূরু বু'ছিরাত্। ৫। 'আলিমাত্ নাফসুম্ মা- ক্বাদ্দামাত্ ওয়া আখ্খারাত্।
উথলে উঠবে, (৪) আর যখন কবরগুলো ওলট-পালট করা হবে, (৫) তখন প্রত্যেক ব্যক্তিই জানবে যে, সে কি আগে পাঠিয়েছে, আর কি পিছনে রেখে এসেছে।

يَا أَيُّهَا الْإِنسَانُ مَا غَرَّكَ بِرَبِّكَ الْكَرِيمِ ۝٦ الَّذِي خَلَقَكَ فَسَوَّاكَ

৬। ইয়া~আইয়্যুহাল্ ইনসা-নু মা- গার্‌রাকা বিরাব্বিকাল কারীম। ৭। আল্লাযী খালাক্বাকা ফাসাওয়্যা-কা
(৬) হে মানুষ! কিসে তোমাকে প্রতারিত করল তোমার প্রতিপালকের সম্পর্কে? (৭) তিনি তোমাকে সৃষ্টি করেছেন, অতঃপর তোমাকে সুন্দরভাবে গঠন

فَعَدَلَكَ ۝٧ فِي أَيِّ صُورَةٍ مَّا شَاءَ رَكَّبَكَ ۝٨ كَلَّا بَلْ تُكَذِّبُونَ بِالدِّينِ ۝٩ وَ

ফা'আদালাক। ৮। ফী—আইয়্যি স্বূরাতিম্ মা- শা—আ রাক্কাবাক। ৯। কাল্লা- বাল্ তুকায্‌যিবূনা বিদ্দীন। ১০। ওয়া
করেছেন, (৮) তিনি যেভাবে ইচ্ছা করেছেন সেভাবে তোমাকে গঠন করেছেন, (৯) না, এভাবে কখনই ঠিক নয়; বরং তোমরাই বিচারদিবসকে অবিশ্বাস করে থাক, (১০) অবশ্যই

إِنَّ عَلَيْكُمْ لَحَافِظِينَ ۝١٠ كِرَامًا كَاتِبِينَ ۝١١ يَعْلَمُونَ مَا تَفْعَلُونَ ۝١٢ إِنَّ الْأَبْرَارَ لَفِي

ইন্না 'আলাইকুম লাহা-ফিজীন। ১১। কিরা-মান কা-তিবীন। ১২। ইয়া'লামূনা মা- তাফ'আলূন। ১৩। ইন্নাল আবরা-রা লাফী
তোমাদের জন্য রয়েছে হেফাজতকারী, (১১) সম্মানিত লেখকবৃন্দ, (১২) তারা জানে, তোমাদের সব কৃতকর্মগুলো (১৩) নিশ্চয়ই নেককারগণ

نَعِيمٍ ۝١٣ وَإِنَّ الْفُجَّارَ لَفِي جَحِيمٍ ۝١٤ يَصْلَوْنَهَا يَوْمَ الدِّينِ ۝١٥ وَمَا هُمْ

না'ঈম। ১৪। ওয়া ইন্নাল্ ফুজ্জা-রা লাফী জ্বাহীম। ১৫। ইয়াস্বলাওনাহা- ইয়াওমাদ্দীন। ১৬। ওয়ামা-হুম
নেয়ামতের মধ্যে থাকবে, (১৪) আর পাপিষ্ঠরা নিশ্চয়ই জাহান্নামের মধ্যে থাকবে, (১৫) তারা তাতে প্রবেশ করবে বিচার দিবসেরই দিন, (১৬) আর সেখানে তারা

عَنْهَا بِغَائِبِينَ ۝١٦ وَمَا أَدْرَاكَ مَا يَوْمُ الدِّينِ ۝١٧ ثُمَّ مَا أَدْرَاكَ مَا يَوْمُ

'আন্‌হা- বিগা—ইবীন। ১৭। ওয়ামা~আদ্‌রা-কা মা- ইয়াওমুদ্দীন। ১৮। ছুম্মা মা~আদ্‌রা-কা মা~ইয়াওমুদ
কখনও অনুপস্থিত থাকবে না। (১৭) তুমি কি জান যে, সে বিচার দিবস কি? (১৮) অতঃপর তুমি কি জান সে বিচার

الدِّينِ ۝١٨ يَوْمَ لَا تَمْلِكُ نَفْسٌ لِّنَفْسٍ شَيْئًا ۖ وَالْأَمْرُ يَوْمَئِذٍ لِّلَّهِ ۝١٩

দীন। ১৯। ইয়াওমা লা-তামলিকু নাফসুল্ লিনাফসিন শাইআন ; ওয়াল্ আমরু ইয়াওমাইযিল্ লিল্লা-হি।
দিবস কি? (১৯) সেদিন কোন মানুষ কোন মানুষের জন্য কিছু করার ক্ষমতা থাকবে না। সেদিন একমাত্র নির্দেশ থাকবে আল্লাহর।

০ বিশ্লেষণ (আঃ ৫) ঃ ما قدمت واخرت - যখন কিয়ামত সংঘটিত হবে, তখন মানুষ তার পৃথিবীর কৃতকর্মগুলো সম্পর্কে জানতে পারবে। পিছনে রেখে আসা কর্মের অর্থ যা পৃথিবীতে রেখে আসছে এবং পৃথিবীর মানুষ তার অনুসরণ করে চলছে। যদি রেখে আসা জিনিসগুলো ভাল হয় তবে তার মৃত্যুর পরে সে অনুযায়ী যারা নেক আমল করবে তার সওয়াব তাকেও পৌঁছান হবে। আর যদি পৃথিবীতে রেখে আসা জিনিসগুলো খারাপ হয়, তবে সে অনুযায়ী চলে যারা গুনাহগার হবে, তাকেও সে গুনাহর অংশ পৌঁছান হবে। (কুঃ কারীম) ভাল জিনিস রেখে আসা যেমন– মাদ্রাসা, মসজিদ প্রতিষ্ঠা করা। দ্বীনী পুস্তক লেখা এবং নেক সন্তান রেখে যাওয়া ইত্যাদি। খারাপ জিনিস রেখে আসা যেমন– এমন পুস্তক রচনা করে যাওয়া, যাতে মানুষকে গুনাহর প্রতি উদ্বুদ্ধ করে।

০ টীকা (আঃ ৯) ঃ অর্থাৎ যে কারণে তোমরা ধোকায় পড়ে আছ তার পিছনে কোন যুক্তি-প্রমাণ নেই। এ তোমাদের এক নির্বুদ্ধিতামূলক ধারণারই ফলশ্রুতি মাত্র। তোমরা মনে করে বসে আছো ঃ এ কর্মক্ষেত্রের পরিণামে কর্মফল লাভের কোন ক্ষেত্র নেই। এই ভ্রান্ত ও ভিত্তিহীন ধারণাই তোমাদেরকে খোদার ব্যাপারে বেখেয়াল, তাঁর ন্যায়বিচার সম্পর্কে নির্ভয় এবং নিজেদের নৈতিক আচার-আচরণে দায়িত্বহীন করে দিয়েছে। (বঃ কোঃ)

সূরা মুত্বাফ্‌ফিফীন মক্কী

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

বিসমিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম
পরম দাতা ও দয়ালু আল্লাহর নামে শুরু করছি

আয়াত ঃ ৩৬ রুকূ ঃ ১

وَيْلٌ لِّلْمُطَفِّفِينَ ۝١ الَّذِينَ إِذَا اكْتَالُوا عَلَى النَّاسِ يَسْتَوْفُونَ ۝٢ وَإِذَا

১। ওয়াইলুল্ লিল্ মুত্বাফ্‌ফিফীনাল্ ২। লাযীনা ইযাক্‌তা-লূ 'আলান না-সি ইয়াস্তাওফূন। ৩। ওয়া ইযা-
(১) দুর্ভাগ্য তাদের, যারা মাপে কম দেয়, (২) যারা মানুষের কাছ থেকে যখন মেপে নেয়, তখন পুরোপুরি ভাবেই নেয়; (৩) কিন্তু যখন

كَالُوهُمْ أَو وَّزَنُوهُمْ يُخْسِرُونَ ۝٣ أَلَا يَظُنُّ أُولَٰئِكَ أَنَّهُم مَّبْعُوثُونَ ۝٤

কা-লূহুম আও ওয়াযানূহুম ইউখ্‌সিরূন। ৪। আলা- ইয়াজুন্নু উলা—ইকা আন্নাহুম্ মাব্'উছূন।
তাদেরকে মেপে দেয় বা ওজন করে দেয়, তখন কম দেয়। (৪) তারা কি মনে করে না যে, তাদেরকে পুনর্জীবিত করে উঠানো হবে।

لِيَوْمٍ عَظِيمٍ ۝٥ يَوْمَ يَقُومُ النَّاسُ لِرَبِّ الْعَالَمِينَ ۝٦ كَلَّا إِنَّ كِتَابَ

৫। লিয়াওমিন্ 'আজীমিই ৬। ইয়াওমা ইয়াকূমুন্ না-সু লিরাব্বিল্ 'আ-লামীন। ৭। কাল্লা~ইন্না কিতা-বাল্
(৫) এক গুরুতর দিবসে, (৬) যেদিন মানুষ সারা জাহানের রবের সামনে দাঁড়াবে, (৭) না এরূপ (মনে করা) কখনই ঠিক নয়,

الْفُجَّارِ لَفِي سِجِّينٍ ۝٧ وَمَا أَدْرَاكَ مَا سِجِّينٌ ۝٨ كِتَابٌ مَّرْقُومٌ ۝٩ وَيْلٌ

ফুজ্জা-রি লাফী সিজ্জীন। ৮। ওয়ামা~আদ্‌রা-কা মা- সিজ্জীন। ৯। কিতা-বুম্ মারকূম। ১০। ওয়াইলুই
পাপিষ্ঠদের আমলনামাতো সিজ্জীনেই রয়েছে। (৮) তোমার কি জানা আছে, সিজ্জীন কি? (৯) সেটি হচ্ছে একটি সীলমোহরকৃত আমলনামা। (১০) সেদিন

يَوْمَئِذٍ لِّلْمُكَذِّبِينَ ۝١٠ الَّذِينَ يُكَذِّبُونَ بِيَوْمِ الدِّينِ ۝١١ وَمَا يُكَذِّبُ بِهِ إِلَّا

ইয়াওমাইযিল্ লিল্ মুকায্‌যিবীন। ১১। আল্লাযীনা ইউকায্‌যিবূনা বিয়াওমিদ্ দীন। ১২। ওয়ামা- ইউকায্‌যিবু বিহী~ইল্লা-
মিথ্যাবাদীদের জন্য রয়েছে কঠিন শাস্তি। (১১) তারা বিচার দিবসকে অস্বীকার করে। (১২) প্রত্যেক সীমালংঘনকারী পাপী ব্যক্তিই শুধু

كُلُّ مُعْتَدٍ أَثِيمٍ ۝١٢ إِذَا تُتْلَىٰ عَلَيْهِ آيَاتُنَا قَالَ أَسَاطِيرُ الْأَوَّلِينَ ۝١٣ كَلَّا

কুল্লু মু'তাদিন আছীম। ১৩। ইযা- তুত্‌লা- 'আলাইহি আ-য়া-তুনা- ক্বা-লা আসা-ত্বীরুল আওয়্যালীন। ১৪। কাল্লা-
তা অস্বীকার করে। (১৩) যখন আমার আয়াতসমূহ তার কাছে পাঠ করে শোনান হয়, তখন সে বলে, এসবতো প্রাচীনকালের গল্প-কাহিনী। (১৪) না এ মন্তব্য

بَلْ ۜ رَانَ عَلَىٰ قُلُوبِهِم مَّا كَانُوا يَكْسِبُونَ ۝١٤ كَلَّا إِنَّهُمْ عَن رَّبِّهِمْ يَوْمَئِذٍ

বাল, রা-না 'আলা- কুলূবিহিম মা- কা-নূ ইয়াকসিবূন। ১৫। কাল্লা~ইন্নাহুম 'আর্ রাব্বিহিম ইয়াওমাইযিল্
ঠিক নয়; বরং তাদের কৃতকর্মের কারণেই তাদের অন্তরে মরিচা ধরেছে। (১৫) না, নিশ্চয়ই সেদিন তারা (অবিশ্বাসীরা) তাদের প্রতিপালকের

০ শানে নুযূল (আঃ ১) ঃ ويل للمطففين - যে সময় রাসূলুল্লাহ (স) মদীনা শরীফ গমন করেন। সে সময়ে মদীনাবাসীগণের একটি অভ্যাস ছিল যে, তারা পরিমাণের সময় কম করে দিত। এ প্রেক্ষিতে আল্লাহ এ আয়াত অবতীর্ণ করেন। ফলে তারা তাদের মাপযন্ত্র (পাল্লা) ঠিক করে নিন। (কুঃ কারীম)

০ বিশ্লেষণ (আঃ ৮) ঃ ما سجين - কেউ বলেন, 'সিজ্জীন' বন্দীখানার মত একটি ছোট্ট জায়গা। কেউ বলেন, এটি যমীনের সর্ব নিম্নস্তর। যেখানে কাফির, জালিম ও মুশরিকদের রূহ এবং আমলনামাসমূহ সংরক্ষিত থাকে। সেজন্য বলা হয়েছে "সীলমোহরকৃত আমলনামা"। ইমাম রাজী (র) বলেন– কারো মতে" সিজ্জীন" একটি বৃহৎ পুস্তকের নাম। পাপিষ্ঠদের কার্যলিপি তাতে লেখা হয়। ইবনে কাসীর (র) বলেন, অধিকাংশ বিশ্লেষকের মতে এটি সপ্তম ভূ-খন্ডের নাম। কেউ বলেন, সপ্তম ভূ-খন্ডের নীচে এক খন্ড নীল বর্ণ বিশিষ্ট প্রস্তর আছে সেটিকে সিজ্জীন বলে। কেউ বলেন, এটি জাহান্নামের একটি কূপ।

لَمَحْجُوبُونَ ﴿١٥﴾ ثُمَّ إِنَّهُمْ لَصَالُوا الْجَحِيمِ ﴿١٦﴾ ثُمَّ يُقَالُ هَٰذَا الَّذِي كُنتُم بِهِ

লামাহ্‌জুবূন। ১৬। ছুম্মা ইন্নাহুম লাস্বা-লুল্ জ্বাহীম। ১৭। ছুম্মা ইউক্বা-লু হা-যাল্লাযী কুন্‌তুম্ বিহী

থেকে আড়ালে থাকবে। (১৬) অতঃপর তারা জাহান্নামে প্রবেশ করবে। (১৭) অতঃপর তাদেরকে বলা হবে, এটাই তা, যা তোমরা

تُكَذِّبُونَ ﴿١٧﴾ كَلَّا إِنَّ كِتَابَ الْأَبْرَارِ لَفِي عِلِّيِّينَ ﴿١٨﴾ وَمَا أَدْرَاكَ مَا عِلِّيُّونَ ﴿١٩﴾

তুকায্‌যিবূন। ১৮। কাল্লা~ইন্না কিতা-বাল্ আব্‌রা-রি লাফী 'ইল্লিইয়্যীন। ১৯। ওয়ামা~আদরা-কা মা- 'ইল্লিয়্যূন।

অস্বীকার করতে। (১৮) কখনই নয়, নিশ্চয়ই নেককারদের আমলনামা ইল্লীনে সুরক্ষিত, (১৯) তুমি কি জান, ইল্লীন কি?

كِتَابٌ مَّرْقُومٌ ﴿٢٠﴾ يَشْهَدُهُ الْمُقَرَّبُونَ ﴿٢١﴾ إِنَّ الْأَبْرَارَ لَفِي نَعِيمٍ ﴿٢٢﴾ عَلَى الْأَرَائِكِ

২০। কিতা-বুম মারক্বূমুই ২১। ইয়াশ্‌হাদুহুল্ মুক্বার্‌রাবূন। ২২। ইন্নাল আব্‌রা-রা লাফী না'ঈম। ২৩। 'আলাল্ আরা—ইকি

(২০) এতো একটি সীলমোহরকৃত আমলনামা, (২১) যারা (আল্লাহর) সান্নিধ্যপ্রাপ্ত তারা তা দেখতে পায়। (২২) নিশ্চয়ই নেককারগণ থাকবে অনুগ্রহের মধ্যে, (২৩) তারা

يَنظُرُونَ ﴿٢٣﴾ تَعْرِفُ فِي وُجُوهِهِمْ نَضْرَةَ النَّعِيمِ ﴿٢٤﴾ يُسْقَوْنَ مِن رَّحِيقٍ مَّخْتُومٍ ﴿٢٥﴾

ইয়ান্‌জুরূন, ২৪। তা'রিফু ফী উজূহিহিম নাদ্বরাতান্ না'ঈম। ২৫। ইউস্‌ক্বাওনা মির্ রাহীক্বিম মাখ্‌তূম।

সুসজ্জিত উঁচু আসনে বসে দেখতে থাকবে, (২৪) তুমি তাদের মুখমণ্ডলেই মুখের ঔজ্জ্বল্য বুঝতে পারবে। (২৫) তাদেরকে পান করান হবে, মোহর করা বিশুদ্ধ পানীয়,

خِتَامُهُ مِسْكٌ ۚ وَفِي ذَٰلِكَ فَلْيَتَنَافَسِ الْمُتَنَافِسُونَ ﴿٢٦﴾ وَمِزَاجُهُ مِن

২৬। খিতা-মুহূ মিস্‌কুন ; ওয়া ফী যা-লিকা ফালইয়াতানা-ফাসিল্ মুতানা-ফিসূন। ২৭। ওয়া মিযা-জুহূ মিন্

(২৬) সে মোহর হবে মিশকের; অতএব এতে (নেয়ামত অর্জনের জন্য আগ্রহী) প্রতিযোগী প্রতিযোগিতা করুক। (২৭) আর ওতে (শরাবে) 'তাসনীমের'

تَسْنِيمٍ ﴿٢٧﴾ عَيْنًا يَشْرَبُ بِهَا الْمُقَرَّبُونَ ﴿٢٨﴾ إِنَّ الَّذِينَ أَجْرَمُوا كَانُوا مِنَ

তাস্‌নীম। ২৮। 'আইনাই ইয়াশ্‌রাবু বিহাল্ মুক্বার্‌রাবূন। ২৯। ইন্নাল্‌লাযীনা আজ্‌রামূ কা-নূ মিনাল্

পানি মিশ্রণ থাকবে। (২৮) সেতো একটি নহর, সেখান থেকে আল্লাহর নিকটতম (অতি প্রিয় বান্দা)-গণ পান করবে। (২৯) নিশ্চয়ই যারা পাপিষ্ঠ

الَّذِينَ آمَنُوا يَضْحَكُونَ ﴿٢٩﴾ وَإِذَا مَرُّوا بِهِمْ يَتَغَامَزُونَ ﴿٣٠﴾ وَإِذَا انقَلَبُوا

লাযীনা আ-মানূ ইয়াদ্‌হাকূন। ৩০। ওয়া ইযা- মার্‌রূ বিহিম ইতাগা-মাযূন। ৩১। ওয়া ইযান্ ক্বালাবূ~

তারা মুমিনগণকে উপহাস করত। (৩০) আর যখন তারা, মুমিনগণের কাছে যেত তখন তারা পরস্পরে চোখ দিয়ে ইশারা করত। (৩১) আর যখন তারা

إِلَىٰ أَهْلِهِمُ انقَلَبُوا فَكِهِينَ ﴿٣١﴾ وَإِذَا رَأَوْهُمْ قَالُوا إِنَّ هَٰؤُلَاءِ لَضَالُّونَ ﴿٣٢﴾

ইলা~আহ্‌লিহিমুন্ ক্বালাবূ ফাকিহীন। ৩২। ওয়া ইযা- রাআওহুম ক্বা-লূ~ইন্না- হা~উলা—ই লাদ্বা—ল্লূন।

তাদের নিজ পরিবার পরিজনের কাছে ফিরে আসত, তখন খুশী মনে ফিরে আসত। (৩২) আর ওরা যখন মুমিনগণকে দেখত তখন বলত, এরাইতো বিভ্রান্ত।

○ বিশ্লেষণ (আঃ ১৯) ঃ علين - 'ইল্লীন' অর্থ উঁচু মর্যাদা সম্পন্ন। এটি 'সিজ্জীনের' বিপরীত। 'ইল্লীন' আকাশ অথবা জান্নাত। অথবা সিদরাতুল মুনতাহা অথবা আরশের নিকটস্থ জায়গা। যেখানে নেককারগণের রূহ এবং আমলসমূহ সংরক্ষিত হয়ে থাকে। হযরত ইবনে আব্বাস (রা) সপ্তম আকাশ অথবা জান্নাতকে ইল্লীন বলেছেন। ইমাম কাতাদা ও মুকাতিল (র) বলেন, সপ্তম আকাশের উপরস্থিত আরশের ডান পায়াকে 'ইল্লীন' বলা হয়। ইমাম যেহাক (রা) বলেন, সিদরাতুল মুনতাহাকে 'ইল্লীন' বলা হয়। কোন কোন বিশ্লেষণকারী ভিন্ন ভিন্ন মতের মীমাংসার জন্য এভাবে বলেছেন যে, 'ইল্লীন' সপ্তম আকাশের একটি উন্নতস্থানের নাম। তার নিম্নদেশ 'সিদরাতুল মুনাতাহার" সাথে সংলগ্ন এবং একাংশ জান্নাতের সাথে সংলগ্ন রয়েছে। নেককারগণের মৃত্যুর পরে তাদের রূহ (আত্মা) তথায় পৌঁছে থাকে। (কুঃ কারীম)

وَمَا أُرْسِلُوا عَلَيْهِمْ حَافِظِينَ ﴿٣٣﴾ فَالْيَوْمَ الَّذِينَ آمَنُوا مِنَ الْكُفَّارِ يَضْحَكُونَ ﴿٣٤﴾

৩৩। ওয়ামা~উর্‌সিলূ 'আলাইহিম হ্বা-ফিজীন। ৩৪। ফালইয়াওমাল্ লাযীনা আ-মানূ মিনাল কুফ্‌ফা-রি ইয়াদ্‌হ্বাকূন।

(৩৩) অথচ ওদেরকে তো তাদের রক্ষক হিসাবে প্রেরণ করা হয়নি। (৩৪) সুতরাং মুমিনগণ আজ কাফিরদেরকে উপহাস করবে,

عَلَى الْأَرَائِكِ يَنظُرُونَ ﴿٣٥﴾ هَلْ ثُوِّبَ الْكُفَّارُ مَا كَانُوا يَفْعَلُونَ ﴿٣٦﴾

৩৫। 'আলাল্ আরা—ইকি ইয়ান্‌জুরূন। ৩৬। হাল্ ছুওয়িয়্যিবাল্ কুফ্‌ফা-রু মা- কা-নূ ইয়াফ'আলূন।

(৩৫) সু-সজ্জিত উঁচু আসনে বসে তাদের করুণ অবস্থা দেখতে থাকবে। (৩৬) কাফিরেরা তাদের কৃতকর্ম অনুযায়ী প্রতিফল পেয়েছে তো?

সূরা ইনশিক্বা-ক্ব
মক্কী

بِسْمِ اللَّهِ الرَّحْمَٰنِ الرَّحِيمِ

বিসমিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম

পরম দাতা ও দয়ালু আল্লাহ্‌র নামে শুরু করছি

আয়াত ঃ ২৫
রুকূ ঃ ১

إِذَا السَّمَاءُ انشَقَّتْ ﴿١﴾ وَأَذِنَتْ لِرَبِّهَا وَحُقَّتْ ﴿٢﴾ وَإِذَا الْأَرْضُ مُدَّتْ ﴿٣﴾

১। ইযাস্ সামা—উন্ শাক্ব্‌ক্বাত, ২। ওয়া আযিনাত্ লিরাব্বিহা- ওয়া হুক্ব্‌ক্বাত ৩। ওয়া ইযাল্ আর্‌দু মুদ্দাত্।

(১) আকাশ যখন ফেটে যাবে, (২) এবং তার রবের নির্দেশ সে পালন করবে এবং এটাই তার যথার্থ কাজ, (৩) পৃথিবীকে যখন প্রসারিত করা হবে,

وَأَلْقَتْ مَا فِيهَا وَتَخَلَّتْ ﴿٤﴾ وَأَذِنَتْ لِرَبِّهَا وَحُقَّتْ ﴿٥﴾ يَا أَيُّهَا الْإِنسَانُ

৪। ওয়া আল্‌ক্বাত্ মা- ফীহা- ওয়া তাখাল্লাত, ৫। ওয়া আযিনাত্ লিরাব্বিহা- ওয়া হুক্ব্‌ক্বাত্। ৬। ইয়া~আইয়্যুহাল ইন্‌সা-নু

(৪) এবং সে তার ভেতরে যা আছে তা উগরিয়ে দিবে এবং খালি হয়ে পড়বে। (৫) এবং তার রবের নির্দেশ সে পালন করবে, আর এটাই তার যথার্থ কাজ। (৬) হে মানুষ!

إِنَّكَ كَادِحٌ إِلَىٰ رَبِّكَ كَدْحًا فَمُلَاقِيهِ ﴿٦﴾ فَأَمَّا مَنْ أُوتِيَ كِتَابَهُ بِيَمِينِهِ ﴿٧﴾ فَسَوْفَ

ইন্নাকা কা-দিহুন ইলা- রাব্বিকা কাদ্‌হান ফামুলা-ক্বীহ্। ৭। ফাআম্মা- মান্ উতিয়া কিতা-বাহূ বিয়ামীনিহ্। ৮। ফাসাওফা

নিশ্চয়ই তুমি তোমার প্রতিপালকের কাছে পৌঁছানো পর্যন্ত কঠোর পরিশ্রম করছ, অতঃপর তার সাক্ষাৎ পাবে। (৭) যাকে তার আমলনামা ডান হাতে দেয়া হবে, (৮) তার

يُحَاسَبُ حِسَابًا يَسِيرًا ﴿٨﴾ وَيَنقَلِبُ إِلَىٰ أَهْلِهِ مَسْرُورًا ﴿٩﴾ وَأَمَّا مَنْ أُوتِيَ

ইউহ্বা-সাবু হ্বিসা-বাই ইয়াসীরা- ৯। ওয়া ইয়ান্‌ক্বালিবু ইলা~আহ্‌লিহী মাস্‌রূরা-। ১০। ওয়া আম্মা- মান্ উতিয়া

হিসাব নিকাশ অতি সহজে নেয়া হবে, (৯) এবং সে খুশী মনে তার আপনজনদের নিকট চলে যাবে। (১০) যাকে তার আমলনামা

كِتَابَهُ وَرَاءَ ظَهْرِهِ ﴿١٠﴾ فَسَوْفَ يَدْعُو ثُبُورًا ﴿١١﴾ وَيَصْلَىٰ سَعِيرًا ﴿١٢﴾ إِنَّهُ كَانَ فِي

কিতা-বাহূ ওয়ারা—আ জাহ্‌রিহী। ১১। ফাসাওফা ইয়াদ্'উ ছুবূরাওঁ ১২। ওয়া ইয়াস্বলা- সা'ঈরা-। ১৩। ইন্নাহূ কা-না ফী~

তার পিঠের পিছন থেকে দেয়া হবে, (১১) তখন সে শীঘ্র মৃত্যু ডাকবে। (১২) এবং প্রজ্বলিত আগুনে প্রবেশ করবে, (১৩) সে তো তার আপনজনদের

○ বিশ্লেষণ (আঃ ৮) ঃ حسابا يسيرا - সহজে হিসাব নেয়ার অর্থ– মুমিনগণের আমলনামা পেশ করা হবে এবং তাতে তাদের ক্রটিগুলোও তাদের সামনে তুলে ধরা হবে। অতঃপর আল্লাহ তাঁর নিজ রহমতে সেগুলো মাফ করে দিবেন। হযরত আয়শা (রা) হতে বর্ণিত, রাসূল (স) বলেন, "যার হিসাব নেয়া হল সে ধ্বংস হল।" আমি আরয করলাম, হে আল্লাহর রাসূল! আমি আপনার উৎসর্গিত। আল্লাহ কি একথা বলেননি যে, "যার ডান হাতে আমলনামা প্রদান করা হবে তার হিসাব সহজ হবে।" হযরত আয়শা (রা)-এর একথা বলার উদ্দেশ্য যে এ আয়াতের আলোকে হিসাবতো মুমিনগণেরও হবে, তবে তারাও তো ধ্বংস হতে রক্ষা পাবে না। রাসূল (স) বলেন, এটাতো মুমিনগণের আল্লাহর সামনে শুধু উপস্থিতি। অর্থাৎ মুমিনগণের সাথে হিসাব-নিকাশের ব্যাপার নয়। শুধু একটি সাক্ষাৎকার মুমিনগণকে আল্লাহর সামনে উপস্থিত করা হবে। যাকে জিজ্ঞাসাবাদ করা হবে সে (সতিাই) ধ্বংস হল। (কুঃ কারীম)

أَهْلِهِ مَسْرُورًا ﴿١٣﴾ إِنَّهُ ظَنَّ أَنْ لَنْ يَحُورَ ﴿١٤﴾ بَلَىٰ ۚ إِنَّ رَبَّهُ كَانَ بِهِ بَصِيرًا ﴿١٥﴾ فَلَا

আহ্লিহী মাস্রূরা-। ১৪। ইন্নাহূ জান্না আল্ লাই ইয়াহূরা। ১৫। বালা~ইন্না রাব্বাহূ কা-না বিহী বাস্বীরা-। ১৬। ফালা~

মধ্যে আনন্দেই ছিল। (১৪) সে ধারণা করেছিল যে, তারা কখনও আল্লাহর কাছে ফিরে যাবে না। (১৫) হ্যাঁ অবশ্যই তার রবের কাছে ফিরে যাবে, নিশ্চয়ই তার রব তাকে ভালোভাবেই দেখছিলেন। (১৬) আমি শপথ করছি,

أُقْسِمُ بِالشَّفَقِ ﴿١٦﴾ وَاللَّيْلِ وَمَا وَسَقَ ﴿١٧﴾ وَالْقَمَرِ إِذَا اتَّسَقَ ﴿١٨﴾ لَتَرْكَبُنَّ طَبَقًا

উক্বসিমু বিশ্শাফাক্বি। ১৭। ওয়াল্লাইলি ওয়ামা- ওয়াসাক্বা ১৮। ওয়াল্ক্বামারি ইযাত্ তাসাক্বা। ১৯। লাতার্কাবুন্না ত্ববাক্বান্

পশ্চিম দিকের সন্ধ্যা লালিমার। (১৭) এবং রাতের এবং সে যা একত্রিত করে সে সব বস্তুর, (১৮) আর শপথ চন্দ্রের, যখন সে পূর্ণ হয়, (১৯) নিশ্চয়ই তোমরা এক স্তর হতে

সিজদাহ

عَنْ طَبَقٍ ﴿١٩﴾ فَمَا لَهُمْ لَا يُؤْمِنُونَ ﴿٢٠﴾ وَإِذَا قُرِئَ عَلَيْهِمُ الْقُرْآنُ لَا يَسْجُدُونَ ۩ ﴿٢١﴾

'আন্ ত্ববাক্ব। ২০। ফামা- লাহুম লা-ইউ'মিনূন। ২১। ওয়া ইযা- কুরিআ 'আলাইহিমুল্ কুরআ-নু লা- ইয়াস্জুদূন।

অন্য স্তরে আরোহণ করবে। (২০) সুতরাং তাদের কি হল যে, তারা ঈমান আনছে না? (২১) যখন তাদের সামনে কুরআন পাঠ করা হয়, তখন তারা সিজদা করে না।

بَلِ الَّذِينَ كَفَرُوا يُكَذِّبُونَ ﴿٢٢﴾ وَاللَّهُ أَعْلَمُ بِمَا يُوعُونَ ﴿٢٣﴾ فَبَشِّرْهُمْ

২২। বালিল লাযীনা কাফারূ ইউকায্যিবূন। ২৩। ওয়াল্লা-হু আ'লামু বিমা- ইউ'উন। ২৪। ফাবাশ্শির্হুম্

(২২) বরং কাফিরেরা (কুরআনকে) অস্বীকার করে। (২৩) তারা অন্তরে যা ধারণ করছে আল্লাহ্ তা ভালোভাবেই জানেন। (২৪) সুতরাং তাদেরকে কষ্টদায়ক

بِعَذَابٍ أَلِيمٍ ﴿٢٤﴾ إِلَّا الَّذِينَ آمَنُوا وَعَمِلُوا الصَّالِحَاتِ لَهُمْ أَجْرٌ غَيْرُ مَمْنُونٍ ﴿٢٥﴾

বি'আযা-বিন আলীম-। ২৫। ইল্লাল্ লাযীনা আ-মানূ ওয়া 'আমিলুছ্ স্বা-লিহ্বা-তি লাহুম আজ্রুন্ গাইরু মাম্নূন।

শাস্তির সুসংবাদ দিন। (২৫) কিন্তু যারা ঈমান আনে এবং নেক আমল করে তারা ব্যতীত। তাদের জন্য রয়েছে এমন পুরস্কার, যা কখনো শেষ হবার নয়।

সূরা বুরূজ মক্কী

بِسْمِ اللَّهِ الرَّحْمَٰنِ الرَّحِيمِ

বিসমিল্লা-হির রাহ্মা-নির রাহীম

পরম দাতা ও দয়ালু আল্লাহর নামে শুরু করছি

আয়াত ঃ ২২ রুকূ ঃ ১

وَالسَّمَاءِ ذَاتِ الْبُرُوجِ ﴿١﴾ وَالْيَوْمِ الْمَوْعُودِ ﴿٢﴾ وَشَاهِدٍ وَمَشْهُودٍ ﴿٣﴾ قُتِلَ

১। ওয়াস্ সামা—ই যা-তিল বুরূজি, ২। ওয়াল ইয়াওমিল মাও'উদি, ৩। ওয়া শা-হিদিওঁ ওয়া মাশ্হূদ্। ৪। কুতিলা

(১) শপথ, বুরূজ সমন্বিত আকাশের; (২) আর শপথ, ওয়াদাকৃত দিবসের; (৩) আর শপথ সাক্ষীর এবং যার সাক্ষ্য দেয়া হবে তার। (৪) ধ্বংস হয়েছে

✪ বিশ্লেষণ (আঃ ১) ঃ بروج - 'বুরূজ' অর্থ নিয়ে তফসীরকারদের মতভেদ রয়েছে। কেহ বলেন, এর অর্থ চন্দ্রের অবস্থিতি স্থানসমূহ। কেহ বলেণ বড় তারকাসমূহ। অধিকাংশ তফসীরকারদের মতে এর অর্থ রাবিসমূহ। কেউ বলেন, এর দ্বারা আকাশের দ্বারসমূহকে বুঝানো হয়েছে। অথবা চন্দ্রের ভ্রমণের পথকে বুঝানো হয়েছে। (তাঃ কাদেরী) ✪ বিশ্লেষণ (আঃ ৩) ঃ وشاهد ومشهود - শপথ সাক্ষী আর যার সাক্ষী দেয়া হয়, তফসীরকারদের মতে বিভিন্ন মতভেদ রয়েছে। ইমাম শাওকানী (র) বলেন, شاهد (সাক্ষী) দ্বারা জুমার দিনকে বুঝান হয়েছে। সেদিন যে আমল করা হবে তা কিয়ামতের দিন সাক্ষী হিসাবে উপস্থিত হবে এবং مشهود (যার সাক্ষী দেয়া হবে) দ্বারা আরাফার ৯ই জিলহজ্জের দিনকে বুঝান হয়েছে। যেদিন মানুষ সেখানে উপস্থিত হয়ে থাকে। এ অর্থের দিক দিয়ে আয়াতের অর্থ হবে, উপস্থিত বা উপাস্থাপিত বিষয়ের শপথ। কেউ বলেন, شاهد '(সাক্ষী)' দ্বারা রাসূলুল্লাহ (স)-কে বুঝান হয়েছে। আর مشهود (যার সাক্ষী দেয়া হবে) দ্বারা উম্মতগণকে বুঝান হয়েছে। অথবা شاهد দ্বারা শেষ নবীর (স) উম্মতগণকে বুঝান হয়েছে এবং مشهود দ্বারা পূর্ববর্তী নবীগণের উম্মতগণকে বুঝান হয়েছে।-(এ অর্থের আলোকেই এখানে অনুরূপ করা হয়েছে) (তাঃ কাদেরী)

✪ ঘটনা (আঃ ৪) ঃ অগ্নিকুন্ডের ব্যবস্থাপকদের কাহিনী ঃ আগেকার যুগে (শাম দেশে) এক বাদশাহ ছিলেন। তার একজন যাদুকর ছিল। যখন সে যাদকুর বৃদ্ধ হয়ে গেল, তখন বাদশাহর কাছে সে বলল যে, আমাকে একটি মেধাবী বালক দিন, যাকে আমি আমার যাদু বিদ্যা শিখাব। সুতরাং বাদশাহ একটি মেধাবী বালক বাছাই করে তার কাছে প্রেরণ করেন। বালক নিয়মিত যাদুকরের কাছে যাতায়াত করতে থাকে। বালকটির যাতায়াতের পথে এক পাদ্রীর আশ্রয় ছিল। পাদ্রীর অনেক কথা তার কাছে খুব ভালই লাগত। এভাবে চলতে থাকে। একদিন বালক যাদুকরের কাছে যাচ্ছিল। অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য।

أَصْحَابُ الْأُخْدُودِ ﴿٤﴾ النَّارِ ذَاتِ الْوَقُودِ ﴿٥﴾ إِذْ هُمْ عَلَيْهَا قُعُودٌ ﴿٦﴾ وَهُمْ

আস্বহ্বা-বুল উখ্দূদ্। ৫। আন্ না-রি যা-তিল ওয়াকূদ্, ৬। ইয্হুম 'আলাইহা- কু'উদুওঁ ৭। ওয়া হুম

কুণ্ডের মালিকগণ। (৫) যে (কুণ্ডের) অগ্নি ছিল, ইন্ধন জ্বালানি উপকরণ যুক্ত, (৬) যখন তারা তার (কুণ্ডের) পাশে বসেছিল, (৭) এবং

عَلَىٰ مَا يَفْعَلُونَ بِالْمُؤْمِنِينَ شُهُودٌ ﴿٧﴾ وَمَا نَقَمُوا مِنْهُمْ إِلَّا أَنْ يُؤْمِنُوا بِاللَّهِ

'আলা- মা- ইয়াফ্'আলূনা বিল্ মু'মিনীনা শুহূদ। ৮। ওয়া মা-নাক্বামূ মিন্হুম ইল্লা~আঁই ইউ'মিনূ বিল্লা-হিল

মুমিনগণের উপর যা (নির্যাতন) করা হচ্ছিল তারা তা দেখছিল। (৮) ওরা তাদেরকে শাস্তি দিয়েছিল শুধু এজন্য যে, তারা ঈমান এনেছিল আল্লাহর প্রতি।

الْعَزِيزِ الْحَمِيدِ ﴿٨﴾ الَّذِي لَهُ مُلْكُ السَّمَاوَاتِ وَالْأَرْضِ ۚ وَاللَّهُ عَلَىٰ كُلِّ شَيْءٍ

'আযীযিল্ হ্বামীদ। ৯। আল্লাযী লাহূ মুলকুস্ সামা-ওয়া-তি ওয়াল আর্দ্বি ; ওয়াল্লা-হু 'আলা- কুল্লি শাইয়িন্

যিনি মহা প্রতাপশালী ও প্রশংসার যোগ্য। (৯) তিনি এমন মহান যে, আকাশমণ্ডলী ও পৃথিবীর কর্তৃত্ব একমাত্র তাঁরই এবং আল্লাহ সব কিছুর

شَهِيدٌ ﴿٩﴾ إِنَّ الَّذِينَ فَتَنُوا الْمُؤْمِنِينَ وَالْمُؤْمِنَاتِ ثُمَّ لَمْ يَتُوبُوا فَلَهُمْ

শাহীদ্। ১০। ইন্নাল্লাযীনা ফাতানুল্ মু'মিনীনা ওয়াল্ মু'মিনা-তি ছুম্মা লাম ইয়াতূবূ ফালাহুম

দর্শনকারী। (১০) যারা মুমিন পুরুষ ও মুমিন নারীকে (নির্যাতন করে) কষ্ট দিয়েছে। অতঃপর তওবা করেনি, তাদের জন্য রয়েছে

عَذَابُ جَهَنَّمَ وَلَهُمْ عَذَابُ الْحَرِيقِ ﴿١٠﴾ إِنَّ الَّذِينَ آمَنُوا وَعَمِلُوا

'আযা-বু জ্বাহান্নামা ওয়া লাহুম 'আযা-বুল্ হ্বারীক্ব। ১১। ইন্নাল্লাযীনা আ-মানূ ওয়া 'আমিলুস্ব

জাহান্নামের শাস্তি। এবং অগ্নির জ্বলন্ত শাস্তি। (১১) নিশ্চয়ই যারা ঈমান আনে ও নেক আমল করে,

الصَّالِحَاتِ لَهُمْ جَنَّاتٌ تَجْرِي مِنْ تَحْتِهَا الْأَنْهَارُ ۚ ذَٰلِكَ الْفَوْزُ الْكَبِيرُ ﴿١١﴾

স্বা-লিহ্বা-তি লাহুম জ্বান্না-তুন্ তাজ্বরী মিন্ তাহ্বতিহাল্ আন্হা-রু ; যা-লিকাল্ ফাওযুল্ কাবীর।

তাদের জন্য রয়েছে জান্নাত। যার তলদেশে নহরসমূহ প্রবাহিত, (আর) এটাই বিরাট সফলতা।

পথে দেখতে পেল যে, একটি বড় বাঘ অথবা সাপ রাস্তার উপরে অবস্থান করে লোকদের যাতায়াত পথ বন্ধ করে দিল। এতদ্দর্শনে, বালকটি যাদুকর এবং পাদ্রীকে পরীক্ষা করার জন্য একখন্ড প্রস্তর হাতে নিয়ে বলল, "হে আল্লাহ! যদি পাদ্রীর সংস্পর্শ গণকের সংস্পর্শের চেয়ে (আমার জন্য) কল্যাণকর হয়, তবে এ প্রস্তরের আঘাতে জানোয়ারটিকে মেরে ফেল। যাতে লোকেরা যাতায়াত করতে পারে।" এ বলে, প্রস্তর খন্ড জানোয়ারের দিকে নিক্ষেপ করল, সাথে সাথে সেটি মারা গেল। বালকটি এ ঘটনাটি পাদ্রীকে বলল। পাদ্রী ঘটনাটি শুনে বললেন, বালক! তুমি উন্নতির উচ্চ শিখরে পৌছে গেছ। তোমার এখন পরীক্ষার সময়। খবরদার! এ কঠিন পরীক্ষার সময় আমার নাম প্রকাশ করবে না। বালকটি জন্মান্ধ, কুষ্ঠরোগ এবং আরও অন্যান্য জটিল রোগের চিকিৎসা করত। কিন্তু এ চিকিৎসা করত আল্লাহর প্রতি ঈমান আনার শর্তে। এ শর্তের উপর বাদাশাহর একটি অন্ধ ভৃত্যেরও চিকিৎসা করেন। আল্লাহর রহমতে বালকটির দোয়ায় সে ভাল হয়ে যায়। বালকটি সকলকে একথাই বলত যে, "যদি তোমরা আল্লাহর প্রতি ঈমান আন, তবে তাঁর কাছে তোমাদের সুস্থতার জন্য দোয়া করব। আশা করি আল্লাহ ভাল করে দিবেন।" আর বালকটির দোয়া আল্লাহ কবুলও করতেন। বাদশাহর কাছে এ খবর পৌছল। বাদশাহ খুব পেরেশান হয়ে গেল। বহু ঈমান গ্রহণকারীগণকে সে (অত্যাচারী বাদশাহ) হত্যা করল। আর বালকটির ব্যাপারে সে তার কয়েকজন লোককে এ বলে নির্দেশ দিল যে, তাকে পাহাড়ের চূড়ায় সেখান থেকে নীচে নিক্ষেপ কর। যখন তাকে নিয়ে চূড়ায় উঠল, তখন বালকটি দোয়া করলেন, তাঁর দোয়ায় সাথে সাথে পাহাড় কম্পন করল। ফলে তাঁর সাথের লোকেরা পড়ে মারা গেল। আল্লাহ শুধু তাঁকে রক্ষা করলেন। অতঃপর বাদশাহ অন্য আর একটি দলকে নির্দেশ দিলেন যে, তাঁকে একটি নৌকায় আরোহণ করিয়ে সমুদ্রের মাঝে নিয়ে ছেড়ে দাও। যখন তাঁকে নিয়ে সমুদ্রের মাঝ বরাবর যাওয়া হল, তখন সমুদ্রে এমন তুফান শুরু হল যে, নৌকার আরোহীরা নৌকা উলটে সব মারা গেল। বালকটি বাদশাহকে বললেন, বাদশাহ! যদি আমাকে আপনার মারতেই হয় তবে, এভাবে পারবেন না। পদ্ধতি একটিই আছে, যা হচ্ছে একটি উন্মুক্ত ময়দানে লোকদের সমবেত করে।

بسم الله رب الغلام - (আল্লাহর নামে, যিনি এ বালকের প্রতিপালক) বলে, আমার দিকে তীর নিক্ষেপ করুন। বাদশাহ এভাবেই করল যাতে বালকটি মারা গেল। কিন্তু এতদ্দর্শনে উপস্থিত জনতা চীৎকার করে বলে উঠল, "আমরা এ বালকটির প্রতিপালকের প্রতি ঈমান আনলাম।" বাদশাহ এতে আরও অস্থির হয়ে পড়ল এবং ক্রোধান্বিত হয়ে রাস্তার পার্শ্বে একটি কূয়াখনন করিয়ে তাতে অগ্নি প্রজ্বলিত করল এবং নির্দেশ দিল যে, এ প্রজ্বলিত অগ্নি কুন্ডে, তাদেরকে নিক্ষেপ কর। যারা বালকের প্রতিপালকের প্রতি আনিত ঈমান প্রত্যাখান না করে। এভাবে মুমিনগণকে অগ্নিকুন্ডের সামনে আনা হয় এবং দৃঢ় মুমিনগণকে জ্বলন্ত অগ্নি কুন্ডে নিক্ষেপ করা হয়। শেষ পর্যন্ত এক মুমিন মহিলা এসে উপস্থিত হল। যার সাথে একটি শিশু সন্তান ছিল। সে সন্তানটির মায়ায় একটু ইতস্তত করছিল। অকস্মাৎ শিশু সন্তানটি বলে উঠল "মা" তুমি একটু ধৈর্যধারণ কর, তুমিই সত্য পথে আছ।" (কুঃ কারীম)

(১২) إِنَّ بَطْشَ رَبِّكَ لَشَدِيدٌ (১৩) إِنَّهُ هُوَ يُبْدِئُ وَيُعِيدُ (১৪) وَهُوَ الْغَفُورُ

১২। ইন্না বাত্বশা রাব্বিকা লাশাদীদ। ১৩। ইন্নাহূ হুওয়া ইউব্দিউ ওয়া ইউ'ঈদ। ১৪। ওয়া হুওয়াল্ গাফূরুল্
(১২) নিশ্চয়ই তোমার প্রতিপালকের পাকড়াও খুবই কঠিন। (১৩) নিশ্চয়ই তিনি (আল্লাহ) প্রথম সৃষ্টি করেন এবং পুনর্জীবিত করেন, (১৪) তিনি ক্ষমাশীল,

الْوَدُودُ (১৫) ذُو الْعَرْشِ الْمَجِيدُ (১৬) فَعَّالٌ لِمَا يُرِيدُ (১৭) هَلْ أَتَاكَ حَدِيثُ

ওয়াদূদু (১৫) যুল্ 'আরশিল্ মাজ্বীদ্। ১৬। ফা'আ্যা-লুল্ লিমা- ইউরীদ্। ১৭। হাল্ আতা-কা হ্বাদীছুল্
প্রেমময়, (১৫) আরশের মালিক, অতি মর্যাদাবান। (১৬) তিনি যা চান তা-ই করেন। (১৭) তোমার কাছে সে সৈন্যবাহিনীর বিবরণ

الْجُنُودِ (১৮) فِرْعَوْنَ وَثَمُودَ (১৯) بَلِ الَّذِينَ كَفَرُوا فِي تَكْذِيبٍ (২০) وَاللَّهُ

জুনূদ্। ১৮। ফির'আওনা ওয়া ছামূদ্। ১৯। বালিল্ লাযীনা কাফারূ ফী তাক্যীবিওঁ ২০। ওয়াল্লা-হু
এসে পৌঁছবে কি? (১৮) ফিরআউন ও সামূদের? (১৯) এরপরেও কাফিরেরা মিথ্যারোপ করতে (নিমগ্ন) রয়েছে। (২০) আর আল্লাহ্

مِنْ وَرَائِهِمْ مُحِيطٌ (২১) بَلْ هُوَ قُرْآنٌ مَجِيدٌ (২২) فِي لَوْحٍ مَحْفُوظٍ

মিওঁ ওয়ারা—ইহিম্ মুহ্বীত্ব। ২১। বাল্ হুওয়া কুর্আ-নুম্ মাজ্বীদ্। ২২। ফী লাওহ্বিম মাহ্বফূজ।
তাদের পেছন হতে ঘিরে রয়েছেন। (২১) বরং এ হচ্ছে মর্যাদাবান কুরআন, (২২) যা সুরক্ষিত ফলকের মধ্যে রয়েছে।

ع ২২ ১০ রুকূ

সূরা ত্বা-রেক
মক্কী

بِسْمِ اللَّهِ الرَّحْمَٰنِ الرَّحِيمِ
বিসমিল্লা-হির রাহ্বমা-নির রাহীম
পরম দাতা ও দয়ালু আল্লাহ্র নামে শুরু করছি

আয়াত ঃ ১৭
রুকূ ঃ ১

(১) وَالسَّمَاءِ وَالطَّارِقِ (২) وَمَا أَدْرَاكَ مَا الطَّارِقُ (৩) النَّجْمُ الثَّاقِبُ (৪) إِنْ كُلُّ

১। ওয়াস্ সামা—ই ওয়াত্ব্ব-রিক্ব, ২। ওয়া মা ~আদ্রা-কা মাত্ব ত্বা-রিকু ৩। আন্ নাজ্মুছ্ ছা-ক্বিব্। ৪। ইন্ কুল্লু
(১) শপথ আকাশের এবং রাতে যে আগমন করে তার? (২) তুমি কি জান রাতে আগমনকারী জিনিসটা কি? (৩) সেটি উজ্জ্বল তারকা। (৪) প্রতিটি মানুষের

نَفْسٍ لَمَّا عَلَيْهَا حَافِظٌ (৫) فَلْيَنْظُرِ الْإِنْسَانُ مِمَّ خُلِقَ (৬) خُلِقَ مِنْ مَاءٍ

নাফ্সিল্ লাম্মা-'আলাইহা- হ্বা-ফিজ। ৫। ফালইয়ান্যুরিল্ ইন্সা-নু মিম্মা খুলিক্ব। ৬। খুলিক্বা মিম মা—ইন্
সাথেই রক্ষক (ফেরেশতা) রয়েছে। (৫) সুতরাং মানুষ ভেবে দেখুক কোন বস্তু দ্বারা তাকে সৃষ্টি করা হয়েছে। (৬) তাকে সৃষ্টি করা হয়েছে সবেগে নির্গত

دَافِقٍ (৭) يَخْرُجُ مِنْ بَيْنِ الصُّلْبِ وَالتَّرَائِبِ (৮) إِنَّهُ عَلَىٰ رَجْعِهِ لَقَادِرٌ

দা-ফিক্বিই ৭। ইয়াখ্রুজু মিম্ বাইনিস্ব স্বুল্বি ওয়াত্ তারা—ইব। ৮। ইন্নাহূ 'আলা- রাজ্'ইহী লাক্বা-দির।
পানি (বীর্য) হতে। (৭) যা বেরিয়ে আসে মেরুদণ্ড ও বক্ষস্থিত অস্থিসমূহের মধ্য হতে। (৮) তিনি মানুষকে প্রত্যাবর্তন করাতে পূর্ণ ক্ষমতাবান।

○ শানে নুযূল (আঃ ১) ঃ একরাতে রাসূলুল্লাহ (স)-এর চাচা আবু তালেব তাঁর গৃহে সাক্ষাতের জন্য আগমন করেন। রাসূলুল্লাহ (স) তাঁর আহারের জন্য রুটি ও দুধের ব্যবস্থা করেন। তাঁরা উভয়ই খেতে ছিলেন। এমতাবস্থায় একটি উল্কাপিণ্ড পৃথিবীর এত নিকট প্রকাশিত হল যে, তার জ্যোতিতে সমস্ত গৃহ আলোকিত হয়ে গেল এবং তার আলোতে আবু তালিবের চোখের জ্যোতি ক্ষীণ হয়ে গেল। তিনি ভীত হয়ে জিজ্ঞাসা করেন, এটা কি? রাসূলুল্লাহ (স) বলেন, যে সময় শয়তানেরা আকাশের গুপ্তখবর অনুসন্ধানের জন্য উপড়ে উঠে, তখন ফিরিশতাগণ উক্ত উল্কা নিক্ষেপ করে তাদেরকে বিতাড়িত করেন। এটা আল্লাহ তায়ালার মহান নিদর্শনাবলীর একটি নিদর্শন। (তাঃ কাদেরী)

(৯) يَوْمَ تُبْلَى السَّرَائِرُ (১০) فَمَا لَهُ مِنْ قُوَّةٍ وَلَا نَاصِرٍ (১১) وَالسَّمَاءِ ذَاتِ الرَّجْعِ

৯। ইয়াওমা তুব্লাস্ সারা—ইর, ১০। ফামা- লাহূ মিন্ কুওয়্যাতিওঁ ওয়ালা- না-স্বির। ১১। ওয়াস্ সামা—ই যা-তির্ রাজ্'ই,
(৯) যেদিন প্রকাশিত হবে তাদের গোপন বিষয়, (১০) সেদিন তার কোন শক্তি থাকবে না এবং সাহায্যকারীও থাকবে না। (১১) শপথ বৃষ্টিযুক্ত আকাশের।

(১২) وَالْأَرْضِ ذَاتِ الصَّدْعِ (১৩) إِنَّهُ لَقَوْلٌ فَصْلٌ (১৪) وَمَا هُوَ بِالْهَزْلِ (১৫) إِنَّهُمْ

১২। ওয়াল্ আরদ্বি যা-তিস্ব স্বাদ্'ই, ১৩। ইন্নাহূ লাক্বাওলুন্ ফাস্বলুওঁ ১৪। ওয়ামা- হুওয়া বিল্ হায্লি। ১৫। ইন্নাহুম
(১২) শপথ বিদীর্ণ হওয়া ভূখণ্ডের (১৩) নিশ্চয়ই এ কুরআন হচ্ছে হক ও বাতিলের মধ্যে ফয়সালা বাণী। (১৪) এবং এটি কৌতুক না, (১৫) তারাতো

يَكِيدُونَ كَيْدًا (১৬) وَأَكِيدُ كَيْدًا (১৭) فَمَهِّلِ الْكَافِرِينَ أَمْهِلْهُمْ رُوَيْدًا

ইয়াকীদূনা কাইদাওঁ ১৬। ওয়া আকীদু কাইদা-। ১৭। ফামাহ্হিলিল্ কা-ফিরীনা আমহিল্হুম রুওয়াইদা-।
প্রতারণা করছে, (১৬) আমিও মহা কৌশল (অবলম্বন) করি। (১৭) সুতরাং কাফিরদেরকে সুযোগ দিন কিছু কালের জন্য।

ع ১৭ ১১ রুকূ

সূরা আ'লা
মক্কী

بِسْمِ اللَّهِ الرَّحْمَٰنِ الرَّحِيمِ
বিসমিল্লা-হির রাহ্বমা-নির রাহীম
পরম দাতা ও দয়ালু আল্লাহ্র নামে শুরু করছি

আয়াত ঃ ১৯
রুকূ ঃ ১

(১) سَبِّحِ اسْمَ رَبِّكَ الْأَعْلَى (২) الَّذِي خَلَقَ فَسَوَّىٰ (৩) وَالَّذِي قَدَّرَ فَهَدَىٰ

১। সাব্বিহ্বিস্মা রাব্বিকাল আ'লা- ২। আল্লাযী খালাক্বা ফাসাওয়্যা-। ৩। ওয়াল্লাযী ক্বাদ্দারা ফাহাদা-।
(১) তুমি তোমার মহামহিম রবের নামের তাসবীহ বর্ণনা কর। (২) যিনি সৃষ্টি করেন ও অঙ্গসৌষ্ঠব বিশিষ্ট করেন। (৩) যিনি সব কিছু নির্ধারণ করেন এবং পথ দেখান,

(৪) وَالَّذِي أَخْرَجَ الْمَرْعَىٰ (৫) فَجَعَلَهُ غُثَاءً أَحْوَىٰ (৬) سَنُقْرِئُكَ فَلَا تَنْسَىٰ

৪। ওয়াল্লাযী~আখ্রাজ্বাল্ মার'আ-। ৫। ফাজ্বা'আলাহূ গুছা—আন্ আহ্বওয়া-। ৬। সানুক্বরিউকা ফালা- তান্সা~।
(৪) আর যিনি ঘাস উৎপন্ন করেন। (৫) এবং পরে তা কালো আবর্জনায় পরিণত করেন। (৬) সত্বর আমি তোমাকে পাঠ করাব, ফলে তুমি ভুলবে না।

(৭) إِلَّا مَا شَاءَ اللَّهُ ۚ إِنَّهُ يَعْلَمُ الْجَهْرَ وَمَا يَخْفَىٰ (৮) وَنُيَسِّرُكَ لِلْيُسْرَىٰ (৯) فَذَكِّرْ

৭। ইল্লা- মা- শা—আল্লা-হ্ ;ইন্নাহূ ইয়া'লামুল জ্বাহ্রা ওয়ামা- ইয়াখ্ফা-। ৮। ওয়া নুইয়াস্সিরুকা লিল ইউস্রা-। ৯। ফাযাক্কির
(৭) কিন্তু আল্লাহ যা ইচ্ছা করেন তা ভিন্ন; তিনি জানেন প্রকাশ্য বিষয় এবং যা গোপন আছে সে বিষয়েও। (৮) আমি তোমাকে এমন সহজ পথ প্রদর্শন করব, যাতে তোমার চলতে সহজ হয়। (৯) অতঃপর তুমি উপদেশ দিতে থাক,

إِنْ نَفَعَتِ الذِّكْرَىٰ (১০) سَيَذَّكَّرُ مَنْ يَخْشَىٰ (১১) وَيَتَجَنَّبُهَا الْأَشْقَى (১২) الَّذِي

ইন্ নাফা'আতিয় যিক্রা-। ১০। সাইয়ায্যাক্কারু মাই ইয়াখ্শা-। ১১। ওয়া ইয়াতাজ্বান্নাবুহাল্ আশ্ক্বাল্ ১২। লাযী
যদি সে উপদেশ ফলদায়ক হয়। (১০) যে আল্লাহকে ভয় করে সেতো উপদেশ গ্রহণ করবে। (১১) আর যে তা এড়িয়ে চলবে, সে অত্যন্ত দুর্ভাগাবান। (১২) সে

○ টীকা (আঃ ১৭) ঃ অর্থাৎ, কাফেরা সত্যকে দাবায়ে রাখার জন্য নানাবিধ তদবীর করছে, আমিও তাদের চেষ্টা বিফল করে দেয়ার জন্য তদবীর করছি; সুতরাং তাদের বিরোধিতার দরুন আপনি ঘাবড়াবেন না, তাদের উপযুক্ত শাস্তির ব্যবস্থা আমি যথাসময়ে করব। ○ টীকা (আঃ ৭) ঃ অর্থাৎ, যতটুকু আমার ইচ্ছা হবে, ততটুকু আপনার মন হতে মুছে ফেলব, একে 'নাসখ' বলা হয়। (বঃ কোঃ) ○ টীকা (আঃ ৮) ঃ অতএব, কোন কিছুর উপকারিতা ও অপকারিতা তাঁর অজ্ঞাত নয়, যা আপনার মনে রাখা উপকারী, তা মনে রাখবেন এবং যা উপকারী নয় তা ভুলায়ে দিবেন। ○ টীকা (আঃ ৮) ঃ অর্থাৎ, এই শরীয়ত বুঝাও সহজ হবে, এর বিধানসমূহ মানিয়া চলাও সহজ হবে এবং সকল বাধা দূর করে এর প্রচারও আপনার জন্য সহজ করে দিব। (বঃ কোঃ)

يَصْلَى النَّارَ الْكُبْرَى ﴿١٢﴾ ثُمَّ لَا يَمُوتُ فِيهَا وَلَا يَحْيَى ﴿١٣﴾ قَدْ أَفْلَحَ مَنْ تَزَكَّى ﴿١٤﴾

ইয়াস্বলান্ না-রাল্ কুব্রা- । ১৩ । ছুম্মা লা- ইয়ামূতু ফীহা- ওয়ালা- ইয়াহ্ইয়া- । ১৪ । ক্বাদ্ আফ্লাহা মান্ তাযাক্কা- ।
ভীষণ আগুনের মধ্যে প্রবেশ করে। (১৩) অতঃপর তার সেখানে মৃত্যুও হবে না এবং বেঁচেও থাকবে না। (১৪) সে-ই তো কামিয়াব হবে, যে আত্মশুদ্ধি করে।

وَذَكَرَ اسْمَ رَبِّهِ فَصَلَّى ﴿١٥﴾ بَلْ تُؤْثِرُونَ الْحَيَاةَ الدُّنْيَا ﴿١٦﴾ وَالْآخِرَةُ خَيْرٌ

১৫ । ওয়া যাকারাস্মা রাব্বিহী ফাস্বাল্লা- । ১৬ । বাল্ তু'ছিরূনাল্ হ্বায়া-তাদ্ দুন্ইয়া- । ১৭ । ওয়াল্ আ-খিরাতু খাইরুওঁ
(১৫) এবং তাঁর রবের নামের যিকির করে আর নামাজ আদায় করে। (১৬) কিন্তু তোমরা প্রাধান্য দাও পার্থিব জীবনকে। (১৭) অথচ পরকাল হচ্ছে অতি উত্তম

وَأَبْقَى ﴿١٧﴾ إِنَّ هَذَا لَفِي الصُّحُفِ الْأُولَى ﴿١٨﴾ صُحُفِ إِبْرَاهِيمَ وَمُوسَى ﴿١٩﴾

ওয়া আব্ক্বা- । ১৮ । ইন্না হা-যা- লাফিস্ব স্বুহুফিল্ উলা- । ১৯ । ছুহুফি ইব্রা-হীমা ওয়া মূসা- ।
এবং চিরস্থায়ী। (১৮) একথা অবশ্যই লিখিত রয়েছে পূর্বের কিতাবগুলোতে। (১৯) এবং ইব্রাহীম ও মূসার কিতাবেও।

১ রুকূ' ১২

সূরা গা-শিয়াহ মক্কী

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

বিসমিল্লা-হির রাহ্মা-নির রাহীম
পরম দাতা ও দয়ালু আল্লাহ্র নামে শুরু করছি

আয়াত ঃ ২৬ রুকূ ঃ ১

هَلْ أَتَاكَ حَدِيثُ الْغَاشِيَةِ ﴿١﴾ وُجُوهٌ يَوْمَئِذٍ خَاشِعَةٌ ﴿٢﴾ عَامِلَةٌ نَاصِبَةٌ ﴿٣﴾

১ । হাল্ আতা-কা হ্বাদীছুল্ গা-শিয়াহ্ । ২ । উজূহুই ইয়াওমাইযিন্ খা-শি'আহ্ । ৩ । 'আ-মিলাতুন্ না-স্বিবাহ্ ।
(১) তোমার কাছে আচ্ছন্নকারী কিয়ামত এর খবর এসেছে কি? (২) সেদিন অনেকের মুখ নীচু হবে, (৩) পরিশ্রমে অতিশয় ক্লান্ত,

تَصْلَى نَارًا حَامِيَةً ﴿٤﴾ تُسْقَى مِنْ عَيْنٍ آنِيَةٍ ﴿٥﴾ لَيْسَ لَهُمْ طَعَامٌ إِلَّا مِنْ ضَرِيعٍ ﴿٦﴾

৪ । তাস্বলা- না-রান্ হ্বা-মিয়াহ্ । ৫ । তুস্ক্বা-মিন্ 'আইনিন্ আ-নিয়াহ্ । ৬ । লাইসা লাহুম ত্বা'আ-মুন ইল্লা- মিন্ দ্বারী'ইল্
(৪) তারা প্রবেশ করবে উত্তপ্ত আগুনে। (৫) তাদের পান করান হবে তাপযুক্ত পানির ঝরণা থেকে। (৬) তাদের জন্য কাটা ওয়ালা ঝাড় ছাড়া আর কোন খাদ্য থাকবে না।

لَا يُسْمِنُ وَلَا يُغْنِي مِنْ جُوعٍ ﴿٧﴾ وُجُوهٌ يَوْمَئِذٍ نَاعِمَةٌ ﴿٨﴾ لِسَعْيِهَا رَاضِيَةٌ ﴿٩﴾

৭ । লা- ইউস্মিনু ওয়ালা- ইউগ্নী মিন্ জূ'ইন্ । ৮ । উজূহুই ইয়াওমাইযিন্ না-'ইমাতুল্ ৯ । লিসা'ইহা- রা-দ্বিয়াহ্ ।
(৭) যা পুষ্টি সাধন করে না এবং ক্ষুধাও মিটায়না। (৮) সেদিন অনেকের চেহারা হবে আনন্দে উদ্বেলিত। (৯) তারা তাদের চেষ্টার জন্য খুশী থাকবে।

فِي جَنَّةٍ عَالِيَةٍ ﴿١٠﴾ لَا تَسْمَعُ فِيهَا لَاغِيَةً ﴿١١﴾ فِيهَا عَيْنٌ جَارِيَةٌ ﴿١٢﴾ فِيهَا سُرُرٌ

১০ । ফী জ্বান্নাতিন্ 'আ-লিয়াহ্ ১১ । লা- তাস্মা'উ ফীহা- লা-গিয়াহ্ । ১২ । ফীহা- 'আইনুন্ জ্বা-রিয়াহ্ । ১৩ । ফীহা- সুরুরুম্
(১০) তারা থাকবে উঁচু জান্নাতে। (১১) সেখানে তারা কোন নিরর্থক কথা শোনবে না। (১২) সেখানে থাকবে প্রবাহিত নহরসমূহ, (১৩) সেখানে থাকবে সু-সজ্জিত

○ টীকা (আঃ ১৪) ঃ সূরার প্রথম হতে এই পর্যন্ত আয়াতগুলোর সারমর্ম এই যে, হুযুর (স)-এর প্রতি আদেশ করা হয়েছে যে, আপনি নিজের আত্মিক অবস্থার পরিপূর্ণতাও সাধন করুন, অন্যকেও একথাই শিক্ষা দিন, আমি (আল্লাহ্) সর্বাবস্থায়ই আপনার সহায় আছি, আর নসীহতের নিজস্ব ফলপ্রসূতার প্রতি লক্ষ্য করলেই বুঝা যায় যে, নসীহত করা অবশ্যকর্তব্য। (বঃ কোঃ) ○ টীকা (আঃ ১৯) ঃ অর্থাৎ, আখেরাতের উৎকৃষ্টতা ও শ্রেষ্ঠত্বের দাবী কেবল কোরআনেরই নহে; বরং কোরআনের পূর্ববর্তী যত আসমানী কিতাব ও ছহীফা রয়েছে সমস্ত কিতাবেরই। মারফু হাদীসে উল্লেখ রয়েছে যে, হযরত ইবরাহীম (আ)-এর প্রতি দশটি ছহীফা এবং হযরত মূসা (আ)-এর প্রতি তওরাতের পূর্বে দশটি ছহীফা অবতীর্ণ হয়েছিল। (বঃ কোঃ)
○ বিশ্লেষণ (আঃ ১) ঃ الغاشية - অর্থ কিয়ামত। এজন্য যে, তার ভয়াবহ অবস্থা সমস্ত সৃষ্টিকে আচ্ছাদিত করবে।

مَرْفُوعَةٌ ﴿١٣﴾ وَأَكْوَابٌ مَوْضُوعَةٌ ﴿١٤﴾ وَنَمَارِقُ مَصْفُوفَةٌ ﴿١٥﴾ وَزَرَابِيُّ مَبْثُوثَةٌ ﴿١٦﴾

মারফূ'আহ্ । ১৪ । ওয়া আক্ওয়া-বুম্ মাওদ্বূ'আহ্ । ১৫ । ওয়া নামা-রিকু মাস্বফূফাহ্ । ১৬ । ওয়া যারা-বিয়্যু মাব্ছূছাহ্ ।
বহু আসন (১৪) সুরক্ষিত পান পাত্র। (১৫) সারি সারি সাজানো বালিশ, (১৬) আর থাকবে বিছানো গালিচা,

أَفَلَا يَنْظُرُونَ إِلَى الْإِبِلِ كَيْفَ خُلِقَتْ ﴿١٧﴾ وَإِلَى السَّمَاءِ كَيْفَ رُفِعَتْ ﴿١٨﴾

১৭ । আফালা- ইয়ান্জুরূনা ইলাল্ ইবিলি কাইফা খুলিক্বাত । ১৮ । ওয়া ইলাস্ সামা—ই কাইফা রুফি'আত্ ।
(১৭) তারা কি উটের প্রতি লক্ষ্য করে না? কিভাবে সেটি সৃষ্টি করা হয়েছে? (১৮) এবং আকাশের দিকে, কিভাবে তাকে উঁচু করা হয়েছে?

وَإِلَى الْجِبَالِ كَيْفَ نُصِبَتْ ﴿١٩﴾ وَإِلَى الْأَرْضِ كَيْفَ سُطِحَتْ ﴿٢٠﴾ فَذَكِّرْ

১৯ । ওয়া ইলাল্ জ্বিবা-লি কাইফা নুস্বিবাত্ । ২০ । ওয়া ইলাল্ আরদ্বি কাইফা সুত্বিহ্বাত্ । ২১ । ফাযাক্কির ;
(১৯) এবং পাহাড়গুলোর দিকে, কিভাবে তাকে স্থাপন করা হয়েছে? (২০) আর ভূ-পৃষ্ঠের দিকে, কিভাবে তাকে বিছিয়ে দেয়া হয়েছে। (২১) অতএব আপনি উপদেশ

إِنَّمَا أَنْتَ مُذَكِّرٌ ﴿٢١﴾ لَسْتَ عَلَيْهِمْ بِمُصَيْطِرٍ ﴿٢٢﴾ إِلَّا مَنْ تَوَلَّى وَكَفَرَ ﴿٢٣﴾ فَيُعَذِّبُهُ

ইন্নামা~ আন্‌তা মুযাক্কির । ২২ । লাস্‌তা 'আলাইহিম বিমুস্বাইত্বির । ২৩ । ইল্লা- মান্ তাওয়াল্লা- ওয়া কাফারা । ২৪ । ফাইউ'আয্যিবুহুল
দিতে থাকুন, আপনি তো একজন উপদেশকারী মাত্র, (২২) আপনি নন তাদের দায়িত্বপ্রাপ্ত, (২৩) কিন্তু যে প্রত্যাখ্যান করে এবং কুফরী করে, (২৪) আল্লাহ্ তাকে

اللَّهُ الْعَذَابَ الْأَكْبَرَ ﴿٢٤﴾ إِنَّ إِلَيْنَا إِيَابَهُمْ ﴿٢٥﴾ ثُمَّ إِنَّ عَلَيْنَا حِسَابَهُمْ ﴿٢٦﴾

লা-হুল 'আযা-বাল্ আক্‌বার । ২৫ । ইন্না ইলাইনা~ইয়া-বাহুম । ২৬ । ছুম্মা ইন্না 'আলাইনা- হ্বিসা-বাহুম ।
দিবেন কঠোর শাস্তি। (২৫) নিশ্চয়ই আমার কাছেই তাদের ফিরে আসতে হবে, (২৬) অতঃপর তাদের হিসাব-নিকাশ নেয়া আমারই দায়িত্ব।

অর্ধাংশ ১ রুকূ' ১৩

সূরা ফাজ্র মক্কী

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

বিসমিল্লা-হির রাহ্মা-নির রাহীম
পরম দাতা ও দয়ালু আল্লাহ্র নামে শুরু করছি

আয়াত ঃ ৩০ রুকূ ঃ ১

وَالْفَجْرِ ﴿١﴾ وَلَيَالٍ عَشْرٍ ﴿٢﴾ وَالشَّفْعِ وَالْوَتْرِ ﴿٣﴾ وَاللَّيْلِ إِذَا يَسْرِ ﴿٤﴾

১ । ওয়াল্‌ফাজ্‌রি । ২ । ওয়া লায়া-লিন্ 'আশ্‌রিওঁ ৩ । ওয়াশ্‌শাফ'ই ওয়াল্ ওয়াত্‌রি । ৪ । ওয়াল্লাইলি ইযা- ইয়াস্‌রি ।
(১) শপথ ফজরের, (২) শপথ দশ রাতের, (৩) এবং জোড় ও বেজোড়ের; (৪) শপথ রাতের, যখন তা চলে যায়।

○ টীকা (আঃ ১৬) ঃ অর্থাৎ, সর্বত্র কেবল গালিচাই দৃষ্টিগোচর হবে, এইভাবে সর্বত্র গালিচাসমূহ বিছানো থাকাতে বেহেশতীগণ যেখানে ইচ্ছা সেখানেই বিশ্রাম করতে পারবে। ○ টীকা (আঃ ১৮) ঃ অসংখ্য সৃষ্টির মধ্যে বিশেষ করে উট, আসমান, পাহাড় এবং যমীন এই চারিটি বস্তুর উল্লেখ তৎকালীন আরবদের অবস্থার প্রতি লক্ষ্য রেখেই করা হয়েছে। আরবের তৎকালীন লোকেরা সাধারণতঃ মাঠে চলাফেরা করত। তাদের সঙ্গে থাকিত উট, উপরে নীল আসমান, পদতলে বালুকাময় যমীন, পার্শ্বে পাহাড়শ্রেণী। অতএব, তাদের পরিপার্শ্বিক পাহাড়শ্রেণী। অতএব, তাদের অবস্থার পতি দৃষ্টিপাত করে সকলকেই খোদার অসীম ক্ষমতার নিদর্শন বুঝে নিতে নির্দেশ দেয়া হয়েছে। (বঃ কোঃ) ○ টীকা (আঃ ২০) ঃ এই বাক্যটিকে পৃথিবী গোলাকার হওয়ার পরিপন্থী মনে করার কারণ নেই। ভূপৃষ্ঠ আমাদের দৃষ্টিতে যেরূপ দেখা যায়, উহার উল্লেখ করে উপদেশ দান করাই এস্থলে উদ্দেশ্য। (বঃ কোঃ)
○ বিশ্লেষণ (আঃ ২) ঃ وليال عشر -এর অর্থ অধিকাংশ তাফসীরকার মতে, যিলহজ্জের প্রথম দশদিন। যার ফজীলত হাদীস শরীফ দ্বারা প্রমাণিত। রাসূলুল্লাহ (স) বলেন, "যিলহজ্জের দশদিনের নেক আমল, আল্লাহর কাছে সবচেয়ে পছন্দনীয়। এমনকি আল্লাহর রাস্তায় জিহাদ করার চেয়েও। কিন্তু সে জিহাদ ব্যতীত যাতে মুসলমান শহীদ হন। ○ বিশ্লেষণ (আঃ ৩) ঃ الشفع, - জোড় ও বেজোড়ের অর্থ প্রকাশের ব্যাপারে তফসীরকারদের মধ্যে বহু মত রয়েছে। যেমন- কারো মতে, জোড় দ্বারা হযরত আদম (আ) ও হযরত হাওয়া (আ) এবং বেজোড় দ্বারা আল্লাহ রাব্বুল আলামীন। স্রষ্টা, আল্লাহ। জোড়- আছর, জোহর এশা ও ফজরের নামাজ এবং বিজোড় মাগরিব নামাজ। জোড় আট বেহেশত এবং বেজোড় সপ্ত দোজখ। জোড় মানুষের বৈশিষ্ট্য যেমন- জ্ঞান, অজ্ঞান, ক্ষমতা-অক্ষমতা, জীবন-মরণ। বেজোড়- আল্লাহর গুণাবলী। যথা- সর্বশ্রোতা, সর্বদ্রষ্টা, মহাজ্ঞানী, মহাকৌশলী, পূর্ণক্ষমতাবান ইত্যাদি। (তাঃ কাঃ)

هَلْ فِي ذَٰلِكَ قَسَمٌ لِّذِي حِجْرٍ ۝٥ أَلَمْ تَرَ كَيْفَ فَعَلَ رَبُّكَ بِعَادٍ ۝٦ إِرَمَ

৫। হাল্ ফী যা-লিকা ক্বাসামুল্ লিযী হিজ্‌রি। ৬। আলাম্ তারা কাইফা ফা'আলা রাব্বুকা বি'আ-দ্। ৭। ইরামা

(৫) এসবের মধ্যে কি বিবেকবানের জন্য যথেষ্ট শপথ নয়? (৬) তোমার কি জানা নেই যে, তোমার প্রতিপালক কিরূপ করেছেন, 'আদ' সম্প্রদায়ের সাথে, (৭) যারা ছিল

ذَاتِ الْعِمَادِ ۝٧ الَّتِي لَمْ يُخْلَقْ مِثْلُهَا فِي الْبِلَادِ ۝٨ وَثَمُودَ الَّذِينَ

যা-তিল্ 'ইমা-দি। ৮। লাতী লাম ইউখ্‌লাক্ব মিছ্‌লুহা- ফিল বিলা-দ্। ৯। ওয়া ছামূদাল্ লাযীনা

স্তম্ভধারী ইরাম বংশের (৮) (পৃথিবীর) অন্য আর কোন দেশে যার তুল্য সৃষ্টি হয়নি। (৯) এবং সামুদ (সম্প্রদায়)-এর প্রতি? যারা উপত্যকায়

جَابُوا الصَّخْرَ بِالْوَادِ ۝٩ وَفِرْعَوْنَ ذِي الْأَوْتَادِ ۝١٠ الَّذِينَ طَغَوْا فِي

জা-বুস্ স্বাখ্‌রা বিল্ ওয়া-দ্। ১০। ওয়া ফির্'আওনা যিল্ আওতা-দিল্ ১১। লাযীনা ত্বাগাও ফিল্

গৃহ নির্মাণের উদ্দেশ্যে পাথর কর্তন করেছিল। (১০) আর ফেরাউনের সাথে? যে ছিল বহু পেরেকের মালিক। (১১) যারা দেশে নাফরমানী

الْبِلَادِ ۝١١ فَأَكْثَرُوا فِيهَا الْفَسَادَ ۝١٢ فَصَبَّ عَلَيْهِمْ رَبُّكَ سَوْطَ عَذَابٍ ۝١٣ إِنَّ

বিলা-দ্। ১২। ফাআক্‌ছারূ ফীহাল্ ফাসা-দ্। ১৩। ফাস্বাব্বা 'আলাইহিম রাব্বুকা সাওত্বা 'আযা-ব্। ১৪। ইন্না

করেছিল; (১২) আর বৃদ্ধি করেছিল উপদ্রব (বিশৃংখলা)। (১৩) তাদের উপর তোমার প্রতিপালক শাস্তির চাবুক হানলেন। (১৪) নিশ্চয়ই

رَبَّكَ لَبِالْمِرْصَادِ ۝١٤ فَأَمَّا الْإِنسَانُ إِذَا مَا ابْتَلَاهُ رَبُّهُ فَأَكْرَمَهُ وَنَعَّمَهُ

রাব্বাকা লাবিল মিরস্বা-দ্। ১৫। ফাআম্মাল ইনসা-নু ইযা- মাব্ তালা-হু রাব্বুহূ ফাআক্‌রামাহূ ওয়া না'আমাহূ,

তোমার রব প্রতীক্ষাস্থলে রয়েছেন। (১৫) কিন্তু এ মানুষ যখন তার রব তাকে পরীক্ষার জন্য তাকে সম্মান এবং নেয়ামত দান করেন, তখন সে বলে,

فَيَقُولُ رَبِّي أَكْرَمَنِ ۝١٥ وَأَمَّا إِذَا مَا ابْتَلَاهُ فَقَدَرَ عَلَيْهِ رِزْقَهُ فَيَقُولُ

ফাইয়াকূলু রাব্বী~আকরামান্। ১৬। ওয়া আম্মা~ইযা- মাবতালা-হু ফাক্বাদারা 'আলাইহি রিযক্বাহূ ফাইয়াকূলু

আমার প্রতিপালক আমাকে সম্মান দান করেছেন। (১৬) আর যখন তাকে পরীক্ষা করার জন্য, তার রিযিক কমিয়ে দেন, তখন সে বলে, আমার প্রতিপালক

رَبِّي أَهَانَنِ ۝١٦ كَلَّا ۖ بَل لَّا تُكْرِمُونَ الْيَتِيمَ ۝١٧ وَلَا تَحَاضُّونَ عَلَىٰ طَعَامِ

রাব্বী~আহা-নান্। ১৭। কাল্লা- বাল লা- তুক্‌রিমূনাল ইয়াতীম্। ১৮। ওয়া লা-তাহা—দ্দূনা 'আলা- ত্বা'আ-মিল্

আমাকে লাঞ্ছিত করেছেন। (১৭) কিন্তু না কখনই নয়, বরং তোমরা ইয়াতীমদেরকে মর্যাদা দাও না। (১৮) এবং মিসকীনকে খাদ্য দানে

الْمِسْكِينِ ۝١٨ وَتَأْكُلُونَ التُّرَاثَ أَكْلًا لَّمًّا ۝١٩ وَتُحِبُّونَ الْمَالَ حُبًّا جَمًّا

মিস্‌কীন্। ১৯। ওয়া তা'কুলূনাত্ তুরা-ছা আক্‌লাল্ লাম্মা- ২০। ওয়া তুহিব্বূনাল্ মা-লা হুব্বান্ জাম্মা-।

উৎসাহিত কর না। (১৯) আর তোমরা ভক্ষণ করছ ওয়ারিসীনদের সম্পদ সম্পূর্ণভাবে। (২০) আর তোমরা (পার্থিব) সম্পদকে অধিক ভালোবাস।

✪ টীকা (আঃ ৭) ঃ এ সম্প্রদায় 'আ'দ' ও 'ইরাম', উভয় নামে প্রসিদ্ধ ছিল। কেননা, এ সম্প্রদায়ের নিকটতম পূর্বপুরুষগণ ছিল আ'দ। আ'দ আ'ছের পুত্র, এবং আ'ছ ইরামের পুত্র, এবং ইরাম হযরত নূহ (আ)-এর পুত্র সামের সন্তান। আ'দের বংশধর হিসাবে তাদেরকে কাওমে আ'দ এবং ইরামের বংশধর হিসাবে তাদেরকে কাওমে ইরাম বলা হতো। (রঃ কোঃ) ✪ বিশ্লেষণ (আঃ ৯) ঃ ...... جابوا الصخر - হযরত সালিহ (আ) এর সম্প্রদায়কে বিশেষ একটি যোগ্যতা দেয়া হয়েছিল যে, তারা পাথর কেটে আবাসস্থল নির্মাণ করতে পারত। ✪ বিশ্লেষণ (আঃ ১০) ঃ ذى الاوتاد - (পেরেকের মালিক) অর্থাৎ ফেরাউনের বহু সৈন্য বাহিনী ছিল। তারা বহু তাঁবু স্থাপন করত এবং লৌহ পেরেক ব্যবহার করত। সে জন্য তাকে পেরেকের মালিক বলা হয়েছে। দ্বিতীয়তঃ ফিরআউন পেরেক দ্বারা তোমাদেরকে নির্যাতন করত। এ আয়াত দ্বারা সে দিকেই ইংগিত করা হয়েছে।

كَلَّا إِذَا دُكَّتِ الْأَرْضُ دَكًّا دَكًّا ۝٢١ وَجَاءَ رَبُّكَ وَالْمَلَكُ صَفًّا صَفًّا

২১। কাল্লা~ইযা- দুক্কাতিল্ আরদু দাক্কান্ দাক্কা-। ২২। ওয়া জা—আ রাব্বুকা ওয়াল মালাকু স্বাফ্‌ফান স্বাফ্‌ফা-।

(২১) না, ঠিক নয়, যখন পৃথিবীকে চূর্ণ বিচূর্ণ করে দেয়া হবে, (২২) আর যখন আপনার রব আসবেন, এবং সারি বেঁধে ফেরেশতাগণও আসবে,

وَجِيءَ يَوْمَئِذٍ بِجَهَنَّمَ ۚ يَوْمَئِذٍ يَتَذَكَّرُ الْإِنسَانُ وَأَنَّىٰ لَهُ الذِّكْرَىٰ

২৩। ওয়া জী—আ ইয়াওমাইযিম্ বিজাহান্নামা ইয়াওমাইযিঁই ইয়াতাযাক্কারুল্ ইন্‌সা-নু ওয়া আন্না-লাহুয্ যিক্‌রা-।

(২৩) সেদিন জাহান্নামকে আনয়ন করা হবে এবং সেদিন মানুষ তার ভুলের কথা স্মরণ করবে। কিন্তু এ স্মরণ তার কি কাজে আসবে?

يَقُولُ يَا لَيْتَنِي قَدَّمْتُ لِحَيَاتِي ۝٢٤ فَيَوْمَئِذٍ لَّا يُعَذِّبُ عَذَابَهُ أَحَدٌ

২৪। ইয়াকূলু ইয়া-লাইতানী ক্বাদ্দাম্‌তু লিহায়া-তী। ২৫। ফাইয়াওমাইযিল লা- ইউ'আয্‌যিবু 'আযা-বাহূ~আহাদ্।

(২৪) সে বলবে, হায় আমার জন্য আফসোস! যদি আমি আমার এ জীবনের জন্য আগে কিছু পাঠাতাম। (২৫) সেদিনের শাস্তির অনুরূপ শাস্তি অন্য আর কেউ দিতে পারবে না।

وَلَا يُوثِقُ وَثَاقَهُ أَحَدٌ ۝٢٦ يَا أَيَّتُهَا النَّفْسُ الْمُطْمَئِنَّةُ ۝٢٧ ارْجِعِي

২৬। ওয়ালা- ইউছিকু ওয়া ছা-ক্বাহূ~আহাদ্। ২৭। ইয়া~আইয়াতুহান নাফ্‌সুল্ মুত্বমাইন্নাতুর ২৮। জ্বি'ঈ~

(২৬) আর তাঁর শক্ত বাঁধনের অনুরূপ বাঁধনও, অন্য আর কেউ বাঁধতে পারবে না। (২৭) হে প্রশান্ত আত্মা! (২৮) তুমি তোমার রবের দিকে ফিরে এস,

إِلَىٰ رَبِّكِ رَاضِيَةً مَّرْضِيَّةً ۝٢٨ فَادْخُلِي فِي عِبَادِي ۝٢٩ وَادْخُلِي جَنَّتِي

ইলা- রাব্বিকি রা-দ্বিয়াতাম্ মারদ্বিইয়্যাহ্। ২৯। ফাদ্‌খুলী ফী 'ইবা-দী। ৩০। ওয়াদ্‌খুলী জান্নাতী।

এ অবস্থায় যে, তুমি খুশী, আর (তিনিও) তোমার উপর সন্তুষ্ট। (২৯) তুমি আমার বান্দাদের দলে অন্তর্ভুক্ত হয়ে যাও। (৩০) এবং আমারই জান্নাতে প্রবেশ কর।

সূরা বালাদ
মক্কী

بِسْمِ اللَّهِ الرَّحْمَٰنِ الرَّحِيمِ

বিসমিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম

পরম দাতা ও দয়ালু আল্লাহর নামে শুরু করছি

আয়াত ঃ ২০
রুকূ ঃ ১

لَا أُقْسِمُ بِهَٰذَا الْبَلَدِ ۝١ وَأَنتَ حِلٌّ بِهَٰذَا الْبَلَدِ ۝٢ وَوَالِدٍ وَمَا وَلَدَ

১। লা~উক্বসিমু বিহা-যাল বালাদ্। ২। ওয়া আনতা হিল্লুম্ বিহা-যাল্ বালাদ। ৩। ওয়া ওয়া-লিদিঁও ওয়ামা- ওয়ালাদ্।

(১) আমি শপথ করছি এ শহরের, (২) তুমি এ শহরে অবতরণ করেছ (অধিবাসী হয়েছ), (৩) আর শপথ জনকের এবং সে যা জন্ম দিয়েছে তার।

لَقَدْ خَلَقْنَا الْإِنسَانَ فِي كَبَدٍ ۝٤ أَيَحْسَبُ أَن لَّن يَقْدِرَ عَلَيْهِ أَحَدٌ

৪। লাক্বাদ্ খালাক্বনাল্ ইনসা-না ফী কাবাদ্। ৫। ইয়াহ্‌সাবু আল্ লাঁই ইয়াক্বদিরা 'আলাইহি আহাদ্।

(৪) নিশ্চয়ই মানুষকে আমি সৃষ্টি করেছি দুঃখ-কষ্টের মধ্যে। (৫) সেকি এ ধারণা করে যে, তার উপর আর কেউ ক্ষমতাবান হবে না?

✪ বিশ্লেষণ (আঃ ২৩) ঃ يومئذ بجهنم - সেদিন সত্তর হাজার লাগাম দ্বারা জাহান্নাম শক্তভাবে বন্ধনকৃত হবে এবং প্রতিটি লাগামের সাথে সত্তর হাজার ফেরেশতা থাকবেন, যারা সেটিকে টেনে আরশের বাম দিকে উপস্থিত করবেন। সেদিন জাহান্নামের ভয়ংকর অবস্থা দেখে নবী (আ)-গণ পর্যন্ত হয়রান ও অস্থির হয়ে পড়বেন এবং শুধু "ইয়া রাব্বী নফ্‌ছী, ইয়া নফ্‌ছী" বলতে থাকবেন। শুধু মাত্র আমাদের রাসূলুল্লাহ (স) "উম্মাতী, উম্মাতী" বলতে থাকবেন। (তাঃ কাদেরী) ✪ শানে নুযূল (আঃ ৫) ঃ ...... يحسب ان لن يقدر - বালাদা নামক এক শক্তিশালী কাফির এরূপ ছিল যে, তার পায়ের নীচে কোন চামড়া রাখলে, দশজন অতি শক্তিবান পুরুষ তা টেনে বের করে আনতে পারত না। এমনকি চামড়া ছিন্ন বিচ্ছিন্ন হয়ে যেত। সে দাবী করত যে, আমাকে কেউ কখনও কাবু করতে পারবে না। সে সর্বদা রাসূলুল্লাহ (স)-এর উপর জুলুম করত। এ প্রেক্ষিতে আল্লাহ এ আয়াত অবতীর্ণ করেন। (তাঃ কাদেরী)

يَقُولُ أَهْلَكْتُ مَالًا لُّبَدًا ﴿٦﴾ أَيَحْسَبُ أَن لَّمْ يَرَهُۥٓ أَحَدٌ ﴿٧﴾ أَلَمْ نَجْعَل

৬। ইয়াকুলু আহ্লাক্তু মা-লাল লুবাদা-। ৭। আ ইয়াহ্সাবু আল্ লাম্ ইয়ারাহূ~আহ্বাদ। ৮। আলাম নাজ্'আল
(৬) সে বলে, "আমি বহু ধন সম্পদ অপচয় করেছি।" (৭) সে কি ধারণা রাখে যে, তাকে কেউ দেখেনি? (৮) আমি কি তার জন্য দুটো চোখ প্রদান

لَّهُۥ عَيْنَيْنِ ﴿٨﴾ وَلِسَانًا وَشَفَتَيْنِ ﴿٩﴾ وَهَدَيْنَٰهُ ٱلنَّجْدَيْنِ ﴿١٠﴾ فَلَا ٱقْتَحَمَ ٱلْعَقَبَةَ ﴿١١﴾

লাহূ 'আইনাইনি। ৯। ওয়া লিসা-নাওঁ ওয়া শাফাতাইন। ১০। ওয়া হাদাইনা-হুন্ নাজ্দাঈন। ১১। ফালাক্বতাহ্বামাল 'আক্বাবাতা।
করিনি? (৯) এবং প্রদান কি করিনি জিহ্বা ও দুটো ঠোঁট? (১০) আর আমি কি তাকে দুটো পথ (ভালো-মন্দ) প্রদান করিনি? (১১) কিন্তু সে কষ্ট সাধ্য পথটি অবলম্বন করেনি?

وَمَآ أَدْرَىٰكَ مَا ٱلْعَقَبَةُ ﴿١٢﴾ فَكُّ رَقَبَةٍ ﴿١٣﴾ أَوْ إِطْعَٰمٌ فِى يَوْمٍ ذِى مَسْغَبَةٍ ﴿١٤﴾

১২। ওয়ামা~আদ্রা-কা মাল্ 'আক্বাবাহ্। ১৩। ফাক্কু রাক্বাবাতিন। ১৪। আও ইত্ব'আ-মুন ফী ইয়াওমিন্ যী মাস্গাবাতিন,
(১২) তুমি কি জান, কষ্টসাধ্য পথটি কি? (১৩) তা হচ্ছে গোলাম আজাদ করা। (১৪) অথবা অভাবের সময় খাবার দান করা,

يَتِيمًا ذَا مَقْرَبَةٍ ﴿١٥﴾ أَوْ مِسْكِينًا ذَا مَتْرَبَةٍ ﴿١٦﴾ ثُمَّ كَانَ مِنَ ٱلَّذِينَ ءَامَنُوا۟

১৫। ইয়াতীমান যা-মাক্বরাবাতিন্। ১৬। আও মিস্কীনান যা-মাতরাবাহ্। ১৭। ছুম্মা কা-না মিনাল্লাযীনা আ-মানূ
(১৫) ইয়াতীম আত্মীয়কে, (১৬) বা অসহায় (সর্বহারা) দরিদ্রকে, (১৭) অতঃপর সে ব্যক্তি তাদের (দলে) অন্তর্ভুক্ত হয়, যারা ঈমান এনেছে

وَتَوَاصَوْا۟ بِٱلصَّبْرِ وَتَوَاصَوْا۟ بِٱلْمَرْحَمَةِ ﴿١٧﴾ أُو۟لَٰٓئِكَ أَصْحَٰبُ ٱلْمَيْمَنَةِ ﴿١٨﴾

ওয়া তাওয়া-স্বাও বিস্বস্বাবরি ওয়া তাওয়া-স্বাও বিল্মার্হ্বামাহ্। ১৮। উলা—ইকা আস্বহ্বা-বুল মাইমানাহ।
ও একে অপরকে উপদেশ দেয় ধৈর্য ধারণের এবং (উপদেশ দেয়) পরস্পর দয়ার ব্যাপারে। (১৮) এরাই হচ্ছে ডান দিকের (ভাগ্যবান) দল।

وَٱلَّذِينَ كَفَرُوا۟ بِـَٔايَٰتِنَا هُمْ أَصْحَٰبُ ٱلْمَشْـَٔمَةِ ﴿١٩﴾ عَلَيْهِمْ نَارٌ مُّؤْصَدَةٌۢ ﴿٢٠﴾

১৯। ওয়াল্লাযীনা কাফারূ বিআ-য়া-তিনা- হুম আস্বহ্বা-বুল্ মাশ্আমাহ্। ২০। 'আলাইহিম না-রুম্ মু'স্বাদাহ্।
(১৯) আর যারা অবিশ্বাস করে আমার আয়াতসমূহ, তারা হচ্ছে হতভাগা দল। (২০) তাদের উপর আগুন তাদের চারদিক পরিবেষ্টিত হয়ে থাকবে।

সূরা শামছ মক্কী	بِسْمِ ٱللَّهِ ٱلرَّحْمَٰنِ ٱلرَّحِيمِ বিসমিল্লা-হির রাহ্মা-নির রাহীম পরম দাতা ও দয়ালু আল্লাহ্র নামে শুরু করছি	আয়াত ঃ ১৫ রুকূ ঃ ১

وَٱلشَّمْسِ وَضُحَىٰهَا ﴿١﴾ وَٱلْقَمَرِ إِذَا تَلَىٰهَا ﴿٢﴾ وَٱلنَّهَارِ إِذَا جَلَّىٰهَا ﴿٣﴾

১। ওয়াশ্ শাম্সি ওয়া দ্বুহ্বা-হা-। ২। ওয়াল্ ক্বামারি ইযা- তালা-হা-। ৩। ওয়ান্নাহা-রি ইযা- জ্বাল্লা-হা-।
(১) শপথ সূর্যের এবং তার রশ্মির, (২) শপথ চাঁদের যখন তা (সূর্যের) পিছনে আসে, (৩) শপথ দিনের যখন সে তাকে (সূর্যকে) প্রকাশ করে,

وَٱلَّيْلِ إِذَا يَغْشَىٰهَا ﴿٤﴾ وَٱلسَّمَآءِ وَمَا بَنَىٰهَا ﴿٥﴾ وَٱلْأَرْضِ وَمَا طَحَىٰهَا ﴿٦﴾

৪। ওয়াল্ লাইলি ইযা- ইয়াগ্শা-হা-। ৫। ওয়াস্ সামা—ই ওয়ামা- বানা-হা-। ৬। ওয়াল্ আর্দ্বি ওয়ামা- ত্বাহ্বা-হা-।
(৪) শপথ রাতের যখন সে তাকে (সূর্যকে) আচ্ছন্ন করে, (৫) শপথ আকাশের এবং তার নির্মাতার, (৬) শপথ পৃথিবীর এবং যিনি তাকে বিছিয়েছেন তাঁর,

وَنَفْسٍ وَمَا سَوَّىٰهَا ﴿٧﴾ فَأَلْهَمَهَا فُجُورَهَا وَتَقْوَىٰهَا ﴿٨﴾ قَدْ أَفْلَحَ مَن زَكَّىٰهَا ﴿٩﴾

৭। ওয়া নাফ্সিওঁ ওয়া মা- সাওয়া-হা-। ৮। ফাআল্হামাহা- ফুজূরাহা- ওয়া তাক্বওয়া-হা-। ৯। ক্বাদ্ আফ্লাহ্বা মান যাক্কা-হা-।
(৭) শপথ মানুষের এবং যিনি তাকে অঙ্গসৌষ্ঠব বিশিষ্ট করেছেন। (৮) এবং তাকে পাপ ও পরহেজগারীর জ্ঞান দান করেছেন, (৯) যে আত্মাকে পবিত্র করেছে, সে সফল হয়েছে।

وَقَدْ خَابَ مَن دَسَّىٰهَا ﴿١٠﴾ كَذَّبَتْ ثَمُودُ بِطَغْوَىٰهَآ ﴿١١﴾ إِذِ ٱنۢبَعَثَ أَشْقَىٰهَا ﴿١٢﴾

১০। ওয়া ক্বাদ্ খা-বা মান্ দাস্সা-হা-। ১১। কায্যাবাত্ ছামূদু বিত্বাগ্ওয়া-হা~। ১২। ইযিম্ বা'আছা আশ্ক্বা-হা-।
(১০) আর সে বিফল হয়েছে, যে পাপের মধ্যে নিজকে বসিয়ে দিয়েছে। (১১) সামুদ সম্প্রদায় তাদের অবাধ্যতার কারণে মিথ্যারোপ করেছিল। (১২) যখন তাদের সবচেয়ে দুর্ভাগা উদ্ধত হয়েছিল, (উষ্ট্রীকে মারার জন্য),

فَقَالَ لَهُمْ رَسُولُ ٱللَّهِ نَاقَةَ ٱللَّهِ وَسُقْيَٰهَا ﴿١٣﴾ فَكَذَّبُوهُ فَعَقَرُوهَا

১৩। ফাক্বা-লা লাহুম রাসূলুল লা-হি না-ক্বাতাল্লা-হি ওয়া সুক্ইয়া-হা-। ১৪। ফাকায্যাবূহু ফা'আক্বারূহা-
(১৩) তখন আল্লাহ্র রাসূল তাদেরকে বলল, আল্লাহ্র উষ্ট্রী ও তার পানি পান সম্পর্কে সাবধানতা অবলম্বন কর। (১৪) কিন্তু তারা তাকে অস্বীকার করল,

فَدَمْدَمَ عَلَيْهِمْ رَبُّهُم بِذَنۢبِهِمْ فَسَوَّىٰهَا ﴿١٤﴾ وَلَا يَخَافُ عُقْبَٰهَا ﴿١٥﴾

ফাদাম্দামা 'আলাইহিম রাব্বুহুম বিযাম্বিহিম ফাসাওয়্যা-হা-। ১৫। ওয়ালা-ইয়াখা-ফু 'উক্ববা-হা-।
আর সেটিকে হত্যা করল। অতঃপর তাদের প্রতিপালক তাদের ধ্বংস করে দিলেন তাদের অপরাধের কারণে। (১৫) আর তাদের এ পরিণতিকে আল্লাহ্ ভয় করেন না।

১ ع ১৫ ১৬ রুকূ

সূরা আল লাইল মক্কী	بِسْمِ ٱللَّهِ ٱلرَّحْمَٰنِ ٱلرَّحِيمِ বিসমিল্লা-হির রাহ্মা-নির রাহীম পরম দাতা ও দয়ালু আল্লাহ্র নামে শুরু করছি	আয়াত ঃ ২১ রুকূ ঃ ১

وَٱلَّيْلِ إِذَا يَغْشَىٰ ﴿١﴾ وَٱلنَّهَارِ إِذَا تَجَلَّىٰ ﴿٢﴾ وَمَا خَلَقَ ٱلذَّكَرَ وَٱلْأُنثَىٰٓ ﴿٣﴾

১। ওয়াল্লাইলি ইযা- ইয়াগ্শা-। ২। ওয়ান্নাহা-রি ইযা- তাজ্বাল্লা-। ৩। ওয়ামা- খালাক্বায্ যাকারা ওয়াল্ উন্ছা~
(১) শপথ রাতের, যখন সে পৃথিবীকে আচ্ছাদন করে, (২) শপথ দিনের, যখন সে বিকশিত হয়, (৩) আর তাঁর শপথ, যিনি পুরুষ ও নারী সৃষ্টি করেছেন।

إِنَّ سَعْيَكُمْ لَشَتَّىٰ ﴿٤﴾ فَأَمَّا مَنْ أَعْطَىٰ وَٱتَّقَىٰ ﴿٥﴾ وَصَدَّقَ بِٱلْحُسْنَىٰ ﴿٦﴾

৪। ইন্না সা'ইয়াকুম লাশাত্তা-। ৫। ফাআম্মা-মান্ আ'ত্বা- ওয়াত্তাক্বা-। ৬। ওয়া স্বাদ্দাক্বা বিল্হুস্‌না-।
(৪) অবশ্যই তোমাদের চেষ্টা নানা ধরনের। (৫) অতঃপর যে দান করেছে ও পরহেজগারী অবলম্বন করেছে। (৬) আর উত্তম কথাকে সমর্থন করেছে,

فَسَنُيَسِّرُهُۥ لِلْيُسْرَىٰ ﴿٧﴾ وَأَمَّا مَنۢ بَخِلَ وَٱسْتَغْنَىٰ ﴿٨﴾ وَكَذَّبَ

৭। ফাসানুইয়াস্সিরুহূ লিল্ ইউস্রা-। ৮। ওয়া আম্মা- মাম্ বাখিলা ওয়াস্তাগনা-। ৯। ওয়া কায্যাবা
(৭) আমি তার পথ সহজ করে দিব, যাতে সে সহজে সফলকাম হতে পারে। (৮) আর যে কৃপণতা করেছে এবং নিজকে অমুখাপেক্ষী মনে করেছে, (৯) আর যা উত্তম

○ বিশ্লেষণ (আঃ ৮) ঃ ......فالهمها فجورها - অর্থাৎ মানুষদেরকে, রাসূল (স)-গণ এবং আসমানী কিতাব দ্বারা ভাল-মন্দ, নেককাজ ও গুনাহর কাজের বিস্তারিত বিবরণ জানিয়ে দিয়েছেন। (কুঃ কারীম) ○ টীকা (আঃ ১০) ঃ মানুষের যাবতীয় ভাল-মন্দ কাজের সৃষ্টিকর্তা আল্লাহ্ হলেও ভাল কাজগুলোর মাধ্যম ফেরেশতা এবং মন্দকাজগুলোর মাধ্যম শয়তান। এদের প্রেরণা ও প্ররোচনায় মানুষের মনে ভাল-মন্দ কাজের ইচ্ছা জাগায়, এই ইচ্ছা সম্পূর্ণরূপে মানুষের ক্ষমতাধীন বলেই মানুষ ভাল কাজে সওয়াবের এবং মন্দ কাজে আযাবের যোগ্য হয়ে থাকে। (বঃ কোঃ)
○ শানে নুযূল (আঃ ৭) ঃ ......فسنيسره - তফসীরকারদের মতে এ আয়াত হযরত আবু বকর (রা)-এর সম্পর্কে অবতীর্ণ হয়েছে। তিনি এমন ছয়জন গোলাম আজাদ করে দিয়েছিলেন, যাদেরকে মক্কার কাফিরেরা ঈমান গ্রহণের কারণে নিষ্ঠুরভাবে নির্যাতন করত। (ফতহুল কাদীর)

بِالْحُسْنٰى ⑩ فَسَنُيَسِّرُهٗ لِلْعُسْرٰى ⑪ وَمَا يُغْنِىْ عَنْهُ مَالُهٗۤ اِذَا تَرَدّٰى ۞

বিল্হুস্না-। ১০। ফাসানুইয়াস্সিরুহূ লিল্'উস্রা-। ১১। ওয়ামা- ইউগ্নী 'আন্হু মা-লুহূ~ইযা- তারাদ্দা-।
তা মিথ্যা জেনেছে। (১০) আমি তার জন্য সহজ করে দিব অধিকতর কঠিন পথকে। (১১) আর যখন সে পতিত হবে, তখন তার ধনসম্পদ তার কোনই উপকারে আসবে না।

اِنَّ عَلَيْنَا لَلْهُدٰى ⑫ وَاِنَّ لَنَا لَلْاٰخِرَةَ وَالْاُوْلٰى ⑬ فَاَنْذَرْتُكُمْ

১২। ইন্না 'আলাইনা- লালহুদা-। ১৩। ওয়া ইন্না লানা-লাল্ আ-খিরাতা ওয়াল্ উলা-। ১৪। ফাআন্যার্তুকুম
(১২) আমার দায়িত্বতো শুধু সঠিক পথ প্রদর্শন করা। (১৩) আর আমিইতো মালিক, পরকাল এবং ইহকালের, (১৪) আমি তোমাদেরকে

نَارًا تَلَظّٰى ⑭ لَا يَصْلٰهَاۤ اِلَّا الْاَشْقَى ⑮ الَّذِىْ كَذَّبَ وَتَوَلّٰى ۞

না-রান্ তালাজ্জা-। ১৫। লা- ইয়াস্বলা-হা~ইল্লাল্ আশ্ক্বাল্ ১৬। লাযী কায্যাবা ওয়া তাওয়াল্লা-।
লেলিহান অগ্নি সম্পর্কে সাবধান করে দিয়েছি। (১৫) তাতে শুধু প্রবেশ করবে সে দুর্ভাগা, (১৬) যে (আল্লাহর দ্বীনকে) অস্বীকার করে এবং প্রত্যাখ্যান করে।

وَسَيُجَنَّبُهَا الْاَتْقَى ⑰ الَّذِىْ يُؤْتِىْ مَالَهٗ يَتَزَكّٰى ⑱ وَمَا لِاَحَدٍ عِنْدَهٗ

১৭। ওয়া সাইউজান্নাবুহাল্ আতক্বা-। ১৮। আল্লাযী ইউ'তী মা-লাহূ ইয়াতাযাক্কা-। ১৯। ওয়ামা- লিআহাদিন 'ইন্দাহূ
(১৭) তা থেকে দূরে রাখা হবে প্রতি পরহেজগারগণকে, (১৮) যে নিজকে পরিশুদ্ধ করার জন্য তার সম্পদ দান করে, (১৯) আর কারো প্রতি নেই যে,

مِنْ نِّعْمَةٍ تُجْزٰىۤ ⑲ اِلَّا ابْتِغَآءَ وَجْهِ رَبِّهِ الْاَعْلٰى ⑳ وَلَسَوْفَ يَرْضٰى ۞

মিন নি'মাতিন তুজ্যা~ ২০। ইল্লাব্তিগা—আ ওয়াজ্হি রাব্বিহিল্ আ'লা-। ২১। ওয়া লাসাওফা ইয়ারদ্বা-।
যার প্রতিদান তাকে দিতে হবে। (২০) বরং শুধু মহান প্রতিপালকের সন্তুষ্টি অর্জনের জন্যই, (২১) আর সে তো অতিশীঘ্রই সন্তুষ্ট হবে।

১ রুকূ' ২১, ১৭ রুকূ

সূরা দুহা

মক্কী

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

বিসমিল্লা-হির রাহ্মা-নির রাহীম

পরম দাতা ও দয়ালু আল্লাহর নামে শুরু করছি

আয়াত ঃ ১১
রুকূ ঃ ১

وَالضُّحٰى ① وَالَّيْلِ اِذَا سَجٰى ② مَا وَدَّعَكَ رَبُّكَ وَمَا قَلٰى ۞

১। ওয়াদ্দুহা-। ২। ওয়াল্লাইলি ইযা- সাজা-। ৩। মা- ওয়াদ্দা'আকা রাব্বুকা ওয়ামা- ক্বালা-।
(১) শপথ মধ্য দিবসের; (২) শপথ নীরব (নিস্তব্ধ) রাতের, (৩) আপনার প্রতিপালক আপনাকে ত্যাগ করেন নি এবং অসন্তুষ্টও হননি।

وَلَلْاٰخِرَةُ خَيْرٌ لَّكَ مِنَ الْاُوْلٰى ④ وَلَسَوْفَ يُعْطِيْكَ رَبُّكَ

৪। ওয়া লাল্ আ-খিরাতু খাইরুল্ লাকা মিনাল্ উলা-। ৫। ওয়া লাসাওফা ইউ'ত্বীকা রাব্বুকা
(৪) ইহকালের চেয়ে নিশ্চয়ই আপনার জন্য পরকাল ভালো। (৫) শীঘ্রই আপনার প্রতিপালক আপনাকে (এমন কিছু) দান করবেন।

○ **সূরা আদ্ দোহা-এর শানে নুযূল ঃ** এ সূরাটি অবতীর্ণ হবার কারণ এই যে, যখন রাসূলুল্লাহ (স) মক্কা শরীফে ইসলামের দাওয়াত দিতে ছিলেন তখন মক্কা শরীফের লোকেরা, মদীনা শরীফের, ইয়াহুদীগণের নিকট এ বলে খবর প্রেরণ করে যে, আমাদের মধ্যে একজন লোক নবুওয়াতির দাবী করছেন। এ ব্যাপারে তোমাদের কিতাবের মধ্যে কি লেখা আছে, তা আমাদেরকে জানাও। যাতে আমরা তাকে যাচাই করতে পারি। ইয়াহুদীগণ বলে পাঠাল যে, তাঁর কাছে 'জুলকার নাইন' ও 'আসহাবে কাহাফের' বিবরণ ও ইতিহাস জিজ্ঞাসা কর। এর দ্বারা তার সত্যতা প্রকাশ পাবে। মক্কার লোকেরা রাসূলুল্লাহর (স)-এর কাছে এ সম্পর্কে জিজ্ঞাসা করল। তদুত্তরে তিনি (স) বললেন যে, "আমি আগামীকাল জবাব দিব।" কিন্তু তিনি ভুলে 'ইনশাআল্লাহ' (আল্লাহর ইচ্ছায়) বলেননি। এ কারণে দশ, পনের, অথবা চল্লিশ দিন পর্যন্ত তাঁর প্রতি কুরআন শরীফ অবতীর্ণ হয়নি। রাসূলুল্লাহ (স) তজ্জন্য দুঃখে মর্মাহত হলেন। আবু জাহল ও কাফিরগণ এতে এ বলে ঠাট্টা, উপহাস করতে লাগল। "তোমার খোদা তোমাকে পরিত্যাগ করেছেন।" এ প্রেক্ষিতে এ সূরাটি অবতীর্ণ হয়। (তাঃ আঃ হাই সিদ্দিকী)

فَتَرْضٰى ⑤ اَلَمْ يَجِدْكَ يَتِيْمًا فَاٰوٰى ⑥ وَوَجَدَكَ ضَآلًّا

ফাতারদ্বা-। ৬। আলাম ইয়াজিদ্কা ইয়াতীমান ফাআ-ওয়া-। ৭। ওয়া ওয়াজাদাকা দ্বা—ল্লান
আর আপনি খুশী হবেন। (৬) তিনি কি আপনাকে ইয়াতীমরূপে পেয়ে আশ্রয় দেননি? (৭) তিনি আপনাকে অনবহিত পেয়ে, আপনাকে (দ্বীন সম্পর্কে) সঠিক পথ

فَهَدٰى ⑦ وَوَجَدَكَ عَآئِلًا فَاَغْنٰى ⑧ فَاَمَّا الْيَتِيْمَ فَلَا تَقْهَرْ ۞

ফাহাদা-। ৮। ওয়া ওয়াজাদাকা 'আ—ইলান্ ফাআগ্না-। ৯। ফাআম্মাল্ ইয়াতীমা ফালা- তাক্বহার।
প্রদর্শন করলেন (জানিয়ে দিলেন), (৮) তিনি আপনাকে দরিদ্র অবস্থায় পেয়ে, অভাবমুক্ত করলেন। (৯) অতএব, আপনি ইয়াতীমদের প্রতি কঠোর হবেন না।

وَاَمَّا السَّآئِلَ فَلَا تَنْهَرْ ⑩ وَاَمَّا بِنِعْمَةِ رَبِّكَ فَحَدِّثْ ۞

১০। ওয়া আম্মাস সা—ইলা ফালা- তান্হার। ১১। ওয়া আম্মা- বিনি'মাতি রাব্বিকা ফাহাদ্দিছ্।
(১০) এবং আপনি ভিক্ষুককে ধমক দিবেন না। (১১) আপনি আপনার প্রতিপালকের অনুগ্রহের কথা বর্ণনা করুন।

১ রুকূ' ১১, ১৮ রুকূ

সূরা আলাম নাশরাহ

মক্কী

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

বিসমিল্লা-হির রাহ্মা-নির রাহীম

পরম দাতা ও দয়ালু আল্লাহর নামে শুরু করছি

আয়াত ঃ ৮
রুকূ ঃ ১

اَلَمْ نَشْرَحْ لَكَ صَدْرَكَ ① وَوَضَعْنَا عَنْكَ وِزْرَكَ ② الَّذِىْۤ اَنْقَضَ

১। আলাম নাশ্রাহ্ লাকা স্বাদ্রাকা। ২। ওয়া ওয়াদ্বা'না- 'আন্কা ওয়িয্রাক্ ৩। আল্লাযী~আন্ক্বাদ্বা
(১) আমি কি আপনার জন্য আপনার বক্ষ প্রসারিত করিনি? (২) আপনার থেকে আপনার ভার সরিয়ে দিয়েছি। (৩) যে ভার আপনার পৃষ্ঠকে

ظَهْرَكَ ③ وَرَفَعْنَا لَكَ ذِكْرَكَ ④ فَاِنَّ مَعَ الْعُسْرِ يُسْرًا ⑤ اِنَّ مَعَ

জাহ্রাক। ৪। ওয়া রাফা'না- লাকা যিক্রাক্। ৫। ফাইন্না মা'আল্ 'উস্রি ইউস্রান। ৬। ইন্না মা'আল
বাঁকা করে দিয়েছিল। (৪) আর আমি আপনার স্মরণ (নাম) সমুন্নত করেছি, (৫) দুঃখের সাথেই আছে শান্তি। (৬) নিশ্চয়ই

الْعُسْرِ يُسْرًا ⑥ فَاِذَا فَرَغْتَ فَانْصَبْ ⑦ وَاِلٰى رَبِّكَ فَارْغَبْ ۞

'উস্রি ইউস্রা-। ৭। ফাইযা- ফারাগ্তা ফান্স্বাব্। ৮। ওয়া ইলা- রাব্বিকা ফার্গাব।
দুঃখের সাথেই আছে শান্তি। (৭) যখন অবসর পাও তখন ইবাদাতে মেহনত (কষ্ট) করো। (৮) আর আপনার প্রতিপালকের দিকে মন নিবিষ্ট করুন।

১ রুকূ' ৮, ১৯ রুকূ

○ **সূরা ইনশিরাহ-এর শানে নুযূল ঃ** রাসূলুল্লাহ (স) একবার আল্লাহ তায়ালার দরবারে আরজ করেন, হে আল্লাহ! আপনি হযরত ইব্রাহীম (আ)-কে খলীলুল্লাহ (আল্লাহর বন্ধু) উপাধিতে ভূষিত করেছেন। হযরত মূসা (আ)-কে কালিমুল্লাহ (আল্লাহর সাথে কথোপকথনকারী) নামে অভিহিত করেছেন। হযরত দাউদ (আ)-এর জন্য লোহা ও পর্বত বশীভূত করে দিয়েছেন এবং হযরত সোলায়মান (আ)-এর জন্য বায়ু, জ্বীন ও অগ্নিকে বশীভূত করে দিয়েছেন। অনুরূপভাবে আপনি আপনার পক্ষ থেকে আমার জন্য বিশেষভাবে কি দান করেছেন? তখন এ সূরাটি অবতীর্ণ হয়। (তাঃ আঃ হাই সিদ্দিকী) ○ **টীকা (আঃ ১) ঃ** অর্থাৎ, আমি আপনাকে ব্যাপক ধর্মজ্ঞান, প্রচুর সহিষ্ণুতা এবং ধৈর্য দান করেছি, যেন প্রতিপক্ষ হতে আগত প্রতিবন্ধকতায় ও অত্যাচারে অস্থির না হন। (বঃ কোনঃ) ○ **টীকা (আঃ ২) ঃ** অর্থাৎ, গুনাহজনিত চিন্তার বোঝা। হুযূর (স) নিষ্পাপ ছিলেন, কিন্তু কোন কোন মোবাহ্ কাজ তিনি সঙ্গত বলে করতেন, পরে তা অসঙ্গত প্রতিপন্ন হলে তাতে তিনি চিন্তিত হতেন। তিনি আল্লাহর হাবীব, তাঁর অস্বস্তির দরুন আল্লাহ বলেন, আপনার উক্ত বোঝা অপসারিত করেছি। (বঃ কোঃ) ○ **বিশ্লেষণ (আঃ ৪) ঃ** ورفعنا لك ذكرك অর্থাৎ হে নবী! যেখানে আল্লাহ তায়ালার নাম স্মরণ করা হয়, সেখানে আপনার নামও স্মরণ করা হয়। যেমন আজান, নামাজের তাশাহুদ পাঠে। (কুঃ কারীম) ○ **টীকা (আঃ ৬) ঃ** হাদীসে কুদসীতে আছে, আমার নামের সঙ্গে আপনার নামও উচ্চারিত হয়। আর খোৎবা, তাশাহহুদ, নামায, আযান ও একামত ইত্যাদিতে আল্লাহর নামের সাথেই হুযূর (স)-এর নাম উচ্চারণের বিধান রয়েছে। সুতরাং আল্লাহর পরেই তাঁর মর্যাদা সর্বোচ্চ। (বঃ কোঃ)

সূরা তীন
মক্কী

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ
বিসমিল্লা-হির রাহ্মা-নির রাহীম
পরম দাতা ও দয়ালু আল্লাহ্র নামে শুরু করছি

আয়াত ঃ ৮
রুকূ ঃ ১

وَالتِّيْنِ وَالزَّيْتُوْنِ ۝١ وَطُوْرِ سِيْنِيْنَ ۝٢ وَهٰذَا الْبَلَدِ الْاَمِيْنِ ۝٣

১। ওয়াত্তীনি ওয়ায্যাইতূনি ২। ওয়া তূরি সীনীনা। ৩। ওয়া হা-যাল্ বালাদিল্ আমীন।
(১) শপথ তীনের ও যয়তুনের, (২) শপথ সিনাই পাহাড়ের, (৩) আর শপথ এ নিরাপদ (মক্কা) শহরের;

لَقَدْ خَلَقْنَا الْاِنْسَانَ فِيْٓ اَحْسَنِ تَقْوِيْمٍ ۝٤ ثُمَّ رَدَدْنٰهُ اَسْفَلَ سٰفِلِيْنَ ۝٥

৪ : লাক্বাদ্ খালাক্বনাল্ ইনসা-না ফী~আহ্সানি তাক্বওয়ীম। ৫। ছুম্মা রাদাদ্না-হু আস্ফালা সা-ফিলীন।
(৪) নিশ্চয়ই আমি মানুষকে সৃষ্টি করেছি, অতি উৎকৃষ্ট আকৃতিতে, (৫) অতঃপর তাকে আমি নীচুর থেকে নীচু করে দেই।

اِلَّا الَّذِيْنَ اٰمَنُوْا وَعَمِلُوا الصّٰلِحٰتِ فَلَهُمْ اَجْرٌ غَيْرُ مَمْنُوْنٍ ۝٦

৬। ইল্লাল লাযীনা আ-মানূ ওয়া'আমিলুস্ব স্বা-লিহা-তি ফালাহুম আজ্রুন্ গাইরু মামনূন।
(৬) কিন্তু যারা ঈমান আনে ও নেক আমল করে, তারা ব্যতীত তাদের জন্য রয়েছে অফুরন্ত প্রতিদান,

فَمَا يُكَذِّبُكَ بَعْدُ بِالدِّيْنِ ۝٧ اَلَيْسَ اللّٰهُ بِاَحْكَمِ الْحٰكِمِيْنَ ۝٨

৭। ফামা- ইউকায্যিবুকা বা'দু বিদ্দীন। ৮। আলাইসাল্লা-হু বিআহ্কামিল্ হা-কিমীন।
(৭) অতএব বিচার দিবস কিয়ামত সম্পর্কে অবিশ্বাস করতে তোমাকে উদ্বুদ্ধ করে? (৮) আল্লাহ কি সব ফয়সালাকারীর চেয়ে শ্রেষ্ঠ ফয়সালাকারী নন?

সূরা 'আলা-ক্ব
মক্কী

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ
বিসমিল্লা-হির রাহ্মা-নির রাহীম
পরম দাতা ও দয়ালু আল্লাহ্র নামে শুরু করছি

আয়াত ঃ ১৯
রুকূ ঃ ১

اِقْرَاْ بِاسْمِ رَبِّكَ الَّذِيْ خَلَقَ ۝١ خَلَقَ الْاِنْسَانَ مِنْ عَلَقٍ ۝٢ اِقْرَاْ وَرَبُّكَ

১। ইক্বরা' বিস্মি রাব্বিকাল্ লাযী খালাক্ব। ২। খালাক্বাল ইন্সা-না মিন্ 'আলাক্ব। ৩। ইক্বরা', ওয়া রাব্বুকাল্
(১) পাঠ করুন, আপনার সে রবের নামে, যিনি আপনাকে সৃষ্টি করেছেন (২) যিনি মানুষ সৃষ্টি করেছেন জমাটবদ্ধ রক্ত হতে। (৩) পাঠ করুন আর আপনার রব

الْاَكْرَمُ ۝٣ الَّذِيْ عَلَّمَ بِالْقَلَمِ ۝٤ عَلَّمَ الْاِنْسَانَ مَا لَمْ يَعْلَمْ ۝٥ كَلَّآ اِنَّ

আক্রামুল্ ৪। লাযী 'আল্লামা বিল্ক্বালাম। ৫। 'আল্লামাল্ ইন্সা-না মা-লাম্ ই'য়ালাম। ৬। কাল্লা~ইন্নাল্
হচ্ছেন অতি মহান। (৪) তিনি কলমের দ্বারা শিখায়েছেন। (৫) যিনি মানুষকে তা শিখায়েছেন, যা সে জানত না। (৬) কিন্তু না

✪ সূরা আলাকের শানে নুযূল ঃ অধিকাংশ আলেমের মতে, কুরআন মাজীদের প্রথম অবতীর্ণ আয়াত, এ সূরার প্রথম পাঁচ আয়াত। এ আয়াতসমূহ অবতীর্ণের প্রেক্ষাপট এই যে, রাসূলুল্লাহ (স) হেরা পর্বতে বসা অবস্থায়, বা দাঁড়ান অবস্থায় ছিলেন। অকস্মাৎ হযরত জিবরাঈল (আ) রাসূলুল্লাহ (স)-এর কাছে হাজির হলেন এবং বললেন, হে মুহাম্মদ! (স) আল্লাহ তায়ালা আমাকে আপনার কাছে প্রেরণ করেছেন। আপনি আল্লাহর রাসূল, এ উম্মতের জন্য। অতঃপর বললেন, "ইক্রা'! (পড়ুন!) রাসূলুল্লাহ (স) বললেন, আমি পড়তে জানি না। অতঃপর জিবরাঈল (আ) খুবজোরে রাসূলুল্লাহ (স)-কে আলিঙ্গন করেন, (বুকে জড়িয়ে ধরেন) এবং ছেড়ে দিলেন। তারপর বললেন, 'পড়ুন' তিনি অনুরূপ জবাব দিলেন। পুনরায় জিবরাঈল (আ) তাঁকে বুকে জড়িয়ে ধরলেন এবং ছেড়ে দিলেন এবং বললেন, اقرأ باسم ربك الذي خلق অর্থাৎ পড়ুন, আপনার প্রতিপালকের নামে, যিনি সৃষ্টি করেছেন। (তাঃ কাদেরী)

الْاِنْسَانَ لَيَطْغٰٓى ۝٦ اَنْ رَّاٰهُ اسْتَغْنٰى ۝٧ اِنَّ اِلٰى رَبِّكَ الرُّجْعٰى ۝٨ اَرَءَيْتَ

ইনসা-না লাইয়াত্বগা~৭। আররাআ-হুস্ তাগ্না-। ৮। ইন্না ইলা- রাব্বিকার্ রুজ্'আ-। ৯। আরাআইতাল
বরং মনুষ্যতো সীমা অতিক্রম করেই চলছে, (৭) কারণ সে নিজেকে স্বয়ংসম্পূর্ণ মনে করছে। (৮) আপনার রবের কাছে সবাইকেই ফিরে যেতে হবে। (৯) আপনি কি তাকে

الَّذِيْ يَنْهٰى ۝٩ عَبْدًا اِذَا صَلّٰى ۝١٠ اَرَءَيْتَ اِنْ كَانَ عَلَى الْهُدٰٓى ۝١١ اَوْ اَمَرَ

লাযী ইয়ানহা- ১০। 'আব্দান ইযা- স্বাল্লা-। ১১। আরাআইতা ইন কা-না 'আলাল্ হুদা~। ১২। আও আমারা
দেখেছেন, যে বারণ করে, (১০) এক বান্দাকে যখন সে নামাজ আদায় করে? (১১) আচ্ছা আপনি কি চিন্তা করে দেখেছেন, যদি সে সঠিক পথে থাকে। (১২) অথবা নির্দেশ দেয়

بِالتَّقْوٰى ۝١٢ اَرَءَيْتَ اِنْ كَذَّبَ وَتَوَلّٰى ۝١٣ اَلَمْ يَعْلَمْ بِاَنَّ اللّٰهَ يَرٰى ۝١٤

বিত্তাক্বওয়া-। ১৩। আরাআইতা ইন্ কায্যাবা ওয়া তাওয়াল্লা-। ১৪। আলাম ই'য়ালাম্ বিআন্নাল্লা-হা ইয়ারা-।
পরহেজগারীর? (১৩) আপনি কি চিন্তা করে দেখেছেন, যদি সে মিথ্যা বলে। আর সত্য প্রত্যাখান করে? (১৪) সে কি জানে না যে, নিশ্চয়ই আল্লাহ সব কিছু দেখেন?

كَلَّا لَئِنْ لَّمْ يَنْتَهِ ۙ لَنَسْفَعًا بِالنَّاصِيَةِ ۝١٥ نَاصِيَةٍ كَاذِبَةٍ خَاطِئَةٍ ۝١٦ فَلْيَدْعُ

১৫। কাল্লা- লাইল্ লাম ইয়ান্তাহি লানাস্ফা'আম্ বিন্না-স্বিয়াহ্। ১৬। না-ছিয়াতিন্ কা-যিবাতিন্ খা-ত্বিআহ্। ১৭। ফাল্ইয়াদ্'উ
(১৫) কিন্তু না, সে যদি তার অন্যায় কাজ থেকে বিরত না হয়, তবে আমি মাথার সম্মুখস্থ চুল ধরে সজোরে অবশ্যই টানব, (১৬) যা মিথ্যাবাদী ও পাপিষ্ঠের মাথার সম্মুখস্থ চুল। (১৭) তারপর সে যেন তার সাথীদেরকে

সিজদাহ

نَادِيَهٗ ۝١٧ سَنَدْعُ الزَّبَانِيَةَ ۝١٨ كَلَّا ۗ لَا تُطِعْهُ وَاسْجُدْ وَاقْتَرِبْ ۝١٩

না-দিয়াহ্, ১৮। সানাদ্'উয্ যাবা-নিয়াহ্ ১৯। কাল্লা; লা-তু'ত্বিহু ওয়াস্জুদ্ ওয়াক্বতারিব্।
ডাক, (১৮) আমি তখন ডাকব জাহান্নামের প্রহরীকে, (১৯) কখনই না, আপনি তার কথা শোনবে না এবং আপনি সিজদা করুন। আর (আল্লাহর) নৈকট্য অর্জন করুন।

সূরা ক্বাদর
মক্কী

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ
বিসমিল্লা-হির রাহ্মা-নির রাহীম
পরম দাতা ও দয়ালু আল্লাহ্র নামে শুরু করছি

আয়াত ঃ ৫
রুকূ ঃ ১

اِنَّآ اَنْزَلْنٰهُ فِيْ لَيْلَةِ الْقَدْرِ ۝١ وَمَآ اَدْرٰىكَ مَا لَيْلَةُ الْقَدْرِ ۝٢

১। ইন্না~আন্যাল্না-হু ফী লাইলাতিল্ ক্বাদ্রি। ২। ওয়ামা~আদ্রা-কা মা- লাইলাতুল্ ক্বাদ্রি।
(১) নিশ্চয়ই আমি কদরের সম্মানিত রাতে কুরআন অবতীর্ণ করেছি। (২) আপনি কি জানেন, কদরের রাত কি?

لَيْلَةُ الْقَدْرِ ۙ خَيْرٌ مِّنْ اَلْفِ شَهْرٍ ۝٣ تَنَزَّلُ الْمَلٰٓئِكَةُ وَالرُّوْحُ

৩। লাইলাতুল্ ক্বাদ্রি খাইরুম্ মিন্ আল্ফি শাহ্রিন। ৪। তানায্যালুল্ মালা—ইকাতু ওয়ার্রূহ
(৩) কদরের রাত হাজার মাসের চেয়ে শ্রেষ্ঠ। (৪) সে রাতে প্রতিটি কাজের (সুষ্ঠু ব্যবস্থাপনার) জন্য ফেরেশতা ও রূহ

১ বিশ্লেষণ (আঃ ৯) ঃ ينهى عبدا..... - তফসীরকারদের মতে, বাধা প্রদানকারী আবু জাহল, যে ইসলামের দুশমন। আর عبدا - বান্দা দ্বারা রাসূলুল্লাহ (স)-কে বুঝানো হয়েছে (কুঃ কারীম) ✪ সূরা কদরের শানে নুযূল ঃ একবার রাসূলুল্লাহ (স) বনী ইসরাইলের একজন সাধকের কথা আলোচনা করেন। যিনি একহাজার মাস যাবত দিনের বেলা রোজা রেখে আল্লাহর রাস্তায় যুদ্ধ করতেন এবং রাত জেগে আল্লাহর ইবাদাত করতেন। এ কথা শুনে সাহাবা (রা)-গণ খুব নিরাশ হয়ে পড়লেন। তারা বললেন, আমাদের বয়স পূর্বের উম্মতগণের তুলনায় খুবই কম। আমরা কিভাবে তাঁদের মত নেকআমল করে সওয়াব অর্জন করব। এ প্রেক্ষিতে এ সূরাটি অবতীর্ণ হয়। যাতে রাসূলুল্লাহ (স)-এর উম্মতগণের মর্যাদার কথা আল্লাহ ঘোষণা করেন। (আসহাবুন নুযুল)

فِيهَا بِإِذْنِ رَبِّهِمْ مِنْ كُلِّ أَمْرٍ ۝ سَلَامٌ هِيَ حَتَّى مَطْلَعِ الْفَجْرِ ۝

ফীহা- বিইয্নি রাব্বিহিম, মিন্ কুল্লি আমরিন। ৫। সালা-মুন্, হিয়া হাত্তা- মাত্লা'ইল্ ফাজ্‌রি।

(জিবরাঈল) তাদের প্রতিপালকের আদেশে অবতীর্ণ হয়। (৫) শান্তি (আল্লাহর বিশেষ অনুগ্রহ) সে রাতে ফজর পর্যন্ত।

সূরা বাইয়্যিনাহ মাদানী

بِسْمِ اللَّهِ الرَّحْمَٰنِ الرَّحِيمِ

বিসমিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম

পরম দাতা ও দয়ালু আল্লাহ্‌র নামে শুরু করছি

আয়াত ঃ ৮ রুকূ ঃ ১

لَمْ يَكُنِ الَّذِينَ كَفَرُوا مِنْ أَهْلِ الْكِتَابِ وَالْمُشْرِكِينَ مُنْفَكِّينَ

১। লাম ইয়াকুনিল্ লাযীনা কাফারূ মিন্ আহ্‌লিল্ কিতা-বি ওয়াল্ মুশ্‌রিকীনা মুন্‌ফাক্কীনা

(১) কিতাবীগণের মধ্যে যারা অবিশ্বাসী (কাফির) এবং মুশরিকরা, তারা তাদের পথ থেকে বিচ্ছিন্ন হয়ে (সরে) যাবার মতো ছিলনা

حَتَّى تَأْتِيَهُمُ الْبَيِّنَةُ ۝ رَسُولٌ مِنَ اللَّهِ يَتْلُو صُحُفًا مُطَهَّرَةً ۝ فِيهَا

হাত্তা- তা'তিয়াহুমুল বাইয়্যিনাহ্। ২। রাসূলুম্ মিনাল্লা-হি ইয়াত্‌লূ স্বুহুফাম্ মুত্বাহ্‌হারাহ্। ৩। ফীহা-

যতক্ষণ না তাদের কাছে প্রকাশ্য প্রমাণ উপস্থিত হয়, (২) আল্লাহর পক্ষ হতে একজন রাসূল যিনি পাঠ করেন পবিত্র কিতাব, (৩) যাতে

كُتُبٌ قَيِّمَةٌ ۝ وَمَا تَفَرَّقَ الَّذِينَ أُوتُوا الْكِتَابَ إِلَّا مِنْ بَعْدِ مَا جَاءَتْهُمُ

কুতুবুন ক্বায়্যিমাহ্। ৪। ওয়ামা- তাফাররাক্বাল্ লাযীনা উতুল কিতা-বা ইল্লা- মিম্ 'বা'দি মা- জ্বা—আত্‌হুমুল্

থাকবে সঠিক বিধানাবলি (৪) যাদেরকে কিতাব দেয়া হয়েছিল, তাদের কাছে প্রকাশ্য প্রমাণ পৌছার পরে তারা বিভক্ত

الْبَيِّنَةُ ۝ وَمَا أُمِرُوا إِلَّا لِيَعْبُدُوا اللَّهَ مُخْلِصِينَ لَهُ الدِّينَ حُنَفَاءَ

বাইয়্যিনাহ্। ৫। ওয়ামা~উমিরূ~ইল্লা- লি'য়াবুদুল্লা-হা মুখ্‌লিস্বীনা লাহুদ্‌দীনা, হুনাফা—আ

হয়ে পড়ল। (৫) তাদেরকে শুধু এ নির্দেশই দেয়া হয়েছিল যে, তারা যেন আন্তরিকভাবে আল্লাহর ইবাদাত করে, তাঁরই আনুগত্যে একনিষ্ঠ হয়ে,

وَيُقِيمُوا الصَّلَاةَ وَيُؤْتُوا الزَّكَاةَ ۚ وَذَٰلِكَ دِينُ الْقَيِّمَةِ ۝ إِنَّ الَّذِينَ

ওয়া ইউক্বীমুস্ব স্বালা-তা ওয়া ইউ'তুয্ যাকা-তা ওয়া যা-লিকা দীনুল ক্বাইয়্যিমাহ্। ৬। ইন্নাল্লাযীনা

এবং নামাজ কায়েম করে এবং যাকাত আদায় করে। আর এটাই হচ্ছে সঠিক দ্বীন (বিধান)। (৬) কিতাবীগণের মধ্যে যারা

كَفَرُوا مِنْ أَهْلِ الْكِتَابِ وَالْمُشْرِكِينَ فِي نَارِ جَهَنَّمَ خَالِدِينَ فِيهَا ۚ أُولَٰئِكَ

কাফারূ মিন আহ্‌লিল্ কিতা-বি ওয়াল্ মুশ্‌রিকীনা ফী না-রি জ্বাহান্নামা খা-লিদীনা ফীহা- ; উলা—ইকা

অবিশ্বাসী (কাফির) তারা, আর মুশরিকরা চিরদিন জাহান্নামের আগুনে জ্বলবে, তারাই

○ সূ। বাইয়েনার শানে নুযুল ঃ রাসূলুল্লাহ (স)-এর নবুওয়াতের পূর্বে ইয়াহুদ ও নাসারা এ কামনা করেছিল যে, যদি সর্বশেষ নবী আগমন করেন, তবে আমরা সবাই তাঁর উপর ঈমান আনব। কিন্তু যখন রাসূলুল্লাহ (স) আগমন করেন, তখন তাদের মধ্য হতে কতিপয় ব্যক্তি ছাড়া, আর কেউই রাসূলুল্লাহ (স)-এর প্রতি ঈমান আনেনি। তাদের অবস্থার বর্ণনার জন্য এ সূরাটি অবতীর্ণ হয়। (আসবাব) ○ টীকা (আঃ ৪) ঃ ইহুদী নাছারাগণ সত্যধর্ম সম্বন্ধে তো মতভেদে লিপ্ত আছেই, তৎসঙ্গে তাদের পুরাতন মতভেদসমূহও বহাল রয়েছে, সত্যধর্মের আলোকে তারা এই মতভেদসমূহ দূর করে নেই। (বঃ কোঃ) ○ টীকা (আঃ ৬) ঃ এর ভিতরে কোরআন এবং হযরত মোহাম্মদ (স)-এর উপর ঈমান আনাও শামিল রয়েছে, পূর্ববর্তী গ্রন্থসমূহে এসমস্ত আহকাম ছিল, এবং কোরআনের শিক্ষাও এটাই এবং একেই "কুতুবুন কাইয়্যিমাহ" বলা হয়েছে। (বঃ কোঃ)

هُمْ شَرُّ الْبَرِيَّةِ ۝ إِنَّ الَّذِينَ آمَنُوا وَعَمِلُوا الصَّالِحَاتِ أُولَٰئِكَ هُمْ خَيْرُ

হুম শাররুল্ বারিয়্যাহ্। ৭। ইন্নাল্লাযীনা আ-মানূ ওয়া 'আমিলুস্ব স্বা-লিহা-তি উলা—ইকাহুম খাইরুল্

সৃষ্টির (মধ্যে) অতি নিকৃষ্ট। (৭) নিশ্চয়ই যারা ঈমান আনে এবং নেক আমল করে, তারা সৃষ্টির (মধ্যে)

الْبَرِيَّةِ ۝ جَزَاؤُهُمْ عِنْدَ رَبِّهِمْ جَنَّاتُ عَدْنٍ تَجْرِي مِنْ تَحْتِهَا الْأَنْهَارُ

বারিয়্যাহ্। ৮। জ্বাযা—উহুম 'ইন্দা রাব্বিহিম জ্বান্না-তু 'আদ্‌নিন্ তাজ্বরী মিন্ তাহ্‌তিহাল্ আন্‌হা-রু

সর্বোত্তম। (৮) তাদের পুরস্কার রয়েছে, তাদের রবের নিকট স্থায়ী জান্নাত, যার তলদেশে নহরসমূহ প্রবাহিত, সেখানে তারা

خَالِدِينَ فِيهَا أَبَدًا ۖ رَضِيَ اللَّهُ عَنْهُمْ وَرَضُوا عَنْهُ ۚ ذَٰلِكَ لِمَنْ خَشِيَ رَبَّهُ ۝

খা-লিদীনা ফীহা~আবাদা-; (৯) রাদ্বিয়াল্লা-হু 'আনহুম ওয়া রাদ্বূ 'আনহু ; যা-লিকা লিমান খাশিয়া রাব্বাহূ।

সর্বদা বসবাস করবে। (৯) আল্লাহ তাদের প্রতি সন্তুষ্ট এবং তারাও আল্লাহর প্রতি খুশী। এটি তার জন্যই যে আল্লাহকে ভয় করে।

সূরা যিলযা-ল মাদানী

بِسْمِ اللَّهِ الرَّحْمَٰنِ الرَّحِيمِ

বিসমিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম

পরম দাতা ও দয়ালু আল্লাহ্‌র নামে শুরু করছি

আয়াত ঃ ৮ রুকূ ঃ ১

إِذَا زُلْزِلَتِ الْأَرْضُ زِلْزَالَهَا ۝ وَأَخْرَجَتِ الْأَرْضُ أَثْقَالَهَا ۝ وَقَالَ

১। ইযা- যুল্‌যিলাতিল্ আরদ্বু যিল্‌যা-লাহা-। ২। ওয়া আখ্‌রাজ্বাতিল্ আরদ্বু আছ্‌ক্বা-লাহা-। ৩। ওয়া ক্বা-লাল্

(১) যখন পৃথিবী তার কম্পনে কম্পিত হতে থাকবে। (২) আর যখন পৃথিবী তার বোঝা বের করে দিবে, (৩) আর মানুষ

الْإِنْسَانُ مَا لَهَا ۝ يَوْمَئِذٍ تُحَدِّثُ أَخْبَارَهَا ۝ بِأَنَّ رَبَّكَ أَوْحَىٰ

ইন্‌সা-নু মা-লাহা-। ৪। ইয়াওমাইযিন্ তুহাদ্দিছু আখ্‌বা-রাহা-। ৫। বিআন্না রাব্বাকা আওহা-

(এ ভয়ানক অবস্থা দেখে) বলবে, এর হল কী? (৪) সেদিন সে তার বিবরণ বর্ণনা করবে, (৫) কারণ, তোমার প্রতিপালক তাকে সেভাবে

لَهَا ۝ يَوْمَئِذٍ يَصْدُرُ النَّاسُ أَشْتَاتًا لِيُرَوْا أَعْمَالَهُمْ ۝ فَمَنْ

লাহা-। ৬। ইয়াওমাইযিই ইয়াস্বদুরুন্ না-সু আশ্‌তা-তাল্ লিইউরাও আ'মা-লাহুম। ৭। ফামাই

আদেশ দিবেন। (৬) সেদিন মানুষ নানা দলে বিভক্ত হয়ে ফিরে আসবে, কারণ তাদেরকে তাদের আমলসমূহ দেখান হবে। (৭) যে

يَعْمَلْ مِثْقَالَ ذَرَّةٍ خَيْرًا يَرَهُ ۝ وَمَنْ يَعْمَلْ مِثْقَالَ ذَرَّةٍ شَرًّا يَرَهُ ۝

ই'য়ামাল মিছ্‌ক্বা-লা যাররাতিন খাইরাই ইয়ারাহূ। ৮। ওয়া মাই ই'য়ামাল মিছ্‌ক্বা-লা যাররাতিন শাররাই ইয়ারাহ্।

অণু পরিমাণ নেক কাজ করে তা সে দেখতে পাবে। (৮) আর যে অণু পরিমাণ খারাপ কাজ করে, সেও তা দেখতে পাবে।

○ বিশ্লেষণ (আঃ ৪) ঃ يومئذ تحدث اخبارها - হাদীস শরীফে বর্ণিত, রাসূলুল্লাহ (স) এ আয়াত পাঠ করেন এবং সাহাবাগণকে জিজ্ঞাসা করেন, তোমরা কি জান, পৃথিবীর বিবরণ দেয়ার অর্থ কি? সাহাবা (রা)-গণ জবাব দিলেন যে, আল্লাহ ও তাঁর রাসূল এ ব্যাপারে ভাল জানেন। রাসূলুল্লাহ (স) বলেন, বান্দা (পুরুষ ও নারী) পৃথিবীতে বসে যা কিছুই করবে, কিয়ামতে পৃথিবী তার সাক্ষী দিবে। বলবে, অমুক অমুক ব্যক্তি অমুক অমুক সময়ে অমুক অমুক কাজ করেছে। (কুঃ কাঃ) ○ বিশ্লেষণ (আঃ ৫) ঃ ربك اوحى لها - অর্থাৎ পৃথিবীকে কথা বলার শক্তি আল্লাহ দান করবেন। এতে আশ্চর্য হবার কিছুই নাই। যেভাবে আল্লাহ মানুষের অঙ্গ প্রত্যঙ্গকে কথা বলার শক্তি দান করবেন, অনুরূপভাবে পৃথিবীকেও কথা বলার শক্তি দান করবেন। (কুঃ কারীম)

⑥فَاَمَّا مَنْ ثَقُلَتْ مَوَازِيْنُهٗ ⑦فَهُوَ فِيْ عِيْشَةٍ رَّاضِيَةٍ ⑧وَاَمَّا مَنْ خَفَّتْ

৬। ফাআম্মা- মান্ ছাকুলাত্ মাওয়া-যীনুহূ। ৭। ফাহুওয়া ফী 'ঈশাতির্ রা-দ্বিয়াহ্। ৮। ওয়া আম্মা- মান্ খাফ্ফাত্

(৬) তখন যার (নেকের) পাল্লা ওজনে ভারী হবে। (৭) সে পাবে এক সুখী (আরামদায়ক) জীবন। (৮) আর যার (নেকের) পাল্লা ওজনে

مَوَازِيْنُهٗ ⑨فَاُمُّهٗ هَاوِيَةٌ ⑩وَمَآ اَدْرٰىكَ مَا هِيَهْ ⑪نَارٌ حَامِيَةٌ ۝

মাওয়া-যীনুহূ ৯। ফাউম্মুহূ হা-ওয়ীয়াহ্। ১০। ওয়ামা~আদ্রা-কা মা-হিয়াহ্। ১১। না-রুন্ হা-মিয়াহ্।

হালকা হবে (৯) তার (অবস্থানের) জায়গা হবে হাবিয়া। (১০) আপনি কি জানেন, হাবিয়া কি? (১১) তা (হাবিয়া) হচ্ছে অতি উত্তপ্ত অগ্নি।

সূরা তাকাছুর মক্কী | بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ বিসমিল্লা-হির রাহ্মা-নির রাহীম পরম দাতা ও দয়ালু আল্লাহর নামে শুরু করছি | আয়াত ঃ ৮ রুকূ ঃ ১

①اَلْهٰىكُمُ التَّكَاثُرُ ②حَتّٰى زُرْتُمُ الْمَقَابِرَ ③كَلَّا سَوْفَ تَعْلَمُوْنَ ④ثُمَّ

১। আল্হা-কুমুত তাকা-ছুরু ২। হাত্তা- যুরতুমুল্ মাক্বা-বির। ৩। কাল্লা- সাওফা 'তালামূন। ৪। ছুম্মা

(১) সম্পদের অধিক আসক্তি তোমাদেরকে গাফিল রেখেছে। (২) যতক্ষণ না তোমরা কবরে যাও। (৩) না, এভাবে ঠিক নয়, শীঘ্রই তোমরা জানতে পারবে। (৪) আবার বলছি,

كَلَّا سَوْفَ تَعْلَمُوْنَ ⑤كَلَّا لَوْ تَعْلَمُوْنَ عِلْمَ الْيَقِيْنِ ⑥لَتَرَوُنَّ الْجَحِيْمَ

কাল্লা- সাওফা 'তালামূন। ৫। কাল্লা- লাও 'তালামূনা 'ইল্মাল ইয়াক্বীন। ৬। লাতারাউন্নাল্ জ্বাহীমা

না এভাবে ঠিক নয়, শীঘ্রই তোমরা জানতে পারবে। (৫) কিছু না, যদি তোমরা নিশ্চিত জ্ঞান জানতে। (৬) নিশ্চয়ই তোমরা জাহান্নাম দেখবে।

⑦ثُمَّ لَتَرَوُنَّهَا عَيْنَ الْيَقِيْنِ ⑧ثُمَّ لَتُسْـَٔلُنَّ يَوْمَئِذٍ عَنِ النَّعِيْمِ ۝

৭। ছুম্মা লাতারা উন্নাহা- 'আইনাল্ ইয়াক্বীন। ৮। ছুম্মা লাতুস্আলুন্না ইয়াওমাইযিন্ 'আনিন্ না'ঈম।

(৭) আবার বলছি, তোমরা অবশ্যই তা দেখবে, প্রত্যয় দৃষ্টিতে। (৮) আর নিশ্চয়ই সেদিন তোমদেরকে জিজ্ঞাসা করা হবে, আল্লাহর নেয়ামত সম্পর্কে।

○ বিশ্লেষণ (আঃ ৯) ঃ هاوية - একটি জাহান্নামের নাম। এটিকে هاوية (হাবিয়া) এজন্য বলা হয় যে, জাহান্নামী এটির তলদেশে পতিত হবে এবং ام (মা) এজন্য বলা হয়েছে। যেমন– মা সন্তানের জন্য আশ্রয় স্থল, অনুরূপভাবে এটিও জাহান্নামীদের আশ্রয় স্থল (ঠিকানা)। (ইবন কাসীর) ○ বিশ্লেষণ (আঃ ১১) ঃ نار حامية - (প্রজ্বলিত অগ্নি) হাদীস শরীফে বর্ণিত 'মানুষ পৃথিবীতে যে অগ্নি প্রজ্বলিত করে, এটি জাহান্নামের অগ্নির সত্তরভাগের এক ভাগ। জাহান্নামের অগ্নি পৃথিবীর অগ্নির চেয়ে ৬৯ গুণ বেশী।' হাদীস শরীফে বর্ণিত জাহান্নাম তার রবের কাছে অভিযোগ জানাল যে, আমার এক অংশ অন্য অংশকে ভক্ষণ করছে। আল্লাহ তায়ালা জাহান্নামকে দুটি শ্বাস গ্রহণের নির্দেশ দিলেন। একটি গ্রীষ্মকালে আর একটি শীত কালে। পৃথিবীতে যে ভীষণ ঠান্ডা অনুভব হয়, তা জাহান্নামের শীতল শ্বাসেরই প্রভাব। আর যে প্রচন্ড গরম অনুভব হয়, তাও জাহান্নামের গরম শ্বাসেরই প্রভাব। (কুঃ কারীম)

○ সূরা তাকাছুরের শানে নুযূল ঃ এ সূরাটি কুরায়শ বংশের দুটি গোত্র, বনী আবদ মান্নাফ এবং বনী সাহমদ্বয়ের ব্যাপারে অবতীর্ণ হয়েছে। তারা উভয়ই একে অপরের উপর বংশের ও গোত্রের জনবলের এবং সম্পদের অহংকার করত। তারা একবার উভয় গোত্র জনবলের বড়াই করায়, নিজেদের গোত্রের লোকদের গণনা করল। গণনায় আবদে মান্নাফের লোক সংখ্যা অধিক হল। তখন সাহম গোত্রের লোকেরা বলল যে, আমাদের অনেক লোক যুদ্ধে নিহত হয়েছে। এজন্য প্রকৃত ও সঠিক গণনার জন্য জীবিত ও মৃত সবাইকেই গণনা করতে হবে এবং এ উদ্দেশ্যে তারা মৃতদেরকে গণনার জন্য কবরস্থানে উপস্থিত হয়েছিল। এ গণনায় বনী সাহম গোত্রের লোক অধিক হয়েছিল। এ প্রেক্ষিতে এ সূরাটি অবতীর্ণ হয়। (তাঃ কাদেরী, আসবাব) ○ টীকা (আঃ ২) ঃ কেনইবা ভুলাইয়া রাখিবে না? তোমরা তো পরকালের কথায় বিশ্বাসই কর না। বরং পার্থিব সম্পদে তোমাদের আত্মগরিমা হতেই বুঝা যায় যে, তোমাদের আসক্তি এবং ধন অর্জনের জন্য তোমাদের মনে অত্যাধিক আগ্রহ রয়েছে। ○ টীকা (আঃ ৮) ঃ সূরার প্রথমাংশের আয়াতগুলো কাফেরদিগকে লক্ষ্য করে বলা হয়েছে। আর শেষ আয়াতটি কাফের ও মু'মেন উভয়কে লক্ষ করে বলা হয়েছে। এক হাদীসে দেখা যায়, হুযূর (সঃ) হযরত আবু বকর (রা) ও ওমর (রা)-কে লক্ষ্য করে বলেছিলেন, "তোমরা অবশ্যই এই নেয়ামত সম্বন্ধে জিজ্ঞাসিত হবে।" (বঃ কোঃ)

সূরা 'আদিয়া-ত মক্কী | بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ বিসমিল্লা-হির রাহ্মা-নির রাহীম পরম দাতা ও দয়ালু আল্লাহর নামে শুরু করছি | আয়াত ঃ ১১ রুকূ ঃ ১

①وَالْعٰدِيٰتِ ضَبْحًا ②فَالْمُوْرِيٰتِ قَدْحًا ③فَالْمُغِيْرٰتِ صُبْحًا ④فَاَثَرْنَ

১। ওয়াল্ 'আ-দিয়া-তি দ্বাব্হান। ২। ফাল্ মূরিয়া-তি ক্বাদ্হান। ৩। ফাল্ মুগীরা-তি স্বুব্হা-। ৪। ফাআছারনা

(১) শপথ সে ঘোড়াগুলোর যারা দীর্ঘশ্বাসে দ্রুত বেগে দৌড়ায়। (২) আর শপথ যারা পদাঘাতে প্রস্তরের উপর আগুনের ফুলকি ছুটায়, (৩) আর শপথ তাদের যারা প্রভাতে হামলা চালায়। (৪) আর

بِهٖ نَقْعًا ⑤فَوَسَطْنَ بِهٖ جَمْعًا ⑥اِنَّ الْاِنْسَانَ لِرَبِّهٖ لَكَنُوْدٌ ⑦وَاِنَّهٗ عَلٰى ذٰلِكَ

বিহী নাক্ব'আন্ ৫। ফাওয়াসাত্বনা বিহী জ্বাম্'আ-। ৬। ইন্নাল্ ইন্সা-না লিরাব্বিহী লাকানূদ্। ৭। ওয়া ইন্নাহূ 'আলা- যা-লিকা

তার সাথে তারা ধুলোবালি উড়ায়। (৫) আর তারা শত্রু বাহিনীর মাঝে প্রবেশ করে। (৬) নিশ্চয়ই মানুষ তার প্রতিপালকের প্রতি অকৃতজ্ঞ। (৭) আর এ সম্পর্কে

لَشَهِيْدٌ ⑧وَاِنَّهٗ لِحُبِّ الْخَيْرِ لَشَدِيْدٌ ⑨اَفَلَا يَعْلَمُ اِذَا بُعْثِرَ مَا فِي

লাশাহীদ। ৮। ওয়া ইন্নাহূ লিহুব্বিল্ খাইরি লাশাদীদ্। ৯। আফালা- ই'য়ালামু ইযা- 'বুছিরা মা-ফিল্

সে নিজেই সাক্ষী। (৮) আর নিশ্চয়ই সে (মানুষ) সম্পদের ভালোবাসায় বিভোর। (৯) সে কি জানে না যে, যখন কবরে যা আছে তা বের

الْقُبُوْرِ ⑩وَحُصِّلَ مَا فِي الصُّدُوْرِ ⑪اِنَّ رَبَّهُمْ بِهِمْ يَوْمَئِذٍ لَّخَبِيْرٌ ۝

ক্বুবূর। ১০। ওয়া হুস্বস্বিলা মা- ফিস্ব স্বুদূর, ১১। ইন্না রাব্বাহুম বিহিম ইয়াওমাইযিল্ লাখাবীর।

হয়ে আসবে (১০) আর অন্তরে যা আছে তা প্রকাশ করা হবে? (১১) নিশ্চয়ই সেদিন তাদের প্রতিপালক তাদের ব্যাপারে পূর্ণ অবগত আছেন।

সূরা ক্বা-রিয়াহ মক্কী | بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ বিসমিল্লা-হির রাহ্মা-নির রাহীম পরম দাতা ও দয়ালু আল্লাহর নামে শুরু করছি | আয়াত ঃ ১১ রুকূ ঃ ১

①اَلْقَارِعَةُ ②مَا الْقَارِعَةُ ③وَمَآ اَدْرٰىكَ مَا الْقَارِعَةُ ④يَوْمَ يَكُوْنُ النَّاسُ

১। আল্ ক্বা-রি'আতু ২। মাল্ ক্বা-রি'আহ্। ৩। ওয়ামা~আদ্রা-কা মাল্ ক্বা-রি'আহ্। ৪। ইয়াওমা ইয়াকূনুন্ না-সু

(১) মহা প্রলয়, (২) মহা প্রলয় কি? (৩) আপনি কি জানেন মহা প্রলয় কি? (৪) সেদিন মানুষ হবে

كَالْفَرَاشِ الْمَبْثُوْثِ ⑤وَتَكُوْنُ الْجِبَالُ كَالْعِهْنِ الْمَنْفُوْشِ ۝

কাল্ ফারা-শিল মাব্ছুছ। ৫। ওয়া তাকূনুল্ জ্বিবা-লু কাল্ 'ইহ্নিল্ মান্ফূশ্।

ছড়িয়ে পড়া পতঙ্গের মত; (৫) আর পাহাড়গুলো হবে ধুনিত রংগিন পশমের মত,

○ সূরা আ-দিয়াহ্-এর শানে নুযূল ঃ রাসূলুল্লাহ (স) মানযার বিন আমর আনসারী (রা)-কে এক (অশ্বারোহী) সৈন্যবাহিনী সহ 'বনিকানানা' সম্প্রদায়ের প্রতি যুদ্ধ করার জন্য প্রেরণ করেন এবং এ নির্দেশ প্রদান করেন যে, "অমুক দিন তাদের উপর আক্রমণ করবে এবং অমুক দিন ফিরে আসবে।" তারা সেভাবেই করল। পথিমধ্যে পানির প্লাবন হওয়াতে তাদের পৌঁছতে বিলম্ব হল। এ সময়ে মুনাফিকরা পরস্পরে বলাবলি করতে লাগল যে, মুসলমানগণ সমূলে ধ্বংস হয়েছে। এ খবর মুসলমানগণ শুনে অত্যন্ত দুঃখিত হন। তখন আল্লাহ তায়ালা এ সূরাটি অবতীর্ণ করে, মুসলমানগণকে তাদের অবস্থান জানিয়ে দেন। ○ টীকা (আঃ ৫) ঃ আর ধুনিত পশমের সাথে পাহাড়গুলো উপমা সহজে বুঝা যায় যে, সিঙ্গায় ফুৎকারের সঙ্গে সঙ্গে বিভিন্ন রং-এর হালকা পশমের ন্যায় হয়ে পাহাড়গুলোও উড়তে থাকবে। (বঃ কোঃ)

সূরা 'আছর মক্কী

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

বিসমিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম

পরম দাতা ও দয়ালু আল্লাহ্‌র নামে শুরু করছি

আয়াত ঃ ৩ রুকূ ঃ ১

وَالْعَصْرِ ۝ إِنَّ الْإِنْسَانَ لَفِي خُسْرٍ ۝ إِلَّا الَّذِيْنَ اٰمَنُوْا وَ

১। ওয়াল্ 'আস্বরি। ২। ইন্নাল্ ইন্‌সা-না লাফী খুস্‌রিন্। ৩। ইল্লাল্লাযীনা আ-মানূ ওয়া

(১) সময়ের শপথ, (২) নিশ্চয়ই মানুষ ক্ষতির মধ্যে রয়েছে, (৩) কিন্তু তারা ব্যতীত যারা ঈমান আনে ও

عَمِلُوا الصّٰلِحٰتِ وَتَوَاصَوْا بِالْحَقِّ ۙ وَتَوَاصَوْا بِالصَّبْرِ ۝

'আমিলুস্ব স্বা-লিহা-তি ওয়া তাওয়া-স্বাওবিল্ হাক্কি ওয়া তাওয়া-স্বাও বিস্বস্বাবরি।

নেক আমল করে, আর পরস্পরে একে অপরকে ন্যায়ের (নেক কাজের) উপদেশ দেয় এবং পরস্পরে ধৈর্য ধারণের উপদেশ দেয়।

সূরা হুমাযাহ্‌ মক্কী

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

বিসমিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম

পরম দাতা ও দয়ালু আল্লাহ্‌র নামে শুরু করছি

আয়াত ঃ ৯ রুকূ ঃ ১

وَيْلٌ لِّكُلِّ هُمَزَةٍ لُّمَزَةِ ۝ الَّذِي جَمَعَ مَالًا وَّعَدَّدَهٗ ۝

১। ওয়াইলুল্ লিকুল্লি হুমাযাতিল্ লুমাযাহ্। ২। আল্লাযী জামা'আ মা-লাওঁ ওয়া 'আদ্দাদাহূ।

(১) কঠিন বিপদ তাদের প্রত্যেকের জন্য, যে গিবতকারী ও অগোচরে দুর্নাম রটনাকারী। (২) যে অর্থ জমা করে আর বার বার তা গণনা করে,

يَحْسَبُ أَنَّ مَالَهٗ أَخْلَدَهٗ ۝ كَلَّا لَيُنْبَذَنَّ فِي الْحُطَمَةِ ۝

৩। ইয়াহ্‌সাবু আন্না মা-লাহূ~আখ্‌লাদাহূ। ৪। কাল্লা- লাইউমবাযান্না ফিল্ হুত্বামাতি।

(৩) আর সে মনে করে যে, তার অর্থ তাকে চিরস্থায়ী করে রাখবে। (৪) না, তা ঠিক নয়। নিশ্চয়ই তাকে হুতামায় নিক্ষেপ করা হবে।

وَمَا أَدْرٰىكَ مَا الْحُطَمَةُ ۝ نَارُ اللّٰهِ الْمُوْقَدَةُ ۝ الَّتِي تَطَّلِعُ

৫। ওয়ামা~আদ্‌রা-কা মাল্ হুত্বামাহ্। ৬। না-রুল্লা-হিল্ মূক্বাদাতুল্ ৭। লাতী তাত্ত্বালি'উ

(৫) আপনি কি জানেন 'হুতামা কি? (৬) তা (হুতামা) হচ্ছে, আল্লাহর প্রজ্জ্বলিত অগ্নি। (৭) যা অন্তরের উপর

عَلَى الْأَفْئِدَةِ ۝ إِنَّهَا عَلَيْهِمْ مُّؤْصَدَةٌ ۝ فِي عَمَدٍ مُّمَدَّدَةٍ ۝

'আলাল্ আফ্‌ইদাহ্। ৮। ইন্নাহা- 'আলাইহিম্ মু'স্বাদাতুন ৯। ফী 'আমাদিম্ মুমাদ্দাদাহ্।

(পর্যন্ত) পৌছে যাবে। (৮) আর তাদেরকে পরিবেষ্টন করে রাখবে। (৯) দীর্ঘায়িত স্তম্ভসমূহে।

○ সূরা আছরের শানে নুযূল ঃ কালাদাহ নামক এক মুশরিক হযরত আবু বকর (রা)-এর ইসলাম গ্রহণের পূর্বে তার কাছে আসা-যাওয়া করত। হযরত আবু বকর (রা)-এর ইসলাম গ্রহণের পরে একবার কালাদা তাঁর কাছে এসে বলল, হে আবু বকর (রা)! তুমি কি নির্বোধ। তুমি পিতৃ পুরুষদের ধর্ম ছেড়ে দিয়ে ব্যবসা বাণিজ্য বর্জন করে একি কাজ করছ। যাতে তোমার ধর্মও চলে যাচ্ছে এবং পার্থিবও ক্ষতি হচ্ছে। হযরত আবু বকর (রা) জবাবে বললেন, হে কালাদাহ! নির্বোধ তুমি। যে আল্লাহ ও তাঁর রাসূলের (স) কথা শোনে এবং নেক আমল করে, সে কখনও ক্ষতিগ্রস্ত হয় না এবং সেই প্রকৃত জ্ঞানী। আর যে, প্রতিমা পূজা করে আল্লাহ ও তাঁর রাসূলের (স) কথা শোনে না এবং শয়তানের অনুসরণ করে, সেই প্রকৃত ক্ষতিগ্রস্ত এবং নির্বোধ। হযরত আবু বকরের (রা) কথার সত্যতায় আল্লাহ তায়ালা এ সূরাটি অবতীর্ণ করেন। (তাঃ কাদেরী)

সূরা ফীল মক্কী

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

বিসমিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম

পরম দাতা ও দয়ালু আল্লাহ্‌র নামে শুরু করছি

আয়াত ঃ ৫ রুকূ ঃ ১

أَلَمْ تَرَ كَيْفَ فَعَلَ رَبُّكَ بِأَصْحٰبِ الْفِيْلِ ۝ أَلَمْ يَجْعَلْ

১। আলাম তারা কাইফা ফা'আলা রাব্বুকা বিআস্বহা-বিল্ ফীল। ২। আলাম ইয়াজ্'আল

(১) আপনি কি দেখেননি (অবগত হননি), আপনার প্রতিপালক হস্তীবাহিনীর সাথে কিরূপ আচরণ করেছিলেন? (২) তিনি কি তাদের

كَيْدَهُمْ فِي تَضْلِيْلٍ ۝ وَّأَرْسَلَ عَلَيْهِمْ طَيْرًا أَبَابِيْلَ ۝

কাইদাহুম ফী তাদ্বলীল ৩। ওয়া আরসালা 'আলাইহিম ত্বাইরান্ আবা-বীল।

ষড়যন্ত্র ব্যর্থ (বিফল) করে দেননি? (৩) তিনি তাদের উপর ঝাঁকে ঝাঁকে আবাবীল পাখী প্রেরণ করেন,

تَرْمِيْهِمْ بِحِجَارَةٍ مِّنْ سِجِّيْلٍ ۝ فَجَعَلَهُمْ كَعَصْفٍ مَّأْكُوْلٍ ۝

৪। তারমীহিম্ বিহিজা-রাতিম্ মিন্ সিজ্জীল। ৫। ফাজা'আলাহুম কা'আস্বফিম্ মা'কূল।

(৪) যারা তাদের উপর নিক্ষেপ করেছিল পাথরের কুচি। (৫) তারপর তিনি তাদেরকে করলেন ভক্ষিত ঘাসের ন্যায়।

সূরা কোরাইশ মক্কী

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

বিসমিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম

পরম দাতা ও দয়ালু আল্লাহ্‌র নামে শুরু করছি

আয়াত ঃ ৪ রুকূ ঃ ১

لِإِيْلٰفِ قُرَيْشٍ ۝ إِلٰفِهِمْ رِحْلَةَ الشِّتَاءِ وَالصَّيْفِ ۝ فَلْيَعْبُدُوْا رَبَّ

১। লিঈলা-ফি কুরাইশিন ২। ঈলা-ফিহিম রিহ্‌লাতাশ্ শিতা—ই ওয়াস্বস্বাঈফ। ৩। ফালইয়া'বুদূ রাব্বা

(১) কুরাইশদের আগ্রহের জন্য, (২) (অর্থাৎ) তাদের শীত গ্রীষ্মকালে (ব্যবসায়ী) সফরের আগ্রহের জন্য। (৩) তারা যেন (কাবা) ঘরের

هٰذَا الْبَيْتِ ۝ الَّذِي أَطْعَمَهُمْ مِّنْ جُوْعٍ ۙ وَّاٰمَنَهُمْ مِّنْ خَوْفٍ ۝

হা-যাল্ বাইত্ ৪। আল্লাযী~আত্ব'আমাহুম্ মিন্ জু'ইওঁ ওয়া আ-মানাহুম্ মিন্ খাওফ্।

মালিকের ইবাদাত করে। (৪) যিনি তাদেরকে ক্ষুধায় আহার দান করেছেন, আর ভয় হতে নিরাপদ রেখেছেন।

○ হাতী ওয়ালাদের কাহিনী ঃ ৫৭০ খ্রীষ্টাব্দে রাসূলুল্লাহ (স)-এর জন্মের আনুমানিক দুমাস পূর্বে ইয়েমেনে আবিসিনিয়ার গর্ভনর আবরাহা আশরাম মক্কায় অবস্থিত কাবাগৃহ ধ্বংস করার জন্য এক অভিযান পরিচালনা করেন। তার বাহিনীতে হাতীও ছিল। এজন্য এই কাহিনীকে আসহাবুলফীল বা হাতীওয়ালা বলা হয়েছে। আবরাহা ছিল উচ্চাভিলাষী। কাবার গৌরব ও সুখ্যাতি তার সহ্য হয়নি। তাই সে তা ধ্বংস করতে আসে। কিন্তু আরবরা বিশ্বাস করত, কাবাঘর আল্লাহর ঘর। আল্লাহ তাঁর ঘর রক্ষা করবেন। তারা নিজেরা আবরাহার বিরুদ্ধে কোন প্রতিরোধ ব্যবস্থা নিলেন না। আরববাসীদের বিশ্বাস সত্যে পরিণত হল। ক্ষুদ্র ক্ষুদ্র পাখীর মুখের কংকরাঘাতে বিশাল হস্তী বাহিনী ভক্ষিত তৃণের মত হয়ে গেল। (কুরআন পরিচিতি)

○ সূরা কুরাইশের শানে নুযূল ঃ মক্কার কুরায়শগণ বছরে দুবার ব্যবসার উদ্দেশ্যে দেশের বাইরে সফরে বের হত। সেখান হতে ব্যবসা বাণিজ্যের জন্য প্রচুর মালামাল নিয়ে আসত। শীতকালে ইয়ামনে সফর করত, সেটি ছিল, শীত প্রধান দেশ এবং গ্রীষ্মকালে (সিরিয়া) সফর করত সেটি ছিল গ্রীষ্ম প্রধান দেশ। তারা পবিত্র কাবাঘরের খাদিম (তত্ত্বাবধায়ক) হবার কারণে গোটা আরবগণ তাদেরকে সম্মান করত। এ কারণেই তাদের ব্যবসায়ী কাফেলা বিনা বাধায় সব জায়গায় যাতায়াত করতে পারত। আল্লাহ তায়ালা এ সূরাটিতে কুরায়শগণকে বলছেন যে, এ সকল সহজ লাভবান হবার এবং সবার কাছে সম্মান পাবার একমাত্র কারণ হল তোমরা মক্কার অধিবাসী এবং কাবাঘরের খাদিম। আর তোমাদের মক্কা অধিবাসী হওয়ার এবং কাবাঘরের খেদমত করার সুযোগ আমিই করে দিয়েছি। এজন্য তোমাদের কর্তব্য হল সে কাবাঘরের মালিকের একমাত্র ইবাদাত করা। (কুঃ কারীম)

সূরা মা-'উন মক্কী

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

বিসমিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম

পরম দাতা ও দয়ালু আল্লাহ্‌র নামে শুরু করছি

আয়াত ঃ ৭ রুকূ ঃ ১

اَرَءَيْتَ الَّذِىْ يُكَذِّبُ بِالدِّيْنِ ① فَذٰلِكَ الَّذِىْ يَدُعُّ الْيَتِيْمَ ②

১। আরাআইতাল্ লাযী ইউকায্‌যিবু বিদ্দীন। ২। ফাযা-লিকাল লাযী ইয়াদু'য়্যুল ইয়াতীম।
(১) আপনি কি তাকে দেখেছেন, যে বিচার দিবসকে মিথ্যা জানে? (২) সে তো সে (ব্যক্তি) যে, ইয়াতীমকে ধমক দিয়ে তাড়িয়ে দেয়,

وَلَا يَحُضُّ عَلٰى طَعَامِ الْمِسْكِيْنِ ③ فَوَيْلٌ لِّلْمُصَلِّيْنَ ④ الَّذِيْنَ هُمْ

৩। ওয়ালা- ইয়াহুদ্দু 'আলা- ত্বা'আ-মিল মিস্‌কীন। ৪। ফাওয়াইলুল্ লিল্ মুস্বাল্লীন। ৫। আল্লাযীনা হুম
(৩) আর মিসকীনকে আহার দিতে (মানুষকে) উৎসাহিত করে না। (৪) কঠিন দুর্ভাগ্য সে সব নামাজীদের জন্য। (৫) যারা তাদের নামাজের

عَنْ صَلَاتِهِمْ سَاهُوْنَ ⑤ الَّذِيْنَ هُمْ يُرَآءُوْنَ ⑥ وَيَمْنَعُوْنَ الْمَاعُوْنَ ⑦

'আন স্বালা-তিহিমি সা-হূন। ৬। আল্লাযীনা হুম ইউরা-উনা ৭। ওয়া ইয়াম্‌না'উনাল মা-'উন।
ব্যাপারে অমনোযোগী, (৬) আর যারা লোক দেখানোর জন্য (নেক) কাজ করে, (৭) আর যারা প্রয়োজনীয় জিনিসপত্র দিতে বিরত থাকে।

১ ع ৩২ রুকূ

সূরা কাওছার মক্কী

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

বিসমিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম

পরম দাতা ও দয়ালু আল্লাহ্‌র নামে শুরু করছি

আয়াত ঃ ৩ রুকূ ঃ ১

اِنَّآ اَعْطَيْنٰكَ الْكَوْثَرَ ① فَصَلِّ لِرَبِّكَ وَانْحَرْ ②

১। ইন্না~'আত্বাইনা- কাল্‌কাওছার। ২। ফাস্বাল্লি লিরাব্বিকা ওয়ান্‌হার।
(১) নিশ্চয়ই আমি তোমাকে কাওসার দান করেছি। (২) সুতরাং তোমার প্রতিপালকের উদ্দেশ্যে নামাজ পড় এবং কুরবানী কর।

اِنَّ شَانِئَكَ هُوَ الْاَبْتَرُ ③

৩। ইন্না শা-নিআকা হুওয়াল আব্‌তার।
(৩) নিশ্চয়ই তোমার প্রতি ঈর্ষা পোষণকারীরাই হবে নিঃসন্তান।

১ ع ৩৩ রুকূ

○ শানে নুযূল (আঃ ২) ঃ এক রেওয়াতে আছে, এ আয়াত নাযিল হয়েছে আবু জেহেল সম্পর্কে। তার কাছে এক ইয়াতীম বালকের কিছু সম্পদ ছিল। সে বিবস্ত্র হয়ে তা চাইতে আসলে সে তাকে দূর দূর করে তাড়িয়ে দেয়। কারো মতে আবু সুফিয়ান (মুসলমান হওয়ার পূর্বে) সম্পর্কে নাযিল হয়েছে। এক ইয়াতীম তাঁর কাছে গোশত চাইলে তিনি তাকে লাঠি দ্বারা আঘাত করেন। কারো মতে, ওয়ালীদ ইবনে মুগীরা কিংবা আস ইবনে ওয়াইল আস্ সাহমী সম্পর্কে নাযিল হয়েছে। (আবুসসাউদ)
○ শানে নুযূল (আঃ ৪) ঃ فويل للمصلين - এ আয়াত মুনাফিকদের ব্যাপারে অবতীর্ণ হয়েছে। মুসলমানগণের সামনে তাদের দেখানোর জন্য মুনাফিকেরা নামাজ পড়ত। কিন্তু অন্য সময়ে মুসলমানগণের অনুপস্থিতিতে নামাজ পড়ত না। আর প্রয়োজনীয় জিনিসপত্র তোমাদেরকে (দেয়ার সামর্থ্য থাকতেও) দিতনা। (লুবাব)
○ টীকা (আঃ ৫) ঃ যেহেতু মুনাফেকদের উদ্দেশ্য দুর্নাম হতে বেঁচে থাকা। অতএব, তারা লোক দেখান কার্যই করে থাকে। লোকে দেখে না বলে তারা যাকাত মোটেই দেয় না। নামায লোকে দেখে, কাজেই তারা লোক দেখান নামায পড়ে। (বঃ কোঃ)
○ সূরা কাওছারের শানে নুযূল ঃ যখন রাসূলুল্লাহ (স)-এর পুত্র কাসেম ইন্তেকাল করেন, তখন কতিপয় কাফের, রাসূলুল্লাহ (স)-কে নির্বংশ (নিঃসন্তান) বলে উপহাস করতে থাকে। তখন রাসূলুল্লাহ (স)-কে সান্ত্বনা দেয়ার জন্য আল্লাহ তায়ালা এ সূরাটি অবতীর্ণ করেন।

সূরা কা-ফিরূন মক্কী

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

বিসমিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম

পরম দাতা ও দয়ালু আল্লাহ্‌র নামে শুরু করছি

আয়াত ঃ ৬ রুকূ ঃ ১

قُلْ يٰٓاَيُّهَا الْكٰفِرُوْنَ ① لَآ اَعْبُدُ مَا تَعْبُدُوْنَ ② وَلَآ اَنْتُمْ

১। কুল্ ইয়া~আইয়্যুহাল কা-ফিরূন। ২। লা~'আবুদু মা- তা'বুদূন। ৩। ওয়ালা~আনতুম
(১) আপনি বলুন, হে কাফিরগণ। (২) তোমরা যার ইবাদাত করছ, আমি তার ইবাদাত করি না। (৩) আর তোমরাও তাঁর ইবাদাতকারী নও।

عٰبِدُوْنَ مَآ اَعْبُدُ ③ وَلَآ اَنَا عَابِدٌ مَّا عَبَدْتُّمْ ④ وَلَا

'আ-বিদূনা মা~'আবুদ্। ৪। ওয়ালা~আনা 'আ-বিদুম্ মা-'আবাত্তুম, ৫। ওয়ালা~
আমি যাঁর ইবাদাত করছি। (৪) এবং আমি ও তার ইবাদাতকারী নই। যার ইবাদাত তোমরা করছ। (৫) আর তোমরাও

اَنْتُمْ عٰبِدُوْنَ مَآ اَعْبُدُ ⑤ لَكُمْ دِيْنُكُمْ وَلِيَ دِيْنِ ⑥

আনতুম 'আ-বিদূনা মা~'আবুদ। ৬। লাকুম দীনুকুম ওয়া লিয়া দীন।
তাঁর ইবাদাতকারী নও। যাঁর ইবাদাত আমি করছি। (৬) তোমাদের জন্য তোমাদের দ্বীন (প্রতিফল) আর আমার জন্য আমার দ্বীন।

সূরা নাছর মাদানী

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

বিসমিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম

পরম দাতা ও দয়ালু আল্লাহ্‌র নামে শুরু করছি

আয়াত ঃ ৩ রুকূ ঃ ১

اِذَا جَآءَ نَصْرُ اللّٰهِ وَالْفَتْحُ ① وَرَاَيْتَ النَّاسَ يَدْخُلُوْنَ فِىْ دِيْنِ اللّٰهِ

১। ইযা- জ্বা—আ নাস্বরুল্লা-হি ওয়াল্ ফাত্‌হু। ২। ওয়া রাআইতান্ না-সা ইয়াদ্‌খুলূনা ফী দীনিল্লা-হি
(১) এখন আল্লাহর সাহায্য এবং বিজয় আসবে, (২) আর লোকেদেরকে দলে দলে আল্লাহর দ্বীনে প্রবেশ করতে

اَفْوَاجًا ② فَسَبِّحْ بِحَمْدِ رَبِّكَ وَاسْتَغْفِرْهُ ؕ اِنَّهٗ كَانَ تَوَّابًا ③

আফ্‌ওয়া-জ্বা-। ৩। ফাসাব্বিহ্ বিহাম্‌দি রাব্বিকা ওয়াস্‌তাগ্‌ফির্‌হু ; ইন্নাহূ কা-না তাওয়্যা-বা-।
দেখবেন, (৩) তখন আপনার প্রতিপালকের প্রশংসাসহ তাসবীহ্ বর্ণনা করুন। আর তাঁর কাছে ক্ষমা প্রার্থনা করুন, তিনি তো মহা ক্ষমাশীল।

○ সূরা কাফিরূনের শানে নুযূল ঃ কুরাইশ সরদারদের একদল একবার রাসূল (স)-এর কাছে এসে প্রস্তাব করে, আপনি একবছর আমাদের দেব-দেবীদের ইবাদত করবেন এবং আমরা এক বছর আপনার প্রভুর ইবাদত করব। রাসূল (স) বলেন, আল্লাহ তা'আলার সাথে কোন কিছুকে শরীক করা থেকে তাঁর কাছে আশ্রয় প্রার্থনা করছি। তারা তখন বলে, তাহলে আপনি আমাদের কিছু দেব-দেবীকে স্পর্শ করে দিন। তাহলে আমরা আপনাকে সত্য নবী বলে মেনে নেব এবং আপনার প্রভুর প্রতি ঈমান আনব। তখনই আল্লাহতাআলা এই সূরা নাযিল করেন। পর দিন রাসুল (স) মসজিদে হারামে এসে দেখেন, মসজিদে মানুষে পরিপূর্ণ। রাসূল (স) তখন সেখানে দাঁড়িয়ে এই সূরা পাঠ করলে সকলে চরমভাবে হতাশ হয়ে পড়ে। ইবনে আব্বাসের (রা) রেওয়াতে আছে, রাসুল (স)-এর কাছে কুরাইশদের মধ্যে ওয়ালীদ ইবনে মুগীরা, আস ইবনে ওয়ায়েল, উমাইয়া ইবনে খালফ ও আসওয়াদ ইবনে আবদুল মুত্তালিবও এসেছিল। (কুরতুবী)
○ সূরা নাছরের শানে নুযূল ঃ সূরা অবতীর্ণের দিক দিয়ে এটি শেষ নাযিলকৃত সূরা। যখন এ সূরাটি অবতীর্ণ হয়েছে, তখন কতিপয় সাহাবা (রা) ধারণা করেন যে, রাসূলুল্লাহ (স)-এর এখন শেষ সময়। এজন্য আল্লাহ তায়ালা তাঁর রাসূল (স)-কে তাসবীহ, তাহমীদ ও ইস্তেগাফরের নির্দেশ দিয়েছেন। ○ বিশ্লেষণ (আঃ ১) ঃ نصر الله والفتح - আল্লাহর সাহায্য দ্বারা, ইসলাম ও মুসলমানগণের কুফর ও কাফিরদের উপর বিজয় বুঝানো হয়েছে এবং 'বিজয়' দ্বারা মক্কা বিজয়কে বুঝান হয়েছে। (কুঃ কারীম)

সূরা ফালাক্ব
মক্কী

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ
বিসমিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম
পরম দাতা ও দয়ালু আল্লাহ্‌র নামে শুরু করছি

আয়াত ঃ ৫
রুকূ ঃ ১

① قُلْ اَعُوْذُ بِرَبِّ الْفَلَقِ ② مِنْ شَرِّ مَا خَلَقَ ③ وَمِنْ شَرِّ غَاسِقٍ اِذَا وَقَبَ ④ وَمِنْ شَرِّ النَّفّٰثٰتِ فِى الْعُقَدِ ⑤ وَمِنْ شَرِّ حَاسِدٍ اِذَا حَسَدَ ۝

১। কুল আ'উযু বিরাব্বিল ফালাক্ব, ২। মিন্ শার্‌রি মা- খালাক্ব। ৩। ওয়া মিন্ শার্‌রি গা-সিক্বিন ইয়া- ওয়াক্বাব্। ৪। ওয়া মিন্ শার্‌রিন্ নাফ্‌ফা-ছা-তি ফিল্ 'উক্বাদ্। ৫। ওয়া মিন্ শার্‌রি হ্বা-সিদিন্ ইযা- হ্বাসাদ্।

(১) আপনি বলুন, আমি আশ্রয় চাচ্ছি প্রভাতের স্রষ্টার, (২) তিনি যা সৃষ্টি করেছেন তার অপকার হতে, (৩) আঁধার রাতের অপকার হতে, যখন তা আঁধারে আচ্ছন্ন হয়ে যায়। (৪) আর (যাদু পাঠ করে) গিরাসমূহে ফুঁক প্রদানকারিণীদের অপকার হতে। (৫) আর হিংসুকের অপকার হতে, যখন সে হিংসা করে।

সূরা না-স
মক্কী

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ
বিসমিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম
পরম দাতা ও দয়ালু আল্লাহ্‌র নামে শুরু করছি

আয়াত ঃ ৬
রুকূ ঃ ১

① قُلْ اَعُوْذُ بِرَبِّ النَّاسِ ② مَلِكِ النَّاسِ ③ اِلٰهِ النَّاسِ ④ مِنْ شَرِّ الْوَسْوَاسِ الْخَنَّاسِ ⑤ الَّذِىْ يُوَسْوِسُ فِىْ صُدُوْرِ النَّاسِ ⑥ مِنَ الْجِنَّةِ وَالنَّاسِ ۝

১। কুল্ আ'উযু বিরাব্বিন্ না-স, ২। মালিকিন্ না-স, ৩। ইলা-হিন্ না-স্। ৪। মিন্ শার্‌রিল্ ওয়াস্ ওয়া-সিল্ খান্না-স্। ৫। আল্লাযী ইউওয়াস্‌ওয়িসু ফী স্বুদূরিন্ না-স্। ৬। মিনাল্ জিন্নাতি ওয়ান্না-স্।

(১) আপনি বলুন, আমি মানুষের প্রতিপালকের কাছে আশ্রয় চাই। (২) যিনি মানুষের বাদশাহ, (৩) যিনি মানুষের মাবুদ, (৪) আশ্রয় চাই লুকিয়ে থাকা শয়তানের কুমন্ত্রণার অপকার হতে, (৫) যে মানুষের অন্তরে কুমন্ত্রণা প্রদান করে, (৬) জ্বীন ও মানুষের ভিতর থেকে।

○ সূরা ফালাক্ব ও নাসের শানে নুযূল ঃ রাসূলুল্লাহ (স) একবার কঠিন রোগে আক্রান্ত হন। তিনি নিদ্রাবস্থায় দেখতে পান যে, দুজন ফেরেশতা তাঁর কাছে আসেন। একজন তাঁর শিয়োদেশে, অন্যজন্য তাঁর পাদদেশে দাঁড়িয়ে পরস্পরে কথোপকথন করছেন। শিয়োদেশের ফেরেশতা, পাদদেশে অবস্থানকারী ফেরেশতার কাছে জিজ্ঞাসা করেন যে, আচ্ছা রাসূলুল্লাহ (স)-এর রোগ সম্পর্কে তোমার ধারণা কি? তিনি বললেন, তিনি (স) যাদুতে আক্রান্ত হয়েছেন। তিনি (ফেরেশতা) জিজ্ঞাসা করেন, যাদু কে করেছে? ফেরেশতা বললেন, লোবায়েদ বিন আ'সম ইয়াহূদী। ফেরেশতা পুনরায় সে ফিরিশতার কাছে জিজ্ঞাসা করেন, সে যাদুটি কোথায়? জবাব দিল যে, অমুক (জোরযান) কূপের মধ্যে একটি খেজুরের খোসার আবরণের মধ্যে পাথরের নীচে চাপা রয়েছে। এখন তা নষ্ট করার পদ্ধতি হচ্ছে, সে কূপের পানি ফেলে দিয়ে পাথরের নীচে থেকে খেজুরের খোসার আবরণটি বের করে সেটি জ্বালিয়ে দিতে হবে।

রাসূলুল্লাহ (স) এ কথা শুনে, ভোর বেলা, আম্মার বিন ইয়াসিরকে (রা) কতিপয় সাহাবা (রা)-সহ কূয়ার কাছে প্রেরণ করেন। তাঁরা কূয়ার পানি উঠিয়ে ফেললেন এবং পাথর উঠিয়ে খেজুরের খোসাটি বের করে যখন জ্বালিয়ে দিলেন, তখন তাঁরা দেখতে পেলেন যে, তাতে একটি তাহের (সূতায়) এগারটি গিরা দেয়া রয়েছে। এ প্রেক্ষিতে এ সূরা দুটি অবতীর্ণ হয়। রাসূলুল্লাহ (স) এক এক আয়াত পাঠ করেন সাথে সাথে এক একটি গিরা খুলে যায়। যখন এগারটি আয়াত পাঠ করা হল, গিরা এগারটিও খুলে গেল। (আসবাবুন নুযুল)

সূরা লাহাব
মক্কী

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ
বিসমিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম
পরম দাতা ও দয়ালু আল্লাহ্‌র নামে শুরু করছি

আয়াত ঃ ৫
রুকূ ঃ ১

① تَبَّتْ يَدَا اَبِىْ لَهَبٍ وَّتَبَّ ② مَا اَغْنٰى عَنْهُ مَالُهٗ وَمَا كَسَبَ ۝

১। তাব্বাত্ ইয়াদা~আবী লাহাবিওঁ ওয়া তাব্বা। ২। মা~আগ্‌না- 'আন্‌হু মা- লুহূ ওয়ামা- কাসাব্।

(১) আবু লাহাবের দু হাত বিনষ্ট হোক এবং বিনাশ হোক সে নিজেও। (২) তার ধনসম্পদ এবং সে যা উপার্জন করেছে তা কোনই উপকারে আসেনি।

③ سَيَصْلٰى نَارًا ذَاتَ لَهَبٍ ④ وَّامْرَاَتُهٗ ؕ حَمَّالَةَ الْحَطَبِ ۝

৩। সাইয়াস্বলা- না-রান যা-তা লাহাবিওঁ ৪। ওয়াম্‌রাআতুহূ ; হ্বাম্মা- লাতাল হাত্বাব।

(৩) অতিশীঘ্রই সে প্রবেশ করবে (জ্বলবে) শিখাযুক্ত (লেলিহান) অগ্নিতে। (৪) আর তার স্ত্রীও সে ইন্ধন (জ্বালানী কাঠ) বহনকারিণী।

⑤ فِىْ جِيْدِهَا حَبْلٌ مِّنْ مَّسَدٍ ۝

৫। ফী জ্বীদিহা- হ্বাবলুম মিম মাসাদ।

(৫) তার (স্ত্রীর) গলায় রয়েছে খেজুর আঁশের রজ্জু।

সূরা ইখলা-স
মক্কী

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ
বিসমিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম
পরম দাতা ও দয়ালু আল্লাহ্‌র নামে শুরু করছি

আয়াত ঃ ৪
রুকূ ঃ ১

① قُلْ هُوَ اللّٰهُ اَحَدٌ ② اَللّٰهُ الصَّمَدُ ③ لَمْ يَلِدْ ۙ وَلَمْ يُوْلَدْ ۝

১। কুল্ হুওয়াল্লা-হু আহ্বাদ্। ২। আল্লা-হুস্ স্বামাদ্। ৩। লাম ইয়ালিদ্ ওয়া লাম ইউলাদ্।

(১) আপনি বলুন, তিনিই আল্লাহ এক। (২) আল্লাহ অমুখাপেক্ষী, (৩) তিনি (আল্লাহ) কাউকেই জন্ম দান করেন না।

④ وَلَمْ يَكُنْ لَّهٗ كُفُوًا اَحَدٌ ۝

৪। ওয়া লাম ইয়াকুল লাহূ কুফুওয়ান্ আহ্বাদ্।

(৪) আর তাঁকেও কেউ জন্ম দান করেনি। তাঁর সমতুল্য কেউই নেই।

○ সূরা লাহাবের শানে নুযূল ঃ যখন রাসূলুল্লাহ (স)-কে নির্দেশ দেয়া হল যে, "হে রাসূল! আপনি আপনার নিজ আত্মীয়-স্বজনদের কাছে ইসলামের দাওয়াত পৌছান।" তখন রাসূলুল্লাহ (স) সাফা পাহাড়ে উঠে "ইয়া সাবা-হা" বলে আওয়াজ দিলেন। তখন এ ধরনের আওয়াজ ছিল, অশুভ সংকেত ধ্বনি। সুতরাং সবাই এ আওয়াজে পাহাড়ের নীচে এসে সমবেত হল। তখন রাসূলুল্লাহ (স) বললেন, তোমরা বল, আমি যদি তোমাদেরকে বলি যে, এ পাহাড়ের পাশ্চাতে এক অশ্বারোহী বাহিনী অবস্থান করছে, যারা তোমাদের উপর আক্রমণ করবে। তবে সে কথাটি তোমরা বিশ্বাস করবে? তারা বলল, কেন করবনা? আমরা আপনাকে কখনও মিথ্যাবাদী রূপে পাইনি। তখন রাসূলুল্লাহ (স) বললেন, আমি তোমাদেরকে এক ভীষণ শাস্তির ভয় প্রদর্শন করছি। (যদি তোমরা কুফর ও শিরকের মধ্যে নিমজ্জিত থাক।) একথা শুনে আবু লাহাব বলল, تَبًّا لَكَ তোমার ধ্বংস হোক। তুমি কি আমাদেরকে একথা শোনাবার জন্য সমবেত করেছ? যে প্রেক্ষিতে আল্লাহ এ সূরাটি অবতীর্ণ করেন। (কুঃ কারীম) আবু লাহাব ঃ তার প্রকৃত নাম আব্দুল উজ্জা। তার চেহারা ছিল সুন্দর এবং অগ্নির মত। তাই তাকে আবু লাহাবা (অগ্নি শিখার পিতা) বলা হত। (কুঃ কারীম) ○ সূরা ইখলাছের শানে নুযূল ঃ মুশরিকরা রাসূলুল্লাহ (স)-কে বলল, আমাদেরকে আপনার প্রতিপালকের বংশ পরিচিতি বলে শুনান। এ প্রেক্ষিতে এ সূরাটি অবতীর্ণ হয়। (আসবাব)

ক্বোরআন শরীফ খতমের দোয়া

ক্বোরআন শরীফ খতমকালে সূরা নাস পর্যন্ত তিলাওয়াত করার পর পুনরায় সূরা ফাতিহা ও "আলিফ-লাম-মীম" থেকে "মুফলিহুন" পর্যন্ত তিলাওয়াত করে নিম্নের দোয়া পাঠ করে মোনাজাত করবে।

صَدَقَ اللّٰهُ الْعَلِيُّ الْعَظِيْمُ ۝ وَصَدَقَ رَسُوْلُهُ النَّبِيُّ الْكَرِيْمُ ۝ وَنَحْنُ

ছাদাক্বাল্লা-হুল্ 'আলিইয়ুল্ 'আজীম। ওয়া ছাদাক্বা রাসূলুহুন্ নাবিইয়ুল্ কারীম। ওয়া নাহ্নু

মহান আল্লাহতাআলা অবশ্যই সত্য বলেছেন। আর তাঁর সম্মানিত নবী ও রাসূল (সাঃ) ও সত্য বলেছেন

عَلٰى ذٰلِكَ مِنَ الشّٰهِدِيْنَ ۝ اَللّٰهُمَّ ارْزُقْنَا بِكُلِّ حَرْفٍ مِّنَ الْقُرْاٰنِ حَلَاوَةً

'আলা- যা-লিকা মিনাশ্ শা-হিদীন্। আল্লা-হুম্মার্ যুক্বনা- বিকুল্লি হারফিম মিনাল্ ক্বুরআ-নি হালা-ওয়াতাও

আমি এর সাক্ষী। হে আল্লাহ! আপনি আমাদেরকে পবিত্র কুরআনের প্রতিটি হরফের স্বাদ আস্বাদন করান

وَّبِكُلِّ جُزْءٍ مِّنَ الْقُرْاٰنِ جَزَاءً ۝ اَللّٰهُمَّ ارْزُقْنَا بِالْاَلِفِ اُلْفَةً وَّبِالْبَاءِ

ওয়া বিকুল্লি জুয্ইম মিনাল ক্বুরআনি জ্বাযা—আ। আল্লা-হুম্মার যুক্বনা বিল্আলিফি উল্ফাতাও ওয়াবিল্বা—ই

এবং কুরআনের প্রতিটি অংশের বদলে প্রতিদান প্রদান করুন। হে আল্লাহ! আমাদেরকে আলিফের বিনিময়ে ভালবাসা, 'বা' এর

بَرَكَةً وَّبِالتَّاءِ تَوْبَةً وَّبِالثَّاءِ ثَوَابًا وَّبِالْجِيْمِ جَمَالًا وَّبِالْحَاءِ حِكْمَةً

বারাকাতাও ওয়াবিত্তা—ই তাওবাতাও ওয়াবিছ্ছা—ই ছাওয়া-বাও ওয়াবিল্জ্বীমি জ্বামা-লাও ওয়াবিল্হা—ই হিক্মাতাও

বিনিময়ে বরকত, 'তা' এর বিনিময়ে তওবা, 'ছা' এর বিনিময়ে সওয়াব, 'জীম' এর বিনিময়ে সৌন্দর্য, 'হা' এর বিনিময়ে হিকমত-প্রজ্ঞা,

وَّبِالْخَاءِ خَيْرًا وَّبِالدَّالِ دَلِيْلًا وَّبِالذَّالِ ذَكَاءً وَّبِالرَّاءِ رَحْمَةً

ওয়াবিল্খা—ই খাইরাও ওয়াবিদ্দা-লি দালীলাও ওয়াবিয্ যা-লি যাকা—আও ওয়াবির্‌রা—ই রাহ্মাতাও

'খা' এর বিনিময়ে কল্যাণ, 'দাল' এর বিনিময়ে দলিল-প্রমাণ, 'যাল' এর বিনিময়ে তীক্ষ্ণ বুদ্ধি, 'রা' এর বিনিময়ে দয়া,

وَّبِالزَّاءِ زَكٰوةً وَّبِالسِّيْنِ سَعَادَةً وَّبِالشِّيْنِ شِفَاءً وَّبِالصَّادِ صِدْقًا

ওয়াবিয্যা—ই যাকা-তাও ওয়াবিস্সীনি সা'আ-দাতাও ওয়াবিশ্শীনি শিফা—আও ওয়াবিছ্ছাদি ছিদ্ক্বাও

'যা' এর বিনিময়ে পরিশুদ্ধতা, 'সীন' এর বিনিময়ে সৌভাগ্য, 'শীন' এর বিনিময়ে আরোগ্য, 'ছায়াদ' এর বিনিময়ে সত্যবাদিতা,

وَّبِالضَّادِ ضِيَاءً وَّبِالطَّاءِ طَرَاوَةً وَّبِالظَّاءِ ظَفَرًا وَّبِالْعَيْنِ عِلْمًا

ওয়াবিদ্বা-দ্বি দ্বিয়া—আও ওয়াবিত্বা—য়ি ত্বারা ওয়া তাও ওয়াবিজ্জা—ই জাফারাও ওয়াবিল 'আইনি 'ইলমাও

'দ্বাদ' এর বিনিময়ে আলো, 'ত্বোয়া' এর বিনিময়ে সজীবতা, 'জোয়া' এর বিনিময়ে সাফল্য, 'আইন' এর বিনিময়ে জ্ঞান,

وَّبِالْغَيْنِ غِنًى وَّبِالْفَاءِ فَلَاحًا وَّبِالْقَافِ قُرْبَةً وَّبِالْكَافِ كَرَامَةً

ওয়াবিল্গাইনি গিনাও ওয়াবিলফা—ই ফালা-হাও ওয়াবিলক্বা-ফি ক্বুরবাতাও ওয়াবিলকা-ফি কারা-মাতাও

'গাইন' এর বিনিময়ে ঐশ্বর্যময়, 'ফা' এর বিনিময়ে সাধনায় সাফল্য লাভ, 'ক্বাফ' এর বিনিময়ে নৈকট্য, 'কাফ' এর বিনিময়ে মর্যাদা,

وَّبِاللَّامِ لُطْفًا وَّبِالْمِيْمِ مَوْعِظَةً وَّبِالنُّوْنِ نُوْرًا وَّبِالْوَاوِ وُصْلَةً

ওয়া বিল্লা-মি লুত্বফাও ওয়া বিলমীমি মাও'ইজাতাও ওয়া বিন্নূনি নূরাও ওয়া বিল্ওয়াই উছলাতাও

লাম এর বিনিময়ে বিনম্রতা, 'মীম' এর বিনিময়ে উপদেশ, 'নূন' এর বিনিময়ে নূর, 'ওয়াও' এর বিনিময়ে মিলন, 'হা' এর বিনিময়ে

وَّبِالْهَاءِ هِدَايَةً وَّبِالْيَاءِ يَقِيْنًا ۝ اَللّٰهُمَّ انْفَعْنَا بِالْقُرْاٰنِ الْعَظِيْمِ ۝

ওয়াবিলহা—ই হিদা-য়াআও ওয়াবিলইয়া—ই ইয়াক্বীনা-। আল্লাহুম মান্ফা'না- বিল্ক্বুরআ-নিল্ 'আজীম।

হেদায়াত ও 'ইয়া' এর বিনিময়ে দৃঢ় বিশ্বাস নছীব করুন। হে আল্লাহ! পবিত্র কুরআনের মাধ্যমে আমাদেরকে উপকৃত করুন।